হইয়া স্ব স্ব ভাগ গ্রহণ করিতেছেন না কেন ? দেবতারাই কর্ম্ম সাক্ষী, তাঁহাদের অধিষ্ঠান না হওয়াতে সকলই যে বৃথা হইতেছে ॥ ২১ ॥

মৈত্রেয় কহিলেন বৎস বিদুর ! ব্রাহ্মণদিগের এই বাক্য শ্রবণ করিয়া যজমান অঙ্গ রাজা অতিশয় দুর্ম্মনাঃ হইলেন এবং যদিও যজ্ঞার্থ মৌনাবলম্বন করিয়াছিলেন তথাচ সদস্যদিগের অনুমতি লইয়া বাক্য প্রয়োগ করত কহিলেন ॥ ২২ ॥

হে সদস্যগণ ! দেবতাদের আহ্বান হইতেছে তথাচ তাঁহারা এ যজ্ঞে সোমপাত্র সকল যে গ্রহণ করিতেছেন না ইহার কারণ কি ? আমি কি দোষ করিয়াছি ॥ ২৩ ॥

সদস্যেরা কহিলেন হে নরদেব ! ইহ জন্মে আপনকার কিঞ্চিন্মাত্র পাপ নাই, কথঞ্চিৎ যে কিছু উৎপন্ন হইয়াছিল প্রায়শ্চিত্ত দ্বারা সদ্যঃ তাহার ক্ষালন হইয়া গিয়াছে, কিন্তু জন্মান্তরীয় একটী পাপ আছে তাহার কারণেই আপনি ঈদৃশ গুণাধিক হইয়াও অনপত্য হইয়া রহিয়াছেন ॥ ২৪ ॥

অতএব হে রাজন্ ! আপনি আপনাকে সৎপুত্রবান্ করুন্, আপনার মঙ্গল হউক, পুত্রবান্ হইলেই দেবতারা আপনার যজ্ঞীয় হবিঃ গ্রহণ করিবেন । মহারাজ ! পুত্রকাম হইয়া যজ্ঞভুগ্বিষ্ণুর অর্চ্চনা করিলে তিনি আপনাকে অবশ্য পুত্র প্রদান করিবেন ॥ ২৫ ॥

তথা স্বভাগধেয়ানি গ্রহিষ্যন্তি দিবৌকসঃ। যদযজ্ঞ পুরুষঃ সাক্ষাদপত্যায় হরির্বৃতঃ ॥ ২৬ ॥
তাংস্তান্ কামান্ হরির্দদ্যাৎ যান্ যান্ কাময়তে জনঃ। আরাধিতো যথৈবৈষ তথা পুংসাং ফলোদয়ঃ॥২৭
ইতি ব্যবসিতা বিপ্রা স্তস্য রাজ্ঞঃ প্রজাতয়ে। পুরোডাশং নিরবপন্ শিপিবিষ্টায় বিষ্ণবে ॥ ২৮
তস্মাৎ পুরুষ উত্তস্থৌ হেমমাল্যমলাম্বরঃ। হিরণ্ময়েন পাত্রেণ সিদ্ধমাদায় পায়সং ॥ ২৯ ॥
স বিপ্রানুমতো রাজা গৃহিত্বাঞ্জলিনৌদনং। অবঘ্রায় মুদাযুক্তঃ প্রাদাৎ পত্ন্যা উদারধীঃ ॥ ৩০ ॥
সা তৎ পুংসবনং রাজ্ঞী প্রাশ্য বৈ পত্যুরাদধে। গর্ভং কাল উপাবৃত্তে কুমারং সুষুবে প্রজাঃ ॥৩১

শ্রীধরস্বামী।

তথা সতি স্বভাগান্ গ্রহীষ্যন্তি। যৎ যতো হরিঃ সাক্ষাৎ বৃতঃ স্যাৎ অতস্তেন সহ সর্ব্বে দেবা আগমিষ্যন্তীত্যর্থঃ ॥ ২৬ ॥
নন্বতিতুচ্ছান্ কামান্ হরিঃ কথং দদ্যাৎ তত্রাহ তাং স্তানিতি ॥ ২৭ ॥
প্রজাতয়ে পুত্রোৎপত্তয়ে শিপিষু পশুষু যজ্ঞরূপেণ প্রবিষ্টায়। তথাচ শ্রুতিঃ। যজ্ঞো বৈ বিষ্ণুঃ পশবঃ শিপি যজ্ঞ এব পশুষু প্রতি তিষ্ঠতীতি ॥ ২৮ ॥
তস্মাদিতি যোগ্যতয়া অগ্নেঃ ॥ ২৯ ॥
পত্নৈ প্রাদাৎ ॥ ৩০ ॥
পুমাংসং সূতেঽনেনেতি তথা তৎ প্রাশ্য পত্যুঃ সকাশাৎ গর্ভমাদধে অপ্রজাঃ সতী ॥ ৩১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ভাগধেয়ানি ভাগরূপাণি ধেয়ানি পাত্রেষু ধার্য্যাণি হবীংষি ॥ ২৬। ২৭ ॥
পুরোডাশং যজ্ঞিয়দ্রব্যং নিরবপন্নহুঃ। শিপিষু পশুষু যজ্ঞরূপেণ প্রবিষ্টায়। তথাচ শ্রুতিঃ। যজ্ঞোবৈ বিষ্ণুঃ। পশবঃ শিপি যজ্ঞএব পশুষু প্রতি তিষ্ঠতীতি ॥ ২৮। ২৯। ৩০। ৩১ ॥

আর আপনি অপত্য নিমিত্ত যজ্ঞপুরুষ হরিকে সাক্ষাৎ বরণ করিলে, তাঁহার সহিত অন্যান্য দেবতারাও আসিয়া স্ব স্ব ভাগ গ্রহণ করিবেন, সন্দেহ নাই ॥ ২৬ ॥

হে রাজন্! পুত্রাদি কাম অতি তুচ্ছ,ভগবান্ হরি কি তাহা প্রদান করিবেন এমত আশঙ্কা করিবেন না,মনুষ্যে যাহা যাহা কামনা করে,ভগবান্ হরি সেই সেই কামই প্রদান করিয়া থাকেন। ফলতঃ যে পুরুষ যে প্রকার আরাধনা করে, ভগবান্ তাহার সেই প্রকার ফলেরই উদয় করিয়া দেন ॥ ২৭ ॥

ব্রাহ্মণ গণ এই প্রকার স্তুতি করিয়া অঙ্গ রাজার পুত্রোৎপত্তি নিমিত্ত যজ্ঞ করিয়া শিপিবিষ্ট অর্থাৎ পশু সকলে যজ্ঞ রূপে প্রবিষ্ট ভগবান্ বিষ্ণুকে হবিঃ প্রদান করিলেন ॥ ২৮ ॥

সে যাহা হউক, ব্রাহ্মণেরা বিষ্ণুকে হবিঃ প্রদানার্থ যে যজ্ঞ করিলেন, সেই যজ্ঞের অগ্নি হইতে একটী পুরুষ উত্থিত হইল, তাহার গলদেশে স্বর্ণমালা,পরিধান নির্ম্মল বসন,হস্তে সিদ্ধ পায়স ছিল॥ ২৯

তদবলোকনে বিপ্রগণ রাজাকে ঐ পায়স গ্রহণ করিতে অনুমতি করিলেন, তাহাতে উদার বুদ্ধি ঐ রাজা অঞ্জলি দ্বারা সেই অন্ন গ্রহণ পূর্ব্বক অগ্রে আপনি আঘ্রাণ করিলেন, পরে হর্ষান্বিত হইয়া আপনার পত্নীর হস্তে দিলেন ॥ ৩০ ॥

বিদুর! ঐ পায়স সন্তানোৎপাদক, রাজ্ঞী অনপত্যা ছিলেন, তাহা ভক্ষণ করিবা মাত্র ভর্ত্তৃ সকাশাৎ গর্ভ গ্রহণ করিলেন এবং যথাযোগ্য কাল উপস্থিত হইলে একটী কুমার প্রসব করিলেন ॥ ৩১ ॥

স বালএব পুরুষো মাতামহমনুব্রতঃ। অধর্ম্মাংশোদ্ভবং মৃত্যুং তেনাভবদধার্ম্মিকঃ॥ ৩২॥
সশরাসনমুদ্যম্য মৃগয়ুর্বনগোচরঃ। হন্ত্যসাধু র্মৃগান্ দীনান্ বেণোঽসাবিত্যরৌজ্জনঃ॥ ৩৩॥
আক্রীড়ে ক্রীড়তোবালান্ বয়স্যানতিদারুণঃ। প্রসহ্য নিরনুক্রোশঃ পশুমারমমারয়ৎ॥ ৩৪॥
তং বিচক্ষ্য খলং পুত্রং শাসনৈর্ব্বিবিধৈর্নৃপঃ। যদা ন শাসিতুং কল্পো ভৃশমাসীৎ সুদুর্ম্মনাঃ॥৩৫
প্রায়েণাভ্যর্চ্চিতোদেবো যেঽপ্রজা গৃহমেধিনঃ। কদপত্যাভৃতং দুঃখং যেন বিন্দন্তি দুর্ভরং॥ ৩৬

শ্রীধরস্বামী।

মাতামহং মৃত্যুং মৃত্যোর্হি পুত্রী সুনীথা॥ ৩২॥
মৃগয়ুর্লুব্ধকঃ সন্ তং দৃষ্ট্বা বেণোঽসাবাগচ্ছতীতি জনঃ সর্ব্বোপ্যরৌৎ চুক্রোশ॥ ৩৩॥
আক্রীড়ে ক্রীড়াস্থানে বালান্ পশূনিব অমারয়ৎ॥ ৩৪॥
বিচক্ষ্য দৃষ্ট্বা॥ ৩৫॥
দুর্ম্মনস স্তস্য কুপুত্রনিন্দাবাক্যান্যাহ প্রায়েণেতি ত্রিভিঃ। অপ্রজা যে তৈ রভ্যর্চ্চিতঃ। তত্র হেতুঃ কুৎসিতৈরপত্যৈঃ সংভৃতং ধারয়িতুমশক্যং দুঃখং যেন বিন্দন্তি॥ ৩৬॥

ক্রমসন্দর্ভঃ।

প্রায়েণেতি দুঃখোক্তিমাত্রং॥ ৩৬। ৩৭॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তেনেতি মাতৃদোষাদধার্ম্মিকোপি বিষ্ণুমজ্জোদ্ভূতত্বাৎ পিতুর্বৈরাগ্যকারণীভূতত্বেন পিতুরুপকারকঃ। পৃথুজনকত্বেন তদ্বংশো বর্দ্ধনশ্চ বভূবেতি জ্ঞেয়ং॥ ৩২॥
তং দূরাদেব দৃষ্ট্বা বেণোঽসাবস্মৎ প্রাণঘাতী সমেতীত্যরৌৎ চুক্রোশ॥ ৩৩॥
পশুমারং পশূনিবামারয়ৎ॥ ৩৪। ৩৫॥
যে অপ্রজা অনপত্যাস্তৈঃ অভ্যর্চ্চিতঃ। তত্র হেতুঃ কদপত্যেন ভৃতং পূর্ণীকৃতং দুর্ভরং ধারয়িতুমশক্যং দুঃখং যেন বিন্দন্তি॥৩৬।৩৭

হে কৌরব্য! অঙ্গরাজার পত্নী সুনীথা, তিনি মৃত্যুর কন্যা, তাঁহার গর্ভজাত কুমার বাল্য কালাবধি মাতামহের অনুগামী হইল। মাতামহ মৃত্যু, স্বয়ং অধর্ম্মাংশ প্রভব, তাহার অনুবর্ত্তী হওয়াতে অঙ্গরাজ তনয় ক্রমে অধার্ম্মিক হইয়া উঠিল॥ ৩২॥

সে মৃগয়ায় আসক্ত চিত্ত হইয়া ব্যাধের ন্যায় ধনুর্ব্বাণ গ্রহণ পূর্ব্বক অরণ্যে যাইত এবং অসতের ন্যায় নির্দ্দয় হইয়া দীন মৃগগণকে বধ করিত, তাহার নিষ্ঠুরতায় প্রজাজনে এবম্বিধ ভীত যে কদাচিৎ নয়ন গোচর হইলে "ঐ বেণ আসিতেছে" এই বলিয়া সকলে চীৎকার করিত॥ ৩৩॥

বিদুর! বেণের নির্দ্দয়তার কথা কত বলিব, বাল্যকালে বয়স্যগণ সঙ্গে খেলা করিতে, নির্দ্দয় স্বভাব হেতু ক্রীড়া স্থলেই খেলিতে খেলিতে যেমন লোকে পশু মারে তাহার ন্যায়, হঠাৎ তাহাদিগকে মারিয়া ফেলিত॥ ৩৪॥

অঙ্গরাজ পুত্রের ঐ প্রকার খল স্বভাব অবলোকন করিয়া বিবিধ প্রকারে শাসন করিলেন, কিন্তু যখন দেখিলেন সে কোন রূপেই শাসিত হইল না, তখন অতিশয় দুর্ম্মনাঃ হইলেন॥ ৩৫॥

এবং আপনি কহিতে লাগিলেন, যে সকল গৃহস্থ অপুত্রক তাহারা প্রায় দেবতার অর্চ্চনা করিয়া থাকে, তাহার কারণ এই যে, কুৎসিত অপত্য দ্বারা যে দুঃখ জন্মে, যাহা সহ্য করিতে পারা যায় না তাহা হইতে আমরা পরিত্রাণ পাইয়াছি॥ ৩৬॥

যতঃ পাপীয়সী কীর্ত্তিরধর্ম্মশ্চ মহান্ নৃণাং। যতো বিরোধঃ সর্ব্বেষাং যত আধিরনন্তকঃ॥ ৩৭॥
কস্তং প্রজাপদেশং বৈ মোহবন্ধনমাত্মনঃ। পণ্ডিতো বহু মন্যেত যদর্থাঃ ক্লেশদা গৃহাঃ॥ ৩৮॥
কদপত্যং বরং মন্যে সদপত্যাচ্ছুচাং পদাৎ। নির্ব্বিদ্যেত গৃহান্মর্ত্ত্যো যৎক্লেশনিবহা গৃহাঃ॥ ৩৯॥
এবং স নির্ব্বিণ্ণমনা নৃপোগৃহান্নিশীথ উত্থায় মহোদয়োদয়াৎ।
অলব্ধনিদ্রোঽনুপলক্ষিতো নৃভি র্হিত্বা গতো বেণসুবং প্রসুপ্তাং॥ ৪০॥

শ্রীধরস্বামী।

সর্ব্বেষাং সর্ব্বৈঃ সহ। আধি র্মানসী ব্যথা॥ ৩৭॥
প্রজাপদেশং পুত্রনাম মাত্রমপি আত্মনোমোহেন বন্ধনং। যদর্থা যন্নিমিত্তাঃ ক্লেশদা গৃহা ভবন্তি॥ ৩৮॥
ইদানীং নির্ব্বেদ হেতুত্বেন কুৎসিতমেবাপত্যমভিনন্দতি কদপত্যমিতি শুচাং পদাৎ শোকানাং স্থানাৎ। বরত্বে হেতুঃ নির্ব্বিদ্যেতেতি। তৎ কুতঃ যদ্যতঃ কদপত্যাৎ গৃহাঃ ক্লেশনিবহা ভবন্তি॥ ৩৯॥
মহতামুদয়ানাং বিভূতীনাং উদয়ো যস্মিন্ তস্মাৎ গৃহাৎ গতঃ। যা বেণং সূতে স্ম তাং॥ ৪০॥

ক্রমসন্দর্ভঃ।

যত ইতি যুগ্মকং গৃহাণাং দোষমাহ যদিতি॥ ৩৮। ৩৯। ৪০। ৪১। ৪২॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রজাপদেশং নাম্নৈব প্রজাং বস্তুতস্ত্বাত্মনো দুঃখসমুদ্রমিত্যর্থঃ। তস্মাল্লোক লজ্জা মনস্তাপাদি বহুলেভ্যো গৃহেভ্যো নিঃসৃত্য কচিদলক্ষিতে প্রদেশে শাকমূলফলাদি বৃত্তিরষ্টাবেব যামান্ ভগবন্তং ভজন্নবশিষ্টমায়ুরব্যর্থীকুর্ব্বন্ কৃতার্থী ভবিষ্যামীতি নিশ্চিকায়॥ ৩৮॥
নিশ্চিত্য চ স্বনির্ব্বেদামৃতপ্রাপ্তিকারণং পুত্রমেব স্তুত্বা ভগবতৈব পরম কৃপয়া বিষয়ভোগান্ধং মাং স্বচরণান্তিকং বলান্নিনীষুণা পুত্রোঽয়ং মহ্যং দত্ত ইত্যাহ কদপত্যমিতি॥ ৩৯॥
মহোদয়স্য মহাসম্পত্তেরুদয়ো যত্র তস্মাৎ। বেণং সূতে বেণসূস্তাং সুনীথাং প্রসুপ্তামিতি যদৈব সা প্রকর্ষেণ স্বপিতিস্ম তদৈব স্বস্য বেশান্তরং কৃত্বেত্যর্থঃ॥ ৪০॥

ফলতঃ যাহা হইতে মনুষ্যদিগের পাপীয়সী কীর্ত্তি এবং মহান্ অধর্ম্ম হয়, যাহার দ্বারা সকলের সহিত বিরোধ জন্মে এবং যাহা হইতে অশেষ প্রকার মানসী ব্যথা উৎপন্ন হয়॥ ৩৭॥

এমত যে পুত্র সে নাম মাত্রে পুত্র হইলেও বস্তুতঃ মোহ করণক আত্মার বন্ধন কারক। এ প্রকার পুত্রকে কোন্ বুদ্ধিমান্ পুরুষ বহু করিয়া মানিবেন? এতাদৃশ পুত্র উৎপন্ন হইলে গৃহাশ্রম ক্লেশদ ভিন্ন সুখপ্রদ হয় না॥ ৩৮॥

অথবা সৎসন্তান জন্মিলে সে পিতার শোক স্থান হয়, তাহা অপেক্ষা কুৎসিত সন্তান ভাল, যে হেতু ঐ রূপ পুত্র হইতে মানবগণের গৃহ ক্লেশদ হয়, তাহাতেই বৈরাগ্য জন্মিয়া দেয়॥ ৩৯॥

বিদুর! এই প্রকারে অঙ্গরাজার নির্ব্বেদ জন্মিল। একদা রজনী যোগে সুনীথার সহিত নিদ্রা যাইতে ছিলেন হঠাৎ নিশীথ সময়ে জাগরিত হইয়া গাত্রোত্থান করিলেন এবং নিদ্রিতা বেণ জননীকে পরিত্যাগ পূর্ব্বক মহা সমৃদ্ধিশালি আলয় হইতে বহির্গত হইলেন, কোন্ সময় কোন দিকে গেলেন কেহই লক্ষ্য করিতে পারিল না॥ ৪০॥

বিজ্ঞায় নির্ব্বিদ্য গতং পতিং প্রজাঃ পুরোহিতামাত্য সুহৃদ্‌গণাদয়ঃ।
বিচিক্যুরুর্ব্ব্যামতিশোক কাতরা যথা নিগূঢ়ং পুরুষং কুযোগিনঃ॥ ৪১॥
অলক্ষয়ন্তঃ পদবীং প্রজাপতে র্হতোদ্যমাঃ প্রত্যুপসৃত্য তে পুরীং।
ঋষীন্ সমেতানভিবন্দ্য সাশ্রবো ন্যবেদয়ন্ কৌরবভর্ত্তৃবিপ্লবং॥ ৪২॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং চতুর্থস্কন্ধে ঽঙ্গপ্রব্রজ্যা ত্রয়োদশোধ্যায়ঃ ॥ * ॥ ১৩ ॥ * ॥

শ্রীমৈত্রেয় উবাচ ॥

ভৃগ্বাদয়স্তে মুনয়ো লোকানাং ক্ষেমদর্শিনঃ। গোপ্তর্য্যসতি বৈ নৃণাং পশ্যন্তঃ পশুসাম্যতাং॥ ১॥

শ্রীধরস্বামী।

প্রজাঃ পুরোহিতাদয়ঃ বিচিক্যুঃ অন্বেষিতবন্তঃ তস্য তত্রৈব সত্ত্বমপি নাপশ্যন্নিতি দৃষ্টান্তেনাহ যথেতি॥ ৪১॥
সাশ্রবঃ রুদন্তঃ ভর্ত্তু র্বিপ্লবং নাশমদর্শনমিত্যর্থঃ॥ ৪২॥

॥ * ॥ ইতি চতুর্থে ত্রয়োদশঃ ॥ * ॥

চতুর্দ্দশেতু দুষ্পুত্র ভয়াদঙ্গে গতে দ্বিজৈঃ। অভিষিক্তস্য বেণস্য রোষাত্তৈ র্বধ উচ্যতে॥ ০॥
ক্ষেমদর্শিনঃ ক্ষেমচিন্তকাঃ। পশুসমান রূপতাং পশ্যন্তঃ॥ ১॥

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে চতুর্থস্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভে ত্রয়োদশোঽধ্যায়ঃ সমাপ্তঃ॥ * ॥
ভৃগ্বাদয় ইতি যুগ্মকং॥ ১। ২। ৩॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

পুরুষং পরমাত্মানং নিগূঢ়মিতি দৃষ্টান্তেন তস্মিন্ দিনে তত্রৈব স্বপুর্য্যাং রাজা নিগূঢ় এবাসীদিতি লভ্যতে॥ ৪১॥
হে পৌরব বিদুর ভর্ত্তু র্বিপ্লবং নাশমদর্শনমিত্যর্থঃ॥ ৪২॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। ত্রয়োদশশ্চতুর্থস্য সঙ্গতঃ সঙ্গতঃ সতাং॥ * ॥

চতুর্দ্দশেঽভিষিক্তস্য বেণস্যাধর্ম্মবর্ত্তিনঃ। প্রবোধিত হতস্যোরুমথনং মুনিভিঃ পুনঃ॥ ০॥
সাম্যতামিতি স্বার্থে ষ্যঞ পশূন্ মেষাদীন্ যথা শৃগাল বৃকাদয়ো নাশয়ন্তি তথৈব নূনং দস্যব ইত্যর্থঃ॥ ১॥

প্রজাবর্গ, অমাত্য, পুরোহিত এবং বান্ধব প্রভৃতি সকলেই রাজার বৈরাগ্যাবলম্বন পূর্ব্বক গৃহ হইতে বহির্গমন অবগত হইয়া শোকে সাতিশয় কাতর হইল এবং কুৎসিৎ যোগিরা যেমন আপনার দেহস্থিত নিগূঢ় পুরুষকে অন্যত্র অন্বেষণ করে তাহার ন্যায়, সর্ব্বস্থানে রাজার তত্ত্ব করিতে লাগিল, কিন্তু রাজা গূঢ়ভাবে নিজপুরেই অবস্থিত ছিলেন অন্যত্র কি রূপে দেখিতে পাইবে॥ ৪১॥

অতএব প্রজারা প্রজানাথের পদবী অনুসন্ধান করিতে না পারিয়া হতোদ্যম হওত রাজধানী প্রত্যাগমন করিল এবং অশ্রু বিসর্জন করিতে করিতে ঋষিগণকে প্রণাম করিয়া তাহাদের নিকট আপনাদের পতির অদর্শন নিবেদন করিল॥ ৪২॥

॥ * ॥ ইতি চতুর্থে ত্রয়োদশ ॥ * ॥

চতুর্দ্দশাধ্যায়ে দুষ্পুত্র ভয়ে ভীত হইয়া অঙ্গ রাজা প্রব্রজ্যায় গমন করিলে দ্বিজগণ কর্ত্তৃক বেণের রাজ্যাভিষেক, তদনন্তর রোষ বশতঃ তাহার বধ॥ ০॥

মৈত্রেয় কহিলেন হে কৌরব্য! রাজ্য পরিত্যাগ করিয়া প্রব্রজ্যায় গমন করিলে ভৃগু প্রভৃতি যে

বীরমাতরমাহূয় সুনীথাং ব্রহ্মবাদিনঃ। প্রকৃত্যসম্মতং বেণমভ্যষিঞ্চন্ পতিং ভুবঃ॥ ২॥
শ্রুত্বা নৃপাসনগতং বেণমত্যুগ্রশাসনং। নিলিল্যুর্দস্যবঃ সদ্যঃ সর্পত্রস্তা ইবাখবঃ॥ ৩॥
স আরূঢ় নৃপস্থান উন্নদ্ধোঽষ্টবিভূতিভিঃ। অবমেনে মহাভাগান্ স্তব্ধঃ সম্ভাবিতঃ স্বতঃ।
এবং মদান্ধ উৎসিক্তো নিরঙ্কুশ ইব দ্বিপঃ। পর্য্যটন্ রথমাস্থায় কম্পয়ন্নিব রোদসীং।
নযষ্টব্যং নদাতব্যং নহোতব্যং দ্বিজাঃ ক্বচিৎ। ইতি ন্যবারয়দ্ধর্ম্মং ভেরীঘোষেণ সর্ব্বতঃ॥ ৪॥
বেণস্যাবেক্ষ্য মুনয়ো দুর্ব্বৃত্তস্য বিচেষ্টিতং। বিমৃষ্য লোকব্যসনং কৃপয়োচুঃ স্ম সত্রিণঃ॥ ৫॥

শ্রীধরস্বামী।

অমাত্যাদীনাং প্রকৃতীনাং অসম্মতমপি প্রকৃত্যা সম্মতমিতি পাঠান্তরে প্রকৃত্যা স্বভাবেনৈবাসম্মতঃ॥ ২॥
চৌরাঃ লীনা বভূবুঃ॥ ৩॥
আরূঢ়ং নৃপস্থানং রাজস্থানং যেন অষ্টবিভূতিভিঃ লোকপালৈশ্বর্য্যৈঃ॥ ৪॥
সত্রিণঃ মিলিতাঃ সন্তঃ॥ ৫॥

ক্রমসন্দর্ভঃ।

স্বতঃ স্বেনৈব সম্ভাবিতঃ শূরোঽহং পণ্ডিতোঽহমিত্যেবং কৃতাত্ম সম্ভাবনঃ আত্মসম্ভাবিত ইতি চিৎসুখঃ॥ ৪॥
এবমিতি যুগ্মকং॥ ৪॥ সত্রিণঃ সত্রিত্বাবস্থায়াং মিথো মিলনং ভবতীতি তদা মিলিতাঃ সন্তীত্যর্থঃ॥ ৫॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

প্রকৃত্যসম্মতং প্রকৃত্যা সম্মতমিতি পাঠদ্বয়ং। প্রকৃতিরমাত্যাদিঃ স্বভাবশ্চ তাসাং তয়াচ অসম্মতঃ॥ ২। ৩॥
অষ্টবিভূতিভিরষ্টদিগ্বর্ত্তিনীভিঃ সম্পত্তিভি রিতি সপ্তদ্বীপাধিপত্যং ধ্বনিতং। স্তব্ধো গর্ব্ববান্। স্বতঃ স্বেনৈব সম্ভাবিতঃ শূরোঽহং পণ্ডিতোঽহমিতি কৃতাত্ম কথনঃ॥ ৪। ৫॥

সকল মুনির লোক মঙ্গল চিন্তাই কর্ম্ম ছিল, তাঁহারা বিবেচনা করিয়া দেখিলেন, যেমন রক্ষক অভাবে বৃক শৃগালাদি হইতে মেষাদি পশুর বধ সম্ভাবনা হয় তাহার ন্যায়, নৃপ বিরহে প্রজাপুঞ্জের দস্যুদল হইতে বিনাশের সম্ভব হইয়া পড়িবে সন্দেহ নাই॥ ১॥

অতএব বেদবক্তা ব্রাহ্মণেরা বীরপ্রসবিনী সুনীথাকে আহ্বান করিয়া তাঁহার নিকট বেণকে রাজ্যাভিষিক্ত করিবার প্রস্তাব করিলেন, যদিও অমাত্য প্রভৃতির তাহাতে আন্তরিক সম্মতি হইল না তথাচ বেণকে পৃথিবীর পতিত্বে অভিষেক করিলেন॥ ২॥

প্রচণ্ড শাসন বেণ নৃপাসনে আসীন হইয়াছেন শুনিয়া, চোরগণ যেমন সর্পভয়ে ত্রাসিত হইয়া উন্দুর সকল গর্ত্ত মধ্যে লুক্কায়িত হয় তাহার ন্যায়, একবারে অন্তর্হিত হইল॥ ৩॥

বেণও রাজাসনে আরূঢ় হইয়া লোকপাল সকলের অষ্টৈশ্বর্য্য দ্বারা দিন দিন অধিকতর উদ্ধত হইতে লাগিল এবং আপনিও আপনাকে সম্ভাবিত অর্থাৎ আমিই শূর, আমিই পণ্ডিত ইত্যাদি অভিমান দ্বারা স্তব্ধ হইয়া মহাভাগ ব্যক্তিদিগকে অবজ্ঞা করিতে আরম্ভ করিল। এই প্রকারে ঐশ্বর্য্য মদে অন্ধ ও গর্ব্বিত হইয়া নিরঙ্কুশ হস্তির ন্যায় রথারূঢ় হইয়া সর্ব্বত্র পর্য্যটন করিত, তাহার ভ্রমণে স্বর্গ মর্ত্ত্য কম্পমান হইত। অনন্তর সে সকল স্থানে ভেরী দ্বারা ঘোষণা দিয়া এই কথা বলিল, অহে! ব্রাহ্মণ সকল সাবধান সাবধান, কখন যাগ বা হোম করিও না। এই প্রকারে আপনার অধিকার মধ্যে ধর্ম্ম কর্ম্ম একেবারে রহিত করিয়াদিল॥ ৪॥

দুর্ব্বৃত্ত বেণের এই প্রকার অসদাচরণ অবলোকন করিয়া মুনিগণ বিবেচনা করিলেন লোক সকলের মহা বিপদ্ উপস্থিত, অনন্তর সকলে মিলিত হইয়া সাদর বচনে কহিতে লাগিলেন॥ ৫॥

অহো উভয়তঃ প্রাপ্তং লোকস্য ব্যসনং মহৎ । দারুণ্যুভয়তো দীপ্ত ইব তস্করপালয়োঃ ॥ ৬ ॥
অরাজকভয়াদেষ কৃতো রাজাহতদর্হণঃ । ততোপ্যাসীদ্ভয়ং ত্বদ্য কথং স্যাৎ স্বস্তি দেহিনাং ॥ ৭ ॥
অহেরিব পয়ঃপোষঃ পোষকস্যাপ্যনর্থভৃৎ ॥ ৮ ॥
বেণঃ প্রকৃত্যৈব খলঃ সুনীথাগর্ব্ভসম্ভবঃ । নিরূপিতঃ প্রজাপালঃ স জিঘাংসতি বৈ প্রজাঃ ॥ ৯ ॥
তথাপি সান্ত্বয়েমামুং নাস্মাংস্তৎপাতকং স্পৃশেৎ । তদ্বিদ্বদ্ভিরসদ্বৃত্তো বেণোঽস্মাভিঃ কৃতোনৃপঃ ।

শ্রীধরস্বামী ।

মূলত শ্চাগ্রতশ্চ দীপ্তে জ্বলিতে কাষ্ঠে তন্মধ্যবর্ত্তিনাং পিপীলিকাদীনাং যথা উভয়তো ব্যসনং এবং তস্করেভ্যঃ পালকাচ্চ দুঃখং প্রাপ্তমিত্যর্থঃ ॥ ৬ ॥
তদেবাহুঃ অরাজকভয়াদিতি অতদর্হণঃ রাজ্যানর্হঃ ॥ ৭ ॥
অস্মাকমপ্যনিষ্টং জাতমিত্যাহুঃ । অহের্যথা পয়ঃ পোষঃ ক্ষীরেণ পোষণং পোষকস্যাপ্যনর্থং বিভর্ত্তি পুষ্ণাতি ॥ ৮ ॥
তদেবাহ বেণ ইতি । নিরূপিতো নিযুক্তোঽস্মাভিঃ ॥ ৯ ॥
সান্ত্বয়েম অমুং উপপত্তিভিঃ প্রার্থয়িষ্যামঃ । তত্র পাতকং । স্বস্য তৎপাতক স্পর্শে হেতুঃ তৎপাতকং বিদ্বদ্ভিঃ ॥ ১০ ॥

ক্রমসন্দর্ভঃ ।

উভয়ত ইতি । বন দুর্গাদৌ পলায়নে তস্করেভ্যঃ রাষ্ট্রে স্থিতৌ পালাদিত্যর্থঃ ॥ ৬ ॥
অরাজকেতি সার্দ্ধকং ॥ ৭ ॥
টীকায়াং পুষ্ণাতীত্যনন্তরং । তথা ততোপ্যাসীদ্ভয়মিত্যন্বয় ইতি জ্ঞেয়ং ॥ ৮ ॥
মুনয় উচুরিতি বহুত্র নাস্তি ॥ ৯ । ১০ । ১১ । ১২ । ১৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

মূলতশ্চাগ্রতশ্চ দীপ্তে প্রজ্বলিতকাষ্ঠে তন্মধ্যবর্ত্তিনাং পিপীলিকাদীনাং যথা উভয়তো ব্যসনং এবং লোকস্য দুর্গাদৌ পলায়নে তস্করাৎ রাষ্ট্রে স্থিতৌ পালকাৎ রাজতোভয়মিত্যর্থঃ ॥ ৬ ॥
অতদর্হণঃ রাজ্যানর্হঃ দেহিনামন্যেষাং কা কথা অস্মাভিরেবায়মভিষিক্তঃ সংপ্রত্যয়মস্মানেব ন বহেবামিত্যাদ্যাজ্ঞয়া শাস্তীত্যাহুঃ অহেরিতি ॥ ৭ । ৮ । ৯ ॥
সান্ত্বয়েম উপপত্তিভিঃ প্রবোধয়াম তথা সতি অস্মান্ পাপং ন স্পৃশেৎ অন্যথাতু পাপং স্পৃশেদেবেত্যাহুঃ তৎপাতকং বিদ্বদ্ভিরিতি ॥

কাষ্ঠখণ্ডের মূল ও অগ্রভাগ অগ্নি দ্বারা উদ্দীপিত হইলে তন্মধ্যস্থ পিপীলিকাদির যেমন উভয় দিক্ হইতে বিপদ উপস্থিত হয়, পরিত্রাণের পথ পায় না, তাহার ন্যায়,এখন প্রজা সকলের তস্কর ও পালক হইতে সুমহদ্দুঃখ উপস্থিত ॥ ৬ ॥

এই বেণ রাজপদের যোগ্য পাত্র নয়, কেবল আমরা অরাজক ভয়ে ইহাকে রাজা কহিয়াছিলাম কিন্তু ইহা হইতেই প্রজাজনের মহৎ উৎপাত উপস্থিত হইল, এখন দেহধারি মানবগণের কি উপায়ে মঙ্গল হইবে ? ॥ ৭ ॥

হায় ! আমরা ইহাকে রাজাসন প্রদান করিয়াছিলাম, তাহাতে সর্পকে যেমন দুগ্ধ দিয়া পোষণ করিলে সে পোষকেরও অনর্থ ঘটায় তাহার ন্যায় এ দুরাত্মা আমাদেরও অনিষ্ট করিতেছে ॥ ৮ ॥

অহো ! সুনীথা গর্ব্ভজাত বেণ স্বভাবতঃ খল, আমরা ইহাকে প্রজাপালক রূপে নিরূপিত করিয়া ছিলাম, সে প্রজাদিগকে পালন না করিয়া স্বয়ং বিনাশ করিতে প্রবৃত্ত হইয়াছে ॥ ৯ ॥

সে যাহা হউক, এখন তাহার পাতক আমাদিগকে স্পর্শ না করে একারণ চল আমরা তাহাকে একবার সান্ত্বনা করিয়া দেখি, অন্যের পাপ অন্যত্র সংক্রামিত হয় না সত্য, কিন্তু তাহার পাপ আমা-

সান্ত্বিতো যদি নোবাচং ন গ্রহীষ্যত্যধর্ম্মকৃৎ। লোকধিক্কারসন্দগ্ধং দহিষ্যামঃ স্বতেজসা ॥ ১০ ॥
এবমধ্যবসায়েন মুনয়ো গূঢ়মন্যবঃ। উপব্রজ্যাব্রুবন্ বেণং সান্ত্বয়িত্বাথ সামভিঃ।
নৃপবর্য্য নিবোধৈতদ্যত্তে বিজ্ঞাপয়াম ভোঃ। আয়ুঃ শ্রী বল কীর্ত্তীনাং তব তাত বিবর্দ্ধনং ॥ ১১ ॥
ধর্ম্ম আচরিতঃ পুংসাং বাঙ্মনঃ কায়শুদ্ধিভিঃ। লোকান্ বিশোকান্ বিতরত্যথানন্ত্যমসঙ্গিনাং ॥ ১২ ॥
স তে মা বিনশেদ্বীর প্রজানাং ক্ষেমলক্ষণঃ। যস্মিন্ বিনষ্টে নৃপতিরৈশ্বর্য্যাদবরোহতি ॥ ১৩ ॥
রাজন্নোহসাধ্বমাত্যেভ্যশ্চৌরাদিভ্যঃ প্রজানৃপ। রক্ষন্ যথা বলিং গৃহ্ণন্নিহ প্রেত্যচ মোদতে।
যস্য রাষ্ট্রে পুরেচৈব ভগবান্ যজ্ঞপুরুষঃ। ইজ্যতে স্বেন ধর্ম্মেণ জনৈ র্বর্ণাশ্রমাত্মকৈঃ।

শ্রীধরস্বামী।

গূঢ়ো মন্যুর্যেষাং সামভিঃ প্রিয়োক্তিভিঃ ॥ ১১ ॥
নিষ্কামাণাং আনন্ত্যং মোক্ষমপি ॥ ১২ ॥
মাবিনশেৎ মাবিনশ্যতু ॥ ১৩ ॥
অসাধবো যে অমাত্যাঃ তেভ্যঃ যথা যথাশাস্ত্রং ॥ ১৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

যস্য রাষ্ট্রে ইতি যুগ্মকং ॥ ১৪ । ১৫ । ১৬ । ১৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

দহিষ্যামঃ ধক্ষ্যামঃ ॥ ১০ । ১১ ॥
অসঙ্গিনাং নিষ্কামাণামানন্ত্যং মোক্ষং ॥ ১২ ॥
মা বিনশেৎ মা বিনশ্যতু ॥ ১৩ ॥
বর্ণাশ্রমধর্ম্মেষু আত্মা মনো যেষাং তৈঃ ॥ ১৪ ॥

দিগকে সংস্পর্শ করিবার কারণ আছে, আমরা অসচ্চরিত্র জানিয়া জ্ঞান পূর্ব্বক ঐ দুরাত্মাকে রাজা করিয়াছি। অতএব তাহার নিকটে গিয়া প্রথমে বিবিধ প্রকারে বুঝাই, প্রবোধিত হইয়াও যদি আমাদের বাক্য গ্রহণ না করে, তাহা হইলে একেত সে সকল লোকের ধিক্কারে দগ্ধ হইয়া রহিয়াছে, আবার আমরা স্ব স্ব তেজঃ দ্বারা দগ্ধ করিব ॥ ১০ ॥

বৎস বিদুর! মুনিগণ এই প্রকার নিশ্চয় করিয়া স্ব স্ব ক্রোধ সম্বরণ পূর্ব্বক বেণের সন্নিধানে গমন করিলেন এবং প্রিয় বচন দ্বারা সান্ত্বনা করিয়া কহিলেন, হে নৃপশ্রেষ্ঠ! আমরা তোমাকে যাহা জ্ঞাপন করিব অবহিত চিত্তে শ্রবণ কর। হে তাত! তাহাতে মনোযোগ করিলে তোমার আয়ুঃ, শ্রী, বল এবং কীর্ত্তি বৃদ্ধিশীল হইবে ॥ ১১ ॥

বৎস! কায় মনঃ বাক্য শোধন পূর্ব্বক যে ধর্ম্ম আচরিত হয় তাহাতে পুরুষদিগের এমত লোক প্রাপ্তি হয় যে সেখানে শোকের লেশ মাত্রও নাই। আর নিষ্কাম মানবদিগের ঐ ধর্ম্ম হইতে মোক্ষ লাভ হইয়া থাকে ॥ ১২ ॥

অতএব হে বীর! ধর্ম্ম পরম পদার্থ প্রজাবর্গের কল্যাণ স্বরূপ, তাহা যেন নষ্ট না হয়। মহারাজ! ধর্ম্ম নষ্ট হইলে নরপতির রাজ্যৈশ্বর্য্য সকলই বিনষ্ট হইয়া যায় ॥ ১৩ ॥

হে রাজন্! দুষ্ট আমাত্য এবং চৌরাদি হইতে প্রজাদিগকে রক্ষা করিয়া যে রাজা বিহিত কর গ্রহণ করেন তাঁহার ইহকালে ও পরকালে পরমসুখ সম্ভোগ হয়। মহারাজ! যাঁহার রাজ্যে এবং

তস্য রাজ্ঞো মহারাজ ভগবান্ ভূতভাবনঃ। পরিতুষ্যতি বিশ্বাত্মা তিষ্ঠতো নিজশাসনে।
তস্মিংস্তুষ্টে কিমপ্রাপ্যং জগতামীশ্বরেশ্বরে। লোকাঃ সপালা হ্যেতস্মৈ হরন্তি বলিমাদৃতাঃ॥ ১৪॥
তং সর্ব্বলোকামরযজ্ঞ সংগ্রহং ত্রয়ীময়ং দ্রব্যময়ং তপোময়ং।
যজ্ঞৈর্বিচিত্রৈর্যজতো ভবায় তে রাজন্ স্বদেশাননুরোদ্ধু মর্হসি॥ ১৫॥
যজ্ঞেন যুষ্মদ্বিষয়ে দ্বিজাতিভির্বিতায়মানেন সুরাঃ কলা হরেঃ।
স্বিষ্টাঃ সুতুষ্টাঃ প্রদিশন্তি বাঞ্ছিতং তদ্ধেলনং নার্হসি বীর চেষ্টিতং। ১৬॥
শ্রীবেণ উবাচ॥
বালিশা বত যূয়ং বা অধর্ম্মে ধর্ম্মমানিনঃ। যে বৃত্তিদং পতিং হিত্বা জারং পতিমুপাসতে।
অবজানন্ত্যমী মূঢ়া নৃপরূপিণমীশ্বরং। নানুবিন্দন্তি তে ভদ্রমিহ লোকে পরত্র চ॥ ১৭॥

শ্রীধরস্বামী।

সর্ব্বান্ লোকাংশ্চ তৎপালান্ অমরাংশ্চ তৎপ্রাপকান্ যজ্ঞাংশ্চ সংগৃহ্নাতি নিযচ্ছতীতি তথা তং। বিচিত্রৈ র্যজ্ঞদ্রব্যাদিভিঃ। অভবায় সমৃদ্ধয়ে স্বদেশান্ তদ্বাসিনো জনান্ অনুরোদ্ধুং অনুবর্ত্তিতুং॥ ১৫॥
যুষ্মদ্বিষয়ে ত্বদ্দেশে। হরেঃ কলাঃ অংশাঃ সুরাঃ তেষাং সুরাণাং হেলনমবজ্ঞাং॥ ১৬॥
বালিশা অজ্ঞা বৃত্তিদমন্নাদিপ্রদং মাং হিত্বা॥ ১৭॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তে ভবায় তবৈব ভূত্যৈ যজতো যজন কর্ত্তৄন্ স্বদেশবর্ত্তিনো জনান্ অনুরোদ্ধুং তত্রৈব যজনে প্রবর্ত্তয়িতুং॥ ১৫॥
চেষ্টিতুং কর্ত্তুং॥ ১৬॥
বৃত্তিদং পতিমিতি অদ্যৈব ময়া ফল মূলাদিত্রোটনে নিষিদ্ধে সদ্যএব মরিষ্যথেতি ভাবঃ॥ ১৭। ১৮। ১৯। ২০॥

পুরমধ্যে প্রজা সকল স্ব স্ব বর্ণ ও আশ্রম ধর্ম্ম অনুষ্ঠান পূর্ব্বক ভগবান্ যজ্ঞপুরুষের অর্চ্চনা করেন, সেই নিজ শাসনে অবস্থিত রাজার প্রতি বিশ্বমূর্ত্তি ভগবান্ পরিতুষ্ট হয়েন। হে রাজন্! ভগবান্ হরি জগতের ঈশ্বর সকলেরও ঈশ্বর, যাবস্ত লোকপাল সকলেই পরমাদর সমম্বিত হইয়া তাঁহার নিমিত্ত পূজোপহার আহরণ করিয়া থাকেন, তিনি তুষ্ট হইলে আর কি অপ্রাপ্য রহিল?॥ ১৪॥

হে নরনাথ! সেই ভগবান্ সকল লোক, লোকপাল এবং যজ্ঞের নিয়ামক, আর বেদময়, দ্রব্যময় ও তপোময়। তোমার স্বদেশবাসী যে সকল লোক বিবিধ যজ্ঞ দ্রব্যাদি দ্বারা সমৃদ্ধি লাভ নিমিত্ত তাঁহার অর্চ্চনা করিয়া থাকে, তুমি তাহাদের অনুবর্ত্তী হইতে যোগ্য হও॥ ১৫॥

হে বীর! ব্রাহ্মণেরা তোমার দেশে যজ্ঞ বিস্তার করিয়া তদ্দ্বারা ভগবান্ হরির অংশে যে সকল দেবতার অর্চ্চনা করিতেছেন তাঁহারা তুষ্ট হইলে বাঞ্ছিত ফল প্রদান করিবেন, অতএব তাঁহাদের প্রতি অবজ্ঞা করা তোমার উচিত হয় না॥ ১৬॥

মুনিগণের ঐ সকল উপদেশ বচন শ্রবণ করিয়া বেণ ক্রোধে অধীর হইল এবং কহিল, অহে! তোমরা বড় মূর্খ, অধর্ম্মকে ধর্ম্ম বলিয়া মানিতেছ, আমি সকলের অন্নাদিপ্রদ পতি, আমাকে পরিত্যাগ করিয়া যাহারা উপপতির তুল্য অন্যের উপাসনা করে তাহারা অতি মূঢ়, আমি যে নৃপরূপী ঈশ্বর আমাকে তাহারা তদ্রূপ জানিয়া অবজ্ঞা করে, কিন্তু ঐ অপরাধে ইহলোকে বা পরলোকে কুত্রাপি তাহারা আপনাদের মঙ্গল লাভ করিতে পারে না॥ ১৭॥

কো যজ্ঞপুরুষো নাম যত্র বো ভক্তিরীদৃশী। ভর্তৃস্নেহ বিদূরাণাং যথা জারে কুযোষিতাং।
বিষ্ণুর্বিরিঞ্চো গিরিশ ইন্দ্রোবায়ুর্যমোরবিঃ। পর্জ্জন্যোধনদঃ সোমঃ ক্ষিতিরগ্নিরপাম্পতিঃ॥ ১৮॥
এতে চান্যেচ বিবুধাঃ প্রভবো বরশাপয়োঃ। দেহে ভবন্তি নৃপতেঃ সর্ব্বদেবময়ো নৃপঃ॥ ১৯॥
তস্মান্মাং কর্ম্মভির্ব্বিপ্রা যজধ্বং গতমৎসরাঃ। বলিঞ্চ মহ্যং হরত মত্তোঽন্যঃ কোগ্রভুক্ পুমান্।
ইত্থং বিপর্য্যয়মতিঃ পাপীয়ানুৎপথং গতঃ। অনুনীয়মান স্তদ্যাচ্ঞাং ন চক্রে ভ্রষ্টমঙ্গলঃ॥ ২০॥
ইতি তে সৎকৃতাস্তেন দ্বিজাঃ পণ্ডিতমানিনা। ভগ্নায়াং ভব্যযাচ্ঞায়াং তস্মৈ বিদুর চুক্রুধুঃ।
হন্যতাং হন্যতামেষ পাপঃ প্রকৃতি দারুণঃ। জীবঞ্জগদসাবাশু কুরুতে ভস্মসাদ্ ধ্রুবং।
নায়মর্হত্যসদ্বৃত্তো নরদেব বরাসনং। যো ঽধিযজ্ঞপতিং বিষ্ণুং বিনিন্দত্যনপত্রপঃ॥ ২১॥

শ্রীধরস্বামী।

ভর্তৃস্নেহো বিদূরে যেষাং॥ ১৮॥
যতো দেহে ভবন্তি নৃপতেঃ। অতোনৃপতিরেবেশ্বরঃ ইতরে তদংশা ইতি ভাবঃ॥ ১৯॥
বলিঞ্চ করাদিকং অগ্রভুক্ আরাধ্যঃ॥ ২০॥
তেনাসৎকৃতাঃ ভগ্নায়াং ভব্যায়াং যাচ্ঞায়াং॥ ২১॥

ক্রমসন্দর্ভঃ।

বিষ্ণুরিতি যুগ্মকং॥ ১৮। ১৯। ২০। ২১। ২২। ২৩। ২৪। ২৫॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তেনাসৎ কৃতাঃ॥
ভস্মসাৎ কুরুতে করিষ্যতে তস্মাদয়মেব ভস্মীকর্ত্তব্য ইতি ভাবঃ॥ ২১॥

অহে ঋষিগণ! যজ্ঞপুরুষ কে? যেমন ভর্তৃস্নেহ পরাঙ্মুখী অসতী স্ত্রী উপপতির প্রতি স্নেহবতী হয় তাহার ন্যায়, তোমরা আপন প্রভুর প্রতি আস্থা পরিত্যাগ করিয়া কাহার প্রতি এত ভক্তি করিতেছ? অহে! তোমরা কি জান না? ব্রহ্মা, বিষ্ণু, শিব, ইন্দ্র, চন্দ্র, বায়ু, বরুণ, কুবের, যম, সূর্য্য, মেঘ, পৃথিবী, জল॥ ১৮॥

এই সকল ও অন্যান্য যে যে দেবতা বর ও শাপ প্রদানে সমর্থ তাঁহারা সকলেই নরপতির দেহে বর্ত্তমান, ইহাতেই রাজা সর্ব্বদেব স্বরূপ, সুতরাং তিনিই ঈশ্বর, তদ্ভিন্ন যত সকলই তাঁহার অংশমাত্র॥ ১৯

হে দ্বিজগণ! আমি সেই রাজা, তোমরা মাৎসর্য্য পরিত্যাগ করিয়া কর্ম্ম দ্বারা আমারই অর্চ্চনা কর এবং আমার নিমিত্ত করাদি আহরণ করহ, আমা ভিন্ন আর কে আরাধ্য আছে? উৎপথগামী পাপাত্মা বেণ বিপরীত বুদ্ধি হইয়া এই প্রকার কহিলে, মুনিগণ পুনর্ব্বার বিবিধ বিনয় বাক্যে প্রার্থনা করিতে লাগিলেন, কিন্তু সে দুরাত্মা সমস্ত মঙ্গল হইতে ভ্রষ্ট হইয়াছিল অতএব মুনিদের প্রার্থনানুসারে কার্য্য করিল না॥ ২০॥

পণ্ডিতাভিমানী বেণ এই প্রকার বারম্বার অনাদর করাতে মুনিগণ তাহার প্রতি অতিশয় কুপিত হইলেন এবং ক্রোধে প্রজ্বলিত হইয়া সকলে এক বাক্যে কহিতে লাগিলেন। এই পাপাত্মা অতিশয় দারুণ প্রকৃতি, শীঘ্র ইহাকে বধ কর, এ পাপটা জীবিত থাকিলে নিশ্চয় জগৎকে ভস্মসাৎ করিবে। এ অতি দুরাচার, কখন নরদেবের বরাসনে অধ্যাসীন হইবার যোগ্য নয়। এমত নির্লজ্জ যজ্ঞাধিপতি বিষ্ণুর নিন্দা করে।॥ ২১॥

কোবৈনং পরিচক্ষীত বেণমেকমৃতেঽশুভং। প্রাপ্ত ঈদৃশমৈশ্বর্য্যং যদনুগ্রহভাজনঃ॥ ২২॥
ইত্থং ব্যবসিতা হন্তুমৃষয়ো গূঢ়মন্যবঃ। নিজঘ্নু র্হুঙ্কৃতৈর্বেণং হতমচ্যুতনিন্দয়া॥ ২৩॥
ঋষিভিঃ স্বাশ্রমপদং গতে পুত্রকলেবরং। সুনীথা পালয়ামাস বিদ্যাযোগেন শোচতী॥ ২৪॥
একদা মুনয়স্তেতু সরস্বৎসলিলাপ্লুতাঃ। হুত্বাগ্নীন্ সৎকথাশ্চক্রুরুপবিষ্টাঃ সরিত্তটে॥ ২৫॥
বীক্ষ্যোত্থিতান্ তদোৎপাতানাহুর্লোক ভয়ঙ্করান্। অপ্যভদ্রমনাথায়া দস্যুভ্যো ন ভবেদ্ভুবঃ॥ ২৬॥

শ্রীধরস্বামী।

পরিচক্ষীত নিন্দেৎ অশুভং বেণং বিনা। কৃতঘ্নতামাহুঃ। যদনুগ্রহবিষয়ঃ সন্ ঈদৃশং ঐশ্বর্য্যং প্রাপ্তঃ॥ ২২॥
পূর্ব্বং গূঢ়মন্যবঃ হুঙ্কৃতৈঃ হুঙ্কারৈঃ॥ ২৩॥
স্বাশ্রমপদং প্রতি ঋষিভির্গতে সতি বিদ্যাযোগেন মন্ত্রসহিতয়া যুক্ত্যা॥ ২৪॥
পুংবত্তাব আর্ষঃ। সরস্বত্যাঃ সলিলে আপ্লুতা ইত্যর্থঃ॥ ২৫॥
তদা উত্থিতানুৎপাতান্ বীক্ষ্য ভুবোঽভদ্রং ন ভবেৎ কিমিত্যাহুঃ॥ ২৬॥

ক্রমসন্দর্ভঃ।

বীক্ষ্যেতি। তদোৎপাতানিত্যেব স্বামী॥ ২৬। ২৭। ২৮। ২৯॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

এনং বিষ্ণুং কোবা পরিচক্ষীত নিন্দেৎ। বেণং বিনা যদনুস্মাদীদৃশমৈশ্বর্য্যং প্রাপ্তোহি অনুগ্রহভাজনং ভবতি তস্মান্নিরনুগ্রহোঽস্তব্য এবেতি ভাবঃ॥ ২২। ২৩॥
বিদ্যাযোগেন মন্ত্রসহিতয়া তৈলাদি প্রক্ষেপযুক্ত্যা॥ ২৪॥
সরস্বদিতি পুংবত্তাব আর্ষঃ॥ ২৫। ২৬॥

এই অমঙ্গল স্বরূপ বেণ ভিন্ন অন্য কাহারও মুখে কখন বিষ্ণুর নিন্দা শুনি নাই, এ পাপাত্মা অতিশয় কৃতঘ্ন, যাঁহার অনুগ্রহ ভাজন হইয়া ঈদৃশ ঐশ্বর্য্য প্রাপ্ত হইয়াছে তাঁহারই নিন্দা করিতেছে॥ ২২॥

বিদুর! মুনিগণের ক্রোধ পূর্ব্বে গূঢ় ছিল, এক্ষণে তাঁহারা ঐ প্রকার নিশ্চয় করিয়া কোপ প্রজ্বলিত করত ভয়ঙ্কর হুঙ্কার শব্দেই বেণকে নিহত করিলেন। বৎস! ঐ দুরাত্মা ভগবান্ অচ্যুতের নিন্দা করিত, ইহাতে পূর্ব্বেই হত হইয়াছিল॥ ২৩॥

সে যাহা হউক, ঋষিরা বেণের প্রাণ সংহার করিয়া স্ব স্ব আশ্রমে গমন করিলে বেণজননী সুনীথা অতিশয় শোকার্ত্তা হইলেন এবং বিদ্যা যোগে অর্থাৎ সমন্ত্র তৈলাদি প্রক্ষেপ দ্বারা পুত্রের কলেবর পালন করিতে লাগিলেন॥ ২৪॥

একদা ঐ সকল মুনি সরস্বতীর জলে অবগাহন করিয়া হোম সমাপন পূর্ব্বক তটে উপবিষ্ট হইলেন এবং পরস্পর সৎকথা কহিতে আরম্ভ করিলেন॥ ২৫॥

ইত্যবসরে হঠাৎ কতক গুলা ভয়ঙ্কর উৎপাত দৃষ্টি গোচর হইল, তাহাতে তাঁহারা সচকিত হইয়া কহিতে লাগিলেন, এ রূপ কেন হইতেছে? পৃথিবী কি নাথ হীনা হইল? দস্যুদের হইতে ইহার কি কোন অমঙ্গল হইয়াছে না কি?॥ ২৬॥

এবং মৃশন্ত ঋষয়ো ধাবতাং সর্ব্বতো দিশং। পাংশুঃ সমুত্থিতো ভূরিশ্চৌরাণামভিলুম্পতাং ॥ ২৭ ॥
তদুপদ্রবমাজ্ঞায় লোকস্য বসুলুম্পতাং। ভর্ত্তর্য্যুপরতে তস্মিন্নন্যোন্যঞ্চ জিঘাংসতাং।
চৌরপ্রায়ং জনপদং হীনসত্ত্বমরাজকং। লোকান্নাবারয়ন্ শক্তা অপি তদ্দোষদর্শিনঃ ॥ ২৮ ॥
ব্রাহ্মণঃ সমদৃক্ শান্তো দীনানাং সমুপেক্ষকঃ। স্রবতে ব্রহ্ম তস্যাপি ভিন্নভাণ্ডাৎ পয়ো যথা ॥ ২৯
নাঙ্গস্য বংশো রাজর্ষেরেষ সংস্থাতুমর্হতি। অমোঘবীর্য্যাহি নৃপা বংশেঽস্মিন্ কেশবাশ্রয়াঃ।

শ্রীধরস্বামী।

এবং মৃশন্তঃ ঋষয়ঃ স্থিতাঃ তদা ধাবতাং চৌরাণাং ভূরিঃ পাংশুঃ সমুত্থিতঃ ॥ ২৭ ॥

তত্তদা তেষাং লোকস্য ধনং লুম্পতাং জিঘাংসতাং চোপদ্রবমাজ্ঞায় তদা চৌরপ্রায়ং অরাজকং হীনসত্ত্বঞ্চ জনপদমাজ্ঞায় শক্তা অপি অবারণে দোষ দর্শিনোপি জনা লুম্পতো লোকান্নাবারয়ন্নিত্যন্বয়ঃ ॥ ২৮ ॥

শক্তানাং ক্ষত্রিয়াণাং অবারণে দোষ ইতি কিং বক্তব্যং সমদৃগপি শান্তোপি ব্রাহ্মণোপি যদি দীনানাং সমুপেক্ষকো ভবেৎ তর্হি তস্যাপি ব্রহ্ম তপঃ স্রবতি ॥ ২৯ ॥

অত উপেক্ষাদোষ পরীহারায় নাঙ্গস্যেত্যাদি বিনিশ্চিত্য মহীপতে রূরুং তরসা মমন্থু রিত্যন্বয়ঃ। সংস্থাতুং নাশং গন্তুং। যদ্বা ঋষয় এব লুম্পতো লোকান্নাবারয়ন্। কথম্ভূতাঃ হুঙ্কারৈরেব তান্নিবারয়িতুং শক্তা অপি তৎ কিং তস্মিন্নিবারণে তন্মরণাদি দোষদর্শিনঃ নচোদাসন্ চৌরোপদ্রুতদীনোপেক্ষায়াং তপোহানিপ্রসঙ্গাৎ নচান্যং তন্নিবারকং রাজানমকুর্ব্বন্ অঙ্গবংশোচ্ছেদস্যানর্হত্বাৎ।

ক্রমসন্দর্ভঃ।

তদিতি যুগ্মকং। চৌরেতি। শক্তানামপি তেষাং তদপবারণে হেতুঃ। বর শাপাভ্যাং তস্মিন্নিবারণে তপঃ ক্ষয় রূপদোষ দর্শিনঃ ॥ ২৮ ॥

তদুপেক্ষত্বামেব তত্রাহ। ব্রাহ্মণ ইতি চতুষ্কং। তর্হি কিং কর্ত্তব্যং তত্রাহ নাঙ্গস্যেত্যাদি ॥ ৩০। ৩১। ৩২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এবং মৃশন্তোবিচারয়ন্তঃ ঋষয়ো যাবৎ স্থিতা তাবদেবেতি শেষঃ ॥ ২৭ ॥

তত্তদা তেষাং লোকস্য ধনং লুম্পতাং জিঘাংসতাঞ্চোপদ্রবমাজ্ঞায় তথা চৌরপ্রায়ং জনপদঞ্চাজ্ঞায় যে শক্তা অপ্যবারণে দোষ দর্শিনোপি জনাঃ ক্ষত্রিয়লোকাঃ আত্মনএব রক্ষন্তঃ কিমস্মাকমন্যৈরিত্যুদাসীনা অন্যান্ লুম্পতো লোকান্নাবারয়ন্নিত্যন্বয়ঃ ॥ ২৮ ॥

শক্তানাং ক্ষত্রিয়াণামবারণে দোষ ইতি কিং বক্তব্যং সমদৃগপি শান্তোপি ব্রাহ্মণো দীনানাং সমুপেক্ষকো ভবেত্তর্হি তস্যাপি

ঋষিরা বসিয়া এই রূপ তর্ক বিতর্ক করিতেছেন এমত সময়ে সকল দিক্ হইতে ধাবমান ধনলুণ্ঠনকারি চৌরগণের ভূরি ভূরি ধূলি উত্থিত হইল ॥ ২৭ ॥

ঐ সকল তস্কর ভূপতির মরণে নির্ভয় হইয়া লোকদিগের ধন লুণ্ঠন ও পরস্পরের প্রাণ সংহার করিতে আরম্ভ করিয়াছিল। ঐ প্রকার উপদ্রব অবগত হইয়া এবং জনপদকে অরাজক ও হীনসত্ত্ব দেখিয়া সমর্থ ব্যক্তিরাও ঐ সকল দস্যুকে নিবারণ করিতেছিল না, যদিও তাদৃশ উপদ্রব নিবারণ না করিলে দোষ হয় ইহা তাহাদের জ্ঞাত ছিল ॥ ২৮ ॥

কিন্তু এ রূপ উপদ্রব নিবারণ না করিলে শক্তিমান্ ক্ষত্রিয় জাতির যে গুরুতর দোষ হয় এ কথা আর বক্তব্য কি? সর্ব্বত্র সমদর্শি প্রাশান্তেন্দ্রিয় ব্রাহ্মণেরাও যদি দীনজনের ক্লেশ মোচনে উপেক্ষা করেন তাঁহাদেরও ব্রহ্মতপঃ, ভগ্নভাণ্ড হইতে দুগ্ধক্ষরণের ন্যায়, ক্ষরিয়া পড়ে ॥ ২৯ ॥

অতএব আপনাদের উপেক্ষা দোষ পরিহারের নিমিত্ত ঐ সকল ঋষি এই নিশ্চয় করিলেন রাজর্ষি অঙ্গের বংশ একেবারে ধ্বংস হওয়া উচিত হয় না, ঐ বংশে অমোঘ বীর্য্য ভগবৎ পরায়ণ ভূরি ভূরি

বিনিশ্চিত্যৈবমৃষয়ো বিপন্নস্য মহীপতেঃ। মমন্থুরূরুং তরসা তত্রাসীদ্বাহুকো নরঃ ॥ ৩০ ॥

কাককৃষ্ণোঽতিহ্রস্বাঙ্গো হ্রস্ববাহু র্মহাহনুঃ। হ্রস্বপান্নিম্ন নাসাগ্রো রক্তাক্ষস্তাম্রমূর্দ্ধজঃ।

তস্য তেঽবনতং দীনং কিং করোমীতি বাদিনং। নিষীদেত্যব্রুবং স্তাত স নিষাদ স্ততোঽভবৎ ॥ ৩১

তস্য বংশ্যাস্তু নৈষাদা গিরি কানন গোচরাঃ। যেনাহরজ্জায়মানোবেণকল্মষমুল্বণং ॥ ৩২ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং চতুর্থস্কন্ধে পৃথুচরিতে নিষাদোৎপত্তির্নাম চতুর্দ্দশোঽধ্যায়ঃ ॥ * ॥ ১৪ ॥ * ॥

শ্রীধরস্বামী।

অতো বেণস্যৈব দেহং মমন্থুরিতি যোজ্যং বাহুকো বামনঃ ॥ ৩০ ॥

তমেবাহ কাক ইব কৃষ্ণঃ। মহত্যৌ হনূ কপোলপ্রান্তৌ যস্য হ্রস্বৌ পাদৌ যস্য ॥ ৩১ ॥

গিরিঃ কাননঞ্চ গোচর আশ্রয়ঃ নতু পুরাদি প্রবেশো যেষাং তে। তত্র হেতুঃ। যেন কারণেনাসাবহরৎ। ততস্তস্য বংশ্যাস্তথা ভূতাঃ ॥ ৩২ ॥

॥ * ॥ ইতি চতুর্থে চতুর্দ্দশঃ ॥ ১৪ ॥ * ॥

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে চতুর্থস্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভস্য চতুর্দ্দশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ব্রহ্ম তপঃ স্রবতি ॥ ২৯। ৩০ ॥

নন্বেবঞ্চেত্তর্হি ভৃগ্বাদয়স্তে মুনয়ঃ কথং নিশ্চিন্তাঃ স্থিতাঃ সত্যং ত এব স্বৈরং স্বাবধ প্রজাপালনাভ্যাং তপঃ ক্ষয় বিক্ষেপাদিক মালক্ষ্য কোপ্যেকোজনো রাজা কর্ত্তব্য ইতি ব্যবস্থায়াং পরামৃশ্যাহুঃ নাঙ্গস্যেতি সংস্থাতুং নষ্টীভবিতুং বাহুকো বামন ইতি প্রথমং তদ্দেহান্মাত্রাংশঃ পৃথগ্‌ভূয় প্রকটীবভূবেত্যর্থঃ ॥

নিষীদেতি নাসৌ রাজযোগ্য ইতি ব্যবসায়েনেত্যর্থঃ ॥ ৩১ ॥

যেন কারণেনাসৌ জায়মানো বেণকল্মষমহরৎ জগ্রাহ তেন স নিষাদো নীচজাতিরভবৎ। তস্য বংশ্যাস্তু নৈষাদা অতি নীচা অভূবন্নিত্যন্বয়ঃ ॥ ৩২ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। চতুর্দ্দশশ্চতুর্থস্য সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

ভূপতি হইয়াছিলেন। বিদুর! মুনিগণ এই প্রকার বিবেচনা করিয়া মৃত বেণের উরুদেশ মন্থন করিলেন, তাহাতে খর্ব্বাকৃতি একটা পুরুষ জন্মিল ॥ ৩০ ॥

সে কাকের ন্যায় কৃষ্ণবর্ণ, তাহার অঙ্গ সকল অতিশয় হ্রস্ব এবং বাহুদ্বয় ক্ষুদ্র, কপোলের দুই প্রান্ত ভাগ বৃহৎ, দুই চরণ খর্ব্ব, নাসাগ্র নিম্ন, চক্ষুঃ লাল এবং কেশ তাম্রবর্ণ। সে ব্যক্তি দীন ভাবে নত হইয়া "কি করিব" এই কথা বলিতে লাগিল। ঋষিরা ঐ কথায় নিষীদ অর্থাৎ বৈস, এই মাত্র বলিলেন। বিদুর! মুনিগণ নিষীদ বলাতেই ঐ উৎপন্ন ব্যক্তি নিষাদ নামে বিখ্যাত হইল ॥ ৩১ ॥

অনন্তর তাহার যে বংশ হয় তাহার নাম নৈষাদ হইয়াছে। ঐ বংশীয় ব্যক্তিরা পর্ব্বত ও বনে বাস করিতেছে, তাহাদের পুরে প্রবেশ করিবার অধিকার নাই, কারণ ঐ নিষাদ জন্মিয়াই বেণের গুরুতর পাপ গ্রহণ করিয়াছিল তাহাতেই তদ্বংশীয় ব্যক্তিরা ঐ প্রকার হইল ॥ ৩২ ॥

॥ * ॥ চতুর্থে চতুর্দ্দশ ॥ * ॥

শ্রীমৈত্রেয় উবাচ ॥

অথ তস্য পুনর্ব্বিপ্রৈরপুত্রস্য মহীপতেঃ। বাহুভ্যাং মথ্যমানাভ্যাং মিথুনং সমপদ্যত।

তদ্দৃষ্ট্বা মিথুনং জাতমৃষয়ো ব্রহ্মবাদিনঃ। ঊচুঃ পরম সন্তুষ্টা বিদিত্বা ভগবৎকলাং ॥ ১ ॥

এষ বিষ্ণোর্ভগবতঃ কলা ভুবনপাবনী। ইয়ঞ্চ লক্ষ্মীসম্ভূতিঃ পুরুষস্যানপায়িনী ॥ ২ ॥

অত্র যঃ প্রথমো রাজ্ঞাং পুমান্ প্রথয়িতা যশঃ। পৃথুর্নাম মহারাজো ভবিষ্যতি পৃথুশ্রবাঃ ॥ ৩ ॥

ইয়ঞ্চ দেবী সুদতী গুণভূষণভূষণং। অর্চ্চির্নাম বরারোহা পৃথুমেবাবরুন্ধতী ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

ততঃ পঞ্চদশে বিপ্রৈর্ম্মথনাদ্বেণবাহুতঃ। জাতস্তু পৃথোরুক্তমভিষেকার্হণাদিকং ॥ ১ ॥

কিমূচুরিত্যত আহ এষ ইতি চতুর্ভিঃ। লক্ষ্ম্যাঃ সংভূতিঃ কলা ॥ ২ ॥

অত্র যঃ পুমান্ সতু মহরাজো ভবিষ্যতি ॥ ৩ ॥

সুদতী শোভনদন্তবতী গুণানাং ভূষণানাঞ্চ ভূষণরূপা অবরুন্ধতী ভর্ত্তৃত্বেন ভজন্তী ভবিষ্যতি ॥ ৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

ঋষয় ঊচুরিতি বহুত্র কিন্তু কিমূচুরিতি পৌনরুক্ত্যা স্বামাসম্মতোয়ং ॥ ১ ॥

অয়ং রাজ্ঞাং ভাবিনাং প্রথমঃ তেষাং তদনুসারিচেষ্টায়াং যশঃ প্রথয়িতাচ। অতএব পৃথুশ্রবাঃ অত্র য ইতি পাঠস্তু স্বামিসম্মতঃ ॥ ২ ॥

ভূষণমিত্যেব স্বামিমতং। রূপকত্বেন নির্দ্দেশাৎ ॥ ৩ ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তদ্বেণ বাহু মথন জন্মনঃ সার্চ্চিষশ্চ পৃথোঃ। অভিষেকোপায়নাদ্যাহ্বতিঃ পঞ্চদশেঽভবৎ ॥ ০ ॥

অথাত্র পিত্রংশোবিষ্ণুযজ্ঞপ্রভাবশ্চ কীদৃশ উক্তবেদিত্যপেক্ষায়াং মুনিভির্ম্মথনমাহ অথেতি ॥ ১ ॥

সম্যক্ ভূতিঃ সম্পত্তি স্তদ্রূপা লক্ষ্মীঃ ॥ ২ ॥

বাহুভ্যামিতি ক্ষাত্রং তেজো ভগবৎ প্রভাবশ্চ ক্ষত্রিয়স্য বাহ্বোরেব তিষ্ঠতীত্যভিপ্রায়েণ অত্র যঃ পুমান্ প্রথমঃ সপ্রথয়িতেতি নিরুক্ত্যা পৃথুঃ ॥ ৩ ॥

গুণানাং ভূষণানাঞ্চ ভূষণরূপা অবরুন্ধতী ভক্ত্যাবশী কুর্ব্বতী ভবিষ্যতি ॥ ৪ ॥

পঞ্চদশ অধ্যায়ে বিপ্রগণ কর্ত্তৃক বেণের বাহু মথ্যমান হইলে তাহা হইতে পৃথুর উৎপত্তি এবং তাঁহার রাজ্যাভিষেক ॥ ০ ॥

মৈত্রেয় কহিলেন বিদুর! অনন্তর ব্রাহ্মণেরা মৃত অপুত্রক বেণের পুনরায় বাহু দ্বয় মন্থন করিতে প্রবৃত্ত হইলে, তাহাতে একটী স্ত্রী ও এক পুরুষ উৎপন্ন হইল। বেণবাহূৎপন্ন মিথুন অর্থাৎ স্ত্রী পুরুষ অবলোকন করিয়া সকল ব্রহ্মজ্ঞ ব্রাহ্মণ যথেষ্ট সন্তুষ্ট হইলেন এবং সেই দুইটীকে ভগবানের অংশ জ্ঞান করিয়া কহিতে লাগিলেন ॥ ১ ॥

এই পুরুষ ভগবান্ বিষ্ণুর ভুবনপাবন অংশ, এই স্ত্রীটীও ভগবতী লক্ষ্মীর অনপায়িনী কলা, ইনি কখন ভগবান্‌কে পরিত্যাগ করেন না ॥ ২ ॥

অতএব যিনি পুরুষ, ইনি সকল রাজার প্রথম হইয়া যশঃ বিস্তার করিবেন, এ কারণ ইহাঁর নাম পৃথু, ইনি রাজচক্রবর্ত্তী হইবেন ॥ ৩ ॥

আর এই যে দেবী যিনি শোভন দশন বিশিষ্টা ও ভূষণ সকলের ভূষণ স্বরূপা, ইহাঁর নাম অর্চ্চিঃ, এই বরারোহা ইহাঁকেই ভর্ত্তা বলিয়া ভজনা করিবেন ॥ ৪ ॥

এষ সাক্ষাদ্ধরেরংশো জাতো লোকরিরক্ষয়া । ইয়ঞ্চ তৎপরা হি শ্রীরনুজজ্ঞেঽনপায়িনী ॥ ৫ ॥

শ্রীমৈত্রেয় উবাচ ॥

প্রশংসন্তি স্ম তং বিপ্রা গন্ধর্ব্বপ্রবরা জগুঃ । মুমুচুঃ সুমনোধারাঃ সিদ্ধা নৃত্যন্তি স্বঃস্ত্রিয়ঃ ।

শঙ্খ-তূর্য্য-মৃদঙ্গাদ্যা নেদুর্দুন্দুভয়ো দিবি । তত্র সর্ব্ব উপাজগ্মুর্দেবর্ষি পিতৃণাং গণাঃ ॥ ৬ ॥

ব্রহ্মা জগদ্গুরুর্দেবৈঃ সহাসৃত্য সুরেশ্বরৈঃ । বৈণ্যস্য দক্ষিণে হস্তে দৃষ্ট্বা চিহ্নং গদাভৃতঃ ।

পাদয়োররবিন্দঞ্চ তং বৈ মেনে হরেঃ কলাং ॥ ৭ ॥

যস্যাপ্রতিহতং চক্রমংশঃ স পরমেষ্ঠিনঃ । তস্যাভিষেক আরব্ধো ব্রাহ্মণৈর্ব্রহ্মবাদিভিঃ ॥ ৮ ॥

শ্রীধরস্বামী ।

অত্র হেতুঃ এষ ইতি লোকস্য রিরক্ষয়া রিরক্ষিষয়া ॥ ৫ ॥

স্বঃস্ত্রিয়ঃ অপ্সরসো নৃত্যন্তি স্ম ॥ ৬ ॥

দেবৈঃ সহাসৃত্য আগত্য চিহ্নং রেখাত্মকং চক্রং ॥ ৭ ॥

অপ্রতিহতং রেখান্তরৈরভিন্নং চক্রং যস্য চিহ্নং স পরমেশ্বরস্যাংশঃ ॥ ৮ ॥

ক্রমসন্দর্ভঃ ।

মৈত্রেয় উবাচেতি কচিন্নাস্তি ॥ ৫ ॥

ব্রহ্মেতি সার্দ্ধকং ॥ ৬ ॥ ৭ ॥ ৮ ॥ ৯ ॥ ১০ ॥ ১১ ॥ ১২ ॥ ১৩ ॥ ১৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

রিরক্ষয়া রিরক্ষিষয়া ॥ ৫ ॥

সুমনসাং পুষ্পাণাং ধারা ইব ধারা মুমুচুঃ ॥ ৬ ॥ ৭ ।

অপ্রতিহতং রেখান্তরৈরভিন্নং পাণিতল ইত্যর্থঃ । পরমেষ্ঠিনঃ পরমেশ্বরস্য ॥ ৮ । ৯ ॥ ১০ । ১১ ॥

কারণ, এ ব্যক্তি সাক্ষাৎ ভগবানের অংশ, কেবল লোক রক্ষণ বাসনায় জন্ম গ্রহণ করিলেন। আর এই স্ত্রী স্বয়ং লক্ষ্মী, ইনি ভগবৎ পরায়ণা, ভগবান্ ব্যতীত কুত্রাপি অবস্থিতি করেন না, অতএব এক সঙ্গে জন্ম গ্রহণ করিলেন ॥ ৫ ॥

মুনিবর মৈত্রেয় এই সমস্ত বৃত্তান্ত বর্ণন করিয়া কহিলেন বিদুর ! ভগবানের অংশ রূপী পৃথু উৎপন্ন হইলে, বিপ্রগণ তাঁহার প্রশংসা করিতে লাগিলেন, গন্ধর্ব্বেরা সঙ্গীত আরম্ভ করিল, সিদ্ধগণ সকাশাৎ আকাশ হইতে পুষ্প বৃষ্টি পতিত হইল, অপ্সরা সকল নৃত্য করিতে লাগিল। আর স্বর্গে শঙ্খ তূর্য্য মৃদঙ্গ ও দুন্দুভি প্রভৃতির বাদ্য আরম্ভ হইল। অনন্তর সমস্ত দেব, ঋষি ও পিতৃগণ ঐ স্থানে আগমন করিলেন ॥ ৬ ॥

জগদ্গুরু ব্রহ্মা সমুদায় দেব ও দেবেশ্বরের সহিত আগমন করিয়া দেখিলেন। বেণাঙ্গজ পৃথুর দক্ষিণ পাণিতে ভগবান্ চক্রপাণির চক্রচিহ্ন ও চরণে পঙ্কজ লাঞ্ছন রহিয়াছে, অতএব অনুমান করিলেন এই ব্যক্তি ভগবানের অংশ, সংশয় নাই ॥ ৭ ॥

যাঁহার চক্ররেখা রেখান্তরে প্রতিহত না হয়, তিনি পরম পুরুষ ভগবানের অংশ। অতএব ব্রাহ্মণেরা তাঁহার অভিষেকার্থ উদ্যোগ করিলেন ॥ ৮ ॥

আভিষেচনিকান্যস্মৈ আজহ্রুঃ সর্ব্বতোজনাঃ। সরিৎ সমুদ্রা গিরয়ো নাগা গাবঃ খগা মৃগাঃ।
দ্যৌঃ ক্ষিতিঃ সর্ব্বভূতানি সমাজহ্রুরুপায়নং। সোভিষিক্তো মহারাজঃ সুবাসাঃ সাধ্বলঙ্কৃতঃ।
পত্ন্যার্চ্চিষালঙ্কৃতয়া বিরেজেঽগ্নিরিবাপরঃ ॥ ৯ ॥
তস্মৈ জহার ধনদো হৈমং বীর বরাসনং। বরুণঃ সলিল স্রাবমাতপত্রং শশিপ্রভং ॥ ১০ ॥
বায়ুশ্চ বালব্যজনে ধর্ম্মঃ কীর্ত্তিময়ীং স্রজং। ইন্দ্রঃ কিরীটমুৎকৃষ্টং দণ্ডং সংযমনং যমঃ ॥ ১১ ॥
ব্রহ্মা ব্রহ্মময়ং বর্ম্ম ভারতী হারমুত্তমং। হরিঃ সুদর্শনং চক্রং তৎপত্ন্যব্যাহতাং শ্রিয়ং ॥ ১২ ॥
দশচন্দ্রমসিং রুদ্রঃ শতচন্দ্রং তথাম্বিকা। সোমোঽমৃতময়ানশ্বাংস্ত্বষ্টা রূপাশ্রয়ং রথং ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

আভিষেচনিকানি অভিষেকসাধনানি ॥ ৯ ॥
হে বীর বরমাসনং সলিলস্য স্রাবো যস্মাৎ ॥ ১০ ॥
দ্বে বালব্যজনে ॥ ১১ ॥
ব্রহ্মময়ং বেদময়ং বর্ম্ম কবচং তৎপত্নী শ্রীঃ শ্রিয়ং সম্পদং ॥ ১২ ॥
দশচন্দ্রাকারাণি বিম্বানি কোশে যস্য তং অসিং খড়্গং শতচন্দ্রং চর্ম্ম রূপাশ্রয়ং অতিসুন্দরং ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ব্রহ্মময়ং বেদময়ং বর্ম্ম কবচং। তৎ পত্নী লক্ষ্মীঃ শ্রিয়ং সম্পত্তিং ॥ ১২ ॥
দশচন্দ্রাকারাণি বিম্বানি কোশে যস্য তমসিং খড়্গং। শতচন্দ্রং চর্ম্ম। রূপাশ্রয়মতিসুন্দরং ॥ ১৩ ॥

তদর্থ সকল স্থান হইতে জন সকল আভিষেচনিক দ্রব্য আহরণ করিতে লাগিল। সরিৎ, সাগর, ভূধর, নাগ, গো, খগ, মৃগ এবং পৃথিবী, আকাশ ও সকল প্রাণী যথোপযুক্ত উপায়ন আনিয়া উপস্থিত করিল। অনন্তর মহারাজ পৃথু শোভন বসন পরিধান করিয়া ও সুন্দর রূপে অলঙ্কৃত হইয়া যথাবিধি রাজসিংহাসনে অভিষিক্ত হইলেন, তদনন্তর সর্ব্বালঙ্কারে অলঙ্কৃতা অর্চ্চিঃ নাম্নী পত্নীর সহিত অপর অগ্নির ন্যায় দীপ্তি পাইতে লাগিলেন ॥ ৯ ॥

হে বীর! মহারাজ পৃথুর নিমিত্ত ধনাধিপ কুবেরের কাঞ্চন ময় আসন আহরণ করিলেন এবং জলাধিপতি বরুণ শশিতুল্য শুভ্রবর্ণ ছত্র আনিয়া দিলেন। বিদুর! বরুণের ঐ ছত্র অতি চমৎকার, সতত তাহা হইতে সলিল ক্ষরিত হইত ॥ ১০ ॥

অপর বায়ু দুইটী ব্যজন প্রদান করিলেন। ধর্ম্ম কীর্ত্তিময়ী মালা, আর ইন্দ্র উৎকৃষ্ট কিরীট ও সংযমনীপতি যম দমনসাধন দণ্ড আনিয়া উপহার দিলেন ॥ ১১ ॥

অপিচ ব্রহ্মা বেদময় কবচ, ভারতী মনোহর হার, হরি সুদর্শন চক্র এবং তাঁহার পত্নী লক্ষ্মী অনপায়িনী সম্পত্তি প্রদান করিলেন ॥ ১২ ॥

অধিকন্তু ভগবান্ রুদ্র তাঁহাকে একখানি অসি দিলেন, সেই অসির কোষে দশটী চন্দ্রাকার প্রতিবিম্ব ছিল। অম্বিকাও এক চর্ম্ম আনিয়া উপহার দিলেন, তাহাতে শত শত চন্দ্রের আকার অঙ্কিত ছিল। অপর সোম অমৃতময় অশ্ব এবং ত্বষ্টা অত্যুৎকৃষ্ট এক খানি রথ আনিয়া দিলেন ॥ ১৩ ॥

অগ্নিরাজগবং চাপং সূর্য্যো রশ্মিময়ানিষূন্। ভূঃ পাদুকে যোগময্যৌ দ্যৌঃ পুষ্পাবলিমন্বহং ॥ ১৪

নাট্যং সুগীতং বাদিত্রমন্তর্দ্ধানঞ্চ খেচরাঃ। ঋষয়শ্চাশিষঃ সত্যাঃ সমুদ্রঃ শঙ্খমাত্মজং।

সিন্ধবঃ পর্ব্বতা নদ্যোরথবীথী র্মহাত্মনঃ ॥ ১৫ ॥

সূতোথ মাগধোবন্দী তং স্তোতুমুপতস্থিরে ॥ ১৬ ॥

স্তাবকাংস্তানভিপ্রেত্য পৃথুর্বৈণ্যঃ প্রতাপবান্। মেঘনিহ্রাদয়া বাচা প্রহসন্নিদমব্রবীৎ ॥ ১৭ ॥

শ্রীপৃথুরুবাচ ॥

ভোঃ সূত হে মাগধ সৌম্য বন্দিন্ লোকেঽধুনাস্পষ্টগুণস্য মে স্যাৎ।

শ্রীধরস্বামী।

অজস্য গোশ্চ শৃঙ্গাভ্যাং নির্ম্মিতং চাপং যোগময্যৌ পাদস্পর্শ মাত্রেণাভীষ্টদেশ প্রাপিকে ॥ ১৪ ॥

নাট্যাদি কৌশলং খেচরাঃ। আত্মজং স্বভবং ॥ ১৫ ॥

তং স্তোতুমুপস্থিতাঃ ॥ ১৬ ॥

স্তাবকান্ স্তোতুমুদ্যতান্ অভিপ্রেত্য জ্ঞাত্বা ॥ ১৭ ॥

লোকেঽস্পষ্টগুণস্য সতো মে স্তুতিঃ স্যাৎ। অধুনাতু কিমাশ্রয়োমে স্তবো যোজ্যতাং। অতোবো গিরোঽধুনা মরি বিতথা মাভূবন্। যদ্বা লোকেঽধুনাস্পষ্টগুণস্য মে কিমাশ্রয়ঃ স্তবঃ স্যাৎ অতএব ক্রিয়মাণঃ স্তবঃ অমে মদন্যস্য যোজ্যতাং নতু মে বিতথা-

---

ক্রমসন্দর্ভঃ।

সূত ইত্যর্দ্ধকং ॥ ১২ ॥ ১৬ ॥ ১৭ ॥ ১৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অজস্য গোশ্চ শৃঙ্গাভ্যাং নির্ম্মিতং চাপং॥ যোগময্যৌ পাদস্পর্শমাত্রেণাভীষ্টদেশপ্রাপিকে ॥ ১৪ ॥

আত্মজং স্বভবং ॥ ১৫ । ১৬ । ১৭ ॥

লোকে অধুনা অস্পষ্টগুণস্য মে স্তবোয়ং কিমাশ্রয়ঃ স্যাৎ কং গুণং মে দৃষ্ট্বা স্তথ্যে ইত্যর্থঃ। স্তবং বিনা স্থাতুং নশক্যু ম ইতি চেৎ অমে মত্তিরস্য কস্যচিদ্যোগ্য জনস্য এষ ক্রিয়মাণঃ স্তবোযোজ্যতাং নতু মে। নহু কোঽত্র তে দোষস্তং কিং বিভেষীতি তত্র নমে-

---

আর অগ্নি ছাগ ও গো শৃঙ্গে নির্ম্মিত ধনুঃ এবং সূর্য্য রশ্মিময় বাণ ও ভূমি যোগময়ী পাদুকা (পাদস্পর্শ মাত্রে অভীষ্ট দেশ প্রাপ্তি করায়) তাঁহাকে উপহার প্রদান করিলেন। আর আকাশ সর্ব্বদাই পুষ্পাঞ্জলি আনিয়া দিত ॥ ১৪ ॥

বিদুর! তৎপশ্চাৎ খেচরগণ তাঁহাকে নাট্য, গীত, বাদ্য এবং অন্তর্দ্ধান বিদ্যা সমর্পণ করিলেন। আর ঋষিগণ আশিষ্ এবং সমুদ্র সকল স্ব স্ব সলিলোৎপন্ন শঙ্খ ও সিন্ধু, পর্ব্বত, নদী; ইত্যাদি সকল ঐ মহাত্মাকে রথবর্ত্ম প্রদান করিল ॥ ১৫ ॥

অনন্তর সূত, মাগধ এবং বন্দিগণ স্তব করিবার নিমিত্ত আসিয়া উপস্থিত হইল ॥ ১৬ ॥

পরন্তু যখন মহা প্রতাপশালী বেণাঙ্গজ পৃথু জানিতে পারিলেন যে ঐ সকল ব্যক্তি স্তব করিতে আসিয়াছে, তখন তাঁহাদিগকে মেঘগম্ভীর গভীর বচনে কহিতে লাগিলেন ॥ ১৭ ॥

হে সূত! হে মাগধ! হে বন্দিগণ! তোমরা সকলেই ধীর ব্যক্তি, লোক মধ্যে আমার গুণ ব্যক্ত হইলে স্তব করা উচিত হয়, এখন তোমরা কোন্ বিষয় লইয়া স্তব করিবে? অতএব আমা

ক্রিয়াপ্রয়োগে ন[illegible] বোজ্যতাং আমযুদ্ভূবন্ বিতথা গিরো [illegible]

তস্মাৎ পরোক্ষেঽস্মদুপশ্রুতান্যলং করিষ্যথ স্তোত্রমপীচ্যবাচঃ । ৮

সত্যুত্তমঃশ্লোকগুণানুবাদে জুগুপ্সিতং ন স্তবয়ন্তি সভ্যাঃ ॥ ১৯ ॥

মহদ্গুণানাত্মনি কর্ত্তুমীশঃ কঃ স্তাবকৈ স্তাবয়তে সতোপি।

শ্রীধরস্বামী ।

ভিধানাপত্তেরিত্যর্থঃ ॥ ১৮ ॥

তস্মাৎ পরোক্ষে কালান্তরে স্পষ্টেষু গুণেষু সৎসু অস্মাকমুপাশ্রিতানি যশাংসি প্রতিস্তোত্রমলমত্যর্থং করিষ্যথ। হে অপীব্যবাচঃ মধুরগিরঃ। সভ্যৈঃ প্রেরিতা বয়ং যামেব স্তুম ইতি চেত্তত্রাহ উত্তমঃ শ্লোকস্য গুণানুবাদে কার্য্যে সতি জুগুপ্সিতমর্ব্বাচীনং নস্তাবয়ন্তি ॥ ১৯ ॥

নমু সম্ভাবিতৈরেব গুণৈরাত্মানং জনঃ স্তাবয়তীতি চেৎ তত্রাহ। মহতাং গুণানাত্মনি সম্পাদয়িতুং শক্তোপি অসতো গুণান্ সম্ভাবনা মাত্রেণ কঃ স্তাবয়তি। যদ্বা আদাবেব সতোপি কঃ স্তাবয়তে। স্বতএব প্রখ্যাতি সিদ্ধেঃ অন্যস্তু মিথ্যাগুণ স্তুতি শ্লাঘী

ক্রমসন্দর্ভঃ।

তস্মাৎ পরোক্ষে কালে ন ব্যবধানে দেশে ন বা স্পষ্টেষু গুণেষু সৎসু অস্মাকমুপশ্রুতানি যশাংসি প্রতিস্তোত্রং অলমত্যর্থং করিষ্যথ। হে অপীব্যবাচঃ মধুরগিরঃ অপীচ্যেতি চিৎসুখঃ। ঈড্যা পূজ্যা বাচো যেষাং। অথ পরোক্ষেচাপরোক্ষে চৈতদেব যুক্তমিত্যাহ। সতীতি ॥ ১৯ ॥

অন্যস্তু সর্ব্বথা তুচ্ছ ইত্যাহ। মহদিতি ॥ ২০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

দোষঃ কিন্তু যুষ্মাকমেব দোষঃ প্রসক্তে বিভেমীত্যাহ মেতি ময়ি বিষয়ে বোগিরো মাবিতথা ভবন্তু ॥ ১৮ ॥

নমু ভো গুণরত্নাকর ভবতো নিখিলা এবৈতে গুণাঃ স্পষ্টী ভবিষ্যন্ত্যেবেতি জাত্বৈব স্তুম ইতি চেত্তত্রাহ তস্মাদিতি। যদাস্মদ্গুণা ভবিষ্যন্তি তস্মাৎ অস্মদুপশ্রুতানি যশাংসি প্রতি স্তোত্রং অলমত্যর্থং করিষ্যথৈব নতু কুরুথ তদা কে যুষ্মান্নিবেৎস্যন্তীতি ভাবঃ। তদাপি পরোক্ষএব নতু মৎ সাক্ষাৎ। হে অপীব্যবাচঃ মনোজ্ঞ বাক্কৌশলাভিজ্ঞাঃ। নহি স্তবাঃ সংমুখএব ত্রপা হ্রেপয়িতুং যুজ্যন্ত ইতি ভাবঃ। নমু কিং কুর্ম্মঃ সভ্যৈঃ প্রেরিতা বয়মধুনারভ্যৈব যামেব স্তুম ইতি চেন্মূখৈব ক্রথেত্যাহ উত্তমঃশ্লোকস্য গুণানুবাদে সত্যেব সর্ব্বথৈব স্তবনীয়ে সতি জুগুপ্সিতমর্ব্বাচীনং মদ্বিধং জনং নস্তাবয়ন্তি সভ্যানান্যথানুপপত্তেরিতি ভাবঃ ॥ ১৯

নমু সত্যুত্তমঃশ্লোকো ভবানেবেতি তত্রাহ মহতো ভগবতো গুণান্ আত্মনি যস্মিন্ কর্ত্তুং শিরঃশেখরী কর্ত্তুং ঈশঃ সমর্থোপি কোঽভিজ্ঞঃ আত্মানং স্তাবয়তে ন কোপি। সতো বর্ত্তমানানপি কিং পুনরবর্ত্তমানান্। যস্তু অনীশোপি অবর্ত্তমানানপি স্তাবয়ত এবেতি ভাবঃ। সচ হ্রসতি জনাবহাসং নু বেদ। কীদৃশঃ তেঽস্মেতি বদ্যয়ং শস্ত্র শাস্ত্র কলাড্যাস্ত্রিকমূকরিষ্যন্তু[illegible] বীরঃ

ব্যতীত অন্য কাহারও স্তব কর, আমার প্রতি মিথ্যা বাক্য প্রয়োগ করিতে হইবে না ॥ ১৮ ॥

অহে! তোমরা সকলেই মধুর ভাষী এখন স্তব থাকুক, একণে আমার গুণ অব্যক্ত রহিয়াছে, কালান্তরে ব্যক্ত হইলে, সে সময় স্তব করিও; তখন প্রত্যেক স্তোত্রে আমার যশঃ অলঙ্কৃত হইবে। অহে! তোমাদিগকে কে এখানে পাঠাইয়াছে? সভ্যেরা স্তবার্থ নিযুক্ত করিয়াছেন এমত বলিতে পারি না, কারণ উত্তমঃশ্লোক ভগবানের গুণানুবাদ করণীয়, তাহা থাকিতে তাঁহারা কখন তোমাদিগকে অর্ব্বাচীনের স্তব করিতে কহিবেন না ॥ ১৯ ॥

এ বিষয়ে আমার আপনারও চেষ্টা নাই, কারণ আপনাতে মহতের গুণ সম্পাদন করিতে সমর্থ হইয়া কোন্ ব্যক্তি অসৎ গুণের সম্ভাবনা মাত্রে স্তব করাইয়া থাকে, আর যে ব্যক্তি, মিথ্যা গুণ স্তবে আত্ম শ্লাঘা জ্ঞান করে সে মূঢ়, নিতান্ত দুর্বুদ্ধি, শাস্ত্রাভ্যাস করিলে তোমার বিদ্যা হইত এই রূপ

তেহস্মাভবিষ্যন্নিতি বিপ্রলব্ধো জনাবহাসং কুমতি র্ন বেদ ॥ ২০ ॥
প্রভবোহ্যাত্মনঃ স্তোত্রং জুগুপ্সন্ত্যপি বিশ্রুতাঃ। হ্রীমন্তঃ পরমোদারাঃ পৌরুষং বা বিগর্হিতং ॥ ২১ ॥
বয়ং ত্ববিদিতালোকে সূতাদ্যাপি বরীমভিঃ। কর্ম্মভিঃ কথমাত্মানং গাপয়িষ্যাম বালবৎ ॥ ২২ ॥
॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং চতুর্থস্কন্ধে পৃথুচরিতে পঞ্চদশোঽধ্যায়ঃ ॥ * ॥ ১৫ ॥ * ॥

শ্রীমৈত্রেয় উবাচ ॥

শ্রীধরস্বামী।

মন্দ ইত্যাহ ত ইতি। যদ্যয়ং শাস্ত্রাভ্যাসাদিকমকরিষ্যৎ তর্হি তে অস্য বিদ্যাদয়ো গুণা অভবিষ্যন্নিতি ক্রিয়াতিপত্ত্যা বিপ্রলব্ধো জনানামবহাসং ন বেদ ॥ ২০ ॥

কিঞ্চ প্রভবোপি বিশ্রুতা অপি হ্রীমন্তো জুগুপ্সন্তি বেতি দৃষ্টান্তে যথা অতিস্তুতৌ ক্রিয়মাণায়াং বিগর্হিতং ব্রাহ্মণ বধাদি পৌরুষং নিন্দন্তি। তথা উচিতামপি স্তুতিং ন সহন্ত ইত্যর্থঃ ॥ ২১ ॥

বরীমভিরিতি দীর্ঘত্বমার্ষং। ভবিতু প্রধানশ্চায়ং নির্দ্দেশঃ বরিষ্ঠৈঃ কর্ম্মভিরবিদিতা ইত্যর্থঃ ॥ ২২ ॥

॥ * ॥ ইতি চতুর্থে পঞ্চদশঃ ॥ * ॥

ষোড়শে সর্ব্বলোকৈস্তৈঃ সংকৃতং ভার্য্যয়া যুতং। মুনিপ্রযুক্তাঃ সূতাদ্যাঃ স্তুবন্তি স্মেতি বর্ণ্যতে ॥ ০ ॥

ক্রমসন্দর্ভঃ।

অন্যেতু প্রভবস্তারয়িতুং যোগ্যাঃ স্বস্তোত্রং জুগুপ্সন্তি। তথাপি বিশ্রুতাঃ তত্তদ্গুণৈরবিখ্যাতাঃ তে কে তত্রাহ। হ্রীমন্তঃ পরমা মহাত্মশ্চেতি ॥ ২১ ॥ ২২ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে চতুর্থস্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভে পঞ্চদশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

পণ্ডিতো বিদ্বোপান্তবিষ্যাদিতি ক্রিয়াতিপত্ত্যা বিপ্রলব্ধঃ উপহসিতঃ ॥ ২০ ॥

হে স্তাবকাঃ প্রভবো ন জ্ঞেয়াঃ যতঃ প্রভবোহীত্যাদি। বা শব্দ ইবার্থে বিগর্হিতং পৌরুষমিব যথায়ং সতাং ধর্ম্মধ্বংসে পরম সমর্থ ইত্যাদি স্তোত্রং নিন্দন্তি ॥ ২১ ॥

বরীমভিরিতি দীর্ঘত্বমার্ষং বরিমভিঃ শ্রেষ্ঠৈরেবয়মবিদিতা অবিখ্যাতাঃ। অতঃ কথং কর্ম্মভিরাত্মানং গাপয়িষ্যাম ॥ ২২ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। পঞ্চদশশ্চতুর্থস্য সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

মুনিপ্রযুক্তাঃ সূতাদ্যাঃ ষোড়শে তুষ্টুবুঃ পৃথুং। স্তবশ্চ পৃথ্বীদোহাদি ভাবি তদ্বৃত্তিসূচকঃ ॥ ০ ॥

বাক্যেও সে স্তব বোধ করে, অতএব লোকদের উপহাসও বুঝিতে পারে না ॥ ২০ ॥

এই কারণে বিখ্যাত সমর্থ ব্যক্তিরাও আপনাদের স্তবে লজ্জা বোধ করিয়া তাহা নিন্দা করিয়া থাকেন অর্থাৎ যেমন কোন ব্যক্তি অতিস্তুতি করিতে থাকিলে তন্মধ্যে বিগর্হিত ব্রাহ্মণবধাদি পৌরুষ নিন্দনীয় জ্ঞান হয় তাহার ন্যায়, ঐ রূপ যথার্থ স্তুতিও সহ্য হয় না ॥ ২১ ॥

সে যাহা হউক, হে সূতাদিগণ! আমরা কোন প্রধান কর্ম্মের দ্বারা লোকে বিখ্যাত হই নাই, কি প্রকারে বালকের ন্যায় আত্মগুণ কীর্ত্তন করাইব? ॥ ২২ ॥

॥ * ॥ ইতি চতুর্থে পঞ্চদশ ॥ * ॥

ষোড়শাধ্যায়ে মুনিগণের অনুমত্যনুসারে সূতাদি কর্ত্তৃক সভার্য্য পৃথুর স্তব ॥ ০ ॥

ইতি ব্রুবাণং নৃপতিং গায়কা মুনিচোদিতাঃ। তুষ্টুবুস্তুষ্টমনসস্তদ্বাগমৃতসেবয়া॥ ১॥

নালং বয়ং তে মহিমানুবর্ণনে যো দেববর্য্যোঽবততার মায়য়া।

বেণাঙ্গজাতস্যচ পৌরুষাণি তে বাচস্পতীনামপি বভ্রমুর্ধিয়ঃ॥ ২॥

অথাপ্যুদারশ্রবসঃ পৃথোর্হরেঃ কলাবতারস্য কথামৃতাদৃতাঃ।

যথোপদেশং মুনিভিঃ প্রচোদিতাঃ শ্লাঘ্যানি কর্ম্মাণি বয়ং বিতন্মহি।

এষ ধর্ম্মভৃতাং শ্রেষ্ঠো লোকং ধর্ম্মেঽনুবর্ত্তয়ন্। গোপ্তাচ ধর্ম্মসেতূনাং শাস্তা তৎপরিপন্থিনাং॥ ৩॥

শ্রীধরস্বামী।

গায়কাঃ সূতাদয়ঃ॥ ১॥

নালং সমর্থাঃ যোভবান্ অবতারেষপ্যস্তাধিক্যমাহঃ। বেণস্যাঙ্গাজ্জাতস্য তে পৌরুষাণি প্রতি অবিতর্ক্য তয়া ব্রহ্মাদীনামপি ধিয়ো বভ্রমুঃ কুতঃ পুনর্ব্বয়ং তদ্বর্ণনে সমর্থা ভবেম॥ ২॥

তথাপি যথাবৎ বর্ণয়িতুমশক্তা অপি কথামৃতে সাদরাঃ মুনিভিরুপদেশং যোগবলেন হৃদি প্রকাশনং তমনতিক্রম্য বিতন্মহি বিস্তারয়ামঃ॥ ৩॥

ক্রমসন্দর্ভঃ।

বেণাঙ্গজস্যাপীতি চকারেণ লভ্যতে॥ ১। ২॥

স্বয়ং ধর্ম্মভৃতাং শ্রেষ্ঠোলোকং চ ধর্ম্মেঽনুবর্ত্তয়ং স্তৎ পরিপন্থিনাং শাস্তেতি। ধর্ম্মসেতূনাং গোপ্তেত্যর্থঃ॥ ৩॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নালং ন সমর্থাঃ মায়য়া কৃপয়া। যদ্বা। সশক্ত্যা অর্চ্চিষা সহ তে তব পৌরুষাণি প্রতি ব্রহ্মাদীনামপি ধিয়ো বভ্রমুঃ॥ ১। ২॥

যথোপদেশং মুনিভিরস্মদন্তঃকরণং প্রবিশ্য কৃতমুপদেশমনতিক্রম্য॥ ৩॥

মৈত্রেয় কহিলেন পৃথু রাজা এই প্রকার কহিলেও সূতাদি গায়কগণ মুনিদিগের প্রেরণায় তাঁহার স্তব করিতে আরম্ভ করিল। পৃথুর বাক্য রূপ অমৃত সেবনেই তাহাদের চিত্ত পরিতুষ্ট হইতে লাগিল॥ ১॥

তাহারা কহিল মহারাজ! আপনার মহিমা বর্ণনে আমাদের সামর্থ্য নাই, আপনি প্রধান দেব, মায়া দ্বারা এই অবতার গ্রহণ করিয়াছেন। হে রাজন্! আপনি বেণের অঙ্গ হইতে উৎপন্ন হইলেও আপনার পৌরুষ এমন অবিতর্ক্য যে তদ্বিষয়ে ব্রহ্মাদিরও বুদ্ধি ভ্রান্ত হইয়া পড়ে, ইহাতে আমরা বর্ণন করি আমাদের সাধ্য কি?॥ ২॥

মহাত্মা পৃথু উদার কীর্ত্তি এবং ভগবান্ হরির অংশে অবতীর্ণ, ইহাঁর গুণ সমূহ যথাবৎ বর্ণন করিতে যদিও আমাদের সাধ্য নাই, তথাচ ইহাঁর কথা রূপ অমৃতে আমাদের অতিশয় আদর জন্মিয়াছে, অপর এই সকল মুনি আমাদিগকে নিয়োগ করিতেছেন, ইহাঁরা যোগবলে আমাদের হৃদয়ে যে রূপ প্রকাশ করিয়া দিতেছেন আমরা তদ্রূপই এই মহাত্মার প্রশংসনীয় কর্ম্ম সকল বর্ণন করি। ইনি ধর্ম্মজ্ঞ জন দিগের অগ্রগণ্য হইয়া লোক সকলকে ধর্ম্মের অনুবর্ত্তী করিবেন এবং ধর্ম্মের যে যে সেতু আছে তাঁহাদের রক্ষক ও ধর্ম্মদ্রোহি উৎপথগামিদিগের শাস্তা হইবেন॥ ৩॥

এষ বৈ লোকপালানাং বিভর্ত্ত্যেকস্তনৌ তনূঃ। কালে কালে যথাভাগং লোকয়োরুভয়োর্হিতং ॥ ৪ ॥
বসুকাল উপাদত্তে কালেচায়ং বিমুঞ্চতি। সমঃ সর্ব্বেষু ভূতেষু প্রতপন্ সূর্য্যবদ্বিভুঃ ॥ ৫ ॥
তিতিক্ষত্যক্রমং বৈণ্য উপর্য্যাক্রমতামপি। ভূতানাং করুণঃ শশ্বদার্ত্তানাং ক্ষিতিবৃত্তিমান্ ॥ ৬ ॥
দেবে বর্ষত্যসৌ দেবো নরদেববপুর্হরিঃ। কৃচ্ছ্রপ্রাণাঃ প্রজাহ্যেষ রক্ষিষ্যত্যঞ্জসেন্দ্রবৎ ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

তনৌ স্বদেহে লোকপালানাং তনূর্মূর্ত্তীঃ কালে কালে বিভর্ত্তি যথাভাগং পালনপোষণানুরঞ্জনাদি কার্য্যানুসারেণ যজ্ঞাদি প্রবর্ত্তনেন স্বর্গস্য হিতং বৃষ্ট্যাদি প্রবর্ত্তনেন ভূর্লোকস্যচ হিতং যথা ভবতি তথা ॥ ৪ ॥

সূর্য্যাদি তনূধারণমেবাহ অষ্টভিঃ। বসু ধনং করাদান কালে আদত্তে দুর্ভিক্ষাদি কালে বিমুঞ্চতিচ। অষ্টৌ মাসান্ সূর্য্যোযথা বসু জলমাদত্তে বিমুঞ্চতি বর্ষাসু তদ্বৎ ॥ ৫ ॥

মস্তকে পাদেনাক্রামতামপি আর্ত্তানাং ভূতানাং অতিক্রমং সহিষ্যতে। ক্ষিতের্বৃত্তিঃ সর্ব্বসহ নং সা বৃত্তি র্যস্যাস্তি স তথা ॥ ৬ ॥

দেবেঽবর্ষত্যেব কৃচ্ছ্রং গতাঃ প্রাণা যাসাং তাঃ প্রজাঃ স্বয়ং বৃষ্টিং কৃত্বা রক্ষিষ্যতি। তত্র হেতুঃ অসৌনরদেববপুর্হরিরিতি ॥ ৭ ॥

ক্রমসন্দর্ভঃ।

তনূঃ শক্তীঃ ॥ ৪। ৫। ৬। ৭। ৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

এক এবৈষ তনৌ স্বমূর্ত্তাবেব লোকপালানাং তনূর্মূর্ত্তী র্বিভর্ত্তি কালে কালে প্রতিসময়ং লোকয়োরিতি যজ্ঞাদি প্রবর্ত্তনেন স্বর্গস্য বৃষ্ট্যাদিনা ভূর্লোকস্যচ হিতং ভাগং ভগসম্বন্ধি যথা স্যাত্তথা। ভগং শ্রী কাম মাহাত্ম্য বীর্য্য যত্না র্ক কীর্ত্তিষিত্যমরঃ ॥ ৪ ॥

সূর্য্যাদি তনু ধারণমাহাষ্টভিঃ। বসু ধনং করাদানকালে আদত্তে দুর্ভিক্ষাদি কালে বিমুঞ্চতিচ। অষ্টৌ মাসান্ সূর্য্যো যথা বসু জলমাদত্তে বিমুঞ্চতিচ বর্ষাসু তদ্বৎ ॥ ৫ ॥

অক্রমমনতিক্রমং তিতিক্ষতি সহতে। ক্ষিতিবৃত্তিমান্ পৃথ্বী স্বভাবযুক্তঃ ॥ ৬ ॥

রক্ষিষ্যতি স্বয়মেব বৃষ্টিং দত্ত্বা পালয়িষ্যতি ॥ ৭ ॥

অপর ইনি এক হইয়াও কালে কালে পালন ও অনুরঞ্জনাদি কার্য্যানুসারে আপনার দেহে লোক-পাল সকলের মূর্ত্তি এ প্রকারে ধারণ করিবেন যে তাহাতে প্রজাদের পক্ষে উভয় লোক অর্থাৎ যজ্ঞাদি প্রবর্ত্তন দ্বারা স্বর্গে এবং বৃষ্ট্যাদি প্রবর্ত্তন দ্বারা পৃথিবী মধ্যে হিত সম্পাদন হইবে ॥ ৪ ॥

আমরা এই মহাত্মার গুণ কত বর্ণন করিব, ইনি সকল প্রাণির প্রতি সমান হইয়া দিবাকর তুল্য সর্ব্বত্র সমান প্রতাপ বিস্তার করিবেন এবং সূর্য্য যেমন আটমাস পৃথিবীর রস আকর্ষণ করিয়া পুনরায় বর্ষাকালে তৎসমুদায় বর্ষণ করিয়া থাকেন তাহার ন্যায়, ইনিও করাদান সময়ে প্রজাপুঞ্জ হইতে ধন গ্রহণ করিয়া দুর্ভিক্ষাদি কালে পুনর্ব্বার মুক্তহস্তে বিতরণ করিবেন ॥ ৫ ॥

অপিচ ইনি আর্ত্ত প্রাণিদিগের প্রতি সর্ব্বদাই করুণান্বিত হইবেন, আপনার মস্তকোপরি আর্ত্ত ব্যক্তিরা চরণ দ্বারা আক্রমণ করিলেও তাহাদের আক্রমণ সহ্য করিবেন, অতএব পৃথিবী তুল্য ইহাঁর সহিষ্ণুতা হইবে ॥ ৬ ॥

ইনি নরদেব দেহধারী স্বয়ং হরি। অতএব দেবতা বর্ষণ না করিলে যদি প্রজাজন কষ্টে পড়ে ইনি স্বয়ং ইন্দ্রতুল্য বৃষ্টি করিয়া প্রজাদিগের রক্ষা করিবেন ॥ ৭ ॥

অপ্যায়য়ত্যসৌ লোকং বদনামৃতমূর্ত্তিনা। সানুরাগাবলোকেন বিশদস্মিতচারুণা ॥ ৮ ॥
অব্যক্তবর্ত্মৈষ নিগূঢ়কার্য্যো গম্ভীরবেধা উপগুপ্তবিত্তঃ।
অনন্তমাহাত্ম্য গুণৈকধামা পৃথুঃ প্রচেতা ইব সংবৃতাত্মা ॥ ৯ ॥
দুরাসদো দুর্ব্বিষহ আসন্নোপি বিদূরবৎ। নৈবাভিভবিতুং শক্যো বেণারণ্যুত্থিতোঽনলঃ ॥ ১০ ॥

শ্রীধরস্বামী।

বদনমেবামৃতমূর্ত্তিশ্চন্দ্র স্তেন সানুরাগো হ্যবলোকো যস্মিন্ তেন বিশদং যৎ স্মিতং তেন চারুণা। অত্রচ কচিদ্বর্ত্তমান নির্দ্দেশো বর্ত্তমান সামীপ্যে বর্ত্তমানবদ্বেতি ভূতনির্দ্দেশশ্চাশংসায়াং ভূতবচ্চেতি দ্রষ্টব্যঃ ॥ ৮ ॥

নব্যক্তং বর্ত্ম প্রবেশ নির্গময়ো র্মার্গো যস্য নিগূঢ়ং নিষ্পত্তেঃ পূর্ব্বমবিজ্ঞাতং কার্য্যং তস্য তচ্চ কার্য্যং গম্ভীরং কিমর্থমেতৎ কৃতমিতি অন্যৈরজ্ঞাতাভিপ্রায়ং বিধত্তে ইতি তথা উপগুপ্তং সুরক্ষিতং বিত্তং যস্য অনন্ত মাহাত্ম্যশ্চাসৌ গুণানামেকং ধাম বিষ্ণু র্যস্মিন্ সঃ। অনন্তমাহাত্ম্যোপেতা গুণা এব ধাম স্থানং যস্যেতি বা। সংবৃতাত্মা সংযতমূর্ত্তিঃ সমুদ্রচরত্বেন বরুণস্থাপ্যেতে গুণা দ্রষ্টব্যাঃ ॥ ৯ ॥

দুরাসদঃ শত্রো র্মনসাপি প্রাপ্তুমশক্যঃ। দুর্ব্বিষহঃ শত্রুভিঃ সোঢ়ুমশক্যঃ। বিদূরবৎ পৌরুষেণাপ্যভিভবিতুমশক্যঃ। বেণএবারণি স্তস্মাদুত্থিতঃ ॥ ১০ ॥

ক্রমসন্দর্ভঃ।

সংভৃতাত্মেতি চিৎসুখঃ পরিপূর্ণ রূপ ইত্যর্থঃ ॥ ৯। ১০। ১১। ১২। ১৩। ১৪। ১৫। ১৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বদনমেবামৃত মূর্ত্তিশ্চন্দ্র স্তেনেতি চন্দ্রবৎসুধারণমুক্তং ॥ ৮ ॥

নব্যক্তং বর্ত্ম অন্তঃ প্রবেশ নির্গময়োর্মার্গো যস্য সঃ। নিগূঢ়ং নিষ্পত্তেঃ পূর্ব্বমবিজ্ঞাতং কার্য্যং যস্য সঃ। তচ্চ কার্য্যং গম্ভীরমন্যৈরজ্ঞাতাভিপ্রায়ং যথাস্যাত্তথা বিধত্তে ইতি বেধাঃ। উপ আধিক্যেন গুপ্তং বিত্তং ধনং জ্ঞানঞ্চ যস্য সঃ। অনন্তস্য বিষ্ণোরিব মাহাত্ম্যং গুণাশ্চ একং মুখ্যং ধাম প্রভাবশ্চ যস্য সঃ। সংবৃতাত্মা অন্যালক্ষিত স্বভাবঃ প্রচেতা বরুণ ইবেতি সমুদ্র চরত্বেন বরুণস্যাপ্যেতে গুণা দ্রষ্টব্যাঃ ॥ ৯ ॥

দুরাসদঃ দুষ্টতমৈঃ শত্রুবর্গৈরনিকটঃ দুর্ব্বিষহঃ শত্রুশার্দ্দূলৈঃ সোঢ়ুমশক্যঃ। বেণ এবারণি স্তস্মথনাদুত্থিতঃ ॥ ১০ ॥

আহা! ইহাঁর এই বদন সুধাকর কি চমৎকার! ইহাতে কেমন সুন্দর অনুরাগ যুক্ত অবলোকন বিরাজ করিতেছে এবং বিশদ হাস্যে ইহা কেমন মনোহর হইয়া রহিয়াছে। ইনি বদন সুধাংশু দ্বারা ভুবনমণ্ডল আপ্যায়িত করিতেছেন ॥ ৮ ॥

অপর ইনি বরুণের তুল্য হইবেন, যে হেতু ইহাঁরও বরুণের ন্যায় অন্তর প্রবেশ এবং তাহা হইতে নির্গম এই দুই মার্গ অব্যক্ত থাকিবে, আর নিষ্পত্তির পূর্ব্বে ইহাঁরও কার্য্য কেহ জানিতে পারিবে না, ইনি সমস্ত কার্য্য অতি গম্ভীর ভাবে অর্থাৎ কি নিমিত্ত কৃত হইতেছে কেহ না জানিতে পারে এ প্রকারে বিধান করিবেন। ইহাঁরও বিত্ত অতি সুরক্ষিত হইবে। অপর অনন্ত মাহাত্ম্য সম্পন্ন এবং গুণ সকলের এক আলয় যে ভগবান্ বিষ্ণু, তিনি ইহাঁতে অধিষ্ঠিত থাকিবেন। আর ইহাঁর শরীর সতত‌ই সংযত হইবে। জলাধিপ বরুণেরও এই সকল গুণ, অতএব ইনি তাঁহার সমান হইবেন ॥ ৯ ॥

নমু মৎকথাস্বাদাদপি বিরগা যোগীন্দ্র স্পৃহণীয়ং কৈবল্যমেব গৃহাণেতি তত্রাহ যশ ইতি হে সুশ্রবঃ মঙ্গলকীর্ত্তে। তব যশঃ যদৃচ্ছয়া অযত্নতোঽকস্মাৎ প্রাপ্তমপি সকৃদপি যঃ শৃণোতি গুণজ্ঞশ্চেৎ স কথং তস্মাৎ বিরমেৎ পশুং বিনেতি যোবিরমেৎ স মনুষ্যোঽপি পশুঃ যো ন বিরমেৎ স পশুরপি মনুষ্য ইতি ধ্বনিঃ। তচ্চাপি চিত্তবড়িশং শনকৈর্বিযুঙ্‌ক্তে ইত্যাদ্যুক্ত লক্ষণ লক্ষিতাৎ মুমুক্ষুনঃ পীযূষাব্ধিরসতে যোগিনে ত্রৈবর্গিকাস্তে পুরুষা বিমুখা হরিমেধসঃ। কথায়ামিত্যাদ্যুক্ত স্বভাবায় কর্ম্মিণেচ পশবে পিণ্যাকতুষ ঘাস্তাদিকমিব কৈবল্যাদিকং দেহি নতু মহ্যং মনুষ্যায়েত্যনুধ্বনিঃ। নমু মদ্যশঃ স্বাদাদপি কৈবল্যাদিকমধিকং ভবেদিত্যত্র যোগী কর্ম্মী চ প্রমাণং কৈবল্যাদিভ্যোপি মদ্যশঃ স্বাদোঽধিক ইতি ভবন্মতে কঃ প্রমাণমিতি তত্রাহ শ্রীর্মহালক্ষ্মী ব্রহ্মাদি সর্ব্ব জগদ্ পূজ্যা সর্ব্বগুণমণ্ডিতাপি ত্বদ্যশো বব্রে গুণানাং ত্বদীয় রূপ রস গন্ধ শব্দ স্পর্শ লীলা লাবণ্য কারুণ্যানাং সম্যক্ গ্রহণমাস্বাদনসামর্থ্যং তদিচ্ছয়েতি সৈবাত্র প্রমাণং তদুপলক্ষিতা অন্যেপ্যাস্বাদিতচর কৈবল্য সুখমপি মধুকরিস্কবো যশসোষ রমমাণাঃ শুকাদয়োঽপি প্রমাণং। যাসবুদ্ধোবেক্ষুপল্লবামি চয়নপ্যস্ত ত্বদীয় কাণ্ডেক্ষুচির্ব্বাসমেবাস্বাদয়ন্ বৃষ ইব যোগী সহকারপল্লবানি ত্যক্ত্বা কণ্টকমেব স্বাদয়ন্ উষ্ট্র ইব কর্ম্মী কিং প্রমাণং ভবেদিতি ভাবঃ। ভক্তাবেব মোক্ষাদি সর্ব্বসুখান্তর্ভাবাৎ গুণানাং সর্ব্ব পুরুষার্থানাং সংগ্রহঃ। যস্মিন্ সমাহার স্তদিচ্ছয়েতি স্বামিচরণাঃ ॥ ২৩ ॥

অতঃ কেবলং ভজনমেব বৃণে নতু বরানিত্যাহ। অথ আসম্যক্ নিষ্কাম এব কেবলামেব ভক্তিং কুর্ব্বে। নতু জ্ঞান কর্ম্মাদি সিদ্ধ্যর্থং জ্ঞানী কর্ম্মী ব গুণী ভূত্বামিত্যর্থঃ। তত্রাপি ন নারদাদিরিব কিন্তু পদ্মকরা লক্ষ্মীরিব মার্জ্জনলেপনপাদসম্বাহন ব্যজন

প্রভো! আমি ফলরূপ মুক্তি পরিত্যাগ করিয়া কেবল যে সাধনাঙ্গ ভক্তি প্রার্থনা করিতেছি ইহাতে অন্যথা আশঙ্কা করিবেন না, হে মঙ্গল কীর্ত্তে! আপনার যশঃ পরম মঙ্গল স্বরূপ, সাধু সঙ্গ দ্বারা যে ব্যক্তির যদৃচ্ছাক্রমে তাহা একবার শ্রবণ গোচর হয় সে গুণজ্ঞ হইলে কি আর তাহা হইতে বিরত হইতে পারে? ফলতঃ পশু ব্যতিরেকে অন্য কাহারও তাহা হইতে নিবৃত্ত হইতে ইচ্ছা হয় না, যে হেতু স্বয়ং কমলা সমস্ত পুরুষার্থ একত্র সংগ্রহ করিবার বাসনায় ঐ যশঃ প্রার্থনা করিয়াছিলেন ॥ ২৩ ॥

অতএব আমি লক্ষ্মীর ন্যায় উৎসুক হইয়া অন্য বর পরিত্যাগ পূর্ব্বক কেবল আপনারই ভজন করিব। প্রভো! আপনি সামান্য পুরুষ নহেন, অখিল পুরুষের মধ্যে আপনি উত্তম এবং সকল গুণের

অপ্যাবয়োরেকপতিস্পৃধোঃ কলির্ন স্যাৎ কৃতত্বচ্চরণৈকতানয়োঃ ॥ ২৪ ॥
জগজ্জনন্যাং জগদীশ বৈশসং স্যাদেব যৎ কর্ম্মণি নঃ সমীহিতং।
করোষি ফল্গ্বপ্যুরু দীনবৎসলঃ স্ব এব ধিষ্ণ্যেঽভিরতস্য কিং তয়া ॥ ২৫ ॥

শ্রীধরস্বামী।

বিতর্কঃ। নহু পর্য্যায়েণ সেবায়াং ন স্যাৎ। নৈবং কৃত ত্বচ্চরণয়ো রেবৈক তানঃ মনো বিস্তারো যাভ্যাং তয়োঃ ॥ ২৪ ॥

ভবতু বা কলি স্তথাপি ভজেয়মেবেত্যাহ। জগজ্জনন্যাং বৈশসং বিরোধঃ স্যাদেব তত্র হেতুঃ যস্যাঃ কর্ম্মণি নঃ সমীহিতং ঈহা ভবতি তথাপি ইন্দ্রবিরোধে মৎ পক্ষপাত বদত্রাপি স্যাদিত্যাহ। ফল্গু তুচ্ছমপি উরু বহুকরোষি যতোদীনেষু বৎসলঃ স্বে রূপ এবাভিরতস্য তয়া কিং প্রয়োজনং তাং নাদ্রিয়স ইত্যর্থঃ ॥ ২৫ ॥

ক্রমসন্দর্ভঃ।

বচন বিনোদমাত্রং নতু লক্ষ্মীস্পর্দ্ধাবহং করোষীত্যনেন স্বস্মিংস্তচ্ছত্বমননাৎ অথবা। অথা ভজ ইতি কলহাভাব এব যোজ্যং তত্র হেতুঃ ত্বচ্চরণেতি। জগজ্জনন্যামিতিতু কলহে ॥ ২৪ ॥

অতএবেতি। দীনবাৎসল্যমেব মুখ্যমুদ্দীপনমিত্যর্থঃ। সাধবঃ প্রোজ্‌ঝিতকৈতবাঃ তদেবাবধারয়তি। ভবদিতি। ঋতে ইত্যু-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তাম্বুলার্পণাদিভিরভীক্ষ্ণমেবেত্যর্থঃ। যতো লালসঃ লালসাবান্ সমহান্ লালসাভয়োরিত্যভিধানাদত্যধিকং স্পৃহ ইত্যর্থঃ। নচাত্র পৃথোরুজ্জ্বল ভাব আশঙ্কনীয়ঃ। উত্তরশ্লোকে জগজ্জনন্যামিত্যুক্তেঃ জগতি চ স্বস্যান্তঃ পাতাল্লক্ষ্ম্যাং জননী ভাবেন স্বস্য দাস্যভাব ব্যক্তেঃ। অতঃ পদ্মকরেবেত্যুপমেয়ং পরিচরণাংশেনৈব ভগবচ্চরণ পরিচর্য্যায়াং তস্যা এবাতিপ্রসিদ্ধেঃ। লক্ষ্ম্যাং পরম ভক্তি মত্ত্বোপি স্বস্য বীর ভক্তত্বং বা চৈব দ্যোতয়ন্নাহ অপীতি কর্ম্মণি ক্রিয়মাণে যথেষ্টেন সহ কলিঃ। এবং ভক্তাবপি লক্ষ্ম্যা সহ কলিঃ স্যাদিতি বিতর্কয়তি। একস্মিন্ পত্যৌ স্পর্দ্ধমানয়োরপি কিং কলি র্ন স্যাদিতি কাকা বিতর্কঃ। নহু পর্য্যায়েণ সেবায়াং ন স্যাৎ নৈবং। কৃতত্বচ্চরণয়োরেক তানোঽবিরামো মনোবিস্তারোযাভ্যাং তয়োঃ ॥ ২৪ ॥

কৃপাং তস্য সমাশ্রিত্য প্রৌঢ়াং নান্যমপেক্ষতে। অতুলাং যো বহন্ কৃষ্ণে প্রীতিং বীরঃ স উচ্যতে ইতি বীরভক্তোচিতং স্বস্বভাবং প্রকটয়ন্নাহ জগজ্জনন্যাং জগন্মধ্যবর্ত্তিত্বেন মমাপি জনন্যাং লক্ষ্ম্যাং বৈশসং বিরোধঃ স্যাদেব কুতঃ যস্যাঃ কর্ম্মণি নঃ সমীহিতমিচ্ছা সা খলু যুষ্মদ্বক্ষস্যাসীনা বিরাজতু। অহং পুত্র এব সর্ব্বং যুষ্মচ্চরণ পরিচরণং করবাণি তস্যাঃ কোপমাগ্রহো যৎ পরিচরণং বিনা নজীবতীতি ভাবঃ। নহু ত্বমর্ব্বাচীনঃ সাতি প্রাচীনা ত্বং নিকৃষ্টঃ সাতি মহতীতি তয়া সহ কিং বিরুদ্ধ্যসে সত্যং তথাপীন্দ্রবিরোধে মৎপক্ষপাত বদত্রাপি ময়ি তব পক্ষপাত এব স্যাদিত্যাহ। ফল্গু তুচ্ছমপি ত্বমুরুকরোষি যতো দীনেষু বৎসলঃ। নহু ত্বং তস্যাঃ কোপান্নবিভেষি কিং তত্র সত্যং নবিভেমীত্যাহ স্বএবধিষ্ণ্যে স্বসামর্থ্যেঽভিরতস্য মম তয়া কিং ন কিমপীত্যর্থঃ তৎ কৃপোদ্রেকএব মম সামর্থ্যং। যদুক্তং বীরভক্তোদাহরণেষু। প্রলম্বরিপুরীশ্বরো ভবতু কা কৃতিস্তেন মে কুমার মকরধ্বজাদপি ন কিঞ্চিদাস্তে ফলং। কিমন্যদহমুদ্ধতঃ প্রভু কৃপাকটাক্ষ শ্রিয়া প্রিয়া পরিবদগ্রিমাং নগণয়ামি তাসামপীতি। ধিষ্ণ্যঃ শক্তৌ চ পাবদ ইতি পুংস্কাণ্ডেঽমরদত্তঃ ॥ ২৫ ॥

আলয়, কিন্তু লক্ষ্মীর অন্তঃকরণ আপনার চরণদ্বয়ে একতান, আমিও তাহাতেই আত্ম মনঃ বিস্তার করিতেছি, ইহাতে এক পতির নিমিত্ত দুই জনে অভিলাষী হওয়াতে আমাদের ত পরস্পর কলহ হইবে না? ॥ ২৪ ॥

হে জগদীশ! জগজ্জননী লক্ষ্মীর কর্ম্মের নিমিত্ত আমার যত্ন হইতেছে ইহাতে তাহার সহিত যদি আমার বিরোধ হয় হউক, তাহাতে ক্ষতি নাই, আপনি দীন বৎসল, দীনের প্রতি দয়া করিয়া তুচ্ছ কার্য্যও বহু করিয়া থাকেন। সুতরাং আমার কার্য্য অবশ্যই গণ্য করিবেন। প্রভো! আপনি স্বরূপেই সদা অবস্থিত আছেন লক্ষ্মীতে আপনার বিশেষ প্রয়োজনই বা কি? অর্থাৎ তাঁহাকে আদর করার আবশ্যক নাই ॥ ২৫ ॥

ভজন্ত্যথ ত্বামত এব সাধবো ব্যুদস্তমায়াগুণবিভ্রমোদয়ং।
ভবৎপদানুস্মরণাদৃতে সতাং নিমিত্তমন্যন্তুগবন্ন বিদ্মহে॥ ২৬॥
মন্যে গিরন্তে জগতাং বিমোহিনীং বরং বৃণীষ্বেতি ভজন্তমাত্থ যৎ।
বাচানুতন্ত্র্যা যদি তে জনোঽসিতঃ কথং পুনঃ কর্ম্ম করোতি মোহিতঃ॥ ২৭॥
ত্বন্মায়য়াদ্ধা জন ঈশ খণ্ডিতো যদন্যদাশাস্ত ঋতাত্মনোঽবুধঃ।
যথাচরেদ্বালহিতং পিতা স্বয়ং তথা ত্বমেবার্হসি নঃ সমীহিতুং।

শ্রীধরস্বামী।

যতস্ত্বং দীনবৎসলঃ অতএব সাধবো নিষ্কামা অথ জ্ঞানানন্তরমপি ত্বাং ভজন্তি। কথম্ভূতং মায়া গুণানাং বিভ্রমো বিলাসঃ তস্যোদয়ঃ কার্য্যং স নিরস্তো যস্মিন্ তং। তে কিমর্থং ভজন্তি তত্রাহ। ভবৎ পদানুস্মরণাদ্বিনান্যত্তেষাং নিমিত্তং ফলং ন বিদ্মঃ॥২৬

বরৈঃ প্রলোভনঞ্চ কৃপালো স্তবানুচিতমিত্যাশয়েনাহ মন্য ইতি। নু অহো তে বাচা তন্ত্র্যা যদি জনোঽয়ং অসিতোঽবদ্ধঃ স্যাত্তর্হি পুনঃ পুনঃ ফলৈর্বিমোহিতঃ সন্ কথং কর্ম্ম করোতি॥ ২৭॥

ত্বন্মায়য়া খণ্ডিতস্য ত্বয়া পুনঃ খণ্ডনং নকর্ত্তব্যং কিন্তু হিতং চেষ্টিতব্যমিত্যাহ ত্বন্মায়য়া ঋতাদাত্মন স্বত্তঃ খণ্ডিতঃ পৃথক্ কৃতঃ যদ্যতোঽন্যৎ পুত্রাদিকমাশাস্তে অতঃ স্বয়মবিজ্ঞাপিত এব হিতং চেষ্টিতুমর্হসি॥ ২৮॥

ক্রমসন্দর্ভঃ।

কৃপাপ্যন্তদিত্যুক্তিরবধারণার্থা॥ ২৫। ২৬। ২৭॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তদেবং ন কেবলমহমেব কিন্তু সর্ব্বএব ত্বদ্ভক্তা বরং বৃণ্বন্তীত্যাহ ভজন্ত্যথেতি যত ত্বং দীনবৎসলঃ অতএব ভজন্তি ব্যুদস্তো নিরস্তো ভবতি মায়াগুণানাং বিভ্রমোদয়োবিবিধ বরস্পৃহা যতস্তং ত্বদ্ভজনস্যৈবায়ং স্বভাবোযদ্বর স্পৃহা নিবর্ত্তত ইতি। নন্বু তর্হি ভজনস্য কিং ফলং তত্রাহ। ভবদিতি। নিমিত্তং ফলং অনুস্মরণস্যৈব সর্ব্বসুখ চূড়ামণে স্তদিতর সুখতিরস্কারকত্বাদিতি ভাবঃ॥ ২৬॥

নন্বু তর্হ্যহং স্বভক্তং প্রতি বরং বৃণীষ্বেতি কথং ব্রবীমি তত্রাহ মন্য ইতি যদি কশ্চিদপক্কো ভক্ত ত্বৎ প্রলোভনাৎ কমপি বরং বৃণুতে তদৈব তস্য ভক্তি রসবঞ্চনাৎ সর্ব্বনাশ ইতি ভাবঃ। স্বকর্ম্মণা পিতৃলোক ইতি স্বর্গকামোঽশ্বমেধেন যজেতেত্যাদি বেদলক্ষণাপি তব বাগ্ জগন্মোহিনীত্যাহ নু অহো তে বাচা তন্ত্র্যা যদি জনোঽয়মসিতোঽবদ্ধঃ স্যাত্তদা পুনঃ পুনঃ ফলৈর্মোহিতঃ সন্ কথং কর্ম্ম করোতি॥ ২৭॥

তস্মাত্ত্বং বৃণীষ্বেতি প্রলোভনেন স্বভক্তপরীক্ষামপি ন কুর্য্যা ইত্যাহ ত্বদিতি। জনঃ সর্ব্বএব যদস্মাৎ ঋতাত্মনঃ সত্য স্বরূপাৎ

হে ভগবন্! আপনি দীন বৎসল, মায়া গুণের যে সকল কার্য্য তাহা আপনাতে নাই অতএব নিষ্কাম সাধু পুরুষেরা জ্ঞানোদয়ের পরেও আপনার ভজন করেন কিন্তু তাঁহাদের ঐ প্রকার ভজনের প্রয়োজন, আপনার চরণ পঙ্কজের স্মরণ মাত্র, তদ্ব্যতীত অন্য কোন ফল দেখিতে পাই না॥ ২৬॥

অতএব বর দ্বারা লোভ দেখান কৃপালু পুরুষের কি উচিত হয়? প্রভো আপনি "বর প্রার্থনা কর" এই যে একটী কথা বলিয়াছেন, বোধ হইতেছে তাহা জগতের মোহকারিণী, কারণ, আপনার বাক্য রূপ রজ্জুতে জগতীস্থ জনগণ বদ্ধ না হইলে কি ফল দ্বারা বিমোহিত হইয়া পুনঃ পুনঃ কর্ম্ম করিত॥ ২৭

হে ঈশ! আপনি সত্য স্বরূপ, আপনার মায়া দ্বারা খণ্ডিত অর্থাৎ পৃথক্ কৃত হইয়া এই সমস্ত জন পুত্রাদি প্রার্থনা করিয়া থাকে কিন্তু আপনার উচিত হয় যে, পিতা যেমন আপনা হইতে বালকের হিত চেষ্টা করেন তাহার ন্যায়, আপনি বিজ্ঞাপিত না হইয়াও স্বয়ং ইহাদের হিত চেষ্টা দেখেন।

শ্রীমৈত্রেয় উবাচ।

ইত্যাদিরাজেন নুতঃ স বিশ্বদৃক্ তমাহ রাজন্ ময়ি ভক্তিরস্তু তে।
দিষ্ট্যেদৃশীধীর্ময়ি তে কৃতা যয়া মায়াং মদীয়াং তরতি স্ম দুস্তরাং।
তত্ত্বং কুরু ময়া দিষ্টমপ্রমত্তঃ প্রজাপতে। মদাদেশকরো লোকঃ সর্ব্বত্রাপ্নোতি শোভনং॥
ইতি বৈণ্যস্য রাজর্ষেঃ প্রতিনন্দ্যার্থবদ্বচঃ। পূজিতোঽনুগৃহীত্বৈনং গন্তুং চক্রেঽচ্যুতো মতিং॥
দেবর্ষি পিতৃ গন্ধর্ব্ব সিদ্ধচারণ পন্নগাঃ। কিন্নরাপ্সরসো মর্ত্ত্যাঃ খগা ভূতান্যনেকশঃ॥ ২৮॥
যজ্ঞেশ্বর ধিয়া রাজ্ঞা বাক্ চিত্তাঞ্জলিভক্তিতঃ। সভাজিতা যযুঃ সর্ব্বে বৈকুণ্ঠানুগতাস্ততঃ।
ভগবানপি রাজর্ষেঃ সোপাধ্যায়স্য চাচ্যুতঃ। হরন্নিব মনো ঽমুষ্য স্বধাম প্রত্যগাৎ প্রভুঃ॥ ২৯॥

শ্রীধরস্বামী।

বাক্চিত্তাঞ্জলিভির্ভক্তিতঃ পূজিতাঃ সন্তঃ বৈকুণ্ঠানুগতাঃ পার্ষদাশ্চ॥ ২৯॥

ক্রমসন্দর্ভঃ।

মৈত্রেয় উবাচ ইতি কচিন্নাস্তি চ যথা পৃথোঃ শ্রীমদ্ভগবদ্ভক্ত্যেক নিষ্ঠাং তথৈব তেনান্যথানুপদেশে বিশ্বাসশ্চ। তথা শ্রীভগবতোপি তদেকদিৎসয়ৈব তথাপ্যন্যত্র প্রবর্ত্তনস্তু তন্নিষ্ঠা প্রকটনার্থাধিকারি বিশেষে তদ্দ্বারৈব জ্ঞানাদি প্রচারণার্থঞ্চেতি স্ফুটমেব দর্শয়তি।

ইত্যাদীতি অন্যথা জ্ঞানমস্তু তে ইত্যেবোচ্যতেতি ভাবঃ তরতি স্ম দুস্তরামিতি কচিৎ পাঠঃ॥

দেবর্ষীতি যুগ্মকং॥ ২৮॥

বৈকুণ্ঠস্যানুগতাঃ সেবায়মানাঃ পার্ষদাস্তু তেনৈব সহ গমিষ্যন্তীতি যোগ্যত্বাৎ॥ ২৯॥ ৩০॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ভজনাৎ বস্তুনঃ সকাশাদন্যদেবাশাস্তে নোঽস্মাকন্তু ত্বন্মতে যদ্ভদ্রং ভবতি তদেব সমীহিতুং চেষ্টিতুং অর্হসি। যথেতি বালস্য হিতাহিতং পিতৈব জানাতি বালস্তু ধ্যায়নখেলনাদিকং স্বহিতাহিতং বিপর্য্যয়েণ জানাতীত্যেবং মহ্যং বরস্য প্রদানং বা হিতং বিমৃশ্য স্বসম্মতমেব ভদ্রং ক্রিয়তাং ন পুনর্ম্মম সম্মতিরেব প্রমাণীকর্ত্তব্যেতি ভগবত্যেব পৃথুনা বিস্রম্ভো ব্যঞ্জিতঃ॥ ২৮॥

ভগবানপি তথৈবাহ ময়ি ভক্তিরিত্যতো জীবানাং সর্ব্বথা কিং হিতমিতি প্রশ্নে সর্ব্বজ্ঞৈরপি বেদবাদিভিঃ প্রত্যুক্তং জ্ঞান যোগাদিকং ন বিশ্বসনীয়ং। ভগবন্তমপেক্ষ্য তেষামপ্যজ্ঞত্বাদিতি ভক্তেরেবহিতত্বং নান্যস্যেতি সিদ্ধান্তো নির্দ্ধারিতঃ॥ ২৯॥ ৩০॥

মৈত্রেয় কহিলেন বিদুর! আদিরাজ পৃথু এই প্রকারে স্তব করিলে সর্ব্বান্তর্যামী ভগবান্ প্রসন্ন হইয়া বলিলেন রাজন্! তুমি ভক্ত্যর্থ অত্যন্ত অভিলাষ করিতেছে, ভাল, আমাতে তোমার ভক্তি হইবে। মহারাজ! তোমার প্রবল অদৃষ্ট, তাহাতেই এই প্রকার বুদ্ধি উদিত হইয়াছে, ঈদৃশী বুদ্ধি দ্বারাই পণ্ডিতেরা সুদুস্তর মদীয় মায়া উত্তীর্ণ হইয়া থাকেন। আমি যাহা আদেশ করিলাম এক্ষণে অবহিত হইয়া পালন কর। হে প্রজানাথ! যে ব্যক্তি আমার আদেশানুরূপ কার্য্য করে তাহার সর্ব্বত্রই মঙ্গল লাভ হয়। বৎস বিদুর! ভগবান্ এই প্রকারে বেণনন্দন পৃথুর বচনে আনন্দ প্রকাশ করিলে পৃথু তাঁহার যথা যোগ্য পূজা করিলেন। অনন্তর ভগবানের মানস হইল পৃথুর প্রতি অনুগ্রহ বিস্তার করিয়া স্বস্থানে প্রস্থান করেন, অতএব দেব ঋষি পিতৃ গন্ধর্ব্ব সিদ্ধ চারণ পন্নগ কিন্নর অপ্সরা মর্ত্ত্য খেচর এবং অন্যান্য যে সকল প্রাণী॥ ২৮॥

ও ভগবানের যে সমস্ত অনুচর ও পার্ষদ যজ্ঞে আগমন করিয়াছিলেন, মহারাজ পৃথু সম্ভাষণাদি দ্বারা তাঁহাদের সকলের যথা যোগ্য অর্চনা করিলেন। বিদুর! ভগবান্ যখন স্বধামে যাত্রা করিলেন তখন তদীয় মনো ভাবন বচন দ্বারা পৃথুর ও উপাধ্যায় গণের মনঃ হৃত হইতে লাগিল॥ ২৯॥

অদৃষ্টায় নমস্কৃত্য নৃপঃ সন্দর্শিতাত্মনে। বাসুদেবায় দেবানাং দেবায় স্বপুরং যযৌ ॥ ৩০ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং চতুর্থস্কন্ধে পৃথুচরিতে পৃথুস্তবো বিংশোঽধ্যায়ঃ ॥ * ॥ ২০ ॥ * ॥

শ্রীমৈত্রেয় উবাচ ॥

মৌক্তিকৈঃ কুসুমৈঃ স্রগ্ভি র্দুকূলৈঃ স্বর্ণতোরণৈঃ। মহাসুরভিভি র্ধূপৈর্ম্মণ্ডিতং তত্র তত্র বৈ ॥ ১

চন্দনাগুরুতোয়ার্দ্র রথ্যাচত্বর মার্গবৎ। পুষ্পাক্ষতফলৈস্তোক্মৈর্লাজৈরর্চ্চিভিরর্চ্চিতং ॥

সবৃন্তৈঃ কদলীস্তম্ভৈঃ পূগপোতৈঃ পরিষ্কৃতং। তরুপল্লবমালাভিঃ সর্ব্বতঃ সমলঙ্কৃতং ॥ ২ ॥

শ্রীধরস্বামী।

অদৃষ্টায় লোচনপথমতিক্রান্তায় সংদর্শিত আত্মা যেন তস্মৈ ॥ ৩০ ॥

॥ * ॥ ইতি চতুর্থে বিংশঃ ॥ * ॥

একবিংশে তু পৃথুনা প্রজানামনুশাসনং। মহাসত্রে সুরাদীনাং মহাসদসি বর্ণ্যতে ॥ ০ ॥

স্বপুরং যথাবিত্যুক্তং তৎপুরমনুবর্ণয়তি মৌক্তিকৈরিতি ত্রিভিঃ ॥ ১ ॥

চন্দনাগুরুযুক্তৈঃ তোয়ৈঃ আর্দ্রা রথ্যাদয়ঃ তদযুক্তং। তোক্মৈঃ হরিতযবৈঃ অঙ্কুরৈরিতি বা। অর্চ্চিভির্দীপৈঃ ॥ ২ ॥

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে চতুর্থস্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভস্য বিংশতিতমোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

মৌক্তিকৈরিতি ত্রিকং স্তোক্মৈরিত্যত্র স্তোমৈরিতি চিৎসুখঃ ॥ ১। ২। ৩। ৪। ৫। ৬। ৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অন্যৈরদৃষ্টায় সন্দর্শিত আত্মা আশ্রয়ো যেন তস্মৈ ইতি বৈকুণ্ঠগমনপর্য্যন্তং পৃথুস্তুতং দদর্শৈবেত্যর্থঃ ॥ ৩১ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। বিংশোঽধ্যায়শ্চতুর্থস্ত সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

একবিংশে মহাসত্রে সর্ব্বসৌন্দর্য্যমণ্ডিতঃ। প্রশ্রয়াঢ্যঃ পৃথু র্ভক্তিং স্বপ্রজাঃ সমশিক্ষয়ৎ ॥ ০ ॥

পুরং যথাবিত্যুক্তং তৎ পুরমনুবর্ণয়তি মৌক্তিকৈরিতি ত্রিভিঃ। মৌক্তিকাদিভি র্যৎ যৎ পুরং মণ্ডিতং তত্র তত্র যযাবিতি পূর্ব্বেণৈবান্বয়ঃ ॥ ১ ॥

তোক্মৈর্হরিতযবৈঃ অর্চ্চিভির্দীপৈঃ ॥

সবৃন্তৈঃ ফল পুষ্প যুক্ত সহিতৈঃ পূগপোতৈ র্নূতনগুবাকবৃক্ষৈঃ ॥ ২ ॥

অনন্তর ভগবান্ দৃষ্টি পথের অতীত হইলে পৃথু সেই দেবদেব বাসুদেবকে প্রণাম করিয়া আপনার পুরে প্রত্যাগমন করিলেন ॥ ৩০ ॥

॥ * ॥ ইতি চতুর্থে বিংশ ॥ * ॥

একবিংশাধ্যায়ে মহাসত্রে দেবতা প্রভৃতির সভায় পৃথু কর্তৃক প্রজাবর্গের প্রতি অনুশাসন বর্ণন ॥ ০

মৈত্রেয় কহিলেন বৎস বিদুর! পৃথুরাজা যজ্ঞ সমাপন করিয়া যখন পুরমধ্যে প্রবেশ করেন, তখন মঙ্গলার্থ তাঁহার পুর স্থানে স্থানে মুক্তা, পুষ্প, মাল্য, দুকূল এবং স্বর্ণ তোরণে সুশোভিত ও সুগন্ধি ধূপে বাসিত হইয়াছিল ॥ ১ ॥

অপর চন্দন ও অগুরু মিশ্রিত জলে তত্রস্থ রাজপথ, ক্ষুদ্রবর্ত্ম এবং প্রাঙ্গণ সকল সিক্ত ও পুষ্প, ফল, আতপ তণ্ডুল, যবাঙ্কুর, লাজ (খৈ) এবং প্রদীপ, এই সকল দ্বারা শোভিত হইয়াছিল। আর ফল পুষ্পাদি সমন্বিত কদলী স্তম্ভ, ক্ষুদ্র গুবাক বৃক্ষ এবং বিবিধ তরু পল্লব মালা দ্বারা চারিদিক অলঙ্কৃত ছিল ॥ ২ ॥

প্রজাস্তং দীপাবলিভিঃ সম্ভৃতাশেষমঙ্গলৈঃ। অভীয়ুর্মৃষ্টকন্যাশ্চ মৃষ্টকুণ্ডলমণ্ডিতাঃ॥ ৩॥
শঙ্খদুন্দুভিঘোষেণ ব্রহ্মঘোষেণ চর্ত্বিজাং। বিবেশ ভবনং বীরঃ স্তূয়মানো গতস্ময়ঃ॥ ৪॥
পূজিতঃ পূজয়ামাস তত্র তত্র মহাযশাঃ। পৌরাঞ্জানপদাংস্তাংস্তান্ প্রীতঃ প্রিয়বরপ্রদঃ॥ ৫॥
সএবমাদীন্যনবদ্য চেষ্টিতঃ কর্ম্মাণি ভূয়াংসি মহান্মহত্তমঃ।
কুর্ব্বন্ শশাসাবনিমণ্ডলং যশঃ স্ফীতং নিধায়ারুরুহে পরং পদং॥ ৬॥

শ্রীধরস্বামী।

সংভৃতানি অশেষাণি মঙ্গলানি দধ্যাদীনি তৈঃ সহ অভিজগ্মুঃ। মৃষ্টা উজ্জ্বলাঃ কন্যাশ্চ॥ ৩॥
গতস্ময়ো নিরহঙ্কারঃ॥ ৪॥
প্রিয়ান্ বরান্ প্রদদাতীতি তথা॥ ৫॥
গুণৈর্মহান্ অতএব মহত্তমঃ পূজ্যতমঃ॥ ৬॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নির্ম্মঞ্ছনার্থং দীপাবলিভিঃ সংপূর্ণাশেষ মঙ্গলৈর্দধ্যাদিভিঃ সহিতাঃ। মৃষ্টকন্যাঃ মার্জ্জিত গাত্রাঃ কুমারিকাঃ। মৃষ্টকুণ্ডলেতি তদুপলক্ষিতোজ্জ্বল বস্ত্রালঙ্কারযুক্তাঃ॥ ৩॥
গতস্ময়ঃ স্বস্য তাদৃশমসাধারণমৈশ্বর্য্যং বীক্ষ্যাপি বিগত গর্ব্ব ইত্যর্থঃ॥ ৪॥
পূজিতঃ পৌরাদিভিঃ স্বর্ণমুদ্রানর্ঘ্য নব্যবস্ত্রাদ্যুপায়নার্পণেনেত্যর্থঃ। পূজয়ামাস স উত্তীর্ণ কঞ্চুকোষ্ণীষাদি প্রতিদানে নেত্যর্থঃ॥ ৫॥
মহান্মহত্তম ইতি উত্তম মধ্যম কনিষ্ঠ তয়া ত্রিবিধেষু মহত্তমেষু মধ্যে উত্তমঃ মহত্তম ইত্যর্থঃ॥ ৬॥

বিদুর! কেবল রাজপুর ঐ রূপ মাঙ্গল্য দ্রব্যে অলঙ্কৃত হইয়াছিল এমত নয়, প্রজাবর্গ এবং পুরস্থা বালিকা সকল সুমৃষ্ট মণিকুণ্ডলে মণ্ডিত হইয়া নির্ম্মঞ্ছনার্থ দীপমালা ও দধি প্রভৃতি বিবিধ মাঙ্গল্য দ্রব্য সহ তাঁহাকে আনয়নার্থ প্রত্যুদ্গমন করিয়াছিল॥ ৩॥

মহাবীর পৃথু শঙ্খ দুন্দুভি শব্দ এবং ঋত্বিকগণের উচ্চারিত বেদধ্বনি দ্বারা স্তূয়মান হইয়া আপনার ভবনে প্রবিষ্ট হইলেন। বৎস বিদুর! মহারাজ পৃথুর তাদৃক্ অসাধারণ ঐশ্বর্য্য থাকিলেও তাঁহার কিঞ্চিন্মাত্র অহঙ্কার ছিল না॥ ৪॥

আগমন সময়ে স্থানে স্থানে পুরবাসী ও দেশবাসী যে সমস্ত ব্যক্তি মিলিত হইয়া উপায়ন প্রদান পূর্ব্বক পূজা করিল, তিনি প্রীতি প্রকাশ করিয়া প্রিয় বর প্রদান পুরঃসর তাহাদের প্রতি পূজা করিলেন॥ ৫॥

মহারাজ পৃথুর চেষ্টা পরম উৎকৃষ্ট, তিনি মহৎ, অতএব সকলের পূজ্যতম ছিলেন। উক্ত প্রকার ভূরি ভূরি কর্ম্ম করিয়া আপনার যশঃ বিস্তার পূর্ব্বক অবনি মণ্ডল শাসন করিয়াছিলেন, পরে চরমে পরমপদে আরূঢ় হয়েন॥ ৬॥

শ্রীসূত উবাচ ॥

তদাদিরাজস্য যশো বিজৃম্ভিতং গুণৈরশেষৈ র্গুণবৎ সভাজিতং ।
ক্ষত্তা মহাভাগবতঃ সদস্পতে কৌশারবিং প্রাহ গৃণন্তমর্চ্চয়ন্ ॥ ৭ ॥

শ্রীবিদুর উবাচ ॥

সোঽভিষিক্তঃ পৃথু র্বিপ্রৈর্লব্ধাশেষসুরার্হণঃ । বিভ্রচ্চ বৈষ্ণবং তেজো বাহ্বোর্যাভ্যাং দুদোহ গাং ॥৮॥
কোন্বস্য কীর্ত্তিং ন শৃণোত্যভিজ্ঞো যদ্বিক্রমোচ্ছিষ্টমশেষ ভূপাঃ ।
লোকাঃ সপালা উপজীবন্তি কামমদ্যাপি তন্মে বদ কর্ম্ম শুদ্ধং ॥ ৯ ॥

শ্রীমৈত্রেয় উবাচ ॥

শ্রীধরস্বামী ।

গুণৈ র্বিজৃম্ভিতং উর্জ্জিতং গুণবদ্ভিঃ সভাজিতং সংকৃতং যশো গৃণন্তমর্চ্চয়ন্ প্রাহ সদস্পতে শৌনক ॥ ৭ ॥
লব্ধানি অশেষ সুরাণামর্হণানি যেন সঃ । কিমকরোদিতি শেষঃ ॥ ৮ ॥
শ্রবণোৎসুক্যমাবিষ্কুর্ব্বন্ প্রার্থয়তে কোন্বিতি যস্য বিক্রমঃ পৃথ্বীদোহনং তস্যোচ্ছিষ্টতুল্যং কামং তত্তস্য কর্ম্ম বদ ॥ ৯ ॥

ক্রমসন্দর্ভঃ ।

বিভ্রচ্চ বৈষ্ণবমিতি গৌড়পাঠঃ স ইত্যত্রতু পৌনরুক্ত্যং লক্ষ্যতে ॥ ৮ ॥
যদ্বিক্রমেতি । যেন বিক্রম্য উপাত্তং তৎ উচ্ছিষ্টমেবেত্যর্থঃ ॥ ৯ । ১০ । ১১ । ১২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

গুণবদ্ভিঃ সভাজিতং সংকৃতং । যশোগৃণন্তং । হে সদস্পতে শৌনক ॥ ৭ ॥
বাহ্বোর্বিভ্রদভূৎ ॥ ৮ ॥
যস্য বিক্রমেণ উচ্ছিষ্টমিতি সর্ব্বেষাং কামানাং পৃথ্বী দুগ্ধত্বাৎ পৃথ্বীদোহনস্য যদ্বিক্রম কৃতত্বাদিত্যর্থঃ ॥ ৯ ॥

এতাবদ্বৃত্তান্ত বর্ণনানন্তর ঋষিবর শৌনককে সম্বোধন করিয়া সূত কহিলেন, হে সভাপতে ! পরম ভাগবত বিদুর ঐ প্রকারে আদিরাজ পৃথুর যশঃ বর্ণনকারি মহর্ষি মৈত্রেয়ের বচন শ্রবণ করিয়া তাঁহার পূজা করিলেন, হে মুনিসত্তম ! পৃথুর যশঃ সামান্য নহে, তাহা অশেষ গুণ দ্বারা উর্জ্জিত এবং গুণশীল ব্যক্তিরা সর্ব্বদা তাহার সমাদর করিয়া থাকেন ॥ ৭ ॥

সে যাহা হউক, তদনন্তর বিদুর মুনিবর মৈত্রেয়কে সম্বোধন পূর্ব্বক জিজ্ঞাসা করিলেন ব্রহ্মন্ ! বিপ্রবৃন্দ যে পৃথুর অভিষেক করেন, অশেষ দেবতার নিকট যাঁহার পূজা লাভ হয় এবং যে বাহুদ্বয় দ্বারা ধরণী দোহন হয়, সেই দুই বাহুতে যিনি বিষ্ণু সম্বন্ধীয় তেজঃ ধারণ করেন, সেই পৃথু আর কি কর্ম্ম করিয়াছিলেন ? ॥ ৮ ॥

মুনে ! সমস্ত ভূপাল এবং লোকপাল সহিত নিখিল লোক যাঁহার পৃথ্বীদোহন রূপ বিক্রমের উচ্ছিষ্ট তুল্য কাম উপলক্ষ করিয়া অদ্যাপি জীবন ধারণ করিতেছেন, কোন্ অভিজ্ঞ ব্যক্তি তাঁহার গুণ কীর্ত্তন শ্রবণ না করিবে ? অতএব হে মহাশয় ! তাঁহার বিশুদ্ধ কর্ম্ম সকল অনুগ্রহ পূর্ব্বক বলিতে আজ্ঞা হউক ॥ ৯ ॥

গঙ্গা যমুনয়ো র্নদ্যো রন্তরাক্ষেত্রমাবসন্ । আরব্ধানেব বুভুজে ভোগান্ পুণ্যজিহাসয়া ॥ ১০ ॥
সর্ব্বত্রাস্খলিতাদেশঃ সপ্তদ্বীপৈকদণ্ডধৃক্ । অন্যত্র ব্রাহ্মণকুলাদন্যত্রাচ্যুতগোত্রতঃ ॥ ১১ ॥
একদাসীন্মহাসত্র দীক্ষা তত্র দিবৌকসাং । সমাজো ব্রহ্মর্ষীণাঞ্চ রাজর্ষীণাঞ্চ সত্তম ॥ ১২ ॥
তস্মিন্নর্হৎস্থ সর্ব্বেষু স্বর্চ্চিতেষু যথার্হতঃ । উত্থিতঃ সদসোমধ্যে তারাণামুড়ুরাড়িব ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী ।

প্রাচীনকর্ম্মভিঃ আরব্ধানেব বুভুজে নতু ভোগান্তরার্থং কর্ম্মাণি করোতি তদপি ভোগেন পুণ্যক্ষপণেচ্ছয়া নতু সুখাসক্ত্যেত্যর্থঃ ॥ ১০ ॥

অস্খলিতঃ অপ্রতিহতঃ আদেশ আজ্ঞা যস্য সপ্তদ্বীপেষু একএব দণ্ডং ধারয়তীতি তথা কিং সর্ব্বত্র নেত্যাহ ব্রহ্মকুল ব্যতিরেকেণ অচ্যুতো গোত্রং প্রবর্ত্তক তুল্যো যেষাং বৈষ্ণবানাং তদ্ব্যতিরেকেণচ ॥ ১১ ॥

একদা তস্য মহাসত্র দীক্ষা আসীৎ তত্র সত্রে দেবাদীনাং সমাজ আসীদিত্যর্থঃ ॥ ১২ ॥

তস্মিন্ সভ্যেষু স্বর্চ্চিতেষু সৎস্থ সদসো মধ্যে উত্থিতঃ সন্ সমন্ততঃ সমৈক্ষতেতি ষষ্ঠশ্লোকেনান্বয়ঃ ॥ ১৩ ॥

ক্রমসন্দর্ভঃ ।

তস্মিন্নিতি সার্দ্ধ ষট্কং ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

আরব্ধানেবেতি মত্বেতি শেষঃ । যদ্যপি ভগবদবতারত্বেন ভক্তত্বেন চ ন তস্য প্রারব্ধং কর্ম্ম তদপি ভক্তিভূম্নাত্তি দৈন্যেন প্রাকৃত জীব এবাহং সুখ দুঃখাভ্যাং পুণ্যপাপে জিহাসামীতি তদভিমানো জ্ঞেয়ঃ ॥ ১০ ॥

অচ্যুত এব গোত্রং প্রবর্ত্তকতুল্যো যেষাং তেভ্যশ্চেতি বৈষ্ণবানাং বর্ণাশ্রমাভাবো ব্যঞ্জিতঃ । অন্যত্রেতি ব্রাহ্মণানাং শাস্তৃত্বে তত্তদ্বেদাচার্য্যমেব বৈষ্ণবানাং তু তত্তন্মন্ত্র গুরুমেব শাস্তৃত্বে ব্যবস্থাপ্যেত্যর্থঃ । পুত্রাংশ্চ শিষ্যাংশ্চ নৃপো গুরুর্বা মল্লোক কামোমদনুগ্রহার্থঃ । ইত্থং বিমন্যুরনুশিষ্যাদিতি ঋষভোক্তেঃ ॥ ১১ ॥

একদা তস্য মহাসত্র দীক্ষা আসীৎ । তত্র সত্রে দেবানাঞ্চ সমাজ আসীৎ ॥ ১২ ॥

অর্হৎস্থ পূজ্যেষু ঋষ্যাদিষু কিঞ্চিদ্বিজ্ঞাপনার্থমুত্থিতঃ সন্ সমৈক্ষতেতি ষষ্ঠেনান্বয়ঃ ॥ ১৩ ॥

বিদুরের এই প্রকার প্রার্থনা বচন শ্রবণ করিয়া মুনিবর মৈত্রেয় কহিতে লাগিলেন, বৎস! আদি রাজ পৃথু গঙ্গা এবং যমুনা এই দুই নদীর মধ্যবর্ত্তি ক্ষেত্রে বাস করিয়া ভোগ দ্বারা পুণ্যক্ষয় করিবার বাসনায় প্রাক্তন কর্ম্মারব্ধ বিবিধ ভোগ করিতে লাগিলেন। কিন্তু জন্মান্তরে ভোগ করিতে হইবে এ নিমিত্ত কোন কর্ম্ম করিতে তাঁহার ইচ্ছা হইল না ॥ ১০ ॥

একমাত্র তিনিই সপ্তদীপ মধ্যে দণ্ডধারী হইলেন, তাঁহার আজ্ঞা সর্ব্বত্র অপ্রতিহত হইল। বিদুর! আদিরাজ পৃথু সমস্ত অবনি মণ্ডলের একমাত্র দণ্ডধর ছিলেন, ইহাতে এমত আশঙ্কা করিও না যে সকলের প্রতি দণ্ড বিধান করিতেন, ব্রাহ্মণ কুল এবং ভগবান্ অচ্যুত যে সকল ব্যক্তির গোত্র প্রবর্ত্তক তুল্য সেই সমস্ত বৈষ্ণবজন ঐ বিষয়ে বর্জ্জিত ছিলেন, অর্থাৎ তিনি ঐ দুই প্রকার লোকের প্রতি কখন দণ্ড বিধান করেন নাই ॥ ১১ ॥

সে যাহা হউক, অনন্তর মহারাজ পৃথু একদা একটী মহাসত্রে দীক্ষিত হইলেন। সেই যজ্ঞে দেবতা, ব্রহ্মর্ষি এবং রাজর্ষি সকলের সমাগম হইয়া সভা হইল ॥ ১২ ॥

তাহাতে পূজ্য ব্যক্তি সকলের যথাযোগ্য পূজা হইলে পৃথ্বীপতি পৃথু তারাগণ পরিবৃত চন্দ্রের ন্যায়

প্রাংশুঃ পীনায়তভুজো গৌরঃ কঞ্জারুণেক্ষণঃ। সুনসঃ সুমুখঃ সৌম্যঃ পীনাংসঃ সুদ্বিজস্মিতঃ॥ ১৪
ব্যূঢ়বক্ষা বৃহচ্ছ্রোণির্বলীবল্গুদলোদরঃ। আবর্ত্তনাভিরোজস্বী কাঞ্চনোরুরুদগ্রপাৎ॥ ১৫॥
সূক্ষ্ম বক্রাসিত স্নিগ্ধ মূর্দ্ধজঃ কম্বুকন্ধরঃ। মহাধনে দুকূলাগ্র্যে পরিধায়োপবীয়চ॥ ১৬॥
ব্যঞ্জিতাশেষগাত্রশ্রী র্নিয়মে ন্যস্তভূষণঃ। কৃষ্ণাজিনধরঃ শ্রীমান্ কুশপাণিঃ কৃতোচিতঃ॥ ১৭॥

শ্রীধরস্বামী।

প্রাংশুঃ উন্নতঃ পীনৌ চায়তৌ চ ভুজৌ যস্য। কঞ্জবদরুণে ঈক্ষণে যস্য। শোভনা দ্বিজাঃ স্মিতঞ্চ যস্য॥ ১৪॥

ব্যূঢ়ং বিস্তীর্ণং বক্ষো যস্য বলীভিঃ তিসৃভিঃ বল্গু সুন্দরং দলবৎ অধোঽগ্রমশ্বত্থপত্রমিব উপরি বিস্তৃতমধস্তাৎ সঙ্কুচিতমুদরং যস্য আবর্ত্তবন্নিম্না নাভির্যস্য কাঞ্চন বদুজ্জ্বলাবূরূ যস্য উদগ্রৌ উন্নতাগ্রৌ পাদৌ যস্য॥ ১৫॥

সূক্ষ্মাশ্চ তে বক্রাশ্চ অসিতাশ্চ স্নিগ্ধাশ্চ মূর্দ্ধজা যস্য। কম্বু বত্রিরেখাঙ্কিতা কন্ধরা যস্য পরিধায় বসিত্বা উপবীয় উত্তরীয়ং কৃত্বা॥ ১৬॥

নিয়মে নিমিত্তে ন্যস্তানি ত্যক্তানি ভূষণানি যেন সঃ। অতএব তৈরনাবৃতত্বাৎ ব্যঞ্জিতা অশেষ গাত্রেষু শ্রীঃ স্বাভাবিকী শোভা যেন কৃতান্যুচিতানি কর্ম্মাণি যেন॥ ১৭॥

ক্রমসন্দর্ভঃ।

কাঞ্চনোরুরিতি কাঞ্চনবন্তাবূরূরিত্যর্থঃ উদগ্রং বাগিতি চিৎসুখঃ॥ ১৪। ১৫॥

পরিচীয়োপবীয়চেতি সম্বন্ধোক্তিঃ॥ ১৬। ১৭॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

প্রাংশুরুন্নতঃ॥ ১৪॥

ব্যূঢ়ং বিস্তীর্ণং বক্ষো যস্য সঃ। বলিভিস্তিসৃভির্বল্গু সুন্দরং দলবৎ অধোগ্রমশ্বথ পত্রমিবোপরি বিস্তৃতমধস্তাৎ সুকুঞ্চিত মুদরং যস্য দক্ষিণাবর্ত্তবন্নিম্না নাভির্যস্য সঃ কাঞ্চন স্তম্ভাবিবোরূ যস্য উন্নতাগ্রৌ পাদৌ যস্য সঃ॥ ১৫॥

উপবীয় উত্তরীয়ং কৃত্বা॥ ১৬। ১৭॥

সভামধ্যে উত্থিত হইয়া চতুর্দিক্ নিরীক্ষণ করিলেন॥ ১৩॥

বিদুর! সে সময় পৃথুরাজার কিরূপ আশ্চর্য্যরূপ প্রকাশ পাইতে লাগিল তাহার কথা কি বলিব? তাঁহার শরীর উন্নত ও গৌরবর্ণ, বাহুদ্বয় স্থূল অথচ দীর্ঘ, নয়নযুগল পদ্মতুল্য অরুণ বর্ণ, নাসিকা সুন্দর, বদন অতি সুশোভন, প্রকৃতি ধীর, স্কন্ধদ্বয় পীন, দন্তপঙ্ক্তি ও হাস্য অতিশয় সুদৃশ্য॥ ১৪॥

অপর তাঁহার বক্ষঃস্থল বিস্তীর্ণ, কটি অতি বৃহৎ, উদর ত্রিবলী দ্বারা মনোহর ও অধোগ্র অশ্বত্থ পত্রের তুল্য উপরে বিস্তৃত, অধোভাগে সঙ্কুচিত, নাভিদেশ আবর্ত্তের ন্যায় ঘূর্ণিত, উরুদ্বয় সুবর্ণবৎ উজ্জ্বল, চরণ দ্বয় উন্নতাগ্র॥ ১৫॥

আর তাঁহার মস্তকের কেশ সূক্ষ্ম কুটিল ও কৃষ্ণবর্ণ, অথচ সুস্নিগ্ধ, গলদেশ কম্বু সদৃশ তিনটী রেখায় অঙ্কিত, পরিধান ও উত্তরীয় মহামূল্য পট্ট বসন॥ ১৬॥

যজ্ঞের নিয়ম হেতু তাঁহার শরীরে কোন ভূষণ ছিল না, অতএব অলঙ্কারে আবৃত না থাকিলেও গাত্রের স্বাভাবিকী শোভা প্রকাশ পাইতেছিল। তিনি কৃষ্ণাজিনধারী ও কুশ হস্ত হইয়া যজ্ঞের সমুচিত সমস্ত কর্ম্ম স্বয়ং করিয়াছিলেন॥ ১৭॥

শিশিরস্নিগ্ধতারাক্ষং সমৈক্ষত সমুত্থিতঃ। উচিবানিদমুর্ব্বীশঃ সদঃ সংহর্ষয়ন্নিব।
চারুচিত্রপদং শ্লক্ষ্ণং মৃষ্টং গূঢ়মবিক্লবং ॥ ১৮ ॥

শ্রীরাজোবাচ ॥

সভ্যাঃ শৃণুত ভদ্রং বঃ সাধবো য ইহাগতাঃ। সৎসু জিজ্ঞাসুভির্ধর্ম্মমাবেদ্যং স্বমনীষিতং ॥ ১৯ ॥

অহং দণ্ডধরো ধাত্রা প্রজানামিহ যোজিতঃ। রক্ষিতা বৃত্তিদঃ স্বেষু সেতুষু স্থাপিতা পৃথক্ ॥ ২০ ॥

শ্রীধরস্বামী।

শিশিরে সন্তাপহরে স্নিগ্ধেচ তারে যয়োঃ তে অক্ষিণী যস্য। ইদং বক্ষ্যমাণং বাক্যমুক্তবাংশ্চ। চারু শ্রোত্রপ্রিয়ং চিত্রাণি পদানি যস্মিন্ শ্লক্ষ্ণং প্রশস্তং মৃষ্টং শুদ্ধং গূঢ়ং গম্ভীরার্থং অবিক্লবমব্যাকুলং ॥ ১৮ ॥

ভাষণে হেতুঃ ধর্ম্মজিজ্ঞাসুভিঃ পুংভিঃ সৎসু স্বং মনীষিতমাবেদ্যং বক্তব্যং অতঃ প্রজানুশাসনমিষেণ জিজ্ঞাসৈব ক্রিয়তে ন যুষ্মান্ প্রতি প্রবচনমিতি ভাবঃ ॥ ১৯ ॥

ইদানীং প্রজাঃ শিক্ষয়িষ্যন্ প্রজাশিক্ষণাদিকং মমাবশ্যকমিত্যাহ অহমিতি ত্রিভিঃ পৃথক্ সেতুষু স্থাপয়িতা ॥ ২০ ॥

ক্রমসন্দর্ভঃ।

চারুচিত্রেতি স্বরবর্ণোচ্চারবিশেষেণ চারু শ্রোত্রপ্রিয়ং। অনুপ্রাসাদিনা চিত্রপদং। অশ্লীল নিরাসেন সবিনয়েনৈব সর্ব্ব হিতাভিরুচিরার্থোপদেশেন শ্লক্ষ্ণং প্রশস্তং ব্যাকরণানুগমেন মৃষ্টং শুদ্ধং। সুবিচারলভ্য তাৎপর্য্যত্বেন গূঢ়ং গম্ভীরার্থং। অতিত্বরাদ্যভাবেন পূর্ব্বপরাবিরোধেনচ অবিক্লবমব্যাকুলং ॥ ১৮। ১৯। ২০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

চারু মনোহরত্বাৎ সরসং চিত্রপদং সালঙ্কারং শ্লক্ষ্ণং মধুরাক্ষরং মৃষ্টং নির্দ্দোষং। গূঢ়ং সব্যঙ্গং অবিক্লবং ঝটিত্যর্থবোধকং ॥ ১৮

সাধবো য ইত্যৈন্থৈরত্রাগতৈরপি মম ন প্রয়োজনমিতি ভাবঃ। নচ নৃপত্বাদহং যুষ্মান্ কিমপ্যাদিশামি শাস্মি বা। কিন্তু কিমপি জিজ্ঞাসুরহং যুষ্মাভিরেব শাসনীয় আদেষ্টব্যশ্চেত্যাহ সৎসু সাধুষু ভাগ্যতঃ প্রাপ্তেষু সৎসু ধর্ম্মং জিজ্ঞাসুভিঃ পুংভিঃ স্বমনীষিতং স্ববিচারিতমাবেদ্যং জ্ঞাপয়িতুমর্হমেব স্বেষু প্রামাণ্যাভাবাদিতি ভাবঃ ॥ ১৯ ॥

ন চ ত্বং রাজা অস্মাকমারাধনীয় ইতি বাচ্যং প্রত্যুত যুষ্মাকমেব বৃত্ত্যাদি সাধন লক্ষণে আরাধনে পরমেশ্বরেণাহং প্রবর্ত্তিত ইত্যাহ অহমিতি ধাত্রা পরমেশ্বরেণ নিযোজিতঃ কুত্র কুত্র কর্ম্মণীত্যত আহ দণ্ডধর ইতি বিকর্ম্ম রোগোপশমনৌষধরূপে দণ্ডধর ইত্যর্থঃ। রক্ষিতেতি দস্যুচৌরাদিভ্যো রক্ষণে বৃত্তিদ ইতি জীবিকাপ্রদানে। স্বেষু সেতুষু পৃথক্ পৃথক্ স্থাপয়িতেতি প্রতি স্ববর্ণাশ্রমাদি ধর্ম্মমর্য্যাদায়াঃ স্থাপনে ইতি যুষ্মাকং বহুবিধ পরিচরণভাবোমন্মূর্দ্ধ্নি ন্যস্তো বর্ত্তত ইতি ভাবঃ ॥ ২০ ॥

তাঁহার লোচনদ্বয়ের তারকা সন্তাপহারিণী অথচ স্নিগ্ধ, তদ্দ্বারা চতুর্দ্দিক অবলোকন করিয়া বক্ষ্যমাণ বাক্য বলিলেন। বিদুর! পৃথ্বীপতি পৃথুর ঐ সকল বচন অতিশয় শ্রবণ প্রিয়, তাহাতে যে কএকটী পদ ছিল সকলই বিচিত্র, আর তাহা প্রশস্ত, শুদ্ধ, গম্ভীরার্থ এবং ঝটিতি অর্থ বোধক। অতএব তিনি সভাস্থ সমস্ত ব্যক্তির যেন হর্ষ জন্মাইতে লাগিলেন ॥ ১৮ ॥

মহারাজ পৃথু বলিলেন, অহে সভ্যগণ! সমস্ত সাধুজনেরই এস্থানে সমাগম হইয়াছে, আমার বাক্য শ্রবণ করুন, আপনাদের মঙ্গল হউক, হে সত্তম সকল! ধর্ম্ম জিজ্ঞাসু লোকদিগকে সাধু ব্যক্তিদিগের নিকট স্ব স্ব মনের অভিলাষ ব্যক্ত করিতে হয়, অতএব আমি প্রজানুশাসন ছলে আপনাদিগকে জিজ্ঞাসা করিতেছি, মনোযোগ পূর্ব্বক শ্রবণ করুন ॥ ১৯ ॥

জগদীশ্বর আমাকে দণ্ডধর করিয়া প্রজা বর্গের জীবিকা দান ও রক্ষণাবেক্ষণ নিমিত্ত নিযুক্ত করিয়াছেন, ইহাতে পৃথক্ পৃথক্ সেতুতে অর্থাৎ স্ব স্ব বর্ণাশ্রম ধর্ম্মে সকলকে স্থাপন করা আমার কর্ত্তব্য কর্ম্ম ॥ ২০ ॥

তস্য মে তদনুষ্ঠানাদ্যানাহুর্ব্রহ্মবাদিনঃ। লোকাঃ স্যুঃ কামসন্দোহা যস্য তুষ্যতি দিষ্টদৃক্ ॥ ২১ ॥
য উদ্ধরেৎ করং রাজা প্রজা ধর্ম্মেষ্বশিক্ষয়ন্। প্রজানাং শমলং ভুঙ্‌ক্তে ভগঞ্চ স্বং জহাতি সঃ ॥ ২২
তৎ প্রজা ভর্ত্তৃপিণ্ডার্থং স্বার্থমেবানসূয়বঃ। কুরুতাধোক্ষজধিয়স্তর্হি মেঽনুগ্রহঃ কৃতঃ ॥ ২৩ ॥
যূয়ং তদনুমোদধ্বং পিতৃদেবর্ষয়োঽমলাঃ। কর্ত্তুঃ শাস্তুরনুজ্ঞাতুস্তুল্যং যৎ প্রেত্য তৎফলং ॥ ২৪

শ্রীধরস্বামী।

দিষ্টদৃক্ প্রাগ্‌ধর্ম্ম সাক্ষী ঈশ্বরো যস্য তুষ্যতি তস্য বেদবাদিনো যান্ লোকানাহুঃ। প্রজারক্ষণাদ্যনুষ্ঠানাৎ তে লোকা মে স্যুঃ কথম্ভূতাঃ কামানাং সম্যগ্দোহঃ প্রপূরণং যেষু ॥ ২১ ॥

অন্যথা ত্বনিষ্টং স্যাদিত্যাহ য ইতি শমলং পাপং ভগমৈশ্বর্য্যং ॥ ২২ ॥

তত্তস্মাৎ হে প্রজা ভর্ত্তুর্ম্মম পিণ্ডার্থং পিণ্ডদানবৎ পরলোকহিতার্থং স্বকার্য্যমেব কুরুত স্বধর্ম্মমেবানুতিষ্ঠত। অধোক্ষজে ধীর্যাসাং তাদৃশ্যঃ সত্যঃ বাসুদেবার্পণ দৃষ্ট্যেত্যর্থঃ। অনুগ্রহঃ কৃতোভবেদিতি শেষঃ ॥ ২৩ ॥

শাস্তুঃ শিক্ষয়িতুঃ অনুজ্ঞাতুঃ অনুমোদিতুশ্চ প্রেত্য পরলোকে যৎফলং তৎ তুল্যং ॥ ২৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

তস্যেতি। কামি নৃপাণামপি তাদৃশ ভগবদাদেশ প্রবর্ত্তনার্থমেবোক্তং নতু স্বার্থং বাস্তবার্থে তু লোকা তত্তজ্জনাঃ দিষ্টদি-গিতি সম্বন্ধঃ। দিষ্টং দিশতীতি ॥ ২১। ২২। ২৩ ॥

যূয়মিতি। তৎ পূর্ব্বোক্তং ভগবদ্ধর্ম্মং। অনুমোদনে হেতুঃ কর্ত্তুঃ স্বকর্ম্মানুষ্ঠাতুঃ পরলোকে যৎ ফলং শিক্ষয়িতুরনুমো-

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তস্যাহং প্রতিমাসিকং প্রতিবার্ষিকং বেতনমপি প্রাপ্নোমীত্যাহ তস্য মম তত্তৎ স্বকর্ম্মানুষ্ঠানাৎ যান্ লোকান্ প্রাপ্যান্ ব্রহ্মবাদিন আহুস্তে স্যুরিত্যন্বয়ঃ। লোকাঃ পারত্রিকাঃ মদিচ্ছানুরূপাঃ কামানাং মদভিলষিতানাং সম্যগ্দোহঃ প্রপূরণং যত্র যস্য মমেতি দিষ্টদৃক্ সর্ব্ব ধর্ম্ম সাক্ষী মৎপ্রভুঃ। যদুক্তং তেনৈব শ্রেয়ঃ প্রজাপালনমেবেত্যাদি ॥ ২১ ॥

কিঞ্চ মম কৃত্যেষু মধ্যে ধর্ম্ম প্রবর্ত্তনমেব মুখ্যং নিত্যঞ্চ যদভাবে মমাপ্যনিষ্টং স্যাদিত্যাহ য ইতি ভগমৈশ্বর্য্যং ॥ ২২ ॥

তত্তস্মাৎ হে প্রজাঃ ভর্ত্তুর্ভরণ কর্ত্তুর্ম্মম পিণ্ডার্থং পিণ্ডদানবৎ পরলোকহিতার্থং স্বেষামেবার্থং কার্য্যং কুরুত যুষ্মাভিঃ স্বকৃত্য-এব কৃতে সতি মম কৃতার্থতা ভবিষ্যতীতি নাত্র মদর্থে পৃথক্ কোপি ভাবো ভবতামিতি ভাবঃ। স্বার্থমেব বদন্ বিশিনষ্টি হে অধো-ক্ষজধিয় ইতি মষ্যেব মন আধৎস্ব ময়ি বুদ্ধিং নিবেশয়েতি ভগবদ্গীতা প্রামাণ্যাদ্ভগবন্তং ভজতেত্যর্থঃ ॥ ২৩ ॥

কার্য্যং খলু সর্ব্বানুমোদনেন সিদ্ধ্যতীত্যত আহ যূয়মিতি। শাস্তুঃ শিক্ষয়িতুঃ অনুজ্ঞাতুরনুমোদয়িতুঃ প্রেত্য পরলোকে যৎ ফলং তত্তুল্যং ॥ ২৪ ॥

হে মহোদয়গণ! প্রাক্তন কর্ম্ম সাক্ষী ঈশ্বর যাহার প্রতি প্রসন্ন হয়েন, বেদবাদি পণ্ডিতেরা তাহার যে সমস্ত লোকের কথা বলিয়া থাকেন, ঐ কর্ম্মের অনুষ্ঠানে আমার সেই সকল লোকহউক। সে সকল লোক সামান্য নহে, সর্ব্বাভিলাষে পরিপূর্ণ ॥ ২১ ॥

হে সভ্যগণ! আমি যদি ঐ প্রকার কর্ম্মের অনুষ্ঠান না করি তাহা হইলে আমার মহৎ অনিষ্ট হইবে, কারণ, যে রাজা প্রজাদিগকে তাহাদের স্ব স্ব ধর্ম্ম শিক্ষা না দিয়া কর গ্রহণ করেন, তিনি প্রজা পুঞ্জের পাপভাগী ও আপন ঐশ্বর্য্যে বঞ্চিত হয়েন ॥ ২২ ॥

অতএব হে প্রজাগণ! আমি তোমাদের প্রভু, আমার পিণ্ডার্থ অর্থাৎ পিণ্ডদানবৎ পরলোক হিতার্থ তোমরা ভগবান্ বাসুদেবে মতি রাখিয়া কেবল আপন আপন স্বধর্ম্মেরই অনুষ্ঠান কর, তাহা হইলে আমার প্রতি তোমাদের যথেষ্ট অনুগ্রহ করা হইবে ॥ ২৩ ॥

হে অমল পিতৃ দেব ঋষিগণ! কর্ত্তার, শিক্ষাদাতার এবং অনুমোদয়িতার পরলোকে যে ফল হয়,

অস্তি যজ্ঞপতি র্নাম কেষাঞ্চিদর্হসত্তমাঃ। ইহামুত্রচ লক্ষ্যন্তে জ্যোৎস্নাবত্যঃ ক্বচিদ্ভুবঃ ॥ ২৫ ॥
মনোরুত্তানপাদস্য ধ্রুবস্যাপি মহীপতেঃ। প্রিয়ব্রতস্য রাজর্ষেরঙ্গস্যাস্মৎপিতুঃ পিতুঃ ॥ ২৬ ॥

শ্রীধরস্বামী।

কর্ম্মকর্ত্তব্যমিত্যনুমোদামহে নতু বাসুদেবার্পণমিতি বেণাদিভিস্তদনঙ্গীকারাদিত্যেবং বাদিনঃ শনৈঃ সম্বোধয়ন্নাহ। হে অর্হত্তমাঃ যজ্ঞপতির্নাম পরমেশ্বরঃ কেষাঞ্চিন্মতে তাবদস্তি তথাপি বিপ্রতিপত্তে র্নতৎ সিদ্ধিরিত্যাশঙ্ক্য জগদ্বৈচিত্র্যান্যথানুপপত্তিং প্রমাণয়তি ইহামুত্রচ জ্যোৎস্নাবত্যঃ কান্তিমত্যঃ ভুবো ভোগভূময়ঃ শরীরাণিচ ॥ ২৫ ॥

নন্বিদং কর্ম্মবৈচিত্র্যাদেব সেৎস্যতি। তথাপি বিদ্বদনুভবেন ঈশ্বর সিদ্ধি রিত্যাহ মনোরিতি ত্রিভিঃ। অস্মৎ পিতামহস্যাঙ্গস্য ॥২৬

ক্রমসন্দর্ভঃ।

পিতুশ্চ ভবন্তীতি ॥ ২৪ ॥

ইন্দ্রপাষণ্ডভ্রংশিতমতীন্ প্রতি প্রথমমাহ। অস্তীতি। হে অর্হত্তমাঃ যজ্ঞপতি র্নাম সর্ব্বকর্ম্ম ফলদাতৃত্বেন শ্রুতি প্রতি-পাদিতঃ পরমেশ্বরঃ কেষাঞ্চিচ্ছ্রুত্যর্থ তত্ত্বজ্ঞানাং মতে তাবদস্তি। তথাপি বিপ্রতিপত্তে র্ন তৎ সিদ্ধিরিত্যাশঙ্ক্য তত্র জগদ্বৈ-চিত্র্যান্যথানুপপত্তি প্রমাণমভ্যুপোদ্বলকমিত্যাহ। ইহ প্রত্যক্ষেণামুত্র শাস্ত্রেণ তত্তদিত্যনুমানেন জ্যোৎস্নাবত্যঃ কান্তি মত্যো ভুবো ভোগভূময়ো দেহাশ্চ ক্বচিৎ ক্বচিদেবোপলভ্যন্তে নচ কর্ম্মসাম্যে ফল তারতম্যং। ক্বচিচ্চ তদসিদ্ধিশ্চ ভবতি। অতঃ স্বাতন্ত্র্যেণ পরমেশ্বরেণ ভাব্যং। কেষাঞ্চিদিহ সত্তমা ইতি পাঠস্তু স্বামাধৃতঃ ॥ ২৫ ॥

অত্র বিদ্বদনুভবঃ প্রমাণমিত্যাহ। মনোরিতি ত্রিকেণ। অস্মৎ পিতামহস্যাঙ্গস্য প্রহ্লাদ বলী তদানীং শাস্ত্রাদেব জ্ঞাতৌ

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ননু কুরুতাধোক্ষজধিয় ইত্যধোক্ষজারাধনং প্রবর্ত্তয়িতুমীহসে তৎকথং সম্ভবেত্তৎ পিত্রা বেণেন তদুপদেশ কৈবল্যৈরপ্য-ঙ্গীকৃতত্বাদিত্যত আহ অস্তীতি হে অর্হত্তমা ইতি বিপরীতলক্ষণয়া যজ্ঞপতি র্নাম পরমেশ্বরঃ কেষাঞ্চিন্মতে তাবদস্তি তথাপি বিপ্রতিপত্তে র্নতৎ সিদ্ধিরিত্যাশঙ্ক্য জগদ্বৈচিত্র্যান্যথানুপপত্তিং প্রমাণয়তি। ইহ প্রত্যক্ষেণামুত্র শাস্ত্রেণচ জ্যোৎস্নাবত্যঃ কান্তি বৈচিত্র্যবত্যঃ ক্বচিদিত্যজ্যোৎস্নাবত্যশ্চ অতিশয়োক্ত্যা দৃষ্টাদৃষ্ট শুভ কর্ম্মণাং ফল তারতম্যবত্যঃ। ফলাভাববত্যশ্চ। ভুবঃ ভোগভূময়ো দেহাশ্চ লক্ষ্যন্তে। অয়মর্থঃ ন তাবৎ কর্ম্মণঃ ফলদাতৃত্বং ঘটতে জড়ত্বাৎ। নচার্বাগ্দেবতানাং স্বাতন্ত্র্যং অন্তর্যামি শ্রুতেঃ। নচ তৎ কর্ম্মসাম্যে ফলতারতম্যং ক্বচিত্তদভাবশ্চ সম্ভবতি। অতঃ কর্ত্তুমকর্ত্তুমন্যথা কর্ত্তুং সমর্থেন পরমেশ্বরেণ ভাব্যং যদ্বৈষাদরতারতম্যে সতি ফল তারতম্যং আদরাভাবে ফলাভাব ইতি ॥ ২৫ ॥

বিদ্বদনুভবেনাপীশ্বরসিদ্ধিমাহ মনোঃ স্বায়ম্ভুবস্যাস্মৎ পিতুঃ পিতুঃ পিতামহস্যেত্যর্থঃ। প্রহ্লাদ বলী তদানীং শাস্ত্রাদেব জ্ঞাতৌ

তাদৃশ ফলে আপনাদের অনুমোদন হউক ॥ ২৪ ॥

হে মহোদয়গণ! আপনারা এমত কহিবেন না যে কর্ম্ম কর্ত্তব্য, এ বিষয়ে অনুমোদন করা যাইতে পারে, কিন্তু বেণাদি রাজগণ অঙ্গীকার করেন নাই, ইহাতে ভগবান্ বাসুদেবে অর্পণ কর্ত্তব্য নহে। অহে পূজ্যতম সকল! কতিপয় ব্যক্তির মতে যজ্ঞপতি নামে একজন পরমেশ্বর আছেন এবং কোন কোন মতে ইহকাল ও পরকাল উভয়কালেই ভোগের ভূমি শরীর সকল দৃশ্য হইয়া থাকে, অতএব পরমেশ্বর ও ভোগ ভূমি এই দুই যদি থাকিল তবে কর্ম্মও কর্ত্তব্য এবং বাসুদেবে অর্পণও আবশ্যক হইতেছে ॥ ২৫ ॥

হে মহাশয়গণ! আদিরাজ মনু, উত্তানপাদ, ধ্রুব, প্রিয়ব্রত এবং আমাদের পিতামহ অঙ্গরাজা ॥২৬

ন যস্য চিত্তং বহিরর্থ বিভ্রমং তমো গুহায়াঞ্চ বিশুদ্ধমাবিশৎ।
যদ্ভক্তিযোগানুগৃহীতমঞ্জসা মুনির্বিচষ্টে ননু তত্র তে গতিং ॥ ৫৬ ॥
যত্রেদং ব্যজ্যতে বিশ্বং বিশ্বস্মিন্নবভাতি যৎ। তত্ত্বং ব্রহ্ম পরং জ্যোতিরাকাশমিব বিস্তৃতং ॥ ৫৭
যোমায়য়েদং পুরু রূপয়াসৃজদ্বিভর্ত্তি ভূয়ঃ ক্ষপয়ত্যবিক্রিয়ঃ।

শ্রীধরস্বামী।

তত্ত্বজ্ঞানঞ্চ ত্বদ্ভক্ত সঙ্গাদেব ভবতীত্যাহ ন যস্যেতি যেষাং সতাং ভক্তিযোগেনানুগৃহীতং বিশুদ্ধং সং যস্য চিত্তং বাহ্যার্থ বিক্ষিপ্তং ন ভবতি তমোরূপায়াং গুহায়াঞ্চ নাবিশৎ লয়ং ন প্রাপ তত্র তদা স মুনিঃ তব গতিং তত্ত্বং পশ্যতি ॥ ৫৬ ॥

কীদৃশং তত্ত্বং তদাহ যত্রেতি ॥ ৫৭ ॥

জগত উপাদানত্বেন তত্ত্বং লক্ষিতং নিমিত্তত্বেনাপি তদেব লক্ষয়ন্নাহ। য ইদং বিশ্বং সদিব পরমার্থমিবাসৃজৎ। কথম্ভূতয়া

ক্রমসন্দর্ভঃ।

গতিং গুণলীলাদিময়ীং স্বরূপাবস্থিতিং। ৫৬ ॥

তদীয় ভক্তিযোগানুগ্রহং বিনা তু ব্রহ্মত্ব ভগবত্ত্বান্তর্যামিত্ব কালত্ব ভেদেনান্ত রঙ্গ বহিরঙ্গাবির্ভাবেষু তবাতি দুর্ব্বোধত্ব দুরারাধ্যত্ব দুর্দ্দর্শত্ব দুঃসহত্বান্যেবেত্যাশয়েনাহ। যত্রেদমিতি সপ্তভিঃ। তত্র ব্রহ্মত্বমাহ। আদ্যেন তদ্ব্রহ্মত্বমিতি যোজ্যং। ততশ্চ স্বভক্তি যোগং বিনা তদেতদপি দুর্ব্বোধং স্যাদিতি ভাবঃ ॥ ৫৭ ॥

ভগবত্ত্বমাহ। য ইতি যদিত্যস্যান্তে যৎ যয়া ভেদ বুদ্ধিঃ পরমেশ্বরাৎ স্বত্তোন্যে স্বতন্ত্র সত্তাকা ইতি বুদ্ধি র্ভবতি। আত্মদুস্থয়া

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ত্বদীয় সাধু সঙ্গাদেব চিত্তং বিশেষতঃ শুদ্ধ্যেৎ বিশুদ্ধেচ চিত্তে ত্বদ্রূপ লীলা লাবণ্যানুভবঃ স্যাদিতি বিশুদ্ধমেব চিত্তং লক্ষয়তি যস্য চিত্তং বহিরর্থ বিভ্রমং নত্বদীয় স্মরণ শ্রবণাদি সময়ে বাহ্যার্থ বিক্ষিপ্তং ন ভবতি তমো গুহায়াঞ্চ নাবিশৎ সুপ্তি গহ্বরেপ্যপ্রবিষ্টং ত্বদীয় শ্রবণ স্মরণাদি সময়ে যচ্চিত্তং লয় বিক্ষেপযুক্তং ন ভবতীত্যর্থঃ। তত্র হেতুঃ যৎ খলু ভক্তিযোগেনানুগৃহীতং তৎ শুদ্ধং ভবতি অয়মাশয়ঃ দশ নামাপরাধা ভক্ত্যপরাধা এব লয় বিক্ষেপকারকাঃ তেষামপগমে এব ভক্তিদেবী প্রসীদতি। প্রসীদন্ত্যা এব তস্যা অনুগ্রহঃ স্যাৎ সচ ভক্তি সময়গত লয় বিক্ষেপাভাব গম্য ইত্যত স্তত্র শুদ্ধে চিত্তে মুনির্ম্মনন শীলঃ সন্ তব গতিং চেষ্টাং লীলা লাবণ্যাদিকং বিচষ্টে পশ্যতি ॥ ৫৬ ॥

যত্তু কশ্চিন্মুনি স্তব ব্রহ্ম স্বরূপং বিচষ্টে তদপি ত্বমেব তদৈব পরম মহত স্তন্মহিমা ব্যাপকত্বেজ ইত্যাহ যত্রেতি ॥ ৫৭ ॥

বয়ন্তু ত্বাং ভগবৎ স্বরূপমেবানুবুভূষাম ইত্যাহ যো ভবান্ ইদং বিশ্বং পুরুষরূপেণাসৃজৎ বিষ্ণুরূপেণ বিভর্ত্তি সঙ্কর্ষণ রূপেণ ক্ষপয়তি মায়য়া কীদৃশ্যা আত্মনি ত্বয়ি দুস্থয়া স্বকার্য্যং কর্ত্তুমসমর্থয়া যদ্যস্যা মায়ায়াঃ ভেদে ভেদ প্রভেদ রূপে জগত্যেব বুদ্ধির্জ্ঞানং

প্রভো! তোমার ভক্তজনের সহিত সঙ্গ দ্বারা তত্ত্বজ্ঞানও হইয়া থাকে, ফলতঃ যখন তোমার ভক্ত সাধু ব্যক্তিদিগের প্রতি ভক্তিযোগ দ্বারা পুরুষের চিত্ত অনুগৃহীত ও বিশুদ্ধ হওয়াতে বাহ্য বিষয়ে বিক্ষিপ্ত না হয় এবং তমোরূপ গুহাতে লয় না পায়, তখন পুরুষ তোমার তত্ত্ব দেখিতে পান্ ॥ ৫৬ ॥

ভগবন্! তোমার তত্ত্ব অতি আশ্চর্য্য, তাহাতে এই প্রত্যক্ষ পরিদৃশ্যমান বিশ্ব প্রকাশ পায় এবং বিশ্ব মধ্যেও তাহার প্রকাশ হইয়া থাকে, অতএব সেই তত্ত্ব পরমব্রহ্ম ও পরম জ্যোতিঃ স্বরূপ, আকাশের ন্যায় বিস্তীর্ণ ॥ ৫৭ ॥

হে ঈশ! যিনি বহুরূপা মায়া দ্বারা এই বিশ্বকে সৃজন, পালন ও পুনরায় সংহার করিতেছেন অথচ স্বয়ং বিকার শূন্য। যাঁহার মায়া অন্য ব্যক্তিদের ভেদ বুদ্ধি জন্মাইয়া দেয় অথচ আপনাতে

যন্ভেদবুদ্ধিঃ সদিবাত্ম দুঃস্থয়া তমাত্মতন্ত্রং ভগবন্ প্রতীমহি ॥ ৫৮ ॥
ক্রিয়াকলাপৈরিদমেব যোগিনঃ শ্রদ্ধান্বিতাঃ সাধু যজন্তি সিদ্ধয়ে।
ভূতেন্দ্রিয়ান্তঃ করণোপলক্ষণং বেদে চ তন্ত্রে চ ত এব কোবিদাঃ ॥ ৫৯ ॥
ত্বমেক আদ্যঃ পুরুষঃ সুপ্তশক্তিস্তয়া রজঃ সত্ত্ব তমোবিভিদ্যতে।
মহানহং খং মরুদগ্নি বার্ধরাঃ সুরর্ষয়ো ভূতগণা ইদং যতঃ ॥ ৬০ ॥

শ্রীধরস্বামী।

যয়া ভেদবুদ্ধিরন্যেষাং ভবতি তয়া আত্মনি ত্বয়ি দুঃস্থয়া স্বকার্য্যং কর্তুমসমর্থয়া তং ত্বাং নিরস্তভেদং প্রতীমহি জানীমঃ ॥ ৫৮ ॥

যদ্যপি ত্বমেবং নির্ভেদং ব্রহ্ম তথাপি প্রাগুক্তং সাকারং তব রূপং যে যজন্তি তএব বেদাগমতত্ত্বজ্ঞা ইত্যাহ। ক্রিয়াকলাপৈর্বৈকর্ম্ম যোগিনঃ পূজয়ন্তি তএব কোবিদাঃ। নত্বেতদনাদৃত্য কেবল জ্ঞানে প্রবৃত্তাঃ। তন্ত্রে আগমে কথম্ভূতমিদং ভূতেন্দ্রিয়ান্তঃ করণৈরস্বতন্ত্রৈর্যদুপ লক্ষ্যতে তৎ নিয়ন্তৃ রূপং ॥ ৫৯ ॥

নন্বভিন্নে ময়ি ভেদং কুর্ব্বন্তঃ সন্তঃ কথং তে কোবিদাঃ। নহি তৈর্ভেদঃ ক্রিয়তে ত্বয়ৈব ক্রীড়ার্থং চেতনাচেতনাত্মক ভেদঃ কৃত ইত্যাহ ত্বমিতি। আদ্য ত্বমেক এব সুপ্তা মায়াখ্যা শক্তির্যস্য পশ্চাত্তয়া শক্ত্যা রজঃ সত্ত্ব তমসাং বৈষম্যং। যতো রজআদেঃ মহানহঙ্কারঃ খঞ্চ মরুদগ্নিবার্ধরাশ্চ বারিতি উদকং সুরাশ্চ ঋষয়শ্চ ভূতগণাশ্চ। এবমিদং জগৎ যতো ভবতি তদ্বিভিদ্যত ইত্যন্বয়ঃ ॥৬০

ক্রমসন্দর্ভঃ।

ত্বয়ি স্বরূপ ভূত মহা ভাগবতত্ব দর্শনেনাত্মনি দুঃস্থয়া স্বং দৌস্থ্যং দর্শয়ন্ত্যা ॥ ৫৮ ॥

অন্তর্যামিত্বমাহ। ক্রিয়েতি ইদমেবেতি ত্রয়াণামভেদং দর্শয়তি কর্ম্মমার্গে যে সর্ব্বান্তর্যামি দৃষ্টি স্তৎ পরা স্তএব ভগবত্তত্ত্ব কোবিদা নান্যে ততঃ কিং পুনর্ভক্তি মার্গে সাক্ষাত্তদুপাসকা ইত্যর্থঃ ॥ ৫৯ ॥

অন্তর্যামিত্বমেব স্থাপয়তি। ত্বমেক ইতি দ্বাভ্যাং। তত্র প্রথমেনাংশানুবাদঃ। দ্বিতীয়েনাংশপ্রতিপাদনং। অত্র অস্তঃ সত্ত্বমিতি টীকা সম্মতং ॥ ৬০ । ৬১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

লোকানাং স্যাৎ তচ্চ জ্ঞানং সদিব প্রশস্তমিব নতু প্রশস্তমিত্যর্থঃ। জীবত্বমার্ষং হে ভগবন্ শ্রীকৃষ্ণ তং ত্বামাত্মতন্ত্রং প্রতীমহি সাক্ষাদনুভবেমেতি প্রার্থনেয়ং ॥ ৫৮ ॥

কেচিৎ কর্ম্মযোগিনোঽষ্টাঙ্গযোগিনশ্চ সর্ব্ব ভূতান্তর্যামি প্রথমং পুরুষং ত্বাং যজন্তীতি তন্ত্রেণৈবাহ ক্রিয়েতি ইদমেব কিং তত্রাহ ভূতেন্দ্রিয়ান্তঃকরণৈরস্বতন্ত্রৈর্যদুপলক্ষ্যতে জ্ঞাপ্যতে তন্নিয়ন্তৃ রূপং তএব কর্ম্মিণাং যোগিনাং চ মধ্যে কোবিদাঃ নান্যে ॥ ৫৯ ॥

কৈশ্চিত্তু ত্বং প্রকৃত্যন্তর্যামী প্রথম পুরুষোঽনুভূয়সে ইত্যাহ ত্বমিতি সুপ্তা মায়াখ্যা শক্তি র্যস্য পশ্চাত্তয়ৈব শক্ত্যা প্রবুদ্ধয়া ত্বত্ত এব রজ আদিকং বিভিদ্যতে যতো রজ আদে র্মহানহমিত্যাদি ॥ ৬০ ॥

স্বীয় কার্য্য করিতে সমর্থ হয় না, তুমি সেই আত্মা, আমরা যেন তোমাকে জানিতে পারি ॥ ৫৮ ॥

কিন্তু হে ভগবন্! যদিও তুমি এই রূপ ভেদ বিহীন পরমব্রহ্ম, তথাপি যে সকল যোগী শ্রদ্ধান্বিত হইয়া সিদ্ধির নিমিত্ত তোমার পূর্ব্বোক্ত সাকার রূপের অর্চ্চনা করেন, বেদে ও তন্ত্রে তাঁহারাই পণ্ডিত বলিয়া গণ্য, যাহারা ঐ রূপের অনাদর করিয়া কেবল জ্ঞানে প্রবৃত্ত, তাহারা পণ্ডিত নহে, যে হেতু তোমার ঐ রূপ ভূত ইন্দ্রিয় ও অন্তঃকরণ দ্বারা উপলক্ষিত পদার্থ সকলের নিয়ন্তা ॥ ৫৯ ॥

প্রভো! তুমি এক আদ্য পুরুষ, তোমার মায়াশক্তি সুপ্তা থাকে সত্য, কিন্তু পরে তোমার ঐ শক্তি দ্বারাই রজঃ সত্ত্ব ও তমঃ এই গুণত্রয় বিভিন্ন হয়। তাহাতে ঐ সকল হইতে মহত্তত্ত্ব, অহঙ্কার তত্ত্ব, আকাশ, বায়ু, অগ্নি, জল পৃথিবী, দেব, ঋষি এবং ভূত সকল এতৎ সমুদয়াত্মক এই বিশ্ব উৎপন্ন হইয়া থাকে ॥ ৬০ ॥

স্পৃষ্টং স্বশক্ত্যেদমনু প্রবিষ্টশ্চতুর্ব্বিধং পুরমাত্মাংশকেন।
অথোবিদুস্তং পুরুষং সন্তমন্তর্ভুঙ্ক্তে হৃষীকৈর্ম্মধুসারঘং যঃ ॥ ৬১ ॥
স এষ লোকানতিচণ্ডবেগো বিকর্ষসি ত্বং খলু কালযানঃ।
ভূতানি ভূতৈরনুমেয় তত্ত্বো ঘনাবলীর্ব্বায়ুরিবাবিষহ্যঃ ॥ ৬২ ॥

শ্রীধরস্বামী।

এতদুপপাদয়তি স্পৃষ্টমিতি পুরং শরীরং চতুর্ব্বিধং। জরায়ুজাণ্ডজ স্বেদজোদ্ভিজ্জরূপেণ স্বাংশেন প্রবিষ্টঃ। অথো ইতি হেতৌ পুরস্যান্তঃ সন্তমংশং চিদাভাসং পুরি শয়নাৎ পুরুষং বিদুঃ। তর্হি কিমীশ্বরমেব সংসারিণং বিদুঃ নেত্যাহ। সরঘা মধুমক্ষিকাঃ তাভিঃ স্পৃষ্টং মধ্বিব ক্ষুল্লকং বিষয় সুখং অবিদ্যাবৃতঃ সন্ যোভুঙ্ক্তে তং জীবং বিদুঃ। তথাচ শ্রুতিঃ। তয়োরন্যঃ পিপ্পলং স্বাদ্বত্ত্যন-শ্নন্নন্যোঽভিচাকশীতি নির্দ্দিষ্ট গুহাং প্রবিষ্টাবাত্মানৌ হি তদ্দর্শনাদিত্যত্র ॥ ৬১ ॥

তবতু সর্ব্বনিয়ন্তুঃ কুতঃ সংসার ইত্যাহ। যঃ স্বশক্ত্যেদং স্পৃষ্টবান্ স এষ ত্বং খলু ভূতৈরেব ভূতানি মেঘপঙ্ক্তী র্বায়ুরিব কালয়ন্ বিচালয়ন্ লোকান্ বিকর্ষসি সংহরসি অনুমেয় তত্ত্বঃ অলক্ষ্য স্বরূপঃ ॥ ৬২ ॥

ক্রমসন্দর্ভঃ।

কালত্বমাহ। স এষ ইতি দ্বাভ্যাং। সর্ব্ব দুঃখ হন্তরি সর্ব্ব সুখদাতরি ত্বয্যিমুন্মুখং বিধাতুং দয়য়ৈব তথা বিভীষয়স ইতি ভাবঃ ॥ ৬২। ৬৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যস্ত্বন্তর্যামী সঙ্গী পুরুষোজীবঃ সতু নোপাস্য ইত্যাহ স্পৃষ্টমিতি ইদং চতুর্ব্বিধং জরায়ুজাণ্ডজ স্বেদজোদ্ভিজ্জরূপং আত্মা অন্তর্যামী অংশকেন যেন নিকৃষ্টাংশেন সহ প্রবিষ্ট স্তমপি অন্তঃ সন্তং অন্তরেব নতু বহিঃ সন্তং জীবং পুরুষং বিদুঃ যঃ সারঘং সরঘাভি র্ম্মধুমক্ষিকাভিঃ স্পৃষ্টং মধু হৃষীকৈর্ভুঙ্ক্তে। সারঘ দৃষ্টান্তেন তন্মক্ষিকাদংশসন্তপ্তস্যেপি তদ্ভোজনাত্যাগাদাসক্তি র্দ্দ্যোতিতা ততশ্চাতিশয়োক্ত্যলঙ্কারেণাভক্ত্যা সদুঃখং বিষয় সুখং তুচ্ছমবিদ্যাবৃতো যো ভুঙ্ক্তে ইত্যর্থঃ। তথাচ শ্রুতিঃ তয়োরন্যঃ পিপ্পলং স্বাদ্বত্ত্যনশ্নন্নন্যোঽভিচাকশীতীতি ॥ ৬১ ॥

তমেব ভক্তিহীনং জীবং সপরিচ্ছদমেব কাল স্বরূপ স্ত্বমাকর্ষসীত্যাহ সএষ ইতি দ্বাভ্যাং কালযানশ্চালয়ন্ লোকান্ ভোগ স্থানান্যপি ভূতানি ভূতৈরিতি জীবোজীবস্য জীবনমিতি ন্যায়েনেত্যর্থঃ অনুমেয় তত্ত্বঃ অলক্ষ্য স্বরূপঃ ॥ ৬২ ॥

ফলতঃ যিনি আপনার শক্তি দ্বারা জরায়ুজ, অণ্ডজ, স্বেদজ ও উদ্ভিজ্জ রূপ চতুর্ব্বিধ শরীর সৃষ্টি করিয়া আপনার অংশ দ্বারা ঐ সকলে প্রবিষ্ট হন, তাঁহাকে পুর অর্থাৎ শরীর মধ্যে শয়ন হেতু পণ্ডিতেরা পুরুষ বলিয়া থাকেন। প্রভো! ইহাতে এমত মনে করিবেন না যে আমি ঈশ্বরকে সংসারী বলিতেছি, যেমন মধুমক্ষিকারা আপনাদের সৃষ্ট মধু পান করিয়া থাকে তাহার ন্যায়, যিনি অবিদ্যায় আবৃত হইয়া ক্ষুদ্র বিষয় সুখ ভোগ করেন, তিনিই সংসারী জীব ॥ ৬১ ॥

হে অধীশ! তুমি সর্ব্বগুণের নিয়ন্তা তোমার সংসার কোথায়? ফলতঃ যিনি আত্মশক্তি দ্বারা এই বিচিত্র বিশ্ব সৃষ্টি করিয়াছেন, তুমি সেই পুরুষ, তোমার বেগ অতি প্রচণ্ড এবং কালই তোমার যান, তুমি তাদৃশ হইয়া, বায়ু যেমন ঘনাবলীকে বিচালিত করে তাহার ন্যায়, ভূত দ্বারা ভূত সকলকে সঞ্চালিত করত আকর্ষণ করিয়া থাক। কিন্তু কেহই তোমার স্বরূপ লক্ষ্য করিতে পারে না ॥ ৬২ ॥

প্রমত্তমুচ্চৈরিতিকৃত্য চিন্তয়া প্রবৃদ্ধলোভং বিষয়েষু লালসং।
ত্বমপ্রমত্তঃ সহসাভিপদ্যসে ক্ষুল্লেলিহানোঽহিরিবাখুমন্তকঃ ॥ ৬৩ ॥
কস্ত্বৎ পদাব্জং বিজহাতি পণ্ডিতো যস্তেঽবমানব্যয়মানকেতনঃ।
বিশঙ্কয়াস্মদ্গুরুরর্চ্চতিস্ম যদ্বিনোপপত্তিং মনবশ্চতুর্দ্দশ ॥ ৬৪ ॥
অথ ত্বমসি নোব্রহ্মন্ পরমাত্মন্ বিপশ্চিতাং। বিশ্বং রুদ্রভয়ধ্বস্তমকুতশ্চিদ্ভয়া গতিঃ।

শ্রীধরস্বামী।

বিকর্ষণ প্রকারমাহ প্রমত্তমিতি ইতিকৃত্যং এবমিদং কর্ত্তব্যমিতি চিন্তয়োচ্চৈঃ প্রমত্তং। তত্র হেতুঃ বিষয়েষু লালসং অতিকামুকং প্রাপ্তেপি বিষয়ে প্রবৃদ্ধলোভং অন্তকস্ত্বমভিপদ্যসে আক্রামসি ক্ষুধালেলিহানঃ জিহ্বয়ৌষ্ঠৌ প্রান্তৌ স্পৃশন্ সর্পোমূসিকমিব ॥ ৬৩ ॥

অতস্ত্বৎ পদাব্জং কস্ত্যজেৎ পণ্ডিতশ্চেৎ। কথম্ভূতঃ যস্তবাবমানোঽনাদর স্তেন ব্যয়মানং কেতনং শরীরং যস্য সঃ। যদস্মাকং গুরুর্ব্রহ্মা অর্চ্চতি স্মেতি সর্ব্বেষাং স্তোতৄণাং বাক্যং বিশঙ্কয়া নাশ শঙ্কয়া বিনোপপত্তিমিতি দৃঢ়বিশ্বাসেন মনবশ্চার্চ্চন্তিস্ম ॥ ৬৪ ॥

উপসংহরতি অথেতি। রুদ্রভয়েন ধ্বস্তং। অতো ন কুতশ্চিদ্ভয়ং যস্তাং তাদৃশী গতিরসি ॥ ৬৫ ॥

ক্রমসন্দর্ভঃ।

অতস্ত্বদ্ভক্তিরেব পুরুষার্থ ইত্যুপসংহরতি। ক ইতি দ্বাভ্যাং বিশঙ্কয়াপি হেতুনা কোবিজহাতি। অস্মদ্গুর্ব্বাদয়স্তু উপপত্তিং যুক্তিং বিনা স্বভাবত এবেত্যর্থঃ। তথা মনব ইতি। মন্বন্তরস্য ভক্তানামুপলক্ষণং চেতন ইতি চিৎ সম্বন্ধয়োঃ পাঠান্তরং ॥ ৬৪ ॥

হে বিপশ্চিতাং পরমাত্মন্ স্বভাবতঃ প্রেষ্ঠত্বমেবাস্মাকমকুতশ্চিদ্ভয়া গতিঃ ত্বাং বিনাতু বিশ্বং সর্ব্বমেব রুদ্রাৎ কালাৎ ভয়ং তেন ধ্বস্তমিতি ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বিকর্ষণ প্রকারমাহ প্রমত্তমিতি ইতি কৃত্যং এবমেবমিদং কর্ত্তব্যমিতি তচ্চিন্তয়া প্রমত্তং। অভিপদ্যসে আক্রমাসি ক্ষুধালেলিহানঃ জিহ্বয়া ওষ্ঠপ্রান্তৌ অতিশয়েন স্পৃশন্ সর্পঃ আখুং মূষিকমিব ॥ ৬৩ ॥

এবম্ভূতং ত্বাং নির্বুদ্ধিরেব নভজেদিত্যাহ ক ইতি। অবমানো দুষ্টজন কৃতোঽনাদর স্তেন ব্যয়মানং কেতনং নাশং প্রাপ্তমিব শরীরং যস্ত সঃ। যদস্মদ্গুরু র্ব্রহ্মা অর্চ্চতি স্মেতি সর্ব্বেষাং স্তোতৄণাং বাক্যং। বিশঙ্কয়া ভববন্ধ শঙ্কয়া মনবোপি উপপত্তিং যুক্তিং বিনা স্বভাবতএব বিশ্বাস দার্ঢ্যেন। যদ্বা কামনাং বিনা ॥ ৬৪ ॥

উপসংহরতি অথেতি বিপশ্চিতাং গতিরসি নত্ববিপশ্চিতাং যতো বিশ্বং রুদ্রভয় ধ্বস্তং বিশ্ববর্ত্তিনোঽজ্ঞা জীবাঃ কালভয় ধ্বস্তা এবেত্যর্থঃ ॥

স্বধর্ম্ম মনুতিষ্ঠন্ ইতি প্রচেতসাং কর্ম্মমিশ্র ভক্তি মন্ত্রমালক্ষ্যোক্তিঃ ॥ ৬৫ ॥

ভগবন্! লোক সকল বিষয়ার্থ অতিশয় লোলুপ, ইহাতে বিষয় প্রাপ্ত হইলেও তাহাদের লোভ নিবৃত্তি হয় না, বরং বর্দ্ধিত হইয়া উঠে, সুতরাং এই কর্ম্ম এই রূপে করিব এই চিন্তায় প্রমত্ত থাকে। পরন্তু তুমি অপ্রমত্ত অন্তক হইয়া, যেমন ক্ষুধা হেতু জিহ্বা দ্বারা ওষ্ঠ প্রান্ত স্পর্শকারী সর্প মূষিককে আক্রমণ করে তাহার ন্যায় ঐ সকল ব্যক্তিকে আক্রমণ করিয়া থাক ॥ ৬৩ ॥

অতএব তোমার প্রতি অবমান দ্বারা যাহাদের শরীর ব্যয়ীভূত না হয় তাদৃশ কোন্ পণ্ডিত ব্যক্তি তোমার পাদপদ্ম পরিত্যাগ করিবে? প্রভো! তোমার চরণ কমল কি সামান্য, আমাদের গুরু ব্রহ্মাও তাহার পূজা করেন এবং বিনাশ শঙ্কা হেতু, দৃঢ় বিশ্বাস করিয়া চতুর্দ্দশ মনুও তাহার অর্চ্চনা করিয়া থাকেন ॥ ৬৪ ॥

হে ব্রহ্মন্! এই বিশ্ব রুদ্র ভয়ে বিনষ্ট হইতেছে অতএব তুমি আমাদের গতি হও। হে পরমা-

মা জাতু তেজঃ প্রভবেন্মহর্দ্ধিভির্তিতিক্ষয়া তপসা বিদ্যয়াচ।
দেদীপ্যমানেঽজিতদেবতানাং কুলে স্বয়ং রাজকুলাদ্দ্বিজানাং ॥ ৩৫ ॥
ব্রহ্মণ্যদেবঃ পুরুষঃ পুরাতনো নিত্যং হরির্যচ্চরণাভিবন্দনাৎ।
অবাপ লক্ষ্মীমনপায়িনীং যশো জগৎ পবিত্রঞ্চ মহত্তমাগ্রণীঃ ॥ ৩৬ ॥
যৎ সেবয়াশেষগুহাশয়ঃ স্বরাট্ বিপ্রপ্রিয় স্তুষ্যতি কামমীশ্বরঃ।
তদেব তদ্ধর্ম্মপরৈর্বিনীতৈঃ সর্ব্বাত্মনা ব্রহ্মকুলং নিষেব্যতাং ॥ ৩৭ ॥

শ্রীধরস্বামী।

ইদানীং হরিভক্তি দার্ঢ্যায় ব্রাহ্মণ ভক্তিং বিধত্তে মাজাত্বিত্যষ্টভিঃ মহত্যশ্চ তা ঋদ্ধয়শ্চ তাভিঃ। যদ্রাজ কুলস্য তেজঃ তত্তস্মাৎ সকাশাৎ দ্বিজানাং কুলে অজিতো দেবতা যেষাং বৈষ্ণবানাং তেষাঞ্চ কুলে মা জাতু প্রভবেৎ কদাচিদপি প্রভাবং ন করোতু। কথম্ভূতে সমৃদ্ধিভি র্বিনাপি স্বয়মেব তিতিক্ষাদিভি র্দেদীপ্যমানে ॥ ৩৫ ॥

ব্রাহ্মণান্ স্তবয়াহ। যচ্চরণাভিবন্দনাৎ হরির্লক্ষ্মীং যশশ্চ অবাপ যৎ সেবয়া চেশ্বরঃ তুষ্যতি তদেব ব্রহ্মকুলং নিষেব্যতামিতি দ্বয়োরন্বয়ঃ ॥ ৩৬ ॥

হরের্লোকসংগ্রহ রূপো যো ধর্ম্মস্তৎপরৈঃ ॥ ৩৭ ॥

ক্রমসন্দর্ভঃ।

মাজাত্বিত্যস্য টীকাবতারিকায়াং ব্রাহ্মণভক্তিমিতি বৈষ্ণবমাত্রস্যাপি ব্রাহ্মণান্তঃপাতোঽঙ্গীকৃতঃ পদ্যার্থে দ্বয়োরপি ব্যাখ্যাস্যমানত্বাৎ ॥ ৩৫ ॥

ব্রহ্মণ্যেতি স্তুতিমাত্রমিদমিতি টীকাভিপ্রায়ঃ। তথাপ্যস্য জাত ভগবন্মহিমত্বাত্তাদৃশ্যুক্তিরসূচিতেতি। তত্রাবিষ্টোহরিরেব স্বয়ং লোক সংগ্রহায়াস্তৌদিত্যেবং সমাধেয়ং। যথা। যচ্চরণাভিবন্দন লক্ষণাদ্বিনয় গুণানপায়িনীং লক্ষ্মীং সর্ব্বাশ্রয়ণীয়তা লক্ষণাং সংপত্তিমবাপ। ভৃগুপরীক্ষাদাবিত্যর্থঃ। ততোযশশ্চেতি ॥ ৩৬ ॥

বিনীতৈরিত্যত্র হিতং সদেতি কচিৎ ॥ ৩৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ইদানীং ভক্তেঃ সুস্থিরত্বার্থং বৈষ্ণবব্রাহ্মণাবজ্ঞাং নিষিধ্যতি মা জাত্বিতি। মহর্দ্ধিভি র্মহা সম্পত্তিভি র্হেতুভির্যদ্রাজকুলাৎ রাজ কুলস্য তেজ স্তৎ জাতু কদাচিদপি মা প্রভবেৎ প্রভাবং মাকরোতু। কুত্র। অজিতদেবতানাং বৈষ্ণবানাং কুলে দ্বিজানাং কুলেচ কীদৃশে মহর্দ্ধিভি র্বিনাপি তিতিক্ষাদিভিঃ স্বয়মেব দেদীপ্যমানে ॥ ৩৫ ॥

ভক্তিদার্ঢ্যায় ব্রাহ্মণভক্তিং বিধত্তে সপ্তভিঃ। যচ্চরণেত্যাদিকং লোক সংগ্রহার্থক ভগবদ্বচনানুবাদমাত্রং জ্ঞেয়ং ॥ ৩৬ ॥

তদেব তস্মাদেব হেতোঃ ॥ ৩৭ ॥

আমি এক্ষণে প্রার্থনা করি যেন কোন রাজকুলের তেজঃ ব্রাহ্মণ ও বৈষ্ণবদের কুলে কখন আপন প্রভাব প্রকাশ না করে। অহো! ঐ সকল ব্যক্তিদের কুল বিনা সমৃদ্ধিতেও তিতিক্ষা, তপস্যা ও বিদ্যা এই তিন মহর্দ্ধি দ্বারা আপনিই সর্ব্বদা দীপ্তি পায়! ॥ ৩৫ ॥

তদনন্তর সভাসদ্গণকে সম্বোধন করিয়া কহিলেন, হে সভ্যগণ! পুরাতন পুরুষ হরি মহত্তম দিগের অগ্রণী, সাক্ষাৎ ব্রহ্মণ্যদেব, তিনি যাঁহাদের চরণ নিত্য বন্দনা করিয়া অচলা লক্ষ্মী এবং জগতের পবিত্রকারি যশঃ লাভ করিয়াছেন ॥ ৩৬ ॥

অপর যাঁহাদের সেবায় সর্ব্বান্তর্যামী স্বপ্রকাশ বিপ্রপ্রিয় পরমেশ্বর পরম প্রীত হয়েন, তোমরা বিনীত ও লোকসংগ্রহ রূপ ভগবদ্ধর্ম্মে তৎপর হইয়া সর্ব্বান্তঃকরণে সেই ব্রাহ্মণকুলের সেবা করিও॥ ৩৭

পুমাল্লঁভেতানতিবেলমাত্মনঃ প্রসীদতোঽত্যন্ত সমং স্বতঃ স্বয়ং।
যন্নিত্য সম্বন্ধ নিষেবয়া ততঃ পরং কিমত্রাস্তি মুখং হবির্ভুজাং ॥ ৩৮ ॥
অশ্নাত্যনন্তঃ খলুতত্ত্বকোবিদৈঃ শ্রদ্ধাহুতং যন্মুখ ইজ্য নামভিঃ।
ন বৈ তথা চেতনয়া বহিষ্কৃতে হুতাশনে পারমহংস্যপর্য্যগুঃ ॥ ৩৯ ॥

শ্রীধরস্বামী।

নমু ব্রহ্মকুল এব নিত্যং সেব্যমানে সর্ব্বদেবতামুখভূতেঽগ্নৌ যজ্ঞাদ্যনুষ্ঠানং ন স্যাৎ। নচ তেন বিনা চিত্তশুদ্ধিঃ নচ তয়া বিনা মোক্ষঃ স্যাদিত্যাশঙ্ক্যাহ পুমানিতি দ্বাভ্যাং। যস্য ব্রহ্মকুলস্য নিত্যং সম্বন্ধেন নিষেবয়া পুমান্ স্বয়মেব জ্ঞানাভ্যাসাদিকং বিনাপি অত্যুত্তমং শমং মোক্ষং লভেত কুতঃ যৎ সেবয়া স্বতএব অনতিবেলং শীঘ্রং প্রসীদতঃ শুধ্যতঃ আত্মনশ্চিত্তাৎ। ততঃ পরং শ্রেষ্ঠং দেবানাং কিং মুখমস্তি ব্রাহ্মণসেবয়ৈব যজ্ঞাদিফলং তৎ সর্ব্বং ভবতীত্যর্থঃ ॥ ৩৮ ॥

হরেরপি তদেব পরং মুখমিত্যাহ অশ্নাতীতি। ইজ্যানাং ইন্দ্রাদীনাং নামভিঃ যস্য মুখে শ্রদ্ধয়া হুতং হবিঃ অনন্তো যথাশ্নাতি তথা চেতনয়া রহিতে হুতাশনে হুতং নাশ্নাতি কৈর্হুতমশ্নাতি তত্ত্বকোবিদৈঃ সর্ব্বদেবময়শ্চৈতন্যমূর্ত্তিরনন্ত ইতি তত্ত্বং বিদন্তিঃ কুত এবম্ভূতোসৌ তত্রাহ পারমহংস্যং জ্ঞানং তৎপরা নর্হন্তি অধিকুর্ব্বন্তীতি পারমহংস্যপর্য্যাঃ তা গাবো বাচো যস্মিন্। উপনিষদ্ভির্জ্ঞানঘনত্বেনোক্ত ইত্যর্থঃ। যদ্বা পরমহংসানাং জ্ঞাননিষ্ঠানাং গম্যঃ পারমহংস্যঃ পরিতো ন গচ্ছন্তি গাবো যস্মাৎ স পর্য্যগুঃ ইন্দ্রিয় নিয়ন্তা সচাসৌ সচ পারমহংস্যপর্য্যগুঃ জ্ঞানরূপ সর্ব্বান্তর্যামীত্যর্থঃ ॥ ৩৯ ॥

ক্রমসন্দর্ভঃ।

ততঃ পরমিতি তু পরেণ যোজনীয়ং ॥ ৩৮ ॥

মুখ্যত্ব সিদ্ধঃ পর্য্যগুরিতি। গাব ইন্দ্রিয়াণি। তস্মাৎ যং পরিত্যজ্য হেতোর্ব্বা পূর্ব্বত্র নগচ্ছন্তি স্বাতন্ত্র্যেণ নতিষ্ঠন্তীত্যর্থঃ। উত্তরত্র যমেবালম্ব্য বর্ত্তন্ত ইত্যর্থঃ ॥ ৩৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নমু ব্রহ্মকুলএব নিত্যং সেব্যমানে সর্ব্বদেবতামুখভূতেঽগ্নৌ যজ্ঞাদ্যনুষ্ঠানং ন স্যাৎ নচ তেন বিনা চিত্তশুদ্ধির্নচ তয়া বিনা মোক্ষঃ স্যাদিত্যাশঙ্ক্যাহ পুমানিতি দ্বাভ্যাং যস্য ব্রাহ্মণকুলস্য নিত্য সম্বন্ধেন নিষেবয়া আত্মনো মনসঃ প্রসীদতঃ ক্রমেণ প্রসন্নীভবতঃ অত্যন্ত শমং মোক্ষং স্বয়ং লভেত অনতিবেলং শীঘ্রমেব অতএব ততঃ পরং কিং হবির্ভুজাং দেবানাং মুখমস্তি ব্রাহ্মণ সেবয়ৈব যজ্ঞাদি ফলং জ্ঞানফলং চ সর্ব্বমেব সিদ্ধ্যতীত্যর্থঃ ॥ ৩৮ ॥

হরেরপি তদেব পরং মুখমিত্যাহ অশ্নাতীতি শ্রদ্ধয়াহুতং দত্তং ইজ্যানাং নামভিরিতি যথা ইন্দ্রায় স্বাহা আদিত্যায় স্বাহেতি ইজ্যানামিন্দ্রাদীনাং নাম্না বহ্নাবাহুতি দীয়তে তথৈব তেষাং নাম্না যদি ব্রাহ্মণমুখে পক্বান্নানি সমর্পতি তদা অনন্ত এবাশ্নাতি তস্মিংশ্চ ভুক্তবতি তেষাং শাশ্বতী তৃপ্তিঃ প্রীতিশ্চস্যাদিত্যর্থঃ। চেতনয়া বহিষ্কৃতে রহিতে পারমহংস্য পরান্ জ্ঞানিনো ভক্তাংশ্চার্হন্তীতি পারমহংস্যপর্য্যা গাবো বেদবাচোঽঙ্গ কিরণাশ্চ যস্য সঃ ॥ ৩৯ ॥

অহে সভ্যগণ! ব্রাহ্মণ কুলের নিত্য সেবা করিলে অতি শীঘ্রই চিত্ত শুদ্ধি হয়, তাহাতে জ্ঞানাভ্যাসাদি ব্যতিরেকেও পুরুষের পরম শান্তি অর্থাৎ মোক্ষ লাভ হয়। অতএব দেবতাদের পক্ষেও ব্রাহ্মণ অপেক্ষা শ্রেষ্ঠ বস্তু নাই, তোমরা বিপ্রকুলেরই সেবা কর, তাহা করিলেই যজ্ঞাদির ফল প্রাপ্ত হইবে ॥ ৩৮ ॥

হে সভ্যগণ! ব্রাহ্মণ জাতি ভগবান্ হরিরও মুখ "ভগবান্ অনন্ত সর্ব্ব দেবময় চৈতন্য মূর্ত্তি" এই তত্ত্ববেত্তা ব্যক্তিরা যজনীয় ইন্দ্রাদি দেবতার নাম দ্বারা শ্রদ্ধা পূর্ব্বক ব্রাহ্মণদের মুখে হোম করিলে ভগবান্ অনন্ত সেই হবিঃ যেমন ভোজন করেন, অচেতন হুতাশনে প্রক্ষেপ করিলে তাঁহার তেমন ভোজন হয় না, যে হেতু উপনিষদে তাঁহাকে জ্ঞানঘন করিয়া বলিয়াছেন ॥ ৩৯ ॥

যদ্ব্রহ্ম নিত্যং বিরজং সনাতনং শ্রদ্ধাতপো মঙ্গল মৌন সংযমৈঃ।
সমাধিনা বিভ্রতি হার্থ দৃষ্টয়ে যত্রেদমাদর্শ ইবাব ভাসতে ॥ ৪০ ॥
তেষামহং পাদসরোজরেণুমার্য্যাবহেয়াধি কিরীটমায়ুঃ।
যং নিত্যদা বিভ্রত আশু পাপং নশ্যত্যমুং সর্ব্বগুণা ভজন্তি ॥ ৪১ ॥
গুণায়নং শীলধরং কৃতজ্ঞং বৃদ্ধাশ্রয়ং সংবৃণুতেঽনুসম্পদঃ।
প্রসীদতাং ব্রহ্মকুলং গবাঞ্চ জনার্দ্দনঃ সানুচরশ্চ মহ্যং ॥
শ্রীমৈত্রেয় উবাচ ॥

শ্রীধরস্বামী।

ন কেবলং চেতনত্বেন হুতাশনাদ্বিশেষঃ কিন্তু বেদজ্ঞানাদপীত্যাহ। যদিত্যবয়ং যে ব্রহ্ম বেদং নিত্যং বিভ্রতি তেষামিত্যুত্তরেণান্বয়ঃ। মঙ্গলং নাম প্রশস্তাচরণং নিত্যমপ্রশস্তস্য বর্জ্জনং। এতদ্ধি মঙ্গলং প্রোক্তমৃষিভি স্তত্ত্বদর্শিভিঃ ইত্যুক্তং মৌনমধ্যয়ন বিরোধি বার্ত্তা ত্যাগঃ সমাধিনা চিত্তস্থৈর্য্যেণ। অর্থদৃষ্টয়ে বেদার্থমপি বিচারয়ন্তীত্যর্থঃ। যত্র বেদে ইদং বিশ্বং ॥ ৪০ ॥
হে আর্য্যাঃ আ আয়ুঃ যাবজ্জীবং অধিকিরীটং মুকুটস্যোপরিবহেয়েতি প্রার্থনায়াং লিঙ্। যং রেণুং ॥ ৪১ ॥
গুণভজনস্য ফলমাহ গুণায়নমিতি। অনু সম্পদঃ সংবৃণুতে সম্যগ্ ভজন্তি তস্মাৎ প্রসীদতাং প্রসীদতু গবাঞ্চ কুলং ॥ ৪২ ॥

ক্রমসন্দর্ভঃ।

যদ্ব্রহ্মেতেতি যুগ্মকং। যদিতি। জসো লুক্ ছান্দসঃ যোধিকীরীটমায়ুরিতি চিৎসুখঃ যো রেণুঃ ॥ ৪০। ৪১ ॥
বৃদ্ধাশ্রয়মিতি। তাদৃশং ব্রাহ্মণমেকমপ্যাশ্রিতবন্তমিত্যর্থঃ গুণায়নমিত্যাদিক মধিকারিণো বৃদ্ধাশ্রয়স্য বিশেষণং। গুণাশ্চাত্র শাস্ত্যাদয়ঃ সংপদো বিদ্যাদয়শ্চ অতএব গুণশব্দেন পূর্ব্বত্রোক্তাঃ। অত্র ব্রাহ্মণানামেব সর্ব্বোপদেষ্টৃত্বাৎ প্রসাদ্যত্বে শ্রৈষ্ঠ্য-

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

চেতনত্বেনৈব হুতাশনাদ্বিপ্রাণাং ন শ্রৈষ্ঠ্যং কিন্তু বেদজ্ঞানাদেবেত্যাহ যদযস্মাদ্ব্রহ্ম বেদং শ্রদ্ধাদিভি র্বিভ্রতি মঙ্গলং নাম প্রশস্তাচরণং নিত্যমপ্রশস্তস্য বর্জ্জনং। যত্তদ্ধি মঙ্গলং প্রোক্তমৃষিভিস্তত্ত্বদর্শিভিঃ। মৌনমধ্যয়নবিরোধিবার্ত্তা ত্যাগঃ। সমাধিনা চিত্তস্থৈর্য্যেণ কিমর্থং অর্থানাং বস্তুমাত্রাণাং দৃষ্টয়ে জ্ঞানায়। কথমেব মত আহ যত্র বেদে ইদং জগৎ সর্ব্বমেব অবভাসতে জ্ঞানবিষয়ী ভবতি আদর্শে দর্পণে ইব ॥ ৪০ ॥
হে আর্য্যাঃ আ আয়ু র্যাবজ্জীবং অধিকিরীটং বাহেয় প্রার্থনায়াং লিঙ্ যং বেণুং অমুং বিভ্রতং পুমাংসং ॥ ৪১ ॥
গুণভজনস্য ফলমাহ গুণায়নমিতি সম্যক্ স্বয়মেব বৃণুতে পতিম্বরা ইবেত্যর্থঃ। তস্মাৎ প্রসীদতাং প্রসীদতু ॥ ৪২ ॥

অপর যে বেদে আদর্শের ন্যায় এই বিশ্ব প্রকাশ পায়, যাঁহারা শ্রদ্ধা তপস্যা মঙ্গল (প্রশস্তাচরণ ও অপ্রশস্ত বর্জন) মৌন (অধ্যয়ন বিরোধি বার্ত্তা পরিত্যাগ) ইন্দ্রিয় সংযম এবং সমাধি (চিত্তের একাগ্রতা) দ্বারা সেই সনাতন নির্ম্মল দেবকে অর্থদর্শনার্থ নিত্য ধারণ করেন অর্থাৎ যথার্থ অর্থ নিঃসারণার্থ অহরহঃ বেদার্থেরও বিচার করিয়া থাকেন ॥ ৪০ ॥

হে আর্য্যসকল! আমি যেন যাবজ্জীবন সেই ব্রাহ্মণদিগের পাদরেণু আপনার মুকুটোপরি বহন করিতে পাই। ব্রাহ্মণদিগের চরণধূলি সামান্য বস্তু নহে, যে পুরুষ নিত্য ধারণ করেন তাঁহার পাপ আশু বিনষ্ট হইয়া যায় এবং সমস্ত গুণ স্বয়ং গিয়া তাঁহাকে ভজনা করিতে থাকে ॥ ৪১ ॥

হে মহোদয়গণ। ব্রাহ্মণ-সেবী পুরুষ এই প্রকারে সকল গুণের অভিলষণীয় হওয়াতে আপনা হইতেই সুশীল কৃতজ্ঞ ও বৃদ্ধজনের আশ্রয় হয়, তাহাতে সম্পত্তি সকল স্বয়ং গিয়া তাঁহাকে অবলম্বন

ইতি ব্রুবাণং নৃপতিং পিতৃদেবদ্বিজাতয়ঃ। তুষ্টুবুর্হৃষ্টমনসঃ সাধুবাদেন সাধবঃ ॥ ৪২ ॥

পুত্রেণ জয়তে লোকানিতি সত্যবতী শ্রুতীঃ। ব্রহ্মদণ্ডহতঃ পাপো যদ্বেণোঽত্যতরত্তমঃ।

হিরণ্যকশিপুশ্চাপি ভগবন্নিন্দয়া তমঃ। বিবিক্ষুরত্যগাৎসূনোঃ প্রহ্লাদস্যানুভাবতঃ।

অধ্যাত্মযোগেন বিনৈবাসক্ত্যা কর্ম্মাণি কুর্ব্বন্। যদ্বা। অধ্যাত্মেতি সপ্তম্যর্থেঽব্যয়ীভাবঃ। আত্মনি স্বতঃ সিদ্ধো যো

যে কালে যে দেশে যে যে কর্ম্ম করিতে হয়, তাঁহার যেমন বিত্ত যেমন শক্তি ও যদ্রূপ অনুষ্ঠান করা কর্ত্তব্য তদনুসারে পরব্রহ্মে অর্পণ পূর্ব্বক সমুদায় কর্ম্ম করিতে লাগিলেন ॥ ৪৮ ॥

যদিও গৃহাশ্রমে রহিলেন এবং সাম্রাজ্য শ্রী বর্ত্তমান থাকিল, তথাপি সঙ্গ ত্যাগ পূর্ব্বক সমাহিত হইয়া থাকিতেন এবং কর্ম্ম ফল পরব্রহ্মে সমর্পণ করিতেন, অতএব অহঙ্কার শূন্য ও সূর্য্যের ন্যায় নির্ম্মল হওয়াতে ইন্দ্রিয় বিষয়ে তাঁহার আর আসক্তি হইল না ॥ ৪৯ ॥

বৎস বিদুর। এই প্রকারে অধ্যাত্মযোগ যুক্ত হইয়া কর্ম্মানুষ্ঠান করিতে করিতে কালক্রমে আদি

বিজিতাশ্বং ধূম্রকেশং হর্য্যক্ষং দ্রবিণং বৃকং । সর্ব্বেষাং লোকপালানাং দধারৈকঃ পৃথক্ গুণান্ ।
গোপীথায় জগৎসৃষ্টেঃ কালে স্বেস্বেঽচ্যুতাত্মকঃ ॥ ৫০ ॥
মনোবাঙ্মূর্ত্তিভিঃ সৌম্যৈর্গুণৈঃ সংরঞ্জয়ন্ প্রজাঃ । রাজেত্যধান্নামধেয়ং সোমরাজ ইবাপরঃ ॥ ৫১
সূর্য্যবদ্বিসৃজন্ গৃহ্নন্ প্রতপংশ্চ ভুবোবসু । দুর্দ্ধর্ষ তেজসেবাগ্নি র্মহেন্দ্র ইব দুর্জয়ঃ ॥ ৫২ ॥
তিতিক্ষয়া ধরিত্রীব দ্যৌরিবাভীষ্টদো নৃণাং । বর্ষতিস্ম যথা কামং পর্জ্জন্য ইব তর্পয়ন্ ॥ ৫৩ ॥
সমুদ্র ইব দুর্ব্বোধঃ সত্ত্বেনাচলরাড়িব । ধর্ম্মরাড়িব শিক্ষায়ামাশ্চর্য্যে হিমবানিব ।

শ্রীধরস্বামী ।

সোমশ্চাসৌ রাজাচ স ইব ॥ ৫১ ॥
ভুবো বসু ধনং গৃহ্নন্ বিসৃজংশ্চাসৌ সূর্য্যবৎ । রাজ্ঞঃ প্রতপনমাজ্ঞাকরণং অগ্নিরিব দুর্দ্ধর্ষঃ ॥ ৫২ ॥
দ্যৌঃ স্বর্গইব ॥ ৫৩ ॥
সমুদ্রো যথা গাম্ভীর্য্যেণ এতাবানিতি ন বুধ্যতে । তথা অসাবপি অভিপ্রায়তো দুর্ব্বোধঃ । অচলরাট্ মেরুরিব ॥ ৫৪ ॥

ক্রমসন্দর্ভঃ ।

পুত্রানুৎপাদয়ামাসেতি প্রাক্তনী কথা ॥
যথা পূর্ব্বং বন্দিভিঃ স্তুত স্তথৈবাসৌ সর্ব্বদাভূদিতি দর্শয়ন্নাহ । সর্ব্বেষামিত্যাদি ॥ ৫০ । ৫১ । ৫২ । ৫৩ । ৫৪ । ৫৫ । ৫৬ । ৫৭ । ৫৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

যোগ আসক্তিবিনাভূত বিষয় ভোগ লক্ষণঃ সিদ্ধি বিশেষ স্তেনৈব পুত্রানুৎপাদয়ামাস । নতু পুত্রোৎপাদন হেতুকঃ কোপস্তস্য স্ত্রীবিষয়কঃ কোপি কামবিকারোঽস্তীত্যর্থঃ ॥
যথা পূর্ব্বং বন্দিভিঃ সংস্তুত স্তথৈবাসৌ সর্ব্বদাভূদিতি দর্শয়ন্নাহ সর্ব্বেষামিতি গোপীথায় পালনায় ॥ ৫০ ॥
সোমশ্চাসৌ রাজাচেতি স ইব ॥ ৫১ ॥
বসু ধনং রসঞ্চ ॥ ৫২ ॥
দ্যৌঃ স্বর্গইব ॥ ৫৩ ॥
সত্ত্বেন স্থৈর্য্যেণ অচলরাট্ সুমেরুঃ ॥ ৫৪ ॥

রাজ পৃথুর অর্চ্চি নাম্নী স্বীয় বনিতাতে আত্ম তুল্য পাঁচটী পুত্র উৎপন্ন হইল, তাহাদের সকলের নাম বিজিতাশ্ব, ধূম্রকেশ, হর্য্যক্ষ, দ্রবিণ এবং বৃক । বৎস ! যদিও পৃথু একাকী ছিলেন তথাচ অচ্যুতাত্মা হওয়াতে জগতের রক্ষণার্থ কালে কালে সকল লোকপালের পৃথক্ পৃথক্ গুণ ধারণ করিতেন ॥ ৫০ ॥

সৌম্য মনঃ বাক্য এবং মূর্ত্তি ও গুণ দ্বারা প্রজাপুঞ্জের মনোরঞ্জন করাতে দ্বিতীয় সোমরাজ চন্দ্রের ন্যায় তাঁহার "রাজা" এই খ্যাতি হইয়াছিল ॥ ৫১ ॥

সূর্য্য যেমন রশ্মিযোগে পৃথিবীর রস আকর্ষণ করিয়া পুনর্ব্বার বর্ষণ দ্বারা বিসর্জন করিয়া থাকেন, তাহার ন্যায়, তিনি প্রজাবর্গের নিকট কর রূপে ধন গ্রহণ এবং উপযুক্ত কালে পুনর্ব্বার প্রত্যর্পণ করিতেন । তাঁহার প্রতাপে অন্যান্য রাজারা আজ্ঞাকারী হইয়াছিল । কিন্তু স্বয়ং তেজঃ দ্বারা অগ্নি তুল্য দুর্দ্ধর্ষ ও মহেন্দ্রের ন্যায় দুর্জয় ছিলেন ॥ ৫২ ॥

তাঁহার সহিষ্ণুতা ধরণীর তুল্য ছিল এবং স্বর্গের ন্যায় মানবগণের অভীষ্ট প্রদ হইয়া মেঘবৎ সন্তোষ প্রদান পূর্ব্বক যাহার যেমন কামনা তদ্রূপ অভিলষিত বস্তু বর্ষণ করিতেন ॥ ৫৩ ॥

অপর সমুদ্র যেমন গাম্ভীর্য্য হেতু এত বলিয়া অনুমেয় হয় না, তিনিও তদ্রূপ অভিপ্রায় বিষয়ে

কুবেরইব কোষাঢ্যো গুপ্তার্থো বরুণো যথা ॥ ৫৪ ॥
মাতরিশ্বেব সর্ব্বাত্মা বলেন সহসৌজসা ॥ ৫৫ ॥
অবিসহ্য তয়া দেবো ভগবান্ ভূতরাড়িব। কন্দর্প ইব সৌন্দর্য্যে মনস্বী মৃগরাড়িব ॥ ৫৬
বাৎসল্যে মনুবন্নৃণাং প্রভুত্বে ভগবানজঃ। বৃহস্পতির্ব্রহ্মবাদে আত্মবত্ত্বে স্বয়ং হরিঃ ॥ ৫৭ ॥
ভক্ত্যা গো গুরু বিপ্রেষু বিষ্বক্‌সেনানুবর্ত্তিষু। হ্রিয়া প্রশ্রয় শীলাভ্যামাত্ম তুল্যঃ পরোদ্যমে ॥৫৮
কীর্ত্ত্যোর্দ্ধ্ব গীতয়া পুংভিস্ত্রৈলোক্যে তত্র তত্র হ। প্রবিষ্টঃ কর্ণরন্ধ্রেষু স্ত্রীণাং রামঃ সতামিব ॥৫৯

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং চতুর্থস্কন্ধে পৃথুচরিতে কুমারোপদেশো দ্বাবিংশোঽধ্যায়ঃ ॥ * ॥ ২২ ॥ * ॥

শ্রীধরস্বামী।

সর্ব্বাত্মা সর্ব্বত্র সঞ্চারে শক্তঃ বলাদিভির্মাতরিশ্বেব ॥ ৫৫ ॥
ভূতরাট্ শ্রীরুদ্রঃ ॥ ৫৬ ॥ অজো ব্রহ্মেব আত্মবত্ত্বে জিতেন্দ্রিয়ত্বে ॥ ৫৭ ॥
ভক্ত্যাদিভিঃ পরার্থোদ্যমে চাত্মনৈব তুল্যঃ নিরুপমঃ ॥ ৫৮ ॥
পুংভিঃ সৎ পুরুষৈঃ রামঃ সীতাপতিঃ যথা সতাং কর্ণরন্ধ্রেষু প্রবিষ্টঃ ॥ ৫৯ ॥
॥ * ॥ ইতি চতুর্থে দ্বাবিংশঃ ॥ * ॥

ক্রমসন্দর্ভঃ।

স্ত্রীণাং সৎ স্ত্রীভিশ্চোর্দ্ধং গীতয়া সর্ব্বোর্দ্ধত্বেন নীতয়েত্যর্থঃ ॥ ৪৯ ॥
॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে চতুর্থস্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভস্য দ্বাবিংশতিতমোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

সর্ব্বাত্মা সর্ব্বত্র সঞ্চারযুক্তঃ ॥ ৫৫। ৫৬ ॥
অজো ব্রহ্মা আত্মবত্ত্বে জিতেন্দ্রিয়ত্বে ॥ ৫৭ ॥ ভক্ত্যাদিভিঃ পরার্থোদ্যমেনেচ আত্মনৈব তুল্যো নিরুপমঃ ॥ ৫৮। ৫৯ ॥
॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। দ্বাবিংশোপি চতুর্থস্য সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

দুর্ব্বোধ্য ছিলেন অর্থাৎ তাঁহার কি করিতে ইচ্ছা কেহই জানিতে পারিত না। অপর তিনি স্থৈর্য্য দ্বারা সুমেরু তুল্য, শিক্ষা বিষয়ে ধর্ম্মরাজ সদৃশ, আশ্চর্য্যে হিমালয়ের সমান এবং কুবের তুল্য কোষাঢ্য ছিলেন, আর তিনি বরুণের ন্যায় অর্থ গোপন করিতেন ॥ ৫৪ ॥

অপিচ সর্ব্বত্র গমনাগমনে ক্ষমতা থাকাতে কেবল সাহস ও প্রতাপ বিষয়ে বায়ুর তুল্য ছিলেন ॥ ৫৫

তাঁহার এমত উগ্র স্বভাব ছিল যে সাক্ষাৎ ভগবান্ রুদ্র বলিয়া বোধ হইত এবং কন্দর্প সদৃশ সৌন্দর্য্যবান্ ও মৃগেন্দ্রের ন্যায় প্রশস্তমনা ছিলেন ॥ ৫৬ ॥

অপর তিনি প্রজাবাৎসল্যে মনুর তুল্য, মনুষ্যদের উপরে প্রভুত্বে ব্রহ্মার সদৃশ, বেদবাদে বৃহস্পতির সমান এবং জিতেন্দ্রিয়তা বিষয়ে সাক্ষাৎ ভগবান্ হরির সদৃশ ছিলেন ॥ ৫৭ ॥

আর গো ব্রাহ্মণ, গুরু ও বিষ্ণুভক্ত জনের প্রতি ভক্তি এবং লজ্জা, বিনয়, শীল ও পরার্থ উদ্যমে তাঁহার উপমা স্থান ছিল না ॥ ৫৮ ॥

ত্রিলোকী মধ্যে সর্ব্বস্থানে সকল পুরুষেই তাঁহার যশঃ গান করিত, তাহাতে সীতাপতি রামচন্দ্র যেমন সাধু পুরুষদের কর্ণরন্ধ্রে প্রবিষ্ট হয়েন, তাহার ন্যায় তিনিও কুলকামিনীগণের শ্রবণ বিবরে প্রবিষ্ট হয়েন, তাঁহার ন্যায় তিনিও কুলাঙ্গনাগণে শ্রবণ বিবরে প্রবিষ্ট হইতেন ॥ ৫৯ ॥

॥ * ॥ ইতি চতুর্থে দ্বাবিংশ ॥ * ॥

শ্রীমৈত্রেয় উবাচ।

দৃষ্ট্বাত্মানং প্রবয়সমেকদা বৈণ্য আত্মবান্। আত্মনা বর্দ্ধিতাশেষ স্বানুসর্গঃ প্রজাপতিঃ ॥ ১ ॥

জগতস্তস্থুষশ্চাপি বৃত্তিদো ধর্ম্মভৃৎ সতাং। নিষ্পাদিতেশ্বরাদেশো যদর্থমিহ জজ্ঞিবান্ ॥ ২ ॥

আত্মজেষ্বাত্মজাং ন্যস্য বিরহাদ্রুদতীমিব। প্রজাসু বিমনঃস্বেকঃ সদারোঽগাত্তপোবনং ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

ত্রয়োবিংশে সভার্য্যস্য বনে নিত্য সমাধিতঃ। বিমানমধিরুহ্যাথ বৈকুণ্ঠগতিরীর্য্যতে ॥ ০ ॥

প্রবয়সং বৃদ্ধং দৃষ্ট্বা তপোবনমগাদিতি তৃতীয়েণান্বয়ঃ। স্বকৃতোঽনুসর্গঃ অন্নাদি সর্গঃ পুর গ্রামাদি সর্গশ্চ বর্দ্ধিতোঽশেষঃ স্বানুসর্গো যেন ॥ ১ ॥

নিষ্পাদিত ঈশ্বরাদেশঃ প্রজাপালনাদির্যেন। জজ্ঞিবান্ জাতঃ ॥ ২ ॥

আত্মজাং পৃথ্বীং বিমনঃসু চিন্তাতুরাসু সদারঃ সভার্য্যঃ ॥ ৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

দৃষ্ট্বেতি ত্রিকং ॥ ১ ॥

নিষ্পাদিতেতি তস্য ভগবৎ পার্ষদত্বং লীলামাত্রাঙ্গীকৃতেন নরাকারোপাধিত্বং তদাদেশসম্পাদনার্থমেব ধর্ম্মজ্ঞানাদ্যনুকরণং। তদাদেশশ্চ সাধারণ লোকশিক্ষার্থমেবেতি ব্যক্তং তদেবমপি শুদ্ধ ভক্তত্বমেব স্থাপিতং ॥ ২ ॥

রোদনে লিঙ্গং প্রজাসু বিমনঃ স্বিতি ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ত্রয়োবিংশে বনং গত্বা তপঃ কৃত্বা হরিং যজন্। ত্যক্ত্বা নৃলোকং সস্ত্রীকো বৈকুণ্ঠমগমৎ পৃথুঃ ॥ ০ ॥

আত্মানং দেহং প্রবয়সং বৃদ্ধং দৃষ্ট্বা অদ্যাপি ভগবানস্মাং সাক্ষাৎ সেবার্থং স্বপার্শ্বং ন নয়তীত্যতোঽনুমীয়তে মম তাবৎ প্রমাণকং ভজনং নাভূন্নিকষায়ত্বাচ নবর্ত্তত ইত্যতো বানপ্রস্থাশ্রমমিষেণ বনং গত্বা কীর্ত্তন স্মরণাভ্যামষ্টাবেব যামান্নয়ন্নহং পূর্ব্ব পুরুষো ধ্রুব ইব শীঘ্রং ভগবৎ প্রাপ্ত্যর্থমেব তপঃ কুর্ব্বন্ লোকে বানপ্রস্থ ধর্ম্মং খ্যাপয়ামীতি মনসি নিশ্চিত্য তপোবনমগাদিতি তৃতীয়েনান্বয়ঃ আত্মনা স্বেনৈব বর্দ্ধিতোঽশেষঃ স্বীয়োঽনুসর্গঃ অন্নাদি পুরগ্রামাদি সর্গো যেন সঃ। আত্মজাং পৃথ্বীং ॥ ১।২।৩ ॥

ত্রয়োবিংশতি অধ্যায়ে ভার্য্যা সহ বন প্রস্থান করিয়া নিত্য সমাধি দ্বারা বিমানারোহণ পূর্ব্বক পৃথুর বৈকুণ্ঠ গমন ॥ ০ ॥

মৈত্রেয় কহিলেন বৎস বিদুর! ব্রহ্মতনয় যোগীশ্বর সনৎকুমারের প্রমুখাৎ আত্মতত্ত্ব শ্রবণাবধি, প্রজাপতি পৃথু সর্ব্বদা আত্মনিষ্ঠ থাকিতেন এবং অন্নাদি দান ও পুর গ্রামাদির উৎসর্গ অশেষ রূপে বর্দ্ধিত করিয়াছিলেন। ঐ রূপে কাল যাপন করিতে করিতে একদা বিবেচনা করিলেন আমি ত এক্ষণে প্রাচীন হইলাম ॥ ১ ॥

পৃথিবীস্থ স্থাবর জঙ্গমের বৃত্তি বিধান ও সাধু পুরুষদিগের ধর্ম্ম পালন করিয়াছি, অপর যে প্রজা রক্ষণার্থ ভূমণ্ডলে আমার জন্ম হয়, যথাসাধ্য তাহা নির্ব্বাহ করাতে জগদীশ্বরের আদেশও নিষ্পাদিত হইয়াছে ॥ ২ ॥

এক্ষণে আর গৃহাশ্রমে কি প্রয়োজন? এই প্রকার বিবেচনা করিয়া আপনার পুত্রী স্বরূপা পৃথ্বীকে পুত্র হস্তে সমর্পণ পূর্ব্বক তপস্যার্থ ভার্য্যা সহ একাকী তপোবনে প্রস্থান করিলেন। তাঁহার বিরহে ধরণী যেন রোদন করিতে লাগিলেন এবং প্রজাকুল অতিশয় চিন্তাকুল হইল ॥ ৩ ॥

তত্রাপ্যদাভ্য নিয়মো বৈখানসসুসম্মতে। আরব্ধ উগ্রে তপসি যথা স্ববিজয়ে পুরা ॥ ৪ ॥
কন্দমূল ফলাহারঃ শুষ্কপর্ণাশনঃ ক্বচিৎ। অব্ভক্ষঃ কতিচিৎ পক্ষান্ বায়ুভক্ষস্ততঃ পরং ॥ ৫ ॥
গ্রীষ্মে পঞ্চতপা বীরো বর্ষাস্বাসারষাণ্মুনিঃ। আকণ্ঠমগ্নঃ শিশিরে উদকে স্থণ্ডিলেশয়ঃ ॥
তিতিক্ষুর্যতবাগ্দান্ত ঊর্দ্ধরেতা যতানিলঃ। আরিরাধয়িষুঃ কৃষ্ণমচরত্তপ উত্তমং ॥ ৬ ॥

শ্রীধরস্বামী।

অদাভ্যা বিঘ্নৈর্দংশয়িতুমশক্যা নিয়মা যস্য। বানপ্রস্থানাং সুসম্মতে উগ্রে তপসি আরব্ধঃ প্রবৃত্তঃ কর্ত্তরি ক্তঃ। স্বস্য ধরামণ্ডলস্য বিজয়ে পূর্ব্বং যথা মহতা যত্নেন প্রবৃত্তঃ ॥ ৪ ॥

উগ্রং তপো দর্শয়তি কন্দমূলেতি ত্রিভিঃ ক্বচিৎ কদাচিৎ ॥ ৫ ॥

চতুর্দ্দিক্ষু চত্বারোঽগ্নয়ঃ উপরি সূর্য্য ইতি পঞ্চানাং তপঃ সন্তাপো যস্য স পঞ্চতপাঃ। আসারং সহত ইত্যাসারষাট্। শিশিরে ঋতৌ স্থণ্ডিলেশয়ঃ ভূমিশয়নঃ সর্ব্বদা ॥ ৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

অদাভ্যেতি দম্ভনোদন ইতি কল্পক্রমাৎ। এতদ্বৈদ্যৈব অদাভ্যেতি গৌড়াঃ। অধ্যাত্মেতি সম্বন্ধোক্তিঃ আত্মনিয়মানিতি চিৎসুখঃ ॥৪

কন্দেতি ত্রিকং ॥ ৫ ॥

বীরেত্যত্র ধীরেতি ক্বচিৎ। জিতেত্যত্র যতেরিতি ক্বচিৎ। আরিরাধয়িষুঃ কৃষ্ণমিতি। তত্তৎ প্রচারার্থং তেনাবতারিতত্বাত্তদাজ্ঞা প্রতিপালন রূপ মারাধনং কর্ত্তুমিচ্ছুরিত্যর্থঃ ॥ ৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তত্রাপীতি যথা গার্হস্থ্যে কর্ম্মকরণং কর্ম্মিজন প্রদর্শনয়া তথৈব তৃতীয়াশ্রমেঽপি বানপ্রস্থ জন প্রদর্শনয়াস্য তপশ্চরণমিত্যাহ বৈখানসানাং সুসম্মতে উগ্রতপসি আরব্ধঃ প্রবৃত্তঃ। অদাভ্য নিয়মোঽখণ্ড্য ব্রতঃ। দম্ভনোদনে ইতি ধাতোঃ রূপং স্বস্য স্বীয়স্য ধরামণ্ডলস্য জয়ে যথা পূর্ব্বং যত্নেন প্রবৃত্তঃ ॥ ৪। ৫ ॥

চতুর্দিক্ষু চত্বারোঽগ্নয় উপরি সূর্য্যঃ ইতি পঞ্চতপাঃ আসারষাট্ ধারাসংপাতসহঃ। স্থণ্ডিলেশয়ঃ ভূমিশায়ী ননু লোক প্রদর্শনার্থকেঽপি তস্মিং স্তাবতি তপসি তস্য কীদৃশং মন আসীত্তত্রাহ আরিরাধয়িষুরিতি বৈকুণ্ঠে সাক্ষাৎ কৃষ্ণারাধনকামোঽহং তপশ্চরামীতি তস্য সঙ্কল্প আসীদিত্যর্থঃ। দৃশ্যতেচ রাগাত্মক ভক্তিমতাং সিদ্ধানাং শ্রীবিশাখাদি গোপীজনানাং বৃহদ্বামন দৃষ্টানাং শ্রুতীনাঞ্চ কৃষ্ণপ্রাপ্ত্যর্থং তপশ্চরণমিতি ॥ ৬ ॥

আদিরাজ পৃথু পূর্ব্বে যেমন ধরামণ্ডল জয়ে মহৎ যত্ন পূর্ব্বক প্রবৃত্ত ছিলেন তপোবনে গিয়া তেমনি বানপ্রস্থাশ্রমের সম্মত উগ্র তপস্যায় প্রবৃত্ত হইলেন। তাঁহার প্রতাপে সেখানে তপস্যা বিষয়ক কোন নিয়ম বিঘ্ন দ্বারা প্রতিহত হইল না ॥ ৪ ॥

বৎস বিদুর! বেণতনয় পৃথুর কঠোর তপস্যার বিবরণ বলি শ্রবণ কর, কদাচিৎ কন্দমূল ও ফল মাত্র আহার করিতেন, কখন বা কেবল শুষ্কপত্র ভক্ষণ করিয়া থাকিতেন, কতিপয় দিবস জলপানেই যাপন হইত, তাহার পরে বায়ু মাত্র ভক্ষণ করিয়া দেহ যাত্রা নির্ব্বাহ করিতেন ॥ ৫ ॥

গ্রীষ্ম ঋতুতে চারি দিকে অগ্নি ও উপরে খরতর দিনকরের কিরণ সহ্য করত পঞ্চতপা হইয়া থাকিতেন, বর্ষাকালে অনাবৃত স্থানে উপবিষ্ট হইয়া বারিধারা বর্ষণ সহিষ্ণুতা করিতেন। শীতকালে জলাশয়ে গিয়া জলমধ্যে কণ্ঠদেশ পর্য্যন্ত নিমগ্ন করিয়া থাকিতেন। আর মৌনব্রত ও ভূমি শয়ন সর্ব্বদাই ছিল। অপর দান্ত, সহিষ্ণু ও ঊর্দ্ধরেতা হইয়া বাক্য ও প্রাণবায়ুকে সংযমন করিয়া থাকিতেন। এই রূপে ভগবান্ শ্রীকৃষ্ণের আরাধনা বাসনায় অত্যুৎকৃষ্ট তপস্যা আচরণ করিতে লাগিলেন ॥ ৬

তেন ক্রমানুরুদ্ধেন ধ্বস্ত কর্ম্মামলাশয়ঃ। প্রাণায়ামৈঃ সংনিরুদ্ধ ষড়্‌বর্গশ্ছিন্ন বন্ধনঃ।
সনৎকুমারো ভগবান্ যমাহাধ্যাত্মিকং পরং। যোগং তেনৈব পুরুষমভজৎ পুরুষর্ষভঃ।
ভগবদ্ধর্ম্মিণঃ সাধো শ্রদ্ধয়া যততস্তদা। ভক্তির্ভগবতি ব্রহ্মণ্যনন্য বিষয়াভবৎ ॥ ৭ ॥
তস্যানয়া ভগবতঃ পরিকর্ম্ম শুদ্ধসত্ত্বাত্মনস্তদনু সংস্মরণানুপূর্ত্ত্যা।

শ্রীধরস্বামী।

তেন তপসা ক্রমানুরুদ্ধেন শনৈঃ প্রাপ্তেন ধ্বস্তানি কর্ম্মাণি যস্য অতঃ অমল আশয়ো যস্য ছিন্নানি বন্ধনানি বাসনা যস্য ॥ ৭ ॥
পরি কর্ম্মণা পরিচর্য্যয়া শুদ্ধসত্ত্ব আত্মা মনো যস্য তস্য জ্ঞানমভূৎ কীদৃশং যেন নিজমুপাধিং জীবকোশং হৃদয়গ্রন্থিং সংশয়ানামসস্তা-

ক্রমসন্দর্ভঃ।

তেনেতি যুগ্মকং। সিদ্ধেনেত্যত্রাবিরুদ্ধেনেতি কচিৎ। ধ্বস্তকর্ম্মেত্যাদিকমনুকরণমাত্রং। কর্ম্মবন্ধানমপি ভগবদারাধনায়ৈবানুকৃতমিত্যাহ। সনদিতি ॥
অতএব তৎফলং তত্রৈব জাতমিত্যাহ। ভগবদিতি। সদেত্যত্র তদেতি কচিৎ ॥ ৭ ॥
তত স্তাদৃশ ভক্ত্যঙ্গে জ্ঞান বৈরাগ্যে ব্যজ্যোপাধি পরিত্যাগশ্চ দর্শিত ইত্যাহ। তস্যানযেতি মূর্ত্যোত্যত্র পূর্ব্বেতি চিৎসুখঃ ॥ ৮

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তেন তপসা ক্রমেণৈবানুসিদ্ধেন পরিপাকং প্রাপ্তেন অমলাশয়ঃ প্রফুল্লমনাঃ ধ্বস্ত কর্ম্মাতু স প্রাগেব প্রাণায়ামৈ র্ভগবন্মন্ত্রাবৃত্তিভিরেব ভক্তিমার্গ বিহিতৈঃ। আত্মনি স্বস্মিন্নধিকৃতং বিনয়াদিত্বাৎ স্বার্থে ঠক্ আধ্যাত্মিকং পরমন্তিকং যৎ পাদপঙ্কজ পলাশেত্যাদি পদ্যদ্বয়েনোক্তং শুদ্ধং ভক্তিযোগং ব্যাখ্যান্তরে আধ্যাত্মিকস্য জ্ঞানযোগস্য পরত্বানুক্তেঃ শ্রেষ্ঠত্বানুক্তেশ্চ তেন চ পুরুষ ভজনাসম্ভবাদুত্তর শ্লোকেচানুপপত্তেশ্চাসঙ্গতিরেব তাদৃশ শব্দেনোক্তিস্তু ভক্তিযোগস্য রহস্যত্ব ব্যঞ্জিকৈব জ্ঞেয়া ॥ ৭ ॥
ততশ্চ হরিভক্তি মহাদেব্যাঃ সর্ব্বা মুক্ত্যাদি সিদ্ধয়ঃ। ভুক্তয়শ্চাদ্ভুতা স্তস্যাশ্চেটিকাবদনু ক্রতা ইতি নারদপঞ্চরাত্রোক্তে স্তস্যানন্যভক্তিমতোঽনাকাঙ্ক্ষতোপি স্বতএব স্বয়ং ব্রহ্মবিদ্যা তথা অণিমাদ্যষ্টাদশ সিদ্ধয়শ্চ মূর্ত্তিমত্য এবাগত্য স্বয়ং ভগবতা প্রেরিতা স্তদর্থমেব অস্মানঙ্গীকুর্ব্বিতি বদন্ত্য স্তস্যাভিমুখে প্রাদুরভবন্নিত্যাহ তস্যেতি দ্বাভ্যাং পরিকর্ম্মণা পরিচর্য্যয়া শুদ্ধসত্ত্ব এবাত্মা মনো যস্য তস্য পৃথোরনয়া ভক্ত্যা জ্ঞানং ব্রহ্মবিদ্যাখ্যং বিরক্তিযুক্তমভূৎ স্বতএব প্রাদুর্বভূব। ভক্ত্যা কীদৃশ্যা ভগবদনুক্ষণ স্মরণেনানুপূর্ত্তি র্যস্যা স্তয়া যদ্যপি শুদ্ধ ভক্তাশ্চাতকা ইব ভক্তেরেব মাধুর্য্যাস্বাদিনঃ স্বয়ং প্রাপ্তামপি ব্রহ্মবিদ্যাং নাঙ্গীকুর্ব্বন্তি তৎ কার্য্যভূতো লিঙ্গদেহধ্বংসো ভক্ত্যৈব বিনানুসন্ধানেনাপি ভবেৎ। যদুক্তং জরয়ত্যাশু যা কোষং নিগীর্ণ মনলো যথেতি। তদপি যথা কশ্চিৎ জাঠরানলেন জরয়িষ্যমাণস্যাপি নিগীর্ণান্নস্য শীঘ্র পাকার্থং কিমপ্যৌষধং পিবতি তথৈব পৃথু র্ভগবদ্ধাম্নি সাক্ষাৎ সেবা প্রাপ্ত্যর্থমত্যুৎকণ্ঠঃ কাল বিলম্বাসহিষ্ণুঃ সোপাধি ধ্বংসনার্থং ব্রহ্মজ্ঞানমঙ্গীচকারেত্যাহ নিশিতেনাতিতীক্ষ্ণেন যেন জ্ঞানেন নিজ জীবকোষং সোপাধিং চিচ্ছেদ। কীদৃশং সংশয়দপং ভক্ত্যা দৃষ্ট সাক্ষাদ্ভগবচ্চরণস্য মে জীব কোষো নাস্ত্যস্তি বেতি তদীয় সন্দেহাস্পদং বস্তুত স্তস্য জীবকোষোনাস্ত্যেব কৃষ্ণস্য পূর্ব্বদেহ কথাশ্রয়মিতি উভাবপি চ ভদ্রস্ত উত্তমঃশ্লোকবিগ্রহাবিত্যাদ্যুক্তেঃ। পৃথু দেহস্য ভগবদ্বিগ্রহত্বাৎ। তদপি পৃথোস্তস্য যোগেন স্বদেহত্যাগ চিকীর্ষাতু ভক্তিমহিম্না স্বস্মিন্ প্রাকৃতত্ব মননাৎ দেহপাত

তপস্যার প্রভাবে তাঁহার কর্ম্ম সকল ক্রমশঃ ক্ষয় প্রাপ্ত হইল, অতএব চিত্ত নির্ম্মল হইতে লাগিল এবং প্রাণায়াম দ্বারা কামাদি রিপু ষড়্‌বর্গের প্রচার নিরুদ্ধ ও বাসনা সকল নিঃসংশয়িত রূপে ছিন্ন হইয়া গেল। তদনন্তর ভগবান্ সনৎকুমার যে আধ্যাত্মিক যোগ উপদেশ করিয়াছিলেন তাহা অবলম্বন করিয়া ভগবান্ পরম পুরুষের উপাসনায় প্রবৃত্ত হইলেন। বৎস বিদুর! আদিরাজ পৃথু সাধু এবং ভগবদ্ধর্ম্ম নিষ্ঠ ছিলেন, শ্রদ্ধা সহকারে এবম্প্রকার যত্ন করাতে অচিরেই ভগবান্ ব্রহ্মে তাঁহার ঐকান্তিকী ভক্তি হইল। ৭ ॥

ভগবানের পরিচর্য্যা দ্বারা পৃথুর চিত্ত বিশুদ্ধ হইয়াছিল অতএব শীঘ্রই বৈরাগ্য বিশিষ্ট জ্ঞান উদিত

জ্ঞানং বিরক্তিমদভূন্নিশিতেন যেন চিচ্ছেদ সংশয়পদং নিজজীবকোষং ॥ ৮ ॥
ছিন্নান্যধীরধিগতাত্ম গতি র্নিরীহস্তত্তত্যজেঽচ্ছিনদিদং বয়ুনেন যেন।
তাবন্ন যোগগতিভির্যতিরপ্রমত্তো যাবদ্গদাগ্রজকথাসু রতিং ন কুর্য্যাৎ।

শ্রীধরস্বামী।

বনাদীনাং পদমাশ্রয়ং চিচ্ছেদ। কীদৃশেন অনয়া ভক্ত্যা নিশিতেন কথম্ভূতয়া তস্য ভগবতঃ সংস্মরণেনানুপূর্ত্তি র্যস্যাস্তয়া নিশিতেন ॥ ৮ ॥

কিঞ্চ ছিন্না অন্যধীঃ দেহাত্মবুদ্ধি র্যস্য। যতোঽধিগতাত্মগতিঃ অতএব নিরীহঃ। প্রাপ্তাসু সিদ্ধিষু নিস্পৃহঃ। যেন বয়ুনেন জ্ঞানেন ইদং সংশয়পদং চিচ্ছেদ তৎ তত্যাজে ত্যক্তবান্ তৎ প্রযত্নাদপ্যুপররামেত্যর্থঃ। তস্য যোগসিদ্ধিষপি নিস্পৃহত্বং যুক্তমে-

ক্রমসন্দর্ভঃ।

ততশ্চ ছিন্না অন্যত্র উপাধি রূপে ধী দৃষ্টি র্যস্য অধিগতঃ প্রকটিতঃ আত্মনঃ পার্ষদ রূপস্যাতি জ্ঞানং যেন তথাভূতঃ সন্ অতএব নিরীহঃ প্রাপ্ত্যান্তরেচ্ছা শূন্যঃ সন্ যেনতু বয়ুনেনেদং সংশয়পদমচ্ছিনৎ তত্যজে। নচানুষ্ঠিতো জ্ঞান যোগঃ স্বগতি দানেন তস্য ভক্তিগতিং বিহন্তুং শক্নোতি। যত যাবদিতি। অত্রতু স্বাভাবিক্যেব চ তৎ কথা রতিরিত্যপি নাসৌ প্রত্তবেদিতি ভাবঃ অত্র বৈকুণ্ঠ গতিস্তু ন সিদ্ধান্তরবদিতি টীকাভিপ্রায়শ্চ ॥

এবং ভাবনা গতং ত্যাগমুক্ত্বা সাক্ষাদপ্যাহ। এবমিতি। ধীরেতি কচিৎ। আত্মানং মনঃ আত্মনি পার্ষদ রূপে অতএব ব্রহ্ম

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

শ্রবণন্তু বহির্ম্মুখমতোৎখাতা ভাবার্থং ভগবদবতারাণামিব অন্বেষাং ভগবদ্ভক্তানামিব চ মায়য়ৈব প্রত্যায়িতং ভগবৎসু শ্রীরামস্য ভক্তেষু শ্রীধ্রুবস্য দেহ পাতাভাবএব তেষাং দেহপাতাভাবোপলক্ষণার্থো জ্ঞেয় ইতি তু ভক্তান্ প্রতি সিদ্ধান্তো দর্শিতো জ্ঞেয়ঃ ॥ ৮ ॥

ততশ্চ ছিন্না অন্যধী র্দেহাত্ম বুদ্ধি র্যস্য সঃ। অধিগতাত্ম গতিঃ অনুভূত পরমাত্ম স্বরূপঃ। নিরীহঃ প্রাপ্তাসু সিদ্ধিষু নিস্পৃহঃ নন্বু কথং নিস্পৃহত্বং বিদ্যাঙ্গীকারাদিত্যত আহ যেন বয়ুনেন জ্ঞানেন ইদং লিঙ্গশরীরং অচ্ছিনচ্চিচ্ছেদ তত্তত্যজে তত্যাজ। তাবৎ প্রয়োজনার্থমেব তদঙ্গীকারাদনন্তরঞ্চ তজ্জ্ঞানং তত্যাজৈবেতি বস্তুতো নিস্পৃহত্বমেবেত্যর্থঃ। অয়মত্রাশয়ঃ। শুদ্ধায়া ভক্তেঃ ফলং দ্বিবিধং অনুসংহিতমননুসংহিতঞ্চ তত্রানুসংহিতং প্রেমভক্তিরেব অননুসংহিতং জ্ঞানসিদ্ধ্যাদি। তত্রচ কস্যা-চিন্তুকস্য স্বতঃ প্রাপ্তএব তত্র তত্র যদ্যাদিৎসা স্যাত্তদা শুদ্ধায়া ভক্তেঃ সঙ্কোচঃ স্যাৎ। যদুক্তমেকাদশে। অন্তরায়ান্ বদন্ত্যেতানিতি। কিঞ্চ তত্ত্যাগ সামর্থ্যঞ্চ শুদ্ধ ভক্ত্যভ্যাস বলেনৈব স্যাদিত্যাহ তাবদিতি তস্য শ্রীকৃষ্ণকথারতত্বান্ন তাসু লোভোজাত ইতি শ্রীস্বামিচরণাঃ ॥

কিঞ্চ তাসু সিদ্ধিষু মধ্যে স্বচ্ছন্দমৃত্যুনাম্নীং সিদ্ধিং স্বয়মুপস্থিতামালক্ষ্য শীঘ্রমেব ভগবৎ পার্শ্বং জিগমিষো স্তস্য পৃথোর্বিদ্যায়া ইব তস্যা অপি যদৈবাঙ্গী চিকীর্ষা অজনিষ্ট তদৈব তয়া মহাকর্ম্মঠ পুরোধসেব দেহত্যাগ প্রকারঃ শিক্ষয়ত্যা পৃথুঃ স্বেচ্ছয়ৈব সুখেন দেহং ত্যক্তু মারেভে ইত্যাহ এবমিতি ষড়্ভিঃ। বীরপ্রবর ইতি দেহমেবমধুনৈব ত্যক্ত্বা শুদ্ধচিন্ময়াকারঃ সন্ সংপ্রত্যেব

হইল, সেই জ্ঞান ভগবানের অনুস্মরণে পরিপুষ্ট ভক্তির দ্বারা তীক্ষ্ণীকৃত হওয়াতে তদ্দ্বারা তিনি অস-ম্ভাবনাদির আশ্রয় যে হৃদয়গ্রন্থি তাহা ছেদন করিয়া ফেলিলেন ॥ ৮ ॥

অপর তাঁহার দেহে আত্মবুদ্ধি ছিন্ন হইয়া গেল এবং ভগবৎ স্বরূপ প্রাপ্ত হওয়াতে উপস্থিত অণি-মাদি সিদ্ধিতেও আর স্পৃহা রহিল না, অতএব যে জ্ঞানদ্বারা অসম্ভাবনাদির আস্পদ হৃদয়গ্রন্থির ছেদন হইল, পরে তাহাও পরিত্যাগ করিলেন অর্থাৎ ঐ বিষয়ে যত্ন করিতে বিরত হইলেন। বিদুর! ঐ অব-স্থায় যোগ সিদ্ধি বিষয়ে পৃথুর নিঃস্পৃহ হওয়া উপযুক্ত বটে কারণ যাবৎ পর্য্যন্ত ভগবান্ শ্রীকৃষ্ণের কথায় রতি হইয়া তাহাতে লোভ না জন্মে তাবৎ পর্য্যন্তই যোগগতি বিশিষ্ট যতি অপ্রমত্ত হইতে পারে না

এবং স বীরপ্রবরঃ সংযোজ্যাত্মানমাত্মনি। ব্রহ্মভূতো দৃঢ়ঃ কালে তত্যাজ স্বং কলেবরং॥ ৯॥
সংপীড্য পায়ুং পার্ষ্ণিভ্যাং বায়ুমুৎসারয়ন্ শনৈঃ। নাভ্যাং কোষ্ঠেষবস্থাপ্য হৃদুরঃ কণ্ঠশীর্ষণি॥১০
উৎসর্পয়ংস্তু তং মূর্দ্ধ্নি ক্রমেণাবেশ্য নিস্পৃহঃ॥ ১১॥
বায়ুং বায়ৌ ক্ষিতৌ কায়ং তেজস্তেজস্যযূযুজৎ। খান্যাকাশে দ্রবং তোয়ে যথাস্থানং বিভাগশঃ॥১২

শ্রীধরস্বামী।

বেত্যাহ। তাবন্নাপ্রমত্তঃ কিন্তু প্রমত্তো ভবতি। তস্য শ্রীকৃষ্ণকথারতত্বাৎ ন তাসু লোভো জাত ইত্যর্থঃ॥ ৯॥
দেহত্যাগপ্রকারমাহ সংপীড্যেতি পঞ্চভিঃ। পায়ুং গুদং সংপীড্যেতি মুক্তাসনং সূচিতং। সংপীড্য সীবনীং সূক্ষ্মাং গুলফে নৈবতু মধ্যতঃ। সব্যে দক্ষিণ গুলফেন মুক্তাসনমিতীরিতং। মূলাধারাৎ বায়ুমুৎসারয়ন্ ঊর্দ্ধং নয়ন্ নাভ্যামবস্থাপ্য ততঃ কোষ্ঠেষবস্থাপ্য অযূযুজদিত্যুত্তরেণান্বয়ঃ। কোষ্ঠান্যেবাহ। হৃদাদীনাং দ্বন্দ্বৈক্যং শীর্ষং ভ্রূমধ্যং তস্মিন্॥ ১০॥
তং বায়ুং। অসূনিতি পাঠে এবমসূন্ প্রাণানুৎসর্পয়ন্ ক্রমেণ মূর্দ্ধ্নি ব্রহ্মরন্ধ্রে আবেশ্য ততোদেহারম্ভক পঞ্চভূতানি সমষ্টি ভূতেষু বিলাপিতবান্॥ ১১॥
তদাহ বায়ুং বায়ৌ অযূযুজৎ একীকৃতবান্ কায়ং দেহগত কঠিনাংশং ক্ষিতৌ খানি ইন্দ্রিয়চ্ছিদ্রাণি দ্রবাংশং তোয়ে॥ ১২॥

ক্রমসন্দর্ভঃ।

ভূতঃ শুদ্ধ চিদ্রূপঃ সন্ কালে ভগবত স্তাদৃশেচ্ছাবসরে দৃঢ়মপুনরাবৃত্তি যথাস্যাত্তথা স্বং স্বীকৃতং কলেবরমুপাধিং তত্যাজ॥ ৯॥
সংপীড্যেতি ত্রিকং। উৎসর্পয়িতি চিৎসুখঃ॥ ১০। ১১। ১২॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বৈকুণ্ঠং গত্বা ভগবচ্চরণৌ পরিচরামীতি জাত মহোৎসাহ ইত্যর্থঃ। আত্মানং মনঃ আত্মনি পার্ষদ রূপে দেহে। অতএব ব্রহ্মভূতঃ শুদ্ধচিদ্রূপঃ সন্॥ ৯॥
দেহত্যাগে ব্যাপারান্ স্বয়ং স্ফুরিতানাহ সংপীড্যেতি মুক্তাসনং সূচিতং সংপীড্য সীবনীং সূক্ষ্মাং গুল্‌ফেনৈবতু মধ্যতঃ। সব্যে দক্ষিণ গুল্‌ফেন মুক্তাসনমিতীরিতমিতি। মূলাধারচক্রাদ্বায়ুমুৎসারয়ন্ ঊর্দ্ধং স্বাধিষ্ঠানচক্রং নয়ন্ নাভ্যাং মণিপূরক চক্রে অবস্থাপ্য ততঃ কোষ্ঠেষবস্থাপ্য অযূযুজৎ ইত্যুত্তরেণান্বয়ঃ। কোষ্ঠান্যেবাহ হৃৎ অনাহত চক্রং। উরঃ কণ্ঠাধো বিশুদ্ধি চক্রং কণ্ঠ স্তস্যৈব চক্রস্যাগ্রদেশঃ শীর্ষং ভ্রূমধ্যমাজ্ঞাচক্রং তস্মিন্॥ ১০॥
তং বায়ুং উৎসর্পয়ন্নসূনিতি পাঠে প্রাণান্। মূর্দ্ধ্নি ব্রহ্মরন্ধ্রে আবেশ্য॥ ১১॥
বায়ুং দেহারম্ভকং তং সমষ্টিবায়ৌ অযূযুজৎ একীকৃতবান্। এবমন্যান্যপি দেহারম্ভকং ভূত চতুষ্টয়ানি সমষ্টি ভূতেষু বিলাপিত

মত্ত থাকেন। ভগবৎ কথায় লোভ জন্মিলে আর তাহাতে প্রয়োজন কি? সে যাহা হউক ধীরবর পৃথু এই প্রকারে আত্মাতে আত্ম যোজন পূর্ব্বক ব্রহ্ম স্বরূপ হইয়াছিলেন। তদনন্তর কাল উপস্থিত হইলে স্বীয় কলেবর পরিত্যাগ করিলেন॥ ৯॥

বিদুর! আদিরাজ পৃথুর দেহ ত্যাগের প্রকার বলি শ্রবণ কর। তিনি চরণ দ্বয়ের পার্ষ্ণি দ্বারা গুহ্যদ্বার নিপীড়িত করিয়া মূলাধার অর্থাৎ গুহ্য ও লিঙ্গের মধ্য অঙ্গুলিদ্বয় পরিমিত স্থান হইতে ক্রমে বায়ুকে ঊর্দ্ধে উত্তোলন পূর্ব্বক স্বাধিষ্ঠান চক্রে স্থাপন করিলেন, তাহার পরে ঐ বায়ুকে নাভি স্থানে অর্থাৎ মণিপুর চক্রে লইয়া গেলেন, তদনন্তর কোষ্ঠ সকলে অর্থাৎ হৃদয় (অনাহতচক্র) বক্ষঃস্থল (বিশুদ্ধ চক্র) কণ্ঠদেশ (বিশুদ্ধ চক্রের অগ্রভাগ) ও ভ্রূমধ্যে অর্থাৎ আজ্ঞাচক্রে নীত করিলেন॥ ১০

তাহার পর সেই বায়ুকে ব্রহ্মরন্ধ্রে উত্তোলন পূর্ব্বক স্থাপন করিয়া॥ ১১॥

দেহারম্ভক পঞ্চভূতকে বিভাগ করত মহাভূতের সহিত মিশ্রিত করিয়া অর্থাৎ দেহস্থ বায়ুকে

ক্ষিতিমপ্সু তত্তেজস্যদো বায়ৌ নভস্যমুং। ইন্দ্রিয়েষু মনস্তানি তন্মাত্রেষু যথোদ্ভবং ॥ ১৩ ॥
ভূতাদিনামূন্যুৎকৃষ্য মহত্যাত্মনি সন্দধে। তং সর্ব্বগুণবিন্যাসং জীবে মায়াময়ে দধাৎ ॥ ১৪ ॥

শ্রীধরস্বামী।

তদেবং দেহং প্রবিলাপ্যাদ্বিতীয়াত্ম প্রতিপত্ত্যর্থং মহাভূতানামপি লয়মাহ ক্ষিতিং অপ্সুসোকীকৃতবান্। তৎ অপ্সুঃ। অদস্তেজঃ অমুং বায়ুং। তদেবং তামসাহঙ্কার কার্য্যস্য আকাশ পর্য্যন্তং লয়মুক্ত্বা সাত্ত্বিক রাজসাহঙ্কার কার্য্যাণাং লয়মাহ ইন্দ্রিয়েষু মন ইতি দেবানামপ্যুপলক্ষণং। ন বিকল্পক জ্ঞানে মনস ইন্দ্রিয়েরাকর্ষণাৎ তেষু লয়াভিধানং নতু কার্য্যত্বাৎ। তদুক্তং গীতাসু। ইন্দ্রিয়াণাং হি চরতাং যন্মনোঽনুবিধীয়তে ইতি অত্রচ ইন্দ্রিয়ৈ বিষয়াকৃষ্টৈরাক্ষিপ্তং ধ্যায়তাং মন ইতি ইন্দ্রিয়েষু নত ইতি পাঠেপ্যয় মর্থঃ। ভট্টাদীনাং মতে নভশ্চাক্ষুষং কেষাঞ্চিন্মানসং। আনুমানিকত্বমতেপীন্দ্রিয় ব্যাপারোন্ত্যেব। নভোগুণঃ শব্দঃ শ্রোত্রগ্রাহ্যঃ অত ইন্দ্রিয় গ্রাহ্যত্বাৎ ইন্দ্রিয়েষু নভোবিলাপিতমিতি তানি ইন্দ্রিয়াণি যথোদ্ভবং উদ্ভবোঽত্র বৃত্তিলাভঃ সচ বিষয়াধীন ইতি শ্রোত্রাদীনাং বিশেষণ শব্দাদিষু লয়ঃ। যদ্বা তন্মাত্র কার্য্যাণ্যেবেন্দ্রিয়াণি মনোপি অপঞ্চীকৃত পঞ্চতন্মাত্র কার্য্যং আহঙ্কারিকত্বাভিধানং তু তদধীনত্ববিবক্ষয়েত্যবিরোধঃ ॥ ১৩ ॥

ভূতাদিনাহঙ্কারেণ প্রাগবশিষ্ট নভঃ সহিতানীন্দ্রিয়াণি উৎকৃষ্য পরতোনীত্বা ভূতাদৌ ক্ষিপ্ত্বা তেন সহ মহত্তত্ত্বে সংদধ ইত্যর্থঃ

ক্রমসন্দর্ভঃ।

মনসো দেবতানাং চেন্দ্রিয়েষু লয়স্তু তানি বিনা মন আদয়ঃ স্বরূপং ন প্রাপ্নুবন্তি। তত্তদ্গ্রাহ্য রূপাপি মাত্রা লক্ষনত্বাদিতি ভাবনা ময়ো জ্ঞেয়ঃ অমূনি তন্মাত্রাণি ॥ ১৩ ॥

ভূতাদিনা অহঙ্কারেণ মেলয়িত্বা ॥ ১৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বানিত্যাহ। কায়ং কায়স্থিতা ক্ষিতিঃ ক্ষিতৌ এবং কায়স্থিতং তেজঃ খানি কায়স্থিত ছিদ্রাণি দ্রবং কায়স্থিতং জলং ॥ ১২ ॥

তদেবং দেহং প্রবিলাপ্য অদ্বিতীয়াত্ম প্রতিপত্ত্যর্থং মহাভূতানামপি লয়ং ভাবয়ামাসেত্যাহ ক্ষিতিমপ্সীত্যাদি তৎ অপ্সুঃ অদস্তেজঃ অমুং বায়ুং ॥

তদেবং তামসাহঙ্কার কার্য্যস্যাকাশ পর্য্যন্তং লয়মুক্ত্বা সাত্ত্বিক রাজসাহঙ্কার কার্য্যাণাং লয়মাহ। ইন্দ্রিয়েষ্বিতি মন ইতি দেবানামপ্যুপলক্ষণং। মনঃ দেবতাশ্চ ইন্দ্রিয়েষু সন্দধে বিলাপয়ামাস। তানীন্দ্রিয়াণি তন্মাত্রেষু শব্দাদিষ্বিতি মনস ইন্দ্রিয়াধীনত্বাৎ ইন্দ্রিয়েষু লয়ঃ। ইন্দ্রিয়াণাঞ্চ বিষয়াধীনত্বাৎ বিষয়েষু লয়ঃ সঙ্গত এব। যদুক্তং ইন্দ্রিয়ৈর্বিষয়াকৃষ্টৈ রাক্ষিপ্তং ধ্যায়তাং মন ইতি। যথোদ্ভবমিতি পরত্রৈবান্বেতি। নতু পূর্ব্বত্র। ততশ্চ যথোদ্ভবং যথাস্যাত্তথা ॥ ১৩ ॥

অমূনি তন্মাত্রাণি ভূতাদিনা অহঙ্কারেণ উৎক্ষিপ্য তত্রৈব ভূতাদাবেব উৎকর্ষেণ ক্ষিপ্ত্বা প্রবিলাপোত্যর্থঃ। তং ভূতাদিঞ্চ মহ-

বায়ুতে, দেহের কঠিন ভাগকে ক্ষিতিতে, দৈহিক তেজকে তেজে, দেহস্থিত ইন্দ্রিয় ছিদ্রকে—আকাশে এবং দেহের রসভাগকে জলে সংযোজন করিলেন ॥ ১২ ॥

বৎস! আদিরাজ পৃথু এই প্রকারে দেহ বিলয় করিয়া পরে অদ্বিতীয় আত্ম প্রাপ্ত্যর্থ মহাভূত সকলেরও লয় করিলেন। যথাক্রমে ক্ষিতিকে জলে লয় করিয়া সেই জলকে তেজে বিলীন করিলেন। তাহার পরে তেজকে বায়ুতে লয় করিয়া ঐ বায়ুকে আকাশে মিশাইয়া দিলেন। এই প্রকারে তামস অহঙ্কারের কার্য্য সকলের লয় হইলে তৎপরে সাত্ত্বিক ও রাজসিক অহঙ্কারের কার্য্য সকলকে যথা স্থানে লীন করিলেন অর্থাৎ আকাশকে ইন্দ্রিয় পঞ্চকে এবং পাঁচ ইন্দ্রিয়কে তাহাদের উৎপত্তি ক্রমে অপঞ্চীকৃত পঞ্চতন্মাত্রে বিলীন করিলেন ॥ ১৩ ॥

তাহার পরে অহঙ্কারের সহিত পূর্ব্বাবশিষ্ট আকাশ ও সেই ইন্দ্রিয় সকলকে অহঙ্কারে ক্ষেপণ

তস্কানুশয়মাত্মস্থমসাবনুশয়ী পুমান্। জ্ঞানবৈরাগ্যবীর্য্যেণ স্বরূপস্থোঽজহাৎ প্রভুঃ ॥ ১৫ ॥
অর্চ্চির্নাম মহারাজ্ঞী তৎপত্ন্যনুগতা বনং। সুকুমার্য্যতদর্হা চ যৎ পদ্ভ্যাং স্পর্শনং ভুবঃ ॥ ১৬ ॥
অতীব ভর্ত্তুর্ব্রতধর্ম্ম নিষ্ঠয়া শুশ্রূষয়া চার্ষদেহযাত্রয়া।

শ্রীধরস্বামী।

সর্ব্বেষাং গুণানাং বিন্যাসঃ স্থিতি র্যস্মিন্ তং মহান্তং মায়ামহে মায়োপাধি প্রধানে জীবে ॥ ১৪ ॥

তস্কানুশয়োপাধিং। যঃ পূর্ব্বমনুশয়ী পুমান্ জীবঃ অসৌ পৃথুঃ ব্রহ্মণি স্থিতঃ সন্নজহাদিত্যর্থঃ ॥ ১৫ ॥

বনপ্রবেশমারভ্য রাজ্ঞ্যাঃ কথামাহ অর্চ্চির্নামেতি চতুর্ভিঃ। অনুগতা অনুজগাম। অতদর্হা তদপি নার্হতি যা। কিং পদ্ভ্যাং ভুবঃ স্পর্শনমিতি যৎ ॥ ১৬ ॥

ভর্ত্তুর্ব্রতং যদ্ভুমিশয়নাদি তস্মিন্ ধর্ম্মে যা নিষ্ঠা তয়া। ঋষীণামিয়মার্ষী দেহযাত্রা কন্দমূলাদিবৃত্তিঃ তয়াচ আর্ত্তিং দুঃখং ন

ক্রমসন্দর্ভঃ।

তমিত্যর্দ্ধকং ॥

জ্ঞান বৈরাগ্যয়ো বীর্য্যং যস্মাত্তেন ভক্তিযোগেনেত্যর্থঃ স্ব স্বরূপে পার্ষদলক্ষণে স্থিতঃ সন্ প্রভুস্তত্র মহা সমর্থঃ অজহাদিত্য-ত্রাপাধাদিতি কচিৎ। অপাধাৎ তিরোহিতবান্ অজহাদিত্যর্থঃ। ইতি স্বামি তাৎপর্য্যাদেষ এব পাঠঃ। ইতি তজ্জ্ঞাঃ অজহাদিত্যেব পাঠঃ কিন্তু যঃ পূর্ব্বমিত্যধ্যাহার সংপাদনায়ৈব ইত্যুক্তমন্যে ॥ ১৫। ১৬ ॥

প্রেয়সঃ কর্ম্মভূতস্য যৎ সেবায়াং করেণ স্পর্শনে মানঃ পূজনঞ্চ তাভ্যাং নির্বৃতি র্যস্যাঃ নির্বৃতেতি চিৎসুখঃ ॥ ১৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ত্যাত্মনি মহত্তত্ত্বে ইন্দ্রিয়েষু নভ ইতি পাঠে যথাস্থানমিত্যস্যানুবৃত্তেঃ সর্ব্বত্রাধারাধেয় ভাবেনৈব লয়োজ্ঞেয়ঃ। তথাহি ক্ষিতিরম্ভসি তিষ্ঠতি অম্ভস্তেজসি তিষ্ঠতীত্যেবং পূর্ব্ব পূর্ব্বেষামাধেয়ানাং পর পরত্রাধারে লয়ঃ। নভশ্চ ইন্দ্রিয়েষু তিষ্ঠতীতি তস্য তেষু লয়ঃ। মনসোপীন্দ্রিয়ত্বাদিন্দ্রিয়াণি সর্ব্বাণি বিষয়োন্মুখত্বাদ্বিষয়েষু তিষ্ঠন্তীতি ইন্দ্রিয়াণাং তন্মাত্রেষু লয়ঃ ততশ্চ তন্মাত্রাণাং যথোদ্ভব-মিত্যনেন পূর্ব্বানুবৃত্তেন যথাস্থানমিত্যনেনাপ্যন্বয়ঃ সম্ভবতি ॥

সর্ব্বেষাং গুণানাং বিন্যাসঃ স্থিতি র্যত্র তং মায়ামহে জীবে জীবোপাধৌ মায়ায়ামিত্যর্থঃ স জীবো যৎ পুনর্ভব ইত্যাদিষু জীবো-পাধাবপি জীব শব্দ প্রয়োগ দর্শনাৎ ॥ ১৪ ॥

তস্কানুশয়মুপাধিং যঃ পূর্ব্বমনুশয়ী পুমান্ জীবঃ। অসৌ পৃথু র্জ্ঞান বৈরাগ্য রূপায়া বিদ্যাশক্তে বীর্য্যেণ প্রভাবেন স্বস্ব রূপে ভগবদ্ভক্তি লক্ষে পার্ষদ দেহে স্থিতঃ সন্নজহাৎ প্রভুঃ ত্যাগে পরম সমর্থঃ। পূর্ব্বে চিচ্ছেদ সংশয় পদং নিজ জীবকোষমিতি যৎকোষ ছেদন মুক্তং তদেতৎপ্রকারকমেব পুনঃ স্থূল দেহত্যাগ সময়ে পিষ্টপেষ ন্যায়েন তথা চক্র ইতি ততশ্চ ভগবৎ প্রেষিতং বিমান মারুহ্য বৈকুণ্ঠং জগামেত্যগ্রিম বাক্যে ব্যক্তং ভাবি ॥ ১৫ ॥ বন প্রবেশমারভ্য রাজ্ঞ্যাঃ কথামাহ অর্চ্চির্নামেতি চতুর্ভিঃ ॥ ১৬

ব্রতং ভূমিশয়নাদি ধর্ম্মঃ শ্রবণ কীর্ত্তনাদিঃ। আর্ষদেহযাত্রা কন্দমূলাদি বৃত্তিঃ তয়া। প্রেয়সঃ কর্ম্মভূতস্য যৎ সেবায়াং

পূর্ব্বক তাহার সহিত মহত্তত্ত্বে সংযোগ করিলেন এবং ঐ মহত্তত্ত্বকে মায়োপাধি প্রধান জীবে যোজন করিলেন ॥ ১৪ ॥

বিদুর! আদিরাজ পৃথু এই অবস্থার পূর্ব্বে অনুশায়ী জীব ছিলেন এক্ষণে জ্ঞান ও বৈরাগ্য বলে আত্মস্থ হইয়া অনুশয়োপাধি জীবকেও পরিত্যাগ করিলেন ॥ ১৫ ॥

বৎস! এক্ষণে পৃথু পত্নী অর্চ্চিঃ নাম্নী মহারাজ্ঞীর কথা বলি শ্রবণ কর। তিনি যদিও অতিশয় সুকুমারী ছিলেন চরণদ্বয় দ্বারা ভূমি স্পর্শও তাঁহার যোগ্য ছিল না, তথাচ পতির সহিত পদব্রজে বন গমন করিয়াছিলেন ॥ ১৬ ॥

ভর্ত্তার যে ভূমিশয়নাদি ব্রত তাহাতেই তাঁহারও অতিশয় নিষ্ঠা হয়, ঋষি সম্বন্ধীয় দেহযাত্রা অর্থাৎ

নাবিন্দতার্ত্তিং পরিকর্শিতাপি সা প্রেয়স্করস্পর্শনমান নির্বৃতিঃ ॥ ১৭ ॥
দেহং বিপন্নাখিল চেতনাদিকং পত্যুঃ পৃথিব্যা দয়িতস্যচাত্মনঃ।
আলক্ষ্য কিঞ্চিচ্চ বিলপ্য সা সতী চিতামথারোপয়দদ্রিসানুনি ॥ ১৮ ॥
বিধায় কৃত্যং হ্রদিনী জলাপ্লুতা দত্বোদকং ভর্ত্তুরুদারকর্ম্মণঃ।
নত্বা দিবিষ্ঠাং স্ত্রিদশাং স্ত্রিঃ পরীত্য বিবেশ বহ্নিং ধ্যায়তী ভর্ত্তৃপাদং ॥ ১৯ ॥
বিলোক্যানুগতাং সাধ্বীং পৃথুং বীববরং পতিং। তুষ্টুবু র্বরদা দেবৈ র্দেবপত্ন্যঃ সহস্রশঃ ॥ ২০ ॥

শ্রীধরস্বামী।

প্রাপ তত্র হেতুঃ প্রেয়সঃ করেণ স্পর্শনং মানঞ্চ তাভ্যাং নির্বৃতির্যস্যাঃ ॥ ১৭ ॥
পৃথিব্যাঃ পত্যু র্দুহিতৃত্বস্ত তস্যা দেবতা রূপেণ বিপন্নং নষ্টমখিলং চেতনাদিকং যস্মিন্ তথাভূতং দেহমালক্ষ্য তদ্দেহং চিতামারোপয়ৎ ॥ ১৮ ॥
কৃত্যং তৎকালোচিতং বিধায় হ্রদিন্যা জলে আপ্লুতা স্নাতা সতী ভর্ত্তুরুদকং দত্বা দিবি অন্তরীক্ষে স্থিতান্ নত্বা। বহ্নিং ত্রিঃ প্রদক্ষিণী কৃত্য ॥ ১৯ ॥
দেবৈঃ সহিতাঃ ॥ ২০ ॥

ক্রমসন্দর্ভঃ।

কিঞ্চিদ্বিলপ্যেতি। স্নেহেন বিলপ্য বিচারেণ তু তৎ পরিত্যজ্যেত্যর্থঃ ॥ ১৮ । ১৯ । ২০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

করেণ স্পর্শনং মানঃ পূজনঞ্চ তাভ্যামেব নির্বৃতি র্যস্যাঃ সা ॥ ১৭ ॥
আত্মনঃ স্বস্য পত্যুঃ পৃথোঃ। দয়া সংজাতা হস্তেতি দয়িত স্তস্য। পৃথিব্যাং দুহিতৃ ভাবাৎ তস্যাং তস্য দয়ৈবেত্যর্থঃ। কিঞ্চিচ্চ বিলপ্যেতি তৎ কালোচিতক্রিয়াব্যগ্রত্বাৎ ॥ ১৮ ॥
দিবিস্থিতান্ স্বর্গাদাগত্য পৃথুং দিদৃক্ষুং স্তস্যা দৃগ্গোচর এবান্তরীক্ষে স্থিতান্ বহ্নিং ত্রিঃ প্রদক্ষিণীকৃত্য ॥ ১ । ২০ ॥

কন্দমূল ফল বৃত্তি দ্বারা জীবন ধারণ পূর্ব্বক নিরন্তর স্বামির শুশ্রূষা করিতেন। এসকল কঠোরে অত্যন্ত কৃশা হইলেও তাঁহার ক্লেশ বোধ হইত না, যে হেতু প্রিয়তম পতি কর দ্বারা স্পর্শ ও আদর করাতে তাহাতেই নির্বৃতি লাভ করিতেন ॥ ১৭ ॥

পতিপরায়ণা অর্চ্চিঃ যখন দেখিলেন আপনার ও পৃথিবীর পতি পৃথুর দেহে চেতনাদি সমুদায় বিনষ্ট হইল তখন কিয়ৎক্ষণ বিলাপ করিয়া পরে পর্ব্বতের প্রস্থে চিতা রচনা পূর্ব্বক তদুপরি স্বামির কলেবর আরোপণ করিলেন ॥ ১৮ ॥

তদনন্তর তৎকালোচিত অন্যান্য ক্রিয়া নির্ব্বাহ করিয়া নদীর জলে অবগাহন পূর্ব্বক উদার কর্ম্মা ভর্ত্তার তর্পণ করিলেন। পরে অন্তরীক্ষ স্থিত দেবগণকে প্রণাম করিয়া তিনবার চিতা প্রদক্ষিণ করত ভর্ত্তৃচরণ চিন্তা করিতে করিতে বহ্নি প্রবেশ করিলেন ॥ ১৯ ॥

বৎস বিদুর! পতি পরায়ণা অর্চ্চিকে বীরবর পতি পৃথুর সহিত সহমৃতা দেখিয়া আকাশ পথে দণ্ডায়মান দেবপত্নী সকল দেবগণের সহিত সহস্র বার স্তব করিতে লাগিলেন ॥ ২০ ॥

কুর্ব্বত্যঃ কুসুমাসারং তস্মিন্ মন্দরসানুনি। নদৎস্বমরতূর্য্যেষু গৃণন্তিস্ম পরস্পরং ॥

শ্রীদেব্য ঊচুঃ ॥

অহো ইয়ং বধূর্ধন্যা যা চৈবং ভূভুজাং পতিং। সর্ব্বাত্মনা পতিং ভেজে যজ্ঞেশং শ্রীর্বধূরিব।
সৈষা নূনং ব্রজত্যূর্দ্ধমনুবৈণ্যং পতিং সতী। পশ্যতাস্মানতীত্যার্চ্চি দুর্বিভাব্যেন কর্ম্মণা ॥ ২১ ॥
তেষাং দুরাপং কিন্বন্যন্মর্ত্ত্যানাং ভগবৎ পদং। ভুবি লোলায়ুষো যে বৈ নৈষ্কর্ম্ম্যং সাধয়ন্ত্যুত ॥ ২২ ॥
সবঞ্চিতো বতাত্মধ্রুক্ কৃচ্ছ্রেণ মহতা ভুবি। লব্ধাপবর্গ্যং মানুষ্যং বিষয়েষু বিষজ্জতে ॥

শ্রীধরস্বামী।

গৃণন্তিস্ম অভাষন্ত ॥ ২১ ॥

ভগবান্ পদ্যতে গম্যতেঽনেনেতি তথা তৎ নৈষ্কর্ম্ম্যং জ্ঞানং যে চঞ্চলায়ুষোপি সাধয়ন্তি তেষামন্যৎ দেবাদিপদং কিমু দুর্ল্লভং ন কিঞ্চিদিত্যর্থঃ ॥ ২২ ॥

অভক্তং শোচন্তি সবঞ্চিত ইতি বত আত্মনে দ্রুহ্যতি যোঽপবর্গ সাধনং মানুষ্যং লব্ধ্বাপি বিষয়েষ্বাসক্তিং যাতি ॥ ২৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

এষা ইত্যঙ্গুল্যা দর্শয়তি। ঊর্দ্ধং শ্রীবৈকুণ্ঠলোকং। অনুবৈণ্যমিত্যগ্রপশ্চাদ্ভাবেন দর্শনাৎ ॥ ২১ ॥

টীকায়াং ভগবৎ প্রাপকং জ্ঞানমিতি ভক্তিযোগাঙ্গত্বমুক্তং। যদ্বা। ভগবৎ পদং শ্রীবৈকুণ্ঠং নৈষ্কর্ম্ম্যং কর্ম্মণা ন সাধ্যমিত্যর্থঃ। বিদ্যাল্লোলায়ুষ ইতি চিৎসুখ মতঃ ॥ ২২ ॥

আপবর্গ্যং সালোক্যাদি সিদ্ধিদং ভক্তিযোগসিদ্ধিদং বা ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

গৃণন্তিস্ম ঊচুঃ ॥

এষেত্যঙ্গুল্যা দর্শয়ন্তি ঊর্দ্ধমিত্যধঃ কিং চিতাগ্নিং পশ্যথেতি ভাবঃ। নূনমিতি বিতর্কে যেয়ং বিমানস্থা কাচিৎ বিদ্যোতিনী দৃশ্যতে সৈষা অর্চ্চিরেব ভবেদিত্যর্থঃ। অনুবৈণ্যমিত্যগ্রে বিমানস্থং বৈণ্যং তৎ পশ্চাদর্চ্চিষমপি বিমানে পশ্যতেত্যর্থঃ। অস্মান তীত্যেতি বয়ং দেবতা ভূত্বাপ্যস্যাঃ পাদতলবর্ত্তিন্যোঽভূমেতি ভাবঃ ॥ ২১ ॥

হন্ত হন্ত ঈদৃশ্যএব মানুষ্যোবয়মপি ভূয়াস্ম যদি ভাগ্যং স্যাদিত্যাহ তেষামিতি কিং উ অন্যং পারমেষ্ঠ্যাদিকং যে বৈ নিশ্চিত মেতে পৃথ্বর্চ্চিঃ প্রভৃতয়ঃ ভগবতঃ পদং ধাম বৈকুণ্ঠং নৈষ্কর্ম্ম্য রূপং ॥ ২২ ॥

অভক্তং শোচন্তি স ইতি ॥

অনন্তর অমরগণের তুরী ভেরী প্রভৃতি বাদিত হইলে অমরাঙ্গনা সকল ঐ পর্ব্বতের প্রস্থে পুষ্প বৃষ্টি করিতে করিতে পরস্পর কহিতে লাগিলেন। আহা! এই বধূ অর্চ্চিঃ অতিধন্যা, যজ্ঞেশ্বরের বধূ লক্ষ্মীর তুল্যা, মহীপতিদিগের পতি আপন পতিকে সর্ব্বান্তঃকরণে ভজনা করিয়াছেন, সেই দুর্ব্বিভাব্য আত্ম কর্ম্ম দ্বারা আমাদিগকে অতিক্রম করিয়া ঊর্দ্ধলোকে স্বামির পশ্চাৎ পশ্চাৎ গমন করিতেছেন। কি আশ্চর্য্য! দেখ! দেখ! ॥ ২১ ॥

অথবা এ বিষয় বিস্ময়কর নহে যে সকল ব্যক্তি চঞ্চল পরমায়ুঃ প্রাপ্ত হইয়াও এমত নৈষ্কর্ম্ম অর্থাৎ জ্ঞান সাধন করে যাহাতে ভগবান্‌কে প্রাপ্ত হওয়া যায়, তাহাদের দেবাদি পদ কি দুর্ল্লভ হয়? অর্থাৎ তাহাদের পক্ষে উহাও কিছুই নহে ॥ ২২ ॥

আহা! পৃথিবী মধ্যে মনুষ্য জন্ম অপবর্গের সাধন, অতি কৃচ্ছ্রে সেই মানব জন্ম লাভ করিয়া যে

শ্রীমৈত্রেয় উবাচ ॥

স্তুবন্তীষ্বমরস্ত্রীষু পতিলোকং গতা বধূঃ। যং বা আত্মবিদাং ধুর্য্যোবৈণ্যঃ প্রাপাচ্যুতাশ্রয়ঃ।
ইত্থং ভূতানুভাবোসৌ পৃথুঃ স ভগবত্তমঃ। কীর্ত্তিতং তস্য চরিতমুদ্দামচরিতস্য তে।
য ইদং সুমহৎ পুণ্যং শ্রদ্ধয়াবহিতঃ পঠেৎ। শ্রাবয়েচ্ছৃণুয়াদ্বাপি স পৃথোঃ পদবীমিয়াৎ ॥ ২৩ ॥
ব্রাহ্মণো ব্রহ্মবর্চ্চস্বী রাজন্যো জগতীপতিঃ। বৈশ্যঃ পঠন্ বিট্পতিঃ স্যাৎ শূদ্রঃ সত্তমতামিয়াৎ।
ত্রিঃ কৃত্ব ইদমাকর্ণ্য নরো নার্য্যথ বাদৃতা। অপ্রজাঃ সুপ্রজতমো নির্ধনোধনবত্তমঃ।
অস্পষ্টকীর্ত্তিঃ সুযশা মূর্খো ভবতি পণ্ডিতঃ। ইদং স্বস্ত্যয়নং পুংসামমঙ্গল্য নিবারণং।
ধন্যং যশস্যমায়ুষ্যং স্বর্গ্যং কলিমলাপহং। ধর্ম্মার্থকামমোক্ষাণাং সম্যক্ সিদ্ধিমভীপ্সুভিঃ।

শ্রীধরস্বামী।

বিশাং পশ্বাদীনাং বৈশ্যাদীনাং বা পতিঃ স্যাৎ ॥ ২৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

পত্যুঃ শ্রীপৃথোঃ সম্বন্ধিনং লোকং। তৎ প্রাপ্তলোকমিত্যর্থঃ। তস্য প্রাপঞ্চিকত্বং নিষেধয়তি যং বা ইতি। আত্মবিদাং ধুর্য্যঃ অচ্যুতাশ্রয় ইতি জ্ঞান প্রচারত্বেনাত্মবিদামাশ্রয়ঃ। স্বতন্ত্রচ্যুত মাত্র শরণ ইত্যর্থঃ ॥ ২৩ ॥

ব্রাহ্মণ ইতি। সার্দ্ধযুগ্মকং ॥ ২৪। ২৫। ২৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নমু কিং সহমরণপুণ্যলভ্যং পতিলোকং নহি নহি যং লোকং বৈ নিশ্চিতং বৈণ্যঃ প্রাপ আত্মবিদাং ধুর্য্য ইতি ন তস্য প্রাকৃতঃ পতিলোকঃ প্রাপ্তুর্হ ইতি ভাবঃ। অচ্যুতাশ্রয় ইতি নাপি সাযুজ্যং লভ্যং। নকাময়ে নাথেত্যাদি তদীয় প্রার্থনা বিরোধাৎ। অতঃ শ্রীস্বামিচরণৈরেতদধ্যায়ার্থ উক্তঃ। যথা। ত্রয়োবিংশে সভার্য্যস্য বনে নিত্য সমাধিতঃ। বিমানমধিরুহ্যাথ বৈকুণ্ঠগতি রীর্য্যত ইতি ভক্তভিন্নেষেব পতিলোকস্য বলীয়স্ত্বং জ্ঞেয়ং ॥ ২৩ ॥

বিশাঃ পশ্বাদীনাং বৈশ্যানাং বা পতিঃ স্যাৎ ॥ ২৪ ॥

ব্যক্তি মোক্ষের নিমিত্ত যত্ন না করিয়া বিষয়ে আসক্ত হয়,তাহার প্রতি বিধাতার বিড়ম্বনা! সে আপনা হইতে আপনার সুমহৎ অনিষ্ট করে। মৈত্রেয় কহিলেন বৎস বিদুর! এ দিকে অমর স্ত্রী সকল ঐ প্রকারে স্তব করিতে লাগিলেন ও দিকে পৃথুপত্নী অর্চ্চিঃ পতিলোকে গিয়া উপনীত হইলেন, অথবা আত্মজ্ঞ শ্রেষ্ঠ অচ্যুতাশ্রয় বেণতনয় পৃথু যে লোক প্রাপ্ত হইলেন অর্চ্চিও সেই লোকে গিয়া উপস্থিত হইলেন। বৎস! মহা ভাগবত পৃথু এই প্রকার মহাভানুভব ও উদ্দাম চরিত, তাঁহার এই চরিত্র তোমার নিকট কীর্ত্তন করিলাম। যে ব্যক্তি অবহিত হইয়া শ্রদ্ধা পূর্ব্বক এই সুমহৎ পুণ্য আখ্যান স্বয়ং পাঠে অথবা শ্রবণ করাইবে কিম্বা করিবে, তাহার পৃথুর পদবীতে গতি হইবে ॥ ২৩ ॥

ব্রাহ্মণেরা এই চরিত্র পাঠ করিলে ব্রহ্মতেজঃ সম্পন্ন ক্ষত্রিয়ে পড়িলে পৃথিবীপতি, বৈশ্য পাঠ করিলে পশ্বাদির পতি হইবে। আর যদি শূদ্রে পড়ে সে অতি সাধু হইবে। নর অথবা নারী যদি শ্রদ্ধান্বিত হইয়া এই চরিত্র তিনবার শ্রবণ করে, তবে যে ব্যক্তি অপুত্রক সে সৎপুত্রবান্ ও যে নির্দ্ধন সে মহাধন সম্পন্ন হইবে, আর যাহার কীর্ত্তি অস্পষ্ট, তাহার যশঃ সর্ব্বত্র বিস্তৃত হইবে, এবং ইহা শুনিয়া মূর্খ জনেরাও পাণ্ডিত্য লাভ করিতে পারিবে। এই চরিত্র অতিশয় পবিত্র ও স্বস্ত্যয়ন স্বরূপ, ইহাতে পুরুষ সকলের সমস্ত অমঙ্গল নিবারণ হয়, ইহা আয়ুঃ ধন ও যশের বৃদ্ধিকারী এবং স্বর্গের সাধন ও কলি কল্মষ নাশক। ধর্ম্ম অর্থ কাম মোক্ষের সম্যক্ সিদ্ধিকামি পুরুষেরা শ্রদ্ধা-

শ্রদ্ধয়ৈতদনুশ্রাব্যং চতুর্ণাং কারণং পরং। বিজয়াভিমুখোরাজা শ্রুত্বৈতদভিযাতি যান্।
বলিং তস্মৈ হরন্ত্যগ্রে রাজানঃ পৃথবে যথা ॥ ২৪ ॥
মুক্তান্যসঙ্গো ভগবত্যমলাং ভক্তিমুদ্বহন্। বৈণ্যস্য চরিতং পুণ্যং শৃণুয়াৎ শ্রাবয়েৎ পঠেৎ ॥ ২৫ ॥
বৈচিত্রবীর্য্যাভিহিতং মহন্মাহাত্ম্যসূচকং। অস্মিন্ কৃতমতির্মর্ত্ত্যঃ পার্থবীং গতিমাপ্নুয়াৎ ॥ ২৬
অনুদিনমিদমাদরেণ শৃণ্বন্ পৃথুচরিতং প্রথয়ন্ বিমুক্তসঙ্গঃ।
ভগবতি ভবসিন্ধুপোতপাদে সচ নিপুণাং লভতে রতিং মনুষ্যঃ ॥ ২৭ ॥

॥ ✻ ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং চতুর্থস্কন্ধে পৃথুচরিতং ত্রয়োবিংশোঽধ্যায়ঃ ॥ ✻ ॥ ২৩ ॥ ✻ ॥

শ্রীধরস্বামী।

যদ্যপি বহূনি ফলানি ভবন্তি তথাপি মুক্তান্য সঙ্গএব শ্রবণাদি কুর্য্যাৎ ॥ ২৫ ॥
মহতো ভগবতো মাহাত্ম্য সূচকং পার্থবীং পৃথুসম্বন্ধিনীং পার্থিবীমিতিবা পাঠঃ ॥ ২৬ ॥
প্রথয়ন্ কীর্ত্তয়ন্ ভবসিন্ধৌ পোতঃ পাদৌ যস্য ॥ ২৭ ॥

॥ ✻ ॥ ইতি চতুর্থে ত্রয়োবিংশঃ ॥ ✻ ॥

ক্রমসন্দর্ভঃ।

মনুষ্য ইতি। মনুষ্য মাত্রস্যাধিকারিতা দর্শিতা ॥ ২৭ ॥

॥ ✻ ॥ ইতি শ্রীমদ্ভাগবতে চতুর্থস্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভস্য ত্রয়োবিংশতিতমোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ ✻ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অমলাং শুদ্ধাং ভক্তিং উদ্বহন্ উদ্বোঢ়ুস্তু মুক্তান্যসঙ্গঃ ত্যক্তান্য ফলএব শৃণুয়াৎ ॥ ২৫ ॥
হে বিচিত্রবীর্য্যস্য পুত্র মহতাং মাহাত্ম্যস্য সূচকং পৃথূপাখ্যানমিদমভিহিতং। পার্থবীং পৃথুসম্বন্ধিনীং ॥ ২৬ । ২৭ ॥

॥ ✻ ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। ত্রয়োবিংশশ্চতুর্থস্য সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ ✻ ॥

ন্বিত হইয়া সর্ব্বদা ইহা শ্রবণ করিবেন, যে হেতু ইহা ঐ চতুষ্টয়ের প্রধান কারণ। বিজিগীষু রাজা এই আখ্যান শ্রবণ করিয়া যদি অন্য রাজাদের অভিমুখে যাত্রা করেন তাহা হইলে রাজারা অগ্রে পৃথুকে যে প্রকারে কর প্রদান করিত সেই প্রকারে স্বয়ং বশীভূত হইয়া তৎক্ষণাৎ তাঁহার নিকটে কর আনিয়া সমর্পণ করিবে ॥ ২৪ ॥

যদিও এই চরিত্র শ্রবণে বহুতর ফল হয়, অথাপি অন্য সঙ্গ পরিত্যাগ করিয়া ভগবানের প্রতি অমলা ভক্তি উদ্বহন পূর্ব্বক শ্রবণ অথবা শ্রাবণ কিম্বা পাঠ করিতে হইবে ॥ ২৫ ॥

হে বিচিত্রবীর্য্য তনয় বিদুর! এই চরিত্র ভগবানের মাহাত্ম্য সূচক, যে মানব ইহাতে আপনার মতি স্থির করেন তাঁহার পৃথু সম্বন্ধিনী গতি লাভ হইবে ॥ ২৬ ॥

বৎস! সঙ্গ পরিত্যাগ পূর্ব্বক আদিরাজ পৃথুর এই বিশুদ্ধ চরিত্র বিস্তার করিয়া সাদরে প্রতিদিন শ্রবণ ও কীর্ত্তন করিলে, এই সংসার সাগর নিস্তারের তরণী স্বরূপ ভগবানের পাদপদ্মে নিশ্চলা রতি লাভ হইবে ॥ ২৭ ॥

॥ ✻ ॥ চতুর্থে ত্রয়োবিংশ ॥ ✻ ॥

শ্রীমৈত্রেয় উবাচ ॥

বিজিতাশ্বোঽধি রাজাসীৎ পৃথুপুত্রঃ পৃথুশ্রবাঃ। যবীয়োভ্যোঽদদাৎ কাষ্ঠা ভ্রাতৃভ্যোভ্রাতৃবৎসলঃ ॥ ১ ॥

হর্য্যক্ষায়াদিশৎ প্রাচীং ধূম্রকেশায় দক্ষিণাং। প্রতীচীং বৃকসংজ্ঞায় তুর্য্যাং দ্রবিণসে বিভুঃ ॥ ২ ॥

অন্তর্দ্ধানগতিং শক্রাল্লব্‌্বান্তর্দ্ধানসংজ্ঞিতঃ। অপত্যত্রয়মাধত্ত শিখণ্ডিন্যাং সুসম্মতং ॥ ৩ ॥

পাবকঃ পবমানশ্চ শুচিরিত্যগ্নয়ঃ পুরা। বশিষ্ঠশাপাদুৎপন্নাঃ পুনর্যোগগতিঙ্গতাঃ ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

একাদশভিরধ্যায়ৈঃ পৃথোশ্চরিতমীরিতং। প্রচেতসামথাষ্টাভিস্তন্মধ্যে পঙক্তিঃ পিতুঃ। চতুর্ব্বিংশে প্রপৌত্রাত্তু পৃথোঃ প্রাচীনবর্হিষঃ। প্রচেতসাং জনি স্তেভ্যোরুদ্রগীতঞ্চ বর্ণ্যতে ॥ ০ ॥

অধিরাজ আসীদিত্যর্থঃ। যবীয়োভ্যঃ কনিষ্ঠেভ্যঃ কাষ্ঠা দিশঃ ॥ ১ ॥

তুর্য্যাং চতুর্থীং ॥ ২ ॥

শক্রাল্লব্‌্বা পৃথোরশ্বমেধে অশ্ববিজয়াবসরে ॥ ৩ ॥

অপত্যত্রয়মেবাহ পাবক ইতি পুরা যঃ শাপস্তস্মাৎ মনুষ্যেষু উৎপন্নাঃ সন্তঃ যোগগতিং অগ্নিত্বং প্রাপ্তাঃ ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

পৃথোঃ প্রপৌত্রাৎ প্রাচীন বর্হিষো যে প্রচেতসঃ। চতুর্বিংশে রুদ্রগীতং ত আপুরিতি কীর্ত্ত্যতে ॥ ০ ॥

অধিরাজা অধিরাজঃ যবীয়োভ্যঃ স্বকনিষ্ঠেভ্যঃ ॥ ১। ২ ॥

লব্‌্বা পিতুরশ্বমেধীয়াশ্ববিজয়াবসরে ইত্যর্থঃ। অন্তর্দ্ধান নামা ॥ ৩ ॥

যোগগতিমগ্নিত্বং ॥ ৪ ॥

চতুর্ব্বিংশতি অধ্যায়ে পৃথুর প্রপৌত্র প্রাচীনবর্হি হইতে প্রচেতাদিগের উৎপত্তি ও তাঁহাদের নিমিত্ত রুদ্রগীত বর্ণন ॥ ০ ॥

মৈত্রেয় কহিলেন বৎস বিদুর! আদিরাজ পৃথু মর্ত্ত্য দেহ পরিত্যাগ করিয়া দিব্য গতি লাভ করিলে তাঁহার যশস্বী পুত্র বিজিতাশ্ব অদ্বিতীয় ধরার অধীশ্বর হইয়া স্নেহ বশতঃ কনিষ্ঠ ভ্রাতাদিগকে এক এক দিক্ দান করিলেন ॥ ১ ॥

অর্থাৎ হর্য্যক্ষকে পূর্ব্ব, ধূম্রকেশকে দক্ষিণ, বৃককে পশ্চিম এবং দ্রবিণসকে উত্তর দিকের আধিপত্য দান করিলেন ॥ ২ ॥

মহারাজ পৃথু যৎকালীন অশ্বমেধ যজ্ঞ করেন, তখন অশ্ব জয়াবসরে বিজিতাশ্ব ইন্দ্রের নিকট অন্তর্দ্ধান গতি বিদ্যা প্রাপ্ত হন, এই নিমিত্ত পরে তাঁহার "অন্তর্দ্ধান" নাম হইয়াছিল। সে যাহা হউক, শিখণ্ডিনী নাম্নী তাঁহার যে ভার্য্যা ছিল, তাঁহার গর্ভে তিনি আত্মতুল্য তিনটী পুত্র উৎপন্ন করিলেন ॥ ৩

পাবক, পবমান এবং শুচি। এই তিন অগ্নির প্রতি পূর্ব্বে বশিষ্ঠ মুনির শাপ হয়, তাহাতে ঐ তিন অগ্নিই মানব দেহ প্রাপ্ত হইয়া অন্তর্দ্ধানের তিন পুত্র হইয়া জন্মিলেন। কিন্তু পরে তাঁহারা পুনরায় আপনাদের যোগ গতি অর্থাৎ অগ্নিত্ব প্রাপ্ত হয়েন ॥ ৪ ॥

অন্তর্দ্ধানোনভস্বত্যাং হবির্দ্ধানমবিন্দত। য ইন্দ্রমশ্বহর্ত্তারং বিদ্বানপি নজঘ্নিবান্ ॥ ৫ ॥
রাজ্ঞাং বৃত্তিং করাদান দণ্ড শুল্কাদি দারুণাং। মন্যমানোদীর্ঘসত্র ব্যাজেন বিসসর্জ্জহ ॥ ৬ ॥
তত্রাপি হংসং পুরুষং পরমাত্মানমাত্মদৃক্। যজংস্তল্লোকতামাপ কুশলেন সমাধিনা।
হবির্দ্ধানাদ্ধবির্দ্ধানী বিদুরাসূত ষট্ সুতান্। বর্হিষদং গয়ং শুক্লং কৃষ্ণং সত্যং জিতব্রতং ॥ ৭ ॥
বর্হিষৎস্থ মহাভাগো হাবির্দ্ধানিঃ প্রজাপতিঃ। ক্রিয়াকাণ্ডেষু নিষ্ণাতো যোগেষুচ কুরূদ্বহ ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

নভস্বত্যাং অন্যস্যাং ভার্য্যায়াং। অন্তর্দ্ধানস্য বিশেষণং য ইতি। এতেন শক্রাদন্তর্দ্ধান গতিলাভে কারণমুক্তং ॥ ৫ ॥
সচান্তর্দ্ধানো রাজ্ঞাং বৃত্তিং করাদানাদিভিঃ দারুণাং পরপীড়াত্মিকাং মন্যমানো বিসসর্জ্জ ॥ ৬ ॥
হন্তি স্বানাং ক্লেশমিতি হংসস্তং পুরুষং পূর্ণং কুশলং পুণ্যং তদ্রূপেণ সমাধিনা ॥ ৭ ॥
হাবির্দ্ধানিঃ হবির্দ্ধানস্য পুত্রঃ। যোগেষু প্রাণায়ামাদিষু ॥ ৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

রাজ্ঞামিতি। সাক্ষাত্যাগে রাজমর্য্যাদা লঙ্ঘনং স্যাদিতি ভাবঃ ॥ ১।২।৩।৪।৫।৬।৭।৮।৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নভস্বত্যামন্যস্যাং ভার্য্যায়াং যোঽন্তর্দ্ধানঃ। বিদ্বানপি ন জঘ্নিবানিতি শক্রাদন্তর্দ্ধান গতিলাভে কারণং ॥ ৫ ॥
যোঽন্তর্দ্ধানোরাজ্ঞাং বৃত্তিং বিসসর্জ্জ। কুতঃ করদানাদিভি র্দারুণাং মন্যমানঃ ॥ ৬ ॥
তত্রাপি দীর্ঘ সত্রেপি কর্ম্মকর্ত্তৃনপি হংসাবতারং যজন্ তস্য লোকএব লোকো বাসস্থানং যস্য মৃগেক্ষণেতি বৎ সমাসঃ তস্য ভাবস্তত্তা তাং ॥ ৭।৮ ॥

বৎস বিদুর! অন্তর্দ্ধানের শিখণ্ডিনী ভিন্ন অন্য একটী নভস্বতী নাম্নী ভার্য্যা ছিল, তাঁহার গর্ব্ভে অন্তর্দ্ধান, হবির্দ্ধান নামে এক পুত্র লাভ করেন। অন্তর্দ্ধানের মহাত্মতার কথা কি বলিব ইন্দ্রকে পিতৃ যজ্ঞের অশ্বহর্ত্তা জানিয়াও বধ করেন নাই, তাহাতেই ইন্দ্র তুষ্ট হইয়া তাঁহাকে অন্তর্দ্ধান গতি বিদ্যা প্রদান করিয়াছিলেন ॥ ৫ ॥

সে যাহা হউক, অন্তর্দ্ধান পিতৃরাজ্য প্রাপ্ত হইয়া কিয়ৎকাল রাজকার্য্য নির্ব্বাহ করণানন্তর একদা বিবেচনা করিলেন কর আদায়, দণ্ড বিধান ও শুল্ক (মাসুল) গ্রহণ ইত্যাদিই রাজাদের বৃত্তি, এ সকল ত পরপীড়া দায়ক। অতএব দীর্ঘকাল সাধ্য একটী যজ্ঞ আরম্ভ করিয়া সেই ছলে রাজবৃত্তি পরিত্যাগ করিলেন ॥ ৬ ॥

এবং যে যজ্ঞ আরব্ধ হইল তাহাতেও পরমাত্ম দর্শী হইয়া আত্মীয় জনের ক্লেশহারি পূর্ণ পরম পুরুষের অর্চ্চনা করিতে লাগিলেন, অতএব পুণ্য সমাধি দ্বারা অচিরেই তাঁহার তল্লোক প্রাপ্তি হইল। বৎস বিদুর! মহারাজ পৃথুর দ্বিতীয় পুত্র হবির্দ্ধান, তাঁহার ভার্য্যার নাম হবির্দ্ধানী। হবির্দ্ধানের ঔরসে হবির্দ্ধানী ছয়টী পুত্র প্রসব করিলেন, তাহাদের নাম যথা বর্হিষদ, গয়, শুক্ল, কৃষ্ণ, সত্য এবং জিতব্রত ॥ ৭ ॥

হে কুরুবর! ঐ ছয়ের মধ্যে বর্হিষদ মহাভাগ্যবান্ ও প্রজাপতি ছিলেন, সর্ব্বদা ক্রিয়াকাণ্ড ও প্রাণায়ামাদি যোগে রত থাকিতেন ॥ ৮ ॥

যস্যেদং দেবযজনমনুযজ্ঞং বিতন্বতঃ। প্রাচীনাগ্রৈঃ কুশৈরাসীদাস্তৃতং বসুধাতলং ॥ ৯ ॥
সামুদ্রীং দেবদেবোক্তামুপযেমে শতদ্রুতিং ॥ ১০ ॥
যাং বীক্ষ্য চারু সর্ব্বাঙ্গীং কিশোরীং সুষ্ঠ্বলঙ্কৃতাং। পরিক্রামন্তীমুদ্বাহে চকমেঽগ্নিঃ শুকীমিব ॥ ১১
বিবুধাসুর গন্ধর্ব্ব মুনিসিদ্ধনরোরগাঃ। বিজিতাঃ সূর্য্যয়া দিক্ষু ক্বণয়ন্ত্যৈব নূপুরৈঃ ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

ক্রিয়াকাণ্ডে নিষ্ণাতত্বমাহ যস্যেতি। ইদং বসুধাতলং দেবযজনং যজ্ঞবাটং বিতন্বতঃ যত্রৈকো যজ্ঞঃ কৃত স্তৎ সমীপএব যজ্ঞান্তরং কুর্ব্বতঃ সতঃ। অতএব প্রাচীনবর্হিরুচ্যতে ॥ ৯ ॥

সমুদ্রস্য কন্যাং দেবদেবেন ব্রহ্মণোপদিষ্টাং শতদ্রুতিং নাম ॥ ১০ ॥

কিশোরীং বালাং পরিক্রামন্তীং প্রদক্ষিণং গচ্ছন্তীং শুকীমিবেতি। এবং হ্যাখ্যায়তে সপ্তর্ষীণাং সত্রে তদ্ভার্য্যাদর্শনেনাগ্নিঃ কামসন্তপ্তোঽভূৎ। তঞ্চ তদ্ভার্য্যা স্বাহা নাম সপ্তর্ষি ভার্য্যারূপ ধারিণী সতী রময়ামাস রময়িত্বাচ তদ্রেতঃ শুকীরূপেণ শরস্তম্বে নিধায়াগচ্ছৎ। তাং যথা সপ্তর্ষিভার্য্যা ভ্রান্ত্যা অগ্নিঃ কামিতবান্ তদ্বদিতি স্তূকীমিতি পাঠে স্তোক ঘৃতধারামিত্যর্থঃ ॥ ১১ ॥

সূর্য্যয়া নবোঢ়য়ৈব বিবুধাদয়ো বিজিতা অভিভূতাঃ। তচ্চ নূপুরৈঃ পাদৌ ক্বণয়ন্ত্যৈব ধ্বনি মাত্রেণ ইত্যর্থঃ ॥ ১ ॥

ক্রমসন্দর্ভঃ।

সামুদ্রীমিত্যর্দ্ধকং ॥ ১০। ১১। ১২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যস্যেদং বসুধাতলং কুশৈরাস্তৃতমাচ্ছাদিতমাসীদিতি। পৃথিব্যাং তাদৃশং স্থলং নাসীদ্যত্র তেন যজ্ঞঃ কৃতো নাসীদিত্যতএব স প্রাচীনবর্হিরিত্যুচ্যত ইতি ভাবঃ। তত্রাপ্যনুযজ্ঞং প্রতিযজ্ঞমেবং দেবানাং সর্ব্বেষামেব যজনং বিতন্বতঃ বিস্তার্য্য মুখ্য কল্পেনৈব কুর্ব্বতঃ ॥ ৯ ॥ সমুদ্রস্য কন্যাং দেবদেবেন ব্রহ্মণোপদিষ্টাং ॥ ১০ ॥

শুকীমিবেত্যেবং হ্যাখ্যায়তে। মহর্ষীণাং সত্রে তদ্ভার্য্যা দর্শনে নাগ্নিঃ কামার্ত্তোঽভূৎ তঞ্চ তদ্ভার্য্যা স্বাহা নাম সপ্তর্ষি ভার্য্যা রূপ ধারিণী সতী রময়ামাস রময়িত্বাচ তদ্রেতঃ শুকীরূপেণ শরস্তম্বে নিধায়াগচ্ছৎ তাং যথা সপ্তর্ষি ভার্য্যা ভ্রান্ত্যা অগ্নিঃ কামিতবান্ তদ্বৎ। স্তুকীমিবেতি পাঠে স্তোক ঘৃতধারামিবেত্যর্থঃ ॥ ১১ ॥

সূর্য্যয়া নবোঢ়য়ৈব বিজিতাঃ। তচ্চ নূপুরৈঃ পাদৌ ক্বণয়ন্ত্যৈব ধ্বনিমাত্রেণৈব নতু তাং কেপি দ্রষ্টুং শেকুরিতি ভাবঃ ॥১২।১৩

তিনি যে খানে একটী যজ্ঞ করিতেন তাহার সমীপে পুনরায় যজ্ঞ করিয়া বসুধা তলকে যজ্ঞবেদিময় করিয়াছিলেন এবং তদীয় পূর্ব্বাগ্র কুশা দ্বারা অবনীতল আস্তৃত হইয়াছিল। অতএব লোকে এখনও তাঁহাকে প্রাচীনবর্হিঃ বলিয়া থাকে ॥ ৯ ॥

তিনি ব্রহ্মার আদেশে সমুদ্র কন্যা শত দ্রুতির পাণিগ্রহণ করিয়াছিলেন ॥ ১০ ॥

শতদ্রুতির রূপ লাবণ্যের কথা কি বলিব বিবাহার্থ অলঙ্কৃত হইয়া সেই বালা যখন অগ্নি প্রদক্ষিণ করিতেছিলেন তখন হুতাশন শুকীর ন্যায় তাহার প্রতি কাম ভাব প্রকাশ করেন।

এই বিষয়ে আখ্যায়িকা যথা। পূর্ব্বে সপ্তর্ষিদের যজ্ঞে তাঁহাদের ভার্য্যাকে নিরীক্ষণ করিয়া অগ্নি কামাতুর হয়েন, তাহাতে অগ্নির ভার্য্যা স্বাহা সপ্তর্ষিদের ভার্য্যা রূপ ধারণ করিয়া অগ্নিকে রমণ করান, এবং রমণানন্তর শুকী রূপিণী হইয়া অগ্নির রেত শর স্তম্বে রাখিয়া আইসেন। অগ্নি যেমন সপ্তর্ষি ভার্য্যা ভ্রমে শুকীতে উপগত হন তদ্রূপ শতদ্রুতিতেও কামাতুর হইয়াছিলেন ॥ ১১ ॥

সে যাহা হউক, নববিবাহিতা সেই কন্যা নূপুর দ্বারা চরণের ধ্বনি করিয়াই সকল দিকের সুর অসুর গন্ধর্ব্ব মুনি সিদ্ধ উরগ ও নর সকলকে জয় করিলেন ॥ ১২ ॥

প্রাচীনবর্হিষঃ পুত্রাঃ শতদ্রুত্যাং দশাভবন্। তুল্যনাম ব্রতাঃ সর্ব্বে ধর্ম্মস্নাতাঃ প্রচেতসঃ॥ ১৩
পিত্রা দিষ্টাঃ প্রজাসর্গে তপসেঽর্ণবমাবিশন্। দশবর্ষ সহস্রাণি তপসার্চ্চং স্তপস্পতিং।
যদুক্তং পথি দৃষ্টেন গিরিশেন প্রসীদতা। তদ্ধ্যায়ন্তো জপন্তশ্চ পূজয়ন্তশ্চ সংযতাঃ।
শ্রীবিদুর উবাচ॥
প্রচেতসাং গিরিত্রেণ যথাসীৎ পথি সঙ্গমঃ। যদ্বাভ্যাহ হরঃ প্রীতস্তন্নো ব্রহ্মন্ বদার্থবৎ॥ ১৪॥
সঙ্গমঃ খলু বিপ্রর্ষে শিবেন হি শরীরিণাং। দুর্ল্লভো মুনয়োদধ্যু রসঙ্গাদ্যমভীপ্সিতং॥ ১৫॥
আত্মারামোপি যঃ স্বস্য লোককল্পস্য রাধসে। শক্ত্যা যুক্তো বিচরতি ঘোরয়া ভগবান্ ভবঃ॥ ১৬

শ্রীধরস্বামী।

তুল্যং নাম ব্রতমাচারশ্চ যেষাং ধর্ম্মস্নাতাঃ ধর্ম্মপারগাঃ॥ ১৩॥ তপসা তপসাং পতিং হরিং আর্চ্চন্ অর্চ্চয়ামাসুঃ॥ ১৪॥
মুনয়োপি সঙ্গত্যাগেনাপ্তু মিষ্টং যং দধ্যুরেব কেবলং নতু প্রাপুঃ তেন শিবেন॥ ১৫॥
নমু মুনীনাং কিং তদ্ধ্যানেন ঘোরত্বাদিত্যাশঙ্ক্যাহ। আত্মারামোপি লোকরচনায়াঃ পালনায়॥ ১৬॥

ক্রমসন্দর্ভঃ।

ধর্ম্মস্নাতা ইত্যত্র ধনুঃ স্নাত ইতি চিৎসুখঃ ধনুর্বেদপারগঃ॥ ১৩। ১৪। ১৫॥
ঘোরয়া দুষ্টং প্রতি॥ ১৬। ১৭॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তপসাং পতিং হরিং আর্চ্চন অর্চ্চয়ামাসুঃ। কীদৃশাঃ যদুক্তং গিরিশেন তদেব ধ্যায়ন্তঃ॥
যৎ রহো রহস্যং প্রীতঃ সন্ বাচা অভিধয়ৈব আহ॥ ১৪॥
অসঙ্গাৎ সঙ্গং পরিত্যজ্য অভি সর্ব্বতো ভাবেন ঈপ্সিতং প্রাপ্তু মিষ্টং যং মুনয়োপি দধ্যুরেব॥ ১৫॥
মুনীনাং ধ্যানগম্যোপি কৃপয়া সকামানামপি কামং দাতুং দৃশ্যোপি ভবতীত্যাহ আত্মেতি লোককল্পস্য রাধসে লোকমনোরথ কল্পনস্য সিদ্ধয়ে॥ ১৬। ১৭॥

কালক্রমে তাঁহার গর্ব্ভে প্রাচীনবর্হির দশটী পুত্র জন্মিল, তাহাদের সকলের নাম "প্রচেতা" এবং সকলেই সমান ব্রতধারী ও ধর্ম্মপারগ॥ ১৩॥

প্রাচীনবর্হিঃ তাঁহাদিগকে প্রজাসৃষ্টি করিতে আদেশ করিলে তাঁহারা তদ্বিষয়ে সক্ষম হইবার মানসে তপস্যার্থ সমুদ্রে প্রবেশ করিলেন এবং দশ সহস্র বৎসর যাবৎ তপস্যা করিয়া তদ্দ্বারা তপঃ পতি ভগবানের অর্চ্চনা করিলেন। অনন্তর পথি মধ্যে গিরিশের সহিত সাক্ষাৎ হওয়াতে তিনি প্রসন্ন হইয়া যাহা উপদেশ করেন নিরন্তর সংযত হইয়া কেবল তাঁহারই ধ্যান, তাঁহারই জপ এবং তাঁহাকেই পূজা করিতে লাগিলেন। বিদুর জিজ্ঞাসা করিলেন ব্রহ্মন্! পথিমধ্যে শিবের সহিত প্রচেতাদের যে প্রকারে সঙ্গম হয় এবং ভগবান্ ভব প্রীত হইয়া তাঁহাদিগকে যাহা কহেন অনুগ্রহ পূর্ব্বক বলিতে আজ্ঞা হউক॥ ১৪॥

হে বিপ্রর্ষে! মুনিগণ সঙ্গ পরিত্যাগ করিয়া অভীপ্সিত যে শিবের প্রাপ্তি নিমিত্ত ধ্যান মাত্র করেন, দর্শন প্রাপ্ত হন না, সেই শিবের সহিত শরীরি পুরুষদিগের মিলন যে অসম্ভব! প্রচেতারা কি রূপে তাঁহার সাক্ষাৎ পাইলেন॥ ১৫॥

ভগবান্ ভব আত্মারাম হইয়াও আত্মকৃত লোক রচনার পালনার্থ ঘোর শক্তি সংযুক্ত হইয়া বিচরণ করেন, অতএব কেহ এমত বলিতে পারিবেন না যে তিনি ঘোর বলিয়া মুনিদের ধ্যেয় নহেন॥ ১৬॥

শ্রীমৈত্রেয় উবাচ ॥

প্রচেতসঃ পিতুর্ব্বাক্যং শিরসাদায় সাধবঃ। দিশং প্রতীচীং প্রযযুস্তপস্যাদৃতচেতসঃ ॥ ১৭ ॥
সমুদ্রমুপবিস্তীর্ণমপশ্যন্ সুমহৎ সরঃ। মহন্মন ইব স্বচ্ছং প্রসন্ন সলিলাশয়ং ॥ ১৮ ॥
নীলরক্তোৎপলাম্ভোজ কহ্লারেন্দীবরাকরং। হংস সারস চক্রাহ্ব কারণ্ডব নিকূজিতং ॥ ১৯ ॥
মত্ত ভ্রমর সৌস্বর্য্য হৃষ্টরোম লতাঙ্ঘ্রিপং। পদ্মকোশ রজোদিক্ষু বিক্ষিপৎ পবনোৎসবং ॥ ২০ ॥

শ্রীধরস্বামী।

গুর্ব্বাজ্ঞাকারিণাং শিবদর্শনং স্বতএব ভবতীত্যাশয়েনাহ প্রচেতস ইতি ॥ ১৭ ॥
সমুদ্রমুপসমুদ্রাৎ কিঞ্চিন্ন্যূনং উপোধিকে চেতি কর্ম্ম প্রবচনীয়ঃ প্রসন্নাঃ সলিলাশয়াঃ মৎস্যাদয়ো যস্মিন্ ॥ ১৮ ॥
নীলোৎপলাদীনামাকরং জন্মস্থানং। উৎপলাম্ভোজ কহ্লারাণি রাত্রি দিন সন্ধ্যা বিকাশীনি ইন্দীবরং নীলোৎপলং তস্য পুনরুক্তিঃ প্রাচুর্য্য জ্ঞাপনার্থং। হংসাদিভির্নিকূজিতং ॥ ১৯ ॥
মত্তানাং ভ্রমরাণাং সৌস্বর্য্যেণ হৃষ্টরোমাণো লতাঙ্ঘ্রিপা যস্মিন্। পদ্মকোশরজোদিক্ষু বিক্ষিপতা পবনেনোৎসবো যস্মিন্ ॥ ২০ ॥

ক্রমসন্দর্ভঃ।

সমুদ্রমিতি ত্রিকং। সমুদ্রমুপ উপসমুদ্রং তৎ সমীপমিত্যর্থঃ স্বচ্ছত্বং স্থলস্য প্রসন্নত্বং সলিলস্য কিং কুর্ব্বৎ সরঃ দিক্ষু পদ্মকোশ রজো বিক্ষিপৎ। কীদৃশং তত্রত্যঃ পবনেন উৎসবঃ উদ্রেকো যস্য তৎ ॥ ১৮ ॥ ১৯ ॥ ২০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

সমুদ্রমুপসমুদ্রাৎ কিঞ্চিন্ন্যূনং। উপোঽধিকে হীনেচেতি কর্ম্মপ্রবচনীয়ঃ ॥ ১৮ ॥
নীলঞ্চ তদ্রক্তঞ্চেতি তথা ভূতং যদুৎপলং অতএব ইন্দীবরং নীলোৎপলমিতি ন পুনরুক্তিঃ ॥ ১৯ ॥
মত্তভ্রমরাণাং সৌস্বর্য্যেণ হৃষ্ট রোমাণি ইব মুকুল যুক্তা লতা অঙ্ঘ্রিপাশ্চ যত্র তৎ। পদ্মকোশ রজোদিক্ষু বিক্ষিপতা পবনেন উৎসবো যত্র তৎ ॥ ২০ ॥

মৈত্রেয় কহিলেন বৎস! যে সকল ব্যক্তি গুরুর আজ্ঞাকারী তাহাদের আপনা হইতেই মঙ্গল হয়, পিতা প্রজা সৃষ্টি করিতে আদেশ করিলে প্রচেতাগণ তদীয় বাক্য মস্তকে গ্রহণ করিলেন এবং প্রীত মনে তপস্যার্থ পশ্চিম দিকে যাত্রা করিলেন ॥ ১৭ ॥

কিয়দ্দূর গমন করিলে একটী সুমহৎ সরোবর তাঁহাদের দৃষ্টিগোচর হইল, তাহা সমুদ্রবৎ অতি বৃহৎ এবং মহতের মানস তুল্য নির্ম্মল, তাহাতে মৎস্যাদি সর্ব্ব প্রকার জল জন্তু ছিল ॥ ১৮ ॥

অপর সেই সরোবরে ভূরি ভূরি নীলোৎপল, রক্তোৎপল ও কমল কহ্লার ইত্যাদি জলজ পুষ্প সকল প্রস্ফুটিত হইয়া মনোহর শোভা পাইতেছিল এবং হংস, সারস, চক্রবাক, কারণ্ডব প্রভৃতি পক্ষি-গণ নিরন্তর ক্রীড়া করত কোলাহল করিতেছিল ॥ ১৯ ॥

তাহার তীরে বিবিধ পাদপ ও লতা সকল মত্ত মধুকরের মধুর স্বরে রোমাঞ্চিত হইয়া রহিয়াছিল। তথায় মন্দ মন্দ বহন শীল বায়ু পদ্ম সকলের কোষ হইতে পরাগ আকর্ষণ করিয়া সকলদিকে বিস্তীর্ণ করাতে তদ্দ্বারা যেন মহোৎসব হইতেছিল ॥ ২০ ॥

তত্র গান্ধর্ব্বমাকর্ণ্য দিব্যমার্গ মনোহরং। বিসিষ্ম্যূরাজপুত্রাস্তে মৃদঙ্গপণবাদ্যনু॥ ২১॥
তর্হ্যেব সরসস্তস্মান্নিষ্ক্রামন্তং সহানুগং। উপগীয়মানমমরপ্রবরং বিবুধানুগৈঃ।
তপ্তহেম নিকায়াভং শিতিকণ্ঠং ত্রিলোচনং। প্রসাদসুমুখং বীক্ষ্য প্রণেমুর্জাতকৌতুকাঃ।
সতান্ প্রপন্নার্ত্তিহরো ভগবান্ ধর্ম্মবৎসলঃ। ধর্ম্মজ্ঞান্ শীলসম্পন্নান্ প্রীতান্ প্রীত উবাচহ॥ ২২॥
শ্রীরুদ্র উবাচ॥
যূয়ং বেদিষদঃ পুত্রা বিদিতং বশ্চিকীর্ষিতং। অনুগ্রহায় ভদ্রং ব এবং মে দর্শনং কৃতং॥ ২৩॥

শ্রীধরস্বামী।

তত্র মৃদঙ্গ পণবাদি বাদ্যমনু পশ্চাৎ দিব্যৈমার্গৈর্ভেদৈর্মনোহরং গান্ধর্ব্বগানমাকর্ণ্য বিস্ময়ং প্রাপ্তাঃ মৃদঙ্গ পণবাদ্যবদিতি পাঠে মৃদঙ্গ পণবাদি অবৎ রক্ষৎ তেষাং ধ্বনিমতিরস্কুর্ব্বদিত্যর্থঃ॥ ২১॥
তেচ ত্রিলোচনং বীক্ষ্য জাতাশ্চর্য্যাঃ প্রণেমুরিত্যুত্তরেণান্বয়ঃ। তপ্তহেম রাশি সদৃশ কান্তিং শিতির্নীলঃ কণ্ঠোযস্য তং॥ ২২॥
বেদিষদঃ বর্হিষদঃ চিকীর্ষিতং ভগবদারাধনং বিদিতং॥ ২৩॥

ক্রমসন্দর্ভঃ।

তত্র গান্ধর্ব্বমিতি। পণবাদ্যবদিতি পাঠে মতুপ্ জ্ঞেয়ঃ॥ ২১॥
তর্হীতি। মণিকায়ার্ণমিতি চিৎসুখঃ স্বর্ণরাশি সদৃশ বর্ণং॥
প্রপন্নান্ গিরিশ ইতি কচিৎ॥ ২২॥
দর্শনমিতি হেতুমন্তাবেযুচ দর্শনমিত্যর্থঃ॥ ২৩॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

গান্ধর্ব্বং গানং মার্গা গানসম্বন্ধিনঃ কদা মৃদঙ্গ পণবাদি বাদ্যমনু পশ্চাৎ পণবাদ্যবদিতি পাঠে মতুপো জ্ঞেয়ঃ। যদ্বা মৃদঙ্গ পণবাদি কীদৃশং অবৎ রক্ষৎ। সতু মূল ধ্বনিভিরপি গানমতিরস্কুর্ব্বদিত্যর্থঃ॥ ২১। ২২॥
চিকীর্ষিতং ভগবদারাধনমেব অতএব বো যুষ্মাকমনুগ্রহায় এবং দর্শনং কৃতং দত্তং। যদ্বা বোঽনুগ্রহায় যুষ্মৎ কর্ত্তৃকানুগ্রহ প্রাপ্তয়ে মৈয়বং দর্শনং কৃতং। যদ্বা বোঽনুগ্রহায় যুষ্মাননুগ্রহীতুং যুষ্মাকং দর্শনং ময়া কৃতমিত্যর্থঃ॥ ২৩॥

সে যাহা হউক, প্রচেতাগণ সেই সরোবরের তীরে উপনীত হইলে মৃদঙ্গ পণবাদি বাদ্যের পর মনোহর গীত তাঁহাদের কর্ণগোচর হইল, তাহাতে সকলেই বিস্ময়ান্বিত হইলেন॥ ২১॥

সেই সময়ে ভগবান্ ভব আপনার অনুচরগণ সহিত ঐ সরোবর হইতে নির্গত হইতেছিলেন। তাঁহার কান্তি তপ্তকাঞ্চন রাশির তুল্য, কণ্ঠ নীলবর্ণ এবং ললাট দেশ লোচনত্রয়ে বিভূষিত, চারিদিকে অমরগণ বেষ্টন করিয়া স্তব করিতেছিলেন। প্রচেতারা তাঁহাকে অবলোকন করিয়া কৌতুহলাক্রান্ত হওত প্রণাম করিলেন। বিদুর! ভগবান্ গিরিশ প্রপন্ন জনের আর্ত্তিহারী এবং অতিশয় ধর্ম্মবৎসল। প্রচেতাদিগের ভাব দর্শনে তাঁহার বোধ হইল এ সকল ব্যক্তি ধর্ম্মজ্ঞ ও সুশীল এবং প্রীতিমান্, অতএব প্রীত হইয়া তাঁহাদিগকে কহিলেন॥ ২২॥

অহে বৎসগণ! তোমরা বর্হিষদের পুত্র বটে, তোমাদের ভগবদারাধনা কর্ম্ম আমি অবগত আছি, তোমাদের মঙ্গল হউক, তোমাদের প্রতি অনুগ্রহ প্রকাশার্থ আমি স্বয়ং আসিয়া দর্শন দিলাম॥ ২৩॥

যঃ পরং রহসঃ সাক্ষাৎ ত্রিগুণাজ্জীবসংজ্ঞিতাৎ। ভগবন্তং বাসুদেবং প্রপন্নঃ সপ্রিয়োহি মে ॥২৪
স্বধর্ম্মনিষ্ঠঃ শতজন্মভিঃ পুমান্ বিরিঞ্চতামেতি ততঃ পরং হি মাং।
অব্যাকৃতং ভাগবতোঽথ বৈষ্ণবং পদং যথাহং বিবুধাঃ কলাত্যয়ে ॥ ২৫ ॥
অথ ভাগবতা যূয়ং প্রিয়াঃ স্থ ভগবান্ যথা। নমদ্ভাগবতানাঞ্চ প্রেয়ানন্যোঽস্তি কর্হিচিৎ ॥ ২৬ ॥

শ্রীধরস্বামী।

অনুগ্রহে কারণমাহ। যঃ সাক্ষাৎ বাসুদেবং প্রপন্নঃ সহি মে প্রিয়ঃ। কথম্ভূতং রহসঃ সূক্ষ্মাৎ ত্রিগুণাৎ প্রধানাৎ জীবসংজ্ঞিতাৎ পুরুষাচ্চ পরং প্রকৃতিপুরুষয়ো র্নিয়ন্তারমিত্যর্থঃ ॥ ২৪ ॥

তৎ কিং তস্য মহত্তমত্বমিত্যাহ। স্বধর্ম্মনিষ্ঠঃ পুমান্ বহুভি র্জন্মভি র্বিরিঞ্চতাং প্রাপ্নোতি ততোপি পুণ্যাতিশয়েন মামেতি ভগবতস্তু দেহান্তে অব্যাকৃতং প্রপঞ্চাতীতং বৈষ্ণবং পদমেতি। যথাহং রুদ্রোভূত্বা আধিকারিকবৎ বর্ত্তমানঃ। বিবুধা দেবা শ্চাধিকারিকাঃ কলাত্যয়ে অধিকারান্তে লিঙ্গভঙ্গে সত্যেষ্যন্তি ॥ ২৫ ॥

তেষামেকৈকস্যার্ব্বুদমর্ব্বুদমিতি পুত্রপৌত্রাদিভেদান্। পক্ষে শ্রবণাদীনাং প্রত্যেকং নাম লীলাদিভেদৈর্নামাদীনাঞ্চ প্রত্যেক মবতারভেদৈস্তেষামপি দাস্য সখ্যাদ্যভিরুচি তত্ত্বভেদৈরিত্যেবমসংখ্যা এব প্রকারা ইত্যর্থঃ। যদুক্তং ভক্তিযোগো বহুবিধো মার্গৈর্ভাবিনি ভাব্যত ইতি। যেষাং বংশধরৈর্যতঃ প্রবৃত্তৈঃ সংপ্রদায় ভেদৈঃ। কৃৎস্না মহী মন্বন্তরং ততঃ পরঞ্চ ভোক্ষ্যতে অবিদ্যা কাম কর্ম্মভ্যোপি রক্ষিষ্যতে ॥ ২৬ ॥

প্রাগ্দুহিতরং প্রথমজাতাং দুহিতরং অগস্ত্য উপযেমে। পক্ষে অগানি স্বতো গত্যসমর্থানীন্দ্রিয়াণি স্ত্যায়তি সংঘাতযতি

সে যাহা হউক, মহাভাগবত মলয়ধ্বজ ঐ বৈদর্ভীর গর্ভে একটী আত্মজা [শ্রীকৃষ্ণসেবা রুচি] উৎপাদন করিলেন। সেই কন্যা অসিতেক্ষণা অর্থাৎ তাঁহা হইতে অসিত শ্রীকৃষ্ণের দর্শন হয়। অপর মলধ্বজের ঐ ভার্য্যাতে সাতটী পুত্র [শ্রবণ, কীর্ত্তন, স্মরণ, পদসেবন, অর্চ্চন, বন্দন ও দাস্য রূপ সাত প্রকার ভক্তি] উৎপন্ন হইল। মহারাজ! ঐ সাত জন দ্রবিড়দেশের ভূমি পালক, সাত প্রকার ভক্তি দ্বারাই দ্রবিড় ভূমি সুরক্ষিতা আছে ইহা লোকে অতি প্রসিদ্ধ ॥ ২৫ ॥

হে রাজন্ ঐ সাতপুত্রের প্রত্যেকের অর্ব্বুদ অর্ব্বুদ করিয়া সন্তান হয়। যাহাদের বংশধরেরা নিখিল মহীতলকে মন্বন্তর কাল এবং তাহার পরেও ভোগ করিবে। [শ্রবণাদি ভক্তি প্রকার হইতেই বিবিধ সম্প্রদায় প্রবৃত্ত হয়, তাহারা অবিদ্যা কাম কর্ম্ম হইতে পৃথিবীস্থ সমস্ত লোককে রক্ষা করিবে]। ॥ ২৬ ॥

মহারাজ! মলয়ধ্বজের প্রথমে যে কন্যা জন্মায়, সেটী অতিশয় ব্রতপরায়ণা হইয়াছিল। মহর্ষি

বিভজ্য তনয়েভ্যঃ ক্ষ্মাং রাজর্ষি র্মলয়ধ্বজঃ। আরিরাধয়িষুঃ কৃষ্ণং স জগাম কুলাচলং ॥ ২৮ ॥
হিত্বা গৃহান্ সুতান্ ভোগান্ বৈদর্ভী মদিরেক্ষণা। অন্বধাবত পাণ্ড্যেশং জ্যোৎস্নেব রজনীকরং ॥ ২৯

শ্রীধরস্বামী।

উপযেমে। তস্য মনঃ শ্রীকৃষ্ণে দৃঢ়াং রতিং ববন্ধ ইত্যর্থঃ। ধৃতানি শমদমাদীনি ব্রতানি যয়া তাং রতিং। দৃঢেভ্যঃ সত্য লোকাদি ভোগেভ্যোপি চ্যুতঃ তদ্রহিতঃ শ্রীকৃষ্ণরতৌ ইহামুত্র ভোগে বিরাগো জাত ইত্যর্থঃ। সএবোপশমাত্মত্বাৎ মুনিঃ। কথম্ভূতঃ ইধ্মবাহঃ আত্মজো যস্য সঃ। তদ্বিজ্ঞানার্থং স গুরুমেবাভিগচ্ছেৎ সমিৎ পাণিঃ শ্রোত্রিয়ং ব্রহ্মনিষ্ঠমিত্যাদি শ্রুতি প্রসিদ্ধা সমিদ্বহনোপলক্ষিতা গুরূপসত্তি বৈরাগ্যাদভূদিত্যর্থঃ। নহ্যবিরক্তস্য গুরূপসত্তিঃ সম্ভবতি কথা পক্ষে যথাশ্রুতমেব ॥ ২৭ ॥

ক্ষ্মাং বিভজ্য তত্র শ্রবণাদি ভক্তিভেদং ব্যবস্থাপ্য ॥ ২৮ ॥

ইদানিং পুরঞ্জনস্য স্ত্রীভাবং প্রাপ্তস্য সর্ব্বতো বিরক্তস্য। পতিরেব গুরুঃ স্ত্রীণামিতি বচনাৎ পতিসেবয়া গুরু শুশ্রূষয়া প্রকারং দর্শয়িতুমাহ হিত্বা ইত্যাদিনা সনোদধে ইত্যন্তেন গ্রন্থেন মদয়তীতি মদিরমীক্ষণং যস্যাঃ ॥ ২৯ ॥

ক্রমসন্দর্ভঃ।

স্বসংমতত্বেনানুমোদিতবানিত্যর্থঃ। ধৃতানি শমদমাদীনি ব্রতানি যয়া তাং রতিং যস্যাং তৎ স্বীকৃতায়াং দৃঢ়োবিঘ্নসংভাবনা রহিতোঽসৌ চ্যোততীতি চ্যুতঃ সর্ব্বেন্দ্রিয়াসেচকশ্চ যঃ স ভক্তিযোগোজাতঃ। দৃঢ়ত্বে হেতুঃ মুনির্মননসিদ্ধ ইত্যর্থঃ। ততশ্চ ইধ্মবাহাঃ শিষ্যীভূতা বৈষ্ণবা এব বহবঃ আত্মজাঃ সহায়া যত্র তাদৃশোঽভূৎ ॥ ২৭ ॥

আরিরাধয়িষুঃ কৃষ্ণমিত্যুপরিষ্টাদস্য তপো জ্ঞানাভাসনমপি শ্রীপৃথুবদেব ব্যাখ্যেয়ং কুলাচলং মলয়ং ॥ ২৮ ॥

মদয়তীতি মদিরে শ্রীভগবদ্রূপে ঈক্ষণং যস্যাঃ পাণ্ড্যেশ রূপং গুরাবীশ্বরভাবেনেত্যর্থঃ ॥ ২৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

স্বেন মিলিতী করোতীত্যগস্ত্যোমনঃ স কৃষ্ণসেবারুচিং স্বীচকার দৃঢ়ানি দয়াক্ষমাদীনি ব্রতানি যস্যাং যতো বা মহৎ কৃপয়া জীবস্য মনঃ কৃষ্ণসেবাসক্তং বভূবেত্যর্থঃ। যস্যাং অসিতেক্ষণায়াং দৃঢ়েভ্যঃ সত্যলোকাদিভ্যোপি চ্যুতস্তদ্রহিতঃ। ইহামুত্র ভোগে বিরাগো জাত ইত্যর্থঃ। যদ্বা দৃঢ়েভ্যো জ্ঞানাদিভ্য স্তৎসাধ্যেভ্যো মোক্ষাদিভ্যশ্চ চ্যুতঃ। মনসঃ কৃষ্ণসেবারুচ্যেকতান ত্বাদন্য সাধন সাধ্য স্পৃহা রাহিত্যং জাতমিত্যর্থঃ। কথং ভূতঃ ইধ্মবাহ আত্মজো যস্য সঃ। তদ্বিজ্ঞানার্থং স গুরুমেবাভি গচ্ছেৎ সমিৎপাণিঃ শ্রোত্রিয়ং ব্রহ্মনিষ্ঠমিত্যাদি শ্রুতি প্রসিদ্ধা সমিদ্বহনোপলক্ষিতা গুরূপসত্তিরভূদিত্যর্থঃ। কথা পক্ষে অগস্ত্যস্য পুত্রো দৃঢ়চ্যুতঃ তস্য পুত্রো ইধ্মবাহ ইতি মলয়ধ্বজস্য কন্যাবংশ উক্তঃ ॥ ২৭ ॥

ক্ষ্মাং বিভজ্য তত্র তত্র শ্রবণাদি ভক্তিভেদং প্রবর্ত্ত্যেত্যর্থঃ। কুলাচলমেকান্ত স্থলং ভক্তিপ্রদং বেঙ্কটাদি পর্ব্বতং বা ॥ ২৮ ॥

সুতান্ হিত্বেতি পতিব্রতা পত্যুরিব গুরোঃ সেবায়াং প্রবৃত্তঃ শিষ্যঃ শ্রবণ কীর্ত্তনাদীন্যপি ভোগান্ তদুত্থান্ প্রেমানন্দানপি গৃহান্ তদুচিত বিবিক্ত স্থলমপি নৈবাপেক্ষেত শ্রীগুরুসেবয়ৈব সুখেন সর্ব্ব সাধ্য সিদ্ধার্থমিত্যুদ্দেশো ব্যঞ্জিতঃ। মাদ্যতি হৃষ্যতীতি মৎ ইরা বাণী হৃষ্যন্ত্যাং বাণ্যাং বেদলক্ষণায়ামেব ঈক্ষণং যস্যাঃ। গুরুসেবায়াএব বেদেন সর্ব্বাধিক্যোক্তত্বাদিত্যর্থঃ

অগস্ত্য তাঁহার পাণি গ্রহণ করিলেন, সেই কন্যাতেই দৃঢ়চ্যুত নামে মুনির জন্ম হয় এবং তাঁহা হইতে আবার ইধ্মবাহ নামে সন্তান জন্মে। অগস্ত্য শব্দের অর্থ মনঃ। অতএব পুরঞ্জনের মনঃ কৃষ্ণসেবা রুচিকে গ্রহণ করিল, অর্থাৎ শ্রীকৃষ্ণে অতিশয় আসক্ত হইল ॥ ২৭ ॥

হে রাজন্! রাজর্ষি মলয়ধ্বজের এই রূপে পুত্র পৌত্র দৌহিত্রাদি উৎপন্ন হইলে তিনি আপন তনয়দিগের মধ্যে পৃথিবী বিভাগ করিয়া দিয়া ভগবান্ শ্রীকৃষ্ণের আরাধন বাসনায় কুলাচলে গমন করিলেন [অর্থাৎ শ্রবণাদি ভক্তিভেদ ব্যবস্থা করিয়া ভগবৎসেবার্থ যাত্রা করিলেন] ॥ ২৮ ॥

মহারাজ! মলয়ধ্বজ কৃষ্ণসেবার্থ উৎসুক হইয়া প্রস্থান করিলে তাঁহার পত্নী বৈদর্ভী পুত্র, গৃহ ও বিষয় ভোগ পরিত্যাগ করিয়া জ্যোৎস্না যেমন রজনীকরের অনুগতা হয়, তাহার ন্যায় স্বামির অনু-

তত্র চন্দ্ররসানাম তাম্রপর্ণী বটোদকা। তৎপুণ্য সলিলৈর্নিত্যমুভয়ত্রাত্মনো মৃজন্॥ ৩০॥
কন্দাষ্টিভির্মূলফলৈঃ পুষ্পপর্ণৈস্তৃণোদকৈঃ। বর্ত্তমানঃ শনৈর্গাত্রকর্শনং তপ আস্থিতঃ।
শীতোষ্ণ বাত বর্ষাণি ক্ষুৎপিপাসে প্রিয়াপ্রিয়ে। সুখদুঃখে ইতি দ্বন্দ্বান্যজয়ৎ সমদর্শনঃ॥ ৩১॥
তপসা বিদ্যয়া পক্ক কষায়ো নিয়মৈর্যমৈঃ। যুযুজে ব্রহ্মণ্যাত্মানং বিজিতাক্ষানিলাশয়ঃ॥ ৩২॥
আস্তে স্থাণুরিবৈকত্র দিব্যং বর্ষ শতং স্থিরঃ। বাসুদেবে ভগবতি নান্যদ্বেদোদ্বহন্রতিং॥ ৩৩॥

শ্রীধরস্বামী।

তত্র চন্দ্ররসাদ্যা নদ্যঃ। তাসাং পুণ্যৈঃ সলিলৈরুভয়ত্রান্তর্বহিশ্চ আত্মনো মলং ক্ষালয়ন্ তপ আস্থিত ইত্যুত্তরেণান্বয়ঃ॥ ৩০॥
অষ্টতে ভূমৌ ক্ষিপ্যতে ইত্যষ্টি বীজং॥ ৩১॥
বিদ্যয়া উপাসনয়া পক্ক কষায়ঃ দগ্ধকামাদি বাসনঃ যুযুজে আত্মনো ব্রহ্মতাং ভাবয়ামাস অক্ষাণি ইন্দ্রিয়াণি। অনিলঃ প্রাণঃ। আশয়শ্চিত্তং বিজিতা অক্ষাদয়ো যেন॥ ৩২॥
আস্তেস্ম বর্ষশতমিতি জ্ঞানস্য দুঃসাধনতাং দর্শয়তি। অতএব ভক্তিং কৃতবানিত্যাহ। বাসুদেবে রতিমুদ্বহন্ অন্যদ্দেহাদিকং ন বেদ॥ ৩৩॥

ক্রমসন্দর্ভঃ।

তত্রেতি যুগ্মকং। চন্দ্রবটনামেতি চিৎসুখঃ কন্দাদিভিরিতিচিৎ পুণ্যারণ্যৌ॥ ৩০। ৩১॥
আত্মানং শুদ্ধজীবং। ব্রহ্মণি সর্ব্বাশ্রয়ে ভগবতি যুযুজে তদেকাশ্রয়ত্বেন সস্মার। সূর্য্যৈকাশ্রয়ত্বে রশ্মিপরমণুমিব॥ ৩২॥
তথা স্মরণেন চ তস্মিন্ রতিরব্যবচ্ছিন্না জাতেত্যাহ। আস্ত ইতি॥ ৩৩॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মদয়তীতি মদিরং শ্রীভগবদ্রূপং তত্রেক্ষণং যস্যা ইতি সন্দর্ভঃ। কথাপক্ষেতু মদিরা ঈক্ষণয়োর্যস্যাঃ সা পরম তরুণ্যপীত্যর্থঃ॥ ২৯॥
উভয়ত্র অন্তর্বহিশ্চাত্মনোমলং ক্ষালয়ং স্তপ আস্থিতঃ তস্য তপশ্চরণং পৃথুবদত্যুৎকষ্ঠামূলকমেব ব্যাখ্যেয়ং॥ ৩০। ৩১॥
ব্রহ্মণি উত্তরশ্লোক স্পষ্টী ভূতার্থে বাসুদেবে আত্মানং মনঃ॥ ৩২॥
তাদৃশ স্মরণ ভক্ত্যা ভগবতি রতিরব্যবচ্ছিন্না জাতেত্যাহ আস্ত ইতি॥ ৩৩॥

গামিনী হইলেন॥ ২৯॥

হে রাজন্! মলয়ধ্বজ যে স্থানে গমন করিলেন তথায় চন্দ্ররসা, তাম্রপর্ণী এবং বটোদকা নামে নদী ছিল, সে সকলের জল অতি পবিত্র, ময়লধ্বজ সেই সকল স্রোতস্বতীর জলে অহরহ আপনার আন্তরিক ও বাহ্য মল ক্ষালন করিতেন॥ ৩০॥

ফল, মূল, কন্দ, বীজ, পত্র, পুষ্প, তৃণ এবং জল ইত্যাদি দ্বারা তাঁহার জীবন ধারণ হইত, তিনি ঐ রূপে ক্রমশঃ শরীর ক্ষীণ করিয়া তপস্যায় রত হন। শীত, উষ্ণ, বাত, বর্ষা, তৃষ্ণা, প্রিয়, অপ্রিয় ও সুখ, দুঃখ ইত্যাদি দ্বন্দ্ব ধর্ম্ম সকল জয় করিয়াছিলেন এবং তাঁহার সর্ব্বত্র সমান দৃষ্টি হইয়াছিল॥ ৩১

হে রাজন্! উপাসনা, বিবিধ নিয়ম ও শম দমাদি দ্বারা মলয়ধ্বজের কামাদি বাসনা দগ্ধ হইল এবং তিনি ইন্দ্রিয় প্রাণ ও মনঃ জয় করিলেন, অতএব শেষে আপনাকে ব্রহ্মরূপ ভাবনা করিতে লাগিলেন॥ ৩২॥

মহারাজ! মলধ্বজ স্থির হইয়া ঐ প্রকার পরব্রহ্মের সহিত আত্মার একত্ব চিন্তা করত স্থাণুর ন্যায় দিব্য শতবৎসর যাবৎ অবস্থিতি করেন। সেই সময়ে ভগবান্ বাসুদেবে রতি বহন করাতে তাঁহার অন্য দেহাদি জ্ঞান ছিল না॥ ৩৩॥

সব্যাপক তয়াত্মানং ব্যতিরিক্ত তয়াত্মনি। বিদ্বান্ স্বপ্ন ইবামর্শ সাক্ষিণং বিররামহ ॥ ৩৪ ॥
সাক্ষাদ্ভগবতোক্তেন গুরুণা হরিণা নৃপ। বিশুদ্ধ জ্ঞানদীপেন স্ফুরতা বিশ্বতো মুখং ॥ ৩৫ ॥

শ্রীধরস্বামী।

স এবং বর্ত্তমান আত্মন্যাত্মানং বিদ্বান্ অন্যস্মাদুপররাম কথং বিদ্বান্ ব্যতিরিক্ত তয়া দেহাদি ব্যতিরিক্তত্বেন কুতঃ ব্যাপক তয়া দেহাদি প্রকাশকত্বেন। নন্থ দেহাদ্যাকারো বিমর্শঃ এতৎ প্রকাশয়তি নতু নিরাকার আত্মা অত আহ আমর্শস্যাপি সাক্ষিণং। অয়ং ভাবঃ বিমর্শো নামান্তঃকরণ বৃত্তিঃ সাচ জড়ত্বাদাত্ম প্রকাশ্যৈবেতি। যথা স্বপ্নে মমেদং শিরশ্ছিন্নমিত্যাদি প্রতীতৌ তদ্ব্যতিরিক্তমাত্মানং বেত্তি তদ্বৎ ॥ ৩৪ ॥

কেন বিদ্বান্ তত্রাহ সাক্ষাদ্ধরিরেব যোগুরুস্তেনোক্তেন সর্ব্বতো মুখং যথা তথা স্ফুরতা অনবচ্ছিন্নেন জ্ঞানেন ॥ ৩৫ ॥

ক্রমসন্দর্ভঃ।

ততশ্চ সর্ব্ববৈলক্ষণ্যেন ভগবদ্বিজ্ঞানং জাতমিত্যাহ। স ইতি। আত্মনি শুদ্ধ জীবেঽধিষ্ঠানে আত্মানং তদধিষ্ঠাতারং পরমাত্মানং সর্ব্বব্যাপকব্যতিরিক্ত স্বরূপতয়াচ বিদ্বান্ জানন্। তদর্ব্বাগ্ জ্ঞেয়াদ্বিররাম। ব্যাপকত্বে ব্যতিরিক্তত্বে দৃষ্টান্তঃ। স্বপ্নে তত্রত্য সর্ব্ব প্রপঞ্চে তদ্দ্রষ্টারমিবেতি আমর্শেত্যত্র আমৃশ্যেতি সম্বন্ধোক্তিঃ ॥ ৩৪ ॥

তদেবং যেন বিজ্ঞানেন জীবন্মুক্তিদশামাপ তেনাত্যন্তিকমুক্তিমপ্যাপেত্যাহ। সাক্ষাদিতি যুগ্মকেন। পরে ব্রহ্মণি ভগবতি তদাশ্রয়ত্বেনেত্যর্থঃ। আত্মনি শুদ্ধে তদধিষ্ঠাতৃত্বেনেত্যর্থঃ। ঈক্ষাং সিদ্ধেক্ষিতত্বাৎ তৎ প্রপন্নং বিহায়েত্যর্থঃ। অস্মাদ্দেহদ্বয়

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তাদৃশ রত্যাচ সর্ব্বত্র ভগবৎ স্ফূর্ত্তিরভূদিত্যাহ স ইতি ব্যাপক তয়া জাতরতিত্বেন সর্ব্বাস্বেব দিক্ষু স্ফুরদ্রূপতয়া বিদ্বান্ জানন্ তদপ্যাত্মনি স্বস্মিন্ ব্যতিরিক্ত তয়া বিযুক্তত্বেনৈব জানন্ প্রেমোৎকণ্ঠাতাপেন বিররাম মূর্চ্ছাং প্রাপেত্যর্থঃ। বিরহোত্থ স্ফূর্ত্তি জনিত ভগবদ্দর্শনেন বিরহো ন শাম্যতীত্যত্র দৃষ্টান্তঃ স্বপ্ন ইব জানন্। নহি স্বপ্নে ভুক্তেনোদনাদিনা স্বপ্নোত্থিতস্য জনস্য ক্ষুধা শাম্যতীত্যর্থঃ। নন্থ স্ফূর্তৌ কিং প্রমাণমিত্যতো বিশিনষ্টি। আমর্শো নামান্তঃকরণবৃত্তিঃ সএব সাক্ষী নতু লোচনং যত্র তৎ। অন্তঃকরণবৃত্তীনাং বিরহ সন্তাপানপগমাৎ লোচনাভ্যাং তদ্দর্শনমপি তৎ স্ফূর্ত্তি জনিতমেবেত্যনুভবাদিতি ভাবঃ ॥ ৩৪ ॥

ততশ্চ তস্যোৎপন্ন প্রেম্নো ভগবতঃ সাক্ষাদ্দর্শনমপ্যভূদিত্যাহ। সাক্ষাদেব ভগবতা হরিণা সন্তাপহারিণা বিশ্বতো মুখং স্ফুরতা সমন্তাদেব প্রস্ফুরত্তেজসা গুরুণা সতা উক্ত উপদিষ্টো যোজ্ঞানদীপঃ স্বমাধুর্য্যানুভব প্রকারস্তেন তস্মিন্নেব পরে ব্রহ্মণি আত্মানং ঈক্ষমাণঃ বাসুদেবে ভগবতি নান্যদ্বোঽহন্ রতিমিতি পূর্ব্বোক্তেঃ ভগবতি স্বরতিমুদ্বহন্তমনুরাগিণং পশ্যন্নিত্যর্থঃ। তথৈব যে যথা মাং প্রপদ্যন্তে তাংস্তথৈব ভজাম্যহমিতি ভগবদুক্তেঃ। আত্মনি স্বস্মিংশ্চ পরব্রহ্ম সানুরাগমীক্ষমাণঃ তৎক্ষণএব প্রবলিতানন্দ মূর্চ্ছাবশাদীক্ষাং বিহায় অস্মাৎ স্থূল সূক্ষ্মোপাধি দ্বয়াৎ হ স্পষ্টমেব বিররাম। ঐশ্বর্য্যপক্ষীয়াস্তু শ্লোকত্রয়মিদমেবং ব্যাচক্ষে। সমন্বয়ধ্বজ আত্মানং পরমেশ্বরং সর্ব্বব্যাপকতয়া সর্ব্বস্মাচ্চ ব্যাপ্যাজ্জগতো ব্যতিরিক্ত তয়াচ আত্মনি স্বস্মিন্নধিষ্ঠাতারং বিদ্বান্ জানন্ বিররাম সংসারাদিত্যর্থঃ। ব্যাপকত্বে ব্যতিরিক্তত্বেচ দৃষ্টান্তঃ। আমর্শ সাক্ষিণং মন আদি দ্রষ্টারং জীবমধ্যাত্মাদি ব্যাপকং অথচ স্বপ্নে সুষুপ্তাবধ্যাত্মাদি ব্যতিরিক্তমিব সুখমহমস্বাপ্সমিত্যত্র তত্তদ্ব্যতিরিক্তস্য কেবলস্যাত্মন এবানুভবাদিতি। নন্বেতজ্জ্ঞানং কুতোঽসাববাপেতি তত্রাহ সাক্ষাদিতি দদামি বুদ্ধিযোগন্তং যেন মামুপযান্তি তে ইতি ভগবদুক্তেঃ। তেনৈব জ্ঞানদীপেন পরে ব্রহ্মণি ভগবত্যাশ্রয়তত্ত্বে আত্মানং শুদ্ধজীবমাশ্রিতং ঈক্ষমাণঃ তথা আত্মনি শুদ্ধজীবে চ স্বমেব পরং ব্রহ্ম ভগবন্তমধিষ্ঠাতারং

তিনি পরমাত্মাকে ব্যাপক অর্থাৎ দেহাদি প্রকাশক বলিয়া জানিয়াছিলেন। ঐপর পরমাত্মা দেহাদি হইতে পৃথক্ ইহাও তাঁহার বোধ হইয়াছিল, অতএব স্বপ্নে যেমন আমার এই শিরশ্ছিন্ন হইল এরূপ প্রতীতি হইলেও তদ্ব্যতিরিক্ত আত্মাকে জানিতে পারে তাহার ন্যায়, পরমাত্মাকে জানিতে পারিয়া অন্য সমস্ত বৃত্তি হইতে বিরত হইলেন ॥ ৩৪ ॥

ফলতঃ সাক্ষাৎ ভগবান্ হরি গুরুরূপে তাঁহাকে বিশুদ্ধ জ্ঞান উপদেশ করাতে, তাঁহার সেই জ্ঞান

পরে ব্রহ্মণি চাত্মানং পরং ব্রহ্ম তথাত্মনি। ঈক্ষমাণো বিহায়েক্ষামস্মাদুপররামহ।
পতিং পরম ধর্ম্মজ্ঞং বৈদর্ভী মলয়ধ্বজং। প্রেম্ণা পর্য্যচরদ্ধিত্বা ভোগান্ সা পতিদেবতা ॥ ৩৬ ॥
চীরবাসা ব্রতক্ষামা বেণীভূত শিরোরুহা। বভাবুপপতিং শান্তা শিখাশান্তমিবানলং ॥ ৩৭ ॥
অজানতী প্রিয়তমং যদোপরতমঙ্গনা। সুস্থিরাসনমাসাদ্য যথা পূর্ব্বমুপাচরৎ ॥ ৩৮ ॥

শ্রীধরস্বামী।

তদেবাহ পরেতি। ব্রহ্মৈবাহং নসংসারীতি ব্রহ্মণ্যাত্মন ঈক্ষণে শোকাদি নিবৃত্তিঃ। অহমেব ব্রহ্ম ইত্যাত্মনি ব্রহ্মণ ঈক্ষণে ব্রহ্ম পারোক্ষ্য নিবৃত্তিঃ। অতো ব্যতিহারেণ ঈক্ষমাণঃ অস্মাৎ সংসারাদুপররাম। নম্বেবমপি জীবস্ত কুতো ব্রহ্মতাপত্তিঃ ঈক্ষণস্যৈব ব্যবধায়কত্বাদিত্যাশঙ্ক্যাহ ঈক্ষাং বিহায় দগ্ধেন্ধনানলবৎ তস্যাঃ স্বয়মেবোপশান্তিরিতি ভাবঃ ॥ ৩৬ ॥

উপপতিং পত্যুঃ সমীপে। যদ্বা পত্যুঃ কিঞ্চিন্মাত্রং ন্যূনা তৎ সমানা সতী বভাবিত্যর্থঃ। উপোধিকে চেতি কর্ম্মপ্রবচনীয়ঃ তদ্যোগেচ দ্বিতীয়া। শান্তমঙ্গারাবস্থমনলং উপশান্তা শুদ্ধা জ্বালা যথা ভাতি তদ্বৎ ॥ ৩৭ ॥

তদানীমপি সুস্থিরমাসনং যস্য। অতএবাজানতী যদা তদা যথাপূর্ব্বমসেবত ॥ ৩৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

লক্ষণোপাধেরুপররাম। নতু তস্মাত্তদীক্ষা হেতু চিচ্ছক্ত্যাবির্ভাবাদপীত্যর্থঃ। অনলাদীনাং কালবায়্বাদিবত্তস্যা নাশকাভাবাৎ আশ্রয়স্য বিদ্যমানত্বাচ্চ ॥ ৩৫ ॥

বৈদর্ভ্যাখ্যঃ পুরঞ্জনস্তু তৎ সেবয়ৈব প্রাপ্যং প্রাপেত্যাহ। পতিমিত্যাদিনা ॥ ৩৬ ॥ ৩৭ ॥

যথা পূর্ব্বং শ্রীভগবৎ প্রতিমামিবাচেষ্টমানমপি পাদ্যাদিনোপাচরৎ আনর্চ্চ ॥ ৩৮। ৩৯। ৪০। ৪১। ৪২।

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ঈক্ষমাণঃ। বিহায়েক্ষামিতি জাতপ্রেমত্বাদন্তে তং পরামর্শমপি বিহায়েত্যর্থঃ। শ্রীভাগবতস্য মোহিনীত্বাদিতোঽপ্যন্যথা কেচিদ্ব্যাচক্ষতে তত্ত্ব এব গৃহ্নন্তি ন সন্তঃ ॥ ৩৫ ॥

তদেবং শ্রীগুরুদেবস্ত সিদ্ধিদশা পর্য্যন্তং শিষ্যস্তং পরিচরন্নেব বর্ত্তেতেতি দর্শয়তি পতিমিতি চতুর্ভিঃ ॥ ৩৬ ॥

পতিং উপ উপোঽধিকে হীনেচেতি কর্ম্ম প্রবচনীয় তদ্যোগে দ্বিতীয়া পত্যুঃ সকাশাৎ কিঞ্চিন্মাত্র ন্যূনেত্যর্থঃ। শান্তমঙ্গারাবস্থং নির্ধূমমনলমুপশান্তা শুদ্ধা জ্বালা যথা ভাতি তদ্বৎ ॥ ৩৭। ৩৮ ॥

সর্ব্বতোভাবে দীপ্তি পাইতে লাগিল ॥ ৩৫ ॥

তাহাতে তিনি পরব্রহ্মে আপনাকে এবং আপনাতে পরব্রহ্মকে অবলোকন করিতেছিলেন, অতএব পরে ঐ অবলোকনও পরিত্যাগ করিয়া এই সংসার হইতে উপরত হইলেন। হে রাজন্! মলয়ধ্বজের পত্নী বৈদর্ভী পতিপরায়ণা ছিলেন। সমস্ত ভোগ পরিত্যাগ পূর্ব্বক সাতিশয় ভক্তি সহকারে সর্ব্বদা ঐ ধর্ম্মজ্ঞ পতির শুশ্রূষা করিতেন ॥ ৩৬ ॥

তিনি যে কেবল স্বামির সেবা করিতেন এমত নয়, চীর বসন পরিধান পূর্ব্বক আপনিও ব্রত করিতেন, অতএব তঁহার শরীর কৃশ ও কেশ সকল বেণী ভূত হইয়া গিয়াছিল, স্বামির উপরম হইলে তৎসমীপে তাঁহার শরীর অঙ্গারাবস্থ অনলের ন্যায় দীপ্তি পাইতে লাগিল ॥ ৩৭ ॥

পরন্তু তখনও প্রিয়তমের আসন সুস্থির ছিল, অতএব স্বামী যে উপরম প্রাপ্ত হইলেন ইহা তিনি জানিতে পারিলেন না, সুতরাং পূর্ব্বে যেমন পরিচর্য্যা করিতেন তদ্রূপই সেবা করিতে লাগিলেন ॥ ৩৮

যদা নোপলভেতাঙ্ঘ্রাবূষ্মাণং পত্যুরর্চ্চতী। আসীৎ সংবিগ্ন হৃদয়া যূথভ্রষ্টা মৃগী যথা ॥ ৩৯ ॥
আত্মানং শোচতী দীনমবন্ধুং বিক্লবাশ্রুভিঃ। স্তনাবাসিচ্য বিপিনে সুস্বরং প্ররুরোদ সা ॥ ৪০ ॥
উত্তিষ্ঠোত্তিষ্ঠ রাজর্ষে ইমামুদধিমেখলাং। দস্যুভ্যঃ ক্ষত্রবন্ধুভ্যো বিভ্যতীং পাতুমর্হসি ॥ ৪১ ॥
এবং বিলপতী বালা বিপিনেঽনুগতা পতিং। পতিতা পাদয়োর্ভর্ত্তু রুদত্যশ্রূণ্যবর্ত্তয়ৎ ॥ ৪২ ॥
চিতিং দারুময়ীং চিত্বা তস্যাং পত্যুঃ কলেবরং। আদীপ্য চানুমরণে বিলপন্তী মনোদধে ॥ ৪৩ ॥

শ্রীধরস্বামী।

পত্যুরঙ্ঘ্রিং অর্চ্চয়ন্তী যদা তস্মিন্নঙ্ঘ্রাবূষ্মাণং নাপশ্যৎ ॥ ৩৯ ॥
অবন্ধুং পতিরহিতং অশ্রুভিরাসিচ্য ॥ ৪০ ॥
ক্ষত্রবন্ধুভ্যঃ অধার্ম্মিক ক্ষত্রিয়েভ্যোপি ॥ ৪১ ॥
আবর্ত্তয়ৎ প্রবর্ত্তয়ামাস ॥ ৪২ ॥
তস্যাং নিধায় অগ্নিদানেনাদীপ্যচ ॥ ৪৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

চিতামিতি। অস্মিন্নধ্যাত্মপক্ষে স্ত্রীত্বাদিকমৌপচারিকমেব ॥ ৪৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অর্চ্চতী অর্চ্চন্তীং নোপলভেত নোপালভত ॥ ৩৯ ॥
গুরোঃ সাধক শরীরাপগমে সতি। পত্যুর্বিচ্ছেদে পতিব্রতেব শিষ্য স্তদ্বিচ্ছেদ সন্তপ্তো বিলাপ মগ্নো ভবতীত্যাহ আত্মানং শোচতি মমেতঃ পরং কস্ত্রাস্যত্যত ইতি শোকাকুলঃ ॥ ৪০ ॥
উত্তিষ্ঠেতি পক্ষে হে শ্রীগুরো ইমাং পৃথ্বীং ত্বং প্রবর্ত্তিত শ্রবণাদি ভক্তিগতিং দস্যুভ্যঃ ভক্তি বিরোধি মতেভ্যো বিভ্যতীং ॥ ৪১ ॥
অবর্ত্তয়ৎ প্রবর্ত্তয়ামাস ॥ ৪২ ॥
তস্যাং নিধায় অগ্নিদানেনাদীপ্য চ পক্ষে শ্রীগুরোর্দেহ সংস্কারং কৃত্বা শ্রীমৎগুরুচরণবিযুক্তোহং তদীয় গুণানুস্মরণময় শোক দাবাগ্নি দগ্ধদেহো প্রাণং ধর্ত্তুমশক্তুবংস্তদুপদিষ্ট শ্রবণ কীর্ত্তনাদি ভক্তৌ নৈব শক্তিং ধাস্যামি। তস্মাদদ্যৈব মরিষ্যামীতি শিষ্যো মনসি নিশ্চিনোতীতি দর্শয়ামাস ॥ ৪৩ ॥

অর্চ্চনা করিতে করিতে যখন পতির চরণের উষ্ণতা বোধ হইল না, তখন যূথভ্রষ্টা মৃগীর ন্যায় উদ্বিগ্ন চিত্তা হইলেন ॥ ৩৯ ॥
এবং আপনাকে পতিবিরহিত ও দীন জানিয়া শোক করিতে লাগিলেন। অশ্রুজলে স্তনদ্বয় সিক্ত হইল, পরে সেই বিজন বিপিনে করুণ স্বরে রোদন করিতে আরম্ভ করিলেন ॥ ৪০ ॥

অনন্তর বিলাপ করত কহিতে লাগিলেন, মহারাজ! গাত্রোত্থান করুন গাত্রোত্থান করুন। হে রাজর্ষে! এই সসাগরাধরা দস্যু ও অধার্ম্মিক ক্ষত্রিয়গণ হইতে ভীতা হইতেছে, তাহাদের আক্রমণ হইতে ইহাকে রক্ষা করুন ॥ ৪১ ॥

হে বর্হিষ্মন্! বৈদর্ভী আপনার পতির সহিত বনে গিয়া তাঁহার মৃত্যুর পর এই রূপে বিলাপ করিতে করিতে তদীয় চরণদ্বয়ে পতিতা হইলেন এবং নিরন্তর রোদন করত অশ্রু বিমোচন করিতে লাগিলেন ॥ ৪২ ॥

অনন্তর পতির অন্ত্যেষ্টি ক্রিয়া করণার্থ কাষ্ঠ চয়ন পূর্ব্বক চিতা রচনা করিয়া তাহাতে পতির মৃত দেহ স্থাপন করিলেন। পরে অগ্নি দান দ্বারা চিতা প্রজ্বলিত করিয়া বিলাপ করিতে করিতে সহ-মরণার্থ মনঃস্থির করিলেন ॥ ৪৩ ॥

তত্র পূর্ব্বতরঃ কশ্চিৎ সখা ব্রাহ্মণ আত্মবান্। সান্ত্বয়ন্ বল্গুনা সাম্না তামাহ রুদতীং প্রভো ॥ ৪৪

কা ত্বং কস্যাসি কোবায়ং শয়ানো যস্য শোচসি। জানাসি কিং সখায়ং মাং যেনাগ্রে বিচচর্থহ ॥৪৫

অপি স্মরসি চাত্মানমবিজ্ঞাতসখং সখে। হিত্বা মাং পদমন্বিচ্ছন্ ভৌমভোগরতোগতঃ ॥ ৪৬ ॥

হংসাবহঞ্চ তঞ্চার্য্য সখায়ৌ মানসায়নৌ। অভূতামন্তরাবৌকঃ সহস্রপরিবৎসরান্ ॥ ৪৭ ॥

শ্রীধরস্বামী।

পূর্ব্বতরঃ অনাদিরীশ্বরঃ সখা দ্বা সুপর্ণা ইতি শ্রুতেঃ। সাম্না প্রিয়বাক্যেন সম্বোধয়ন্ ॥ ৪৪ ॥

যং শোচসি। অগ্রে সৃষ্টেঃ পূর্ব্বং বিচচর্থ ময়ি স্থিতত্বেন সখ্যসুখমনুভূতবানসি ॥ ৪৫ ॥

যদ্যপি মাং ন জানাসি তথাপ্যাত্মানং ত্বামবিজ্ঞাতসখং অবিজ্ঞাতঃ কশ্চিৎ মে সখা আসীদিত্যেবং কিং স্মরসি। সখ ইতি পুংস্ত্ব নির্দ্দেশঃ প্রাক্তন পুংস্ত্ব স্মরণায়। সখ্যং স্মারয়ন্ স্ববিয়োগকৃতমনর্থমাহ হিত্বেতি সার্দ্ধৈঃ ষড়্ভিঃ পদং স্থানং ॥ ৪৬ ॥

হংসৌ শুদ্ধৌ মানসং হৃদয়ময়নং যয়োঃ। কথাপক্ষে মানস সরঃ স্থিতৌ পক্ষিণাবভূতাং জাতৌ। ওকো গৃহং অন্তরা

ক্রমসন্দর্ভঃ।

ব্রাহ্মণ রূপোভূত্বা ॥ ৪৪ ॥

কথাপক্ষে সখে ইতি জীবত্বমাত্র স্মরণায় ॥ ৪৫। ৪৬ ॥

যদ্যপি পরমাত্ম সন্দর্ভে জ্ঞানেচ্ছুরয়মধিকারীত্যভেদোপদেশ পর্য্যবসানত্বং ব্যাখ্যাতং তথাপ্যপরিতোষাদত্র ভক্তি পর্য্যবসানত্বমেব ব্যাখ্যায়তে। যথা সখ্যমেব স্থাপয়তি সৃষ্টৌ মানসায়নৌ মহাপ্রলয় সময়েতু ওকস্তদ্রূপমুপাধিমন্তরৈবাভূতাম

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

স্বগুরুবিরহব্যাকুলী ভাব দশায়ামিব শিষ্যস্য ভগবদ্দর্শনং স্যাদিতি দ্যোতয়তি। তত্রেতি পূর্ব্বতরঃ অনাদিরীশ্বরঃ সখা দ্বা সুপর্ণাবিত্যাদি শ্রুতেঃ। ব্রাহ্মণঃ ব্রাহ্মণবেশধারীতি সাক্ষাৎ স্বীয় স্বরূপ দর্শনং প্রেম্না বিনা ন ভবতীতি জ্ঞাপয়তি স্মেতি ভাবঃ। আত্মবান্ অন্তরাচ্ছন্নীকৃত স্ব স্বরূপযুক্তঃ ॥ ৪৪ ॥

কোয়ং শয়ান ইতি প্রশ্নে মম শ্রীগুরুরয়মিতি কথাপক্ষে মম পতিরয়মিতি চেৎ মাং কিং জানাসীতি ননু ত্বমেব বিপ্রো মম ক ইত্যত আহ সখায়মিতি কথং ত্বয়া সহ মম সখ্যমিত্যত আহ যেন ময়া সহ অগ্রে সৃষ্টেঃ পূর্ব্বং বিচচর্থঃ। ময্যেব মিলিত্বা মৎ সঙ্গেন সুখমনুভূতবান্ ত্বমেবাসীরিত্যর্থঃ ॥ ৪৫ ॥

নন্বহং কিমপি ন জানামীতি তত্রাহ। অপীতি যদ্যপি মাং ন জানাসি তদপ্যাত্মানং স্বং অবিজ্ঞাতসখং অবিজ্ঞাতঃ কশ্চিন্মে সখাস্তীত্যেবং কিং স্মরসি বহুব্রীহাবপি ট আর্ষঃ। অবিজ্ঞাতস্য সখায়মিতি বা। সখীত্যপ্রযুজ্য সখে ইতি পুংস্ত্ব নির্দ্দেশঃ প্রাক্তন পুংস্ত্বং স্মারয়ন্ এবমগ্রেপি ত্বমেব স্মারয় চেদত আহ হিত্বেতি সৃষ্ট্যারম্ভে প্রাচীন কর্ম্মবশাদেবেত্যর্থঃ। পদং স্থানং ॥ ৪৬ ॥

অহে বর্হিষ্মন্! সেই স্থানে প্রাচীন কোন একটী আত্মবান্ ব্রাহ্মণ (ঈশ্বর) ছিলেন। তিনি মলয়ধ্বজের সখা। সখার প্রিয়তমা পত্নী বৈদর্ভীকে ঐ প্রকারে সহ মরণার্থ উদ্যতা দেখিয়া মনোহর প্রিয়বচন দ্বারা সান্ত্বনা করত কহিলেন ॥ ৪৪ ॥

অয়ি। অঙ্গনে! তুমি কে? এই শয়ান পুরুষ তোমার কে? যাহার নিমিত্ত শোক করিতেছ! হে সুন্দরি! আমি তোমার সখা আমাকে কি জান? আমার দ্বারাই অগ্রে সখ্য সুখ অনুভব করিয়াছ ॥ ৪৫ ॥

অনন্তর তাঁহার পূর্ব্বতন পুরুষভাব স্মরণ করাইয়া দিয়া তদ্রূপে সম্বোধন করত কহিলেন, সখে! তোমার আপনাকে কি স্মরণ হয়? কোন ব্যক্তি সখা ছিল এমত কি মনে পরে? আমাকে পরিত্যাগ করিয়া স্থান অন্বেষণ করিতে করিতে সংসারভোগে রত হইয়াছিলে ॥ ৪৬ ॥

হে আর্য্য! তুমি এবং আমি দুইজনে মানস সরোবরে দুইটী হংস ছিলাম, আমরা দুই জনে গৃহ

স ত্বং বিহায় মাং বন্ধো গতো গ্রাম্যমতির্ম্মহীং। বিচরন্ পদমদ্রাক্ষীঃ কয়াচিন্নির্ম্মিতং স্ত্রিয়া ॥৪৮

পঞ্চারামং নবদ্বারমেকপালং ত্রিকোষ্ঠকং। ষট্ কুলং পঞ্চবিপণং পঞ্চপ্রকৃতি স্ত্রীধবং ॥ ৪৯।

পঞ্চেন্দ্রিয়ার্থা আরামা দ্বারঃ প্রাণা নব প্রভো। তেজোঽবন্নানি কোষ্ঠানি কুলমিন্দ্রিয়সংগ্রহঃ ॥ ৫০

বিপণস্তু ক্রিয়া শক্তির্ভূতপ্রকৃতিরব্যয়া। শক্ত্যধীশঃ পুমানত্র প্রবিষ্টো নাববুধ্যতে ॥ ৫১ ॥

শ্রীধরস্বামী।

বিনৈব বা শব্দ এবার্থে সহস্র পরিবৎসরান্ মহাপ্রলয়ং যাবৎ ॥ ৪৭ ॥

হে বন্ধো গ্রাম্যে সুখে মতির্যস্য। স্ত্রিয়া মায়য়া ॥ ৪৮ ॥

পঞ্চ ইন্দ্রিয়ার্থা বিষয়া আরামা উপবনানি যস্মিন্ নবদ্বারাণি প্রাণ ছিদ্রাণি যস্মিন্। একঃ প্রাণঃ পালো যস্মিন্ ত্রীণি পৃথিব্যপ্তেজাংসি কোষ্ঠানি প্রাকারা যস্মিন্। ষট্ কুলানি অভীষ্ট বিষয় সমর্পকাণি জ্ঞানেন্দ্রিয় মনাংসি যস্মিন্। পঞ্চবিপণাঃ হট্টাঃ কর্ম্মেন্দ্রিয়াণি যস্মিন্ পঞ্চভূতানি প্রকৃতিরুপাদান কারণং যস্য। স্ত্রী বুদ্ধিরেব ধবঃ পতিঃ স্বামিনী যস্মিন্ ॥ ৪৯ ॥

স্বয়মেব ইমং শ্লোকং ব্যাচষ্টে পঞ্চেন্দ্রিয়ার্থা ইতি। ষট্ কুলমিতি ষট্ত্বঞ্চ একপালমিতিচ স্পষ্টার্থত্বান্ন ব্যাখ্যাতং ॥ ৫০ ॥

ভূতান্যেব প্রকৃতিরুপাদানং তস্য স্ত্রীধবমিত্যস্য ব্যাখ্যানং শক্তিরধীশা যস্য তদ্বশঃ সন্নিত্যর্থঃ ॥ ৫১ ॥

ক্রমসন্দর্ভঃ।

ভবেত্যর্থঃ। সহস্র পরিবৎসরান্ ব্যাপ্যেতি মহাপ্রলয়োপলক্ষণং ॥ ৪৭ ॥

স্ববিস্মৃতৌ হেতুমাহ। সত্বমিতি সার্দ্ধৈঃ ষড়্ভির্ম্মসে ইত্যধিকৈঃ। তত্র সত্বমিতি যুগ্মকং। স্থিতি সময়েতু স তথাবিধস্তং মাং বিহায়াহন্তামমতাভ্যাং ব্যবধায় মহীং স্বপ্ন সহিত জাগ্রদ্দশাং গতঃ সন্ বিচরন্ পর্য্যালোচয়ন্নিত্যর্থঃ ॥ ৪৮। ৪৯ ॥

পঞ্চেন্দ্রিয়া ইতি যুগ্মকং ॥ ৫০ ॥

বিভো হে সর্ব্বসাধনসমর্থ তথাপীত্যর্থঃ ॥ ৫১। ৫২। ৫৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

হংসৌ শুদ্ধাবাত্মানৌ মানসং হৃদয়মযনং যয়োস্তৌ কথা পক্ষে মানস সরসি স্থিতৌ পক্ষিণাবভূতাং জাতৌ ওকোগৃহং অন্তরা-বিনৈব বা শব্দএবার্থে সহস্রং পরিবৎ সরান্ মহাপ্রলয়ো যাবদিত্যর্থঃ ॥ ৪৭ ॥

স্ত্রিয়া মায়য়া ॥ ৪৮ ॥

পঞ্চ বিষয়া আরামা উপবনানি যত্র নবদ্বারাণি প্রাণচ্ছিদ্রাণি যত্র। একঃ প্রাণএব পালো যত্র। ত্রীণি পৃথিব্যপ্তেজাংসি কোষ্ঠানি যত্র। ষট্ জ্ঞানেন্দ্রিয়মনাংসি কুলানি বণিজো যত্র তৎ। পঞ্চকর্ম্মেন্দ্রিয়াণি বিপণং হট্টা যত্র তৎ। পঞ্চ মহাভূতানি প্রকৃতি রুপাদানকারণং যস্য তৎ। ধীর্বুদ্ধিরেব ধবঃ পতিঃ স্বামিনী যস্মিন্ তৎ ॥ ৪৯ ॥

শ্লোকমিমং স্বয়মেব ব্যাচষ্টে পঞ্চেতি। প্রাণাঃ প্রাণচ্ছিদ্রাণি নব। কুলং ইতি বণিজামেবার্থতঃ প্রাপ্তং ভূতানি পঞ্চৈব প্রকৃতিঃ কারণং। অত্র পদে প্রবিষ্টঃ পুমান্ মুহ্যতি। কীদৃশী শক্তি র্বুদ্ধিরেব অধীশা যস্য সঃ ইতি ধীধবমিত্যস্য ব্যাখ্যানং। তৎ পদং স্ত্রীস্বামিকমিতি কিং বাচ্যং তত্র প্রবিষ্টঃ পুমানপি স্ত্রীস্বামিক এব ভবেদিত্যর্থ দ্যোতনার্থং পুংবিশেষণত্বেনোপন্যস্তং ॥ ৫০। ৫১ ॥

ব্যতিরেকেই সহস্র বৎসর অর্থাৎ মহাপ্রলয় পর্য্যন্ত একত্র বাস করি ॥ ৪৭ ॥

অনন্তর তোমার গ্রাম্য সুখ ভোগার্থ অভিলাষ হইয়াছিল, তাহাতেই আমাকে ত্যাগ করিয়া গিয়াছিলে? সখে! তুমি সমস্ত অবনীমণ্ডল ভ্রমণ করিয়াছ, কোন যোষার (মায়ার) নির্ম্মিত একটী স্থান কি তোমার দৃষ্টিগোচর হইয়াছে? ॥ ৪৮ ॥

বন্ধো! ঐ স্থান অতি চমৎকার, তথায় পাঁচটী উপবন, নয়টী দ্বার, একজন পালক, তিনটী কোষ্ঠ, ছয়টী কুল আছে। অপর তথায় পাঁচ হট্ট ও তাহার পাঁচ প্রকৃতি, (উপাদান) আর বুদ্ধি রূপা এক স্ত্রী তাহার স্বামিনী ॥ ৪৯ ॥

সখে! পাঁচটী ইন্দ্রিয় বিষয়ই ঐ পাঁচ উপবন, প্রাণ সকলই ঐ দ্বার। তেজঃ জল ও অন্ন এই তিনই তথায় তিন কোষ্ঠ। ইন্দ্রিয় সকলই তথাকার কুল অর্থাৎ অভীষ্ট বিষয় প্রাপক ॥ ৫০ ॥

ক্রিয়া শক্তিই ঐ পাঁচ হট্ট, পঞ্চভূতই ঐ পাঁচ প্রকৃতি। মিত্র! পুরুষ শক্তির বশবর্ত্তী হইয়া

তস্মিংস্তং রাময়াস্পৃষ্টো রমমাণোঽশ্রুতস্মৃতিঃ। তৎসঙ্গাদীদৃশীং প্রাপ্তো দশাং পাপীয়সীং বিভো ॥ ৫২
ন ত্বং বিদর্ভদুহিতা নায়ং বীরঃ সুহৃত্তব। ন পতিস্ত্বং পুরঞ্জন্যা রুদ্ধো নবমুখে যয়া ॥ ৫৩ ॥
মায়াহ্যেষা ময়া সৃষ্টা যৎপুমাংসং স্ত্রিয়ং সতীং। মন্যসে নোভয়ং যদ্বৈ হংসৌ পশ্যাব নৌ গতিং ॥৫৪
অহং ভবান্ নচান্যস্ত্বং ত্বমেবাহং বিচক্ষ্ব ভোঃ। ন নৌ পশ্যন্তি কবয়শ্ছিদ্রং জাতু মনাগপি ॥৫৫

শ্রীধরস্বামী।

স্পৃষ্টঃ অভিভূতঃ। অতো নবিদ্যতে শ্রুতে ব্রহ্মত্বে স্মৃতির্যস্য ॥ ৫২ ॥

তত্ত্বমুপদিশতি নত্বমিতি চতুর্ভিঃ। সুহৃৎপতিঃ নবদ্বারে পুরে যয়া রুদ্ধোসি তস্যাঃ ॥ ৫৩ ॥

পুমাংসং পূর্ব্ব জন্মনি যদমন্যথাঃ ইদানীঞ্চ সতীং শ্রেষ্ঠাং স্ত্রিয়ং যন্মন্যসে এষা মায়া যত উভয়মপি বস্তুতো নাস্তি যস্মাদাবাং হংসৌ শুদ্ধৌ। নৌ আবয়োর্ব্বক্ষ্যমাণাং গতিং স্বরূপং পশ্য ॥ ৫৪ ॥

তত্ত্বং পদার্থয়োশ্চিদংশেন ঐক্যমাহ। অহমেব ভবান্ উপচারং বারয়তি নচান্য ইতি। ব্যতিহারোপদেশ উক্তাভিপ্রায়ঃ ছিদ্রমন্তরং ॥ ৫৫ ॥

ক্রমসন্দর্ভঃ।

হংসাবিত্যত্র হংসমিতি চিৎসুখঃ। মামিতি শেষঃ। পশ্যাব নৌ ইতি কচিৎ ॥ ৫৪ ॥

সখ্যোপযোগি শুদ্ধত্বং প্রতিপাদয়ন্ দ্বয়োরৈকাত্ম্যং স্থাপয়তি। নোভয়মিত্যধিকেনাহমিত্যর্দ্ধকেন ॥ ৫৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ন শ্রুতা ন শ্রবণ বিষয়ীকৃতা স্মৃতিঃ স্বজ্ঞানং যেন সঃ ॥ ৫২ ॥

নন্বেবং যদ্যহমশ্রুত স্মৃতিরেবাস্মি তর্হি মৎস্মৃতিং ত্বমেব শ্রাবয়েত্যত আহ নেতি ত্বং বিদর্ভস্য প্রাকৃতজীবস্য কস্যাপি ন দুহিতা নাপত্যং কিন্তু মচ্ছক্তিরূপো জীবোসীতি ভাবঃ। অয়ং বীরোপি ন তে সুহৃৎ হিতকারী কিন্ত্বহমেব এতদ্রূপেণ ত্বদগ্রুর্ভূত্বা স্বভক্তিমুপদিশ্য সথানুরূপং কৃত্যমকরবং। ইতি পক্ষদ্বয়ং পৃথক্ পৃথক্ ব্যাখ্যাতং। যয়া নবমুখে পুরে ত্বং রুদ্ধ স্তস্যাঃ পুরঞ্জন্যাস্ত্বং ন পতিঃ কিন্তু অবিদ্যোপহিতং চৈতন্যমপি কথাপক্ষে স্পষ্টমেব ॥ ৫৩ ॥

নন্বু যদ্যেবং তর্হি কথং মে তথা তথা প্রতীতি স্তত্রাহ মায়েতি যদ্যতঃ কদাচিৎ স্বং পুমাংসং মন্যসে কদাচিৎ সতীং স্ত্রিয়ং কদাচিন্নোভয়ং নপুংসকমিত্যর্থঃ। উপলক্ষণমেতৎ কদাচিন্মনুষ্যং কদাচিদ্দেব তির্য্যগাদিকং চ যদ্যস্মাদ্বৈ নিশ্চিতমাবাং হংসৌ শুদ্ধৌ আবয়োর্গতিং বক্ষ্যমাণং স্বরূপং পশ্য ॥ ৫৪ ॥

অহং পরমাত্মৈব ভবান্ জীবঃ নচান্যঃ মত্তশ্চৈতন্য স্বরূপান্নভিন্ন ইত্যর্থঃ। নন্বু কিমেতন্মদসহং ব্রূষে তত্রাহ ভো মচ্ছুদ্ধ ভক্ত

ঐ স্থানে প্রবিষ্ট হয়েন, সুতরাং আত্মাকে জানিতে পারেন না ॥ ৫১ ॥

সখে! তুমি সেই স্থানে যোষা কর্ত্তৃক স্পৃষ্ট হইয়া তাহার সহিত গ্রাম্যধর্ম্মে রত ছিলে তাহাতে তোমার ব্রহ্মত্ব বিস্মরণ হয়। সেই রামার সঙ্গ বশতই তোমার ঈদৃশী পাপীয়সী দশা উপস্থিত হইয়াছে ॥ ৫২ ॥

বন্ধো! তুমি বিদর্ভরাজের দুহিতা নহ এবং এই বীরও তোমার সুহৃৎ পতি নহেন। আর আপনি পূর্ব্বে যে পুরঞ্জনী দ্বারা নবদ্বার পুরে রুদ্ধ হইয়াছিলে, তুমিও তাহার পতি ছিলে না ॥ ৫৩ ॥

সখে! পূর্ব্বজন্মে তুমি যে আপনাকে পুরুষ বলিয়া মানিয়াছিলে এবং এক্ষণে শ্রেষ্ঠা যোষিৎ বলিয়া মানিতেছ এসকল আমার সৃষ্ট মায়ার বিলাস মাত্র, কিন্তু বস্তুতঃ ঐ উভয়ই নহে। যে হেতু আমরা দুই জনেই শুদ্ধ, আমাদের স্বরূপ বর্ণন করি, দর্শন কর ॥ ৫৪ ॥

মিত্র! তুমি আমারই স্বরূপ, আমা হইতে অন্য বস্তু নহ। এবং আমিও তোমারই স্বরূপ, বিশেষ

যথা পুরুষ আত্মানমেকমাদর্শ চক্ষুষোঃ। দ্বিধাভূতমবেক্ষেত তথৈবান্তরমাবয়োঃ ॥ ৫৬ ॥

শ্রীধরস্বামী।

তর্হি কথমাবয়োরসর্বজ্ঞত্ব সর্বজ্ঞত্বাদি ধর্ম্মভেদঃ তত্রাহ যথেতি। আত্মানং দেহং আদর্শে নির্ম্মলং মহান্তং স্থিরঞ্চাবেক্ষতে

ক্রমসন্দর্ভঃ।

অত্র পতিতং ত্রুটিতপত্রে জ্ঞেয়ং। ননু দ্বয়োরন্তরত্বেসতি কথং মায়া তবাধিকার্য্যা মম পুনরধিকারিণীতি মায়া হেয়েত্যত্র দর্শিতং কথং বা সখ্যং তত্রাহ। যথেতি। অত্র বিজ্ঞাতৃ পুরুষাভিমুখেষ্বাদর্শাদিষু স্বচ্ছেষু চাক্ষুষং তেজো লগ্নং সৎ বলীয়সা শৌর্য্যেণ তেজসা প্রতিস্রোতঃ প্রবর্ত্তিতং মুখসংযুক্তং সৎ তদেব সমং গ্রাহয়দ্দোষ বশাত্তদ্দেশতামভিমুখতাং চ মুখস্যাগ্রাহয়ৎ। পূর্ব্বদৃষ্টাভি মুখাদর্শস্য দিগ্দেশতামাভিমুখ্যঞ্চ মুখমধ্যারোপয়তীত্যেবং জায়তে। প্রতিবিম্বমিতি কেচিন্মন্যন্তে। তথাচ সতি তথৈব প্রতীয়েত। দোষবশাদিত্যাদৌ কোবা হেতুঃ সূর্য্যাদি প্রতিবিম্বেচ তদ্বিয়োধিকল্পনান্তরং মৃগ্যেত। তথা সূর্য্য প্রতিবিম্বাভাসো-ৎপত্তির্যত্র দৃশ্যতে তত্র চাভাসে যদৌষ্ণ্যাদিকমন্নভূয়সে তত্র কোবা হেতুঃ। তস্মাদন্যথানুপপত্ত্যেদমেব লভ্যতে। সর্ব্বস্য বস্তুন আকারানুকারিণী ছটা সর্ব্বত্রাব্যবহিতে দেশে সঞ্চরত্যেব। কিন্তু সূক্ষ্মত্বান্নোপলভ্যতে। স্বচ্ছং বস্ত্বন্তরং প্রাপ্যতু সমুদ্ভবন্তী তত্রা ক্ষবমুদ্রাবদ্বিপরীততয়োদয়ং প্রাপ্নুবতী প্রতিবিম্বমুচ্যতে যথা স্বচ্ছ বস্তুন স্তথৈবেশ্বরদত্তা শক্তিঃ। যদ্বিম্বস্য রূপং স্বস্মিন্ ভাবয়তীতি তৎ প্রতিভাবিতমেব প্রতিবিম্বং। যদেব বিম্বং ব্যবহিতেপি দেশে নিজাভাসমুদ্গিরতীতি। তস্মাদয়মর্থঃ। আদর্শ স্বচ্ছবস্তুন্যাত্মনোনিজ দেহস্যাননাকারচ্ছটাত্বেন স্বচক্ষুষিচ বহির্নিঃসৃত তদিন্দ্রিয়ময় কেবলং তত্তেজসি সাক্ষাত্তদ্রূপাত্মত্বেনাত্মান মেব যথা দ্বিধা ভূতমেবেক্ষতে লোকস্তথৈবাবয়ো রন্তরং ভেদাংশঃ মচ্ছটাংশ রূপস্য শুদ্ধজীবস্যৈব প্রাকৃতোপাধৌ প্রতিফলন প্রায়ত্বাদিতি ভাবঃ। চক্ষুষো নিকৃষ্ট প্রতিবিম্বোপাধিতয়া ব্যাখ্যানন্তু বিচার্য্যং। চক্ষুঃ শব্দেন সংনিহিতং স্বচক্ষুঃ পরিত্যজ্য পর-

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অহং অকোপং যথাস্যাত্তথা ত্বমেব বিচক্ষ্ব সবিমর্শং পশ্য। হংত্ত কোপে সমাখ্যাতঃ শিবেচ কুক্কুরেপিচেতি মেদিনী। ননু ত্বদ্দাসস্য মম তথা মৎপ্রভো স্তবাপি নাতঃ পরোহন্যঃ কলঙ্কো যদাবয়োরভেদ ইতি তত্রাহ নেতি নৌ আবয়োশ্ছিদ্রমীদৃশং কলঙ্কং জাতু কদাচিদপি মনাগীষদপি কবয়ো বিজ্ঞা ন পশ্যন্তি কিন্ত্ববিজ্ঞা এব ভেদং পশ্যন্তীত্যর্থঃ ॥ ৫৫ ॥

নন্বহং ভবানিতি ত্বদুক্তিরেব সোঢ়ুমশক্যা তত্র মাকুপ্যাবধেহীত্যাহ যথেতি পুরুষো জীব আত্মানং স্বং একমপি মোক্ষ দশায়াং বদ্ধদশায়াঞ্চ ক্রমেণ আদর্শ চক্ষুষোর্দ্বিধাভূতং আদর্শে মণিময় দর্পণে যথোচিত প্রমাণং সংপূর্ণতেজস্কং মহান্তমচঞ্চলং ঈক্ষেত চক্ষুষিতু অত্যল্প প্রমাণং অল্প তেজস্কং অতি ক্ষুদ্রং চঞ্চলঞ্চ ঈক্ষেত যথেতি যথা একস্যাপি দ্বিধা ভূতত্বং উপাধি ধর্ম্মালিপ্তত্বা লিপ্তত্বাভ্যাং ভেদমীক্ষেত তথৈব আবয়োঃ পরমাত্ম জীবাত্মনোঃ সদৈব দ্বিধা ভূতয়োরন্তরং সদৈব ভেদং ঈক্ষেত। অন্তরমবকাশা বধি পরিধানান্তর্দ্ধি ভেদতাদর্থ্যে ইত্যমরঃ। অহং দেহ মধ্যে পরমাত্ম স্বরূপেণ বর্ত্তে ত্বঞ্চ জীবো বর্ত্তসে তত্রাহ স্বতোনিকপাধি রপি স্বৈরতয়া সকল লোক দেহ গতঃ সন্নন্তর্যামী স্বসমুচিত প্রমাণঃ সংপূর্ণতেজস্কো মহা নিশ্চলো মুক্ত জীব ইব সদৈব নির্লেপ এব ত্বন্তু জীবঃ অত্যল্প প্রমানএব অত্যল্প তেজস্কোঽতি ক্ষুদ্রঃ সদৈব উপাধিধর্ম্মগ্রস্তঃ কদাচিদেব মুক্তি দশায়ামলিপ্ত ইতি সদৈ-বাবয়োর্ভেদং জানীয়াদিত্যর্থঃ। যদুক্তং অহং ভবান্নচান্য ইতি তৎ খলু অহং যথা চিৎ তথাত্বমপি ভবানপি চিন্নতু জড়ো মাযে-ত্যর্থঃ। এতৎ পদ্যয়োরর্থান্তরন্তু শাস্ত্রস্যাস্য মোহিনীত্বখ্যাপকমস্তুরৈরেব গ্রাহ্যং একাত্মবাদস্য ভগবদনভিমতত্বাৎ যদুক্তং তৃতীয়ে ভগবতৈব যথোল্মুকাদ্বিস্ফুলিঙ্গাদ্ধূমাদ্বাপি স্বসম্ভবাৎ। অপ্যাত্মত্বেনাভিমতাৎ যথাগ্নিঃ পৃথগুল্মুকাৎ। ভূতেন্দ্রিয়ান্তঃকরণাৎ

বিবেচনা করিয়া দেখ, পণ্ডিতেরা আমাদের দুইজনের কিঞ্চিন্মাত্র প্রভেদ দেখিতে পান না ॥ ৫৫ ॥

বন্ধো! ইহাতে তোমার এমত আশঙ্কা হইতে পারে, যদি আমরা দুইজনে এক পদার্থ তবে আমাদের মধ্যে একের সর্ব্বজ্ঞত্ব ও অপরের অল্পজ্ঞত্ব এরূপ ধর্ম্ম-ভেদ কিরূপে সম্ভবে? সখে! বিবেচনা করিয়া দেখিলে এ আশঙ্কা দূরীভূত হইবে, যেমন পুরুষ আপনার দেহকে আদর্শে নির্ম্মল, মহৎ ও স্থির দেখিয়া থাকে এবং লোকের চক্ষুতে তাহার বিপরীত দৃষ্ট হয়, এই রূপে তাহার দেহ যেমন

এবং স মানসোহংসো হংসেন প্রতিবোধিতঃ। স্বস্থস্তদ্ব্যভিচারেণ নষ্টামাপ পুনঃ স্মৃতিং ॥ ৫৭ ॥
বর্হিষ্মন্নেতদধ্যাত্মং পারোক্ষ্যেণ প্রদর্শিতং। যৎপরোক্ষ প্রিয়ো দেবো ভগবান্ বিশ্বভাবনঃ ॥ ৫৮ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং চতুর্থস্কন্ধে পুরঞ্জনোপাখ্যানেঽষ্টাবিংশোঽধ্যায়ঃ ॥ * ॥ ২৮ ॥ * ॥

শ্রীধরস্বামী।

পরন্তু চক্ষুষিচ তদ্বিপরীতং। বিদ্যাবিদ্যোপাধিকৃতো ধর্ম্মভেদ ইত্যর্থঃ ॥ ৫৬ ॥

তদ্ব্যভিচারেণ ঈশ্বর বিয়োগেন ॥ ৫৭ ॥

কথামাত্রমিতি বুদ্ধিং বারয়তি বর্হিষ্মন্নিতি। পারোক্ষ্যেণ রাজকথা মিষেণ তত্র হেতু র্যদ্যস্মাৎ ॥ ৫৮ ॥

॥ * ॥ ইতি চতুর্থেঽষ্টাবিংশঃ ॥ * ॥

ক্রমসন্দর্ভঃ।

চক্ষুর্বাচনং কষ্টং স্বচক্ষুর্বাচনং তু স্পষ্টং। সতি চ স্পষ্টে তৈলাদি দৃষ্টান্তে তদুপাদানং নোপাদেয়মিতি। স এষ চাত্তেদাত্মকোভেদঃ সখ্য দার্ঢ্যায়ৈব নির্দ্দিষ্টঃ জানাসি কিং সখায়ং মামিতি হংসাবহঞ্চ ত্বং চার্য্য সখায়াবিত্যুপক্রমাভ্যাসাদ্যনুসারাৎ ॥ ৫৬ ॥

মুনিরপি তথৈবোপসংহরতি। এবমিতি। স্বস্থঃ প্রাধানিকাবেশ রহিতঃ সন্ তদ্ব্যভিচারেণ পূর্ব্বমীশ্বরাখ্যং সবহির্মুখতয়া নষ্টাং তিরোহিতাং স্মৃতিং জানাসি অসি কিং সখায়ং মামিতি। অপি স্মরসি চাত্মনমবিজ্ঞাতসখমিত্যত্র পূর্ব্বোক্তং সখ্যানুসন্ধানং পুনরাপ ইতি অত্র পুনঃ শব্দেন স্মৃতি শব্দেন তদ্বিস্মৃতে র্নাশাদি খণ্ডনং বিবক্ষিতং। কিন্তু অনাদ্যাবৃতস্যাপি সখ্যস্য স্বাভাবিকত্বাদনাদিত্বমিত্যেব কৃতহান্যকৃতাভ্যাস প্রসঙ্গাৎ ॥ ৫৭ ॥

অস্য সর্ব্বস্যাপি প্রসঙ্গস্য ভগবৎ প্রীতি পরমেব স্পষ্টয়তি। যদিতি ॥ ৫৮ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে চতুর্থস্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভস্য অষ্টাবিংশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

প্রধানাজ্জীব সংজ্ঞিতাৎ। আত্মা তথা পৃথগ্দ্রষ্টা ভগবান্ ব্রহ্ম সংজ্ঞিত ইতি শ্রুত্যাচ যথাগ্নেঃ ক্ষুদ্রা বিস্ফুলিঙ্গা ব্যুচ্চরন্তীতি স্মৃত্যাচ একদেশে স্থিতস্যাগ্নে র্জ্যোৎস্না বিস্তারিণী যথেতি। তথা সচ্চিদানন্দ বিগ্রহো ভগবান্ নিরুপাধিরেব তস্য বিদ্যোপাধিত্বমপ্যুরমতেনৈবোক্তমিতি জ্ঞেয়ঃ ॥ ৫৬ ॥

উপসংহরতি এবমিতি স্বস্থঃ প্রাধানিকাবেশ রহিতঃ। তদ্ব্যভিচারেণ ভগবদ্বৈমুখ্যেন নষ্টাং স্মৃতিং পূর্ব্বমেব শ্রীগুরু ভক্ত্যা প্রাপ্তমেব পুনঃ প্রাপ অত্রাস্য সাযুজ্য কথনাৎ সুপর্ণ শ্রুতের্বলবত্ত্বাচ প্রেমবৎ পার্ষদত্ব প্রাপ্তিরেব শ্রীনারদেন পরম পুরুষার্থোঽভিমতো জ্ঞেয়ঃ ॥ ৫৭ ॥

কথামাত্রমিদমিতি বুদ্ধিং মা কুথা ইত্যাহ বর্হিষ্মন্নিতি পারোক্ষ্যেণ রাজকথামিষেণ তত্র হেতুঃ। যদ্যস্মাৎ তবৈব ত্রৈকালিকীয়ং কথা কথিতেতি ভাবঃ ॥ ৫৮ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। অষ্টাবিংশশ্চতুর্থস্য সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

উপাধি ভেদে ভিন্ন হয়, আমাদের দুই জনের বিভিন্নতাও তদ্রূপ। ফলতঃ বিদ্যা ও অবিদ্যা কৃতই ধর্ম্মভেদ হইয়া থাকে ॥ ৫৬ ॥

এই রূপে সেই মানস হংস (অসর্ব্বজ্ঞ জীব) হংস (সর্ব্বজ্ঞ ঈশ্বর) কর্ত্তৃক প্রবোধিত হওয়াতে তাঁহার (ঈশ্বরের) বিয়োগেও সুস্থির হইয়া রহিলেন, এবং তাঁহার পূর্ব্ব নষ্টা-স্মৃতি পুনর্ব্বার উদিতা হইল ॥ ৫৭ ॥

হে বর্হিষ্মন্! আমি পুরঞ্জনের কথা ছলে তোমাকে এই অধ্যাত্ম-জ্ঞান উপদেশ করিলাম, যে হেতু ভগবান্ বিশ্বভাবন পরোক্ষ কথায় অতিশয় প্রিয় হয়েন ॥ ৫৮ ॥

॥ * ॥ ইতি চতুর্থে অষ্টাবিংশ ॥ * ॥

শ্রীপ্রাচীনবর্হিরুবাচ ॥

ভগবংস্তে বচোঽস্মাভির্ন সম্যগবগম্যতে। কবয়স্তদ্বিজানন্তি ন বয়ং কর্ম্মমোহিতাঃ ॥ ১ ॥

শ্রীনারদ উবাচ ॥

পুরুষং পুরঞ্জনং বিদ্যাদ্যদ্ব্যনক্ত্যাত্মনা পুরং। একদ্বিত্রিচতুষ্পাদং বহুপাদমপাদকং ॥ ২ ॥

যোঽবিজ্ঞাতাহৃতস্তস্য পুরুষস্য সখেশ্বরঃ। যন্ন বিজ্ঞায়তে পুংভির্নামভির্বা ক্রিয়াগুণৈঃ ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

ঊনত্রিংশে পরোক্ষার্থব্যাখ্যানেনোপসংহৃতিঃ। স্ত্রীসঙ্গতোঽভবৎ স্ত্রীশসঙ্গান্মুক্তিরিতি স্ফুটং ॥ ০ ॥

কবয়ঃ অধ্যাত্মবিদঃ ॥ ১ ॥

ব্যনক্তি লিম্পতি চেতনীকরোতীত্যর্থঃ। যদ্বা ব্যনক্তি প্রকটয়তি। ততশ্চ স্বকর্ম্মণা পুরং জনয়তীতি পুরঞ্জনপদং ব্যাখ্যাতং ভবতি। এক দ্ব্যাদয়ঃ পাদা যস্য ॥ ২ ॥

অবিজ্ঞাত শব্দেন আহৃতঃ ব্যাহৃতঃ উক্তো যঃ স ঈশ্বরঃ। অবিজ্ঞাত নাম নিরুক্তিঃ। যদ্যস্মাৎ পুংভির্নামাদিযোগেন ন বিজ্ঞায়তে ॥ ৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

ন সম্যগিতি। কথারীত্যৈব[illegible]বান্নধ্যাত্মরীতেঃ ॥ ১ ॥

আহৃত ইত্যত্র আহ্বয় ইতি চিৎসুখঃ পুংভিরশাস্ত্রজ্ঞৈঃ নামাদীনাং শাস্ত্রৈকবেদ্যত্বাৎ ॥ ২ ॥ ৩ ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

একোনত্রিংশকেঽধ্যায়ে পক্ষ ব্যাখ্যানমুচ্যতে। কর্ম্ম প্রশ্নোত্তরং রাজ্ঞো বৈরাগ্যার্থং কথা পরা ॥ ০ ॥

সম্যগিতি কিঞ্চিদবগতমেবেত্যর্থঃ ॥ ১ ॥

পুরুষং জীবং ॥ ২ ॥

অবিজ্ঞাত শব্দেন আহৃতো ব্যাহৃতো যঃ স ঈশ্বরঃ ॥ ৩ ॥

ঊনত্রিংশ অধ্যায়ে পরোক্ষ উপাখ্যানের অর্থ ব্যাখ্যা দ্বারা তাৎপর্য্যের উপসংহার এবং স্ত্রীসঙ্গ বশতঃ স্ত্রীত্ব প্রাপ্ত হইয়া ঈশ্বর সঙ্গ হেতু মুক্তির বিষয় কথন ॥ ০ ॥

প্রাচীনবর্হি রাজা নারদের প্রমুখাৎ যে পুরঞ্জনের উপাখ্যান শ্রবণ করিলেন, তাহার তাৎপর্য্য অবগত হইতে নাপারাতে পুনরায় বিনয় পুরঃসর জিজ্ঞাসা করিলেন, ভগবন্! আপনকার কথার মর্ম্ম সম্যক্ রূপে জানিতে পারিলাম না, অধ্যাত্মবিৎ পণ্ডিতেরাই ইহার তাৎপর্য্য অবধারণে সমর্থ, আমরা সাংসারিক বিষয়ে বিমোহিত, আমাদের বোধগম্য হইবার সম্ভাবনা কি! ॥১॥

নারদ কহিলেন রাজন্! আমি যাহাকে পুরঞ্জন কহিলাম তাঁহাকেই পুরুষ জানিও, তিনি পুরকে (দেহকে) প্রকটিত করেন,এজন্য তাঁহার নাম পুরঞ্জন। ঐ পুর (দেহ) এক প্রকার নহে,কাহারও এক, কাহারও দুই, কাহারও তিন, কাহারও চারি, কাহারও বহুতর চরণ, কাহারও বা একেবারে পদশূন্য ॥২

অপর আমি যাহাকে অবিজ্ঞাত শব্দে কহিয়াছি তিনি ঈশ্বর, ঐ পুরুষের সখা। মহারাজ! ঈশ্বরকে অবিজ্ঞাত শব্দে কহিবার কারণ শুন। পুরুষেরা তাঁহাকে নাম বা ক্রিয়া অথবা গুণ দ্বারা জানিতে পারে না, সুতরাং তিনি অবিজ্ঞাত ॥ ৩ ॥

যদা জিঘৃক্ষন্ পুরুষঃ কাৎস্ন্যেন প্রকৃতেগুণান্। নবদ্বারং দ্বিহস্তাঙ্ঘ্রি তত্রামনুত সাধ্বিতি ॥ ৪ ॥
বুদ্ধিন্তু প্রমদাং বিদ্যান্মমাহমিতি যৎকৃতং। যামধিষ্ঠায় দেহেঽস্মিন্ পুমান্ ভুঙ্‌ক্তেঽক্ষিভিগুণান্ ॥৫॥
সখায় ইন্দ্রিয়গণা জ্ঞানং কর্ম্মচ যৎকৃতং। সখ্যস্তদ্বৃত্তয়ঃ প্রাণঃ পঞ্চবৃত্তির্যথোরগঃ ॥ ৬ ॥
বৃহদ্বলং মনোবিদ্যাদুভয়েন্দ্রিয়নায়কং। পঞ্চালাঃ পঞ্চবিষয়া যন্মধ্যে নব খং পুরং ॥ ৭ ॥
অক্ষিণী নাসিকে কর্ণৌ মুখং শিশ্নগুদাবিতি। দ্বে দ্বে দ্বারৌ বহির্যাতি যস্তদিন্দ্রিয়সংযুতঃ ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

তত্র তেষু পুরেষু মধ্যে ॥ ৪ ॥
অক্ষভিরিন্দ্রিয়ৈঃ ॥ ৫ ॥
পঞ্চবৃত্তিত্বাৎ পঞ্চশিরাঃ সর্প ইব প্রাণঃ ॥ ৬ ॥
একাদশ মহাভটা ইত্যনেন একাদশো মহাভটো নায়ক ইত্যুক্তং তদ্দর্শয়তি। বৃহদ্বলং যস্য তৎ মনঃ নব খানি দ্বারাণি যস্য ॥ ৭ ॥
দ্বাভ্যাং সহ ইত্যাদেরর্থং সংক্ষেপেণাহ। যস্তদিন্দ্রিয় সংযুতঃ স আত্মা তাভির্দ্বার্ভির্বহির্যাতীতি ॥ ৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

বুদ্ধিং মমাহমিতি জাগ্রদ্দশাতমেব জ্ঞেয়ং। স্বপ্নগতানাং তদনুগতত্বাৎ ॥ ৫ ॥ ৬ ॥ ৭ ॥
দ্বে দ্বে ইতি মুখস্যাপি বাগ্রসনা ভেদেন দ্বিত্বাৎ ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তত্র তেষু পুরেষু তির্য্যগাদিষু মধ্যে ॥ ৪ ॥
বুদ্ধিমবিদ্যাং। অক্ষভিরিন্দ্রিয়ৈঃ ॥ ৫ ॥
পঞ্চবৃত্তিত্বাৎ পঞ্চশিরাঃ সর্প ইব ॥ ৬ ॥
একাদশ মহাভটা ইত্যনেনৈকাদশো মহাভটো নায়ক ইত্যুক্তং। তং ব্যাচষ্টে বৃহদ্বলং যস্য তন্মনঃ নবখানি দ্বারাণি যস্য ॥ ৭
দ্বে দ্বে দ্বারৌ মুখাদিকমেকৈকাচ দ্বাভ্যাভির্দ্বাভির্বহির্যাতি কঃ যস্তত্তদিন্দ্রিয় যুক্তো জীব ইত্যর্থঃ ॥ ৮ ॥

হে রাজন্। পুরুষ যদিও পুর (দেহ) মাত্র প্রকটিত করাতে পুরঞ্জন শব্দে কথিত হয়েন, তথাচ যখন প্রকৃতির গুণ সকল সমগ্র রূপে গ্রহণ করিতে ইচ্ছা করেন তখন সেই সমস্ত পুর মধ্যে দুই হস্ত দুই পদ ও নব দ্বার যুক্ত যে পুর অর্থাৎ মনুষ্য দেহ তাহাকেই উত্তম বলিয়া মান্য করিয়া থাকেন ॥ ৪

অপর পুরঞ্জনের যে প্রমদার কথা কহিয়াছি তাহাকে বুদ্ধি বলিয়া জানিও, উহার দ্বারাই "আমি আমার" ইত্যাকার অভিমান হইয়া থাকে। মহারাজ! ঐ বুদ্ধিতে অধিষ্ঠিত হইয়া পুরুষ এই দেহে ইন্দ্রিয়গণ দ্বারা তত্তদ্বিষয় ভোগ করিয়া থাকেন ॥ ৫ ॥

আর পুরঞ্জনের সখা ও সখী যাহা বলিয়াছি তাহার অর্থ এই, ইন্দ্রিয় সকলই তাঁহার সখা ও ইন্দ্রিয়গণের বৃত্তিই তাঁহার সখী, জ্ঞান ও কর্ম্ম তাহাদেরই দ্বারা কৃত হয়। অপর যে পঞ্চশিরা সর্পের কথা কহিয়াছি সে প্রাণ, তাহার পাঁচ প্রকার বৃত্তি এ কারণ সে পঞ্চশীর্ষ সর্পের তুল্য ॥ ৬ ॥

আর একাদশতম ব্যক্তিকে যে নায়ক বলিয়াছি তাহা মনঃ, তাহার মহৎ বল এবং তাহা উভয় প্রকার ইন্দ্রিয়ের নায়ক। অপর উল্লিখিত পঞ্চালদেশ শব্দাদি পঞ্চ বিষয়, ঐ পাঁচ বিষয়ের মধ্যেই নবদ্বার পুর বর্ত্তমান থাকে ॥ ৭ ॥

অপিচ হে রাজন্! আমি যে দুই দুই দ্বারের কথা বলিয়াছি তাহা চক্ষুর্দ্বয়, নাসিকাদ্বয়, কর্ণদ্বয়, মুখ এবং পায়ু ও উপস্থ, যিনি ঐ সকল ইন্দ্রিয়যুক্ত, তিনি আত্মা ঐ সকল দ্বার দিয়া বহির্গমন করেন ॥ ৮ ॥

অক্ষিণী নাসিকে আস্যমিতি পঞ্চপুরঃ কৃতাঃ । দক্ষিণা দক্ষিণঃ কর্ণ উত্তরা চোত্তরঃ স্মৃতঃ ।
পশ্চিমে ইত্যধো দ্বারৌ গুদং শিশ্নমিহোচ্যতে ॥ ৯ ॥
খদ্যোতাবি র্মুখীচাত্র নেত্রে একত্র নির্ম্মিতে । রূপং বিভ্রাজিতং তাভ্যাং বিচষ্টে চক্ষুষেশ্বরঃ ॥ ১০
নলিনী নালিনী নাসে গন্ধঃ সৌরভ উচ্যতে । ঘ্রাণোবধূতোমুখ্যাস্যং বিপণো বাগ্রসবিদ্রসঃ ॥ ১১
আপণোব্যবহারোত্র চিত্রমন্ধোবহূদনং । পিতৃহূর্দক্ষিণঃ কর্ণ উত্তরো দেবহূঃ স্মৃতঃ ।
প্রবৃত্তঞ্চ নিবৃত্তঞ্চ শাস্ত্রং পঞ্চালসংজ্ঞিতং । পিতৃযানং দেবযানং শ্রোত্রাচ্ছ্রুতধরাদ্ ব্রজেৎ ॥ ১২

শ্রীধরস্বামী ।

পুরঃ পূর্ব্বভাগে কৃতাঃ ॥ ৯ ॥

নেত্রে ইতি রূপমিতি চক্ষুষেতিচ খদ্যোতাদীনাং ব্যাখ্যানং । শেষোমুবাদঃ ঈশ্বরঃ পুরঞ্জনঃ ॥ ১০ ॥

নাসে ইতি ব্যাখ্যা অবধূনোতীতি অবধূতো বায়ুঃ তদাত্মকেনোৎশ্বাসেন সহ এক স্থানত্বাৎ ঘ্রাণোঽবধূতঃ। আস্যমিতি ব্যাখ্যা রসজ্ঞ বিপণান্বিত ইত্যত্র রসজ্ঞ শব্দ নির্দ্দিষ্টস্য রস বিদিত্যমুবাদঃ। রস ইতি ব্যাখ্যা রসনেন্দ্রিয়মিত্যর্থঃ। বিপণোবাগ্র সবিদ্রস ইত্যেব পাঠঃ। আর্ষত্বাদ্দোষশ্ছন্দো ভঙ্গে ॥ ১১ ॥ অন্ধঃ অন্নং ॥ ১২ ॥

ক্রমসন্দর্ভঃ ।

অক্ষিণী নাসিকে ইতি সার্দ্ধকং ॥ ৯ ॥

চক্ষুষেতি দ্যুমংশব্দস্য ব্যাখ্যানং ॥ ১০ ॥ ১১ ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

পুরঃ প্রাঙ্মুখস্য পুরঞ্জনপুরস্য পূর্ব্বভাগে কৃতাঃ ॥ ৯ ॥

খদ্যোতাদীনাং ব্যাখ্যা নেত্রে ইতি রূপমিতি চক্ষুষেতি দ্যুমদিত্যস্য ব্যাখ্যা ॥ ১০ ॥

অবধুনোত্যবধূতো বায়ু স্তদাত্মকেনোচ্ছ্বাসেন সহৈক স্থানত্বাদ্ঘ্রাণোপ্যবধূত উচ্যতে মুখ্যা ইত্যস্য ব্যাখ্যা আস্যমিতি রসন বিপণান্বিত ইত্যস্য ব্যাখ্যা বাগিতি রসজ্ঞ ইত্যস্য ব্যাখ্যা রসবিদিত্যনুবাদ রস ইতি। ব্যাখ্যাতু রসনেন্দ্রিয়ং। নবাক্ষরৈক পাদোঽয়মম্বরভেদঃ ॥ ১১ ॥

চিত্রমন্ধশ্চতুর্ব্বিধমন্নং ॥ যাতি শ্রুতধরান্বিতঃ শ্রুতধরপদব্যাখ্যা শ্রোত্রাদিতি ॥ ১২ ॥

অপর দুই চক্ষু, দুই নাসিকা এবং মুখ এই পাঁচটী পূর্ব্বভাগস্থ, আর দক্ষিণ কর্ণ দক্ষিণ ভাগস্থ, বাম কর্ণ বামভাগস্থ এবং পায়ু ও উপস্থ এই দুই অধোদ্বার পশ্চিমভাগস্থ বলিয়া কথিত হইয়া থাকে ॥ ৯ ॥

আর খদ্যোতাবির্মুখী এই যাহা কহিয়াছি তাহা একত্র নির্ম্মিত দুই নেত্র মাত্র,তাহাদের দ্বারা রূপ প্রকাশিত হইলে পুরঞ্জন চক্ষুতে করিয়া অনুভব করেন ॥ ১০ ॥

অপিচ নলিনী ও নালিনী এই দুই নাসিকা এবং গন্ধকে সৌরভ বলিয়া অবগত হও। আর ঘ্রাণএই যাহা বলিয়াছি তাহা উচ্ছ্বাস সহ একত্র অবস্থান হেতু বায়ু মাত্র। মহারাজ ! বিপণ এই যাহা উক্ত হইয়াছে তাহা মুখ, আর রসনেন্দ্রিয়ই রসবেত্তা ॥ ১১ ॥

অপর আপণ এই যাহা বলিয়াছি, তাহার অর্থ ব্যবহার, আর যে বিচিত্র অন্নের উল্লেখ করা গিয়াছে তাহার অর্থ প্রচুর অন্ন। অপিচ পিতৃহূ এই যে শব্দ উক্তি করিয়াছি তাহার অর্থ দক্ষিণ কর্ণ,ঐ রূপ দেবহূ শব্দে বাম কর্ণ জানিবে। আর যে শাস্ত্রের কথা উল্লেখ করিয়াছি তাহা প্রবৃত্তি ও নিবৃত্তি বিষয়ক, ঐ শাস্ত্রেরই নাম পঞ্চাল। ঐ দুই শাস্ত্র যথাক্রমে পিতৃযান ও দেবযান, অর্থাৎ শব্দ গ্রাহক শ্রবণেন্দ্রিয় দ্বারা পুরুষ ঐ দুই শাস্ত্র গ্রহণ করিয়া পিতৃলোক প্রাপক পিতৃযান এবং দেবলোক প্রাপক দেবযান প্রাপ্ত হয় ॥ ১২ ॥

আস্থরী মেঢ়্রমর্ব্বাগ্‌দ্বার্ব্যবায়ো গ্রামিণাং রতিঃ। উপস্থোদুর্ম্মদঃ প্রোক্তো নির্ঋতির্গুদ উচ্যতে।
বৈশসং নরকং পায়ুর্লুব্ধকোহন্ধৌতু মে শৃণু। হস্তপাদৌ পুমাং স্তাভ্যাং যুক্তো যাতি করোতিচ ॥ ১৩
অন্তঃপুরঞ্চ হৃদয়ং বিষূচির্মন উচ্যতে। তত্র মোহং প্রসাদং বা হর্ষং প্রাপ্নোতি তদ্গুণৈঃ ॥ ১৪ ॥
যথা যথা বিক্রিয়তে গুণাক্তো বিকরোতি বা। তথা তথোপদ্রষ্টাত্মা তদ্বৃত্তিরনুকার্য্যতে ॥ ১৫ ॥
দেহোরথস্ত্বিন্দ্রিয়াশ্বঃ সম্বৎসররয়োগতিঃ। দ্বিকর্ম্মচক্রস্ত্রিগুণধ্বজঃ পঞ্চাসুবন্ধুরঃ ॥ ১৬ ॥

শ্রীধরস্বামী।

গ্রামকমিত্যস্যানুবাদঃ গ্রামিণাং রতিরিতি তস্য ব্যাখ্যা ব্যবায় ইতি ॥ ১৩ ॥

বিষূচীন পদার্থানুবাদো বিষূচিরিতি। তদ্গুণৈঃ মনোগুণৈঃ তমঃ সত্ত্বরজোভিঃ ॥ ১৪ ॥

মহিষী যদ্যদীহেতেত্যাদেরর্থং সংগৃহ্যাহ যথা যথা বুদ্ধিঃ স্বপ্নে বিক্রিয়তে জাগ্রতি বিকরোতি বা ইন্দ্রিয়াণি পরিণময়তি তস্যা গুণৈরক্তো লিপ্তঃ আত্মা তথা তথা তস্যা বৃত্তীর্দর্শন স্পর্শনাদ্যাঃ কেবলমুপদ্রষ্টা এব সন্ বলাদনুকার্য্যতে ॥ ১৫ ॥

আশুগমিত্যেতৎ ব্যাচষ্টে। সম্বৎসরস্যেবাপ্রতিহতো রয়ো বেগঃ প্রতীতিতো যস্য স সম্বৎসররয়ঃ। বস্তু তস্ত অগতিঃ স্বপ্ন শরীরাদে বুদ্ধাবেব নিবৃত্তত্বেন দেশান্তরগত্যভাবাৎ। সম্বৎসররয়োগতিরিতি পাঠে সম্বৎসরশ্চ তৎ কৃতং রয়শ্চ তাভ্যাং

ক্রমসন্দর্ভঃ।

দুর্ম্মদ ইতি চিৎসুখঃ ॥ ১৩ ॥ ১৪ ॥

যথা যথা বিক্রিয়তে গুণাক্ত ইত্যেব পাঠঃ ॥

আকৃতিঃ কর্ম্মেন্দ্রিয় পঞ্চকং ॥ ১৫। ১৬। ১৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

গ্রামকং নাম বিষয়মিত্যস্য গ্রামিণাং রতিরিত্যনুবাদঃ। ব্যাখ্যাতু ব্যবায় ইতি ॥ ১৩ ॥

বিষূচীন ইত্যনুবাদো বিষূচিরিতি ব্যাখ্যাতু মন ইতি। তদ্গুণৈ র্মনোগুণৈ স্তমসত্ত্বরজোভিঃ ॥ ১৪ ॥

মহিষী যদ্যদীহেতেত্যাদে র্ব্যাখ্যানমাহ যথা বুদ্ধিঃ স্বপ্নে বিক্রিয়তে জাগরে বিকরোতি ইন্দ্রিয়াণি বিপরিণময়তি তথা তথা গুণাক্ত স্তস্যাগুণৈর্লিপ্ত আত্মা তস্যা বৃত্তীর্দর্শন স্পর্শনাদ্যাঃ কেবল মুপদ্রষ্টৈবাপি সন্ বলাদনুকার্য্যতে বুদ্ধ্যৈব হেতু কর্ত্র্যেত্যর্থঃ ॥১৫

সংবৎসরস্য রয়ো বেগ এব গতিরিত্যাশুগপদ ব্যাখ্যা পাঠান্তরে সম্বৎসরশ্চ তৎ কৃতং রয়শ্চ তে এব গতির্যস্য ত্রিগুণধ্বজ ইতি

মহারাজ! পশ্চিম দিকস্থ যে দ্বারকে আস্থরী কহিয়াছি, তাহার অর্থ মেঢ্র। আর গ্রাম্য বিষয়ের অর্থ ব্যবায় (স্ত্রীসঙ্গ) অপর দুর্ম্মদ শব্দে উপস্থেন্দ্রিয় ও নির্ঋতি শব্দে পায়ু ইন্দ্রিয় জানিও। অপিচ ইন্দ্রিয় সকলের মধ্যে হস্ত ও পদ এই যে দুইটীকে অন্ধ বলিয়াছি সেই দুই ইন্দ্রিয় যুক্ত হইয়াই পুরুষ গমন ও কর্ম্ম করিয়া থাকে ॥ ১৩ ॥

হে রাজন্! পূর্ব্বে কহিয়াছি পুরঞ্জন অন্তঃপুরে গমন করেন, ঐ অন্তঃপুর শব্দের অর্থ হৃদয়। আর সর্ব্বতোমুখ যে মনের উল্লেখ করিয়াছি তাহার গুণ যে সত্ত্ব রজঃ ও তমঃ তদ্দ্বারাই পুরুষ মোহ বা প্রসন্নতা অথবা হর্ষ প্রাপ্ত হয়েন ॥ ১৪ ॥

মহারাজ! পূর্ব্বে যে মহিষীর কথা কহিয়াছি তাহার অর্থ বুদ্ধি, ঐ বুদ্ধি স্বপ্নে যেমন যেমন বিকৃত হয় এবং জাগ্রদ্দশায় যেমত যেমত বিকার করাইয়া দেয়, বুদ্ধির গুণে লিপ্ত আত্মা তাহার বৃত্তি সকলের (দর্শন স্পর্শনাদির) কেবল উপদ্রষ্টা হইয়া তত্তদ্রূপে অনুকারিত হয় ॥ ১৫ ॥

হে রাজন্! পূর্ব্বে পুরঞ্জনের মৃগয়ার্থ যে রথে আরোহণের কথা বলিয়াছি, সেই রথ এই দেহ, ইন্দ্রিয়গণ সেই রথের অশ্ব, সম্বৎসরের তুল্য তাহার বেগ, কিন্তু বস্তুতঃ তাহার গতি নাই, কারণ বুদ্ধিতেই স্বপ্নদেহাদির নিবৃত্তি হইয়া থাকে সুতরাং দেশান্তর গমন অসম্ভব। সে যাহা হউক, ঐ

মনোরশ্মি র্বুদ্ধি সূতো হৃন্নীড়োদ্বন্দ্বকূবরঃ। পঞ্চেন্দ্রিয়ার্থ প্রক্ষেপঃ সপ্তধাতু বরূথকঃ ॥ ১৭ ॥
আকূতি র্বিক্রমোবাহ্যো মৃগতৃষ্ণাং প্রধাবতি। একাদশেন্দ্রিয় চমূঃ পঞ্চসূনাবিনোদকৃৎ।
সম্বৎসরশ্চণ্ডবেগঃ কালো যেনোপলক্ষিতঃ। তস্যাহানীহ গন্ধর্ব্বা গন্ধর্ব্ব্যো রাত্রয়ঃ স্মৃতাঃ ॥ ১৮ ॥
হরন্ত্যায়ুঃ পরিস্থত্যা ষষ্ট্যুত্তর শতত্রয়ং ॥ ১৯ ॥
কালকন্যা জরা সাক্ষাল্লোকস্তাং নাভিনন্দতি। স্বসারং জগৃহে মৃত্যুঃ ক্ষয়ায় যবনেশ্বরঃ ॥ ২০ ॥

শ্রীধরস্বামী।

গতির্যস্যেতি দ্বীশমিত্যস্য ব্যাখ্যা পূর্ব্বমুক্তা দ্বিকর্ম্ম চক্র ইতি দ্বিচক্রমিত্যস্য ব্যাখ্যা ত্রিগুণধ্বজ ইতি ত্রিবেণুপদ ব্যাখ্যা ॥ ১৬ ॥
পঞ্চ প্রহরণমিত্যেতদ্ব্যাচষ্টে পঞ্চেন্দ্রিয়ার্থ প্রক্ষেপ ইতি ॥ ১৭ ॥
পঞ্চেন্দ্রিয়ৈঃ সূনাবিনোদমিবান্যায়েন বিষয়সেবাং করোতীতি পঞ্চসূনাবিনোদকৃৎ। অনেন চচার মৃগয়াং তত্রেত্যাদি ব্যাখ্যাতং ॥ ১৮ ॥
পরিস্থত্যা পরিভ্রমণেন ॥ ১৯ ॥
ভগিনীত্বেন জগৃহে লোকানাং ক্ষয়ায় ॥ ২০ ॥

ক্রমসন্দর্ভঃ।

সম্বৎসর ইত্যর্দ্ধকং ॥ ১৮ ॥
পরিমৃগ্যেত্যত্র পরিক্রান্তেতি চিৎসুখঃ ॥ ১৯। ২০। ২১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ত্রিবেণু পদ ব্যাখ্যা ত্রয়ো গুণাঃ সত্ত্বাদয়ঃ ধ্বজো যস্য ॥ ১৬ ॥
পঞ্চপ্রহরণ ইত্যস্য ব্যাখ্যা পঞ্চানামিন্দ্রিয়াণামর্থেষু শব্দাদিষু স্বস্ব ব্যাপারাণাং প্রক্ষেপঃ। শ্রবণাদীনি পঞ্চ প্রহরণানীত্যর্থঃ ॥১৭
আকূতিঃ কর্ম্মেন্দ্রিয় পঞ্চকং বিক্রমমিতি পঞ্চবিক্রমমিত্যস্য ব্যাখ্যা পঞ্চেন্দ্রিয়ৈঃ সূনাবিনোদমিব ন্যায়েন বিষয়সেবাং করোতি ইতি পঞ্চসূনাবিনোদকৃৎ। অনেন চচার মৃগয়াং তত্রেতি ব্যাখ্যাতং ॥ ১৮ ॥
পরিস্থত্যা পরিভ্রমণেন ॥ ১৯ ॥
লোকানাং ক্ষয়ায় স্বসারং স্বসৃত্বেন জগৃহে। পক্ষে স্বস্য ক্ষয়ায় স্বসারমপি তাং জগৃহে অধর্ম্মবংশোদ্ভবত্বাৎ স্বসুরপি তস্যাঃ স্বয়মেব পতিরভূদিতি কালকন্যা বৈষ্ণবজনেষ্বতিকৃপালোর্নারদস্যাজ্ঞয়া মৃত্যুমেব তরয়তীতি ॥ ২০ ॥

রথের যে দুই চক্রের কথা কহিয়াছিলাম তাহার অর্থ পাপ ও পুণ্য এই দুই কর্ম্ম। আর সত্ব রজঃ ও তম এই তিন গুণ ঐ রথের ধ্বজা এবং পঞ্চ প্রাণ তাহার পাঁচ বন্ধন ॥ ১৬ ॥

অপর মনঃ সেই রথের রশ্মি, বুদ্ধি তাহার সারথি, হৃদয় তাহার নীড় অর্থাৎ রথির উপবেশন স্থান। আর তাহার দুই যুগন্ধর শোক ও মোহ। তাহাতে ইন্দ্রিয়ের পাঁচ বিষয় (শব্দস্পর্শাদি) প্রক্ষিপ্ত হয়। আর সপ্ত ধাতুই তাহাতে কবচ স্বরূপ হইয়া রহিয়াছে ॥ ১৭ ॥

পুরুষ ঐ রথে আরূঢ় হইয়া মৃগতৃষ্ণারূপ মৃগয়ায় গমন করেন, কর্ম্মেন্দ্রিয় পঞ্চ তাঁহার বিক্রম। একাদশ ইন্দ্রিয়ই ঐ পুরুষের সেনা, তন্মধ্যে পঞ্চেন্দ্রিয় দ্বারা তিনি বিষয় সেবা করিয়াথাকেন। অপর চণ্ডবেগ যে কালের কথা উল্লেখ করিয়াছি তাহা সম্বৎসর। তাহারই দিবস সকল গন্ধর্ব্ব আর তাহারই রাত্রিগণ গন্ধর্ব্বী ॥ ১৮ ॥

ঐ সকল দিবসের সংখ্যা তিনশত ষাইট। তাহারা নিরন্তর ভ্রমণ করিয়া পুরুষের পরমায়ুঃ হরণ করে ॥ ১৯ ॥

হে রাজন্! পূর্ব্বে যে কালকন্যার কথা বলিয়াছি তাহার নাম জরা, লোকে তাহাকে লইয়া আমোদ করে না। যবনেশ্বর মৃত্যু লোক বিনাশার্থ, তাহাকে ভগিনী রূপে গ্রহণ করিয়াছে ॥ ২০ ॥

আধয়ো ব্যাধয়স্তস্য সৈনিকা যবনাশ্চরাঃ। ভূতোপসর্গাশুরয়ঃ প্রজ্বারো দ্বিবিধোজ্বরঃ॥ ২১॥
এবং বহুবিধৈর্দুঃখৈর্দৈবভূতাত্মসম্ভবৈঃ। ক্লিশ্যমানঃ শতং বর্ষং দেহে দেহী তমোবৃতঃ।
প্রাণেন্দ্রিয় মনোধর্ম্মানাত্মন্যধ্যস্য নির্গুণে। শেতে কামলবান্ ধ্যায়ন্ মমাহমিতি কর্ম্মকৃৎ॥ ২২॥
যদাত্মানমবিজ্ঞায় ভগবন্তং পরং গুরুং। পুরুষস্তু বিসজ্জেত গুণেষু প্রকৃতেঃ স্বদৃক্॥ ২৩॥

শ্রীধরস্বামী।

চরাঃ সঞ্চারিণঃ ভূতানামুপসর্গে পীড়ায়াং আশু শীঘ্রো মৃত্যুহেতুঃ রয়ো বেগো যস্য প্রজ্বারস্যেতি প্রশব্দ ব্যাখ্যা। ভূতোপসর্গাশুরয় ইতিপাঠে ভূতকৃতা অরয়ঃ। অনেনচ অবিজ্ঞিরূপরুদ্ধ ইত্যাদিপদং ব্যাখ্যাতং। দ্বিবিধঃ শীতোষ্ণ রূপেণ প্রবেশভেদাৎ॥ ২১
এবং পরোক্ষত্বেনোক্তমর্থং ব্যাখ্যায় সর্ব্বকথা তাৎপর্য্যমাহ এবমিত্যাদিনা বিরম ক্রমেণেত্যন্তেন। আধিদৈবিকাদিভির্দুঃখৈঃ ক্লিশ্যমানো মমাহমিতি দেহে শতং বর্ষাণি শেতে বর্ত্তত ইতি দ্বয়োরন্বয়ঃ। অশনায়াঃ পিপাসাদীন্ প্রাণধর্ম্মান্ অন্ধত্বাদীন্ ইন্দ্রিয় ধর্ম্মান্ কামাদীন্ মনো ধর্ম্মাংশ্চ নির্গুণেপ্যাত্মনি অধ্যাস্য কামলবান্ বিষয় সুখলেশান্ ধ্যায়ন্ কর্ম্মকৃৎ॥ ২২॥
ততঃ কিমত আহ যদেতি। স্বদৃক্ স্বপ্রকাশ স্বভাবোপি॥ ২৩॥

ক্রমসন্দর্ভঃ।

এবমিতি যুগ্মকং॥ ২২॥
যদেতি যুগ্মকং॥ ২৩। ২৪। ২৫। ২৬॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

চরাঃ সঞ্চারিণঃ ভূতসম্বন্ধ্যুপসর্গাঃ। পবনজলহিমাগ্নি সূর্য্যাতপকুপথ্যাদি কৃতাঃ শ্বাস তন্দ্রাপ্রলাপাদয়ঃ আশুরয়াঃ শীঘ্রবেগা যস্য সঃ। দ্বিবিধোজ্বরঃ শীতোষ্ণভেদাৎ। ভূতোপসর্গাশুরয় ইতি পাঠে ভূতকৃতাঃ রাজচৌর কৃমিজলাদিকৃতা উপসর্গাঃ পীড়াস্ত অরয়ঃ অনেন অবিজ্ঞিরূপরুদ্ধ ইত্যাদিপদব্যাখ্যা॥ ২১॥
কথেয়ং বৈরাগ্যার্থেত্যাহ এবমিতি। দেবেত্যাধিদৈবিকাধিভৌতিকাধ্যাত্মিকৈঃ প্রাণধর্ম্মান্ ক্ষুৎপিপাসাদীন্ ইন্দ্রিয়ধর্ম্মান্ অন্ধত্বাদীন্ মনোধর্ম্মান্ কামাদীন্। নির্গুণেপ্যাত্মন্যধ্যস্য॥ ২২॥
আত্মানং পরমাত্মানং॥ ২৩॥

আধি ও ব্যাধি সকল সেই মৃত্যুর সঞ্চারিসেনা, তাঁহারা অতিশয় বেগবান্। রাজন্! পূর্ব্বে যে দুই প্রকার জ্বরের কথা বলিয়াছি তাহার মধ্যে যে প্রজ্বার, তাহার বেগ অতি ভয়ানক, তাহা প্রজাদিগের শীঘ্র মৃত্যুর হেতু॥ ২১॥

হে রাজন্! দেহী অজ্ঞানে আবৃত হওয়াতে ঐ রূপে এই দেহে বহুবিধ আধিদৈবিক, আধিভৌতিক, ও আধ্যাত্মিক দুঃখ দ্বারা ক্লেশ ভোগ করত শতবৎসর যাবৎ বর্ত্তমান থাকে। তাহার আত্মা নির্গুণ, তথাচ মোহ বশতঃ প্রাণের ধর্ম্ম যে সকল অশনা পিপাসাদি ও ইন্দ্রিয়-ধর্ম্ম যে সকল কামাদি এবং মনের ধর্ম্ম যে সকল সঙ্কল্পাদি তাহা ঐ আত্মাতে আরোপ করিয়া যৎকিঞ্চিৎ বিষয় সুখ ধ্যান করত "আমি আমার" এই বোধে কর্ম্ম করে॥ ২২॥

হে রাজন্! যখন পুরুষ প্রকাশ স্বভাব হইয়াও ভগবান্ পরম গুরু স্বরূপ যে আত্মা তাঁহাকে জানিতে না পারিয়া প্রকৃতির গুণ সকলে আসক্ত হয়॥ ২৩॥

গুণাভিমানী স তদা কর্ম্মাণি কুরুতেঽবশঃ। শুক্লং কৃষ্ণং লোহিতং বা যথাকর্ম্মাভিজায়তে ॥ ২৪
শুক্লাৎ প্রকাশভূয়িষ্ঠাল্লোকানাপ্নোতি কর্হিচিৎ। দুঃখোদর্কান্ক্রিয়া যাসাং তমঃ শোকোৎকটান্ কচিৎ॥ ২৫
কচিৎ পুমান্ কচিচ্চ স্ত্রী কচিন্নোভয় মন্দধীঃ। দেবো মনুষ্যস্তির্য্যগ্বা যথাকর্ম্ম গুণং ভবঃ ॥ ২৬ ॥
ক্ষুৎপরীতো যথা দীনঃ সারমেয়ো গৃহং গৃহং। চরন্ বিন্দেত যদ্দিষ্টং দণ্ডমোদনমেব বা ॥ ২৭ ॥
যথা কামাশয়োজীব উচ্চাবচ পথা ভ্রমন্। উপর্য্যধোবা মধ্যে বা যাতি দিষ্টং প্রিয়াপ্রিয়ং ॥ ২৮॥

শ্রীধরস্বামী।

শুক্লং সাত্বিকং কৃষ্ণং তামসং লোহিতঃ রাজসং যথা কর্ম্ম তথা জায়তে ॥ ২৪ ॥

তদেবাহ শুক্লাদিতি দ্বাভ্যাং। প্রকাশো ভূয়িষ্ঠো যেষু। দুঃখমুদর্কমুত্তর ফলং যেষু ক্রিয়য়া আয়াসো যেষু তান্ লোহিতাৎ তমঃ শোকাবুৎ কটৌ যেষু তান্ কৃষ্ণাদিতি জ্ঞেয়ং ॥ ২৫ ॥

নোভয়ং নপুংসকং যথা কর্ম্ম গুণং কর্ম্ম গুণাবনতিক্রম্য ॥ ২৬ ॥

তেষু দৈববশেন সুখ দুঃখে প্রাপ্নোতীতি সদৃষ্টান্তমাহ দ্বাভ্যাং। ক্ষুধাপরীতো ব্যাপ্তঃ সারমেয়ঃ শ্বা দণ্ডং দণ্ডেন তাড়নং ॥ ২৭ ॥

কামব্যাপ্ত আশয়ো যস্য ॥ ২৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

ক্ষুদিতি যুগ্মকং ॥ ২৭ ॥২৮ । ২৯ । ৩০ । ৩১ ।৩২ । ৩৩ । ৩৪ । ৩৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

শুক্লং সাত্বিকং কৃষ্ণং তামসং লোহিতং রাজসং ॥ ২৪ ॥

দুঃখমুদর্ক উত্তরফলং যেষু সুখপদার্থেষু তান্ ক্রিয়য়া আয়াসশ্চ যেষু তান্ লোহিতানাপ্নোতি তমঃ শোকাবেব উৎকটৌ যেষু তান্ কৃষ্ণানিতি জ্ঞেয়ং ॥ ২৫ ॥

পুরঞ্জনঃ পরস্মিন্ জন্মনি স্ত্রী কথং বভূবেত্যত আহ কচিদিতি নোভয়ং নপুংসকং কর্ম্মগুণাবনতিক্রম্য যথা কর্ম্ম গুণং ॥ ২৬ ॥

তেষু জন্মসু দৈববশাদেব সুখ দুঃখে প্রাপ্নোতীতি সদৃষ্টান্তমাহ দ্বাভ্যাং দীন ইতি রাজকীয় সারমেয় ব্যাবৃত্ত্যর্থং সারমেয়ঃ শ্বা ॥২৭।২৮

তখন গুণাভিমান হেতু সেই পুরুষ অবশ হইয়া কর্ম্ম করে এবং তাহার কর্ম্ম যে রূপ সাত্বিক বা রাজস অথবা তামস হয়, তদনুসারে, সেই রূপ হইয়া পুনর্ব্বার জন্ম গ্রহণ করে ॥ ২৪ ॥

অর্থাৎ তাহার কর্ম্ম যদি সাত্বিক হয় তাহা হইলে যে সকল লোকে প্রকাশ বহুল সেই সমস্ত লোক প্রাপ্ত হয়, আর যদি তাহার কর্ম্ম রাজস হয় তবে যে সকল লোকে বিস্তর আয়াস, সুতরাং দুঃখই যেখানে উত্তর ফল সেই সমুদায় লোক প্রাপ্ত হয় এবং তাহার কর্ম্ম যদি তামস হয় তাহা হইলে উৎকট শোক মোহ প্রাপ্ত হইয়া থাকে ॥ ২৫ ॥

অপর সে ব্যক্তি কখন পুরুষ, কখন স্ত্রী, কখন ক্লীব হইয়া দেব অথবা মনুষ্য কিম্বা তির্য্যক্ যোনিতে জন্ম গ্রহণ করে। ফলতঃ যাহার যে রূপ কর্ম্ম ও গুণ থাকে তাহার তদনুরূপ উৎপত্তি হয় ॥ ২৬ ॥

যেমন দীনকুক্কুর ক্ষুধাতুর হইয়া গৃহে গৃহে ভ্রমণ করিতে করিতে অদৃষ্ট বশতঃ কোথাও দণ্ড দ্বারা তাড়িত হয়, কোথাও বা অন্ন পাইয়া থাকে, তাহার ন্যায় জীব ঐ সকল যোনিতে ভ্রমণ করিতে করিতে পূর্ব্ব কর্ম্মানুসারে কোন স্থানে সুখ কোথাও বা দুঃখ প্রাপ্ত হয় ॥ ২৭ ॥

ফলতঃ জীবের আশয় কামে ব্যাপ্ত হওয়াতে সে তদনুসারে উচ্চ নীচ পথে ভ্রমণ করে, তাহাতে কখন ঊর্দ্ধে, কখন মধ্যে, কখনও বা অধোলোকে তাহার গতি হয় এবং আপনার যেমন অদৃষ্ট, তদনুসারে প্রিয় বা অপ্রিয় প্রাপ্ত হইয়া থাকে ॥ ২৮ ॥

দুঃখেষ্বেকতরেণাপি দৈবভূতাত্মহেতুষু। জীবস্য নব্যবচ্ছেদঃ স্যাচ্চেত্তত্তৎপ্রতিক্রিয়া ॥ ২৯ ॥
যথাহি পুরুষো ভারং শিরসা গুরুমুদ্বহন্‌। তং স্কন্ধেন সমাধত্তে তথা সর্ব্বাঃ প্রতিক্রিয়াঃ ॥ ৩০ ॥
নৈকান্ততঃ প্রতীকারঃ কর্ম্মণাং কর্ম্ম কেবলং। দ্বয়ং হ্যবিদ্যোপসৃতং স্বপ্নে স্বপ্ন ইবানঘ ॥ ৩১ ॥

শ্রীধরস্বামী।

নমু তর্হি সুখস্য সম্ভবাৎ দুঃখস্যচ প্রতীকার সম্ভবাৎ নৈকান্ততো হেয়ত্বং তত্রাহ দুঃখেষ্বিতি। দুঃখস্য প্রতীকারস্তাবন্নাস্তি স্যাচ্চেৎ তত্ত তত্ত প্রতিক্রিয়া তথাপি ত্রিবিধেষু দুঃখেষু মধ্যে একতরেণাপি দুঃখেন ব্যবচ্ছেদো বিয়োগো নাস্তি প্রতিক্রিয়াণামপি দুঃখ রূপত্বাৎ ॥ ২৯ ॥

সদৃষ্টান্তমাহ যথাহীতি ॥ ৩০ ॥

দুঃখস্য মূলভূতানিতু কর্ম্মাণি প্রতি ক্রিয়াদি কর্ম্মভির্নৈব নিবর্ত্তন্তে ইত্যাহ নৈকান্তত ইতি অত্যন্তং সবাসনং কেবলং জ্ঞান রহিতং অবিদ্যয়া উপসৃতং প্রাপ্তং। অতো বিরোধান্ননির্বর্ত্য নিবর্ত্তকত্বমিতি ভাবঃ। অত্র দৃষ্টান্তঃ স্বপ্নে দৃষ্টঃ স্বপ্নঃ প্রবোধং বিনা যথা তং স্বপ্নমত্যন্তং নপ্রতিকরোতীত্যর্থঃ ॥ ৩১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নমু নির্বুদ্ধি শ্বা দণ্ডপ্রহারং প্রাপ্নোতি বুদ্ধিমাংস্তু দুঃখস্য কারণমেব ন করোতি দৈবাৎ প্রাপ্তো রোগাদি দুঃখস্য প্রতিকারঞ্চ করোতীতি তত্রাহ দুঃখেষু ত্রিবিধেষু মধ্যে একতরেণাপিন ব্যবচ্ছেদো ন বিরহঃ। তত্তদ্দুঃখস্য প্রতিক্রিয়াপি স্যাচ্চেত্তদপি ন। প্রতিক্রিয়াণামপি দুঃখরূপত্বাদিতি ভাবঃ ॥ ২৯ ॥

তত্র দৃষ্টান্তঃ যথাহীতি ॥ ৩০ ॥

নমু যস্মাদ্দুঃখস্য কারণং দুষ্কৃত কর্ম্মৈব তস্মাৎ সর্ব্ব দুষ্কৃত ক্ষয় কামনয়া কশ্মিংশ্চিদ্বৃহতি যাগ কর্ম্মণি কৃতে সর্ব্ব দুঃখনাশঃ স্যাদেবেতি তত্রাহ নৈকান্তত ইতি। দ্বয়ং দুষ্কৃতং কর্ম্ম দুষ্কৃত নিবর্ত্তকঞ্চ কর্ম্মেতি দ্বিতয়ং অবিদ্যামুপসৃতমাশ্রিতং। তদ্দ্বয়স্য তমোরজো গুণ জনকত্বাদিতি ভাবঃ। তদ্যথা রজসি সত্বাংশেন তমসো নিবর্ত্তকেপি তমোংহশ তিষ্ঠতি তথা সর্ব্ব দুষ্কৃত নিবর্ত্তকেপি যাগ কর্ম্মণি পশুহিংসা লক্ষণং দুষ্কৃতং তিষ্ঠতোবেত্যত্র দৃষ্টান্তঃ স্বপ্নে পুত্রোমৃত ইতি দুঃখপ্রাপ্তি স্তৎ স্বপ্নমধ্যএব পুনঃ স্বপ্নে পুত্রো জীবতীতি তদ্দুঃখোপশমঃ। কিঞ্চ তদৈব তং পুত্রং সর্পোদশতীতি পুনর্দুঃখ প্রাপ্তিরিতি প্রবোধং বিনা যথা স্বাপ্নিকং দুঃখং ন নিবর্ত্ততে তথা সংসারনিবৃত্তিং বিনা সাংসারিকং দুঃখং ন নিবর্ত্তত ইত্যুক্তং ॥ ৩১ ॥

হে রাজন্‌! আধিদৈবিক আধিভৌতিক ও আধ্যাত্মিক এই তিন প্রকার দুঃখ মধ্যে যদিও সকলেরই প্রতি ক্রিয়া আছে তথাপি সেই প্রতিক্রিয়াও দুঃখ রূপ হওয়াতে একটা না একটা ক্লেশ হইয়া থাকে ॥ ২৯ ॥

তত্রাগ্নীধ্রীয়েহংশ কলয়াবতরিষ্যাম্যাত্ম তুল্যমনুপলভমান ইতি নিশাময়ন্ত্যা মেরুদেব্যাঃ পতি
মভিধায়ান্তর্দধে ভগবান্ ॥ ২০ ॥

বর্হিষি তস্মিন্নেবং বিষ্ণুদত্ত ভগবান্ পরমর্ষিভিঃ প্রসাদিতো নাভেঃ প্রিয়চিকীর্ষয়া তদবরো

শ্রীধরস্বামী।

ভারতবর্ষপতি র্নাভিস্তেন অভিবাদিতা যে ঋত্বিজ স্তৈরভিবন্দিতৌ চরণৌ যস্য ॥ ১৭ ॥

অসুলভত্বে হেতুঃ মমাহমেবাভিরূপঃ সদৃশঃ কৈবল্যাদদ্বিতীয়ত্বাৎ ॥ ১৮ ॥

দ্বিজেষু দেবা ইব ব্রাহ্মণাস্তেষাং কুলং ॥ ১৯ ॥

আগ্নীধ্রীয়ে নাভৌ পতিং নাভিং ॥ ২০ ॥

হে বিষ্ণুদত্ত তস্যাবরোধায়নে অন্তঃপুরে মেরুদেব্যাং শুক্রয়া তন্বা শুদ্ধ সত্ত্ব মূর্ত্ত্যা অবততার কেষাং ধর্ম্মান্ বাতবসনানাং

ক্রমসন্দর্ভঃ।

বাতবসনানাং সন্ন্যাসিনাং। শ্রমণানাং বানপ্রস্থানাং ঋষীণাং তত্ত্বমন্ত্র দর্শনময় যাজ্ঞিকানাং গৃহস্থানামিত্যর্থঃ। ঊর্দ্ধমন্থিনাং

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নিগদেন গদ্যাত্মক স্তোত্রেণ বর্ষধরো ভারতবর্ষ পতি র্নাভিস্তেনাভিবাদিতা যে ঋত্বিজ স্তৈরভিবন্দিতৌ চরণৌ যস্য ॥

অবিতথাগীর্ভিরমোঘবাগ্ভিঃ ॥ ১৭ ॥

অভিরূপঃ সদৃশঃ কৈবল্যাদিতি অহং খলু জগদীশ্বরঃ নহি জগদীশ্বরোঽন্যঃ কশ্চিদস্তীত্যর্থঃ ॥

দ্বিজেষু দেবা ইব ব্রাহ্মণাস্তেষাং কুলং ॥ ১৮ ॥

আগ্নীধ্রীয়ে অগ্নীধ্রপুত্রে ॥ ১৯। ২০ ॥

হে বিষ্ণুদত্ত তদবরোধায়নে তদন্তঃপুরস্থলে যা মেরুদেবী তস্যাং বাতবসনানাং দিগ্বাসসাং দিগ্বাসসোবালা অপি ভবন্তীত্যত

প্রকাশ পূর্ব্বক কহিতে লাগিলেন ॥

হে ঋষিগণ! তোমাদের বাক্য কখন ব্যর্থ হয় না, কিন্তু তোমরা আমার নিকট যে বড় অসুলভ বর যাচ্ঞা করিলে, এই রাজার আমার সদৃশ পুত্র হয় এই ত তোমাদের প্রার্থনা, ইহা ত সুলভ নহে ॥ ১৭

কারণ আমার দ্বিতীয় নাই, আমিই আমার সদৃশ, ইহাতে কি রূপে এই রাজার আমার সদৃশ পুত্র হইবে? আমি কি রূপে তোমাদের এ প্রার্থনা পূর্ণ করিব ॥ ১৮ ॥

অথচ তোমরা ঐ রূপ বর প্রার্থনা করিলে, যাহা হউক, ব্রাহ্মণের বাক্য মিথ্যা হওয়া উচিত হয় না। যে হেতু ব্রাহ্মণগণ দেবতার তুল্য ও ব্রাহ্মণ কুল আমার মুখ ॥ ১৯ ॥

অতএব আমার সদৃশ ব্যক্তি দেখিতে না পাওয়াতে আমাকেই নাভির পুত্র হইয়া অবতীর্ণ হইতে হইল। হে রাজন্! ভগবানের এই সকল কথা নাভির বনিতা মেরুদেবী শুনিতেছিলেন এবং নাভিও সেই খানে দণ্ডায়মান ছিলেন, অতএব ভগবান্ ঋত্বিগ্দিগের প্রতি যে কথা বলিলেন তাহা ঐ রাজাকেও শুনাইয়া অন্তর্ধান হইলেন ॥ ২০ ॥

হে বিষ্ণুদত্ত পরীক্ষিৎ! মহর্ষিগণ যজ্ঞে ঐ প্রকারে প্রসন্ন করাতে নাভির প্রিয় করিতে ভগবানের ইচ্ছা হইল। তদনন্তর দিগ্বাসা, তপস্বি, জ্ঞানি, তথা নৈষ্ঠিক ব্রহ্মচারিদিগের ধর্ম্ম প্রদর্শনার্থ ঐ নাভি

ধায়নে মেরুদেব্যাং ধর্ম্মান্ দর্শয়িতু কামো বাতবসনানাং শ্রমণানামৃষীণামূর্দ্ধমন্থিনাং শুক্লয়া তনুবা অবততার ॥ ২১ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং পঞ্চমস্কন্ধে ঋষভ দেবাবির্ভাবস্তৃতীয়োঽধ্যায়ঃ ॥ * ॥ ৩ ॥ * ॥

শ্রীশুক উবাচ ॥

অথ তমুৎপত্ত্যৈবাভিব্যজ্যমান ভগবল্লক্ষণং সাম্যোপশম বৈরাগ্যৈশ্বর্য্য মহাবিভূতিভিরনুদিন মেধমানানুভাবং প্রকৃতয়ঃ প্রজা ব্রাহ্মণা দেবতাশ্চাবনিতলসমবনায়াতিতরাং জগৃধুঃ ॥ ১ ॥

শ্রীধরস্বামী।

দিগ্বাসসাং পাষণ্ডি ব্যাবৃত্ত্যর্থমাহ শ্রমণানাং তপস্বিনাং ঋষীণাং জ্ঞানিনাং ঊর্দ্ধ মন্থিনাং নৈষ্ঠিকব্রহ্মচারিণাং ॥ ২১ ॥

॥ * ॥ ইতি পঞ্চমে তৃতীয়ঃ ॥ * ॥

চতুর্থাদি ত্রিভিঃ প্রোক্তমৃষভস্যেহিতং মহৎ। লোকার্থং যেন সৎ কর্ম্ম নৈষ্কর্ম্ম্যঞ্চ নিদর্শিতং। চতুর্থে শত পুত্রস্য রাজ্যং তস্যোপবর্ণ্যতে। যস্য রাজ্যে জনঃ সর্ব্বঃ সন্তোষামৃতনির্বৃতঃ ॥ ০ ॥

অভিব্যজ্যমানানি ভগবল্লক্ষণানি পাদতলাদিষু বজ্রাঙ্কুশাদীনি যস্য মহাবিভূতিঃ সর্ব্বসম্পত্তিঃ সাম্যাদিভিঃ সহ বর্দ্ধমান প্রভাবং প্রকৃতয়োঽমাত্যাদয়ঃ। জগৃধুঃ অভিকাঙ্ক্ষিতস্ম ॥ ১ ॥

ক্রমসন্দর্ভঃ।

ব্রহ্মচারিণামপি। তচ্চরিতে তত্ত তত্ত দর্শয়িষ্যমাণত্বাৎ ॥ ২১ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে পঞ্চমস্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভস্য তৃতীয়োঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

সাম্যাদিভিঃ পূর্ব্বস্যৈবান্বয়ঃ বর্ম্মাদিভিঃ ঋষভঃ শ্রেষ্ঠ ইতি হেতোরিদং ঋষভ ইত্যেতন্নাম চকার ॥ ১।২।৩।৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

আহ শ্রমণানাং তপস্বিনাং। তথা ভূতাঃ পাষণ্ডিনোপি ভবন্তীত্যত আহ ঋষীণাং শাস্ত্রোক্ত জ্ঞানবতাং তেষাং ব্রহ্মচর্য্যাদভ্রংশমাহ ঊর্দ্ধমন্থিনামূর্দ্ধরেতসাং শুক্লয়া শুদ্ধ সত্ত্ব রূপয়া তনুবা তন্বা ॥ ২১ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। পঞ্চমস্য তৃতীয়োঽয়ং সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

চতুর্থে পুত্রশতকং ভরতপ্রবরং প্রভুঃ। জনয়িত্বা বুধাদ্রাজ্যং প্রজানাং সার্ব্বকামিকং ॥ ০ ॥

জগৃধুরভিচকাঙ্ক্ষুঃ ॥ ১ ॥

রাজার অন্তঃপুরে তদীয় ভার্য্যা মেরু দেবীর গর্ব্ভে শুদ্ধসত্ত্ব মূর্ত্তি ধারণ পূর্ব্বক ঋষভ রূপে অবতীর্ণ হইলেন ॥ ২১ ॥

॥ * ॥ ইতি পঞ্চমে তৃতীয়ঃ ॥ * ॥

চতুর্থাধ্যায়ে নাভিপুত্র ঋষভদেবের রাজ্যবর্ণন ॥ ০ ॥

শুকদেব কহিলেন হে রাজন্! ভগবান্ ঋষভের জন্ম হইবামাত্র তাঁহার অঙ্গে ভগবল্লক্ষণ সকল অর্থাৎ পাদতলাদিতে বজ্রাঙ্কুশাদির চিহ্ন সুস্পষ্টরূপে প্রকাশ পাইতে আরম্ভ হইল এবং সর্ব্বত্র সমত্ব, উপশম, বৈরাগ্য, ঐশ্বর্য্য, মহৈশ্বর্য্য সহ তাঁহার প্রভাব দিন দিন বৃদ্ধিশীল হইতে লাগিল, তদবলোকনে আমাত্য বর্গ, ব্রাহ্মণ, দেবতা ও প্রজাগণের মনে এই অভিলাষ হইল, ইনিই যেন রাজা হইয়া অবনীতল পালন করেন ॥ ১ ॥

তস্য হ বাব ইত্থং বর্ষ্মণা বরীয়সা বৃহচ্ছ্লোকেন চৌজসা বলেন শ্রিয়া যশসা বীর্য্যশৌর্য্যাভ্যাঞ্চ পিতা ঋষভ ইতীদং নাম চকার॥ ২॥

যস্য হীন্দ্রঃ স্পর্দ্ধমানো ভগবান্ বর্ষে ন ববর্ষ তদবধার্য্য ভগবানৃষভদেবো যোগেশ্বরঃ প্রহস্যাত্ম যোগমায়য়া স্বং বর্ষমজনাভং নামাভ্যবর্ষৎ॥ ৩॥

নাভিস্তু যথাভিলষিতং সুপ্রজস্ত্বমবরুধ্যাতি প্রমোদভর বিহ্বলো গদ্গদাক্ষরয়া গিরা স্বৈরং গৃহীত নরলোক সধর্ম্মং ভগবন্তং পুরাণপুরুষং মায়াবিলসিতমতি র্বৎস তাতেতি সানুরাগ মুপলালয়ন্ পরাং নির্বৃতিমুপগতঃ॥ ৪॥

বিদিতানুরাগমাপৌর প্রকৃতি জনপদো রাজা নাভি রাত্মজং সময়সেতুরক্ষায়ামভিষিচ্য ব্রাহ্মণেষু

শ্রীধরস্বামী।

বর্ষ্মণা দেহেন তস্য বিশেষণ দ্বয়ং বরীয়সা শ্রেষ্ঠতমেন বৃহন্তঃ শ্লোকাঃ পদ্যানি কবীনাং যস্মিন্ তেনচ ওজস্তেজো বীর্য্যং প্রভাবঃ শৌর্য্যং উৎসাহঃ এতৈর্গুণৈঃ অতিশ্রেষ্ঠত্বাৎ ঋষভঃ শ্রেষ্ঠ ইতি নাম চকার॥ ২॥

যস্য বর্ষে মণ্ডলে॥ ৩॥ অবরুধ্য প্রাপ্য স্বৈরমিচ্ছয়া গৃহীতো নরলোক সমান ধর্ম্মো মনুষ্যাকারো যেন তং অতএব মায়য়া স্বপুত্র ইতি বিলসিতা মতির্যস্য॥ ৪॥

আপৌর প্রকৃতি পৌরান্ প্রকৃতিশ্চাভিব্যাপ্য বিদিতোনুরাগো যস্মিন্ কথম্ভূতোনাভিঃ জনপদঃ জনাঃ পৌরাদয়ঃ পদং প্রমাণং

ক্রমসন্দর্ভঃ

সময় সেতুরক্ষায়াং নতু রাজত্বে ইতি জ্ঞেয়ং তদাহি তদুচিত গার্হস্থ্যাশ্রম পরিগ্রহাভাবাৎ রাজ্যাভিষেকস্য পশ্চাৎ ব্রাহ্মণৈরেব

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বর্ষ্মণা দেহেনেত্যস্য বিশেষণদ্বয়ং বরীয়স্যা শ্রেষ্ঠেন বৃহন্তঃ শ্লোকাঃ কবীনাং যস্মিন্ তেন বীর্য্যং প্রভাবঃ শৌর্য্যমুৎসাহঃ। ঋষভ ইতি শ্রেষ্ঠত্বাদিত্যর্থঃ॥ ২॥

অজঃ শ্রীঋষভদেবঃ নাভিস্তৎ পিতা তাভ্যাং রক্ষিতত্বাদজনাভসংজ্ঞমিত্যর্থঃ। বৃদ্ধ্যভাব আর্ষঃ॥ ৩॥

অবরুধ্য প্রাপ্য মায়য়া পুত্র জ্ঞানেন বিলসিতা মতির্যস্য সঃ। স্যাম্মায়া শাম্বরী বুদ্ধ্যোরিতি ত্রিকাণ্ডশেষঃ॥ ৪॥

আপৌর প্রকৃতি পৌরান্ প্রকৃতীশ্চাভিব্যাপ্য। বিদিতোঽনুরাগো যস্মিং স্তং কথং ভূতো নাভিঃ জনপদঃ জনাঃ পৌরাদয়

মহারাজ! ঋষভদেবের শরীর কবিদিগের বর্ণনীয় ও অতিশয় শ্রেষ্ঠ হইল এবং তিনি স্বয়ং তেজঃ, প্রভাব, শক্তি, উৎসাহ, কান্তি ও যশঃ ইত্যাদি গুণে সর্ব্ব প্রধান হইলেন, তদ্দর্শনে তাঁহার পিতা নাভি তাঁহার নাম 'ঋষভ' রাখিলেন॥ ২॥

হে রাজন্! ঋষভদেবের প্রভাবের কথা কি বলিব, একদা অমরাধিপ ইন্দ্র স্পর্দ্ধা করিয়া তাঁহার রাজ্য মণ্ডলে বর্ষণ করেন নাই, এই যোগেশ্বর ভগবান্ ঋষভ তাহা অবগত হইয়া হাস্য করতঃ যোগমায়া দ্বারা আপনার অজনাভ নামক মণ্ডলকে বৃষ্টি সমন্বিত করিয়াছিলেন॥ ৩॥

সে যাহা হউক, অভিলাষানুরূপ সন্তান লাভ হওয়াতে নাভি রাজা হর্ষভরে বিহ্বল হইলেন এবং ভগবান্ পুরাণ পুরুষ, যিনি স্বেচ্ছাক্রমে মনুষ্য বিগ্রহ পরিগ্রহ করিলেন, তাঁহাকে স্নেহ বশতঃ বৎস! তাত! এই প্রকার সম্বোধন পূর্ব্বক সুমহৎ অনুরাগ সহকারে লালন পালন করিয়া সাতিশয় প্রীতি অনুভব করিতে লাগিলেন। হে রাজন্! নাভি রাজার এ প্রকার আচরণ অসম্ভব নহে, কারণ, যদিও সাক্ষাৎ ভগবান্ তাঁহার গৃহে অবতীর্ণ হইলেন, তথাচ মায়া দ্বারা "ইনি আমার পুত্র" তাঁহার এই রূপ দৃঢ় প্রত্যয় হইয়াছিল॥ ৪॥

কিয়দ্দিনানন্তর নাভিরাজা দেখিলেন পুত্র ত যোগ্য হইল, পুরবাসী জন ও আমাত্য সকলও তাঁহার

পনিধায় সহ মেরুদেব্যা বিশালায়াং প্রসন্ননিপুণেন তপসা সমাধি যোগেন নরনারায়ণাখ্যং ভগবন্তং বাসুদেবমুপাসীনঃ কালেন তন্মহিমানমবাপ। যস্ত হ পাণ্ডবেয় শ্লোকাবুদাহরন্তি ॥ ৫ ॥
কোনু তৎ কর্ম্ম রাজর্ষে র্নাভেরন্বাচরেৎ পুমান্। অপত্যতামগাৎ যস্য হরিঃ শুদ্ধেন কর্ম্মণা ॥ ৬
ব্রহ্মণ্যোঽন্যঃ কুতো নাভে র্বিপ্রা মঙ্গলপূজিতাঃ। যস্য বর্হিষি যজ্ঞেশং দর্শয়ামাসুরোজসা ॥ ৭ ॥
অথহ ভগবান্ ঋষভদেবঃ স্বং বর্ষং কর্ম্মক্ষেত্রমনুমন্যমানঃ প্রদর্শিত গুরুকুল বাসোলব্ধবরৈ র্গুরুভিরনুজ্ঞাতো গৃহমেধিনাং ধর্ম্মাননুশিক্ষমাণো জয়ন্ত্যামিন্দ্রদত্তায়ামুভয়বিধং কর্ম্ম সমা

শ্রীধরস্বামী।

যস্য সঃ আত্মজং ধর্ম্মমর্য্যাদা রক্ষার্থং অভিষিচ্য ব্রাহ্মণানামুৎসঙ্গে নিধায় বিশালায়াং বদরিকাশ্রমে প্রসন্নং পরানুদ্বেজকং নিপুণঞ্চ তীব্রং তেন উপাসীনঃ সেবমানঃ ॥ ৫ ॥

নাভে স্তৎ প্রসিদ্ধং কর্ম্ম অনু তদনন্তরং কোনু পুমান্ আচরেৎ ॥ ৬ ॥

মঙ্গলৈর্দক্ষিণাদিভিঃ পূজিতাঃ সন্তঃ ওজসা মন্ত্রবলেন ॥ ৭ ॥

অন্যেষাং গ্রহণায় প্রদর্শিতো গুরুকুল বাসো যেন অনুশিক্ষমাণঃ অনুশিক্ষয়ন্ উভয়বিধং শ্রুতিস্মৃতি লক্ষণং কর্ম্ম বিধিং অভিযুঞ্জন্

ক্রমসন্দর্ভঃ।

কর্ত্তব্য ইতি জ্ঞেয়ং ॥ ৫। ৬ ॥

মঙ্গলমত্র সুখভাবঃ ॥ ৭। ৮। ৯। ১০। ১১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

এব পদং আত্মজাভিষেকে প্রমাণং যস্য সঃ। সময়ানাং সদাচারাণাং যা যা মর্য্যাদা স্তদ্রক্ষণায় বিশালায়াং বদরিকাশ্রমে প্রসন্নেন সর্ব্বত্র প্রসাদবতা সর্ব্ব সুখদেনেত্যর্থঃ। নিপুণেন ফলসাধনসামর্থ্যেন। তস্যৈব মহিমা যত্র তং বৈকুণ্ঠং ॥ ৫ ॥

শুদ্ধেন কর্ম্মণা ভক্তিযোগেন ॥ ৬ ॥

মঙ্গলং যথাস্যাত্তথা দক্ষিণাদিভিঃ প্রসাদিতাঃ। ভক্তস্যামঙ্গলেনৈব কর্ত্রা পূজিতা ইতি বা ওজসা ভক্তিবলেন ॥ ৭ ॥

অনুমন্যমানো জানন্। প্রদর্শিতেত্যন্যেষাং গ্রহণায়েত্যর্থঃ। লব্ধবরৈ র্লব্ধ দক্ষিণৈঃ অনুশিক্ষমাণঃ শিক্ষয়ন্ উভয়বিধং শ্রুতি

প্রতি অনুরক্ত হইয়াছে অতএব ধর্ম্ম মর্য্যাদা রক্ষার্থ তাঁহাকে রাজ্যে অভিষেক পূর্ব্বক ব্রাহ্মণদিগের ক্রোড়ে স্থাপন করিয়া মেরুদেবীর সহিত বদরিকাশ্রমে প্রস্থান করিলেন এবং অনুদ্বেগকর অথচ কঠোর তপস্যা ও সমাধিযোগ অবলম্বন করিয়া নর নারায়ণ নামক ভগবান্ বাসুদেবের উপাসনা করত যথাকালে তাঁহার মহিমা প্রাপ্ত হইলেন। হে পাণ্ডবেয়! তদ্বিষয়ে মহর্ষিরা দুইটী শ্লোক পাঠ করিয়া থাকেন ॥ ৫ ॥

তাঁহার অর্থ যথা— রাজর্ষি নাভির সেই প্রসিদ্ধ কর্ম্ম তাঁহার পরে আর কোন্ পুরুষ করিতে পারিবে? তিনি অসামান্য মনুষ্য তাঁহার শুদ্ধ কর্ম্ম দ্বারা ভগবান্ হরি স্বয়ং পুত্রত্ব স্বীকার করিয়াছিলেন ॥ ৬

অপর সেই নাভি ভিন্ন অন্য ব্রহ্মণ্যই বা (ব্রহ্ম তেজঃ সম্পন্ন) কে আছে! তাঁহার যজ্ঞে ব্রাহ্মণ গণ দক্ষিণা দ্বারা পূজিত হইয়া মন্ত্র বলে ভগবান্ যজ্ঞপুরুষকে দর্শন করিয়াছিলেন ॥ ৭ ॥

সে যাহা হউক,ভগবান্ ঋষভদেব রাজ্যে অভিষিক্ত হইয়া আপনার বর্ষকে কর্ম্ম ক্ষেত্র বলিয়া মান্য করত অন্য লোকের উপদেশার্থ কিয়দ্দিন গুরুকুলে বাস করিলেন,পরে গুরুগণের অনুজ্ঞা গ্রহণ পূর্ব্বক প্রত্যাগমন করিয়া লোকদিগকে ধর্ম্ম শিক্ষা প্রদান এবং শ্রুতি স্মৃতি উভয় বিধ কর্ম্ম বিধি অনুষ্ঠান করিতে লাগিলেন। ইন্দ্র তাঁহাকে জয়ন্তী নামে একটী কন্যা প্রদান করিয়াছিলেন। ভগবান্ ঋষভ দেব দেবদত্তা সেই ভার্য্যায় আত্মতুল্য গুণশালী একশত সন্তান উৎপন্ন করিলেন। হে রাজন্! সেই

স্মার্যমভিযুঞ্জন্নাত্মজানামাত্মসমানানাং শতং জনয়ামাস। যেষাং খলু মহাযোগী ভরতো জ্যেষ্ঠঃ শ্রেষ্ঠ গুণ আসীৎ যেনেদং বর্ষং ভারতমিতি ব্যপদিশন্তি ॥ ৮

তমনুকুশাবর্ত্ত ইলাবর্ত্তো ব্রহ্মাবর্ত্তো মলয়ঃ কেতু র্ভদ্রসেন ইন্দ্রস্পৃক্‌বিদর্ভঃ কীকট ইতি নব নবতি প্রধানাঃ ॥ ৯ ॥

কবি র্হবিরন্তরীক্ষঃ প্রবুদ্ধঃ পিপ্পলায়নঃ। আবির্হোত্রোথ দ্রবিড়শ্চমসঃ করভাজন ইতি ভাগবত ধর্ম্মদর্শনা নব মহাভাগবতা স্তেষাং সুচরিতং ভগবন্মহিমোপবৃংহিতং বসুদেব নারদ সম্বাদমুপশমায়নমুপরিষ্টাদ্বর্ণয়িষ্যামঃ ॥ ১০ ॥

যবীয়সাং একাশীতি র্জায়ন্তেয়াঃ পিতুরাদেশকরা মহাশালীনা মহাশ্রোত্রিয়া যজ্ঞশীলাঃ কর্ম্ম বিশুদ্ধা ব্রাহ্মণা বভূবুঃ ॥ ১১ ॥

ভগবানৃষভসংজ্ঞ আত্মতন্ত্রঃ স্বয়ং নিত্যনিবৃত্তানর্থ পরম্পরঃ কেবল আনন্দানুভব ঈশ্বর এব

শ্রীধরস্বামী।

অনুতিষ্ঠন্ জয়ন্ত্যামাত্মজানাং শতং জনয়ামাস ॥ ৮ ॥ তং ভরতমনুকুশাবর্ত্তাদয়ো নবপুত্রা নবতেঃ প্রধানাঃ শ্রেষ্ঠাঃ ॥ ৯ ॥

তদনন্তরং কবিপ্রমুখা নব ভাগবত ধর্ম্ম প্রদর্শকাঃ বসুদেব নারদয়োঃ সংবাদো যস্মিন্ উপরিষ্টাদেকাদশে ॥ ১০ ॥

মহাশালীনা অতিবিনীতাঃ ॥ ১১ ॥

কেবলঃ শুদ্ধঃ বিপরীতবৎ অনীশ্বরবৎ কর্ম্মাণি কুর্ব্বন্ স্বয়ময়ৎ নিয়মিতবান্। স্বরমম দিতিপাঠে নিতরাং অরময়ৎ। কর্ম্ম

ক্রমসন্দর্ভঃ।

কালেন সংহারকেণ অনুগতং উৎসন্নমিত্যর্থঃ ॥ ১২। ১৩। ১৪। ১৫। ১৬। ১৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

স্মৃতি লক্ষণং উভয় লক্ষণমিতি পাঠঃ। সম্যগাম্নায়েন ব্রাহ্মণোপদেশেনাম্নাতমভ্যস্তং অভিযুঞ্জন্ অনুতিষ্ঠন্ আম্নায়োনিগমেপি চ। উপদেশেপীতি মেদিনী ॥ ৮ ॥

তং ভরতমনুভরতস্য কনিষ্ঠা ইত্যর্থঃ। নবতি প্রধানাঃ নবতে র্জ্যেষ্ঠা ইত্যর্থঃ। পুংস্ত্বমার্ষং ॥

উপরিষ্টাদেকাদশস্কন্ধে ॥ ৯। ১০ ॥ মহাশালীনা অতিবিনীতা ॥ ১১ ॥

বিপরীতবৎ অনীশ্বরোজীব ইব অতদ্বিদাং দ্বিতীয়ার্থে ষষ্ঠী ধর্ম্মমবিদুষ ইত্যর্থঃ। ধর্ম্মাদীনামবরোধেন প্রাপ্ত্যা হেতুনা স্বয়

শত পুত্রের মধ্যে ভরত জ্যেষ্ঠ, তিনি মহাযোগী ও শ্রেষ্ঠ গুণ সম্পন্ন ছিলেন, তাঁহারই নামে লোকে এই বর্ষকে ভারতবর্ষ বলিয়া থাকে ॥ ৮ ॥

মহারাজ! ঋষভদেবের অন্য যে নবাধিক নবতি সন্তান ছিল, তাহাদের মধ্যে কুশাবর্ত্ত, ইলাবর্ত্ত ব্রহ্মাবর্ত্ত, মলয়, কেতু, ভদ্রসেন, ইন্দ্রস্পৃক্, বিদর্ভ এবং কীকট এই নয়টী প্রধান, ইহাঁরা নয়জনেই ঐ ভরতের অনুগত হইলেন ॥ ৯ ॥

হে রাজন্! ঐ নয় পুত্রের পরবর্ত্তী অন্য নয়জন অর্থাৎ কবি, হবি, অন্তরীক্ষ, প্রবুদ্ধ, পিপ্পলায়ন, আবির্হোত্র, দ্রবিড়, চমস এবং করভাজন, ইহাঁরা ভাগবত ধর্ম্ম প্রদর্শক ও মহাভাগবত, ইহাঁদের চরিত্র ভগবানের মহিমায় পরিবর্দ্ধিত করিয়া পশ্চাৎ (একাদশস্কন্ধে) বর্ণন করিব তাহাতেই বসুদেব ও নারদের সম্বাদ থাকিবে ॥ ১০ ॥

হে রাজন্! ঐ সকলের কনিষ্ঠ যে একাশীতি পুত্র তাঁহারা সকলেই পিত্রাজ্ঞা পালক, অতিশয় বিনীত, বেদজ্ঞ, যজ্ঞশীল ও বিশুদ্ধ কর্ম্ম সম্পন্ন এবং ব্রাহ্মণ হইলেন ॥ ১১ ॥

সে যাহা হউক, ভগবান্ ঋষভদেব যদিও আপনি আপনার প্রভু, সুতরাং অনর্থ পরম্পরা হইতে

বিপরীতবৎ কর্ম্মাণ্যারভমাণঃ কালেনানুগতং ধর্ম্মমাচরণেনোপশিক্ষয়ন্নতদ্বিদাং শম উপশান্তো মৈত্রঃ কারুণিকো ধর্ম্মার্থ যশঃ প্রজানন্দামৃতাবরোধেন গৃহেষু লোকান্নিয়মযৎ ॥ ১২ ॥

যদ্যচ্ছীর্ষণ্যাচরিতং তত্তদেবানুবর্ত্ততে লোকঃ ॥ ১৩ ॥

যদ্যপি স্ববিদিতং সকলধর্ম্মং ব্রাহ্মং গুহ্যং ব্রাহ্মণৈর্দর্শিতমার্গেণ সামাদিভিরুপায়ৈর্জনতামনুশশাস ॥ ১৪ ॥

দ্রব্যদেশ কাল বয়ঃ শ্রদ্ধর্ত্বিগ্বিবিধোদ্দেশোপচিতৈঃ সর্ব্বৈরপি ক্রতুভি র্যথোপদেশং শতকৃত্ব ইয়াজ ॥ ১৫ ॥

ভগবতর্ষভেণ পরিরক্ষ্যমাণ এতস্মিন্ বর্ষে ন কশ্চন পুরুষো বাঞ্ছত্যবিদ্যমানমিবাত্মনোন্যস্মাৎ

শ্রীধরস্বামী।

করণে হেতুঃ অনুগতং উৎপন্নং ধর্ম্মং স্বয়মাচরণেনাতদ্বিদামুপশিক্ষয়ন্। কথং ধর্ম্মাদীনাং অবরোধেন সংগ্রহেণ আনন্দো ভোগঃ অমৃতং মোক্ষঃ ॥ ১২ ॥

শীর্ষণ্যঃ শ্রেষ্ঠঃ তেনানুচরিতং তত্তদনুচরিতং তত্তদনুবর্ত্ততে যতঃ ॥ ১৩ ॥

সকলোধর্ম্মো যস্মিন্ তদ্ব্রাহ্মং গুহ্যং বেদরহস্যং। যদ্যপি স্বেনৈব বিদিতং তথাপি ব্রাহ্মণান্ পৃষ্ট্বৈব করোতীত্যর্থঃ ॥ ১৪ ॥

দ্রব্যাদিভিরুপচিতৈর্যজ্ঞৈরিষ্টবান্ তত্র বয়ো যৌবনং যুবৈব ধর্ম্ম মন্বিচ্ছেদিতি বচনাৎ। বিবিধোদ্দেশা নানা দেবতোদ্দেশাঃ যথোপদেশং যথাবিধি ॥ ১৫ ॥

অন্যস্মাৎ সকাসাৎ আত্মনঃ কশ্চিদপি কিমপি কথঞ্চনাপি নবাঞ্ছতি ইচ্ছাসুদয়ে দৃষ্টান্তঃ অবিদ্যমানং খ পুষ্পাদিকমিব ন চাস্তদীয়

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ময়ৎ নিয়মিতবান্। ন্যরময়দিতি চ পাঠঃ ॥ ১২ ॥

শীর্ষণ্যঃ শ্রেষ্ঠঃ ॥ ১৩ ॥

সকলা ধর্ম্মা যস্মিন্ তদ্ব্রাহ্মং গুহ্যং বেদোক্তং রহস্যং যদ্যপি স্বেনৈব বিদিতং তদপি ব্রাহ্মণৈর্দর্শিতেনৈব ॥ ১৪ ॥

দ্রব্যাদিভিরুপচিতৈঃ। বয়ো যৌবনং যুবৈব ধর্ম্ম মন্বিচ্ছেদিতি বচনাৎ বিবিধোদ্দেশা নানাদেবতোদ্দেশাঃ ॥ ১৫ ॥

কশ্চন কশ্চিদপি পুরুষোঽবিদ্যমানং খপুষ্পমিব কমপি আত্মনঃ স্বস্য অন্যস্মাৎ সকাশাৎ নবাঞ্ছতি। ভর্ত্তরি ঋষভদেবে স্নেহা-

নিবৃত্ত এবং বিশুদ্ধ আনন্দ ও জ্ঞান স্বরূপ ঈশ্বর, তথাপি অনীশ্বরের তুল্য বিবিধ কর্ম্ম করিলেন, ইহার কারণ এই, আপনার সহিত যে ধর্ম্ম উৎপন্ন হইয়াছে, স্বয়ং আচরণ দ্বারা তাহা অনভিজ্ঞ লোকদিগকে শিক্ষা দিবেন। অপর তিনি স্বয়ং শান্ত ও দান্ত ছিলেন, তথাচ কারুণিকতা প্রযুক্ত ধর্ম্ম, অর্থ, যশঃ, প্রজা, ভোগ ও মোক্ষ সংগ্রহ দ্বারা গৃহের প্রতি লোকদিগকে নিয়মিত করিলেন ॥ ১২ ॥

হে রাজন্! যে হেতু শ্রেষ্ঠ লোকেরা যাহা যাহা আচরণ করেন অন্য লোকে তাহারই অনুবর্ত্তী হইয়া থাকে। এই কারণে ভগবান্ ঋষভদেব ঐ রূপ কর্ম্মে প্রবৃত্ত হইয়াছিলেন ॥ ১৩ ॥

যদিও তিনি সর্ব্ব ধর্ম্ম প্রতিপাদক বেদরহস্য স্বয়ং অবগত ছিলেন তথাপি ব্রাহ্মণদিগের প্রদর্শিত বর্ত্ম দ্বারা সামাদি উপায় অবলম্বন পূর্ব্বক প্রজাপালনে প্রবৃত্ত হইলেন ॥ ১৪ ॥

তিনি সর্ব্ব প্রকার যজ্ঞ দ্বারা শতবার যথাবিধি যাগ করিয়াছিলেন তাঁহার সেই সকল যজ্ঞ যৎসামান্য হয় নাই, দ্রব্য, দেশ, কাল, যৌবন, শ্রদ্ধা, ঋত্বিক্, নানা দেবতার উদ্দেশ ইত্যাদি দ্বারা অতিশয় বৃদ্ধিশীল হইয়াছিল ॥ ১৫ ॥

মহারাজ! ভগবান্ ঋষভদেব এই ভারতবর্ষের ভর্ত্তা হইয়া সর্ব্ব প্রকারে ইহার রক্ষণাবেক্ষণ

কথঞ্চন কিমপি কর্হিচিদবেক্ষতে ভর্ত্তর্য্যনুসবনং বিজৃম্ভিত স্নেহাতিশয়মন্তরেণ ॥ ১৬ ॥

সকদাচিদটমানো ভগবানৃষভো ব্রহ্মাবর্ত্তগতো ব্রহ্মর্ষি প্রবর সভায়াং প্রজানাং নিশাময়ন্তী নামাত্মজানবহিতাত্মনঃ প্রশ্রয় প্রণয়ভর সুযন্ত্রিতানপ্যুপশিক্ষয়মিতি হোবাচ ॥ ১৭ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং পঞ্চমস্কন্ধে ঋষভ দেবানুচরিতে চতুর্থোঽধ্যায়ঃ ॥ * ॥ ৪ ॥ * ॥

শ্রীঋষভদেব উবাচ ॥

নায়ং দেহোদেহভাজাং নৃলোকে কষ্টান্ কামানর্হতে বিড্ভুজাং যে ।

শ্রীধরস্বামী ।

মবেক্ষতেঽপীত্যর্থঃ । ভর্ত্তরি ঋষভদেবে অনুক্ষণ মুল্লসিত স্নেহোদ্রেকং বিনা অন্যন্নবাঞ্ছতি ॥ ১৬ ॥

অবহিতাত্মনঃ সংযতচিত্তানপি প্রজানুশাসনার্থং উপশিক্ষয়ন্নিতিহ বক্ষ্যমাণমুবাচ ॥ ১৭ ॥

॥ * ॥ ইতি পঞ্চমে চতুর্থঃ ॥ * ॥

পঞ্চমে মোক্ষধর্ম্মোপদেশৈঃ পুত্রানুশাসনং । উক্তং পারমহংস্যঞ্চ তস্য দ্বন্দ্বতিতিক্ষয়া ॥ ০ ॥

বিড্ভুজামপি যে সন্তি তান্ কষ্টান্ দুঃখদান্ কামান্ বিষয়ান্নার্হতে তদ্যোগ্যোঽয়ং মনুষ্যদেহো ন ভবতি দিব্যং উৎকৃষ্টং যেন

ক্রমসন্দর্ভঃ ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে পঞ্চমস্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভস্য চতুর্থোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

মহদিতি যুগ্মকং তত্র ব্রহ্মসৌখ্যস্য নির্বিশেষ সবিশেষতা ভেদেন দ্বৈবিধ্য প্রতিপাদকং মহতাং দ্বৈবিধ্যমাহ সমচিত্তাঃ

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

তিশয়ং কেবলমবেক্ষতে অম্বরেণাম্বরাত্মনা অম্বরমবকাশাবধি পরিধানাম্বর্দ্ধি ভেদতাদর্থ্যে ছিদ্রাত্মীয় বিনা বহিরবসর মধ্যেঽস্ত-রাত্মনি চেক্ষ্যমরঃ ॥ ১৬ । ১৭ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিণ্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং । পঞ্চমস্য চতুর্থোঽয়ং সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

স্বভক্তিং স্বানুপাদিশ্য বিধায় ভরতং নৃপং । প্রব্রজ্য পঞ্চমে দেবোজড়চর্য্যামদীদৃশৎ ॥ ০ ॥

উপশিক্ষয়ন্ন্ বাচেত্যুক্তং তত্র ভক্তিযোগে প্রবর্ত্তয়িতুং প্রথমং মনুষ্যদেহস্য পুরুষার্থ সাধনত্বং বিষয়ভোগানৌচিত্যঞ্চাহ নায় মিতি কষ্টান্ কষ্টপ্রদান্ কামান্ যোষিদ্দর্শন স্পর্শনাদীন্ নার্হতে নৈবার্হতি ইতি কুতঃ যে বিড়্ভুজামপি সন্তি কামার্হত্বে মনুষ্যদেহ

করিতে থাকিলে অত্রস্থ কোন পুরুষের অন্যের নিকট হইতে আপনার নিমিত্ত খপুষ্পের ন্যায় কিছুই প্রার্থনা করিতে ইচ্ছা হয় নাই এবং কোন পুরুষ অন্যদীয় বস্তুর প্রতি দৃক্পাত ও করেন নাই, ফলতঃ ঋষভদেবের রাজত্ব কালে প্রজারা আপনার স্বামির প্রতি অনুক্ষণ বৃদ্ধিশীল স্নেহাতিশয় ব্যতীত আর কেহ কিছুই বাঞ্ছা করিত না ॥ ১৬ ॥

ঐ ভগবান্ ঋষভদেব এক সময় দেশ পর্য্যটনার্থ নির্গত হইয়া ভ্রমণ করিতে করিতে ব্রহ্মাবর্ত্তদেশে উপনীত হইলেন। তথায় প্রধান প্রধান ব্রহ্মর্ষিদিগের সভায় প্রবিষ্ট হইয়া দেখিলেন আপনার সন্তান গণ উপস্থিত রহিয়াছেন। যদিও তাঁহাদের চিত্ত স্বভাবতঃ সংযত এবং বিনয় ও প্রণয় দ্বারা সুযন্ত্রিত, তথাচ প্রজানুশাসনার্থ তাঁহাদিগকে প্রজাদের সমক্ষে শিক্ষা দান করত কহিতে আরম্ভ করিলেন ॥ ১৭

॥ * ॥ ইতি পঞ্চমে চতুর্থ ॥ * ॥

পঞ্চমাধ্যায়ে ভগবান্ ঋষভ কর্তৃক পুত্রদের প্রতি মোক্ষ ধর্ম্মোপদেশ এবং দ্বন্দ্ব ধর্ম্ম পরিত্যাগ নিমিত্ত পারমহংস্য জ্ঞান কথন ॥ ০ ॥

ঋষভদেব কহিলেন হে পুত্রগণ। যাহারা মনুষ্য লোকে জন্ম গ্রহণ করিয়া মানব দেহ প্রাপ্ত হই-

তপো দিব্যং পুত্রকা যেন সত্ত্বং শুদ্ধ্যেদ্যস্মাদ্ব্রহ্মসৌখ্যং ত্বনন্তং॥ ১॥
মহৎ সেবাং দ্বার মাহুর্বিমুক্তে স্তমোদ্বারং যোষিতাং সঙ্গিসঙ্গং।
মহান্তস্তে সমচিত্তাঃ প্রশান্তা বিমন্যবঃ সুহৃদঃ সাধবো যে॥ ২॥
যে বা ময়ীশে কৃত সৌহৃদার্থা জনেষু দেহম্ভরবার্ত্তিকেষু।

শ্রীধরস্বামী।

তপসা যস্মাৎ শুদ্ধসত্ত্বাৎ অনন্তং ব্রহ্মসুখং ভবতি॥ ১॥

মোক্ষবন্ধয়ো র্নিদানমাহ মহৎসেবামিতি তমসঃ সংসারস্য দ্বারং যোষিতাং যে সঙ্গিনস্তেষাং সঙ্গং। মহতাং লক্ষণমাহ সার্দ্ধেন মহান্ত ইতি সাধবঃ সদাচারাঃ॥ ২॥

ময়ি ঈশে কৃতং সৌহৃদমেবার্থঃ পুরুষার্থোযেষাং বা শব্দেনাস্য নিরপেক্ষস্যৈব অন্য লক্ষণত্বং দর্শয়তি দেহং বিভর্ত্তীতি দেহম্ভরা বিষয় বার্ত্তৈব ন ধর্ম্ম বিষয়া যেষু তেষু জনেষু জায়াদিযুক্তেষু গৃহেষুচ রাতির্মিত্রং ধনং বা। রাতিদেষিতি পাঠান্তরে জায়াদি

ক্রমসন্দর্ভঃ।

অভেদ দর্শিনঃ। তেষাং সাধনান্যাহ। প্রশান্তা ইত্যাদিনা। উত্তরেষামপি সাধনান্যাহ জনেষিত্যাদিনা। যাবানর্থোমৎ সৌহৃদময় ভক্তি স্তাবান্ তদনুরূপ এব নত্বধিকন্যূনঃ অর্থো ধনং যেষাং তে॥ ১। ২। ৩॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শূকর দেহয়ো স্তুল্যত্বাপত্তেরিতি ভাবঃ। তেন শূকর দেহাদিভি র্যন্ন লভ্যতে তদেব মনুষ্য দেহেন লব্ধং যতনীয়ং তদেব মনুষ্যত্ব চিহ্নং কিং তত্রাহ তপ ইতি। তচ্চানাহার বর্ষাতপ সহনাদিকং বৃক্ষাদীনামপি বর্ত্তত ইতি তদ্ব্যাবৃত্ত্যর্থমাহ দিব্যমপ্রাকৃতং ভগবৎ সম্বন্ধীত্যর্থঃ। হে পুত্রকাঃ অনুকম্পায়াং কন্ সত্ত্বমন্তঃকরণং॥ ১॥

মনুষ্যদেহাদেবোদ্ধারোঽধঃপাতশ্চ ভবতীতি তয়োঃ কারণমপি মনুষ্য দেহেঽস্তীত্যাহ মহদিতি বিমুক্তে র্দ্বিবিধ মুক্তেঃ। ব্রহ্মসৌখ্যং ত্বনন্তমিতি পূর্ব্বোক্তে ব্রহ্ম সৌখ্যস্যচ নির্ব্বিশেষ সবিশেষ ব্রহ্ম সম্বন্ধিত্বেন দ্বৈবিধ্যান্মুক্তিরপি সাযুজ্যং ভক্তিমৎ পার্ষদত্ব ঞ্চেতি দ্বিবিধা বিশব্দাদ্ব্যাখ্যেয়া। মহান্তোপি দ্বিবিধা ব্রহ্মোপাসকা ভগবদুপাসকাশ্চ তেষাং লক্ষণং তত্রৈবৈবাহ সমচিত্তাঃ অভেদ দর্শিনঃ অকুটিল চিত্তাশ্চ প্রশান্তাঃ প্রশমাদিযুক্তাঃ ভগবন্নিষ্ঠ বুদ্ধয়শ্চ। শমোমন্নিষ্ঠতা বুদ্ধেরিতি ভগবদুক্তেঃ। বিমন্যব ইত্যাদি বিশেষণত্রয়মুভয়ত্র তুল্যার্থং সাধবঃ পরদোষাগ্রাহিণঃ॥ ২॥

উত্তরেষামসাধারণং লক্ষণং পুনরাহ ময়ি ঈশে কৃতং সৌহৃদং প্রীতিরেব অর্থঃ পুরুষার্থো যেষাং মৎপ্রীতেরন্যদ্বস্তু যে পুরুষার্থং ন মন্যন্ত ইত্যর্থঃ। বা শব্দেনান্য নিরপেক্ষত্বাৎস্যৈব লক্ষণত্বং দর্শয়তীতি শ্রীস্বামিচরণাঃ। দেহম্ভরাণাং ভোজন পানাদ্যা-সক্তানাং যা বার্ত্তা জীবিকাঃ কথা বা তাভিরেব যে দীব্যন্তি তেষু জনেষু জায়াদি যুক্তেষু গৃহেষুচ বিদ্যমানেষ্বপি ন প্রীতিযুক্তাঃ। রাতি র্ধনং নতু তর্হি কিমর্থং তেষু গৃহেষু তিষ্ঠন্তীতি তত্রাহ। যাবদ্ভিরেব ধনাদিভিরর্থোমৎপাদসেবনাদ্যাত্মিকা ভক্তি

য়াছে, তাহাদের ঐ দেহে দুঃখদ বিষয় সকল ভোগ করা উচিত হয় না কারণ, ঐ সকল বিষয় বিষ্ঠা-ভোজি শূকর প্রভৃতিরও আছে। হে বৎস সকল! তপস্যাই একমাত্র উৎকৃষ্ট বস্তু, যে হেতু তদ্দ্বারা সত্ত্ব শুদ্ধ হয় এবং সত্ত্ব শুদ্ধ হইলে তাহা হইতে অনন্ত ব্রহ্ম সুখ হইয়া থাকে॥ ১॥

হে পুত্রগণ! পণ্ডিতেরা মহৎ সেবাকে মুক্তির দ্বার এবং যোষিৎ সঙ্গিদিগের সঙ্গকে সংসারের কারণ বলিয়া থাকেন, বৎসগণ! কি প্রকার লোকদিগকে মহৎ বলে তাহাদের লক্ষণ বলি শ্রবণ কর। যে সকল ব্যক্তি সকলের সুহৃদ্, প্রশান্ত, ক্রোধ হীন এবং সদাচার, আর যাহাদের চিত্ত সর্ব্ব প্রাণিতে সমান তাঁহারাই মহৎ॥ ২॥

অপর যে সকল ব্যক্তি আমি যে ঈশ্বর আমাতে সৌহৃদ্য করিয়া তাহাই পরমপুরুষার্থ বোধ করেন, যাঁহাদের বিষয়াসক্ত ব্যক্তি সকলে তথা পুত্র কলত্র ধনাদিযুক্ত গৃহে প্রীতি নাই এবং যাঁহারা

গৃহেষু জায়াত্মজরাতিমৎসু ন প্রীতিযুক্তা যাবদর্থাশ্চ লোকে ॥ ৩ ॥
নূনং প্রমত্তঃ কুরুতে বিকর্ম্ম যদিন্দ্রিয় প্রীতয় আপৃণোতি
ন সাধু মন্যে যত আত্মনোঽয়মসন্নপি ক্লেশদ আস দেহঃ ॥ ৪ ॥
পরাভবস্তাবদবোধজাতো যাবন্ন জিজ্ঞাসত আত্মতত্ত্বং।
যাবৎক্রিয়া স্তাবদিদং মনোবৈ কর্ম্মাত্মকং যেন শরীরবন্ধঃ ॥ ৫ ॥
এবং মনঃ কর্ম্মবশং প্রযুঙ্‌ক্তে অবিদ্যয়াত্মন্যুপধীয়মানে।

শ্রীধরস্বামী।

প্রদেষু। যাবদর্থাশ্চ যাবদর্থমেবার্থো যেষামিতি মধ্যপদ লোপী সমাসঃ দেহনির্ব্বাহাধিক ধনস্পৃহাশূন্যা ইত্যর্থঃ ॥ ৩ ॥

কামায়ার্হতীতি যদুক্তং তদুপপাদয়তি নূনমিতি যদ্যদা ইন্দ্রিয়প্রীতয়ে আপৃণোতি ব্যাপ্রিয়তে তদা প্রমত্তঃ সন্ বিকর্ম্ম পাপং নূনং কুরুতে যতোবিকর্ম্মণঃ প্রাচীনাদয়ং ক্লেশদো দেহোজাতঃ তস্যৈব পুনঃ করণং সাধু ন মন্যে ॥ ৪ ॥

দেহাদের্নশ্বরত্বাৎ কিয়ানয়মনর্থ ইত্যাশঙ্ক্যাহ পরাভবোদেহাদিনা স্বরূপাভিভবঃ অজ্ঞানকৃত স্তাবদ্ভবতি তত্র হেতুঃ যাবৎক্রিয়াঃ স্যুঃ তাবদিদং মনোহি কর্ম্ম স্বভাবমেব স্যাৎ যেন কর্ম্মাত্মকেন মনসা ॥ ৫ ॥

উক্তমুপসংহরতি পূর্ব্বকৃতং কর্ম্ম কর্ত্তৃভূতং মনঃ কর্ম্মভূতং বশং প্রযুঙ্‌ক্তে পুনঃ কর্ম্মনিষ্ঠং করোতি জীবন্মুক্ত কর্ম্ম ব্যাবৃত্ত্যর্থমাহ অবিদ্যয়েতি ॥ ৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

বিকর্ম্মাত্র কাম্যং কর্ম্ম। দেহোপি মনুষ্যদেহ এব ॥ ৪। ৫ ॥

উপধীয়মানে যুজ্যমানে। যদ্যপ্যেবমাত্মতত্ত্ববোধাত্ত এব বোধস্তথাপি মৎপ্রীতিং বিনা সোঽপি ন সিদ্ধ্যতীত্যাহ প্রীতিরিতি ॥ ৬। ৭। ৮। ৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

র্ভবেত্তাবন্ত এবোপাদেয়া যেষাং তে তাবদাদি পদানাং বৃত্তাবন্তর্ভাবঃ ॥ ৩ ॥

তমো দ্বারাং যোষিৎসঙ্গিসঙ্গাৎ দেহিন এবমধঃ পাতঃ স্যাদিতি তং দর্শয়ন্তি শোচতিচ নূনমিতি বিকর্ম্ম পরদারাদি গ্রহণ পাপং আপৃণোতি বিকর্ম্মণ্যেব ব্যাপৃতো ভবতি যতো বিকর্ম্মণঃ প্রাচীনাদয়ং ক্লেশদো দেহোজাতঃ তস্যৈব পুনঃ করণং ন সাধু মন্যে দেহঃ কীদৃশঃ আত্মনো জীবস্য অসন্নপি বস্তুতো ন বর্ত্তমানোপি। অসঙ্গোহ্যয়ং পুরুষ ইতি শ্রুতেঃ ॥ ৪ ॥

তর্হি পুণ্যং কর্ত্তব্যমিতিচেন্ন তস্যাপি সংসার হেতুত্বেন ক্লেশহেতুত্বাৎ তস্মাৎ পুণ্যপাপয়ো নির্ঽাসকং জ্ঞানমেবাভ্যসনীয় মেবেত্যাহ। পরাভবঃ কর্ম্ম পারতন্ত্র্যং তদেব জীবস্য বন্ধঃ। সচাজ্ঞান কৃত স্তাবদেব ভবতি যাবন্ন জিজ্ঞাসত ইতি জ্ঞানাগ্নিঃ সর্ব্ব কর্ম্মাণি ভস্মসাৎ কুরুতেঽর্জ্জুনেত্যুক্তেঃ। যাবজ্জ্ঞানং নোত্তবেৎ তাবৎ কর্ম্মাণি ন নশ্যন্তি। যাবৎ ক্রিয়াঃ পুণ্য পাপ কর্ম্মাণি স্যু স্তাবদিদং মনোহি কর্ম্মাত্মকং কর্ম্ম স্বভাবমেব স্যাৎ যেন কর্ম্মাত্মকেন মনসা ॥ ৫ ॥

কেন প্রকারেণ মনঃ কর্ম্মাত্মকং স্যাত্তমাহ। এবমিতি কর্ম্ম প্রাচীনমর্ব্বাচীনং বা কর্ত্তৃ মনঃ কর্ম্মভূতং বশং প্রযুঙ্‌ক্তে পুনঃ

লোক মধ্যে দেহ যাত্রা নির্ব্বাহ অপেক্ষা অধিক ধনে স্পৃহা শূন্য তাঁহারাই মহৎ ॥ ৩ ॥

হে পুত্রগণ! মনুষ্য যখন ইন্দ্রিয় প্রীতি নিমিত্ত ব্যাপৃত হয়, তখন প্রায়ই প্রমত্ত হইয়া বিরুদ্ধ কর্ম্ম (পাপ) করিয়া থাকে। একবার বিরুদ্ধ কর্ম্ম হইতে আত্মার এই ক্লেশদ দেহ উৎপন্ন হইয়াছে, পুনরায় সেই বিরুদ্ধ কর্ম্ম করা কি উচিত? আমি তাহা ভাল বলিয়া মানিতে পারি না ॥ ৪ ॥

বৎসগণ! পুরুষ যাবৎ আত্মতত্ত্ব জানিতে অভিলাষ না করে তাবৎ পর্য্যন্ত তাঁহার নিকট অজ্ঞান কৃত আত্ম স্বরূপের অভিভব হইয়া থাকে, কেন না, যে পর্য্যন্ত ক্রিয়া থাকে তাবৎ এই মনঃ কর্ম্ম স্বভাব হইয়া প্রকাশ পায়, সেই কর্ম্ম স্বভাব মনই দেহ বন্ধের কারণ ॥ ৫ ॥

অতএব পূর্ব্বকৃত কর্ম্মই মনকে আপনার বশবর্ত্তী অর্থাৎ পুনর্ব্বার কর্ম্ম করণে প্রবৃত্ত করায়।

প্রীতি র্ন যাবন্ময়ি বাসুদেবে ন মুচ্যতে দেহযোগেন তাবৎ ॥ ৬ ॥
যদা ন পশ্যত্যযথা গুণেহাং স্বার্থে প্রমত্তঃ সহসা বিপশ্চিৎ।
গতস্মৃতির্বিন্দতি তত্র তাপানাসাদ্য মৈথুন্যমগারমজ্ঞঃ ॥ ৭ ॥
পুংসঃ স্ত্রিয়া মিথুনী ভাবমেতং তয়োর্মিথো হৃদয় গ্রন্থিমাহুঃ।

শ্রীধরস্বামী।

ন কেবলং দেহযোগমাত্রং অনর্থান্তরঞ্চ ইত্যাহ যদা গুণানাং ইন্দ্রিয়াণাং ঈহাং চেষ্টাং অযথা মিথ্যা আত্মীয়া ন ভবতি ইতি বিপশ্চিদ্বিবেকী সন্ন পশ্যতি। ন পশ্যতীতি পাঠে অযথা আত্মীয়ত্বেনেত্যর্থঃ। তত্র তদা সহসা গতস্মৃতিঃ স্বরূপ স্মৃতি শূন্যঃ সন্ অজ্ঞো মূঢ়ঃ মৈথুন সুখ প্রধানং গৃহং প্রাপ্য তাপান্ বিন্দতি ॥ ৭ ॥

নমু যথোপযোগং স্ত্রিয়া মিথুনীভূয় সুখমাত্রমনুভবতঃ কুতস্তাপাঃ স্যুঃ তত্রাহ পুংস ইতি প্রত্যেকং তয়োরেকৈকো হৃদয় গ্রন্থিরস্ত্যেব। এতং মিথো হন্যোন্যং স্থূলমন্যং হৃদয়য়োর্গ্রন্থিং দুর্ভেদং বদন্তি কুত ইত্যত আহ অতঃ অস্মাৎ মিথুনী ভাবাৎ প্রত্যেকং হৃদয়গ্রন্থিনাতু দেহেন্দ্রিয়মাত্রে অহং মমেতি মোহঃ অস্মাত্তু গৃহাদিভি বিষয়ভূতৈ র্মহামোহো ভবেদিত্যর্থঃ ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কর্ম্মনিষ্ঠং করোতি এবমনেন প্রকারেণ মনঃ কর্ম্মাত্মকং স্যাৎ যদ্বস্তু যদধীনং স্যাৎ তচ্চ তদাত্মকমেব ভবেদিত্যর্থঃ। জীবন্মুক্ত কর্ম্মব্যাবৃত্ত্যর্থমাহ অবিদ্যয়েতি আত্মনি জীবে উপধীয়মানে যুজ্যমানে সতি উপধিরুপাধি লিঙ্গং তদধ্যাসাত্তদ্রূপী ক্রিয়মাণ ইত্যর্থঃ। কিঞ্চ সর্ব্ব কর্ম্ম নির্ম্মূলীকরণী ভক্তিরেবেত্যাহ প্রীতিরিতি ॥ ৬ ॥

এবঞ্চ ভক্তিমিশ্রস্য জ্ঞানস্য পরিপাক দশায়ামেব নৈষ্কর্ম্ম্যং নত্বপরিপাকদশায়ামিত্যাহ। যদা গুণেষু শব্দাদিষ্বর্থেষু ঈহাং বাঞ্ছাং অযথা অনর্থ রূপাং বিপশ্চিৎ জ্ঞানবানপি ন পশ্যেৎ। যদাতু পশ্যতীতি পাঠে গুণানামিন্দ্রিয়াণামীহাং চেষ্টাং অযথা মমাত্মন এবেয়ং চেষ্টেত্যর্থঃ। তত্র তদা সহসা গতস্মৃতিঃ সন্ তাপান্ বিন্দতি মৈথুনার্হমগারং প্রাপ্য স্বতিতাপানিত্যর্থঃ ॥ ৭ ॥

ইন্দ্রিয়চেষ্টানামাত্মীয়ত্বাভিমনন সদ্ভাবেপি স্বকুটুম্ব সঙ্গরতো যথা মোহ স্তথা তদ্রহিতস্য নেত্যাহ পুংস ইতি মিথো হৃদয় গ্রন্থিং মমেয়ং স্ত্রীত্যেকোয়ং গ্রন্থিস্তদুপরি মমায়ং পতিরিতি দ্বিতীয়োগ্রন্থিস্তেন পুংসা বৈরাগ্যেণ ত্যক্তুমিষ্টাপি স্ত্রী নতং জহাতীতি বন্ধস্য গাঢ়ত্বং উপলক্ষণমেবং পিতা পুত্রয়োরপি জ্ঞেয়ং। কুটুম্ব রাহিত্যেতু বস্ত্রাসন পাত্রাদিষ্বাত্মীয়ত্বেনাভিমান সদ্ভাবেপি

যাবৎ অবিদ্যা দ্বারা উপাধিযুক্ত আত্ম স্বরূপ যে আমি বাসুদেব, আমাতে প্রীতি না করে তাবৎ দেহ যোগ হইতে মুক্ত হয় না ॥ ৬ ॥

হে পুত্রগণ। কেবল দেহ হইতে মুক্ত হয় না এতাবন্মাত্র নহে, অন্য অনর্থও বর্ত্তমান থাকে, পুরুষ যখন বিবেক যুক্ত হইয়া ইন্দ্রিয়গণের চেষ্টাকে অলীক বলিয়া না দেখে অর্থাৎ ঐ সকল আত্মার নহে এ রূপ নিশ্চয় না করে, তখন আত্ম স্বরূপ বিস্মৃত হওয়াতে মিথুন সুখ প্রাপক গৃহ প্রাপ্ত হইয়া সন্তাপ পায় ॥ ৭ ॥

হে বৎসগণ! সংসারাশ্রমে স্ত্রীর সহিত মিলিত হইলে সুখানুভব হয়, সন্তাপ বোধ হয় না, ইহা যাহারা কহে, তাহারা অতিশয় মূঢ়, যে হেতু স্ত্রী ও পুরুষ ইহাদের প্রত্যেকের জন্মাবধি এক একটী হৃদয়গ্রন্থি আছে, পুরুষ স্ত্রীর সহিত মিলিত হইলে তাহাদের পরস্পরের আর একটী হৃদয়গ্রন্থি হয়, তাহা অতি স্থূল ও দুর্ভেদ্য, প্রত্যেকের হৃদয় গ্রন্থি দ্বারা কেবল দেহ ও ইন্দ্রিয় সকলে "আমি আমার" এই রূপ জ্ঞান দ্বারা মোহ জন্মায় এই দুর্ভেদ্য হৃদয় গ্রন্থি হইতে পুত্র মিত্র ক্ষেত্র ধন ইত্যাদি বিষয়ে মোহ জন্মিয়া থাকে, অতএব সংসারাশ্রমে স্ত্রীর সহিত মিলন সুখের কারণ নহে, বরঞ্চ মহামোহের

অতোগৃহক্ষেত্র সুতাপ্তবিত্তৈর্জনস্য মোহোয়মহং মমেতি ॥ ৮ ॥
যদা মনো হৃদয়গ্রন্থিরস্য কর্ম্মানুবদ্ধো দৃঢ় আশ্লথেত ।
তদা জনঃ সংপরিবর্ত্ততেঽস্মাম্মুক্তঃ পরং যাত্যতি হায়হেতুং ॥ ৯ ॥
হংসে গুরৌ ময়ি ভক্ত্যানুবৃত্ত্যা বিতৃষ্ণয়া দ্বন্দ্ব তিতিক্ষয়াচ ।
সর্ব্বত্র জন্তোর্ব্যসনাবগত্যা জিজ্ঞাসয়া তপসেহানিবৃত্ত্যা ॥ ১০ ॥

শ্রীধরস্বামী ।

কদা তর্হি তস্য নিবৃত্তিরত আহ যদাঽস্য জনস্য কর্ম্মভি রনুবন্ধোদৃঢ়ো মনোরূপো হৃদয়গ্রন্থিঃ শিথিলোভবেৎ তদাস্মান্মিথুনী-ভাবাৎ নিবর্ত্ততে । ততশ্চ হেতুং অহঙ্কারং ত্যক্ত্বা মুক্তঃ সন্ পরং পদং যাতি ॥ ৯ ॥

হেতুমতিহায়েত্যুক্তং তত্র পঞ্চ বিংশতি সাধনান্যাহ চতুর্ভিঃ হংসে ময়ি গুরৌ ভক্তিঃ সেবা অনুবৃত্তি স্তৎপরতা বিগততৃষ্ণয়া সর্ব্বত্র লোকান্তরেপি ব্যসনাবগত্যা দুঃখানুসন্ধানেন ঈহা নিবৃত্ত্যা কাম্যকর্ম্ম ত্যাগেন ॥ ১০ ॥

ক্রমসন্দর্ভঃ

হেতুমতিহায়েত্যুক্তং । তত্র চ প্রীতিরেব কারণমুক্তং । সাচ তত্র দ্বিধা প্রবর্ত্ততে স্বমাত্র পুরুষার্থানাং স্বদ্বারা মুমুক্ষু-ণান্তু জ্ঞানদ্বারেতি । কিন্বন্তেচ্ছুত্বাৎ প্রীত্যাভাস এবৈষাং জ্ঞেয়ঃ । তত্রোভয়ত্রাপি গুরুভক্তিরপেক্ষত ইত্যাহ হংস ইতি চতু-র্ভিঃ । তত্র পূর্ব্বেষাং সাধনান্যাহ । বিতৃষ্ণয়েতি পঞ্চ পদ্যা ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

মিথোগ্রন্থ্যভাবান্ন তাদৃশোবন্ধ ইতি ভাবঃ । অতো মিথো হৃদয়গ্রন্থিতো হেতোঃ গৃহাদিভিরহং গৃহী মম গৃহমিত্যেবং মোহো ভবতি ॥ ৮ ॥

কদা তর্হি মুক্তিরত আহ যদা মনোরূপে হৃদয়গ্রন্থিরস্য জনস্য কর্ম্মভিরনুবন্ধোপি জ্ঞানবৈরাগ্যাভ্যাসেন শিথিলো ভবেত্তদা অস্মান্মিথুনীভাবান্নিবর্ত্ততে ততশ্চ হেতুমহঙ্কারাখ্যমুপাধিং ত্যক্ত্বা মুক্তঃ সন্ পরং পদং যাতি ॥ ৯ ॥

ভক্তিমিশ্রজ্ঞানেন লিঙ্গ ভঙ্গমুক্ত্বা জ্ঞানমিশ্রয়া চ ভক্ত্যা পঞ্চবিংশত্যঙ্গয়া লিঙ্গভঙ্গমাহ চতুর্ভিঃ । তত্রাপি শুদ্ধ ভক্তানাং কেবলয়ৈব ভক্ত্যা পঞ্চদশাঙ্গয়া লিঙ্গ ভঙ্গমাহ প্রথমদ্বাভ্যাং হংসে পরমহংস স্বরূপে ময়ি গুরৌ ভক্ত্যেত্যাদিভিঃ অহমাখ্যং লিঙ্গং লিঙ্গদেহং ব্যপোহেদিত্যন্বয়ঃ । বিতৃষ্ণয়া নিষ্কামতয়া জিজ্ঞাসয়া ভক্তের্ভজনীয়েশ্বরস্য চেতি শেষঃ । তপসা একাদশী কার্ত্তিকাদি ব্রতলক্ষণেন বিষ্ণু বৈষ্ণব সেবা নিবন্ধন স্বীয়ভোজন শয়নাদি সঙ্কোচ লক্ষণেনচ । ঈহা নিবৃত্ত্যা ব্যাপারান্তর বাহিত্যেন অহমেব দেবঃ প্রভুর্যেষাং তৈঃ সঙ্গাৎ নির্বৈরমদ্বেষ্টৃত্বং । সাম্যং অন্যস্য সুখ দুঃখয়োঃ স্বসুখ দুঃখ সাম্য ভাবনা উপশমঃ ক্রোধ শোকাদে স্তেষাং ধন্বৈক্যং তেন দেহ গেহাদি স্বাত্মীয়ত্ব বুদ্ধেস্ত্যাগাসামর্থ্যেপি ত্যাগেচ্ছয়া অসংপ্রমাদেন কর্ত্তব্যস্যাপরিত্যাগেন মত্তাববিচক্ষণেন মদীয় সত্তাদর্শনেন বিজ্ঞান বিবাজিতেন বিজ্ঞান জনকেনেত্যর্থঃ । অনুভব জনকত্বমেব জ্ঞানস্য বিবাজনমিতি ভাবঃ যোগেনাষ্টাঙ্গেন সত্বমুৎসাহঃ । ব্যপোহেৎ নিরস্যেৎ ॥ ১০ । ১১ । ১২ । ১৩ ॥

উৎপাদক হওয়াতে আত্যন্তিক দুঃখের নিদান ॥ ৮ ॥

কিন্তু ইহাতে এমত মনে করিও না যে পুরুষ স্ত্রীর সহিত মিলিত হইলে তাহার ঐ ভাব কখনই নিবৃত্ত হয় না, যখন সেই ব্যক্তির কর্ম্ম দ্বারা অনুবন্ধ দৃঢ়তর মনোরূপ হৃদয়গ্রন্থি সেই মিথুনী ভাব হইতে নিবর্ত্ত হয়, তখন সংসারের হেতুভূত যে অহঙ্কার তাহা পরিত্যাগ করিয়া মুক্ত ও পরমপদ প্রাপ্ত হইতে পারে ॥ ৯ ॥

হে পুত্রগণ! অহঙ্কার ত্যাগ যে কোন প্রকারে হইতে পারে না, তাহা পরিত্যাগের পঁচিশটী কারণ আছে, বলি শুন । হংস ও গুরু স্বরূপ যে আমি আমাতে ভক্তি করণ, বিতৃষ্ণা, সুখ দুঃখাদি দ্বন্দ্ব সহিষ্ণুতা, ইহলোকে ও পরলোকে সর্ব্বত্র সকল প্রাণির দুঃখ দর্শন, তত্ত্ব জিজ্ঞাসা, তপস্যা, কাম্য কর্ম্ম পরিত্যাগ ॥ ১০ ॥

মৎকর্ম্মভির্ম্মৎ কথয়াচ নিত্যং মদ্দেব সঙ্গাদ্গুণকীর্ত্তনান্মে।
নির্বৈর সাম্যোপশমেন পুত্রা জিহাসয়া দেহ গেহাত্মবুদ্ধেঃ ॥ ১১ ॥
অধ্যাত্মযোগেন বিবিক্তসেবয়া প্রাণেন্দ্রিয়াত্মাভিজয়েন সধ্র্যক্।
সৎ শ্রদ্ধয়া ব্রহ্মচর্য্যেণ শশ্বদসংপ্রমাদেন যমেন বাচাং ॥ ১২ ॥
সর্ব্বত্র মদ্ভাব বিচক্ষণেন জ্ঞানেন বিজ্ঞান বিরাজিতেন।
যোগেন ধৃত্যুদ্যম সত্ত্ব যুক্তো লিঙ্গং ব্যপোহেৎ কুশলোহমাখ্যং ॥ ১৩ ॥
কর্ম্মাশয়ং হৃদয়গ্রন্থিবন্ধমবিদ্যয়াসাদিতমপ্রমত্তঃ।

শ্রীধরস্বামী।

মদর্থৈঃ কর্ম্মভিঃ অহমেব দেবো যেষাং তৈঃ সঙ্গাৎ হে পুত্রাঃ দেহ গেহয়োরাত্মবুদ্ধেঃ অহং মমেতি বুদ্ধেঃ ॥ ১১ ॥

অধ্যাত্মযোগেন অধ্যাত্মশাস্ত্রাভ্যাসেন সধ্র্যক্ সম্যক্ অসংপ্রমাদেন কর্ত্তব্যস্যাপরিত্যাগেন ॥ ১২ ॥

সর্ব্বত্র মদ্ভাবো মদ্ভাবনা তত্র বিচক্ষণেন নিপুণেন বিজ্ঞান বিরাজিতেন অনুভব পর্য্যন্তেন জ্ঞানেন। যোগেন সমাধিনা ধৃত্যুদ্যম সত্ত্বযুক্তঃ ধৈর্য্য প্রযত্ন বিবেক যুক্তঃ সন্ অহঙ্কারাখ্যমুপাধিং ব্যপোহেৎ নিরস্যেৎ ॥ ১৩ ॥

ততঃ সাধনাদুপরমেদিত্যাহ কর্ম্মাণ্যাশেরতে যস্মিন্ যোগেন উপায়েন যদ্যপি ফলে সিদ্ধে সাধনোপরমঃ সিদ্ধএব তথাপি-

ক্রমসন্দর্ভঃ।

অপরেষামাহ। নির্বৈরেতি দ্বাভ্যাং ॥

অতো লিঙ্গং ব্যপোহেদিতি পূর্ব্বৈরুক্তৈরেশ্চ পৃথগ্যোজ্যং। যোগেন ধৃত্যুদ্যমসত্ত্বযুক্ত ইতি তুভয়ত্রৈব বিতৃষ্ণয়া তৃষ্ণা বিগমেনেত্যর্থঃ। জিজ্ঞাসয়া শাস্ত্রাত্তগবত্তত্ত্ববিচারেণ। তপসা ভগবৎ প্রীণন স্বধর্ম্মেণ। ঈহা নিবৃত্ত্যা ঐহিক পারলৌকিক কামনান্তর নিবর্ত্তনেন। ততশ্চ নিত্যং মৎ কর্ম্মভির্দর্চ্চন পাদসেবন লক্ষণৈরিত্যাদি। ব্রহ্মচর্য্যেণ কায়মনো বাগ্গতেন ॥ ১০ ॥ ১১ ॥ ১২ ॥

অত্র প্রীতি বীজং বিন্যস্যতি সর্ব্বত্র মদ্ভাবেতি। যোগেন উপায়েন ধৃত্যাদি যুক্তঃ সন্ ॥ ১৩ ॥

অভিনিবেশার্থং তদেব সংক্ষিপ্য পুনরাহ কর্ম্মেতি অনেন পূর্ব্বোক্তেন যোগেন উপায়ৈকতরেণ তেনচ ন পুস্তক দর্শন মাত্রস্তোৎপ্রেক্ষিতেন অপিতু যথোপদেশং শ্রীগুরুশিক্ষিত প্রকারেণৈবেত্যর্থঃ। উপরমেতি। প্রীতি পুরুষার্থিনা অনুসঙ্গমাত্রেণ

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ততশ্চ লিঙ্গ ভঙ্গার্থক সাধনাদুপরমেদিত্যাহ কর্ম্মেতি যথোপদেশং যোগেন গুরূপদেশমনতিক্রম্য যো যোগ উপায় স্তেন নতু পাণ্ডিত্যবলাৎ পুস্তক দর্শনমাত্রাদেব স্বোৎপ্রেক্ষিতেন কর্ম্মণ্যাশেরতে যস্মিং স্তং বন্ধং ব্যপোহ্য নিরস্য যোগাদুপায়াৎ বিরমেদিতি লিঙ্গ ব্যপোহনার্থমেব বিরমেৎ নতু তৎপদার্থজ্ঞানার্থমিত্যর্থঃ। তদর্থন্তু ভক্তিং কুর্ব্বীতৈব। যদুক্তং ব্রহ্মভূতঃ প্রসন্নাত্মা ন শোচতি নকাঙ্ক্ষতি। সমঃ সর্ব্বেষু ভূতেষু মদ্ভক্তিং লভতে পরাং। ভক্ত্যা মামভিজানাতি যাবান্ যশ্চাস্মি তত্ত্বত ইতি।

আমার নিমিত্ত কর্ম্ম করণ, আমার কথা কথন, যে সকল ব্যক্তি আমাকেই পরমারাধ্য দেব বলিয়া জানে, তাহাদের সহিত নিত্য সহবাস, আমার গুণকীর্ত্তন, নির্ব্বৈরতা, সমতা, উপশম, আত্মদেহ ও গৃহে “আমি আমার” এই রূপ বুদ্ধি পরিত্যাগের বাসনা ॥ ১১ ॥

অধ্যাত্ম শাস্ত্রের অভ্যাস, নির্জন স্থানে অবস্থান, প্রাণ, ইন্দ্রিয়, মনঃ এ সকলের সম্যক্ প্রকারে জয়, সৎশ্রদ্ধা, ব্রহ্মচর্য্য, কর্ত্তব্য কর্ম্মের অপরিত্যাগ, বাক্য সংযম ॥ ১২ ॥

সর্ব্বত্র আমার চিন্তন করণে নিপুণ, অনুভব পর্য্যন্ত জ্ঞান, সমাধি, এই সকল দ্বারা ধৈর্য্য যত্ন ও বিবেক যুক্ত হইয়া অহঙ্কার নামক উপাধিকে নিরাকৃত করিবে ॥ ১৩ ॥

হে বৎস সকল! ঐ প্রকারে অহঙ্কার নিরস্ত হইলে, তাহার পরে কর্ম্ম সকলের আধার রূপ হৃদয় গ্রন্থি বন্ধন, যাহা অবিদ্যা দ্বারা উপস্থিত হইয়াছিল, প্রমাদ শূন্য হইয়া এই উপায় দ্বারা যেমন উপ-

অনেন যোগেন যথোপদেশং সম্যগ্ব্যপোহ্যোপরমেত যোগাৎ ॥ ১৪ ॥

পুত্রাংশ্চ শিষ্যাংশ্চ নৃপোগুরুঃ পিতা মল্লোককামো মদনুগ্রহার্থঃ।

ইত্থং বিমন্যুরনুশিষ্যাদতজ্জ্ঞান্নযোজয়েৎ কর্ম্মসু কর্ম্মমূঢ়ান্ ॥ ১৫ ॥

লোকঃ স্বয়ং শ্রেয়সি নষ্টদৃষ্টি র্যোর্থান্ সমীহেত নিকামকামঃ।

অন্যোন্যবৈরং সুখলেশহেতোরনন্তদুঃখঞ্চ ন বেদ মূঢ়ঃ ॥ ১৬ ॥

কস্তং স্বয়ং তদভিজ্ঞো বিপশ্চিদবিদ্যায়ামন্তরে বর্ত্তমানং।

দৃষ্ট্বা পুনস্তং সঘৃণঃ কুবুদ্ধিং প্রযোজয়েদুৎপথগং যথান্ধং ॥ ১৭ ॥

শ্রীধরস্বামী।

যাবদ্দেহপাতং তাবত্তদভ্যাস শঙ্কা বারণায়োক্তং ॥ ১৪ ॥

কিঞ্চ পুত্রান্ পিতা শিষ্যান্ গুরুঃ নৃপশ্চ প্রজাঃ এবমনু শিক্ষয়েৎ মম লোকং যঃ কাময়তে। যদ্বা মদনুগ্রহ এবার্থো যস্য বিমন্যুঃ শিক্ষিতস্যাকরণেপি কোপশূন্যঃ। অতজ্জ্ঞান্ তত্ত্বমবিদুষঃ শ্রেয়ো বুদ্ধ্যা কর্ম্মসু মূঢ়ান্ ন যোজয়েৎ ॥ ১৫ ॥

এতদুপপাদয়তি লোক ইতি ত্রিভিঃ নষ্ট দৃষ্টিত্বে হেতুঃ য ইতি নিকামং অতিশয়েন কামো যস্য ॥ ১৬ ॥

তমীদৃশং কুবুদ্ধিং দৃষ্ট্বা তত্রৈব কস্তং প্রবর্ত্তয়েৎ ন কোপি উৎপথেন গচ্ছন্তং অন্ধং যথা তেনৈব গচ্ছেতি কোক্রয়াৎ ॥ ১৭ ॥

ক্রমসন্দর্ভঃ।

তদ্ব্যপোহিকায়াঃ প্রীতেরেব স্বয়ং সিদ্ধেঃ। মুমুক্ষূণাং তদ্ব্যপোহাতিরিক্তসাধ্যাভাবাৎ ॥ ১৪ । ১৫ । ১৬ । ১৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তৎ পদার্থানুভাব সিদ্ধেপি ভক্তেঃ সর্ব্বথৈবাত্যাগ আত্মারামাশ্চ মুনয় ইত্যাদি প্রমাণাদ্ব্যাখ্যেয় এবেত্যতো ভক্তিভিন্নাদুপায়াদ্বিরমে দিতি কেচিদাহুঃ ॥ ১৪ ॥

এবং ভক্তে র্গুণাতীতাবস্থত্বেন কৈবল্যাক্ত্যোক্ত্বা ভক্তেরুপদেষ্টাপি কৃতার্থঃ স্যাদিত্যাহ পুত্রানিতি। বিমন্যুঃ শিক্ষিতস্যাকরণেপি কোপশূন্যঃ। কর্ম্মসু নযোজয়েৎ কর্ম্মৈব কুরুষ্বেতি নোপদিশেৎ। জোষয়েৎ সর্ব্ব কর্ম্মাণি বিদ্বান্ যুক্তঃ সমাচরন্নিতিতু জ্ঞানোপদেষ্টৃ বিষয়ং নতু ভক্ত্যুপদেষ্টৃ বিষয়মিতি জ্ঞেয়ং ॥ ১৫ ॥

এতদেবোপপাদয়তি লোক ইতি ত্রিভিঃ। অর্থান্ ভোগ্যপদার্থান্ দৃষ্টানদৃষ্টাংশ্চ নিকামমতিশয়েন কাম এব যস্য সঃ ॥ ১৬ ॥

তমেতাদৃশং কুবুদ্ধিং দৃষ্ট্বা তত্রৈব কস্তং প্রবর্ত্তয়েৎ ন কোপি উৎপথেন গচ্ছন্তমন্ধং কঃ খলু তেনৈব গচ্ছেতি বদেৎ ॥ ১৭ ॥

দেশ করিলাম, সেই প্রকারে সম্যক্‌রূপে পরিত্যাগ করিয়া শেষে ঐ উপায় হইতেও বিরত হইবে॥১৪

হে পুত্রগণ! আমার লোক কামনা করিয়া আমার অনুগ্রহ রূপ প্রয়োজনোদ্দেশে পিতা পুত্র দিগকে, গুরু শিষ্যকে ও রাজা প্রজাবর্গকে ঐ প্রকার শিক্ষা দিবেন। কিন্তু উপদিষ্ট হইয়া যদি কেহ শিক্ষিত বিষয় না করে তাহাতে তাঁহারা যেন কোপ না করেন। অধিকন্তু যে সকল ব্যক্তি তত্ত্ব জানে না, শ্রেয়ো বোধে কর্ম্মেতেই মুগ্ধ হয়, তাহাদিগকে যেন পুনর্ব্বার কর্ম্মে নিযুক্ত না করেন ॥ ১৫ ॥

যে ব্যক্তি অতিশয় কামনাযুক্ত অতএব আপনার মঙ্গল পথে নিতান্ত অন্ধ হইয়া কেবল অর্থ চেষ্টাতেই তৎপর হয় এবং সুখলেশার্থ পরস্পর বৈরতা করিতে চাহে, সে মূঢ় পরিণামে আপনার যে দুঃখ হইবে তাহা জানিতে পারে না ॥ ১৬ ॥

ঐ রূপ কুবুদ্ধি ব্যক্তি অবিদ্যায় বর্ত্তমান থাকে, তাহাকে দেখিয়া কোন্ দয়াশীল বিদ্বান্ মনুষ্য স্বয়ং জানিয়াও ঐ বিষয়েই পুনরায় প্রবর্ত্ত করাইবে অর্থাৎ কেহই তাহাতে নিয়োগ করিবে না। অন্ধ ব্যক্তি বিপথে গমন করিলে তাহাকে দেখিয়া কি কোন বিজ্ঞলোকে সেই পথে যাইতে উপদেশ দেন? ॥ ১৭ ॥

গুরুর্ন স স্যাৎ স্বজনো ন স স্যাৎ পিতা ন স স্যাজ্জননী ন সা স্যাৎ।
দৈবং ন তৎ স্যাৎ ন পতিশ্চ স স্যাৎ ন মোচয়েদ্যঃ সমুপেত মৃত্যুং ॥ ১৮ ॥
ইদং শরীরং মম দুর্ব্বিভাব্যং তত্ত্বং হি মে হৃদয়ং যত্র ধর্ম্মঃ।

শ্রীধরস্বামী।

সমুপেতঃ সংপ্রাপ্তো মৃত্যুঃ সংসারো যেন তং তত্তো ভক্তিমার্গোপদেশেন যো নমোচয়েৎ স গুর্ব্বাদির্নভবেদিত্যর্থঃ। যদ্বা যস্তং মোচয়িতুং ন শক্নুয়াৎ অতস্তস্য গুর্ব্বাদির্নস্যাদিতি নিষেধঃ ততশ্চ পিতা ন স স্যাদিতি পুত্রোৎপত্তৌ যত্নো ন কার্য্য ইত্যর্থঃ। দৈবং দেবতা ন স্যাদিতি পূজা ন গ্রাহ্যা ইত্যর্থঃ। এবমন্যদপি দ্রষ্টব্যং ॥ ১৮ ॥

এবং মোক্ষ ধর্ম্মানুপদিশ্য ভ্রাতৃ শুশ্রূষণ লক্ষণ ধর্ম্মং স্পর্দ্ধাদি নিবৃত্তয়ে তেষাং জন্ম কথন পূর্ব্বকং আহ দ্বাভ্যাং। ইদং মনুষ্যাকারং শরীরং মম দুর্ব্বিভাব্যং অবিতর্ক্যং মদিচ্ছা বিলসিতং নত্বহং প্রাকৃতো মনুষ্য ইত্যর্থঃ মে হৃদয়ং তু তত্ত্বং কিং তদ্ধৃদয়ং যত্র ধর্ম্ম

ক্রমসন্দর্ভঃ।

ব্যাবহারিক গুর্ব্বাদি পরিত্যাগেপি পরমার্থ পথিকানাং নদোষ ইত্যাহ। গুরুর্ন স্যাদিতি টীকায়াং পুত্রোৎপত্তৌ যত্নো ন কার্য্য ইত্যত্র তেনেতি শেষঃ যত্নং ন কুর্য্যাদিত্যাদিকন্তু বক্তব্যং। কর্ত্তৃপ্রধানৈব বিবক্ষিতত্বাৎ ॥ ১৮ ॥

আবেশাবতার তয়া প্রতীতস্য শ্রীঋষভদেবস্যাপি বিগ্রহ এবং যুজ্যতে। ইদং শরীরমিতি ইদং মনুষ্যাকারং মম শরীরং হি নিশ্চিতং দুর্ব্বিভাব্যং দুর্ব্বিতর্ক্যং যত্তত্ত্বং তদেব যত্রৈব ধর্ম্মো ভাগবত লক্ষণঃ তত্রৈব মে হৃদয়ং মনঃ যদস্মাত্তদ্বিপরীতাদি লক্ষণো ধর্ম্মো ময়া পৃষ্ঠে কৃতঃ ততঃ পরাঙ্মুখোহমিত্যর্থঃ অতএব বক্ষ্যমাণ শ্রীঋষভদেবস্য সর্ব্বাস্তিম লীলাপি ব্যাজেনাত্ম গোপনমেব প্রাকৃত লোক প্রতীত্যনুসারেণৈবতু তথা বর্ণিতং আত্মারামতা রীতি দর্শনার্থা তদুক্তং যোগিনাং সাম্পরায় বিধিমনুশিক্ষয়ন্নিতি অতঃ স্ব কলেবরং

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

এবং ভক্ত্যুপদেষ্টারমভিনন্দ্য তদনুপদেষ্টৄণাং গুরুত্ববন্ধুত্বাদ্যভাবং তদ্ধেতুকং তেষাং ত্যাগং চাভিব্যঞ্জয়তি। সমুপেতঃ সংপ্রাপ্তো মৃত্যুঃ সংসারো যেন তং। জনং ভক্তিমার্গোপদেশেন যো ন মোচয়েৎ স গুর্ব্বাদি ন ভবেৎ ন ভবতি। বলিঃ শুক্রমিব তং গুরুং ত্যজেদেব তস্য প্রণত্যনুবৃত্ত্যাদ্যভাবেপি ন প্রত্যবায়ী স্যাদিতি ভাবঃ। এবং বিভীষণো রাবণমিব তং স্বজনং প্রহ্লাদো হিরণ্যকশিপুমিব তং পিতরং শ্রীভরতঃ কৈকেয়ীমিব তাং জননীং। খট্বাঙ্গ ইন্দ্রাদিমিব তদ্দৈবং। যাজ্ঞিকব্রাহ্মণী যাজ্ঞিক বিপ্রমিব তং পতিং ত্যজেদেবেত্যর্থঃ। যদ্বা স্যাদিতি বিধিলিঙা যস্তং মোচয়িতুং ন শক্নুয়াৎ স তস্য গুর্ব্বাদি ন স্যাৎ প্রণত্যনুবৃত্ত্যাদিকং ন গৃহ্ণীয়াদ্যদি গৃহ্ণীয়াত্তর্হি প্রত্যবায়ী স্যাদিতি তেন চ যদি মোচয়িতুং ন শক্নুয়াৎ তর্হি গুরুর্ভবিতু মন্যং ন শিষ্যং কুর্য্যাৎ। স্বজনোভবিতুং বন্ধুতাং ন দধ্যাৎ পিতা ভবিতুং পুত্রোৎপত্তৌ ন যতেত। জননী ভবিতুং জন্তুং গর্ভে ন দধ্যাৎ। দৈবং ভবিতুং পূজাং ন গৃহ্ণীয়াৎ। পতির্ভবিতুং পাণিং ন গৃহ্ণীয়াদিতি দ্যোতিতং ॥ ১৮ ॥

যস্য ভক্তিঃ কর্ত্তব্যা স ক ভগবাংস্তথা ভক্তিপ্রাপ্ত্যর্থং ভাগবতসেবাচাপেক্ষণীয়েতি ক বা স ভাগবত ইতি যুষ্মাকমন্বেষণেপি প্রয়াসো নাস্তি যতো গৃহএব ভগবানহং বঃ পিতা তথৈব গৃহএব ভাগবতোঽয়ং বো ভ্রাতা বর্ত্তত ইত্যাহ ইদমিতি দ্বাভ্যাং ইদং শরীরমিতি ইদং মনুষ্যাকারং শরীরং হি নিশ্চিতং দুর্ব্বিভাব্যং দুর্ব্বিতর্ক্যং যত্তত্ত্বং চিদানন্দ রূপং তদেব নত্বহং প্রাকৃতো মনুষ্য ইত্যর্থঃ। চিদ্ঘন শুদ্ধস্য যন্মূর্ত্তত্বং এতদেব দুর্ব্বিভাব্যত্বং অন্যেষাং পৃথিব্যাদীনাং তত্ত্বানাং দুর্ব্বিভাব্যত্বাভাবাদিতি ভাবঃ। হি নিশ্চিতং যত্র মে ধর্ম্মঃ মৎ প্রাপকো ভক্তিযোগস্তত্রৈব মে হৃদয়ং মনঃ। সাধবো হৃদয়ং মহ্যমিতি মদুক্তেঃ মে অধর্ম্মঃ মদ্ধর্ম্ম

বরং ঐ প্রকার সংসার প্রাপ্ত ব্যক্তিকে ভক্তিমার্গ উপদেশ দিয়া মুক্ত করা কর্ত্তব্য, যে ব্যক্তি ভক্ত্যুপদেশ দ্বারা তাঁহাকে মুক্ত না করেন, তিনি তাহার গুরু নহেন, পিতা নহেন, জননী নহেন, দেবতা নহেন এবং পতি নহেন ॥ ১৮ ॥

হে পুত্রগণ! আমার এই মনুষ্যাকার শরীর অবিতর্ক্য অর্থাৎ আমার ইচ্ছা বিলসিত, ইহা প্রাকৃত মনুষ্যের তুল্য নহে। আর আমার হৃদয় তত্ত্ব স্বরূপ, উহাতে শুদ্ধসত্ত্ব গুণই বিরাজমান। যে হেতু

পৃষ্ঠে কৃতোমে যদধর্ম্ম আরাদতোহি মামৃষভং প্রাহুরার্য্যাঃ ॥ ১৯ ॥
তস্মাদ্ভবন্তো হৃদয়েন জাতাঃ সর্ব্বে মহীয়াংসমমুং সনাভং।
অক্লিষ্টবুদ্ধ্যা ভরতং ভজধ্বং শুশ্রূষণং তদ্ভরণং প্রজানাং ॥ ২০ ॥
ভূতেষু বীরুদ্ভ্য উদুত্তমা যে সরীসৃপাস্তেষু সবোধনিষ্ঠাঃ।
ততোমনুষ্যাঃ প্রমথা স্ততোপি গন্ধর্ব্ব সিদ্ধা বিবুধানুগা যে।

শ্রীধরস্বামী।

সত্ত্বং শুদ্ধং সত্ত্বমিত্যর্থঃ কুতঃ যদস্মাৎ ময়াঽধর্ম্মো দূরাদেব পৃষ্ঠে কৃতঃ উৎসারিতঃ অতএব মাং ঋষভং শ্রেষ্ঠং প্রাহুঃ ॥ ১৯ ॥

ভবন্তশ্চ হৃদয়েন শুদ্ধ সত্ত্বময়েন জাতাঃ তস্মাৎ মৎসরং হিত্বা মহত্তমং সনাভং সোদরং ভজধ্বং নমু ত্বৎ পুত্রত্বাৎ ত্বাং বয়ং ভজেম রাজপুত্রত্বাৎ প্রজাশ্চ পালয়াম ইতি চেদত আহ তদেব মে শুশ্রূষণং প্রজানাঞ্চ পালনং ভরতানুবৃত্ত্যৈব সর্ব্বং কৃতং স্যাদিতি ভাবঃ ॥ ২০ ॥

ইদানীং ব্রাহ্মণাশ্চ সেব্যা ইত্যাশয়েন তেষাং সর্ব্বেভ্যঃ শ্রৈষ্ঠ্যমাহ পঞ্চভিঃ। ভূতেষু চেতনাচেতনেষু বিরোহন্তি ইতি বীরুধঃ

ক্রমসন্দর্ভঃ।

জিহাসুরিত্যত্র কলেবর শব্দস্য প্রপঞ্চ এবার্থঃ উপাসনা শাস্ত্রে তস্য তথা প্রসিদ্ধেঃ ॥ ১৯ ॥

নমু জায়াত্মজ রাতি মৎ সু নপ্রীতিযুক্তা ইত্যনেন স্বসম্বন্ধি ভক্তিঃ পরিত্যাজিতৈব পুনঃ কথমুপদিশ্যতে। তত্রাহ মহীয়াংসমিতি। মহৎ সঙ্গং দ্বারমাহুরিত্যাদিনা তেষাং মহতাং সঙ্গ উপদিষ্টঃ তেষামপি মধ্যে শ্রেষ্ঠমিত্যর্থঃ। অতএবাক্লিষ্ট বুদ্ধ্যা সুখমেব মন্বেত্যর্থঃ ॥ ২০ ॥

ভূতেষ্বিত্যাদিকমুত্তরোত্তরশক্তি শ্রৈষ্ঠ্যাৎ দ্বিজদেবতানাস্তু স্বাদরণীয়ত্বাচ্ছ্রৈষ্ঠ্যং বিবক্ষিতং তচ্চ স্বোপকারিত্বমননেন ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভিন্নোঽর্থঃ। আরাদ্দূরতএব পৃষ্ঠে কৃতঃ ততঃ পরাঙ্মুখোঽহং তত্র মে ন মন ইত্যর্থঃ। অতো হেতোর্মামৃষভং সর্ব্বশ্রেষ্ঠং ॥ ১৯ ॥

হৃদয়েন উরসা জাতাঃ অতএব পুত্রা ঔরসা উচ্যন্তে ইত্যর্থঃ। সনাভং সোদরং ভরতং ভজধ্বং নমু গৃহেষু জায়াত্মজ রাতি মৎসু নপ্রীতিযুক্তা ইত্যনেন কলত্র পুত্র ভ্রাত্রাদিষ্বাসক্তিং নিষিদ্ধ্যাপি পুনস্তাং কিমিত্যুপদিশসীত্যত আহ মহীয়াংসং মহৎস্বপি শ্রেষ্ঠং মহৎসেবাং দ্বারমাহুর্বিমুক্তেরিত্যাদিনা ভক্তিহেতুত্বেন মহৎ সেবায়া ময়ৈবোক্তত্বাৎ। অক্লিষ্টবুদ্ধ্যেতি ভ্রাতৃত্বেন তুল্যৈরস্মাভিঃ কথময়ং ভজনীয় ইতি ব্যবহার দৃষ্টির্ন কার্য্যেতি ভাবঃ। নমু তব পরমেশ্বরত্বাৎ পিতৃত্বাচ্চ ত্বাং বয়ং ভজামঃ ভক্তি হেতুত্বেন নারদাদীন্ মহতঃ সেবে মহারাজপুত্রত্বাৎ প্রজাশ্চ পালয়াম ইতি চেত্তত্রাহ তদেব মে শুশ্রূষণং প্রজানাঞ্চ পালনং ভরতানুবৃত্ত্যৈব সর্ব্বং কৃতং স্যাদিতি মন্মতমিতি ভাবঃ ॥ ২০ ॥

ইদানীং ব্রাহ্মণাশ্চ সেব্যা ইত্যাশয়েন তেষাং সর্ব্বেভ্যঃ শ্রৈষ্ঠমাহ চতুর্ভিঃ। ভূতেষু মধ্যে বিরোহন্তীতি বিরুধঃ স্থাবরা উত্তমা উচ্চৈরতিশয়েনোত্তমাঃ তেভ্যোপি সর্পন্তীতি সরীসৃপা জঙ্গমাঃ তেষ্বপি সবোধনিষ্ঠা স্থিতির্যেষাং তে পশ্বাদয়ঃ। বিবুধানুগাঃ

আমি অধর্ম্মকে পশ্চাদ্ভাগে নিরাকৃত করিয়াছি। অতএব আর্য্য ব্যক্তিরা আমাকে ঋষভ (শ্রেষ্ঠ) বলিয়া থাকেন ॥ ১৯ ॥

তোমরা সকলে আমার শুদ্ধ সত্ত্বময় হৃদয় দ্বারা উৎপন্ন হইয়াছ অতএব মাৎসর্য্য পরিত্যাগ পূর্ব্বক স্থির চিত্ত হইয়া তোমাদের সহোদর এই মহত্তম ভরতের উপাসনা কর। বৎস সকল! ভরত তোমাদের জ্যেষ্ঠ সহোদর, ইহাঁর শুশ্রূষা করা তোমাদের কর্ত্তব্য, তাহাতেই তোমাদের প্রজা পালন প্রভৃতি কর্ত্তব্য কর্ম্ম সকল কৃত হইবে ॥ ২০ ॥

হে পুত্রগণ! ব্রাহ্মণদিগের সেবা করাও তোমাদের কর্ত্তব্য, যে হেতু চেতনাচেতন ভূত সকলের মধ্যে স্থাবর শ্রেষ্ঠ, স্থাবর অপেক্ষা সর্পাদি সরীসৃপ প্রাণী শ্রেষ্ঠ, সরীসৃপ অপেক্ষা পশ্বাদি ভাল, পশ্বাদি

দেবাসুরেভ্যো মঘবৎপ্রধানা দক্ষাদয়ো ব্রহ্ম সুতাস্তু তেষাং।
ভবঃ পরঃ সোঽথ বিরিঞ্চিবীর্য্যঃ স মৎপরোহং দ্বিজদেবদেবঃ॥ ২১॥
ন ব্রাহ্মণৈস্তুলয়ে ভূতমন্যৎ পশ্যামি বিপ্রাঃ কিমতঃ পরং নু।
যস্মিন্নৃভিঃ প্রহুতং শ্রদ্ধয়াহমশ্নামি কামং ন তথাগ্নিহোত্রে॥ ২২॥

শ্রীধরস্বামী।

স্থাবরাঃ উং উচ্চৈরতিশয়েন উত্তমাঃ। তেভ্যোপি যে সরীসৃপাঃ সর্পন্তি ইতি জঙ্গমা স্তে উত্তমা ইতি সর্ব্বত্রানুষঙ্গঃ। তেষপি সবোধনিষ্ঠা স্থিতির্যেষাং পশ্বাদীনাং তে কীটাদিভ্য স্ততস্তেষপি মনুষ্যাঃ। ততোপি প্রমথা ভূতপ্রেতাদয়ঃ। ততোপি গন্ধর্ব্ব স্তুতঃ সিদ্ধা স্ততোঽন্তে বিবুধানুগাঃ কিন্নরাদয় স্তেভ্যোঽসুরা দেবা অসুরেভ্যঃ সন্ধিরার্থঃ। দেবাশ্চ মঘবৎ প্রধানা দেবেভ্য ইন্দ্রঃ শ্রেষ্ঠ ইত্যর্থঃ ততোপি ব্রহ্মসুতা দক্ষাদয়ঃ। তেষাং মধ্যে ভবঃ পরঃ শ্রেষ্ঠঃ স ভবশ্চ বিরিঞ্চস্য বীর্য্যং শক্তিঃ কারণং যস্য স বিরিঞ্চিবীর্য্যঃ অতস্তজ্জনকত্বাৎ বিরিঞ্চ স্ততঃ পর ইত্যর্থঃ। স বিরিঞ্চো মৎপরঃ অহং পরোযস্য দ্বিজদেবা ব্রাহ্মণা এব দেবাঃ পূজ্যা যস্য সোঽহং॥ ২১॥

ব্রাহ্মণৈরন্যদ্ভূতং ন তুলয়ে সমং নপশ্যামি অতো ব্রাহ্মণাৎ পরং নু ভূতং কিং পশ্যামি ন কিঞ্চিৎ। বিপ্রা ইতি তত্রত্যানাং ব্রাহ্মণানাং সম্বোধনং সমত্বস্যৈবাভাবাৎ অধিকং কুতস্ত্যামিত্যর্থঃ। তত্র হেতুনাহ সার্দ্ধাভ্যাং। যস্মিন্ ব্রাহ্মণে শ্রদ্ধয়া প্রকর্ষেণ হুতমন্নাদি কামং যথেচ্ছং অহমশ্নামি॥ ২২॥

ক্রমসন্দর্ভঃ।

তথৈবাহ যস্মিন্নিতি। তদ্দ্বারৈব মম তৃপ্তিঃ স্যাদিত্যর্থঃ॥ ২১। ২২॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কিন্নরাদয়ঃ। তেভ্যোঽসুরা দেবাঃ অসুরেভ্যঃ সন্ধিরার্ষঃ। দেবাশ্চ মঘবৎ প্রধানাঃ দেবেভ্য ইন্দ্রঃ শ্রেষ্ঠ ইত্যর্থঃ। তত ইন্দ্রাদপি ব্রহ্মসুতা দক্ষাদয়ঃ তেষাং মধ্যে ভবঃ পরঃ শ্রেষ্ঠঃ সচ বিরিঞ্চিবীর্য্যঃ ব্রহ্মপুত্রঃ পুংস্ত্বমার্ষং তজ্জনকত্বাত্ততো ব্রহ্মা শ্রেষ্ঠ ইত্যর্থঃ। অত্র ব্রাহ্মণ ভক্তেঃ প্রক্রান্তত্বাৎ ব্রাহ্মণ্যৈনৈবাংশেন ভবাদ্বিরিঞ্চস্য শ্রৈষ্ঠ্যং বৈষ্ণব তয়া ঐশ্বর্য্যেণ চ ভবস্যৈব তস্মাৎ শ্রৈষ্ঠ্যমিতি জ্ঞেয়ং। স ব্রহ্মা মৎপরঃ অহং পরো যস্যেতি ব্রহ্মতোপ্যহং শ্রেষ্ঠ ইত্যর্থঃ। দ্বিজেষু দীব্যন্তীতি দ্বিজদেবা বিপ্রা এব দেবা যস্য সঃ। মত্তোপি পূজ্যা ব্রাহ্মণা ইত্যর্থঃ॥ ২১॥

ব্রাহ্মণৈরন্যদ্ভূতং ন তুলয়ে হে বিপ্রাঃ অতো ব্রাহ্মণেভ্যঃ পরং কিং পশ্যামি নৈব পশ্যামীত্যর্থঃ। তত্র হেতুমাহ যস্মিন্নিতি সার্দ্ধেন॥ ২২॥

অপেক্ষা মনুষ্য প্রধান, মনুষ্যদের অপেক্ষা ভূত প্রেতাদি প্রমথগণ উত্তম, প্রথমগণ অপেক্ষা গন্ধর্ব্বগণ শ্রেষ্ঠ, গন্ধর্ব্বগণ অপেক্ষা সিদ্ধগণ ভাল, সিদ্ধগণ অপেক্ষা দেবানুচর কিন্নরগণ উত্তম, কিন্নরগণ অপেক্ষা অসুরগণ প্রধান, অসুরগণ অপেক্ষা দেবতারা শ্রেষ্ঠ, দেবতাদের মধ্যে ইন্দ্র প্রধান, ইন্দ্র অপেক্ষা ব্রহ্ম-পুত্র দক্ষাদি উত্তম, দক্ষাদি অপেক্ষা ভগবান্ শঙ্কর মহৎ, ঐ শঙ্কর আবার ব্রহ্মার বলে বলবান, এ নিমিত্ত তাঁহা অপেক্ষা ব্রহ্মা শ্রেষ্ঠ, ব্রহ্মা আমার পরায়ণ, অতএব সেই ব্রহ্মা হইতে আবার আমি শ্রেষ্ঠ। আমিও ব্রাহ্মণদিগের পূজা করিয়া থাকি। অতএব ব্রাহ্মণেরা আমা অপেক্ষাও শ্রেষ্ঠ হওয়াতে সর্ব্বপূজ্য, এ নিমিত্ত তোমরা অবশ্য তাঁহাদের সেবা করিবে॥ ২১॥

অনন্তর অত্রস্থ ব্রাহ্মণদিগকে সম্বোধন পূর্ব্বক কহিলেন হে বিপ্রগণ। আমি কোন প্রাণিকে ব্রাহ্মণের সমানও দেখি না, অতএব ব্রাহ্মণ অপেক্ষা কেহই শ্রেষ্ঠ নাই। ব্রাহ্মণদিগকে কেন শ্রেষ্ঠ বলি শ্রবণ কর। মনুষ্যেরা ব্রাহ্মণ মুখে শ্রদ্ধা পূর্ব্বক প্রকৃষ্ট রূপ হোম করিলে তাহাতে আমার যেমন তৃপ্তিকর ভোজন হয়, অগ্নিহোত্র যজ্ঞে সমর্পণ করিলে আমার তদ্রূপ তৃপ্তিকর আহার হয় না॥ ২২॥

ধৃতা তনুরুশতী মে পুরাণী যেনেহ সত্ত্বং পরমং পবিত্রং ।
শমোদমঃ সত্যমনুগ্রহশ্চ তপস্তিতিক্ষানুভবশ্চ যত্র ॥ ২৩ ॥
মত্তোপ্যনন্তাৎ পরতঃ পরস্মাৎ স্বর্গাপবর্গাধিপতে র্ন কিঞ্চিৎ ।
যেষাং কিমু স্যাদিতরেণ তেষামকিঞ্চনানাং ময়ি ভক্তিভাজাং ॥ ২৪ ॥
সর্ব্বাণি মদ্ধিষ্ণ্য তয়া ভবন্তি শ্চরাণি ভূতানি সুতা ধ্রুবাণি ।

শ্রীধরস্বামী ।

মে তনু র্মূর্ত্তির্বেদাখ্যা যেন ব্রাহ্মণেন ইহ লোকে ধৃতা যত্রচ ব্রাহ্মণে সত্ত্বাদয়োঽষ্টৌ গুণাঃ সন্তি ততঃ পরং কিং পশ্যামীত্যন্বয়ঃ ॥২৩
নিস্পৃহত্বমাহ মত্তোপি যেষাং ন কিঞ্চিৎ প্রার্থনীয়মস্তি তেষামিতরেণ রাজ্যাদিনা কিমু স্যাৎ ন কিমপি ॥ ২৪ ॥
তদেবং ব্রাহ্মণ সম্মানং বিধায় ইদানীং সর্ব্বভূত সম্মানং বিধত্তে সর্ব্বাণীতি । হে সুতাঃ সর্ব্বাণি জঙ্গমানি স্থাবরাণি চ ভূতানি

ক্রমসন্দর্ভঃ

সাচ কুতস্তত্রাহ ধৃতেতি । তদ্দ্বারেণৈব কারণং সত্ত্বমিতি । সত্ত্বমন্তঃকরণং পবিত্রং বিশুদ্ধং অনুগ্রহো ভূতদয়া তপঃ স্বধর্ম্মঃ অনুভবঃ শ্রীভগবতঃ ॥ ২৩ ॥
দ্বিজদেবত্বে কারণবিশেষমাহ মত্ত ইতি মত্তোঽপি সকাশাৎ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

মম তনুর্বেদাখ্যা যেন ইহ লোকে ধৃতা যত্রচ ব্রাহ্মণে সত্ত্বাদয়োঽষ্টৌ গুণাঃ সন্তি ততঃ পরং কিং পশ্যামীত্যন্বয়ঃ ॥ ২৩ ॥
ততো মদ্ভক্তাঃ শ্রেষ্ঠাস্তে সর্ব্বত এবাধিক্যেনারাধনীয়া ইত্যাহ মত্তঃ সকাশাদ্যেষাং ন কিঞ্চিৎ প্রয়োজনং প্রার্থনীয়মস্তি অনন্তাদিত্যত এবানন্তৈশ্বর্য্যমাধুর্য্য গুণোঽহমেব প্রভুর্যেষাং প্রয়োজনত্বেন বর্ত্তে ইতি ভাবঃ । ইতরেণ ব্রহ্মাদিনা অকিঞ্চনানাং অহন্তাস্পদ মমতাস্পদয়োর্ম্মহমেব দত্তস্থান্নবিদ্যতে কিঞ্চনাপি যেষামিত্যর্থঃ । ময়ি ভক্তিঃ প্রেমা তামেব ভজতাং প্রতিক্ষণং প্রাপ্নুবতামিত্যর্থঃ । অতএব তথা বুভুক্ষুভিস্তে নিত্যমারাধনীয়া ইতি ভাবঃ । তৃতীয়েপি ব্রাহ্মণেভ্যোপি সকাশাদ্ভক্তাঃ শ্রেষ্ঠা উক্তাঃ শ্রীকপিলদেবেন যথা তস্মান্ময্যর্পিতাশেষক্রিয়ার্থাত্মা নিরন্তরঃ । ময্যর্পিতাত্মনঃ পুংসো ময়ি সংন্যস্ত কর্ম্মণঃ । ন পশ্যামি পরং ভূতমকর্ত্তুঃ সমদর্শনাদিতি ॥ ২৪ ॥
স্পর্দ্ধাবজ্ঞাদি দোষ শান্ত্যর্থং সর্ব্বভূত সংমাননং বিধত্তে । সর্ব্বাণি ভূতানি মদ্ধিষ্ণ্যতয়া মদধিষ্ঠান তয়া হে সুতাঃ ধ্রুবাণি স্থাবরাণিচ ভবদ্ভিঃ সংভাবিতব্যানি ধ্যেয়ানি । বিবিক্তা মৎসরাদি দোষরহিতা দৃগ্দৃষ্টি র্যেষাং তৈঃ তদেব হিত্বা যুষ্মাভি র্মমার্হণ

ফলতঃ যাঁহারা ইহলোকে আমার পরম রমণীয়া বেদময়ী মূর্ত্তি ধারণ করিয়াছেন এবং যাঁহাদের মধ্যে পরম পবিত্র সত্ত্বগুণ এবং শম, দম, সত্য, অনুগ্রহ, তপস্যা, তিতিক্ষা ও প্রতাপ, এই অষ্টগুণ বিরাজ মান, সেই সকল ব্রাহ্মণ অপেক্ষা আমি কাহাকে শ্রেষ্ঠ দেখিব ॥ ২৩ ॥

অপর ব্রাহ্মণদিগের তুল্য কাহাকে নিঃস্পৃহও দেখিতে পাই না । আমি যে অনন্ত ও পরাৎপর এবং স্বর্গ ও অপবর্গের অধিপতি, আমার নিকটেও তাঁহাদের কিছুমাত্র প্রার্থনীয় নাই, ইহাতে তাঁহা-দের রাজ্যাদি লিপ্সা কি রূপে সম্ভবিবে ? কখনই প্রার্থনীয় হইতে পারে না । ফলতঃ তাঁহারা অকিঞ্চন, কেবল আমাতেই ভক্তি করিয়া থাকেন, তাঁহাদের কি রূপেই বা অন্য প্রার্থনীয় হইবার সম্ভাবনা হইবে ॥ ২৪ ॥

হে পুত্র সকল ! স্থাবর জঙ্গম প্রভৃতি যে সমস্ত ভূত আছে সে সকলকেও আমার অধিষ্ঠান জানিয়া তোমরা ক্ষণে ক্ষণে সম্মান করিও, তৎকালে তোমাদের দৃষ্টি যেন মৎসরাদি দোষ শূন্য হয়, হে বৎস

সম্ভাবিতব্যানি পদেপদে বো বিবিক্ত দৃগ্ভিস্তদুহার্হণং মে ॥ ২৫ ॥
মনোবচোদৃক্ করণেহিতস্য সাক্ষাৎ কৃতং মে পরিবর্হণং হি।
বিনা পুমান্ যেন মহা বিমোহাৎ কৃতান্তপাশান্নবিমোক্তুমীশেৎ ॥ ২৬ ॥
শ্রীশুক উবাচ ॥
এবমনুশাস্যাত্মজান্ স্বয়মনুশিষ্টানপি লোকানুশাসনার্থং মহানুভাবঃ পরমসুহৃদ্ভগবানৃষভাপদেশ উপশম শীলানামুপরত কর্ম্মণাং মহামুনীনাং ভক্তিজ্ঞান বৈরাগ্য লক্ষণং পারমহংস্যং ধর্ম্মমুপশিক্ষমাণঃ স্বতনয় শতজ্যেষ্ঠং পরমভাগবতং ভগবজ্জন পরায়ণং ভরতং ধরণিপরিপালনায়াভিষিচ্য স্বয়ং ভবন এবোর্ব্বরিত শরীমাত্র পরিগ্রহ উন্মত্ত ইব গগন পরিধানঃ প্রকীর্ণকেশ আত্মন্যারোপিতাহবনীয়ো ব্রহ্মাবর্ত্তাৎ প্রবব্রাজ ॥ ২৭ ॥

শ্রীধরস্বামী।

মদধিষ্ঠান তয়া বোযুষ্মাভিঃ সম্মাননীয়ানি পদে পদে ক্ষণে ক্ষণে বিবিক্তা পূতা মৎসরাদি রহিতা দৃষ্টির্যেষাং তৈঃ তদেবহি মমার্হণং ॥ ২৫ ॥

সর্ব্ব কর্ম্মণামীশ্বরার্পণং বিধত্তে মনোবচো দৃশামন্যেষাঞ্চ করণানামীহিতস্য ব্যাপারস্য মে পরিবর্হণং আরাধনমেব সাক্ষাৎ কৃতং ফলং যেন পরিবর্হণেন বিনা কালপাশাদ্বিমোক্তুং নেশীত সমর্থো ন ভবেৎ ॥ ২৬ ॥

স্বতএব সুশিক্ষিতানপি লোকানুশাসনার্থং অনুশাস্য মুনীনাং পারমহংস্যং ধর্ম্মমুপশিক্ষয়িষ্যন্ ভরতমভিষিচ্য ঋষভ ইত্যপদেশো-নাম যস্য স ভগবান্ ব্রহ্মাবর্ত্তাৎ স্বদেশাৎ প্রবব্রাজ ইত্যন্বয়ঃ। উর্ব্বরিতোঽবশিষ্টঃ শরীরমাত্রং পরিগ্রহো যস্য ॥ ২৭ ॥

ক্রমসন্দর্ভঃ।

তদুহ তদপীত্যর্থঃ ॥ ২৫ ॥
সাক্ষাৎ কৃতং পুরতঃ করণং সমর্পণমিত্যর্থঃ ॥ ২৬ ॥ এবমিতি ভক্তিশিক্ষাত্র ভরতদ্বারা জ্ঞেয়া ॥ ২৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মিতি পৃথগ্বাক্যমতো য ইত্যস্য ন পৌনরুক্ত্যং ॥ ২৫ ॥
সমাসেন ভক্তের্লক্ষণং তাং চ বিনা নিস্তারাভাবং চ বদন্নুপসংহরতি। মনো বচোদৃশামন্যেষাঞ্চ করণানাং যথাবদীহিতঞ্চ দেহব্যাপারশ্চ মে সাক্ষাৎ কৃতং সাক্ষান্মৎ সম্বন্ধিত্বেন যৎ করণং প্রবৃত্তি স্তদেব মে পরিবর্হণমারাধনমিত্যর্থঃ। যেন পরিবর্হণেন বিনা ॥ ২৬ ॥
উপশিক্ষমাণঃ উপশিক্ষয়িষ্যন্ উর্ব্বরিতোঽবশিষ্টঃ শরীরমাত্র পরিগ্রহো যস্য সঃ ॥ ২৭। ২৮ ॥

গণ! সর্ব্বভূতের প্রতি সম্মান করাই আমার পূজা ॥ ২৫ ॥

এবং আমার পূজাই মনঃ বাক্য চক্ষুঃ ও অন্যান্য ইন্দ্রিয় ব্যাপারের সাক্ষাৎ ফল। আমার উপাসনা ব্যতীত কোন পুরুষ মহামোহময় কৃতান্তপাশ হইতে কদাপি মুক্ত হইতে পারে না ॥ ২৬ ॥

শুকদেব কহিলেন হে রাজন্! মহানুভাব পরম সুহৃদ্ ভগবান্ ঋষভদেব যদিও আপনার পুত্রগণ স্বয়ং সুশিক্ষিত তথাপি লোকদিগের অনুশাসনার্থ তাঁহাদিগকে ঐ প্রকার উপদেশ দিয়া আপনি উপ-শমশীল উপরতকর্ম্মা মহামুনিদিগের ভক্তিজ্ঞান বৈরাগ্য লক্ষণ পারমহংস্য ধর্ম্ম শিক্ষা করিবার মানসে আপনার শত পুত্রের মধ্যে সর্ব্বজ্যেষ্ঠ পরম ভাগবত ভগবজ্জন পরায়ণ ভরতকে ধরণীতল পালনার্থ রাজ্যে অভিষিক্ত করিলেন, পরে তাঁহার শরীর মাত্র পরিগ্রহ অবশিষ্ট রহিল, অতএব উন্মত্তের ন্যায় নগ্ন বাসা ও বিমুক্ত কেশ হইয়া আহবনীয় অগ্নি আপনাতেই সংস্থাপন পূর্ব্বক প্রব্রজ্যাশ্রমে প্রবেশার্থ ব্রহ্মাবর্ত্ত দেশ হইতে প্রস্থান করিলেন ॥ ২৭ ॥

জড়ান্ধ-মূক বধির পিশাচোন্মাদবদবধূতবেশোঽভিভাষ্যমাণোপি জনানাং গৃহীতমৌনব্রত-স্তূষ্ণীং বভূব ॥ ২৮ ॥

তত্র তত্র পুরগ্রামাকর খেট বাট শিবির ব্রজ ঘোষ সার্থ গিরি বনাশ্রমাদিষ্বনুপথমবনিচরাপসদৈঃ পরিভূয়মানো মক্ষিকাভিরিব বনগজস্তর্জনতাড়নাবমেহন ষ্ঠীবন গ্রাব শকৃদ্রজঃ প্রক্ষেপ পূতিবাত দুরুক্তৈস্তদবিগণয়ন্নেব সৎ সংস্থান এতস্মিন্ দেহোপলক্ষণে সদপদেশ উভয়ানুভব

শ্রীধরস্বামী ।

অভিভাষ্যমাণোপি জনানাং মধ্যে জড়াদিবৎ বর্ত্তমানস্তূষ্ণীং বভূব অবধূতস্যেব বেশো যস্য ॥ ২৮ ॥

দিভিঃ স্বপালকেষু ভ্রাত্রাদিষু তৎপ্রতিবেশিতেষুচ। কর্ম্মিত্বাদ্রাজসেষপি কৃপাঙ্কুরৈব যতো বহুকালমপি তেভ্যঃ স্বদর্শনং দদৌ। তথৈব বৃষলরাজে দুরাচার সত্ত্বাদতিতামসে স্বঘাতকেপি কৃপাঙ্কুরৈব যতস্তেনাপি প্রকারেণ স্বস্য দেব্যাশ্চ সাক্ষাদ্দর্শনং জন্মান্তরেপি তন্মুক্তিকারণং কারয়ামাসৈব। তথৈব রহূগণে জ্ঞানিত্বাৎ সাত্বিকে রাজস্যোচিত রজসা শিবিকাং বাহয়ত্যপি কৃপাঙ্কুরেতি তত্র রজস্তমসোঃ প্রকাশকত্বাভাবাদারাৎ সত্ত্বস্তু প্রকাশকত্বাৎ রহূগণ এব ভরতস্য ভক্তিজ্ঞানাদি প্রকাশো ন পূর্ব্বয়োরিতি জ্ঞাপয়ন্ তদুপাখ্যানমারভতে অথেতি পরম হংসত্বেন সর্ব্বত্র তস্য সাম্যস্যৌচিত্যেপি মহাভাগবতত্বাদেব কৃপা ব্যাখ্যেয়া ভরতস্য ভক্তি জ্ঞান বৈরাগ্যাদিকং ভগবৎ কৃপয়া শতগুণী বভূবেতি এতৎ কথং জ্ঞায়েতেত্যেতদর্থং রহূগণোপাখ্যানমিতিচ কেচিদাহুঃ। সিন্ধুসৌবীরদেশয়ো নৃপস্য তেষাং শিবিকাবাহানাং কুলপতিনা ॥ ১ ॥

পীবা পুষ্টাঙ্গঃ সংহননাঙ্গো বলিষ্ঠশ্চ প্রসভং বলাৎ কৃতং যথাস্যাত্তথা গৃহীতঃ। অলং সমর্থ ইতি মনসি বিভাব্যেত্যর্থঃ ॥ ২ ॥

হিংসাপরিহারার্থমিষুমাত্র প্রদেশাবলোকনানন্তরমেব যা গতি স্তস্যা হেতোঃ পুরুষাণাং গতি র্নসমাহিতা নসম্যগাহিতা একরূপা নাভূৎ ॥ ৩ ॥

শুকদেব কহিলেন হে রাজন্! একদা সিন্ধু ও সৌবীর দেশের রাজা রহূগণ শিবিকারোহণ করিয়া গমন করিতে ছিলেন। তাঁহার প্রধান বাহক ইক্ষুমতী নদীর তীরে উপস্থিত হইয়া যখন অন্য শিবিকাবাহক অন্বেষণ করে তখন যেন দৈব আনিয়া উপস্থিত করিয়াদিল, এ রূপে সে ব্যক্তি ঐ দ্বিজবর জড় ভরতকে তথায় দেখিতে পাইল ॥ ১ ॥

সে তাঁহাকে দেখিয়া মনো মধ্যে বিবেচনা করিতে লাগিল এই ব্যক্তিকে স্থূলকায় ও দৃঢ়াঙ্গ দেখিতেছি, বোধ হয় এ ব্যক্তি বৃষ অথবা গর্দ্দভের তুল্য ভার বহন করিতে পারিবে সন্দেহ নাই, এই রূপ স্থির করণানন্তর যে সকল বাহককে বল দ্বারা ধরিয়া শিবিকা বহন করাইতেছিল তাহাদের সহিত তাঁহাকে বলে ধরিয়া বাহকতায় নিযুক্ত করিল, মহানুভাব ভরত যদিও বাহকতা কার্য্যে অযোগ্য ছিলেন, তথাপি অন্য বাহকদের সঙ্গে শিবিকা বহন করিয়া চলিলেন ॥ ২ ॥

পাছে কোন প্রাণির প্রাণহিংসা হয় এ নিমিত্ত ভরত বাণ নিক্ষেপ করিলে যত দূরে পড়ে, তাবৎ

রহূগণ উপধার্য্য পুরুষানধিবহত আহ হে বোঢ়ারঃ সাধ্বতিক্রান্ত কিমিতি বিষমমুদ্বহতে যানমিতি ॥ ৩ ॥

অথ ত ঈশ্বর বচঃ সোপালম্ভমুপাকর্ণ্যোপায়াত্তুরীয়াৎ শঙ্কিত মনসস্তং বিজ্ঞাপয়াম্বভূবুঃ ॥ ৪ ॥

ন বয়ং নরদেব প্রমত্তা ভবন্নিয়মানুপথাঃ সাধ্বেব বহামঃ অয়মধুনৈব নিযুক্তোপি ন দ্রুতং ব্রজতি নানেন সহ বোঢ়ুমুহ বয়ং পারয়াম ইতি ॥ ৫ ॥

সাংসর্গিকো দোষ এব নূনমেকস্যাপি সর্ব্বেষাং সাংসর্গিকাণাং ভবিতুমর্হতীতি নিশ্চিত্য নিশম্য কৃপণবচো রাজা রহূগণ উপাসিত বৃদ্ধোপি নিসর্গেণ বলাৎকৃত ঈষদুত্থিত মন্যুরবিস্পষ্ট ব্রহ্ম তেজসং জাতবেদসমিব রজসাবৃতমতিরাহ ॥ ৬ ॥

অহোকষ্টং ভ্রাতর্ব্যক্তমুরুপরিশ্রান্তোদীর্ঘমধ্বানমেক উহিবান্ সুচিরং নাতিপীবা নসংহন

শ্রীধরস্বামী।

সোপালম্ভং সাক্ষেপং সাম দান ভেদ দণ্ডেষু উপায়েষু চতুর্থাচ্ছঙ্কিতচিত্তাঃ ॥ ৪ ॥

ভবন্নিয়মানুপথা ত্বদাজ্ঞানুবর্ত্তিনঃ ন পারয়ামঃ ন শক্নুমঃ ॥ ৫ ॥ কৃপণানাং বচো নিশম্য সাংসর্গিকঃ সংসর্গ নিমিত্ত একস্যাপি দোষঃ সর্ব্বেষামেব ভবিতুমর্হতীতি নিশ্চিত্য রহূগণ আহ ইত্যন্বয়ঃ। কথম্ভূত উপাসিতা বৃদ্ধা যেন সোপি স্বভাবেন বলাৎ পরবশঃ কৃতঃ সন্ কথং ভূতং প্রত্যাহ নবিস্পষ্টং ব্রহ্মতেজো যস্মিন্ ভস্মনাচ্ছন্নমগ্নিমিব স্থিতং ॥ ৬ ॥

ভ্রাতরিতি সম্বোধনং আক্ষেপাভিপ্রায়ং ব্যক্তং নিশ্চিতং উরু অধিকং পরিশ্রান্তোসীত্যাদীনি বিপরীতার্থানি বক্রবাক্যানি

ক্রমসন্দর্ভঃ।

পরিশ্রান্তোসীতি টীকাদৃষ্টমপি। সর্ব্বত্র নাস্তি। পরিশ্রান্ত ইত্যেব সর্ব্বত্র পাঠঃ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ঈশ্বরস্য রাজ্ঞোবচঃ সোপালম্ভং সাক্ষেপং। উপায়েষু সামদান ভেদ দণ্ডেষু মধ্যে তুরীয়াৎ চতুর্থাৎ দণ্ডাৎ ॥ ৪ ॥

ন বয়ং প্রমত্তাঃ কিন্তু ভবদাজ্ঞানুবর্ত্তিনএব ॥ ৫ ॥

নিসর্গেণ রাজত্বাদ্রাজস স্বভাবেন বলাৎ কৃতঃ বলাৎকার বিষয়ী কৃতঃ জাতবেদসমগ্নিং ভস্মাচ্ছাদিতমিব ॥ ৬ ॥

ভ্রাতরিত্যাক্ষেপাভিপ্রায়ং সংবর্ট্টিনঃ সঙ্গিনঃ বিপ্রলব্ধঃ বিপরীত লক্ষণয়া উপহসিতঃ তেন ত্বং নশ্রান্তোসি যতোঽধুনৈবাত্র

পরিমিত স্থান নিরীক্ষণ করিয়া পশ্চাৎ পাদ ক্ষেপণ করিতেন। তাঁহার এই প্রকার গমন অভ্যাস থাকাতে সকল বাহকের এক রূপ গতি হইল না সুতরাং শিবিকা বিষম হইয়া পড়িতে লাগিল। রহূগণ তাহা অবধারণ করিয়া বাহকদিগের প্রতি রোষ প্রকাশ পূর্ব্বক কহিলেন। অরে! তোরা সমান হইয়া চলিতেছিস্ না কেন? শিবিকা যে বিষম হইয়া যাইতেছে? ॥ ৩ ॥

বাহকেরা রাজার সাক্ষেপ বচন শ্রবণ করিয়া চতুর্থ উপায় যে দণ্ড তাহার ভয়ে শঙ্কিত হইল এবং বিনীত ভাবে নিবেদন করিল ॥ ৪ ॥

হে নরদেব! আমরা অনবধান নহি, আমরা আপনকার আজ্ঞানুবর্ত্তী হইয়া ভাল করিয়াই বহন করিতেছি, কিন্তু এই যে ব্যক্তি অধুনা নিযুক্ত হইয়াছে এ দ্রুত চলিতে পারিতেছে না ইহার সহিত আমরা বহন করিতে পারিব না ॥ ৫ ॥

রাজা রহূগণ বাহকদিগের এই কথা শুনিয়া নিশ্চয় করিলেন, একের সংসর্গ দোষে সকল সঙ্গিদিগকে দোষী হইতে হয় সত্য, অতএব যদিও আপনি বৃদ্ধসেবী ছিলেন তথাচ স্বভাবের পরবশ হওয়াতে তাঁহার ঈষৎ ক্রোধোদয় হইল। রজোগুণে আচ্ছন্ন বুদ্ধি হইয়া ভস্মাচ্ছন্ন বহ্নির ন্যায় যাঁহার ব্রহ্ম তেজঃ অবিস্পষ্ট ছিল, সেই ভরতকে ভৎর্সনা করত সশ্লেষ বাক্যে কহিলেন ॥ ৬ ॥

হা কষ্ট! অহে ভাই! আমার নিশ্চয় বোধ হইতেছে তুমি বড় শ্রান্ত হইয়াছ, একাকী অনেকক্ষণ

সাঙ্গো জরসা চোপক্রান্তো ভবান্ সখে ন এবাপর এতে সংঘট্টিন ইতি বহু বিপ্রলব্ধোপ্য
বিদ্যয়া রচিত দ্রব্যগুণ কর্ম্মাশয়ে স্বচরম কলেবরে বস্তুনি সংস্থান বিশেষেহহং মমেত্যনধ্যা
রোপিত মিথ্যাপ্রত্যয়ো ব্রহ্মভূতস্তূষ্ণীং শিবিকাং পূর্ব্ববদুবাহ । অথ পুনঃ স্বশিবিকায়াং বিষ
মগতায়াং প্রকুপিত উবাচ রহূগণঃ ॥ ৭ ॥
কিমিদমরে ত্বং জীবন্মৃতোসি মাং কদর্থীকৃত্য ভর্তৃশাসনমতি চরসি ॥ ৮ ॥

শ্রীধরস্বামী ।

উহিবান্ প্রাপিতবান্ তত্রাপি সুচিরং জরসাচ বৃদ্ধত্বেন । সংঘট্টিনঃ সহচরাঃ বহু যথা ভবত্যেবং বিপ্রলব্ধোপি বক্রোক্ত্যা উপহসিতোপি তূষ্ণীমুবাহেত্যন্বয়ঃ । তূষ্ণীম্ভাবে হেতুঃ অবিদ্যয়া রচিতা দ্রব্যাদয়ো যস্মিন্ তস্মিন্ স্ব চরম কলেবরেহনধ্যারোপিতঃ মিথ্যা প্রত্যয়ো যেন । তত্র দ্রব্যাণি ভূতানি গুণা ইন্দ্রিয়াণি কর্ম্মাণি পুণ্য পাপানি আশয়ো হন্তঃকরণং যতো ব্রহ্মভূতঃ ॥ ৭ ॥
মামনাদৃত্য ভর্তুঃ স্বামিনো মম শাসনমাজ্ঞামতিক্রামসি ॥ ৮ ॥

ক্রমসন্দর্ভঃ ।

ব্রহ্মভূতঃ দেহত্বয়াবেশ রহিতঃ ॥ ৭ । ৮ । ৯ । ১০ । ১১ । ১২ । ১৩ । ১৪ । ১৫ । ১৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

নিযোজিতঃ । অতিপীবা ভবসি দৃঢ়াঙ্গাশ্চ ভবসি যুবাচাসি এতে অপ্তে তব সঙ্গিনশ্চ তদপি বিরুদ্ধ গত্যা বোঢ়ুং নশক্নোমীতি ময়ি রাজন্যপি দুষ্টতাং কিং প্রকাশয়সীত্যর্থঃ । বিপ্রলব্ধোপি তূষ্ণীমুবাহ । তত্র হেতুঃ । অবিদ্যয়া মায়য়া রচিতা দ্রব্যাদয়ো যস্মিন্ তত্র স্ব চরম কলেবরেণ অধ্যারোপিতো মিথ্যাপ্রত্যয়ো যেন তত্র দ্রব্যাণি ভূতানি গুণা ইন্দ্রিয়াণি কর্ম্মাণি পুণ্য পাপানি আশয়োহন্তঃকরণং অবস্তুনি কলেবরস্থ প্রাধানিকত্বেন বস্তুত্বেপি স্বস্য তৎ সম্বন্ধাভাবাদেবেতি ভাবঃ । যতো ব্রহ্মভূতঃ যদ্যপি ভরতস্য তচ্ছরীরং শুকদেবাদীনামিবাপ্রাকৃতত্বাদনশ্বরং নিত্যমেব তদপি তস্য তদানীমুৎপন্ন প্রেমত্বাদেব ভগবন্তং বিনা অন্যত্র স্বদেহাদৌ মমত্বাসম্ভবাৎ তদানীং তেন দেহেন সাক্ষাৎ সেবা অলাভাদৌৎকণ্ঠ্য বৃদ্ধ্যাতি দৈন্যেনাহং স্বস্যানর্পণাৎ সর্ব্বজ্ঞত্বেপি তত্র স্বদেহে প্রাকৃতত্বজ্ঞানমেবাত স্তৎ সম্মত্যা শ্রীশুকদেবেনাপি তৎ প্রাকৃতমিব বর্ণিতং বস্তু তত্ত্ব স্ব সম্মত্যা তদপ্রাকৃতমেব ব্যাখ্যাতং সা ব্যাখ্যাচ যথা অবিদ্যয়া মায়য়া ন বিহিতা দ্রব্যগুণ কর্ম্মাশয়া যত্র তথা ভূতে স্বস্য চরমেহবশিষ্টে পূর্ব্ব পূর্ব্বেভ্যোনষ্টেভ্যঃ কলেবরেভ্যোহবশিষ্টেহনশ্বরে ইত্যর্থঃ । যথা সুষ্ঠু অচরমে অনিকৃষ্টে কলেবরে কর্ম্মারব্ধত্বাভাবাদবস্তুনি পরম সত্যে সম্যগবস্থান বিশেষো বৈকুণ্ঠলোকো যস্ত তস্মিন্নপি প্রেমোত্থদৈন্যোদয়াদেব প্রাকৃতদেহ ইব অহং মমেতি ন অধ্যারোপিতো মিথ্যাপ্রত্যয়ো যেন সঃ ॥ ৭ । ৮ । ৯ ॥

অনেক পথ বহন করিয়া আসিলে ! তোমার শরীর যে কৃশ দেখিতেছি এবং অঙ্গ সকলও ত দৃঢ় বোধ হইতেছে না, তোমাকে কি জরা আক্রমণ করিয়াছে ? হে সখে ! এ সকল ব্যক্তি কি তোমার সহচর নহে ? রহূগণ বক্রোক্তি দ্বারা এই প্রকার তিরস্কার করিতে থাকিলে ভরত তাঁহাকে কিছুমাত্র উত্তর করিলেন না, তূষ্ণীম্ভূত হইয়াই পূর্ব্ববৎ শিবিকা বহন করিতে লাগিলেন । হে রাজন্ ! ভরতের মৌনী হইবার কারণ এই, তিনি ব্রহ্ম স্বরূপ হওয়াতে আপনার চরম কলেবর যাহাতে ভূত, ইন্দ্রিয়, কর্ম্ম (পাপ পুণ্য) অন্তঃকরণ, অবিদ্যা দ্বারা রচিত হইয়াছিল, তাহাতে "আমি আমার" এ রূপ মিথ্যা জ্ঞান পরিত্যাগ করিয়াছিলেন । সে যাহা হউক, তিনি শিবিকা বহন করিতে থাকিলে পুনর্ব্বার ঐ ঐ শিবিকা বিষম হইয়া চলিল, তাহাতে রাজা রহূগণ সাতিশয় রোষ পরবশ হইয়া কহিলেন ॥ ৭ ॥
অরে ! এ কি ? তুই জীবন সত্তে মৃত না কি ? আমাকে অনাদর করিতেছিস্, আমি তোর প্রভু, আমার আজ্ঞা লঙ্ঘন করিলি ? ॥ ৮ ॥

প্রমত্তস্যচ তে করোমি চিকিৎসাং দণ্ডপাণিরিব জনতায়া যথা স্বাং প্রকৃতিং ভজিষ্যসীতি ॥ ৯ ॥
এবং বহ্ববদ্ধমভিভাষমাণং নরদেবাভিমানং রজসা তমসানুবিদ্ধেন মদেন তিরস্কৃতাশেষ ভগবৎ প্রিয়নিকেতং পণ্ডিতমানিনং স ভগবান্ ব্রাহ্মণো ব্রহ্মভূতঃ সর্ব্বভূতসুহৃদাত্মা যোগেশ্বর চর্য্যায়াং নাতিব্যুৎপন্নমতিং স্ময়মান ইব বিগতস্ময় ইদমাহ ॥ ১০ ॥
শ্রীব্রাহ্মণ উবাচ ॥
ত্বয়োদিতং ব্যক্তমবিপ্রলব্ধং ভর্ত্তুঃ স মে স্যাদ্যদি বীর ভারঃ।

শ্রীধরস্বামী।

চিকিৎসাং শাস্তিং দণ্ডপাণি র্যমো যথা জনসমূহস্য শাস্তিং করোতি যথা স্বাং প্রকৃতিং অপ্রমত্ততাং ॥ ৯ ॥
অবদ্ধমনন্বিতং নরদেবোহমিত্যভিমানোযস্য তং অনুবিদ্ধেন সংগুণিতেন তিরস্কৃতো শেষঃ সম্পূর্ণঃ ভগবতঃ প্রিয়ো নিকেতঃ আশ্রয়ো যেন তং। যদ্বা অশেষাণাং ভগবৎ প্রিয়াণাং নিকেতঃ সর্ব্বেষাং ভূতানাং সুহৃচ্চ আত্মাচ যোগেশ্বরাণাং চর্য্যা জড়াদিবৎ আচরণং তস্যাং নাত্যন্ত ব্যুৎপন্না পরিচিতা মতির্যস্য তং স্ময়মানো হসন্নিবেতি মুখপ্রসত্তি র্দ্যোত্যতে বিগতস্ময়ো গতগর্ব্বঃ ॥ ১০ ॥
তত্র বক্রোক্ত্যা যদুক্তং ন শ্রান্তঃ নচ দীর্ঘমধ্বানমাগতঃ ইতি তত্রোত্তরমাহ ত্বয়া যদুদিতং শ্রমাদি নাস্তীতি তদ্ব্যক্তং স্ফুটং তথৈব অবিপ্রলব্ধং বিপ্রলম্ভো ন ভবতি তদেবাহ হে বীর যদি ভারো নাম কশ্চিৎ স্যাৎ সচ ভর্ত্তুর্ব্বোঢ়ুর্দ্দেহস্য যদি স্যাৎ সচ মে যদি প্রসক্তঃ স্যাৎ তর্হি ইদানীং ভারাভাবাৎ বিপ্রলম্ভঃ স্যাৎ নত্বেতদস্তি ভারস্য বোঢ়ুশ্চানিরূপ্যত্বাৎ মমচ তৎ সম্বন্ধাভাবাৎ তথা গন্তুরধিগম্যং প্রাপ্যং অধ্বা বা যদি স্যাৎ; অদ্ধেতি পাঠে সাক্ষাৎ পরমার্থতঃ। তচ্চ মে যদি স্যাদিত্যাদি যোজ্যং। যচ্চোক্তং

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অবদ্ধমনন্বিতং অনুবিদ্ধেন গ্রথিতেন তিরস্কৃতঃ অশেষঃ সংপূর্ণো ভগবতঃ প্রিয়ো নিকেত আশ্রয়ো ভরতাখ্যো যেন তং। সর্ব্বভূত সুহৃৎ স্বরূপঃ স্বাপরাধিন্যপি কৃপালুরিত্যর্থঃ। পণ্ডিতমানিনমিতি তস্য কিঞ্চিন্মাত্র জ্ঞানিত্বং সর্ব্বজ্ঞত্বেনৈব জ্ঞাতেত্যর্থঃ। যোগেশ্বরাণাং চর্য্যা জড়াদিবদাচরণং তস্যাং তজ্জ্ঞানেনেত্যর্থঃ। স্ময়মান ইত্যসৌ স্বং জ্ঞানিনং জানাত্যথচাজ্ঞানিবদুক্তিরিতি ইবেতি তস্য বহিরনিক্রমাৎ বিগতস্ময়ঃ জ্ঞানিত্ব গর্ব্ব রহিতঃ ॥ ১০ ॥
জ্ঞানিমানিনমেনং জ্ঞানেনৈব পরাস্তীকৃত্য কৃপয়িষ্যামীত্যভিপ্রেত্যাহ ত্বয়োদিতমিতি তত্র বিরুদ্ধ লক্ষণয়া যদুক্তং ত্বয়া ত্বং ন শ্রান্তো ন দীর্ঘমধ্বানং আগত ইতি তদবিপ্রলব্ধং যথার্থমেব নত্বাক্ষেপঃ। যতো ভর্ত্তুঃ শিবিকা বাহকস্য ভারোযদি মে মম

তুই বড় প্রমত্ত, থাক, দণ্ডপাণি যম যেমন জন সকলের শাসন করেন, তেমনি আমি তোর প্রমত্ততার শাস্তি দিতেছি, তাহা হইলে আপনার প্রকৃতি (অপ্রমত্ততা স্বভাব) প্রাপ্ত হইবি ॥ ৯ ॥
হে রাজন্! পরীক্ষিৎ! সিন্ধু সৌবীরপতি রহূগণের আত্মাতে নরদেব ও পণ্ডিত বলিয়া অভিমান ছিল, অতএব রজঃ ও তমোগুণে বর্দ্ধিত মদে মত্ত হইয়া ঐ প্রকার অনেক অসঙ্গত বাক্য কহিয়া ভগবানের প্রিয় আশ্রয় ভরতকে তিরস্কার করিলে সেই ভরত যিনি সকল প্রাণির সুহৃদ্ ও আত্মা এবং পরম ব্রহ্ম স্বরূপ ব্রাহ্মণ হইয়াছিলেন, তিনি গর্ব্ব পরিত্যাগ পূর্ব্বক ঈষৎ হাস্য করিলেন। অহে পরীক্ষিৎ! যোগেশ্বরদিগের আচার কি প্রকার,এ বিষয়ে রহূগণের বুদ্ধি পরিচিতা ছিল না, এই কারণেই ভরতকে ঐ রূপ তিরস্কার করিলেন ॥ ১০ ॥

সে যাহা হউক, অনন্তর মহাত্মা ভরত রহূগণ রাজার বক্রোক্তি বচন সকল শ্রবণ করিয়া কহিলেন, অহে বীর! তুমি শ্লেষ করিয়া যাহা যাহা কহিলে সে সকল কথা বড় মিথ্যা নহে, কেন না যদি বহন কর্ত্তার কোন ভার থাকে এবং সেই ভার যদি বহন কারি আমার দেহের হয়। তথা গমন কর্ত্তার

গন্তর্ষদিস্থাদধিগম্যমথবা পীবেতি রাশৌ ন রিদাং প্রবাদঃ॥ ১১॥
স্থৌল্যং কার্শ্যং ব্যাধয় আধয়শ্চ ক্ষুত্তৃড্ ভয়ং কলিরিচ্ছা জরাচ।
নিদ্রারতি র্মন্যুরহং মদঃ শুচো দেহেন জাতস্য হি মে ন সন্তি॥ ১২॥
জীবন্মৃতত্বং নিয়মেন রাজন্নাদ্যন্তবদযদ্বিকৃতস্য দৃষ্টং।

শ্রীধরস্বামী।

নাতিপীবেতি তত্রাহ চৈতন্যমুদ্দিশ্য ত্বং পীবেতি প্রবাদো বিদাং বিদুষাং ন ভবতি কিন্তু মূর্খানাং। যতোহয়ং প্রবাদো রাশৌ ভূতসংঘে দেহে নত্বাত্মনি দেহএব পীনো নাহমিত্যর্থঃ॥ ১১॥

এতৎ প্রপঞ্চয়তি স্থৌল্যমিতি। কলিঃ কলহঃ। অহঙ্কারেণ মদঃ দেহেন সহ তদভিমানেন জাতস্য ভবন্তি। মমতু নিরভিমানস্য নসন্তি যদ্বা দেহে জাতে যোজাত স্তস্যৈব তানি মমতু তত্র নজাতস্য ন সন্তীতি॥ ১২॥

যচ্চোক্তং জীবন্মৃতোসি তত্রাপ্যাহ জীবন্মৃতত্বং ন কেবলং মম কিন্তু বিকৃতস্য সর্ব্বস্য পরিণামিনোদৃষ্টঃ। যদ্যস্মাৎ বিকৃতং প্রতিক্ষণমাদ্যন্তবৎ। যদুক্তং ভর্তৃশাসনমতিচরসীতি তত্রাহ স্বঞ্চ স্বাম্যঞ্চ তয়োর্ভাবঃ সত্তা হে ইড্য যত্র পক্ষে ধ্রুবো যদি ব্যবস্থিতঃ স্যাদিত্যর্থঃ। তর্হি বিধি র্নিয়োগঃ কৃত্যং কর্ম্ম তয়োর্যোগঃ ধ্রুব উচ্যতে উচিতো ভবতি উচ সমবায় ইতিধাতুঃ। যদিতু

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

স্যাত্তদা স বিপ্রলম্ভঃ স্যাদিতি সম্বন্ধঃ অহং দেহাদ্ভিন্নোবোঢ়েব ন ভবামীতি ভাবঃ। এবং গন্তরিত্যাদি অধিগম্যং প্রাপ্যং স্থানাদিকং অথবা বা। যত্ত্বয়োক্তং ত্বং পীবা ভবসীতি তৎ রাশৌ ভূতানাং রাশি রূপে দেহে বিদাং বিদুষাং প্রবাদো ন ভবতি কিন্তু সত্যমেব পীবত্বমিত্যর্থঃ। ময়ি চেতন স্বরূপেতু প্রবাদঃ কলঙ্ক এবেতি ভাবঃ॥ ১১॥

ন কেবলং পীবত্বমেব মে নাস্ত্যপি ত্বন্যেপি দেহ ধর্ম্মা ন বর্ত্তন্ত ইত্যাহ স্থৌল্যমিতি দেহেন সহ যো জাত স্তদভিমানী জীব স্তস্যৈবহি নিশ্চিতং সন্তি নতু মে নিরভিমানস্য॥ ১২॥

যচ্চোক্তং জীবন্মৃতোসীতি তত্রাপ্যাহ জীবন্মৃতত্বমিতি যদি ত্বয়া মম দেহাভিমানিত্বমেব নির্দ্ধারিতং তদপি জীবন্মৃতত্বং নিয়মেন মমৈব কেবলং ন কিন্তু সর্ব্বস্যৈব বিকৃতস্য পরিণামিনো দৃষ্টং প্রত্যক্ষমেব যদযস্মাদ্বিকৃতং প্রতিক্ষণমেবাদ্যন্তবৎ। যচ্চোক্তং ভর্ত্তৃশাসনমতি চরসীতি তত্রাহ। স্বঞ্চ স্বাম্যং স্বামিত্বঞ্চ তয়োর্ভাবো বিদ্যমানত্বং সচ যত্র যদা ধ্রুবঃ স্থিরঃ স্যাত্তর্হি বিধিকৃত্যো

যদি প্রাপ্য বস্তু থাকে, তাহা যদি আমার হইবার প্রসক্তি হয়, তাহা হইলে এক্ষণে ভার না থাকাতে তোমার ঐ সকল বাক্য বিরুদ্ধ হইতে পারে, কিন্তু আমার তাহা কিছুই নাই সুতরাং যাহা যাহা কহিলে তাহা মিথ্যা বা অসঙ্গত নহে, পরন্তু তুমি আমাকে "স্থূল নহে" এই যাহা বলিলে ঐ রূপ বাক্য বিদ্বান্ ব্যক্তিরা চেতন পদার্থ উদ্দেশ করিয়া কখন বলেন না, মূর্খ লোকেই কহিয়া থাকে, কারণ, ঐ রূপ প্রবাদ দেহের প্রতিই প্রয়োগ হইতে পারে, আত্মার প্রতি কখন প্রযুক্ত হইতে পারে না। ফলতঃ আমার দেহই স্থূল আমি স্থূল নহি॥ ১১॥

মহারাজ! যে ব্যক্তি দেহের সহিত তদভিমান দ্বারা জন্ম গ্রহণ করে তাহারই স্থূলত্ব, কৃশত্ব, আধি (মনঃ পীড়া) ব্যাধি, ক্ষুধা, তৃষ্ণা, ভয়, কলহ, ইচ্ছা, নিদ্রা, রতি, ক্রোধ, অহঙ্কার, মদ, এবং শোক উৎপন্ন হইয়া থাকে, আমার দেহাভিমান নাই, সুতরাং স্থূলত্ব কৃশত্বাদি আমার নাই॥ ১২॥

অপর তুমি যে আমাকে জীবন্মৃত বলিলে, তদ্বিষয়ে বক্তব্য এই যে, কেবল আমি জীবন্মৃত নহি, বিকারি অর্থাৎ পরিণাম শীল পদার্থ মাত্রেরই আদি ও অন্ত আছে। আর তুমি আমাকে "স্বামির আদেশ অমান্য করিতেছিস্" এই যাহা বলিয়াছ, তাহাতেও বক্তব্য এই যে, যে স্থলে আপনার ও স্বামির ভাব ব্যবস্থিত হয়, সেই স্থানেই আদেশ ও কর্ম্ম এই দুই যুক্ত হইতে পারে, নচেৎ যদি তোমার

স্ব স্বাম্য ভাবো ধ্রুব ঈড্য যত্র তর্হ্যুচ্যতেঽসৌ বিধিকৃত্য যোগঃ ॥ ১৩ ॥
বিশেষ বুদ্ধে র্বিবরং মনাক্‌চ পশ্যাম যন্ন ব্যবহারতোঽন্যৎ।
ক ঈশ্বর স্তত্র কিমীশিতব্যমথাপি রাজন্ করবাম কিং তে ॥ ১৪ ॥
উন্মত্ত মত্ত জড়বৎ স্বসংস্থাং গতস্য মে বীর চিকিৎসিতেন।
অর্থঃ কিয়ান্ ভবতা শিক্ষিতেন স্তব্ধ প্রমত্তস্যচ পিষ্টপেষঃ ॥ ১৫ ॥

শ্রীধরস্বামী।

তব রাজ্যভ্রংশো মম রাজ্যং স্যাত্তদা সর্ব্বমেতদ্বিপরীতং স্যাদিত্যর্থঃ ॥ ১৩ ॥

নন্থ যাবদ্রাজাহং তাবত্তব স্বামী ভবাম্যেবেতি চেৎ তত্রাহ বিশেষো রাজভৃত্যাদি ভেদঃ তদ্বুদ্ধের্ব্বিবরমবকাশং ব্যবহারাদন্যন্ন পশ্যামঃ মনাক্‌চ ঈষদপি তথাপি তবায়মভিমানশ্চেত্তর্হি ব্রূহি কিং তব করবামেতি ॥ ১৪ ॥

যদুক্তং প্রমত্তস্যচ তে চিকিৎসাং করোমি যথা স্বাং প্রকৃতিং ভজিষ্যসীতি তত্রাহ উন্মত্তাদিবদ্বর্ত্তমানস্য বস্তুতঃ স্বসংস্থাং ব্রহ্মভাবং গতস্য ভবতা কৃতেন চিকিৎসিতেন দণ্ডেন শিক্ষিতেন বা কিয়ানর্থঃ। মুক্তস্যার্থানর্থয়োরসম্ভবাৎ। যদি পুনরহং নমুক্তঃ কিন্তু প্রমত্তঃ স্তব্ধ এব তথাপি মম শিক্ষাদিকং পিষ্টপেষণং ব্যর্থমিত্যর্থঃ। নহি জড়স্বভাবঃ শিক্ষয়াপি পটুঃ কর্ত্তুং শক্যতে ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

শিবিকা বহনাদি কর্ম্মণি যোগঃ অয়ং জনোযুজ্যতামিত্যুচ্যতে কথ্যতে উচিতো বা ভবতীতি উচ সমবায় ইত্যস্য রূপং যদিতু তব রাজ্য ভ্রংশো মম রাজ্যং স্যাত্তর্হি ত্বামপ্যহং শিবিকাং বাহয়ন্ কিমিদমরে ইত্যাদি কথয়েয়মিত্যর্থঃ ॥ ১৩ ॥

নন্থ যাবদ্রাজাহং তাবত্তব স্বামী ভবাম্যেবেতি চেত্তত্রাহ বিশেষো রাজভৃত্যাদিভেদ স্তদ্বুদ্ধে র্বিবরমবকাশং ব্যবহারাদন্যৎ ন পশ্যামি। মনাক্ ঈষদপি তথাপি তবায়মভিমানশ্চেত্তর্হি ব্রূহি কিন্তে করবামেতি ॥ ১৪ ॥

যচ্চোক্তং প্রমত্তস্য তে চিকিৎসাং করোমীতি তত্রাহ উন্মত্তাদি বদ্বর্ত্তমানস্য বস্তু তস্য স্বসংস্থাং অন্তর্নিষ্ঠাং গতস্য চিকিৎসিতেন কায়িকেন বাচিকেন বা দণ্ডেন কিয়ানর্থঃ সাধয়িতব্যঃ মুক্তানামর্থানর্থয়োরগ্রহণাৎ যদি পুনরহং নমুক্তঃ কিন্তু প্রমত্ত স্তব্ধএব তদাপি শিক্ষিতেন ত্বদত্তদণ্ডেন পিষ্টপেষ এব ভবতি যথা পিষ্টং বস্তু প্রহারেণাপি পিষ্টং নভবতি কিন্তুতি পিষ্টং ভবতি তথৈব প্রমত্তস্য দণ্ডনেন প্রমত্ততা ন শাম্যতি কিন্তুতিপ্রমত্ততা স্যাৎ ॥ ১৫ ॥

রাজ্য ভ্রংশ ও আমার রাজ্য হয়, তাহা হইলে উহাই আবার বিপরীত হইবার সম্ভব, অর্থাৎ আমিও তোমাকে শিবিকা বহন করাইয়া বলিতে পারি, অরে! ভাল করিয়া বহন কর্ ॥ ১৩ ॥

যদিও যাবৎ তুমি রাজা হইয়াছ তাবৎ আমার স্বামী এমত বলিতে পার, তথাপি একমাত্র ব্যবহার ব্যতীত এই বিশেষ বুদ্ধির অত্যল্পও অবকাশ দেখিতে পাই না, কারণ, প্রভুকে? প্রভুত্বই বা কি? সে যাহা হউক, যদি তোমার স্বামী বলিয়া অভিমান থাকে তবে আজ্ঞা কর আমি তোমার কি কর্ম্ম করিব ॥ ১৪ ॥

হে রাজন্! তুমি যে আমাকে বলিলে "অরে তুই উন্মত্ত, তোর চিকিৎসা করিতেছি, তাহা হইলে আপনার প্রকৃতি পুনর্ব্বার প্রাপ্ত হইবি" এই কথায় আমার বক্তব্য এই, আমি উন্মত্ত অথবা মত্ত কিম্বা জড় তুল্য হইয়াছি সত্য, কিন্তু বস্তুতঃ আমি ব্রহ্মস্বভাব প্রাপ্ত হইয়াছি, তুমি চিকিৎসাই কর বা দণ্ডই দাও অথবা শিক্ষাই প্রদান কর, তাহাতে আমার অর্থ বা অনর্থ কিছুই হইবে না। আর যদি আমাকে তোমার মুক্ত বলিয়া বোধ না হয়, তবেযে রূপ স্তব্ধ বলিয়া অনুমান করিতেছ, যদি তোমার মতে আমি তদ্রূপ স্তব্ধই হই, তথাপি আমার দণ্ড বা শিক্ষা দেওয়া পিষ্ট পেষণ মাত্র, কারণ জড় স্বভাব লোক কখন শিক্ষা দ্বারা পটু হইতে পারে না ॥ ১৫ ॥

শ্রীশুক উবাচ ॥

এতাবদনুবাদ পরিভাষয়া প্রত্যুদীর্য্য স মুনিবর উপশম শীল উপরতানাত্ম্যনিমিত্ত উপভোগেন কর্ম্মারব্ধং ব্যপনয়ন্ রাজযানমপি তথৈবোবাহ ॥ ১৬ ॥

স চাপি পাণ্ডবেয় সিন্ধুসৌবীরপতিস্তত্ত্বজিজ্ঞাসায়াং সম্যক্ শ্রদ্ধয়াধিকৃতাধিকার স্তদ্ধৃদয় গ্রন্থি বিমোচনং দ্বিজবচ আশ্রুত্য বহুযোগগ্রন্থসম্মতং ত্বরয়াবরুহ্য শিরসা তৎপাদমূলমুপসৃতঃ ক্ষমাপয়ন্ বিগত নৃপদেবস্ময় উবাচ ॥ ১৭ ॥

কস্ত্বং নিগূঢ়শ্চরসি দ্বিজানাং বিভর্ষি সূত্রং কতমোঽবধূতঃ।

শ্রীধরস্বামী।

ইত্যনুবাদ রূপয়া পরিভাষয়া ভাষণেন প্রত্যুত্তরং দত্ত্বা উপরতং অনাত্মো দেহাত্মত্বে নিমিত্তমবিদ্যা যস্য আরব্ধ ফলং কর্ম্ম ক্ষপয়ন্ ॥ ১৬ ॥

হে পাণ্ডবেয় সম্যক্ যা শ্রদ্ধা তয়ৈব তত্ত্বজিজ্ঞাসায়াং প্রাপ্তো ঽধিকারো যেন। যথা দর্শপৌর্ণমাসাধিকৃতস্যৈব গোদোহনেন পশুকামস্যাপঃ প্রণয়েদিতি গুণ ফল সম্বন্ধেপি অধিকারঃ এবং সাত্ত্বিক শ্রদ্ধয়ামধিকৃতস্যৈব কার্ৎস্ন্যেনাস্যামধিকার ইত্যর্থঃ। বহু যোগগ্রন্থ সম্মতং দ্বিজস্য তদ্বচঃ শ্রুত্বা বিগতো নৃপদেবো ঽধিরাজ ইতি স্ময়ো গর্ব্বো যস্য ॥ ১৭ ॥

দ্বিজানাং মধ্যে কতমঃ যতঃ সূত্রমুপবীতং বিভর্ষি যদ্বা দত্তাত্রেয়াদীনাং মধ্যে কতমো ঽবধূতঃ। ইহাপি কস্মাৎ হেতোঃ

ক্রমসন্দর্ভঃ

সম্যক্ শ্রদ্ধয়া শ্রীগুরুবিষয়য়া ॥ ১৭। ১৮। ১৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নম্ বাদরূপয়া পরিভাষয়া ভাষমাণেন উপরতং অনাত্মাস্ব দেহাত্ম ভাবস্ত নিমিত্তমবিদ্যা যস্য সঃ। নম্ স্বদেহাভিমানং বিনা তদ্বচোঽনূদ্য সোঢ়ুমসমর্থ ইব সমাদধানঃ কথং তয়া প্রত্যুক্তবাংস্তত্রাহ উপভোগেন রাজোচিতৈশ্বর্য্যভোগেন জ্ঞাপিতং যং রহূগণস্ত প্রারব্ধং কর্ম্ম তদপি ব্যপনয়ন্ ব্যপনেতুং অনুবাদ মিষেণ কৃপয়া স্বোপদিষ্ট তদনুষ্ঠিতয়া ভক্ত্যৈব তৎ প্রারব্ধমপি দূরীকর্ত্তুমিত্যর্থঃ। যদ্বা প্রেমোত্থ দৈন্যেন স্বস্য ভক্তত্বামননাৎ উপভোগেন শিবিকা ভারোদ্বহনাদিনা আরব্ধ ফলং কর্ম্ম ব্যপনয়ন্ ব্যপনয়ামীতি মনসি ভাবয়ন্নিত্যর্থঃ ॥ ১৬ ॥

অধিকৃতঃ প্রাপ্তোঽধিকারো যেন সঃ ॥ ১৭ ॥

দ্বিজানাং মধ্যে ত্বং কতমঃ যতস্ত্বং সূত্রং বিভর্ষি অবধূতঃ কিং দত্তাত্রেয়োসি কস্য পুত্রোসি কুত্রত্যঃ কিং দেশজন্মাসি নোঽ-

শুকদেব কহিলেন, হে রাজন্! উপশমশীল সেই ভরত এই প্রকারে রহূগণ রাজার কথায় প্রত্যুত্তর দিলেন এবং আপনার প্রাক্তন কর্ম্ম, যাহার ফল আরব্ধ হইয়াছিল, ভোগ দ্বারা ক্ষয় করত পূর্ব্ববৎ ঐ রাজযান বহন করিতে লাগিলেন। দেহে আত্ম বুদ্ধির কারণ যে অবিদ্যা তাহা তাঁহার নিবৃত্ত হইয়াছিল, অতএব রাজযান বহনে ক্লেশ বা অপমান বোধ হইল না ॥ ১৬ ॥

হে পাণ্ডবেয়। সিন্ধু ও সৌবীর দেশের অধিপতি রহূগণ হৃদয় গ্রন্থি বিমোচন ও বহু বহু যোগ গ্রন্থ সম্মত ঐ সকল বচন শ্রবণ করিয়া শিবিকা হইতে অবতরণ করিলেন। সম্যক্ শ্রদ্ধা উৎপন্ন হওয়াতে তত্ত্ব জিজ্ঞাসায় তাঁহার অধিকার জন্মিল। অতএব "আমি অধিরাজ" এই গর্ব্ব পরিত্যাগ পূর্ব্বক জড় রূপি ভরতের পাদমূলে গিয়া আপনার অপরাধ ক্ষমা করাইতে ২ কহিতে লাগিলেন ॥ ১৭

প্রভো! আপনি কি ব্রাহ্মণদিগের মধ্যে কেহ বটেন? যে হেতু আপনার স্কন্ধদেশে যজ্ঞসূত্র দেখিতেছি, অথবা দত্তাত্রেয়াদির মধ্যে কোন অবধূত? কেন প্রচ্ছন্ন ভাবে বেড়াইতেছেন? আপনি কাহার সন্তান? কোথায় থাকেন? এখানে কি নিমিত্ত আগমন করিয়াছেন? যদি আমাদের মঙ্গলার্থই

কস্যাসি কুত্রত্য ইহাপি কস্মাৎ ক্ষেমায় নশ্চেদসি নোত শুক্লঃ ॥ ১৮ ॥
নাহং বিশঙ্কে সুররাজবজ্রান্নত্র্যক্ষশূলান্ন যমস্য দণ্ডাৎ।
নাগ্ন্যর্ক সোমানিল বিত্তপাস্ত্রাচ্ছঙ্কে ভৃশং ব্রহ্ম কুলাবমানাৎ ॥ ১৯ ॥
তদ্ব্রূহ্যসঙ্গো জড়বন্নিগূঢ় বিজ্ঞান বীর্য্যো বিচরস্যপারঃ।
বচাংসি যোগগ্রথিতানি সাধো ন নঃ ক্ষমন্তে মনসাপি ভেত্তুং ॥ ২০ ॥

শ্রীধরস্বামী।

প্রাপ্তঃ নোঽস্মাকং ক্ষেমায় চেৎ প্রাপ্তঃ তর্হি শুক্লঃ কপিলো মুনি র্নভবসি কিং উতেতি বিতর্কে ॥ ১৮ ॥

কিমনয়া চিন্তয়া শিবিকাং বহামীতি চেদত আহ নাহমিতি বিত্তপঃ কুবেরঃ ॥ ১৯ ॥

যস্মাৎ ভৃশং শঙ্কে তত্তস্মাৎ কস্ত্বমিত্যাদি প্রশ্নানাং উত্তরং ব্রূহি। নিগূঢ়ং পিহিতং বিজ্ঞানরূপং বীর্য্যং প্রভাবো যেন অপারঃ অনন্ত মহিমা তত্র হেতুঃ নো মনসাপি ভেত্তুং নক্ষমং নশক্যং কিং ভেত্তুমিত্যপেক্ষায়ামাহ তে বচাংসীতি যদ্বা মনসা যুক্তাঃ সূক্ষ্ম দৃষ্টয়োপি ভেত্তুং নশক্নুবন্তীত্যর্থঃ ॥ ২০ ॥

ক্রমসন্দর্ভঃ।

নোঽস্মাকং মনসা সহ যোগেনোপায়েন যুক্ত্যা গ্রথিতান্যপি যন্ত্রেতুং নক্ষমন্তে তদ্ব্রূহি বিষদীকুর্ব্বিত্যর্থঃ ॥২০।২১।২২।২৩।২৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

স্মাকং ক্ষেমায় প্রাপ্তশ্চেৎ শুক্লোনারায়ণোনাসি উত তদবতারঃ কপিলো নাসি ॥ ১৮ ॥

নম্ন শিবিকারূঢ়স্য তব কিমনেন বিচারেণ ইত্যত আহ নাহমিতি সুররাজাদয়ো বজ্রাদিভির্যুধি মাং হন্তুং যদি প্রবর্ত্তন্তে তদপি স্বস্য বীরত্ব স্বভাবাৎ ন শঙ্কে প্রত্যুতোৎসাহ সুখমেব প্রাপ্নোমীতি ভাবঃ যদ্বা সুররাজাদিষু জাতাপরাধোঽহং তেষাং কুপিতানাং বজ্রাদি প্রহারাদপি ন শঙ্কে ইত্যর্থঃ ॥ ১৯ ॥

তত্তস্মাদ্ব্রূহি কস্ত্বমিত্যর্থঃ। ত্বচ্ছিবিকাবাহকোস্মীতি চেদলমতঃ পরমপি মদ্বিড়ম্বনৈস্ত্বামহং কমপি মহাযোগীন্দ্রমজ্ঞাসিষমেবেত্যাহ বচাংসীতি। যতোযোগগ্রথিতানি তে বচাংসি নোঽস্মাকং মনসাপি ভেত্তুং ন ক্ষমং নক্ষমাণি নশক্যানি ইত্যর্থঃ। যদ্বা বচাংসি যোগে গ্রথিতান্যপি যোগেশ্বরাণামুপদেশ বাক্যানি কর্ত্তৃণি নোঽস্মানতি কঠোরান্ ভেত্তুং ছিন্নসংশয়ীকর্ত্তুং নক্ষমন্তে নশক্নুবন্তি। কীদৃশান্ মনসাপি সহিতান্ অবহিত মনসোপ্যবাদিত্বেন তানি জিঘৃক্ষূনপীত্যর্থঃ। তব ত্বেতাবতাপি প্রতিবচনেনৈব ছিন্নসংশয়োস্মি সংবৃত্ত ইতি ভাবঃ ॥ ২০ ॥

আগমন হইয়া থাকে তবে কি আপনি শুক্ল অর্থাৎ কপিল মনি ? ॥ ১৮ ॥

হে ব্রহ্মন্! আমি দেবরাজ ইন্দ্রের বজ্রকে ভয় করি না, ভগবান্ শূলপাণির শূল হইতেও আমার ভয় হয় না, যমের দণ্ড দেখিয়াও আমার শঙ্কা জন্মে না এবং অগ্নি, বায়ু, চন্দ্র, সূর্য্য ও কুবেরের অস্ত্রেও কখন আমার ত্রাস উৎপন্ন হয় নাই, কিন্তু ব্রাহ্মণ জাতির অবমাননে আমি অত্যন্ত ভয় করি ॥ ১৯ ॥

অতএব আপনাকে যে সকল প্রশ্ন করিলাম তৎসমুদায়ের উত্তর প্রদান করুন। আপনি যদিও আত্ম বিজ্ঞান রূপ প্রভাব প্রচ্ছন্ন করিয়া সঙ্গ পরিত্যাগ পূর্ব্বক জড়বৎ বেড়াইতেছেন, তথাচ আমাদিগের নিকট আপনকার অনন্ত মহিমা প্রকাশ পাইতেছে, যে হেতু আপনি যোগ গ্রথিত যে সকল বাক্য কহিলেন আমরা মনের দ্বারাও তাহার অর্থ প্রকাশ করিতে সমর্থ হইতেছি না ॥ ২০ ॥

অহঞ্চ যোগেশ্বরমাত্মতত্ত্ববিদাং মুনীনাং প্রবরং গুরুং বৈ।
প্রষ্টুং প্রবৃত্তঃ কিমিহারণং যৎ সাক্ষাদ্ধরিং জ্ঞানকলাবতীর্ণং॥ ২১॥
স বৈ ভবান্ লোক নিরীক্ষণার্থমব্যক্তলিঙ্গো বিচরত্যপি স্বিৎ।
যোগেশ্বরাণাং গতি মন্দবুদ্ধিঃ কথং বিচক্ষীত গৃহানুবন্ধঃ॥ ২২॥
দৃষ্টঃ শ্রমঃ কর্ম্মত আত্মনোবৈ ভর্ত্তুর্গন্তু র্ভবতশ্চানুমন্যে।

শ্রীধরস্বামী।

স্বস্য জ্ঞানার্থিতাং দর্শয়তি অহঞ্চেতি। ইহ সংসারে যৎ অরণং শরণং তৎ কিমিতি প্রষ্টুং প্রবৃত্তোস্মি জ্ঞানশক্ত্যাবতীর্ণং কপিলং॥ ২১॥

সএব ভবান্ কিং স্বিদেবং বিচরতি গৃহাবিষ্টঃ কথং বিচক্ষীত পশ্যেৎ॥ ২২॥

এবং তৎ স্বরূপং পৃষ্ট্বা তদুক্তাত্মুত্তরাণ্যাক্ষিপতি তত্র যদুক্তং মম শ্রমো নাস্তীতি তত্রাহ দৃষ্ট ইতি আত্মনো মে অনুমন্যে অনুমিমে অনুমানঞ্চৈবং ভবান্ ভারবহনাদিনা শ্রান্তঃ কর্ত্তৃত্বাৎ। যঃ কর্ত্তা স শ্রাম্যতি যথাহং যুদ্ধাদি কর্ত্তেতি। নম্বিদং ব্যবহার মাত্রং নতু সত্যং যদুক্তং ব্যবহারতোহন্যন্ন পশ্যামেতি তত্রাহ যথেতি ব্যবহার মার্গঃ প্রপঞ্চঃ সমূলঃ স প্রমাণক এব ইষ্টঃ যথা যথাবৎ অসত্য

শ্রীবিশ্বনাথ চক্রবর্তী।

যোগেশ্বরাণামতি মুখ্যএব মৎ সংশয়ং ছেত্তুং সমর্থ ইতি দ্যোতয়ন্নাহ অহঞ্চেতি সাক্ষাদ্ধরিং শ্রীকপিলদেবং জ্ঞানস্য কলায়ৈ আপনায় অবতীর্ণং॥ ২১॥

সএব ভবান্ কিং স্বিদেবং বিচরতি অন্ধবুদ্ধির্বিধঃ॥ ২২॥

কপিলদেবং প্রষ্টুং প্রবৃত্তোহমধুনোব তমিমং প্রাপ্ত স্তদেতদ্দত্তোত্তরাণ্যেব প্রথমমাক্ষিপন্ সর্ব্বমেব স্বজিজ্ঞাস্যমাবিষ্করিষ্যামীতি মনসি বিচারয়ন্ যদুক্তং মম শ্রমোনাস্তীতি তত্রাহ দৃষ্ট ইতি। আত্মনো মে অনুমন্যে অনুমিমে অনুমানঞ্চৈবং ভবান্ ভার বাহাদিনা শ্রান্তঃ কর্ত্তৃত্বাৎ যঃ কর্ত্তা স শ্রাম্যতি যথাহং যুদ্ধাদি কর্ত্তেতি নচেদং ব্যাবহারিকাএবং জল্পন্তি নতু পারমার্থিকা ইতি বাচ্যং ব্যবহার মার্গস্তাপি নির্মূলী কর্ত্তুমশক্যত্বাদিত্যাহ যথেতি ঘটাদিকরণক জলাদিকমাহরেত্যুক্তে অসত্য ঘটাদিনা উদকা

প্রভো! আপনার ঐ সকল বাক্য শ্রবণ করিয়া জ্ঞান বিষয়ে আমার অর্থী হইতে অভিলাষ হইতেছে অতএব যোগেশ্বর ও আত্ম তত্ত্বজ্ঞ মুনিদিগের প্রধান এবং জ্ঞান শক্তি দ্বারা অবতীর্ণ কপিলরূপী সাক্ষাৎ হরি যে আপনি, আপনাকে গুরু বলিয়া আমি এই সংসারের নিস্তারক কি তাহা জিজ্ঞাসা করিতে প্রবৃত্ত হইতেছি॥ ২১॥

ব্রহ্মন্! আমি যে রূপ বর্ণন করিলাম আপনি তদ্রূপই, ইহাতে কোন সন্দেহ নাই, কিন্তু আপনি ঐ রূপ হইয়াও লোক সকলকে নিরীক্ষণ করিবার নিমিত্ত আপনার চিহ্ন সংগোপন করিয়া কি এই প্রকারে ভ্রমণ করিতেছেন। হায়! আমার সদৃশ গৃহাসক্ত মন্দবুদ্ধি ব্যক্তি কি প্রকারে যোগেশ্বর আপনাদিগের গতি দেখিতে পাইবে!॥ ২২॥

প্রভো! আপনি অগ্রে আমার বাক্যে যে সকল উত্তর দিলেন, তাহা আমার সঙ্গত বোধ হইতেছেনা, আপনি বলিলেন "আমার শ্রম নাই" ইহা কি প্রকারে হইতে পারে? যে ব্যক্তি কোন কর্ম্মের কর্ত্তা হয় তাহার কর্ম্ম ও শ্রম অবশ্যই থাকে, যখন আমার আপনার প্রভুত্ব ও যুদ্ধাদি ক্রিয়ায় কর্ত্তৃত্ব সময়ে কর্ম্ম ও শ্রম দেখিতেছি, তখন সহজেই অনুমান হইতেছে আপনারও ভার বহনে শ্রম হইয়াছে। অপর বলিলেন "এক মাত্র ব্যবহার ভিন্ন অন্য দেখিতে পাই না" হে ব্রহ্মন্! এ কথাও সঙ্গত হইতেছে না, ফলতঃ ব্যবহার বর্ত্ম অলীক, এমত বোধ হয় না, বরং সত্য বলিয়া

যথাঽসতোদানয়নাদ্যভাবাৎ সমূল ইষ্টো ব্যবহার মার্গঃ ॥ ২৩ ॥
স্থাল্যগ্নিতাপাৎ পয়সোপি তাপস্তত্তাপতস্তণ্ডুলগর্ভরন্ধিঃ ।
দেহেন্দ্রিয়াস্বাশয়সন্নি কর্ষাত্তৎসংস্মৃতিঃ পুরুষস্যানুরোধাৎ ॥ ২৪ ॥
শাস্তাভিগোপ্তা নৃপতিঃ প্রজানাং যঃ কিঙ্করো বৈ ন পিনষ্টিপিষ্টং ।

শ্রীধরস্বামী ।

উদকানয়নাদেরভাবাৎ । এবং প্রয়োগঃ ঘটাদিনা প্রপঞ্চঃ সত্যঃ অর্থক্রিয়া কারিত্বাৎ যঃ পুন রসত্যঃ নাসাবর্থক্রিয়াকারী যথা মিথ্যা ঘটাদিরিতি ॥ ২৩ ॥

যদুক্তং উপাধিধর্ম্মাঃ স্থৌল্যাদয়ো মে বস্তুতো ন সন্তি ইতি তত্রোপাধিকত্বেপি সত্যত্বং কিং ন স্যাদিত্যাহ স্থাল্যা অগ্নিতাপাৎ তন্মধ্যবর্ত্তিনঃ ক্ষীরস্ত তাপঃ তস্ত তাপাৎ তণ্ডুলানাং বহির্ভাগস্ত তাপঃ তত স্তদ্গর্ভস্ত রন্ধিঃ পাকঃ নচাত্র কিঞ্চিন্মিথ্যা এবং দেহাদিভিঃ সন্নিকর্ষাৎ সম্বন্ধাৎ তন্নিমিত্তা সংসৃতিঃ পুরুষস্ত ভবতি । অসবঃ প্রাণাঃ আশয়ো মনঃ অনুরোধাৎ উপাধি ধর্ম্মানুবৃত্তেঃ তথাহি নিদাঘাদিনা দেহে তপ্তে ইন্দ্রিয়াণাং তাপঃ ততঃ প্রাণস্ত ততো মনসঃ ইত্যেবং যথা যথমূহ্যং ॥ ২৪ ॥

যদুক্তং স্বস্বাম্যভাবঃ অধ্রুব ইতি তত্রাহ শাস্তেতি অধ্রুবত্বেপি যদা যোনৃপতিঃ স প্রজানাং শাস্তা গোপ্তাচ । যচ্চোক্তং স্তব্ধাদেঃ শিক্ষা পিষ্টপেষ ইতি তত্রাহ যোঽচ্যুতস্ত কিঙ্করঃ স পিষ্টং ন পিনষ্টি নিষ্ফলং ন করোতি স্তব্ধত্বাদ্যনপগমেপি শাস্ত্ররীশ্বরস্ত আজ্ঞা

ক্রমসন্দর্ভঃ ।

কিঙ্করো বেদ রূপেশ্বরাজ্ঞাকারী মাদৃশোজনঃ ॥ ২৫ । ২৬ । ২৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

নয়নাদেরদৃষ্টত্বাৎ ব্যবহারমার্গঃ প্রপঞ্চঃ সমূলঃ সপ্রমাণক এবেষ্টঃ । যথা যথাবৎ এবং প্রয়োগঃ প্রপঞ্চঃ সত্যঃ অর্থ ক্রিয়াকারিত্বাৎ যঃ পুনরসত্যঃ নাসাবর্থ ক্রিয়াকারী যথা মিথ্যা ঘটাদিরিতি ॥ ২৩ ॥

ভারোদ্বহনাদিনা দেহেন্দ্রিয়াদেঃ শ্রান্ত্যা আত্মাপি শ্রান্তো ভবতীতি তত্র দৃষ্টান্তমাহ স্থাল্যা অগ্নিনা তাপাৎ তন্মধ্যবর্ত্তিনঃ পয়স স্তাপঃ । তস্ত তাপাৎ তণ্ডুলানাং বহির্ভাগস্য তাপঃ তত স্তদ্গর্ভস্থ রন্ধিঃ পাকো যথা তথৈব দেহাদিভিঃ সন্নিকর্ষাৎ সম্বন্ধাৎ তৎ সংসৃতি স্তন্নিমিত্তকঃ সংসারঃ পুরুষস্ত ভবতি অসবঃ প্রাণাঃ আশয়ো মনঃ । অনুরোধাদুপাধিধর্ম্মানুবৃত্তেঃ । যথা নিদাঘাদিনা দেহে তপ্তে ইন্দ্রিয়াণাং তাপঃ ততঃ প্রাণস্ত ততো মনস স্তত আত্মন ইতি ॥ ২৪ ॥

যদুক্তং স্বস্বাম্যভাবো ধ্রুব ইতি তত্রাহ শাস্তেতি অধ্রুবত্বেপি যদা যো নৃপতিঃ সপ্রজানাং শাস্তা গোপ্তাচ ভবত্যেব । যচ্চোক্তং

প্রমাণ হইতে পারে । যে হেতু ঘটাদি পদার্থ মিথ্যা হইলে তাহাতে কি জলানয়নাদি ক্রিয়া হইতে পারে ॥ ২৩ ॥

আর আপনি যে কহিলেন "স্থূলত্বাদি উপাধির ধর্ম্ম তাহা বস্তুতঃ আমার নাই" এ কথাতেও আমার সংশয় হইতেছে যে, ঐ সকল উপাধির ধর্ম্ম হইলেও সত্য কেন না হইবে, যে হেতু দেখিতেছি স্থালীর তাপে তন্মধ্য বর্ত্তি দুগ্ধাদি তপ্ত হয়, সেই দুগ্ধাদির উত্তাপে তত্রস্থ তণ্ডুলাদির বহির্ভাগ তপ্ত হয়, বহির্ভাগের উত্তাপে তণ্ডুলের মধ্য ভাগের পাক নিষ্পন্ন হয়, এই রূপ ক্রম যথার্থই বটে, কোন অংশে মিথ্যা নহে । অতএব পরম্পরায় অগ্নি সম্বন্ধ দ্বারা যে রূপ তণ্ডুল পাক হয়, তাহার ন্যায়, দেহ ইন্দ্রিয়, প্রাণ এবং মনঃ এই সকল উপাধি ধর্ম্মের অনুবর্ত্তি দ্বারা পুরুষের সংসার হইবে অসম্ভব কি? ফলতঃ গ্রীষ্ম হেতু দেহের সন্তাপ হইলে তজ্জন্য ইন্দ্রিয় সকলের, তাহার পর প্রাণের, তদনন্তর মনের সন্তাপ যখন দৃষ্ট হইতেছে, তখন দেহ স্থূল হইলে পরম্পরায় আত্মাও স্থূল না হইবে কেন ? ॥ ২৪ ॥

আর আপনি যে বলিলেন স্বাম্য ভাব নিত্য নহে, ইহা সত্য বটে, কিন্তু নিত্য না হইলেও যখন যে ব্যক্তি নরপতি হয় তখন ত সে প্রজাদের শাসন ও রক্ষণাবেক্ষণ করে । অপর আপনি বলিলেন "স্তব্ধ ব্যক্তিকে শিক্ষা দেওয়া পিষ্ট পেষণ অর্থাৎ বিফল শ্রম" ইহা আমার সঙ্গত বোধ হইতেছে না,

স্বধর্ম্মমারাধনমচ্যুতস্য যদীহমানো বিজহাত্যঘৌঘং ॥ ২৫ ॥
তন্মে ভবান্ নরদেবাভিমানা মদেনতুচ্ছীকৃত সত্তমস্য।
কৃষীষ্ট মৈত্রীদৃশমার্ত্তবন্ধো যয়া তরে সদবধ্যানমংহঃ ॥ ২৬ ॥
ন বিক্রিয়া বিশ্বসুহৃৎ সখস্য সাম্যেন বীতাভিমতেস্তবাপি।
মহদ্বিমানাৎ স্বকৃতাদ্ধি মাদৃক্ নঙ্‌ক্ষ্যত্যদুরাদপি শূলপাণিঃ ॥ ২৭ ॥

শ্রীধরস্বামী।

সংপাদনেনৈব ফলবত্বাত্তদাহ স্বধর্ম্মমচ্যুতস্য আরাধনং কুর্ব্বন্ যস্মাদঘৌঘং জহাতি ॥ ২৫ ॥

যস্মাদেবং মম ত্বদুক্তং বিপরীতং প্রতিভাতি তত্তস্মাৎ নরদেবাভিমানমদেন তুচ্ছীকৃতাঃ তিরস্কৃতাঃ সত্তমাঃ ভবাদৃশা যেন তস্য মে মৈত্রীদৃশং স্নেহযুক্তাং দৃষ্টিং কৃষীষ্ট করোতু। সতামবজ্ঞারূপং পাপং যয়া তরিষ্যামি ॥ ২৬ ॥

নন্থ মমাবজ্ঞাকৃত বিকারাভাবাৎ কুতঃ পাপং তত্রাহ নেতি যদ্যপি তব বিক্রিয়া নাস্তি বিশ্বস্য সুহৃচ্চাসৌ সখাচ তস্য স্বতঃ সর্ব্বত্র সাম্যেন স্বদেহে বিগতাভিমানস্য তথাপি মহতামবমানাৎ মাদৃশো বিনঙ্ক্ষ্যতি অদূরাৎ ক্ষিপ্রং শূলপাণিরিব অতি সমর্থোপীত্যর্থঃ ॥ ২৭ ॥

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে পঞ্চমস্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভস্য দশমোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

স্তব্ধাদেঃ শিক্ষা পিষ্টপেষ ইতি তত্রাহ যোঽচ্যুতস্য কিঙ্করো মদ্বিধঃ স পিষ্টং ন পিনষ্টি যতস্তদ্ধত্বাদ্যনপগমেপি শাস্ত্রীশ্বরস্যাজ্ঞা সম্পাদনেনৈব ফলবত্বাত্তদাহ প্রজাশাসন লক্ষণং স্বধর্ম্ম রূপমচ্যুতস্যারাধনং নৃপ ঈহমানঃ কুর্ব্বন্ স্বস্যাঘৌঘং প্রত্যবায় সমূহং জহাতি ॥ ২৫ ॥

যস্মাদেবং মম ত্বদুক্তং বিপরীতং বিভাতি। তত্তস্মান্নরদেবোঽহমিত্যভিমানেন যো মদোবিজ্ঞস্মন্যত্বাদি মিথ্যা গর্ব্বস্তেন তুচ্ছীকৃতা ইমে কিং জানন্তীত্যনাদৃতাঃ সত্তমাঃ ভবাদৃশা যেন তস্য মে মৈত্রীদৃশং দুর্জ্জীর্যোঽয়ং নরকেপি পতিষ্যতীতি বিভাব্য স্নেহযুক্তাং দৃষ্টিং কৃষীষ্ট করোতু যয়া সতামবজ্ঞারূপমজ্যস্তরিষ্যামি ॥ ২৬ ॥

নন্থ ত্বংকৃতেন তিরস্কারেণাস্মাদৃশাং দুঃখং নোৎপদ্যতে কুতস্তবাঘস্তত্রাহ নেতি তবাপি তব যদ্যপীত্যর্থঃ। তদপি মাদৃক্ বিনঙ্ক্ষ্যতি শূলপাণি সদৃশোপি যদুক্তং সের্ষ্যাং মহাপুরুষ পাদপাংশুভি নিরস্ত তেজঃস্বিত্যাদি ॥ ২৭ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। পঞ্চমে দশমোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

কারণ, যে ব্যক্তি ভগবান্ অচ্যুতের দাস হয়েন তিনি কখন নিষ্ফল কর্ম্ম করেন না, অর্থাৎ স্তব্ধ ব্যক্তিকে শিক্ষা দিয়া যদিও তাহার স্তব্ধত্ব দূর করিতে না পারা যাউক, তথাচ সর্ব্ব শাস্তা পরমেশ্বরের আজ্ঞা সম্পাদন করাতে তদর্থ যত্ন বিফল হয় না, পরমেশ্বরের আরাধনা করাই স্বধর্ম্ম, আজ্ঞা সম্পাদন দ্বারা তদর্থ চেষ্টা করিলে পাপ রাশি হইতে পরিত্রাণ হয় ॥ ২৫ ॥

ব্রহ্মন্! আপনি যে সকল কথা কহিলেন তৎসমুদায়ই আমার অসঙ্গত বোধ হইতেছে, অতএব আপনি অনুগ্রহ প্রকাশ পুরঃসর আমার প্রতি স্নেহ দৃষ্টি করুন। আমি নরদেবাভিমানে আপনার তুল্য সাধু পুরুষের অপমান করিয়াছি, অতএব এমত অনুগ্রহ বিতরণ করুন যেন তাহা হইতে সাধুজনের অপমান করণ জন্য পাতক হইতে নিস্তার পাইতে পারি ॥ ২৬ ॥

প্রভো! আপনি বিশ্ব সংসারের সুহৃদ্ ও সখা, সুতরাং সর্ব্বত্র তুল্য দর্শন নিমিত্ত আত্মদেহেও আপনার আত্মীয়ত্বাভিমান নাই, ইহাতে আমি যে আপনার অপমান করিয়াছি তদ্দ্বারা যদিও আপনার কোন বিকার হয় নাই, তথাপি মাদৃশ লোক শূলপাণির ন্যায় সমর্থ হইলেও মহদ্ব্যক্তির অপমানে শীঘ্রই বিনষ্ট হয় ॥ ২৭ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং পঞ্চমস্কন্ধে জড় ভরত রহূগণ সম্বাদে দশমোঽধ্যায়ঃ ॥ * ॥ ১০ ॥ * ॥

শ্রীব্রাহ্মণ উবাচ ॥

অকোবিদঃ কোবিদবাদবাদান্ বদস্যথো নাতিবিদাং বরিষ্ঠঃ।
ন সূরয়োহি ব্যবহারমেতং তত্ত্বাবমর্শেন সহামনন্তি ॥ ১ ॥
তথৈব রাজন্নুরু গার্হমেধবিতানবিদ্যোরুবিজৃম্ভিতেষু।

শ্রীধরস্বামী।

॥ * ॥ ইতি পঞ্চমে দশমঃ ॥ * ॥

একাদশে ঽথ সংপৃষ্টো রহূগণ মহীভৃতা। উপাদিশৎ পরং জ্ঞানং সযোগীতি নিগদ্যতে ॥ ০ ॥

অকোবিদঃ অবিদ্বানপি ত্বং কোবিদানাং বাদা উদগ্রহণিকা স্তত্তুল্যান্ বাদান্ বদসি অথোঽতঃ অত্যন্তং বিদুষাং মধ্যে শ্রেষ্ঠো ন ভবসি কুতঃ হি যস্মাৎ যং স্বামি ভৃত্যাদি লৌকিক ব্যবহারং সত্যমাথ এতং সূরয় স্তত্ত্ব বিচারেণ সহ ন বদন্তি কিন্তু অবিচার সুন্দরং বদন্তি অতো ন সত্যঃ ॥ ১ ॥

বৈদিকোপি ধর্ম্ম ফলব্যবহারো ন সত্য ইত্যাহ তথৈবেতি। উরবো গার্হা গৃহসম্বন্ধিনো মেধা যজ্ঞা স্তেষাং বিতানো বিস্তার স্তদ্বিষয়াসু বিদ্যাসু উরু অধিকং বিজৃম্ভিতেষু বিলসিতেষু তত্ত্ববাদঃ সু নিশ্চিতং ন চকাস্তি ন প্রকাশতে তথাচ শ্রুতিঃ নেহ নানাস্তি

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মনসৈবহি সংসারো যদ্বৃত্তীনামনন্ততা। একাদশেঽত্র তেনৈব মোক্ষোভক্তিযুজোদিতঃ ॥ ০ ॥

ত্বং কোবিদো ন ভবসি অথচ কোবিদানাং যে বাদা উদগ্রাহাস্তত্তুল্যানেব বাদান্ বদসি অথো অতএব অত্যন্তং বিদুষাং মধ্যে শ্রেষ্ঠো নভবসি। যতঃ সূরয়ঃ কোবিদা এতং ব্যবহারং ব্যাবহারিকং বস্তুচ। তত্ত্বাবমর্শেন তত্ত্ববিচারেণ তত্ত্ব বস্তুনাচ সহ ন আমনন্তি দৃষ্টান্তাদিনা নাভ্যস্তন্তি। তয়োঃ পরস্পরাতি বৈধর্ম্ম্যাৎ তথাহি স্থালীতাপাৎ পয়সন্তাপ স্তত্তাপাত্তণ্ডুল তাপ ইতি তণ্ডুলস্য জড়স্য স্থাল্যাদিভির্জড়ৈ র্বহ্নিনাপি জড়েন যথা সংসর্গস্তথা দেহেন্দ্রিয়াদিভি র্জড়ৈর্মুক্তজীবস্য চিৎস্বনঃ সংসর্গাভাবাদেব দেহাদি শ্রমৈর্ন শ্রমঃ সিদ্ধ্যতি। বদ্ধজীবস্য তু জড়দেহাধ্যাসাজ্জড়ত্বেন তৈর্ভবত্যেব শ্রম ইতি বদ্ধজীবৈর্যুষ্মাভি র্মুক্ত জীবানামস্মাকং সাদৃশ্যা সম্ভবাদনুমানং নঘটত ইতি ॥ ১ ॥

নমু মীমাংসকাঃ কর্ম্মফলাৎ স্বর্গসুখাদতিরিক্তং পুরুষার্থং ন মন্যন্ত ইত্যতঃ কিং তত্ত্ববাদেনেতি চেৎ সত্যং তেষ্বজ্ঞেষনধি কারিষু তত্ত্বোপদেশো নৈব সমুচিত ইত্যাহ তথৈবেতি যথৈব ভবদ্বিধানাং দৃষ্টফলেষু ব্যবহার কর্ম্মসু তথৈব উরবোগার্হা গৃহসম্ব-

॥ * ॥ ইতি পঞ্চমে দশম ॥ * ॥

একাদশাধ্যায়ে রহূগণ রাজা কর্ত্তৃক জিজ্ঞাসিত হইয়া তৎপ্রতি জড়ভরতের নির্ম্মল জ্ঞানোপদেশ ॥ ০

সিন্ধু সৌবীর পতি রাজা রহূগণের বাক্য শ্রবণ করিয়া জড়রূপী সেই ব্রাহ্মণ কহিতে লাগিলেন, মহারাজ! তুমি অবিদ্বান্ হইয়াও বিদ্বান্ জনের বাক্য বলিতেছ, কিন্তু আমার বোধ হয় তুমি শ্রেষ্ঠ বিদ্বান্ নহ, যে হেতু তুমি স্বামি ভৃত্যাদি লৌকিক ব্যবহারকে সত্য বলিতেছ। পণ্ডিতগণ তত্ত্ব বিচারের সহিত কখন ঐ রূপ বলেন না। ফলতঃ তত্ত্ববিচার না করিলেই স্বামি ভৃত্যাদি ব্যবহার প্রকাশ পায় অতএব তাহা সত্য নহে ॥ ১ ॥

অপর লৌকিক স্বামি ভৃত্যাদি ব্যবহারের ন্যায় বৈদিক ধর্ম্মফল ব্যবহারও সত্য নহে, যে হেতু যে সকল বেদ বাক্য ভূরি ভূরি গৃহ সম্বন্ধীয় যজ্ঞ বিষয়ক বিদ্যায় অধিক বিলসিত, তন্মধ্যে শুদ্ধ অর্থাৎ

নবেদ বাদেষু হি তত্ত্ববাদঃ প্রায়েণ শুদ্ধোনুচকাস্তি সাধুঃ ॥ ২ ॥
ন তস্য তত্ত্ব গ্রহণায় সাক্ষাদ্বরীয়সীরপি বাচঃ সমাসন্।
স্বপ্নে নিরুক্ত্যা গৃহমেধি সৌখ্যং ন যস্য হেয়ানুমিতং স্বয়ং স্যাৎ ॥ ৩ ॥
যাবন্মনো রজসা পূরুষস্য সত্ত্বেন বা তমসা বানুরুদ্ধং।
চেতোভিরাকূতিভিরাতনোতি নিরঙ্কুশং কুশলং চেতরদ্বা ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

কিঞ্চমেত্যাদিঃ। শুদ্ধো হিংসাদি শূন্যঃ সাধুঃ রাগাদি শূন্যঃ প্রায়েণেতি ঈশ্বরার্পিত কর্ম্মণাং পরমার্থ ফলত্বাভিপ্রায়েণোক্তং ॥ ২ ॥

নন্থ শ্রুতবেদান্তস্যাপি পুংসঃ কর্ম্মসু প্রবৃত্তেঃ কথমসত্যতা তত্রাহ নেতি। সাক্ষাৎ যথাবৎ তত্ত্বজ্ঞানায় বরীয়স্যোপি বেদান্তবাচস্তস্য ন সম্যক্ আসন্ বভূবুঃ। স্বপ্নে যা নিরুক্তি স্তয়া স্বপ্ন দৃষ্টান্তেন দৃশ্যত্বাদি হেতুনা স্বয়মেব হেয়ত্বেনানুমিতং যস্য ন স্যাৎ ॥ ৩ ॥

এবং প্রপঞ্চস্য সত্যত্বং তদুক্তং নিরাকৃত্য সংসারস্যাপি তদুক্তাং সত্যতাং নিরাকর্ত্তুং তস্য মনো নিমিত্ততামাহ যাবদিত্যাদিনা যাবৎ সমাপ্তি। মনো যাবৎ রজ আদিভিঃ গুণৈরনুরুদ্ধং বশীকৃতং ভবতি তাবত্তন্মনো নিরঙ্কুশং সৎ পুরুষস্য কুশলং ধর্ম্মং ইতরমধর্ম্মং বা আতনোতি কৈশ্চেতোভিঃ জ্ঞানেন্দ্রিয়ৈঃ আকূতিভিঃ কর্ম্মেন্দ্রিয়ৈঃ ॥ ৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

স্বপ্নে নিরুক্ত্যেতি শ্রবণাৎ পূর্ব্বং ব্যবহার বৈরাগ্যং তর্ক দৃষ্ট্যাপেক্ষত ইত্যর্থঃ ॥ ১। ২। ৩। ৪। ৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

স্বিনো মেধা যজ্ঞা স্তেষাং বিতানো বিস্তার স্তদ্বিষয়াসু বিদ্যাসু উরু অধিকং বিজৃম্ভিতেষু বিলসিতেষু বেদবাদেষ্বদৃষ্টফলেষ্বপি কর্ম্মসু সু নিশ্চিতং তত্ত্ববাদো ন চকাস্তি ন প্রকাশতে কুতঃ শুদ্ধো হিংসাদি শূন্যঃ সাধুঃ রাগাদি শূন্যশ্চেতি সাজাত্যাভাবাদেবেত্যর্থঃ প্রায়েণেতি ঈশ্বরার্পিত নিষ্কাম কর্ম্মণাং জ্ঞানবৈরাগ্য দ্বারা পরমার্থ ফলত্বাভিপ্রায়েণোক্তং ॥ ২ ॥

নন্থ কর্ম্মিণ স্তাং স্তত্ত্বং গ্রাহয়িতুং কাচিদ্বোযুক্তি রস্তি কিম্বা তান্নোপদিশাম ইতি কেবলং প্রৌঢ়িবাদ এবেত্যত আহ নেতি তস্য জনস্য সাক্ষাদ্যথাবত্তত্ত্ব গ্রহণার্থং বরীয়স্যোপি বেদান্তবাচঃ ন সম্যগাসন্ ন সমর্থা বভূবুঃ। স্বপ্নে ভোগানাং স্বল্পকালমাত্র স্থায়িত্বং স্বপ্নস্য স্বতো বিনাশিত্বং মিথ্যাত্বঞ্চেতি যা নিরুক্তি স্তয়া স্বপ্ন দৃষ্টান্তেনেত্যর্থঃ। স্বয়মেব হেয়ত্বেনানুমিতং যস্য ন স্যাৎ কর্ম্মিণাং নশ্বরমসার্ব্বকালিকং ক্ষুদ্রং বৈষয়িকমেব সুখং তথা বৈষয়িকেণ সুখেনাত্মনো বস্তুতঃ সম্বন্ধাভাবাৎ তৎ সুখমাত্মনঃ শশস্য শৃঙ্গমিব মিথ্যাভূতঞ্চ জ্ঞানিনাত্মনশ্বরং সার্ব্ব কালিকং মহদ্ব্রাহ্ম সুখমিতি বহুেবান্তরমিত্যেবৈব তত্ত্ব গ্রহণে যুক্তিরিতি ভাবঃ ॥ ৩ ॥

নন্বেবং সদ্ভিঃ প্রবোধিতা অপি প্রায়ঃ সর্ব্বে জনা বৈষয়িকে সুখএব প্রবর্ত্তমানাঃ কথং দৃশ্যন্তে তত্রাহ যাবন্মনো রজ আদিভিরনুরুদ্ধং সংবদ্ধং ভবতি তাবত্তন্মনো নিরঙ্কুশ মত্তমতঙ্গজোপমং সৎ পুরুষস্য কুশলং ধর্ম্মমিতরমধর্ম্মং বা আতনোতি কৈঃ চেতোভির্জ্ঞানেন্দ্রিয়ৈঃ আকূতিভিঃ কর্ম্মেন্দ্রিয়ৈশ্চ গুণময়ং মনএব বলাদ্বিবেকাদিকমপি নিগীর্য্য পুণ্য পাপ কর্ম্মণোঃ প্রবর্ত্তয়তি পুরুষস্য কোদোষ ইতি ভাবঃ ॥ ৪ ॥

হিংসাদি শূন্য এবং সাধু অর্থাৎ রাগাদি রহিত তত্ত্ববাদ প্রায় নিশ্চিত রূপে প্রকাশ পায় না ॥ ২ ॥

তবে যে শ্রুত বেদান্ত কোন কোন ব্যক্তির কর্ম্মে প্রবৃত্তি দেখা যায়, তাহা বৈদিক ধর্ম্ম সকলের সত্যতার প্রমাণ হইতে পারে না, যে হেতু স্বপ্ন দৃষ্টান্তে দৃশ্যত্বাদি হেতু গৃহ সম্বন্ধীয় যজ্ঞাদি জন্য সুখ হেয় বলিয়া তত্ত্ব জ্ঞানার্থ প্রধান প্রধান বেদবাক্য সকলও সম্যক্ সমর্থ হয় না ॥ ৩ ॥

হে পাণ্ডবেয়! রহূগণ রাজা প্রপঞ্চ জগৎকে যে সত্য বলিয়াছিলেন জড়রূপী ভরত এই প্রকারে তাহা খণ্ডন করিয়া তদুক্ত সংসারের নিত্যতা খণ্ডনার্থ কহিতে লাগিলেন। হে রাজন্! যাবৎ পুরুষের-মনঃ রজো অথবা সত্ত্ব কিম্বা তমোগুণের বশীভূত থাকে, তাবৎ পর্য্যন্তই তাহা নিরঙ্কুশ হইয়া জ্ঞানেন্দ্রিয় ও কর্ম্মেন্দ্রিয় দ্বারা পুরুষের ধর্ম্ম অথবা অধর্ম্ম বিস্তার করে ॥ ৪ ॥

স বাসনাত্মা বিষয়োপরক্তো গুণপ্রবাহো বিকৃতঃ ষোড়শাত্মা।
বিভ্রৎ পৃথঙ্ নামভি রূপভেদ মন্তর্ব্বহিষ্টঞ্চ পুরৈস্তনোতি ॥ ৫ ॥
দুঃখং সুখং ব্যতিরিক্তঞ্চ তীব্রং কালোপপন্নং ফলমাব্যনক্তি।
আলিঙ্গ্যমায়ারচিতান্তরাত্মা স্বদেহিনং সংসৃতি চক্রকূটঃ ॥ ৬ ॥
তাবানয়ং ব্যবহারঃ সদাবিঃ ক্ষেত্রজ্ঞসাক্ষ্যো ভবতি স্থূল সূক্ষ্মঃ।

শ্রীধরস্বামী।

ততশ্চ ধর্ম্মাধর্ম্মবাসনাযুক্তং তদেবানেক দেহাদি বৈচিত্র্যং করোতীত্যাহ স ইতি। পুং স্বমাত্ম শব্দ বিশেষণত্বেন তন্মন ইত্যর্থঃ বাসনাযুক্তঃ আত্মোপাধিত্বাৎ আত্মা অতো বিষয়ৈ রূপরক্তো হনুবিদ্ধঃ। অতো গুণ প্রবাহঃ গুণৈরিতস্ততশ্চাল্যমানঃ অতএব বিকৃতঃ কামাদি পরিণামবান্ ষোড়শাত্মা ষোড়শকলাসু ভূতেন্দ্রিয় রূপাসু মুখ্যঃ। পৃথঙ্নামভিঃ সহ রূপভেদং দেবতীর্য্যগাদিরূপং বিভ্রৎ। অন্তর্ব্বহিষ্টং উৎকৃষ্টত্বং নিকৃষ্টত্বঞ্চ। পুরৈস্তৈরেব দেহৈঃ হেতুভূতৈঃ তনোতি নামভিরিত্যত্র রেফলোপে দীর্ঘাভাব আর্ষঃ ॥ ৫ ॥

ফলঞ্চ তদনুরূপং করোতীত্যাহ। দুঃখং সুখং ব্যতিরিক্তঞ্চ মোহং তীব্রং দুনির্ব্বারং কালপ্রাপ্তং ফলং সর্ব্বতোঽভি ব্যনক্তি সৃজতি। নমু জড়ঃ কথং সৃজতি তত্রাহ স্বদেহিনমালিঙ্গ্য আলিঙ্গনে কারণমাহ মায়য়া রচিতঃ অন্তরাত্মা জীবোপাধিঃ। উপাধিতামাহ সংসৃতিচক্রে কূটয়তি ছলয়তীতি তথা যথা গ্রামকূটক ইতি ॥ ৬ ॥

এবং অয়ং মনে নিবন্ধনঃ সংসারো জীবে ফলতীত্যাহ তাবানিতি আবিঃ প্রকাশমানঃ সদা ক্ষেত্রজ্ঞস্য সাক্ষ্যো দৃশ্যো ভবতি

ক্রমসন্দর্ভঃ।

মায়ারচিতান্তরাত্মেতি শ্রীবেদব্যাস সমাধিবাক্যানুসারেণ জ্ঞেয়ং দ্বিতীয়ান্তিনিবেশতঃ স্বাদিত্যাদ্যনুসারেণ ক্ষেত্রজ্ঞ এতামনসো বিভূতীত্যস্ত বক্ষ্যমাণ বাক্যানুসারেণ ব্যাখ্যায় প্রকরণস্থাস্ত সিদ্ধান্তক্রমঃ সমাধেয়ঃ ॥ ৬। ৭। ৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ততশ্চ সবাসনাত্মা পুণ্য পাপ বাসনাযুক্ত আত্মা মনঃ বিষয়ৈরুপরক্তোঽনুবিদ্ধঃ অতএব গুণপ্রবাহঃ গুণৈরিতস্ততশ্চাল্যমানঃ অতএব বিকৃতঃ কামাদি বিকারবান্ ষোড়শেষু ভূতেন্দ্রিয়েষু মুখ্যঃ রূপভেদং দেবতির্য্যগাদি শরীর ভেদং বিভ্রৎ দধৎ পুরৈস্তৈরেব শরীরৈ হেতুভিঃ অন্তর্বহিষ্টং উৎকৃষ্টত্বং নিকৃষ্টত্বঞ্চ তনোতি নামভিরিতি রেফলোপে দীর্ঘাভাব আর্ষঃ ॥ ৫ ॥

ফলঞ্চ তদনুরূপং সৃজতীত্যাহ। দুঃখং সুখং ব্যতিরিক্তং মোহঞ্চ তীব্রং দুর্নিবারং ব্যনক্তি সৃজতি নমু জড়ঃ কথং সৃজতি তত্রাহ স্বদেহিনং জীবাত্মানমালিঙ্গ্য আলিঙ্গনে কারণমাহ মায়য়া রচিতঃ অন্তরাত্মা জীবোপাধিঃ উপাধিতামাহ সংসৃতিচক্রে কূটয়তি ছলয়তীতি তথা যথা গ্রামকূটক ইতি ॥ ৬ ॥

এবময়ং মনোনিবন্ধনঃ সংসার এব ব্যবহার পদ বাচ্য ইত্যাহ তাবানিতি আবিঃ প্রকাশমানঃ। সদা ক্ষেত্রজ্ঞস্য সাক্ষ্যোদৃশ্যঃ।

হে মহারাজ! মনই ধর্ম্মাধর্ম্ম বাসনা যুক্ত এবং তাহাই আত্মার উপাধি হেতু আত্ম স্বরূপ, অতএব সকল বিষয়ে অনুবিদ্ধ হয়, তাহাতে বিষয়ের দ্বারা সঞ্চালিত ও বিকৃত অর্থাৎ কামাদি পরিণাম বিশিষ্ট হইয়া থাকে। পরন্তু ঐ মনঃ ভূত ও ইন্দ্রিয় রূপ ষোড়শ কলার মধ্যে মুখ্য, তাহাই পৃথক্ পৃথক্ নাম সহিত পশু পক্ষ্যাদি বিশেষ বিশেষ দেহ ধারণ করে এবং সেই সেই দেহের কারণেই আত্মার উৎকৃষ্টত্ব অথবা নিকৃষ্টত্ব প্রকাশ পায় ॥ ৫ ॥

অপর ঐ মনঃ সংসার চক্রচ্ছলে মায়া দ্বারা জীবোপাধি রচনা করিয়া আপনার আত্মাকে আলিঙ্গন করত সুখ, দুঃখ অথবা মোহ, যাহা আপনার কর্ম্মের কাল প্রাপ্ত দুর্নিবার ফল, তাহাও সর্ব্বতো ভাবে সৃজন করে ॥ ৬ ॥

অতএব মনোনিবন্ধন সংসারই জীবের প্রতি ফলবান্ হয়, কারণ, যাবৎ মনঃ থাকে তাবৎ পর্য্যন্ত জাগ্রৎ স্বপ্ন রূপ ব্যবহার প্রকাশমান হইয়া সদা ক্ষেত্রজ্ঞ জীবের দৃশ্য হয়, সেই হেতু, পণ্ডিতেরা ঐ

তস্মান্মনোলিঙ্গমদো বদন্তি গুণাগুণত্বস্য পরাবরস্য ॥ ৭ ॥
গুণানুরক্তং ব্যসনায় জন্তোঃ ক্ষেমায় নৈর্গুণ্যমথো মনঃ স্যাৎ।
যথা প্রদীপো ঘৃতবর্ত্তিমশ্নন্ শিখাঃ সধূমা ভজতি হ্যন্যদা স্বং।
পদং তথা গুণকর্ম্মানুবদ্ধং বৃত্তীর্মনঃ শ্রয়তেঽন্যত্র তত্ত্বং ॥ ৮ ॥
একাদশাসন্ মনসোহি বৃত্তয় আকূতয়ঃ পঞ্চ ধিয়োঽভিমানঃ।
মাত্রাণি কর্ম্মাণি পুরঞ্চ তাসাং বদন্তি হৈকাদশ বীর ভূমীঃ ॥ ৯ ॥

শ্রীধরস্বামী।

স্থূল সূক্ষ্মঃ জাগ্রৎ স্বপ্ন স্বরূপঃ। মনসঃ সংসার হেতুত্বমুপসংহরন্ মোক্ষস্যাপি তদেব কারণমিত্যাহ তস্মাদিতি। অদোমনঃ লিঙ্গং কারণং গুণত্বং গুণাভিমানিত্বং অগুণত্বং তদ্রাহিত্যং তদেব পরং অবরঞ্চ তস্য ॥ ৭ ॥

কথমেকমেব বিলক্ষণয়োঃ কারণমবস্থাভেদাদিত্যাহ গুণেতি। নৈর্গুণ্যং নির্গুণং। অথো ইতি কাৎস্ন্যের্ন দৃষ্টান্তেন স্ফুটয়তি যথেতি অন্যদাতু ঘৃতক্ষয়ে স্বং পদং শুক্ল ভাস্বররূপং মহাভূতত্বং বা। অন্যত্র অন্যদা ॥ ৮ ॥

বৃত্তীর্দর্শয়তি একাদশ বৃত্তয় আসন্ আকূতয়ঃ ক্রিয়াকারাঃ পঞ্চ ধিয়শ্চ জ্ঞানাকারাঃ পঞ্চ অভিমানশ্চেতি। হে বীর ভূমী র্বিষয়ান্ ॥ ৯ ॥

ক্রমসন্দর্ভঃ।

মাত্রাণি বিবৃণোতি গন্ধাকৃতীতি। কর্ম্মাণি বিবৃণোতি বিসর্গেতি ॥ ৯। ১০। ১০। ১১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

স্থূলোজাগরঃ সূক্ষ্মঃ স্বপ্নশ্চ তত্ব পদবাচ্য মাত্মসুখমপি মনোনিবন্ধনমেবেত্যাহ তস্মাদদো মনএব লিঙ্গং কারণং কস্য গুণস্য সংসারস্য অগুণত্বস্য মোক্ষস্যচ তৌচ সংসার মোক্ষৌ কস্য স্যাতামিত্যত আহ পরাবরস্য উৎকৃষ্ট নিকৃষ্ট জন সত্ত্বস্য পাঠক্রমোনাত্র বিবক্ষিতঃ নিকৃষ্টস্য সংসারো ভবতি উৎকৃষ্টস্যতু মোক্ষ ইত্যর্থঃ ॥ ৭ ॥

কথমেকমেব বিলক্ষণয়োঃ কারণং অবস্থাভেদাদিত্যাহ গুণেতি সার্দ্ধেন নৈর্গুণ্যং নির্গুণং অন্যদা ঘৃতক্ষয়ে সতি নির্ব্বাণো ভূত্বা স্বংপদং মহাভূতাত্মত্বং ভজতি অন্যত্র অন্যদা। যথা ঘৃতবর্ত্তিমশ্নন্নেবাগ্নিঃ সধূমাঃ শিখা ভজতি অন্যদা কাঞ্চনপিণ্ডমশ্নংস্তু স্বপদং নির্ধূম তেজঃ স্বরূপং তথৈব মনোপি তত্ত্বং ভগবন্মাধুর্য্যাস্বাদং ॥ ৮ ॥

বৃত্তীর্দর্শয়ন্তি একাদশবৃত্তয়ঃ ইন্দ্রিয়রূপাঃ তত্র পঞ্চ আকৃতয়ঃ কর্ম্মাকারাঃ পঞ্চধিয়ঃ জ্ঞানাকারাঃ। একোঽভিমানোঽহঙ্কারঃ ইত্যেবমেকাদশ। তাসাং বৃত্তীনাং ভূমী র্বিষয়ানপ্যেকাদশৈব বদন্তি বীর হে জ্ঞানবীর রাজন্। মাত্রাণি গন্ধাদয়ঃ পঞ্চ জ্ঞানেন্দ্রিয়াণাং। বিসর্গাদি কর্ম্মাণি পঞ্চ কর্ম্মেন্দ্রিয়াণাং। পুরং দেহ গেহাদ্যেকং অভিমানস্যেত্যেকাদশ ॥ ৯ ॥

মনকে গুণাভিমানিত্ব রূপ পর ও তদ্রাহিত্য রূপ অবরেরও কারণ বলিয়া থাকেন ॥ ৭ ॥

অপর হে রাজন্! প্রাণি সকলের মনঃ গুণে অনুরক্ত হইলেই তাহা বিপদের কারণ হয় এবং তাহাই আবার গুণ হীন হইলে মঙ্গলের নিমিত্ত হইয়া থাকে। যেমন প্রদীপ যখন ঘৃতের বর্ত্তি দগ্ধ করে, তখন ধূম যুক্ত শিখা ধারণ করে কিন্তু অন্য সময়ে অর্থাৎ ঘৃত নিঃশেষ হইলে তাহা স্বীয় পদ অর্থাৎ শুক্লতাই ধারণ করিয়া থাকে, সেই রূপ মনও যখন গুণ কর্ম্মে অনুবিদ্ধ হয় তখনই নানা বৃত্তি আশ্রয় করে, অন্য সময়ে আপনার তত্ত্বই অবলম্বন করিয়া থাকে ॥ ৮ ॥

হে বীর! বৃত্তি সমুদায়ে একাদশ প্রকার হয়, তন্মধ্যে পাঁচটী ক্রিয়াকার, অপর পাঁচটী জ্ঞানাকার, আর একটী অভিমান। পণ্ডিতেরা জ্ঞানেন্দ্রিয়ের গন্ধাদি পঞ্চ, কর্ম্মেন্দ্রিয়ের বিসর্গাদি পঞ্চ, এবং অভিমানের দেহ গেহাদি এক, এই একাদশ প্রকার বৃত্তির বিষয় বলিয়া থাকেন ॥ ৯ ॥

গন্ধাকৃতি স্পর্শ রস শ্রবাংসি বিসর্গরত্যর্ত্যভিজল্পশিল্পাঃ।
একাদশং স্বীকরণং মমেতি শয্যামহং দ্বাদশমেক আহুঃ॥ ১০॥
দ্রব্য স্বভাবাশয় কর্ম্মকালৈরেকাদশামী মনসো বিকারাঃ।
সহস্রশঃ শতশঃ কোটিশশ্চ ক্ষেত্রজ্ঞতো ন মিথো ন স্বতঃ স্যুঃ॥ ১১॥

শ্রীধরস্বামী।

বিষয়ানেবাহ গন্ধাদয়ঃ পঞ্চ জ্ঞানেন্দ্রিয় দ্বারা ধীবৃত্তীনাং বিষয়া আকৃতী রূপং শ্রবঃ শব্দঃ বিসর্গাদয়ঃ পঞ্চ কর্ম্মেন্দ্রিয় দ্বারা কর্ম্মাকার বৃত্তীনাং বিষয়াঃ রতিঃ সম্ভোগঃ অর্ত্তি র্গতিঃ পুরস্যাভিমান বিষয়ত্ব প্রকারমাহ একাদশং পুরং স্বীক্রিয়তে ইতি স্বীকরণং অয়মর্থঃ শরীরমভিমানস্য ন জ্ঞেয়তয়া গন্ধাদিবদ্বিষয়ঃ নাপি কার্য্য তয়া বিসর্গাদিবৎ কিন্তু মমেতি ভোগায়তনত্বেন স্বীকার্য্যতয়া বিষয় ইতি। একে বিবেকিনামেব পুরং মমত্বাভিমান বিষয়ঃ নতু মূঢ়ানাং অতো মূঢ়দৃষ্ট্যা অহং অহঙ্কারঃ দ্বাদশং বৃত্ত্যন্তরমাহুঃ তস্যাচ পুরমেব শয্যাসংজ্ঞং দ্বাদশং বিষয়মাহুঃ। তত্র হি জীবো২হঙ্কারেণ শেতে যতঃ পুরি শয়নাৎ পুরুষ ইত্যুচ্যতে॥ ১০॥

তাসাং বৃত্তীনামবান্তর ভেদৈরানন্ত্যমাহ। দ্রব্যাণি বিষয়াঃ স্বভাবঃ পরিণামহেতুঃ আশয়ঃ সংস্কারঃ কর্ম্ম অদৃষ্টং কালঃ ক্ষোভকঃ এতৈর্নিমিত্তভূতৈঃ প্রথমং শতশঃ ততঃ সহস্রশঃ ততঃ কোটিশঃ স্যুঃ নতু মিথঃ স্যুঃ নচ স্বতঃ কিন্তু ক্ষেত্রজ্ঞতঃ পরমেশ্বরাৎ তস্য চানন্তশক্তিত্বাৎ অনন্তাঃ স্যুরিত্যর্থঃ। যদ্বা তাসাং মিথ্যাত্বং অনেনোচ্যতে কোটিশো ভবন্ত্যস্তাঃ ক্ষেত্রজ্ঞত এব স্যুঃ তৎ সত্তয়ৈব সত্তাং লভেরন্ নতু মিথো নচ স্বত ইতি। যদ্বা ক্ষেত্রজ্ঞো জীব স্তস্মাৎস্যু স্তস্যাবিকারিত্বাৎ ন মিথঃ ইতরেতরাশ্রয়াপত্তেঃ নচ স্বত আত্মাশ্রয়াপত্তেঃ। অতো মিথ্যাভূতা এবেতি॥ ১১॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মাত্রাদীনি বিবৃণোতি। গন্ধেতি পঞ্চ নাসিকাদীনাং জ্ঞানেন্দ্রিয়াণাং বিষয়াঃ আকৃতিঃ রূপং বিসর্গাদয়ঃ পঞ্চ পায়ূাদীনাং কর্ম্মেন্দ্রিয়াণাং এবং দশ। অর্ত্তির্গমনং। স্বী ক্রিয়ত ইতি স্বীকরণং একাদশং পুরং অভিমানস্য বিষয়মাহুঃ। একে আচার্য্যাঃ অভিমানস্য দ্বৈবিধ্যাৎ মমেতি মমকারস্য শয্যাং বিষয়ং গেহাদিকমেকাদশং অহমিতি অহঙ্কারস্য শয্যাং দেহং দ্বাদশমাহুঃ॥ ১০॥

তাসাং বৃত্তীনাং অবান্তর ভেদৈরানন্ত্যমাহ দ্রব্যাদিভি র্ভেদৈরমী বিকারাঃ বৃত্তিরূপাঃ প্রথমং শতশঃ ততঃ সহস্রশঃ লক্ষশঃ কোটিশশ্চ স্যুঃ। দ্রব্যাণাং চন্দন কস্তূরী কুঙ্কুমাদীনাং স্বর্ণ রজত প্রবালাদীনাঞ্চানন্ত্যাৎ কোপি গন্ধরূপাদিঃ কস্মৈচিৎ রোচত ইতি স্বভাবানন্ত্যাৎ আশয়োহন্তঃকরণং তস্য শিষ্টতা দুষ্টতাভ্যাং কর্ম্ম অদৃষ্টং তদ্বশাদপি কালো বাল্যযৌবনাদি তদ্বশাদপি প্রত্যেক মনন্তাএব গন্ধাদয়ঃ স্যুরিত্যর্থঃ। নতু মিথঃ স্যুর্নাপি স্বতঃ স্যুঃ কিন্তু ক্ষেত্রজ্ঞতঃ পরমেশ্বরাৎ তস্য চানন্তশক্তিত্বাদনন্তাঃ স্যুরিত্যর্থঃ॥ ১১॥

সেই সকল বিষয় এই, শব্দ, স্পর্শ, রূপ, রস এবং গন্ধ, এই পাঁচটী পাঁচ কর্ম্মেন্দ্রিয় দ্বারা কর্ম্মাকার বৃত্তি সকলের বিষয় হয়। অপর শরীর একাদশতম, তাহা "আমার" এই রূপ ভোগায়তনত্ব রূপে অভিমানের বিষয় হয়। কোন কোন ব্যক্তিরা কহেন, তদ্ভিন্ন মূঢ় ব্যক্তিদিগের দ্বাদশতম অন্য এক বৃত্তি আছে, তাহারও ঐ শরীরই শয্যা নাম গ্রহণ করিয়া বিষয় হয়। শরীরের নাম পুর, তাহাতে জীব অহঙ্কার দ্বারা শয়ন করাতে পুরুষ বলিয়া উক্ত হন॥ ১০॥

হে রাজন্! ঐ সকল বৃত্তি অবান্তর ভেদ দ্বারা পুনর্ব্বার বহু প্রকার হয়, যাহা স্বভাব, সংস্কার, অদৃষ্ট এবং কাল ইত্যাদির কারণে প্রথমে শত প্রকার তদনন্তর সহস্র প্রকার, তাহার পর কোটি প্রকার হয়। কিন্তু ঐ সকল ঐ রূপে কোটি প্রকার হইলেও ক্ষেত্রজ্ঞ হইতেই হইয়া থাকে এবং তাহার সত্তাতেই সত্তা লাভ করে, পরস্পর হইতে অথবা আপনা হইতে হয় না॥ ১১॥

ক্ষেত্রজ্ঞ এতা মনসো বিভূতীর্জীবস্য মায়া রচিতস্য নিত্যাঃ।
আবিৰ্হিতাঃ ক্বাপি তিরোহিতাশ্চ শুদ্ধো বিচষ্টে হ্যবিশুদ্ধকর্ত্তুঃ॥ ১২॥
ক্ষেত্রজ্ঞ আত্মা পুরুষঃ পুরাণঃ সাক্ষাৎ স্বয়ং জ্যোতিরজঃ পরেশঃ।

শ্রীধরস্বামী।

তদেবং শ্লোক ত্রয়েণ গুণকর্ম্মাদু বন্ধং মনোবৃত্তীঃ প্রয়ত ইতি যদুক্তং তৎ প্রপঞ্চিতং। অন্যদা তত্ত্বং প্রয়ত ইতি যদুক্তং তদেব তত্ত্বমাহ ক্ষেত্রজ্ঞ ইতি জীবস্য জীবোপাধেরবিশুদ্ধ কর্ত্তুর্মনসঃ নিত্যাঃ প্রবাহ রূপেণ অবিচ্ছিন্না জাগ্রৎ স্বপ্নয়োরাবির্ভূতাঃ পশ্যতি ক্বাপি সুষুপ্তৌ তিরোভূতাঃ পশ্যতি অবস্থাত্রয় সাক্ষী ক্ষেত্রজ্ঞ আত্মা তত্ত্বমিত্যর্থঃ॥ ১২॥

ক্ষেত্রজ্ঞোহি দ্বিবিধঃ। ত্বং পদার্থোজীবঃ তৎ পদার্থ ঈশ্বরঃ তত্রাদ্যো নিরূপিতঃ ইদানীং তৎ প্রাপ্যমীশ্বরং নিরূপয়তি। ক্ষেত্রজ্ঞ আত্মা ব্যাপী পুরাণো জগৎ কারণভূতঃ পুরুষঃ পূর্ণঃ সাক্ষাদপরোক্ষঃ সচ স্বয়ং জ্যোতিঃ নতু জ্ঞানস্য বিষয়ত্বেনাশ্রয়ত্বেন বা

ক্রমসন্দর্ভঃ

ক্ষেত্রজ্ঞ ইতি যঃ শুদ্ধোপি মায়ারচিতস্য বক্ষ্যমাণ সর্ব্বক্ষেত্রজ্ঞস্য মায়য়া কল্পিতস্য মনসোঽংস্তঃকরণস্যৈতাঃ প্রসিদ্ধা বিভূতী বৃত্তীর্বিচষ্টে বিশেষেণ পশ্যতি। পশ্যং স্তত্রাবিষ্টো ভবতি। স খল্বসৌ জীবনামা স্বশরীরদ্বয় লক্ষণ ক্ষেত্রস্য জ্ঞাতৃত্বাৎ। ক্ষেত্রজ্ঞ উচ্যতে ইত্যর্থঃ তদুক্তং যয়া সম্মোহিতো জীব আত্মানং ত্রিগুণাত্মকমিত্যাদি। তস্য মনসঃ কীদৃশতয়া মায়া রচিতস্য তত্রাহ। জীবোপাধিতয়া জীবতাদাত্ম্যেন রচিতস্য ততশ্চ তত্তয়োপচর্য্যমাণস্যেত্যর্থঃ॥

ততশ্চ কীদৃশস্য। অবিশুদ্ধং ভগবদ্বহির্মুখং কর্ম্ম করোতীতি তাদৃশস্য। কীদৃশীর্বিভূতীঃ। নিত্যা অনাদিত এবানুগতাঃ। তত্রচ কদা কীদৃশীরিত্যপেক্ষায়ামাহ। জাগ্রৎ স্বপ্নয়োরাবির্ভূতশ্চেতি॥ ১২॥

যস্ত পুরাণঃ পুরুষঃ আদ্যোঽবতারঃ পুরুষঃ পরস্যেত্যাদিনা দ্বিতীয়স্কন্ধাদৌ প্রসিদ্ধঃ সাক্ষাদেবং স্বয়ং জ্যোতিঃ স্বপ্রকাশঃ। নতু জীববদন্যাপেক্ষয়া অজো জন্মাদি শূন্যঃ পরেষাং ব্রহ্মাদীনামপীশ্বরঃ নায়ং জীব সমূহঃ স নিয়ম্যত্বেনায়নং যস্য ভগবান্ ঐশ্বর্য্যাদ্যংশবান্ ভগবদংশত্বাৎ। স্বমায়য়া স্বরূপশক্ত্যা। আত্মনি স্বরূপে। অবধীয়মান ইতি। মায়ায়াং মায়িকেঽপ্যন্তর্যামিত্বেন প্রবিষ্টোপি স্বরূপশক্ত্যা স্বরূপস্থ এব নতু তৎ সংসক্ত ইত্যর্থঃ। বাসুদেবত্বেন সর্ব্বক্ষেত্র জ্ঞাতৃত্বাৎ সোঽপরঃ ক্ষেত্রজ্ঞঃ

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ক্ষেত্রজ্ঞোহি দ্বিবিধঃ পরমাত্মা জীবাত্মাচ তয়োঃ প্রথমঃ পূর্ব্বশ্লোকে উদ্দিষ্ট উত্তরশ্লোকে বক্ষ্যতেচ দ্বিতীয়শ্চ দ্বিবিধঃ বদ্ধোমুক্তশ্চ তত্র মনসা আলিঙ্গিতঃ তদভিমানী বদ্ধঃ তেন অনালিঙ্গিতোনিরভিমানী মুক্তঃ। তয়োঃ পূর্ব্বো জ্ঞাতএব উত্তরঃ কীদৃশঃ স্যাদিত্যপেক্ষায়ামাহ ক্ষেত্রজ্ঞঃ এতা মনসো বিভূতীর্বিচষ্টে পশ্যতি জানাতি কেবলং নতু তদভিমানী সন্ ভুঙ্ক্তে। অতএব শুদ্ধঃ সংসারামুক্তঃ অস্তস্বশুদ্ধঃ সংসারীত্যর্থঃ মনসঃ কীদৃশস্য জীবস্য জীবোপাধেঃ যতো মায়য়া রচিতস্য অতএবাবিশুদ্ধং ভগবদ্বহির্মুখং কর্ম্ম করোতীতি তস্য। বিভূতীঃ কীদৃশীঃ নিত্যাঃ। অনাদিত এবানুগতাঃ কথং তর্হি সদা ন দৃশ্যন্ত ইত্যত আহ। আবির্হিতাঃ ক্বাপি জাগ্রৎ স্বপ্নয়োঃ। তিরোহিতাঃ ক্বাপি সুষুপ্তি প্রলয়য়োঃ॥ ১২॥

বদ্ধ জীবস্য ব্যবহারএব সদৈবাবধানবিষয়ো যথা তথা মুক্তজীবস্যাবধানবিষয়ঃ ক ইত্যপেক্ষায়ামাহ ক্ষেত্রজ্ঞঃ ক্ষেত্রস্য কার্ৎস্ন্যেন জ্ঞাতা পরমাত্মেত্যর্থঃ। আত্মা ব্যাপকঃ পুরাণো জগৎ কারণভূতঃ পুরুষঃ পুরুষাকারঃ স্বয়ং জ্যোতিঃ স্বপ্রকাশঃ অজো মায়িক

যাহা হউক, মনঃ যাহা মায়া রচিত জীব অর্থাৎ জীবোপাধি এবং অবিশুদ্ধ কর্ত্তা, ঐ সকল বৃত্তি তাহার বিভূতি, ঐ সকল প্রবাহ রূপে অবিচ্ছিন্ন, কখন কখন জাগ্রৎ ও স্বপ্নাবস্থায় আবির্ভূত হয়, কখন বা সুষুপ্তি দশায় তিরোহিত থাকে, ক্ষেত্রজ্ঞ আত্মা সাক্ষী, এ কারণ সকল অবস্থাতেই ঐ সকলকে দেখিতে পান॥ ১২॥

মহারাজ! ক্ষেত্রজ্ঞ দুই প্রকার এক যুষ্মদ্ শব্দের বাচ্য জীব, দ্বিতীয় তৎপদার্থের প্রতিপাদ্য ঈশ্বর এতদুভয়ের মধ্যে জীবের স্বরূপ পূর্ব্বে নিরূপণ করিয়াছি, এক্ষণে দ্বিতীয়ের স্বরূপ বলি শ্রবণ কর।

নারায়ণো ভগবান্ বাসুদেবঃ স্বমায়য়াত্মন্যবধীয়মানঃ ॥ ১৩ ॥
যথানিলঃ স্থাবর জঙ্গমানামাত্ম স্বরূপেণ নিবিষ্ট ঈশেৎ।
এবং পরো ভগবান্ বাসুদেবঃ ক্ষেত্রজ্ঞ আত্মেদমনু প্রবিষ্টঃ ॥ ১৪ ॥

শ্রীধরস্বামী।

ঽপরোক্ষঃ অজো জন্মাদিশূন্যঃ পরেষাং ব্রহ্মাদীনামপীশঃ। নারং জীবসমূহঃ সোঽয়নং যস্য নিয়ন্তৃঃ ভগবান্ ঐশ্বর্য্যাদি ষড়্‌গুণবান্। বাসুদেবঃ সর্ব্বভূতানামাশ্রয়ঃ। স্বাধীনমায়য়া আত্মনি জীবে অবধীয়মানঃ অবস্থাপ্যমানঃ কর্ম্মকর্ত্তরি প্রয়োগঃ তন্নিয়ন্তৃত্বেন বর্ত্তমান ইত্যর্থঃ ॥ ১৩ ॥

এতৎ সদৃষ্টান্তমাহ যথেতি। আত্ম স্বরূপেণ প্রাণরূপেণ ঈশেৎ ঈশীত নিয়ময়তি ইদং বিশ্বং ॥ ১৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

আত্মা পরমাত্মেতি। তদেবমপি মুখ্যং ক্ষেত্রজ্ঞত্বং পরমাত্মন্যেব। তদুক্তং। সর্ব্বং পুমান্ বেদ গুণাংশ্চ তজ্জ্ঞো ন বেদ সর্ব্বজ্ঞমনন্তমীড় ইতি। তথা শ্রীগীতোপনিষৎসু। ইদং শরীরং কৌন্তেয় ক্ষেত্রমিত্যভিধীয়তে। এতদ্যো বেত্তি তং প্রাহুঃ ক্ষেত্রজ্ঞ ইতি তদ্বিদঃ। ক্ষেত্রজ্ঞঞ্চাপি মাং বিদ্ধি সর্ব্বক্ষেত্রেষু ভারত। ক্ষেত্রক্ষেত্রজ্ঞয়োর্জ্ঞানং যত্তজ্‌ জ্ঞানং মতং মমেতি। অত্র খলু ক্ষেত্রজ্ঞঞ্চাপি মাং বিদ্ধীতি সর্ব্বেষ্বপি ক্ষেত্রেষু মাঞ্চ ক্ষেত্রজ্ঞং বিদ্ধি। নতু জীবমিব স্ব স্ব ক্ষেত্র এবেত্যেবার্থং বহতি। নচ জীবেশয়োঃ সামানাধিকরণ্যেন নির্ব্বিশেষ চিদ্রূপত্বেব জ্ঞেয়তয়া নির্দ্দিশতি। সর্ব্বক্ষেত্রেষ্বিত্যস্য বৈয়র্থ্যাপত্তেঃ। জ্ঞেয়ং যত্তৎ প্রবক্ষ্যামীত্যাদৌ সর্ব্বতঃ পাণিপাদং তদিত্যাদিনা সবিশেষত্বস্যৈব নির্দ্দিষ্টত্বাৎ। অমানিত্বমিত্যাদিনা জ্ঞানস্যচ তথোপদিষ্টত্বাৎ। কিঞ্চ ক্ষেত্রজ্ঞং চাপীত্যত্র তত্ত্বমসীতি বৎ সামানাধিকরণ্যেন তন্নির্ব্বিশেষ জ্ঞানে বিবক্ষিতে ক্ষেত্রজ্ঞেশ্বরয়ো জ্ঞানে বিবক্ষিতে ক্ষেত্রজ্ঞেশ্বরয়োর্জ্ঞান মিত্যেবনূদ্যেত। নতু ক্ষেত্র ক্ষেত্রজ্ঞয়ো জ্ঞানমিতি। কিন্তু ক্ষেত্রক্ষেত্রজ্ঞয়ো রিত্যস্যায়মর্থঃ দ্বিবিধয়োরপি ক্ষেত্রক্ষেত্রজ্ঞয়োর্যজ্‌জ্ঞানং তন্মমৈব জ্ঞানং মতং। অন্যার্থস্তু পরামর্শ ইতি ন্যায়েন তজ্‌জ্ঞানৈক তাৎপর্য্যক মিত্যর্থঃ। জ্ঞেয়স্যৈকত্বেন নির্দ্দিষ্টত্বাৎ যোগ্যত্বাচ্চ। নচ নিরীশ্বর সাংখ্যবৎ ক্ষেত্র ক্ষেত্রজ্ঞমাত্র বিভাগাদত্র জ্ঞানং মতং মামিত্যনেনেশ্বরস্যাপেক্ষিতত্বাৎ। নচ বিবর্ত্তবাদবদীশ্বরস্যাপি ভ্রমমাত্র প্রতীতি পুরুষত্বং। তদ্বচনলক্ষণ সবেদগীতাদি শাস্ত্রাণাম প্রামাণ্যাদ্বৌদ্ধবাদাপত্তেঃ তস্যাং চ সত্যাং বৌদ্ধানামিব বিবর্ত্তবাদিনাং তদ্ব্যাখ্যানাযুক্তেঃ ॥ ১৩ ॥

যথেতি। শ্রুতিশ্চ বায়ুর্যথৈকোভুবনং প্রবিষ্টোরূপং রূপং প্রতিরূপোবভূব। একস্তথা সর্ব্বভূতান্তরাত্মা রূপং রূপং প্রতিরূপো বহিশ্চেতি কাঠকে ॥ ১৪। ১৫। ১৬। ১৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

জন্মাদি শূন্যঃ পরেষাং ব্রহ্মাদীনামপীশঃ নারায়ণঃ কারণার্ণবশায়ী ভগবান্ ষড়ৈশ্বর্য্য পূর্ণো বৈকুণ্ঠনাথঃ বাসুদেবো বসুদেব নন্দনঃ শ্রীমথুরাদ্যধিপতিঃ। সুষ্ঠু অমায়য়া হেতুনা আত্মনি অবধীয়মানঃ মুক্তজীবেন আত্মনি মনসি অবধান বিষয়ী ক্রিয়মাণঃ। যদ্বা স্বমায়য়া স্বরূপ শক্ত্যা কৃপয়া বা সহিতঃ ॥ ১৩ ॥

সচ ভগবান্ মুক্ত জীবেন সুলভ এবেতি সদৃষ্টান্তমাহ যথেতি আত্ম স্বরূপেণ প্রাণরূপেণ ঈশেৎ ঈশীত ইদং বিশ্বং ॥ ১৪ ॥

তিনি আত্মা অর্থাৎ সর্ব্বব্যাপী, পুরুষ অর্থাৎ পূর্ণ স্বরূপ, পুরাণ অর্থাৎ জীবের কারণ ভূত, সাক্ষাৎ অর্থাৎ অপরোক্ষ কিন্তু স্বয়ং প্রকাশ। অপর তাঁহার জন্মাদি নাই এবং তিনি পর যে ব্রহ্মাদি তাঁহাদেরও প্রভু, অপিচ তিনি নারায়ণ অর্থাৎ জীব সমূহ তাঁহার অয়ন (অবস্থান স্থান) এবং তিনি ভগবান্ অর্থাৎ ষড়্‌বিধ ঐশ্বর্য্যশালী। অপর তিনি বাসুদেব অর্থাৎ সকল ভূতের আশ্রয় এবং আপনার অধীনা যে মায়া তাহার দ্বারা আত্মাতে অর্থাৎ জীবে নিয়ন্তৃত্ব রূপে বর্ত্তমান থাকেন ॥ ১৩ ॥

হে রাজন্! যেমন বায়ু প্রাণ রূপে শরীরে প্রবিষ্ট হইয়া স্থাবর জঙ্গমাদি ভূত সকলের উপরে আধিপত্য করে সেই রূপ ক্ষেত্রজ্ঞ আত্মা পরম পুরুষ ভগবান্ বাসুদেব জগতে অনু প্রবেশ করিয়া তাহার উপর কর্ত্তৃত্ব করিয়া থাকেন ॥ ১৪ ॥

নযাবদেতাং তনুভূন্নরেন্দ্র বিধূয় মায়াং বয়ুনোদয়েন।
বিমুক্ত সঙ্গো জিতষট্ সপত্নো বেদাত্মতত্ত্বং ভ্রমতীহ তাবৎ ॥ ১৫ ॥
ন যাবদেতন্মন আত্মলিঙ্গং সংসারতাপাবপনং জনস্য।
যচ্ছোকমোহাময় রাগ লোভ বৈরানুবন্ধং মমতাং বিধত্তে ॥ ১৬ ॥
ভ্রাতৃব্যমেতস্ত্বমদভ্রবীর্য্যমুপেক্ষয়াধ্যেধিতমপ্রমত্তঃ।

শ্রীধরস্বামী।

তদেবমাত্মনঃ শুদ্ধত্বং সংসারস্যচ মিথ্যাত্বং প্রদর্শ্য ইদানীং তন্নিবৃত্তিমাহ ন যাবদিতি। তনুভৃদ্দেহী বয়ুনোদয়েন জ্ঞানোৎপত্ত্যা যাবন্মায়াং বিধূয়াত্মতত্ত্বং নবেদ তাবদিহ ভ্রমতি ॥ ১৫ ॥

যাবচ্চ বিষয়ানুরক্তং মনঃ এব অনর্থ হেতুরিতি ন বেদ তাবন্নির্ব্বেদাভাবাৎ পরিভ্রমত্যেবেত্যাহ নেতি। আত্মনো লিঙ্গমুপাধি ভূতং মনঃ সংসার তাপানাং আবপনং ক্ষেত্রং যাবন্নবেদ তাবদ্ভ্রমতীত্যনুষঙ্গঃ। তাপাবপনে হেতুঃ যন্মনঃ শোকাদ্যনুবন্ধং মমতাঞ্চ বিধত্তে ॥ ১৬ ॥

তস্মাৎ ভ্রাতৃব্যং শত্রুং অধ্যেধিতং সংবৃদ্ধং ব্যলীকং মিথ্যাভূতং তথাপ্যাত্মানং মুষ্ণাতীতি তথা তং গুরুরেব হরি স্তস্য চরণো

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

এবমবিদ্যোত্তীর্ণানাং ভগবদবধান লক্ষণং জ্ঞানং শাশ্বতিকমেবেত্যুক্তং। অবিদ্যাপতিতানাং জীবানামপ্যবিদ্যোত্তারণে তদেব সাধনমিত্যাহ। নেতি বয়ুনোদয়েন উক্ত লক্ষণ জ্ঞানোৎপত্ত্যা বিমুক্তসঙ্গঃ সন্ যাবন্মায়াং বিধূয়াত্ম তত্ত্বং ন বেদ তাবদিহ ভ্রমতি ॥ ১৫ ॥

মায়াবিধূননঞ্চ সম্যক্তয়া কথং জ্ঞাতব্যমিতি চেৎ যাবদ্বিষয়ানুরক্তং মন স্তাবন্মায়া বিধূননমাত্মত্ব জ্ঞানঞ্চ ন স্যাদিত্যাহ-নেতি আত্মনো লিঙ্গমুপাধিভূতং মনঃ যাবন্মমতাং বিধত্তে তাবদাত্ম তত্ত্বং নবেদেত্যনুষঙ্গঃ। কীদৃশং সংসারতাপানামাবপনং ক্ষেত্রং তাপানেবাহ যন্মতঃ শোকাদীন্যনুবধ্নাতীতি তত্রদেবং মনঃ শ্রূয়তে অন্যত্র তত্ত্বমিতি যদুক্তং তৎ ক্ষেত্রজ্ঞ এতা ইত্যাদি শ্লোক পঞ্চকেন প্রপঞ্চিতং ॥ ১৬ ॥

তস্মান্মন এব নিগৃহীতব্যমিত্যাহ ভ্রাতৃব্যং শত্রুং। উপেক্ষয়ৈব জহি নিগৃহাণ তদুপেক্ষণমেব তদ্বধ ইতি ভাবঃ। নতু তদিষ্ট বিষয় ভোগ প্রদান লক্ষণয়া অপেক্ষয়া অনুগৃহাণেত্যর্থঃ। সর্ব্বথৈব তদ্বধনভিপ্রেতএব তস্মান্মনো লিঙ্গমদোবদস্তি গুণাগুণত্বস্য পরাবরস্যেতি শ্রূয়তে অন্যত্র তত্ত্বমিতিচ পূর্ব্বোক্তেঃ দৃষ্টান্তেচ ভ্রাতুষ্পুত্রস্যাবধ্যত্বাৎ। মনঃ কীদৃশং অধিকমেধিতং স্ববৃত্তীঃ সংশ্রিত্য সংবৃদ্ধং নম্ব বলবন্তমিমং দুর্ব্বলোঽহং কথং নিগৃহ্ণামীত্যত আহ গুরোঃ সকাশাৎ প্রাপ্তস্য মন্ত্ররূপস্য হরেশ্চরণয়োরুপাসনা শ্রবণাদি নব বিধভক্তিরেবাস্ত্রং যস্য সঃ। যদ্বা গুরুরেব হরিস্তস্য চরণোপাসনমেবাস্ত্রং যস্য সঃ। ব্যলীকমপ্রিয়ং যতঃ স্ববৃত্তি-সন্দর্শনয়া সংমোহ্য আত্মানং পরমাত্মরূপং সর্ব্বস্বমেব মুষ্ণাতীতি তং মহাচৌরমিত্যর্থঃ। তক্ত্যস্ত্রেণ ত্যাজয়িত্বা বিষয়ান্ স্বমনো

হে নরেন্দ্র! দেহী জ্ঞানোৎপত্তি দ্বারা যাবৎ মায়া পরিত্যাগ না করে এবং সঙ্গত্যাগী ও ছয় রিপু জয়কারী হইয়া যাবৎ আত্মতত্ত্ব অবগত না হয়, তাবৎ সংসার বর্ত্মে ভ্রমণ করিয়া বেড়ায় ॥ ১৫ ॥

অপর যে পর্য্যন্ত এই মনকে আত্মার উপাধি ও সংসারতাপের ক্ষেত্র বলিয়া নিশ্চয় না করে তাবৎ সংসার হইতে নিষ্কৃতি পায় না। রাজন্! মনকে সংসার তাপের ক্ষেত্র কেন বলে ইহার কারণ বলি শুন। রোগ, শোক, মোহ, লোভ, রাগ ও বৈর এই সকলে সংযুক্ত হইয়া মনঃ মমতা জন্মায়, তাহাতেই সংসার তাপ হয়, সুতরাং মনঃ সংসার তাপ সকলের ক্ষেত্র ॥ ১৬ ॥

অতএব তুমি আপনার গুরু রূপ যে হরি, তাঁহার চরণোপাসনা রূপ অস্ত্র দ্বারা অপ্রমত্ত হইয়া ঐ মনকে বিনাশ কর। মহারাজ! ওটী সামান্য শত্রু নয়, উপেক্ষা করিলে অতিশয় বলবান্ হইয়া

গুরোর্হরেশ্চরণোপাসনাস্ত্রোজহি ব্যলীকং স্বয়মাত্মমোষং ॥ ১৭ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং পঞ্চমস্কন্ধে ব্রাহ্মণ রহূগণ সম্বাদে একাদশোঽধ্যায়ঃ ॥ * ॥ ১১ ॥ * ॥

শ্রীরহূগণ উবাচ ॥

নমোনমঃ কারণ বিগ্রহায় স্বরূপ তুচ্ছীকৃত বিগ্রহায়।

নমোঽবধূত দ্বিজবন্ধু লিঙ্গ নিগূঢ় নিত্যানুভবায় তুভ্যং ॥ ১ ॥

জ্বরাময়ার্ত্তস্য যথাগদং সন্নিদাঘদগ্ধস্য যথাহিমাম্ভঃ।

শ্রীধরস্বামী।

পাসনমেবাস্ত্রং যস্য তথা ভূতঃ সন্ জহি ঘাতয় ॥ ১৭ ॥

॥ * ॥ ইতি পঞ্চমে একাদশঃ ॥ * ॥

দ্বাদশে পুনরাপৃষ্টঃ সন্দেহেন মহীভৃতা। স যোগী সর্ব্বসন্দেহান্ সংপ্রাণুদদ্বিতীর্যাতে ॥ ০ ॥

কারণমীশ্বরস্তস্যেব লোকরক্ষণার্থো বিগ্রহো দেহো যস্য স্বরূপেণ পরমানন্দ প্রকাশেন তুচ্ছীকৃতো বিগ্রহো দেহো যেন। হে অবধূত যোগেশ্বর দ্বিজবন্ধো র্লিঙ্গেন বেশেন নিগূঢ়ো নিত্যানুভবো যেন তস্মৈ নমঃ ॥ ১ ॥

বিশেষতঃ প্রষ্টুং তদ্বাক্যমভিনন্দতি জ্বর এব আময়ো রোগ স্তেনার্ত্তস্য যথা সৎ স্বাদু অগদমৌষধং যথা নিদাঘেন দগ্ধস্য সন্ত-

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে পঞ্চমস্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভস্য একাদশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

স্বরূপেণ তদনুভবেন তুচ্ছীকৃতো দণ্ডরূপোবিগ্রহো যেন ॥ ১ ॥

হে ব্রহ্মন্ তে তব বচঃ কুদেহাভিমানাহিদংশ ব্যাপ্ত বুদ্ধি পর্য্যন্তস্য মমৌষধং তত্র দৃষ্টান্তঃ জ্বরেতি কচিত্তস্যাভিচার তর্কাৎ

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বৃত্তিঃ। ধ্বস্তাবিদ্যোঽবধস্তে যঃ কৃষ্ণং মুক্তঃ স উচ্যতে। ভক্ত্যাভাবান্মনোবৃত্তীরাশ্রয়ন্নাসনাময়ং। অবিদ্যাং যস্য পুষ্ণাতি স পুমান্ বদ্ধ উচ্যতে ॥ ১৭ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। একাদশঃ পঞ্চমস্য সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

মিথ্যাত্বেপ্যস্য বিশ্বস্য সত্যাঃ কৃষ্ণস্য যজ্ঞগাঃ। দ্বাদশে কথিতা ধাম ভক্ত্যাদ্যা অপি তে ততঃ ॥ ০ ॥

কারণমীশ্বরস্তস্যেব লোকরক্ষণার্থো নিত্যোবিগ্রহো দেহো যস্য তস্মৈ। স্বরূপেণ স্বানন্দানুভবেন তুচ্ছীকৃত বিগ্রহাঃ শাস্ত্র কৃতাঃ বিবাদা যেন তস্মৈ। হে অবধূত ॥ ১ ॥

কুৎসিতে দেহে অভিমান এবাহি স্তেন বিশেষতো দষ্টা দৃষ্টির্যস্য তস্য মম হে ব্রহ্মন্ তে বচঃ অগদমৌষধং তত্র দৃষ্টান্তঃ

উঠিবে, আর যদিও ঐ মনঃ স্বয়ং মিথ্যা স্বরূপ তথাপি আত্মাকে বিলুপ্ত করিতে পারে, অতএব ইহার প্রতি উপেক্ষা করিও না ॥ ১৭ ॥

॥ * ॥ পঞ্চমে একাদশ ॥ * ॥

দ্বাদশাধ্যায়ে রাজা রহূগণ সন্দিহান চিত্তে পুনর্ব্বার জিজ্ঞাসা করিলে যোগিবর ভরত কর্ত্তৃক তাঁহার সন্দেহ ভঞ্জন ॥ ০ ॥

রহূগণ রাজা কহিলেন হে যোগেশ্বর! আপনাকে নমস্কার করি নমস্কার করি, আপনি সামান্য ব্যক্তি নহেন, আপনার এই দেহ ঈশ্বর তুল্য লোক রক্ষণার্থ মাত্র, বস্তুতঃ আপনি আত্ম স্বরূপ অর্থাৎ পরমানন্দ প্রকাশ দ্বারা দেহকে তুচ্ছীকৃত করিয়াছেন। প্রভো! এই দ্বিজবন্ধু অর্থাৎ কুৎসিত ব্রাহ্মণ বেশে আপনার নিত্য অনুভব প্রচ্ছন্ন হইয়া রহিয়াছে ॥ ১ ॥

হে যোগিবর! জ্বররোগে পীড়িত ব্যক্তির পক্ষে সুস্বাদ ঔষধ যেমন হয়, এবং রৌদ্র দ্বারা

কুদেহমানাহিবিদষ্টদৃষ্টে র্ব্রহ্মন্ বচস্তে ঽমৃতমৌষধং মে ॥ ২ ॥
তস্মাদ্ভবন্তং মম সংশয়ার্থং প্রক্ষ্যামি পশ্চাদধুনা সুবোধং।
অধ্যাত্মযোগগ্রথিতং তবোক্তমাখ্যাহি কৌতূহল চেতসোমে ॥ ৩ ॥
যদাহ যোগেশ্বর দৃশ্যমানং ক্রিয়াফলং সদ্ব্যবহারমূলং।
নহ্যঞ্জসা তত্ত্ববিমর্শনায় ভবানমুষ্মিন্ ভ্রমতে মনো মে ॥ ৪ ॥
শ্রীব্রাহ্মণ উবাচ ॥
অয়ং জনো নাম চলন্ পৃথিব্যাং যঃ পার্থিবঃ পার্থিবকস্য হেতোঃ।

শ্রীধরস্বামী।

প্তস্য হিমাম্ভঃ শীতলমুদকং গঙ্গোদকং বা তথা হে ব্রহ্মন্ কুৎসিতে দেহে মানোঽহঙ্কারঃ সএবাহিস্তেন বিশেষেণ দষ্টা দৃষ্টি র্বিবেক লক্ষণা যস্য তস্য মে তবেদং বচঃ অমৃততুল্যমৌষধং ॥ ২ ॥ মম সংশয় বিষয়মর্থং পশ্চাৎ প্রক্ষ্যামি অধুনা তাবৎ ত্বদুক্তং বচঃ অধ্যাত্ম যোগেন গ্রথিতং দুর্ব্বোধং সুবোধং যথা ভবতি এবং ব্যাখ্যাহি কৌতূহলযুক্তং চেতোযস্য তস্য মম ॥ ৩ ॥ ত্বয়োদিতং ব্যক্তং অবি-প্রলব্ধমিত্যাদিনা ভারবহনাদিক্রিয়াচ তৎফলঞ্চ শ্রমাদি প্রত্যক্ষাদিভি র্দৃশ্যমানং সৎ অবাধিতমপি ব্যবহার মাত্র মূলং যত্বা সতঃ অবাধিতস্য ব্যবহারস্য মূলং কারণমপি নহ্যঞ্জসা তত্ত্ববিমর্শনায় ক্ষমমিতি ভবান্ যদাহ অমুষ্মিন্নর্থে মে মনো ভ্রমতি ॥ ৪ ॥
অবাধিতত্বমেবাসিদ্ধমিত্যাহ। হে পার্থিব যঃ পার্থিবো বিকারঃ সএব কস্য হেতোঃ কস্মাচ্চিৎ কারণাৎ পৃথিব্যাং চলন্ অয়ং

ক্রমসন্দর্ভঃ।

পুনর্দৃষ্টান্তঃ নিদাঘেতি। তত্রাপ্যপরিতোষাৎ অমৃতমিতি লুপ্তোপমেয়ং অমৃতমিবেত্যর্থঃ ॥ ২। ৩। ৪ ॥
তত্র শ্রীভগবদাখ্যং তত্ত্বমেব সর্ব্ব সাধকং। স্বাতন্ত্র্যেণ তু কিমপি রূপয়িতুং নশক্যং ইত্যাহ। অয়মিতি সপ্তভিঃ ॥ ৫।৬।৭।৮॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

জরেতি কচিত্তদ্ব্যভিচার তর্কাৎ পুনর্দৃষ্টান্তঃ নিদাঘেতি তত্রাপ্যপরিতোষাৎ অমৃতং অমৃতমিবেত্যর্থঃ ॥ ২ ॥
মম সংশয় বিষয়মর্থং পশ্চাৎ প্রক্ষ্যামি অধুনা তাবৎ তদুক্তং বচঃ অধ্যাত্মযোগেন গ্রথিতং দুর্ব্বোধং সুবোধং যথা ভবত্যেবং ব্যাখ্যাহি কৌতূহলযুক্ত মনসো মম কৃতে ॥ ৩ ॥
হে যোগেশ্বর যত্তবানাহ। দৃষ্টঃ শ্রমঃ কর্ম্মত ইত্যাদি মদুক্তৌ ভারবহনাদি ক্রিয়া তৎ ফলঞ্চ শ্রমাদি প্রত্যক্ষাদিভির্দৃশ্যমানং সৎ বিদ্যমানং ব্যবহারমাত্র মূলং তত্ত্ব বিমর্শনায় দৃষ্টান্তাদিনাপি তত্ত্ব জ্ঞানমুপকর্ত্তুং ন ক্ষমমিতি। অমুষ্মিন্ ত্বদ্বচনে ভ্রমতে স্পষ্টস্যাভিপ্রায়স্যাপ্রাপ্ত্যা মনোভ্রমতি ॥ ৪ ॥
পূর্ব্বং স্বমতেন ভঙ্গ্যা দত্তমপ্যুত্তরমবুদ্ধ্বৈব পুনঃ পৃচ্ছন্তং রাজানমবজানন্নিব ভো রাজং স্তব ব্যবহারোঽয়মপ্রমাণ এবেতি

উত্তপ্ত ব্যক্তির সুশীতল জল যে রূপ হইয়া থাকে, আমার পক্ষে আপনার ঐ সকল বচন তদ্রূপ হইল। এই কুৎসিত দেহাভিমান রূপ ভুজঙ্গে আমার দৃষ্টি দষ্ট হইয়াছিল, আপনার বাক্যে এক্ষণে অমৃত তুল্য মহৌষধ প্রাপ্ত হইল ॥ ২ ॥

অতএব আমার যে যে বিষয়ে সংশয় আছে তৎসমুদায় পশ্চাৎ আপনাকে জিজ্ঞাসা করিব, সম্প্রতি আপনি অধ্যাত্ম যোগ বিস্তার পূর্ব্বক যে সকল বাক্য কহিলেন সে গুলি অতি দুর্ব্বোধ্য, আমি বিশেষ রূপে পরিজ্ঞাত হইতে পারি নাই, যাহাতে সুন্দর রূপে বোধগম্য হয় এ প্রকার করিয়া ব্যখ্যা করুন। এ বিষয়ের নিমিত্ত আমার চিত্ত অতিশয় কৌতূহলাক্রান্ত হইতেছে ॥ ৩ ॥

হে যোগেশ্বর! আপনি যে পূর্ব্বে উল্লেখ করিয়াছেন "ভার বহনাদি ক্রিয়া এবং তাহার ফল শ্রম প্রভৃতি প্রত্যক্ষাদি প্রমাণে দৃশ্যমান হওয়াতে অবাধিত ব্যবহারের মূল অর্থাৎ কারণ হইলেও যথার্থ রূপে তত্ত্ব বিচারার্থ সমর্থ নহে" এ বিষয়ে আমার মনঃ অত্যন্ত ভ্রান্ত হইতেছে ॥ ৪ ॥

রহূগণ রাজার এই সকল সন্দিগ্ধ বচন শ্রবণ করিয়া বিপ্ররূপী ভরত সম্বোধন পূর্ব্বক কহিলেন,

তস্যাপি চাঙ্‌ঘ্র্যোরধি গুল্‌ফ জংঘা জানুরু মধ্যোর শিরোধরাংসাঃ ॥ ৫ ॥
অংসেঽধিদার্ব্বী শিবিকাচ যস্যাং সৌবীররাজেত্যপদেশ আস্তে ।
যস্মিন্ ভবান্ রূঢ়নিজাভিমানো রাজাস্মি সিন্ধুস্বিতি দুর্ম্মদান্ধঃ ॥ ৬ ॥
শোচ্যানিমাং স্ত্বং হ্যধিকষ্টদীনান্ বিষ্ট্যানি গৃহ্লন্ নিরনুগ্রহোসি ।

শ্রীধরস্বামী ।

ভারবাহকাদির্জনো নাম প্রসিদ্ধঃ । যশ্চ নচলতি স পাষাণাদিরিত্যোক্তাবানেব ভেদঃ তস্যাচ জড়ত্বান্নতারঃ শ্রমশ্চ কিঞ্চ ভবেদেবং যদি শ্রমস্যাশ্রয়ো নিরূপ্যেত নত্বেতদস্তি অবয়ব ব্যতিরেকেণ শ্রমাশ্রয়স্যাবয়বিনো ঽনিরূপণাদিত্যাশয়েনাহ তস্যাপি পৃথ্বী বিকারস্যাপি অঙ্‌ঘ্র্যোরধি উপর্য্যুপরি গুল্‌ফাদয়ঃ উরসঃ সলোপ আর্ষঃ ॥ ৫ ॥

শিবিকায়ামপি অবয়বী নাস্তি স্বযাপি নাস্তি তদাহ সৌবীররাজেত্যপদেশো নাম যস্য স পার্থিবো বিকার আস্তে- রাজেতি সন্ধিরার্ষঃ । যস্মিন্ ভবান্ নিরূঢ়াত্মাভিমানঃ সিন্ধুষু রাজাস্মীতি দুর্ম্মদেনান্ধঃ সন্ ॥ ৬ ॥

শোচ্যানিমান্ বিষ্ট্যানি গৃহ্লন্ নিষ্কৃপোবর্ত্তসে অতো মিথ্যৈব গোপ্তাস্মীতি শ্লাঘমানো মহতাং সভাসু নশোভসে যত্তোধৃষ্টঃ ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

মতান্তরমাশ্রিত্য পুনঃ প্রত্যাহ । অয়ং জনোভারবাহকঃ নাম প্রসিদ্ধঃ পার্থিবঃ পৃথিব্যা বিকারঃ কস্যাপি হেতোশ্চলন্ ভবতি যস্ত নচলতি সতু পাষাণাদিরিত্যোতাবানেব ভেদঃ । তস্যাপি পার্থিবস্য অঙ্ঘ্রী পৃথিব্যা উপরিস্থৌ অঙ্‌ঘ্র্যোরধি উপর্য্যুপরি গুল্‌ফাদয়ঃ । উরসঃ সলোপ আর্ষঃ ॥ ৫ ॥

অংসে স্কন্ধে দার্ব্বী দারু বিকারঃ শিবিকা যস্যাং সৌবীররাজঃ ইত্যপদেশো নাম মাত্রং যস্য সঃ পার্থিবোবিকার আস্তে যস্মিন্ ভবান্ রাজাস্মীত্যভিমানেনৈবাস্তে নতু বস্তুতঃ । অত্র পৃথিব্যাদীনাং শিবিকান্তানাং ভারবহনাৎ কিং সর্ব্বেষাং শ্রমঃ উত কস্য চিৎ কস্যচিৎ ন তাবৎ সর্ব্বেষাং পৃথিব্যাঃ শিবিকায়াশ্চ শ্রমাদর্শনাৎ অঙ্‌ঘ্র্যাদীনাং শ্রম উপলভ্যতে ইতি চেন্ন শিবিকায়া অভাবে গুল্‌ফাদি ভারবাহিনামপি তেষাং শ্রমানুপলব্ধেঃ অঙ্‌ঘ্র্যাদ্যবয়বিনঃ শিবিকা বহনাৎ শ্রম ইতি চেৎ অবয়বেভ্যঃ পৃথগবয়বিনঃ শ্রমাশ্রয়স্যানিরূপণাৎ । নন্বস্ত নাস্ত বা অবয়বী ভারবাহিনঃ শ্রমদুঃখমনুভূয়ত এবেতি চেদেতদপি নৈকান্তিকং । অতি সুকুমার্য্যা অপি রত্নালঙ্কারান্ বহন্ত্যাঃ স্ববালকং চ বহন্ত্যাঃ শ্রমদুঃখানুপলব্ধে স্তস্মাদভিমান বিশেষেণৈব দুঃখং সুখং চ যথা রাজাস্মীতি দুর্ম্মদেন দুরভিমান মত্ততয়া অন্ধঃ কিমপি ন পশ্যসীত্যোতদেব তব সুখং নিরভিমানানাস্তু ন তে দুঃখ সুখে ইতি ভাবঃ ॥ ৬ ॥

জ্ঞানাভাবেপি রাজ্ঞঃ প্রজাশাসনং ধর্ম্ম এবেতি যদুক্তং তত্রাহ শোচ্যানিতি বিষ্ট্যানি গৃহ্নন্নিতি ঈদৃশমেব নির্দয়স্য তব

রাজন্ ! যাহা পার্থিব বিকার, তাহাই কোন কারণে পৃথিবীতে চলিতে লাগিলে এই রূপ জন অর্থাৎ ভারবাহকাদি ব্যক্তি বলিয়া প্রসিদ্ধ হয় । সেই পার্থিব বিকারের উপরেও অবয়বী কেহ নাই, তাহা চরণদ্বয়ের উপরে, ক্রমশঃ উপর্য্যুপরি ভাবে গুল্‌ফ, জঙ্ঘা, জানু, উরু, মধ্য দেশ, বক্ষঃ স্থল, গলদেশ ও স্কন্ধ এই সকলই রহিয়াছে ॥ ৫ ॥

স্কন্ধের উপরেও কেহ অবয়বী নাই, তদুপরি দারুময়ী শিবিকা । ঐ শিবিকাতেও কেহ অবয়বী নাই, তাহার উপরে সৌবীর রাজা এই একটী নাম মাত্র পার্থিব বিকার দেখিতেছি, ঐ পার্থিব বিকারেই তোমার অভিমান বদ্ধ মূল হইয়াছে, তাহাতেই তুমি আপনাকে "আমি সিন্ধুদেশ সকলের রাজা" বলিয়া মদান্ধ হইতেছ ॥ ৬ ॥

এই সকল ভারবাহক ব্যক্তি অধিক কষ্ট ভোগ করিয়া অতিশয় দীন হইতেছে, দেখিলে দুঃখ জন্মে; ইহাদিগকে তুমি বেতন না দিয়া বল পূর্ব্বক ধরিয়া নিগ্রহ করিতেছ, ইহাতে তুমি অতিশয় নির্দ্দয় । অতএব 'আমি সকলের রক্ষক' এই বলিয়া যে আত্ম শ্লাঘা কর তাহা মিথ্যা, তুমি অতি ধৃষ্ট,

জনস্য গোপ্তাস্মি বিকত্থমানো ন শোভসে বৃদ্ধসভাসু ধৃষ্টঃ ॥ ৭ ॥
যদা ক্ষিতাবেব চরাচরস্য বিদাম নিষ্ঠাং প্রভবঞ্চ নিত্যং ।
তন্নামতোঽন্যদ্ব্যবহার মূলং নিরূপ্যতাং সৎক্রিয়য়ানুমেয়ং ॥ ৮ ॥
এবং নিরুক্তং ক্ষিতিশব্দবৃত্তমসন্নিধানাৎ পরমাণবো যে ।

শ্রীধরস্বামী ।

নচোত্তরোত্তরাবয়ব ভারঃ পূর্ব্ব পূর্ব্বাবয়বানাং ভবেদিতি বাচ্যং তেষামপি অনিরূপণাৎ ইত্যাশয়েনাহ যদেতি। নিষ্ঠাং নাশং প্রভবমুৎপত্তিং বিদাম বিদ্মঃ তত্তদাক্ষিতে রন্তস্ত বিকারস্তাভাবাৎ নাম মাত্রাদন্তং ব্যবহারস্ত মূলং কারণং অর্থক্রিয়য়া সদিত্যনুমেয়ং নিরূপ্যতাং। তথাচ শ্রুতিঃ বাচারম্ভণং বিকারো নামধেয়ং মৃত্তিকেত্যেব সত্যমিতি ॥ ৮ ॥

তর্হি ক্ষিতেঃ সত্যতা স্যাৎ তত্রাহ। এবং ক্ষিতিশব্দস্যাপি বৃত্তং বর্ত্তনং অর্থং বিনৈব নিরুক্তং। যদ্বা ক্ষিতি শব্দস্য বৃত্তং যস্মিন্ তদপি মিথ্যাত্বেন নিরুক্তমিত্যর্থঃ। কুতঃ অসৎসু সূক্ষ্মেষু পরমাণুষু স্বকারণ ভূতেষু নিধানাৎ লয়াৎ। অতঃ পরমাণু ব্যতিরেকেণ ক্ষিতি র্নাস্তীত্যর্থঃ। পরমাণব স্তর্হি সত্যাঃ স্যু স্তত্রাহ। তে মনসা কার্য্যানুপপত্ত্যা বাদিভিঃ কল্পিতা কল্পনা বীজমাহ যেষাং সমূহেন বিশেষঃ কৃতঃ যেষাং সমূহঃ পৃথ্বী বুদ্ধ্যালম্বনমিত্যর্থঃ। অবয়বিনো নিরস্তত্বাৎ সমূহ গ্রহণং তথাপি সত্যাঃ স্যুঃ ন

ক্রমসন্দর্ভঃ ।

অবিদ্যয়েতি যস্ত সমূহ রূপস্ত বিশেষস্তান্যথানুপপত্ত্যা তদ্ধেতবঃ পরমাণবঃ কল্প্যন্তে। তস্যাপ্যবয়বিবন্নিরূপণাশক্যত্বাত্তেপ্য

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

প্রজাশাসনং ধর্ম্মএব দৃষ্ট ইতি তদপ্যচ্যুতস্য কিঙ্করোস্মীতি জিজ্ঞাসুরস্মীতি কল্পয ইতি ভাবঃ ॥ ৭ ॥

নন্বভিমান শূন্যস্য মুক্তস্যাপি প্রারব্ধ সুখ দুঃখ ভোগ শ্রবণাৎ তবাপি ভারবহন ক্রিয়া ফলস্য শ্রমস্য প্রত্যক্ষাদিতি দৃশ্যমানত্বে-নাবাধিতত্বাদ্ব্যবহারস্যাপ্রামাণ্যং ত্বদুক্তং নঘটত ইতি চেৎ সত্যং মুক্তানাং মাদৃশানাং বাধিতানুবৃত্ত্যৈব দুঃখ সুখাভাসৌ যথা স্বপ্নাৎ প্রবুদ্ধস্য জনস্য স্বপ্ন দৃষ্ট সর্পস্য মিথ্যাত্বজ্ঞানেপি কিয়ৎক্ষণ পর্য্যন্তং ভয়কম্পাবকিঞ্চিৎকরাবেব অপ্রবুদ্ধানান্তু স্বাপ্নিকঃ সর্পঃ সত্য এব ভাতি যথা যুষ্মাকং ব্যবহার স্তদপি ব্যবহারস্যাসত্যত্বং যুক্ত্যা দর্শয়ামি শৃণ্বিত্যাহ যদেতি চরাচরস্য জগতঃ ক্ষিতা-বেব নিষ্ঠাং নাশং প্রভবমুৎপত্তিঞ্চ বিদাম বিদ্মস্তস্মাৎ সর্ব্বেষাং বিকারাণাং ক্ষিতিভিন্নত্বাভাবাৎ নাম মাত্রাদন্যদ্ব্যবহারস্য মূলং কারণং অর্থ ক্রিয়য়া সদেত্যনুমেয়ং নিরূপ্যতাং যদি তে যুক্তিঃ প্রতিভাতীতি ভাবঃ। তথাচ শ্রুতিঃ বাচারম্ভণং বিকারো নামধেয়ং মৃত্তিকেত্যেব সত্যমিতি ॥ ৮ ॥

তর্হি ক্ষিতেঃ সত্যতা স্যাত্তত্রাহ। এবং ক্ষিতি শব্দস্যাপি বৃত্তং বর্ত্তনং সত্তা নাম মাত্র এবেত্যর্থঃ। কুতঃ অসৎসু সূক্ষ্মেষু পর-মাণুষু স্বকারণেষু নিধানাদম্বয়াৎ। ততঃ পরমাণু ব্যতিরেকেণ ক্ষিতি র্নাস্তীত্যর্থঃ। পরমাণবস্তর্হি সত্যাঃ স্যু স্তত্রাহ অবিদ্যয়া অজ্ঞানেনৈব হেতুনা মনসা তে কার্য্যানুপপত্ত্যা কল্পিতা বাদিভিরতোঽসত্যা এবেত্যর্থঃ। কল্পনা বীজমাহ যেষাং সমূহেন বিশেষঃ

অর্থাৎ তোমার লজ্জা নাই, মহাজনদের সভায় তুমি শোভা পাইতে পার না ॥ ৭ ॥

হে রাজন্! যখন পৃথিবীতেই চরাচর পদার্থ সকলের নাশ এবং উৎপত্তি অবগত হওয়া যাইতেছে, তখন পৃথিবী ভিন্ন অন্য কাহারও বিকার নাই, নাম মাত্র ভিন্ন অন্য কোন্ বস্তু ঐ সকল ব্যবহারের মূল, এবং অর্থ ক্রিয়া দ্বারা তাহা সৎ বলিয়া অনুমিত ইহা নিশ্চয় কর ॥ ৮ ॥

এই রূপ যাহাতে পৃথিবী শব্দের ব্যবহার আছে তাহাকেও মিথ্যা বলিয়া নিরূপণ করিও, যে হেতু তাহাও আপনার কারণীভূত সূক্ষ্ম পরমাণুতে লয় পাইয়া থাকে। রাজন্! ইহাতে এমত মনে করিও না যে পরমাণু সকল নিত্য, অহে বীর! মনো দ্বারা কার্য্যের অনুপপত্তি হেতু পরমাণু সকল বাদিগণ কর্ত্তৃক কল্পিত হয়, তাহাদের সমূহতেই অর্থাৎ পৃথিবী ইত্যাদি বোধে অবলম্বনেই বিশেষ বিশেষ পদার্থ রচিত হয়। মহারাজ! এই প্রপঞ্চ ভগবানের মায়া বিলসিতমাত্র এ কারণ

অবিদ্যয়া মনসা কল্পিতাস্তে যেষাং সমূহেন কৃতো বিশেষঃ ॥ ৯ ॥
এবং কৃশং স্থূলমণুর্ব্বৃহদ্যদসচ্চ সজ্জীবমজীবমন্যৎ।
দ্রব্য স্বভাবাশয় কাল কর্ম্ম নাম্নাজয়াবেহি কৃতং দ্বিতীয়ং ॥ ১০ ॥
জ্ঞানং বিশুদ্ধং পরমার্থমেকমনন্তরং ত্ববহি র্ব্রহ্ম সত্যং।

শ্রীধরস্বামী।

অবিদ্যয়া প্রপঞ্চস্য ভগবন্মায়া বিলসিতত্বাৎ অজ্ঞানেন কল্পিতাঃ ॥ ৯ ॥

এবমন্যদপি কৃশত্বাদি ধর্ম্মকং বুদ্ধ্যা প্রতীতং দ্বিতীয়ং দ্বৈতং দ্রব্যাদি নাম্না উপলক্ষিতয়া হজয়া মায়য়া কৃতমবেহি। তত্র কৃশং হ্রস্বং স্থূলং তৎপ্রতিযোগি। অণু বৃহতোঃ পৃথগুপাদানাৎ। অসৎ কারণং সৎকার্য্যং জীবং চেতনং অজীবং জড়ং ॥ ১০ ॥

তর্হি কিং সত্যং তদাহ। জ্ঞানং সত্যং ব্যবহারিক সত্যত্বং ব্যাবর্ত্তয়তি পরমার্থং বৃত্তিজ্ঞানং ব্যবচ্ছেদার্থানি ষড়্বিশেষণানি। বিশুদ্ধং তচ্চাবিদ্যাকং একং তত্তু নানারূপং অনন্তরং ত্ববহি র্বাহ্যাভ্যন্তর শূন্যং তত্তু বিপরীতং ব্রহ্ম পরিপূর্ণং তত্তু পরিচ্ছিন্নং প্রত্যক্

ক্রমসন্দর্ভঃ।

জ্ঞানেনৈব কল্পিতা ইত্যর্থঃ ॥ ৯। ১০ ॥

এবং তর্কময় স্বতন্ত্র কারণ সমূহ বাদ মায়াবয়বিখণ্ডনায় তর্কঃ প্রযোজিতঃ অথ শব্দময় স্বমতস্থাপনায় সর্ব্বত্র পরমাত্মৈকত্বাবয় বিত্বং যদং স্তত্র তারতম্যেন মতদ্বয়মাহ। জ্ঞানমিতি। যদেব কবয়ঃ পূর্ব্বোক্তনির্বিশেষ জ্ঞানবাদিভ্যোপি শব্দ প্রমাণে নিপুণা

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

পৃথিবী শব্দ বাচ্যোঽর্থঃ কৃতঃ। অবয়বিনো নিরস্তত্বাৎ সমূহ গ্রহণং ॥ ৯ ॥

এবমন্যদপি কৃশত্বাদি ধর্ম্মকং দ্বিতীয়ং দ্বৈতং দ্রব্যাদি নাম্নোপলক্ষিতয়াঽজয়া মায়য়া কৃতমবেহি তত্র কৃশং সূক্ষ্ম' অণুরতি সূক্ষ্মঃ বৃহৎ অতি স্থূলঃ অসৎকারণং সৎকার্য্যং জীবং সচেতনং অজীবমচেতনং ॥ ১০ ॥

তর্হি কিং সত্যমিতি চেৎ পূর্ব্বোক্তং তত্ত্বমেব শব্দ প্রমাণবেদ্যং তচ্চ তত্ত্বং বদন্তি তত্তত্ত্ববিদস্তত্ত্বং যজ্জ্ঞান মদ্বয়মিতি প্রথম স্কন্ধোক্তবদেবাহ। জ্ঞানং সত্যং কীদৃশং বিশুদ্ধং গুণাতীতং পরমোঽর্থো মোক্ষাদিকো যস্মাত্তৎ একমদ্বয়ং অনন্তরমবহির্বাহ্যা-ভ্যন্তর শূন্যং ব্যাপকমিত্যর্থঃ। তচ্চ জ্ঞানং ব্রহ্মেতি পরমাত্মেতি ভগবানিতি শব্দ্যত ইত্যুক্ত বদেবাহ ব্রহ্ম ব্রহ্মশব্দ বাচ্যং নির্ব্বিক ল্পকং জ্ঞানিনামুপাস্যং প্রত্যক্ প্রশান্তং পরমাত্ম শব্দ বাচ্যং যোগিনামুপাস্যং প্রশান্তমিতি জীবাত্মব্যাবৃত্ত্যর্থং। ভগচ্ছব্দঃ সংজ্ঞা যস্য তৎ ভক্তানামুপাস্যং যন্নিরূপং ইদমপি বাসুদেবং বসুদেবনন্দনং বদন্তি। পূর্ণং ব্রহ্ম সনাতনমিতি কৃষ্ণায় পরমাত্মনে ইতি ততস্তু ভগবান্ কৃষ্ণ ইত্যাদিভ্যঃ তত্রাপি ব্রহ্মণোহি প্রতিষ্ঠাহমিতি বিষ্টভ্যাহমিদং কৃৎস্নমেকাংশেন স্থিতো জগদিতি বাসুদেবো ভগবতামিত্যাদিভ্যো বসুদেবনন্দনস্যৈব পরম পূর্ণত্বং। অত্র ভগ শব্দস্যৈশ্বর্য্যবাচিত্বাদৈশ্বর্য্যস্য চেশিতব্যাপেক্ষিতত্বাদীশিতব্যানাং মায়িকানাঞ্চোক্ত যুক্ত্যা মিথ্যাত্বাত্তক্তা শুদ্ধামবাসিন এব ঈশিতব্যা নিত্যা অবগতা স্তেষাং তদ্ধামশ্চ নিত্য সত্যত্বং ভগবত ইব শব্দ প্রমাণ সিদ্ধমেব প্রথমস্কন্ধাদৌ প্রপঞ্চিতমেব তথৈব মৎ সেবায়াস্তু নির্গুণেতি মন্নিকেতন্তু নির্গুণমিত্যাদিভিরেকাদশে ভক্তি সম্বন্ধি বস্তুমাত্রস্যৈব নিত্য সত্যত্বং প্রপঞ্চয়িষ্যতেচ প্রকরণাভিপ্রায়শ্চায়ং ভো রাজন্ যুষ্মাকং প্রত্যক্ষাদি প্রমাণ সিদ্ধস্যাপি ব্যবহারস্য মায়া জীবস্য মায়া রচিতস্য নিত্যাঃ আবির্হিতাঃ কাপি তিরোহিতাশ্চেত্যনেন স্বমতেন কালদেশাদি পরিচ্ছিন্নত্বাস্বথবস্তু

পরমাণু সকলও অবিদ্যা কল্পিত হইতে পারে, কিন্তু যে রূপ হউক, কোন রূপেই সে সকল সত্য নহে ॥ ৯ ॥

হে রাজন্! আত্মাতে কখন হ্রস্ব, কখন দীর্ঘ, কখন সূক্ষ্ম, কখন কারণ এবং কখন জড়ের ধর্ম্ম দেখিয়া যে দ্বৈত প্রতীতি হয়, সেই দ্বৈতও মিথ্যা, দ্রব্য, স্বভাব, আশয়, কাল, কর্ম্ম ইত্যাদি নামো-পলক্ষিত অবিদ্যা প্রযুক্ত তাহা হইয়া থাকে ॥ ১০ ॥

মহারাজ! বিশুদ্ধ, বাহ্যাভ্যন্তর শূন্য, পরিপূর্ণ, অপরিচ্ছিন্ন এবং নির্ব্বিকার যে জ্ঞান, তাহাই

প্রত্যক্ প্রশান্তং ভগবচ্ছব্দসংজ্ঞং যদ্বাসুদেবং কবয়ো বদন্তি ॥ ১১ ॥

শ্রীধরস্বামী।

তত্তু বিষয়াকারং প্রশান্তং নির্ব্বিকারং তত্তু সবিকারং তদেবং স্বরূপং জ্ঞানং সত্যমিত্যুক্তং কীদৃশং তৎ ঐশ্বর্য্যাদি ষড়্গুণত্বেন ভগবৎ শব্দসংজ্ঞা যস্য। যচ্চ জ্ঞানং বাসুদেবং বদন্তি ॥ ১১ ॥

ক্রমসন্দর্ভঃ

ভগবচ্ছব্দ সংজ্ঞমাহুঃ শ্রুত্যা যুক্ত্যাচ সশক্তিত্বেনৈব সিদ্ধত্বাৎ। তথৈব সর্ব্বাশ্রয়ত্বেন দর্শয়তি বাসুদেবমিতি ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মঙ্গীকুর্ব্বতা কালদেশাদ্যপরিচ্ছিন্নে তত্ত্বে চিদ্ঘনবস্তুনি ব্যবহারো বৈজাত্যাদেব নাশ্রীয়তে ইত্যুক্তং তদপি ব্যবহারমেব পুনঃ পুনরুত্থাপয়সি চেদেনমক্তে বাদিনো মিথ্যৈবাচক্ষত ইতি তন্মত মুদাহৃতং। শব্দ প্রমাণসিদ্ধে তত্ত্বেতু তেপি ন বিপ্রতি পদ্যন্ত ইত্যন্তেন জ্ঞানং বিশুদ্ধমিতি পদ্যমুক্তমিতি। নমু দেহেন্দ্রিয়াদি ব্যাপারঃ শ্রীকৃষ্ণৈকনিষ্ঠো ভক্তিরিতি ভক্তির্লক্ষিতা। তস্যাশ্চ লক্ষণং ভক্তিযোগস্য নির্গুণত্বেত্যুদাহৃতমিতি ভগবদুক্তে নির্গুণত্বমবসীয়তে তচ্চ পরিণামবাদে কার্য্যস্য সত্বাৎ। প্রাকৃত দেহেন্দ্রিয়াদীনামেব ভক্তিসংসর্গেণাপ্রাকৃতত্বং স্পর্শমণি ন্যায়েনৈব সাধু বুদ্ধ্যামহে। বিবর্ত্তবাদেতু কার্য্যমাত্রস্যৈবাসত্বাৎ দেহেন্দ্রিয়াদীনাং মিথ্যা ভূতত্বাত্তক্তেঃ স্থিতিরেব নাস্তি কুতস্তস্যা নির্গুণত্বং ঘটতাং তথাহি নির্গুণাং ভক্তিমন্নমুপদেষ্টবা ইতি গুরূপদেশকালে উপদেষ্টব্য জনস্য মিথ্যা ভূতত্বাদাকাশক্ষেত্রে বীজ বপনমিব গুরূপদেশ এব তাবন্ন ভবেৎ। কুতঃ কৃষ্ণভক্তিঃ কুতস্তরাং তদভ্যাসেন প্রেমোদয়ঃ কুতস্তমাং তেন ভগবদ্বশীকার ইতি সত্যং মহাচিন্ত্যশক্তৌ ভগবতি কাপ্যসংভাবনা ন ভাবনীয়া যদুক্তং স্বয়ং ভগবতৈব। এষা বুদ্ধিমতাং বুদ্ধির্মনীষাচ মনীষিণাং। যৎ সত্যমনৃতেনেহ মর্ত্ত্যে নাপ্নোতি মামৃতমিতি। অস্যার্থঃ যৎ যতঃ অনৃতেন মিথ্যা ভূতেনাপি মর্ত্ত্যেন মর্ত্ত্য শরীরেণ মাং ঋতং সত্যং পরমসত্যং এতি প্রাপ্নোতি। যদ্বা মা মাং অমৃতং পরমানন্দ স্বরূপং সত্যং অনৃতেনাপি মর্ত্ত্যেন মরণ ধর্ম্মবতা দেহেন্দ্রিয়প্রাণাদিনা পত্র পুষ্প গন্ধ ধূপ দীপ বিবিধ নৈবেদ্য ছত্র চামরাদ্যুপচারেণ চ যদাপ্নোতি এষৈব বুদ্ধিমতাং বুদ্ধিরেষৈব মনীষিণাং পরম পরামর্শবতাং মনীষা বিচার ইতি প্রাপ্তি প্রকারশ্চ স্বয়ং ভগবতৈবোক্তো যথা। মর্ত্ত্যোযদাত্যক্ত সমস্ত কর্ম্মা নিবেদিতাত্মা বিচিকীর্ষিতোমে। তদামৃতত্বং প্রতিপদ্যমানো ময়াত্ম ভূয়ায়চ কল্পতেবৈ। অস্যার্থঃ যদা মর্ত্ত্য স্ত্যক্ত সমস্ত কর্ম্মা গুরূপদেশকালে ত্যক্ত সমস্ত বর্ণাশ্রম ধর্ম্মকামনঃ ময়ি শ্রীগুরুরূপে নিবেদিতৌ আত্মানৌ অহন্তাস্পদমমতাস্পদে যেন সঃ। যোহং মমাস্তি যৎ কিঞ্চিদিহ লোকে পরত্রচ। তৎ সর্ব্বং ভবতোনাথ চরণেষু সমর্পিতমিতি ব্যবসায়বান্ ভবতি তদা স জনো মিথ্যাভূতোপি মে মযা বিচিকীর্ষিতঃ স্যাৎ বিশিষ্টঃ কর্ত্তুমিষ্টঃ স্যাং নির্গুণোমদ পাশ্রয় ইতি মদুক্তে নিস্ত্রৈগুণ্যএবস্যাদিত্যর্থঃ। সহি মায়া কার্য্যত্বান্নশ্বরঃ সত্যঃ। নাপ্যজ্ঞানকার্য্যত্বান্মিথ্যাভূতঃ কিন্তু স্বরূপভূতো মৎ কার্য্যত্বান্নির্গুণ এব স্যাৎ। কিঞ্চ মায়াবিশিষ্টঃ কৃতঃ স্যাদিত্যপ্রযুজ্য বিচিকীর্ষিত ইতি সন্ প্রত্যয় প্রয়োগান্নির্গুণঃ কর্ত্তুমারভ্যমানএব স শনৈঃ শনৈর্ভক্ত্যভ্যাসবান্ নিষ্ঠারুচ্যাসক্তি রতি ভূমিকারূঢ় এব সমাগ্নি র্গুণঃ স্যাত্ততো মিথ্যাভূত বস্তুভিঃ সহ তস্য ব্যবহারো ন স্যাৎ তৎ পূর্ব্বস্তু যথাযোগং ব্যবহার স্তৈশ্চ সহ লভ্যতে। অয়মর্থঃ অচিন্ত্য শক্ত্যা ভক্ত্যুপদেশকাল এব তস্য গুণাতীতানি দেহেন্দ্রিয় মনাংসি ময়া ভক্তিমাহাত্ম্যদর্শনার্থমলক্ষিতমেব সৃজ্যন্তে মিথ্যা ভূতানি তান্যত্যলক্ষিতমেব লয়ং যান্তি। যথা নৈবং বিধঃ পুরুষকার উরুক্রমস্য পুংসাং তদঙ্ঘ্রি রজসাজিত ষড়্গুণানাং। চিত্রং বিদূর বিগতঃ সকৃদাদদীত যন্নামধেয় মধুনা স জহাতি তন্ধমিতি। অস্যার্থঃ। এবং বিধঃ প্রিয়ব্রত কর্ত্তৃকঃ সপ্ত সমুদ্র নির্ম্মাণ প্রপঞ্চ ইব পুরুষকারো ন চিত্রং চিত্রং খম্বেতদেব যদ্বিদূর বিগতোঽস্ত্যজোপি যস্যোরুক্রমস্য নামধেয়ং সকৃদপ্যাদদীত অধুনা তৎক্ষণ এব তন্ধং তনুং বিজহাতীতি তদানীং তনোর্দৃশ্যমানত্বেপি প্রারব্ধ কর্ম্ম সংবলিত তনুত্যাগো অলক্ষিত এবেত্যর্থঃ। ততশ্চ তদা অমৃতত্বং মরণ ধর্ম্মাভাবং প্রতিপদ্যমানঃ তদানীমেব প্রাপ্নুবন্ ময়া সহ আত্মভূয়ায় আত্মভাবায় আত্মনঃ স্বস্য স্থিতৌ কল্পতে যত্রাহং তিষ্ঠামি তত্রৈব সোপি মৎ সেবার্থং তিষ্ঠতীত্যর্থঃ। এবঞ্চ জগত্যস্মিন্ যানি যানি বস্তূনি মিথ্যাভূতান্যুপলভ্যন্তে তেষামেব ভক্তি সম্পর্কান্মিথ্যা ভূতত্বং প্রবিলাপ্য ভগবতা স্বভক্তেচ্ছানুকূলেন পরম সত্যত্বমেব তৎ ক্ষণএব সৃজ্যতে কিমশক্যমচিন্ত্য শক্তে র্ভগবত ইত্যতএব মৎ সেবায়ান্তু নির্গুণেতি মন্নিকেতন্তু নির্গুণমিত্যাদিকানি ভগবদ্বাক্যানি সংগচ্ছন্তে। অচিন্ত্যাঃ খলু যে ভাবা নতাং স্তর্কেণ যোজয়েৎ প্রকৃতিভ্যঃ পরং যস্তু তদচিন্ত্যস্য লক্ষণমিত্যুদ্যমপর্ব্ব বচনং ভাষ্যকারেণাপি ধৃতং তত্র ভাবা ইতি বহু বচনেনাদ্বৈত ভঙ্গো নধ্যেয় স্তেষামৈক্যাদিতি সর্ব্বমবদাতং ॥ ১১ ॥

পরমার্থ সত্য, সেই জ্ঞানের নাম ভগবৎ শব্দ এবং তাহাকেই পণ্ডিতেরা বাসুদেব বলিয়া থাকেন ॥ ১১

রহূগণৈতত্তপসা ন যাতি নচেজ্যয়া নির্ব্বপণাদ্গৃহাদ্বা।
ন ছন্দসা নৈব জলাগ্নি সূর্য্যৈ র্বিনা মহৎপাদরজোভিষেকং ॥ ১২ ॥
যত্রোত্তমঃশ্লোকগুণানুবাদঃ প্রস্তূয়তে গ্রাম্যকথা বিঘাতঃ।
নিষেব্যমাণোঽনুদিনং মুমুক্ষো র্মতিং সতীং যচ্ছতি বাসুদেবে ॥ ১৩ ॥
অহং পুরা ভরতো নাম রাজা বিমুক্ত দৃষ্ট শ্রুতসঙ্গবন্ধঃ।
আরাধনং ভগবত ঈহমানো মৃগোঽভবং মৃগসঙ্গাদ্ধতার্থঃ ॥ ১৪ ॥

শ্রীধরস্বামী।

এবং তৎ প্রাপ্তিশ্চ মহৎসেবাং বিনা নভবতীত্যাহ হে রহূগণ এতজ্জ্ঞানং তপসা নযাতি ইজ্যয়া বৈদিক কর্ম্মণা। নির্ব্বপণাৎ অন্নাদি সংবিভাগাৎ গৃহাদ্বা তন্নিমিত্ত পরোপকারেণ ছন্দসা বেদাভ্যাসেন জলাগ্ন্যাদিভিরুপাসিতৈঃ। ১২ ॥

মহৎসেবায়া স্তৎ প্রাপ্ত্যুপায়তামাহ। তত্র যেষু মহৎসু গ্রাম্যকথানাং বিঘাতো যস্মাৎ ॥ ১৩ ॥

বিষয় সঙ্গস্ত যোগ ভ্রংশক ইতি বদন্ কত্বং নিগূঢ়শ্চরসীতি প্রশ্নস্যোত্তরমাহ অহমিতি দ্বাভ্যাং। বিমুক্তো দৃষ্ট শ্রুতাভ্যাং সঙ্গ নিমিত্তো বন্ধোযেন হতোঽর্থঃ প্রয়োজনং যস্য ॥ ১৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

এতদ্ভগবৎ সংজ্ঞং তত্বং ছন্দসা ব্রহ্মচর্য্যেণ গৃহাদ্গার্হস্থ্যেন তপসা বানপ্রস্থেন। নির্ব্বপণাৎ সংন্যাসাৎ। ইজ্যয়া তত্র তত্র তত্তদ্দেবতোপাসনয়া তস্যামপি বিশেষঃ জলাগ্নি সূর্য্যৈরিতি। মহৎ পাদরজোভিষেকং বিনেতি। তস্যৈব সর্ব্ব শুদ্ধি হেতুত্বেন যোগ্যতা হেতুত্বাৎ ॥ ১২ ॥

তত্র বিশেষমপি বদং স্তত্র তত্প্রাপ্তি সোপানমাহ যত্রেতি। মুমুক্ষোস্তদ্ব্যতিরিক্ত সর্ব্ব পরিত্যাগেচ্ছোঃ ॥ ১৩। ১৪। ১৫ ॥ ১৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

এতৎ প্রাপ্তিশ্চ মহৎ কৃপাবির্ভূতয়া ভক্ত্যা বিনা ন ভবতীত্যাহ দ্বাভ্যাং হে রহূগণ এতদুক্ত লক্ষণং ত্রিবিধং জ্ঞানং তপ আদিভির্ন প্রাপ্নোতি তত্র তপশ্চিত্তৈকাগ্র্যং ইজ্যা বৈদিকং কর্ম্ম নির্বপণমন্নাদি সংবিভাগঃ। গৃহং তন্নিমিত্ত পরোপকারাদি ছন্দোবেদাভ্যাসঃ। জলাগ্নি সূর্য্যা স্তৎ করণক তপশ্চরণানি ॥ ১২ ॥

তেচ মহান্তঃ কৃষ্ণভক্তা এবেত্যভিব্যঞ্জয়তি যত্র মহৎ পাদ রজোভিষেকে সতি যত্র মহৎ সু বা গুণানাং ভক্তবাৎসল্যাদীনাং অনুবাদঃ পুনঃ পুনঃ কথনং মুমুক্ষোর্মোক্ষকামস্যাপি সতীং মোক্ষেচ্ছারাহিত্যেন শুদ্ধাং মতিং বাসুদেবে বসুদেবনন্দনে ॥ ১৩ ॥

মহৎ স্বাপরাধিনে মহাপামরায়াপ্যেবং জ্ঞানমুপদিশন্ পরম কৃপালুঃ কোভবানিত্যপেক্ষায়ামাহ অহমিতি দৃষ্টে শ্রুতেচ ব্যবহারে সঙ্গবন্ধঃ আসক্তি লক্ষণো বন্ধোবিমুক্তো যেন সঃ। তদপি দৈবাদসাবধানোঽভবমিত্যাহ মৃগ ইতি ॥ ১৪ ॥

অহে রহূগণ! এই প্রকার জ্ঞান মহাপুরুষদিগের চরণ রজের অভিষেক ব্যতিরেকে, তপস্যা বা বৈদিক কর্ম্ম কিম্বা অন্নাদি সংবিভাগ অথবা গৃহস্থ ধর্ম্মার্থ পরোপকার কিম্বা বেদাভ্যাস, অথবা জল, অগ্নি, সূর্য্যের উপাসনা, কিছুতেই প্রাপ্ত হইতে পারে না ॥ ১২ ॥

হে নরেন্দ্র! সাধু ব্যক্তিদিগের মধ্যে সর্ব্বদা ভগবান্ উত্তমঃশ্লোকের গুণানুবাদেরই প্রস্তাব হইয়া থাকে, তাঁহাদিগের নিকট গ্রাম্য কথার সম্পর্ক মাত্র নাই, সেই ভগবদ্ গুণানুবাদ নিরন্তর সেব্যমান হইলে তাহাই ভগবান্ বাসুদেবের প্রতি মুমুক্ষুজনের সদ্বুদ্ধি প্রদান করে ॥ ১৩ ॥

অহে ক্ষিতিনাথ! আমি পূর্ব্বজন্মে ভরত নামে রাজা ছিলাম, বহু দর্শন ও শ্রবণ করাতে আমার সঙ্গ নিমিত্ত বন্ধন মোচন হওয়ায় ভগবানের আরাধনা করিতাম। পরে দৈববশতঃ একটী মৃগের সহিত সঙ্গ হওয়াতে আমি মৃগত্ব প্রাপ্ত হই, তাহাতে আমার উদ্দেশ্য সকল বিফল হইয়া যায় ॥ ১৪ ॥

সা মাং স্মৃতির্মৃগদেহেঽপি বীর কৃষ্ণার্চ্চনপ্রভবা ন জহাতি।
অথো অহং জনসঙ্গাদসঙ্গো বিশঙ্কমানো বিবৃতশ্চরামি ॥ ১৫ ॥
তস্মান্নরোঽসঙ্গসুসঙ্গজাত জ্ঞানাসিনৈবেহ বিবৃক্নমোহঃ।
হরিং তদীহা কথনশ্রুতাভ্যাং লব্ধস্মৃতি র্যাত্যতিপারমধ্বনঃ ॥ ১৬ ॥
॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং পঞ্চমস্কন্ধে ব্রাহ্মণ রহূগণ সম্বাদে দ্বাদশোঽধ্যায়ঃ ॥ * ॥ ১২ ॥ * ॥
শ্রীব্রাহ্মণ উবাচ ॥
দুরত্যয়েঽধ্বন্যজয়া নিবেশিতো রজস্তমঃ সত্ব বিভক্ত কর্ম্মদৃক্।

শ্রীধরস্বামী।

শ্রীকৃষ্ণার্চ্চনং ভ্রষ্টমপি উদ্ধরতি ইত্যাহ সেতি। জনসঙ্গাৎ বিশঙ্কমানঃ অবিবৃতঃ অপ্রকটঃ ॥ ১৫ ॥
অসঙ্গৈর্মহদ্ভির্যঃ সুসঙ্গঃ তেন জাতং জ্ঞানমেবাসিঃ তেন ছিন্নমোহঃ সন্ অধ্বনঃ সংসারমার্গস্য অতি অতিশয়িতং শ্রেষ্ঠং পারং হরিং যাতি যদ্বা পারং অতি অতিক্রম্য হরিং যাতি অতিরতিক্রমণে চেতি কর্ম্মপ্রবচনীয়ত্বাৎ দ্বিতীয়া। তস্য হরেরীহানাং কথন শ্রুতাভ্যাং লব্ধা স্মৃতির্যেন সঃ ॥ ১৬ ॥
॥ * ॥ ইতি পঞ্চমে দ্বাদশঃ ॥ * ॥
ত্রয়োদশেঽবিরক্তায় বৃথা তত্ত্ব নিরূপণং। ইতি বৈরাগ্য দার্ঢ্যায় ভবাটব্যুপবর্ণ্যতে ॥ • ॥
অধ্বনঃ পারমিত্যুক্তং তমেবাধ্বানং প্রসিদ্ধ মার্গ রূপকেণ বৈরাগ্যায় প্রপঞ্চয়তি। দুরত্যয়ে দুস্তরেঽধ্বনি প্রবৃত্তিমার্গে

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে পঞ্চমস্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভস্য দ্বাদশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

শ্রীকৃষ্ণার্চ্চনং ভ্রষ্টমপ্যুদ্ধরতীত্যাহ সেতি জনসঙ্গাদ্বিশঙ্কমানঃ অবিবৃতোঽপ্রকটঃ ॥ ১৫ ॥
অসঙ্গো ব্যবহারানাসক্তিঃ সুসঙ্গঃ সাধুষ্বাসক্তি স্তাভ্যাং জাতং জ্ঞানমেবাসিঃ তেন ছিন্নমোহ মতঙ্গজঃ অধ্বনঃ সংসারমার্গস্য অতিপারং হরিং ॥ ১৬ ॥
॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। পঞ্চমে দ্বাদশোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥
ত্রয়োদশে ভবাটব্যাঃ পারং প্রাপয়িতুং নৃপং। তাং বর্ণয়িত্বা বৈরাগ্য হয়মারোহয়ন্মুনিঃ ॥ • ॥
অধ্বনঃ পারমিত্যুক্তং সএবাধ্বা অধ্বনীনশ্চ কীদৃশ ইত্যপেক্ষায়ামাহ দুরত্যয়ে দুস্তরে অধ্বনি প্রবৃত্তমার্গে অজয়া অবিদ্যয়া রজ

কিন্তু হে বীর! আমি পূর্ব্ব জন্মে ভগবান্ শ্রীকৃষ্ণের যে আরাধনা করিয়াছিলাম তদুৎপন্না স্মৃতি ঐ মৃগদেহেতেও আমাকে পরিত্যাগ করে নাই, তজ্জন্য আমি জন সঙ্গ হইতে শঙ্কা করিয়া সঙ্গ পরিত্যাগ পূর্ব্বক প্রচ্ছন্ন রূপে পর্য্যটন করিতেছি ॥ ১৫ ॥

অতএব মানবগণ অসঙ্গরূপ মহৎ পুরুষদিগের সঙ্গ দ্বারা জ্ঞান রূপ অসি উৎপন্ন করত তদ্দ্বারা আপনার মোহ ছেদন করিলে, সংসার বর্ত্ম অতিক্রম করিয়া ভগবান্ হরিকে প্রাপ্ত হইতে পারিবে, কারণ, মহৎসঙ্গে ভগবানের কর্ম্ম সকল দৃষ্ট ও শ্রুত হয়, তাহাতে স্মৃতি লাভ হইয়া থাকে ॥ ১৬ ॥

॥ * ॥ ইতি পঞ্চমে দ্বাদশ ॥ * ॥

ত্রয়োদশাধ্যায়ে বৈরাগ্য দার্ঢ্যার্থ ভরত কর্ত্তৃক ভবাটবী বর্ণন ॥ ০ ॥

জড়রূপী ভরত কহিলেন, হে রাজন্! সংসার বর্ত্ম অতি দুস্তর, তাহাতে মায়া মুগ্ধ হইয়া রজস্তমঃ

স এষ সার্থোঽর্থপরঃ পরিভ্রমন্ ভবাটবীং যাতি ন শর্ম্ম বিন্দতে ॥ ১ ॥
যস্যামিমে ষণ্নরদেব দস্যবঃ সার্থং বিলুম্পন্তি কুনায়কং বলাৎ।
গোমায়বো যত্র হরন্তি সার্থিকং প্রমত্তমাবিশ্য যথোরণং বৃকাঃ ॥ ২ ॥
প্রভূতবীরুত্তৃণগুল্ম গহ্বরে কঠোরদংশৈর্ম্মশকৈরুপদ্রুতঃ।
কচিত্তু গন্ধর্ব্বপুরং প্রপশ্যতি কচিৎ কচিচ্চাশুরয়োল্মুকগ্রহং ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

রজস্তমঃ সত্বৈর্বিভক্তানি কর্ম্মাণি কার্য্যতয়া পশ্যতীতি তথা স এষ প্রসিদ্ধঃ সার্থো জীবসমূহঃ অর্থপরঃ সুখার্থঃ সন্। যথা বণিক্ সার্থোঽর্থার্জ্জনায় গচ্ছন্নটবীং যাতি তদ্বৎ। অস্যাধ্যায়স্য ব্যাখ্যান রূপ উত্তরাধ্যায়োঽস্তি তথাপি সুখ প্রতিপত্তয়ে কিঞ্চিদ্ব্যাখ্যায়তে ॥ ১

যস্যাং ভবাটব্যাং ইমে ইন্দ্রিয়নামানঃ ষট্ দস্যবশ্চৌরাঃ। কুৎসিতোনায়কঃ সারথির্বুদ্ধির্যস্য তং সার্থং বিলুম্পন্তি তস্য ধর্ম্ম্যং ধনং উপভোগেন মুষ্ণন্তীত্যর্থঃ গোমায়বঃ শৃগালতুল্যাঃ দারাপত্যাদয়ঃ ত্বং মে ভর্ত্তা পিতা ইত্যেবং প্রবিশ্য প্রমত্তং সার্থিকং সার্থে-স্থিতং হরন্তি ইতস্তত আকর্ষন্তি উরণং মেষং ॥ ২ ॥

বীরুধো লতাস্তৃণানিচ গুল্মানিচ লতাদি জালানি প্রভূতৈরেতৈ গহ্বরে দুষ্প্রবেশে ক্ষেত্রে কঠোরৈস্তীব্রৈর্দংশৈঃ মক্ষিকা বিশেষৈঃ মশকৈশ্চ যথা কশ্চিদুপদ্রুতো ভবতি। এবং কাম কর্ম্মাদিভির্গহ্বরে গৃহাশ্রমে বর্ত্তমানো দুর্জ্জনৈরুপদ্রুতো ভবতীত্যর্থঃ। গন্ধর্ব্ব পুরবৎ অঘটমানমেব দেহাদিকং প্রকর্ষেণ সত্যমেব ইদমিতি পশ্যতি। কচিৎ কচিৎ কাপি কাপি আশুরয়ঃ অতিবেগো যউল্মুকাকারো গ্রহঃ পিশাচস্তং তত্তুল্য সুবর্ণং উপাদেয়ত্বেন পশ্যতীত্যর্থঃ ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

স্তমঃ সত্ত্বৈর্বিভক্তান্যেব কর্ম্মাণি কার্য্যতয়া পশ্যতীতি স তথা। এষ প্রসিদ্ধঃ সার্থঃ সার্থো বণিক্ সমূহে স্যাদিতি মেদিনী। স ইব অর্থপর এস জীবলোক ইত্যর্থঃ। এতদাদীনাং ব্যাখ্যা উত্তরাধ্যায় এবাস্তি তদপি সুখপ্রতিপত্তয়ে কিঞ্চিদ্ব্যাখ্যায়তে ॥ ১ ॥

ইমে ইন্দ্রিয়নামানঃ কুৎসিতোনায়কঃ সারথি বুদ্ধির্যস্য তং বিলুম্পন্তি ভগবৎসেবার্থবিনিযুক্তমপি ধনং স্ব স্ববিষয় ভোগার্থং মুষ্ণন্তীত্যর্থঃ। গোমায়বঃ শৃগালতুল্যা দারাপত্যাদয়ঃ ত্বং মে ভর্ত্তা পিতেত্যেবং সার্থিকং সার্থভবং অন্ন বস্ত্রাদি সংপুটং প্রমত্তং পরমার্থ দৃষ্টিবিমুখং আবিশ্য তস্য গৃহ ইবান্তঃকরণেপি প্রবিশ্যেত্যর্থঃ। উরণং মেষং ॥ ২ ॥

প্রভূত বীরুদাদি সদৃশৈঃ কাম কর্ম্মাদিভি র্গহ্বরে গৃহাশ্রমে দংশ মশক তুল্যৈ দুর্জ্জনৈঃ। গন্ধর্ব্বপুরবদঘটমানং দেহ গেহা-দিকং প্রকর্ষেণ সত্যং স্থিরমেবেদমিতি পশ্যতি কাপি কাপি আশুরয়ঃ অতিবেগোয উল্মুকাকারোগ্রহঃ পিশাচঃ তং তত্তুল্যং সুবর্ণ-মুপাদেয়ত্বেন পশ্যতি ॥ ৩ ॥

ও সত্ব গুণে বিভক্ত যে সকল কর্ম্ম তৎসমুদায়কেই কার্য্য বলিয়া অবলোকন করত এই বণিক্ সমূহ অর্থোপার্জ্জনার্থ চতুর্দ্দিকে পরিভ্রমণ করে, কিন্তু তাহাতে ভবাটবীর মধ্যে গিয়া উপস্থিত হয়, কোন প্রকারে সুখ প্রাপ্ত হয় না ॥ ১ ॥

হে নরদেব! সংসার রূপ বনে ছয়টা দুর্দ্দান্ত দস্যু আছে, তাহারা ঐ বণিক্ সার্থের নায়ককে কুৎ-সিত বিবেচনা করিয়া অর্থাৎ অযোগ্য দেখিয়া বল পূর্ব্বক বণিক্‌দের অর্থ লুঠ করিয়া লয়। অপর সে স্থানে বহু বহু শৃগাল আছে, তাহারা বণিক্ দলের মধ্যে প্রবিষ্ট হইয়া যেমন বৃকগণ মেষকে হরণ করে, তাহার ন্যায়, তাহাদিগকে হরণ করিয়া লইয়া যায় ॥ ২ ॥

ঐ বনে ভূরি ভূরি তৃণ লতা ও গুল্ম দ্বারা আচ্ছন্ন অতি দুর্গম গহ্বর আছে, বণিক সমূহ তথায় অব-স্থিতি করাতে ভয়ঙ্কর দংশ মসকে সাতিশয় উপদ্রুত হয়। কোথাও গন্ধর্ব্বপুর দেখিতে পায়, কোন কোন স্থানে অতিশয় বেগবান্ উল্মুকাকার গ্রহ (পিশাচ বিশেষ) দেখিয়া সুবর্ণ [illegible] পরম উপাদেয় বলিয়া অবলোকন করে এবং তদর্থ সস্পৃহ হয় ॥ ৩ ॥

নিবাসতোয়দ্রবিণাত্মবুদ্ধি স্ততস্ততো ধাবতি ভো অটব্যাং ।
ক্বচিচ্চ বাত্যোত্থিতপাংশু ধূম্রা দিশোনজানাতি রজস্বলাক্ষঃ ॥ ৪ ॥
অদৃশ্য ঝিল্লী স্বন কর্ণ শূল উলূকবাগ্‌ভির্ব্যথিতান্তরাত্মা ।
অপুণ্য বৃক্ষান্ শ্রয়তে ক্ষুধার্দিতো মরীচিতো যান্যভিধাবতি ক্বচিৎ ॥ ৫ ॥
ক্বচিদ্বিতোয়াঃ সরিতোভিযাতি পরস্পরন্বা লষতে নিরন্নঃ ।

শ্রীধরস্বামী ।

নিবাসাদিষু আত্মা স্বভাবো যস্যা সা বুদ্ধির্যস্য সঃ ততস্ততো ধাবতীত্যুভয়ত্র তাবানেবার্থঃ । বাত্যা চক্রবাতঃ তস্যামুত্থিতঃ পাংশুস্তেন ধূম্রাদিশঃ রজস্বলে রজোব্যাপ্তে অক্ষিণী যস্য স যথা ন জানাতি তথা বাত্যেব ভ্রমন্তী যা স্ত্রী তস্যা মুদ্গতৈ রাগাদিভিরপ্রকাশমানা দিগ্দেবতাঃ কর্ম্মসাক্ষিভূতা ন জানাতীত্যর্থঃ ॥ ৪ ॥

অদৃশ্যানাং ঝিল্লীনাং ভৃঙ্গারিকা সংজ্ঞানাং কীটবিশেষাণাং স্বনৈঃ কর্ণয়োঃ শূলো ব্যথা যস্য উলূকা ঘূকা স্তেষাং বাগ্‌ভির্ব্যথিতো হন্তরাত্মা মনোযস্য অত্রচ পরোক্ষমপ্রিয়বক্তারো ঝিল্লী তুল্যাঃ প্রত্যক্ষমপ্রিয়বক্তারোলূকতুল্যাঃ যেষাং ছায়াপি পাপহেতুঃ তেহপুণ্যবৃক্ষাস্তত্তুল্যান্ অধার্ম্মিকান্ সেবতে মরীচিতো যানীতি নিষ্ফলত্বেন বিজ্ঞাতানপি বিষয়ান্ ॥ ৫ ॥

বিতোয়াসু সরিৎসু পতিতস্য গাত্রভঙ্গাৎ সদ্যো দুঃখং ভবতি নচোদকলাভঃ তদ্বদিহ পরত্রচ দুঃখদান্ পাষণ্ডান্ অভিযাতি আলষতে অভিলষতি দায়াদেভ্যোহন্নাদি বাঞ্ছতি উভয়ত্রাপি স এবার্থঃ । দাবং দাবাগ্নিতুল্যং দুঃখদং গৃহং প্রাপ্য শোকাগ্নিনা

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

নিবাসাদিষু আত্মনো মমৈবেদমিতি বুদ্ধির্যস্য তথাভূতঃ সন্ ততস্ততঃ স্তত্র তত্র ধাবতীত্যুভয়ত্র পক্ষে তাবানেবার্থঃ । বাত্যা চক্রবাত রূপা যা স্ত্রী তদুত্থিতৈঃ পাংশুভিঃ কন্দর্পবেগৈর্ধূম্রা আচ্ছন্নীকৃতা দিশঃ দিগ্দেবতাঃ কর্ম্মসাক্ষিভূতা ন জানাতি রজস্বলাক্ষঃ কামান্ধঃ ॥ ৪ ॥

অদৃশ্যানাং ঝিল্লীনাং ভৃঙ্গারিকাখ্য কীটবিশেষাণামিব পরোক্ষমপ্রিয়বক্তৄণাং স্বনৈঃ কটুভাষণৈঃ কর্ণয়োঃ শূলো ব্যথা যস্য সঃ । উলূকানামিব প্রত্যক্ষমপ্রিয় বক্তৄণাং বাগ্‌ভিঃ কটুভাষিতৈ র্ব্যথিতমনাঃ যেষাং ছায়াপি পাপহেতু স্তান্ অপুণ্যবৃক্ষানিব অধার্ম্মিকলোকান্ ভিক্ষার্থং সেবতে মরীচিতোয় তুল্যান্ অদাতৃ লোকানপি ক্বচিদ্ভিক্ষার্থং গচ্ছতি ॥ ৫ ॥

বিতোয়াসু সরিৎসু পতিতস্য গাত্রভঙ্গাৎ সদ্যো দুঃখং ভবতি নচোদকলাভ স্তদিহচ পরত্রচ দুঃখদান্ পাষণ্ডানভিযাতি আলষতে অভিলষতি নিবন্ধানিতি নিরন্নশ্চেতি পাঠদ্বয়ং উভয়ত্র পক্ষে সাম্যং দাবং দাবাগ্নি তুল্যং দুঃখদান গৃহং প্রাপ্য শোকাগ্নিনা

নিবাস স্থান, জল ও ধন ইত্যাদিতে ঐ বণিক্ সমূহের আত্ম বুদ্ধি হওয়াতে অর্থাৎ ঐ দ্রব্য গুলি আমার এই বলিয়া নিরন্তর ধাবমান হইয়া বেড়ায়। কোথাও রজোব্যাপ্তনয়ন হওয়াতে বাত্যায় উত্থিত ধূলি দ্বারা ধূম্রা দিক্‌কে জানিতে পারে না ॥ ৪ ॥

কোন স্থানে ঝিল্লী (ঝিঁঝি) নামে ভূরি ভূরি অদৃশ্য কীটের কঠোর শব্দে তাহাদের কর্ণ শূল উপস্থিত হয়, কোথাও বা উলূক (পেচক) সকলের কুৎসিৎ রবে তাহাদের অন্তঃকরণ ব্যথিত হয়। হে রাজন্! ঐ বণিক্ সমূহ ঐ প্রকারে খিন্ন হইয়া ক্ষুধার্ত্ত হইলে, যাহাদের ছায়াও পাপের কারণ তাদৃশ অপুণ্য বৃক্ষ সকলকেও আশ্রয় করে। কোথাও বা মরীচিকা দেখিয়া জল পানার্থ সেই দিকেই ধাবমান্ হয় ॥ ৫ ॥

অপর তাহারা কখন কখন নিরুদক নদীর প্রতি গমন করে, কিন্তু তন্মধ্যে পতিত হইলেই অঙ্গ ভঙ্গ হইতে পারে, ইহাতে সেথানে যে রূপ দুঃখ ভোগের সম্ভাবনা, জল লাভের তদ্রূপ সম্ভাবনা নাই। আর কখন কখন নিরন্ন হইয়া পরস্পরের নিকট অর্থাৎ দায়াদগণ সন্নিধানে অন্নাদি যাচ্ঞা করে।

আসাদ্য দাবং ক্বচিদগ্নিতপ্তো নির্ব্বিদ্যতে ক্ব চ যক্ষৈর্হৃতাসুঃ ॥ ৬ ॥
শূরৈ র্হৃতস্বঃ ক্ব চ নির্ব্বিন্ন চেতাঃ শোচন্ বিমুহ্যন্নুপযাতি কশ্মলং।
ক্বচিচ্চ গন্ধর্ব্ব পুরং প্রবিষ্টঃ প্রমোদতে নির্বৃতবন্মুহূর্ত্তং ॥ ৭ ॥
চলন্ ক্বচিৎ কণ্টক শর্করাঙ্ঘ্রি র্নগান্ রুরুক্ষু র্বিমনা ইবাস্তে।
পদে পদেভ্যন্তরবহ্নিনার্দ্দিতঃ কৌটুম্বিকঃ ক্রুদ্ধ্যতি বৈ জনায় ॥ ৮ ॥
ক্বচিন্নিগীর্ণোঽজগরাহিনা জনো নাবৈতি কিঞ্চিদ্বিপিনেঽপবিদ্ধঃ।
দষ্টঃ স্ম শেতে ক্ব চ দন্দশূকৈরন্ধোঽন্ধকূপে পতিতস্তমিস্রে ॥ ৯ ॥

শ্রীধরস্বামী।

তপ্তো নির্ব্বিদ্যতে বিষীদতি ক্ব চ কদাচিৎ তত্র যক্ষ রাক্ষস তুল্যৈ রাজভির্হৃতং অসুবৎ প্রেষ্ঠং ধনং যস্য স নির্ব্বিদ্যতে ॥ ৬ ॥

অন্যৈশ্চ শূরৈর্হৃতং স্বং বিত্তং যস্য নির্ব্বিণ্নং বিষণ্ণং চেতো যস্য কশ্মলং মূর্চ্ছাং গন্ধর্ব্বপুরমিব মনোরথোপগত পিতৃ পুত্রাদি সমাজং প্রবিষ্টঃ সন্ ॥ ৭ ॥

কণ্টকাদিবিদ্ধাঙ্ঘ্রিরিব বিঘ্নৈরভিভূতঃ সন্ নগতুল্যং মহৎ কর্ম্মারোঢ়ুং কর্ত্তুমিচ্ছু র্বিমনা ইবাস্তে। পদে পদে ক্ষণে ক্ষণে অভ্যন্তরবহ্নিনা জাঠর বহ্নিনা ॥ ৮ ॥

অজগরাহিনা নিদ্রা রূপেণ গিলিতো ন বেত্তি বিপিনে ত্যক্তঃ শব ইব দন্দশূকৈঃ হিংস্রৈ র্দুর্জনৈর্দষ্টঃ পীড়িতঃ অন্ধোলুপ্ত বিবেকঃ অন্ধকূপে মোহগর্ত্তে পতিতস্তমিস্রে দুঃখে শেতে লীয়তে ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তপ্তো নির্বিদ্যতে বিষীদতি। যক্ষ রাক্ষস তুল্যৈঃ রাজভির্হৃতমসুবৎ প্রেষ্ঠং ধনং যস্য সঃ ধিষ্ণ্যং ধনরহিতমিতি নির্বিদ্যতে। কদাচিৎ অন্যৈঃ শূরৈঃ সংগ্রামে বিজয়িভিশ্চ হৃতধনঃ ॥ ৬ ॥

গন্ধর্ব্ব পুরমিব মনোরথোপলব্ধং পুত্র কলত্র ধনৈশ্বর্য্যং প্রবিষ্টঃ প্রাপ্নুবন্ ॥ ৭ ॥

নগান্ রুরুক্ষুঃ নগং মহাপর্ব্বতমিব কন্যাপুত্রোদ্বাহাদি যশঃ আরুরুক্ষুঃ প্রাপ্তুমিচ্ছুর্বিমনাঃ কথমেতৎ পারং প্রাপ্স্যামীতি ভাবয়ন্নাস্তে। যতঃ পাদুকাদ্যভাবাৎ কণ্টকাদি বিদ্ধাঙ্ঘ্রিঃ পক্ষে সহায়াদ্যভাবাৎ বিঘ্নাভিভূতঃ অভ্যন্তরেণ বহ্নিনা জাঠরেণ ॥ ৮ ॥

অজগরাহিনা নিদ্রারূপেণ অপবিদ্ধঃ বন্ধুভিরপ্রবোধিতঃ দন্দশূকৈরিব দুর্জনৈঃ পীড়িতঃ অন্ধোবিবেক হীনঃ। অন্ধকূপে মোহে তমিস্রে তমোবৃতে পক্ষে দুঃখময়ে ॥ ৯ ॥

কখন বা দাবাগ্নির নিকটে সন্তপ্ত হওয়াতে বিষন্ন হয়, কখন কখন যক্ষগণ প্রাণতুল্য ধন হরণ করিয়া লওয়াতে নির্ব্বেদান্বিত হয় ॥ ৬ ॥

কোন কোন স্থানে অন্যান্য শূর কর্ত্তৃক হৃত সর্ব্বস্ব হইয়া বিষণ্ণ চিত্ত হয় এবং তদর্থ শোক করিতে করিতে মূর্চ্ছিত হইয়া পড়ে। কোথাও বা গন্ধর্ব্ব পুরে প্রবেশ করিয়া পিতৃ পুত্রাদির সমাগমে নির্বৃত তুল্য হওত মহূর্ত্ত কাল আমোদ প্রমোদ করে ॥ ৭ ॥

কোথাও চলিতে চলিতে পদে কণ্টক শর্করা বিদ্ধ হওয়াতে পর্ব্বতারোহণের বাসনায় অন্য মনস্কের ন্যায় হইয়া থাকে। কখন বা কোন কোন কুটুম্বী পুরুষ অভ্যন্তরবর্ত্তি জঠরানলের জ্বালায় পীড়িত হওয়াতে ক্ষুধায় ব্যতিব্যস্ত হইয়া ক্ষণে ক্ষণে লোকের উপর ক্রুদ্ধ হয় ॥ ৮ ॥

হে রাজন্! উক্ত অটবীর মধ্যে কোন কোন স্থানে কোন কোন ব্যক্তি অজগর সর্প কর্ত্তৃক গিলিত হইয়া কিছুই জানিতে পারে না। কোথাও বা কোন কোন লোক অরণ্যে পরিত্যক্ত শবের ন্যায় পড়িয়া থাকে, হিংস্র জন্তুরা তাহাকে দংশন করে। কোথাও অন্ধ লোকেরা অন্ধকূপে পড়িয়া অন্ধকারে নিমগ্ন হয় ॥ ৯ ॥

কর্হি স্ম চিৎ ক্ষুদ্ররসান্ বিচিন্বংস্তন্মক্ষিকাভির্ব্যথিতো বিমানঃ।
তত্রাতিকৃচ্ছ্রাৎ প্রতিলব্ধমানো বলাদ্বিলুম্পন্ত্যথ তং ততোঽন্যে ॥ ১০ ॥
কচিচ্চ শীতাতপবাত বর্ষ প্রতিক্রিয়াং কর্ত্তুমনীশ আস্তে।
কচিন্মিথো বিপণন্ যচ্চ কিঞ্চিৎ বিদ্বেষমৃচ্ছত্যুত বিত্তশাঠ্যাৎ ॥ ১১ ॥
কচিৎ কচিৎ ক্ষীণধনস্তু তস্মিন্ শয্যাসনস্থানবিহারহীনঃ।
যাবৎ পরাদপ্রতিলব্ধ কামঃ পারক্যদৃষ্টি র্লভতেঽবমানং ॥ ১২ ॥
অন্যোঽন্যবিত্ত ব্যতিষঙ্গবৃদ্ধবৈরানুবন্ধো বিহরন্ মিথশ্চ।

শ্রীধরস্বামী।

ক্ষুদ্ররসান্ পরযোষাদীন্ বিচিন্বন্ গবেষয়ন্ তন্মক্ষিকাভির্যোষাদি স্বাম্যাদিভিঃ বিমানঃ অবজ্ঞাতস্তাড়িতঃ সন্ ব্যথিতো ভবতি যদি কথঞ্চিত্তত্রাতিক্লেশেন প্রতিলব্ধমানঃ প্রাপ্তযোষাদির্ভবতি তদা বলাদন্যেঽপহরন্তি তান্ যদাভিযুঙ্‌ক্তে তদা ততোপ্যন্যে হরন্তি ॥ ১০ ॥

যৎকিঞ্চিদত্যল্পমপি মিথোব্যবহরন্ ক্রয়াদিনা গৃহ্লন্ বিত্তশাঠ্যাৎ ধনবঞ্চনাৎ ॥ ১১ ॥

শয্যাদিহীনঃ আস্যতে অস্মিন্নিত্যাসনং কম্বলাদি স্থীয়তেঽস্মিন্নিতি স্থানং গৃহং। বিহরন্ত্যনেনেতি বিহারো যানাদিঃ। যাচমানোপি যদা পরস্মাদপ্রাপ্ত কাম স্তদা পরকীয়ে বস্তুনি দৃষ্টিরভিলাষো যস্য সো ঽবমানং প্রাপ্নোতি ॥ ১২ ॥

এবমন্যোঽন্যং বিত্তব্যতিষঙ্গেণ ধন বিনিময়েন বিবৃদ্ধো বৈরানুবন্ধো যস্য তথাবিধোপি পরস্পরং বিবহন্ বিবাহাদি সম্বন্ধং

ক্রমসন্দর্ভঃ।

কর্হিস্মেতি তানুপহরকান্ যদাভিযুঙ্‌ক্তে ইতি শেষঃ। তেষামাভিমুখ্যেন যুদ্ধোদ্যমং করোতীত্যর্থঃ ॥ ১। ২। ৩। ৪। ৫। ৬। ৭।৮। ৯। ১০। ১১। ১২। ১৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ক্ষুদ্ররসান্ পরদারান্ তন্মক্ষিকাভি স্তদ্ভর্তৃশ্বশ্রাদিভির্বিমানো বিগতমানঃ কৃতো ব্যথিতো ভবতি। যদি কথঞ্চিত্তত্রাতিক্লেশেন ধনব্যয়াদিনা প্রতিলব্ধমানঃ প্রাপ্ত পরদারসম্ভোগস্তদা তান্ দারান্ অন্যে বিলুম্পন্তি ততোপ্যধিক বিত্তব্যয়ে নান্যেপীত্যেবং ॥ ১০ ॥

মিথোবিপণন্ বিপণয়ন্ ক্রয়বিক্রয়াদিনা ব্যবহরন্ বিত্তশাঠ্যাৎ ধনবঞ্চনাৎ বিদ্বেষং প্রাপ্নোতি ॥ ১১ ॥

পরাৎ পরস্মাৎ যাচ্যমানাদপি অপ্রাপ্তধনো ভবেত্তদা পারোক্ষ্যে পরকীয়ে বস্তুনি দৃষ্টিরভিলাষো যস্য সোঽবমানং প্রাপ্নোতি ॥ ১২

এবমন্যোন্য বিত্তস্য ব্যতিষঙ্গেণ পরস্পরাসক্ত্যা পরস্পর জিঘৃক্ষয়া বিবৃদ্ধোবৈরানুবন্ধো যস্য তথা বিধোপি পরস্পরং বিবহন্

কোন কোন স্থানে কোন কোন ব্যক্তি ক্ষুদ্ররস (মধুক্রম) অন্বেষণ করিতে গিয়া তাহার মক্ষিকার নিকট অবজ্ঞাত হওয়াতে সাতিশয় ব্যথিত হয়। যদি কদাচিৎ অতি কষ্টে ঐ বিষয়ে মান লাভ হয় অর্থাৎ যদি ক্ষুদ্র রস লাভ করিতে পারে, তাহাও ভোগ করিতে পায় না, অন্য ব্যক্তি আসিয়া বল পূর্ব্বক কাড়িয়া লয় ॥ ১০ ॥

কোন কোন স্থানে কোন কোন লোক শীত, গ্রীষ্ম, বায়ু, বর্ষা ইত্যাদির প্রতীকার করিতে না পারিয়া বসিয়া থাকে। কোথাও কোন কোন ব্যক্তি ক্রয়াদি দ্বারা অত্যল্প দ্রব্য পরস্পর বিনিময় করিয়া বিত্তশাঠ্য করাতে বিদ্বেষ প্রাপ্ত হয় ॥ ১১ ॥

কোথাও বা কোন কোন মনুষ্য ক্ষীণধন হওয়াতে শয্যা, আসন, স্থান এবং বিহার হীন হইয়া অন্যের নিকট যাচ্ঞা করে। কিন্তু যখন অন্য হইতে কামনা পূর্ণ না হয় তখন পরকীয় বস্তুর প্রতি অভিলাষ করে, তন্নিমিত্ত তাহাকে অপমানিত হইতে হয় ॥ ১২ ॥

হে রাজন্! সংসারাটবীর মধ্যে ভ্রমণ করিতে করিতে কোন ২ ব্যক্তি পরস্পর ধন বিনিময় করিয়া

অধ্বন্যমুষ্মিন্নুরুকৃচ্ছ্র বিত্ত বাধোপসর্গৈর্ব্বিহরন্ বিপন্নঃ ॥ ১৩ ॥
তাংস্তান্ বিপন্নান্ সহি তত্র তত্র বিহায় জাতং পরিগৃহ্য সার্থঃ।
আবর্ত্ততেঽদ্যাপি নকশ্চিদত্র বীরাধ্বনঃ পারমুপৈতি যোগং ॥ ১৪ ॥
মনস্বিনো নির্জ্জিত দিগ্‌গজেন্দ্রা মমেতি সর্ব্বে ভুবি বদ্ধবৈরাঃ।
মৃধে শয়ীরন্নতু তদ্ব্রজন্তি যন্ন্যস্তদণ্ডো গতবৈরোভিযাতি ॥ ১৫ ॥
প্রসজ্জতি ক্বাপি লতাভুজাশ্রয়স্তদাশ্রয়া ব্যক্তপদ দ্বিজস্পৃহঃ।

শ্রীধরস্বামী।

কুর্ব্বন্ উরুভিঃ কৃচ্ছ্রৈঃ শ্রমৈঃ বিত্তবাধৈরুপসর্গৈশ্চ দ্বেষাদিভি র্বিপন্নঃ মৃতপ্রায়ো ভবতি ॥ ১৩ ॥

দুরত্যয়ত্বমধ্বনো দর্শয়তি তাংস্তান্ বিপন্নান্ মৃতান্ বিহায় জাতং জাতং পরিগৃহ্য বিহরন্ যতঃ প্রস্থিতঃ তং প্রতি নাবর্ত্ততে। হে বীর অধ্বনঃ পারং যো যোগস্তঞ্চ নোপৈতি। অত্র সার্থে কশ্চিদতি সমর্থোপি ॥ ১৪ ॥

তদেবাহ মনস্বিনঃ শূরাঃ নির্জ্জিতা দিগ্‌গজেন্দ্রা যৈঃ। মমেয়ং ভূর্ম্মমেয়মিতি ভুবি নিমিত্ত ভূতায়াং বদ্ধং বৈরং যৈঃ। ন্যস্তদণ্ডঃ সন্ন্যাসী যদ্বিষ্ণোঃ পদং অভিযাতি তত্তু ন ব্রজন্তি ॥ ১৫ ॥

সিংহাবলোকনেন পুনর্ভবাটবীমেবানু বর্ণয়তি প্রসজ্জতীতি প্রসজ্জতি আসক্তিং করোতি কীদৃশঃ লতানাং ভুজাঃ শাখাঃ

ক্রমসন্দর্ভঃ।

বিপন্নঃ কশ্চিন্মৃতো ভবতি ॥ ১৪। ১৫। ১৬। ১৭। ১৮। ১৯। ২০। ২১। ২২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বিবাহাদি সম্বন্ধং কুর্ব্বন্ অধ্বনি বিহরন্ বিভ্রমন্ উরুভিঃ কৃচ্ছ্রৈ র্বিত্তবাধৈরুপসর্গৈ রোগাদিভিশ্চ বিপন্নোমৃতপ্রায়োভবতি ॥ ১৩ ॥

বিপন্নান্ মৃতান্ বিহায় জাতং জাতং পরিগৃহ্য চলন্নদ্যাপি নাবর্ত্ততে যতশ্চলিতস্তং পরমেশ্বরং প্রতীত্যর্থঃ। তৎ প্রাপ্তি সাধন যোগমুপায়ং ভক্তি জ্ঞানাদিকং পারং পারপ্রাপকং ন উপৈতি অত্র সার্থেষু মধ্যে কশ্চিদপি ॥ ১৪ ॥

তদেবাহ মনস্বিনঃ শূরা নির্জ্জিতেত্যতিদূরবর্ত্তিনো দিগ্‌গজেন্দ্রানপি নির্জ্জয়ন্তিস্ম নত্বতি নিকটবর্ত্তিন একাদশেন্দ্রিয় ভটানপি ইতি ব্যবহার এব তেষাং শৌর্য্যং নতু পরমার্থ ইতি ভাবঃ। ততো মমেত্যাদি পরমার্থতঃ শূরমাহ ন্নস্তেতি গতবৈরত্বেন ন্যস্তদণ্ডত্বমেব শৌর্য্যমিতি ভাবঃ ॥ ১৫ ॥

সিংহাবলোকেন পুনর্ভবাটবীমেবানুবর্ণয়তি। প্রসজ্জতীতি লতানাং স্ত্রীণাং ভুজান্ স্পর্শসুখানাশ্রয়ত ইতি সঃ। তদা-

বৈরানুবন্ধ বর্দ্ধিত করিতেছে। কেহ কেহ পরস্পরের সহিত বিশেষ রূপে সম্বন্ধ করিতেছে। কোন ২ লোক সুমহৎ পরিশ্রম এবং ধননাশ ও অন্যান্য উপসর্গ দ্বারা বিপন্ন হইতেছে ॥ ১৩ ॥

হে বীর! সেই ২ বিপন্ন অর্থাৎ মৃতব্যক্তিদিগকে সেই ২ স্থানে পরিত্যাগ পূর্ব্বক নূতন ২ উৎপন্ন ব্যক্তিদিগকে গ্রহণ করিয়া কোন ব্যক্তি অদ্যাবধি প্রত্যাবৃত্ত হইতেছে না অর্থাৎ যে স্থান হইতে প্রস্থান করিয়াছে তথায় পুনরাগমন করিতেছে না। আর ঐ বণিক্ সার্থ মধ্যে কোন লোক অদ্যাবধি ঐ পথের পারও প্রাপ্ত হইতেছে না ॥ ১৪ ॥

হে রাজন্! যে সকল ব্যক্তি শূর এবং দিক্‌হস্তি সকলের জয়কারী তাহারাও ঐ ভবাটবীতে "আমার এই ভূমি, আমার এই ভূমি" এইরূপ কহিয়া ভূমির নিমিত্ত পরস্পর বৈরতা বদ্ধ করিয়া সমরাঙ্গনে শয়ন করে। অতএব সন্ন্যাসী ব্যক্তিরা ভগবান্ বিষ্ণুর যে পরম পদ প্রাপ্ত হন্ তাহারা তাহা কখনই প্রাপ্ত হইবে না ॥ ১৫ ॥

হে রাজন্! পুনর্ব্বার ভবাটবী ভ্রমণ কারি জনদের বৃত্তান্ত বলি শ্রবণ কর। কোথাও কোন ২ ব্যক্তি লতাশাখা আশ্রয় করিয়া তত্রস্থ পক্ষিদের অস্ফুটাক্ষর মধুর ধ্বনি শ্রবণার্থ সস্পৃহ হইয়া তাহাতে

ক্বচিৎ কদাচিদ্ধরিচক্রতস্ত্রসন্ সখ্যং বিধত্তে বক কঙ্ক গৃধ্রৈঃ ॥ ১৬ ॥
তৈর্বঞ্চিতো হংসকুলং সমাবিশন্নরোচয়ন্ শীলমুপৈতি বানরান্ ।
তজ্জাতিরাসেন সুনির্বৃতেন্দ্রিয়ঃ পরস্পরোদ্বীক্ষণবিস্মৃতাবধিঃ ॥ ১৭ ॥
দ্রুমেষু রংস্যন্ সুতদার বৎসলো ব্যবায়দীনো বিবশঃ স্ববন্ধনে ।
ক্বচিৎ প্রমাদাদ্গিরি কন্দরে পতন্ বল্লীং গৃহীত্বা গজভীত আস্থিতঃ ॥ ১৮ ॥

শ্রীধরস্বামী ।

তদ্বৎ সুকুমারা যে স্ত্রীণাং ভুজা স্তদাশ্রয়ঃ । তদাশ্রয়া অব্যক্তপদাঃ অস্ফুটাক্ষরাঃ কলভাষিণো যে দ্বিজাঃ পক্ষিণঃ তত্তুল্যেষু স্ত্রীসঙ্গ প্রসক্তেষু অপত্যেষু স্পৃহা যস্য তাদৃশোভূত্বা হরিচক্রং সিংহসমূহঃ তত্তুল্যাৎ কালচক্রনিমিত্তাৎ জন্ম মরণাদেস্ত্রসন্ তৎ পরিহারায় কৈশ্চিৎ প্রলোভিতো বকাদিবৎ বঞ্চকৈঃ ক্ষুদ্রৈঃ ক্রূরৈঃ পাষণ্ডৈঃ সহ সখ্যং করোতি তেষু প্রবিশতি ॥ ১৬ ॥

তৈর্বঞ্চিত স্তত্র ফলাভাবং জ্ঞাত্বা হংসানাং ব্রাহ্মণানাং কুলং পুনঃ প্রবিশন্ তেষাং শীলং প্রায়শ্চিত্ত পূর্ব্বকং পুনরুপনয়নাদ্যাচারং অরোচয়ন্ অপ্রিয়ং পশ্যন্ বানরতুল্যান্ ভ্রষ্টাচারান্ শূদ্রপ্রায়ানুপৈতি । তজ্জাতিরাসেন বানরজাতিক্রিয়য়া স্ত্রিয়া মিথুনীভূয় পরস্পরমুখোদ্বীক্ষণেন বিস্মৃতো জীবিতাবধি র্মরণকালো যেন ॥ ১৭ ॥

দ্রুমবৎ কেবল দৃষ্টার্থেষু গৃহেষু ব্যবায়দীনঃ সুরতেচ্ছয়া কৃপণ এবং স্বস্য যদ্বন্ধনং প্রাপ্তং তস্মিন্ বিবশঃ পরিহর্ত্তুমশক্তঃ । চরন্ বনে ইতি পাঠান্তরেতু বনে সংসারে চরন্নিত্যর্থঃ । গিরিকন্দরাং অতিভয়ানকে রোগাদি দুঃখে পতন্ কন্দরস্থ গজতুল্য মৃত্যো-র্ভীতঃ সন্ বল্লীতুল্যং প্রাচীনকর্ম্মাবলম্ব্যাবস্থিতো ভবতি ॥ ১৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

শ্রয়েষু লতাবলম্বিষু সুপুত্রাদব্যক্তপদেষু দ্বিজেষু পক্ষিষু স্পৃহা দিদৃক্ষা যস্য সঃ । পক্ষে ভার্য্যোৎসঙ্গবর্ত্তিনি অস্ফুটাক্ষরভাষিণি দ্বাভ্যাং স্ত্রীপুংসাভ্যাং জাতত্বাৎ দ্বিজে বালকে দর্শন স্পর্শনাদি স্পৃহাযস্য তাদৃশোভূত্বা কদাচিৎ কালে কাপি দেশে স্বয়মেব বা কথমরে সংসারং তরিষ্যসীতি দৈবাৎ পাষণ্ডানাং বাক্যেন বা হরিচক্রতঃ সিংহসংঘতুল্যাৎ কাল চক্রাৎ ত্রসন্ ত্রস্যন্ তৎ পরিহারায় তৈরেব পাষণ্ডৈরেবং সুখেন তরিষ্যসীতি প্রলোভিতো বকাদিবদ্বঞ্চকৈঃ কুবুদ্ধিভিঃ ক্রূরৈস্তৈরেব পাষণ্ডিভিঃ সহ সখ্যং করোতি ॥ ১৬ ॥

তৈর্বঞ্চিত স্তত্র ফলাভাবং জ্ঞাত্বা হংসানাং ব্রাহ্মণানাং কুলং প্রবিশন্ তেষাং শীলং প্রায়শ্চিত্ত পূর্ব্বকং পুনরুপনয়নাদ্যাচারং অরোচয়ন্ স্বানভীপ্সিতং জানন্ বানর তুল্যান্ ভ্রষ্টাচারান্ শূদ্রপ্রায়ান্ লিঙ্গিন উপৈতি তজ্জাতৌ রাসেন ভোজন পান স্ত্রীসঙ্গাদি স্বাচ্ছন্দ্যেন পরস্পর মুখোদ্বীক্ষণেন বিস্মৃতো জীবিতাবধির্মরণকালো যেন সঃ ॥ ১৭ ॥

কশ্চিদন্যঃ সার্থো দ্রুমতুল্যেষু কেবল দৃষ্টার্থেষু গৃহে ব্যবায়দীনঃ সুরতেচ্ছুত্বাৎ স্ত্রিয়া পাদেন তাড্যমানঃ এবং স্বস্য যদ্বন্ধনং প্রাপ্তং তস্মিন্ বিবশঃ পরিহর্ত্তুমশক্তঃ চরন্ বনে ইতি পাঠঃ । গিরিকন্দরবদতিভয়ানক রোগাদিষু দুঃখে পতন্ কন্দরস্থ গজ

আসক্ত হয় । কোন স্থানে বা কথন২ হরিচক্র (সিংহ সমূহ) হইতে ভীত হইয়া কঙ্ক, গৃধ্র, বক, ইত্যাদির সহিত সখ্য বিধান করে, অর্থাৎ তাহাদের মধ্যে প্রবিষ্ট হয় ॥ ১৬ ॥

কিন্তু তাহাদের নিকট বঞ্চিত হইয়া অর্থাৎ ফলাশয় নিরাশ হইয়া পশ্চাৎ আপনি গিয়া হংসকুলে প্রবিষ্ট হয় । পরে তাহাদের আচার ব্যবহার প্রিয় বোধ না হওয়াতে বানরদের নিকটে গিয়া তজ্জাতীয়দের ক্রীড়া দ্বারা আপনার ইন্দ্রিয়গণকে চরিতার্থ করে । পরস্পর মুখ সন্দর্শনে মুগ্ধ হইয়া আপনার জীবনের অবধি অর্থাৎ মৃত্যু বিস্মৃত হয় ॥ ১৭ ॥

কোথাও কোন ২ ব্যক্তি পুত্র কলত্রের প্রতি বাৎসল্য হেতু তাহাদের নিমিত্ত বৃক্ষ সকলে অর্থাৎ দৃষ্টার্থ বিষয়ে রমণ করিতে ২ সম্ভোগেচ্ছায় অতি দীন, সুতরাং আপনার বন্ধনে বিবশ অর্থাৎ পরিত্যাগ করিতে অক্ষম হয় । কোথাও বা কোন ২ ব্যক্তি প্রমাদ বশতঃ গিরিগহ্বরে পতিত হইয়া তত্রস্থ

অতঃ কথঞ্চিৎ স বিমুক্ত আপদঃ পুনশ্চ সার্থং প্রবিশত্যরিন্দম।
অধ্বন্যমুষ্মিন্নজয়া নিবেশিতো ভ্রমন্ জনোঽদ্যাপি ন বেদ কশ্চন ॥ ১৯ ॥
রহূগণ ত্বমপি হ্যধ্বনোঽস্য সংন্যস্ত দণ্ডঃ কৃতভূতমৈত্রঃ।
অসজ্জিতাত্মা হরিসেবয়া শিতং জ্ঞানাসিমাদায় তরাতিপারং ॥ ২০ ॥
শ্রীরাজোবাচ ॥
অহো নৃজন্মাখিল জন্মশোভনং কিং জন্মভিস্ত্বপরৈরপ্যমুষ্মিন্।
নযদ্ধৃষীকেশযশঃ কৃতাত্মনাং মহাত্মনাং বঃ প্রচুরঃ সমাগমঃ ॥ ২১ ॥
নহ্যদ্ভুতং তচ্চরণাব্জরেণুভির্হতাংহসো ভক্তিরধোক্ষজে মলা।

শ্রীধরস্বামী।

সার্থং প্রবিশতি যথা পূর্ব্বং প্রবৃত্তিমার্গে রমতে ॥ ১৯ ॥
ত্বমপি অধ্বনি নিবেশিত ইত্যনুষঙ্গঃ। অতোঽস্যাধ্বনঃ পারং অতিতর অসজ্জিতাত্মা বিষয়েষ্বনভিনিবেশিতচিত্তঃ সন্ হরিসেবয়া শিতং তীক্ষ্ণীকৃতং ॥ ২০ ॥
অখিল জন্মসু শোভনং নৃজন্মৈব ন পরং শ্রেষ্ঠং যেভ্যো দেবাদি জন্মভ্যঃ তৈরপি কিং অমুষ্মিন্ স্বর্গেপি জন্মভিঃ কিং নকিঞ্চিৎ যৎ যেষু জন্মসু যত্র স্বর্গে বা বো মহাত্মনাং সমাগমঃ প্রচুরো নভবতি হৃষীকেশস্য যশসা কৃতঃ শোধিত আত্মা যৈস্তেষাং ॥ ২১ ॥
সম্ভতং সমুপাসিতৈ স্তৎ পাদরেণুভি র্হতমংহো যস্য তস্যাধোক্ষজে নির্ম্মলা ভক্তি র্ভবতীতি নৈবাদ্ভুতং যস্য তব তু মুহূর্ত্ত মাত্র

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তুল্যান্মৃত্যোর্ভীতঃ সন্ বল্লী তুল্যাং প্রাচীন কর্ম্মাবলম্ব্যাবস্থিতো ভবতি ॥ ১৮ ॥
পুনশ্চেতি যথা পূর্ব্বং প্রবৃত্তিমার্গে রমতে ন বেদ ন পরমেশ্বরং জানাতি ॥ ১৯ ॥
ত্বমপ্যধ্বনি নিবেশিত ইত্যন্বয়ঃ। অতোঽস্যাধ্বনঃ পারং অতিতর যাহি ॥ ২০ ॥
কথমহমকস্মাদেবং কৃতার্থোঽভূবমিতি সাশ্চর্য্যং সবিতর্কমাহ অখিল জন্মসু মধ্যে অহোঽদ্ভুতেঽস্মিন্ মর্ত্ত্যলোকে নৃজন্মৈব শোভনং অমুত্র স্বর্গে পরং শ্রেষ্ঠং যেভ্যস্তৈ র্দেবাদি জন্মভিঃ কিং যদ্যেষু বো মহাত্মনাং সমাগমো ন সংভবেৎ। কীদৃশানাং হৃষীকেশস্য স্বভক্ত সর্ব্বেন্দ্রিয়াকর্ষকস্য হরের্যশোভিরেব কৃতা নির্ম্মিতা আত্মানো দেহমনোবুদ্ধি প্রযত্ন জীবাত্মানো যেষাং ॥ ২১ ॥
নমু প্রচুর ইত্যুক্ত্যা কিং স্বল্পসঙ্গস্যানর্থকত্বং ব্রূষে মৈবমতোৎসুক্য বস্তিত্তএব তথা ব্রবীমীত্যাহ। নহীতি ব্রহ্মেন্দ্রাদিভিরপি

হস্তি ভয়ে লতা অবলম্বন পূর্ব্বক অবস্থিতি করে ॥ ১৮ ॥

হে শত্রুন্তপ! ঐ পুরুষ ঐ প্রকার বিপদ্ হইতে কদাচিৎ কোন প্রকারে মুক্ত হইয়া আপনার সঙ্গিদের সঙ্গে পূর্ব্ববৎ মিলিত হইতে পারে, কিন্তু ভবাটবীর মার্গে মায়া কর্ত্তৃক প্রবেশিত হইয়া ভ্রমণ কারী কোন লোক অদ্যাপি যথার্থ তত্ত্ব অবগত হইতে পারে না ॥ ১৯ ॥

অহে রহূগণ! তুমিও মায়া কর্ত্তৃক সংসারাটবীর বর্ত্মে স্থাপিত হইয়াছ, অতএব আপনার রাজ্য পরিত্যাগ পূর্ব্বক সকল প্রাণির সহিত মৈত্রতা কর এবং বিষয়ে অনাসক্ত চিত্ত হইয়া হরিসেবা দ্বারা তীক্ষ্ণী কৃত জ্ঞান রূপ অসি গ্রহণ করিয়া এই সংসার বর্ত্মের পারে উত্তীর্ণ হও ॥ ২০ ॥

রহূগণ রাজা সম্বোধন পূর্ব্বক কহিলেন ব্রহ্মন্! মনুষ্য জন্ম সকল জন্ম অপেক্ষা শোভন সত্য, কিন্তু স্বর্গীয় দেবাদি জন্ম অপেক্ষা শ্রেষ্ঠ নহে। পরন্তু স্বর্গেও যদি আপনাদিগের তুল্য মহাপুরুষদের সহিত সতত সমাগম না হয় তাহা হইলে সেখানে দেবাদি জন্ম প্রাপ্ত হইয়াই বা কি লাভ! আপনারা কি সামান্য ব্যক্তি, ভগবান্ হৃষীকেশের যশঃ শ্রবণ দ্বারা আপনাদের চিত্ত শোধিত হইয়াছে ॥ ২১ ॥

অতএব আপনকারদের চরণ পদ্মের রেণু নিরন্তর উপাসনা করিলে তদ্দারা মানব কুলের কলুষ

মৌহূর্ত্তিকাদ্যস্য সমাগমাচ্চ মে দুস্তর্কমূলোপহতোঽবিবেকঃ ॥ ২২ ॥
নমোমহদ্ভ্যোঽস্তু নমঃ শিশুভ্যো নমো যুবভ্যো নম আবটুভ্যঃ ।
যে ব্রাহ্মণা গামবধূতলিঙ্গাশ্চরন্তি তেভ্যঃ শিবমস্তু রাজ্ঞাং ॥ ২৩ ॥

শ্রীশুক উবাচ ॥

ইত্যেবমুত্তরামাত স বৈ ব্রহ্মর্ষিসুতঃ সিন্ধুপতয় আত্মসতত্ত্বং বিগণয়তঃ পরানুভাবঃ পরম

শ্রীধরস্বামী ।

ভবাৎ সমাগমমাত্রাদপি দুস্তর্কেণ বদ্ধমূলোপি মমাবিবেকো নষ্টঃ ॥ ২২ ॥

ব্রহ্মবিদঃ কেন রূপেণ চরন্তীত্যজ্ঞানাৎ সর্ব্বান্ নমস্যতি নম ইতি। যে বটবঃ ক্রীড়ারতত্বাদশ্রদ্ধেয় ধোরেয়া স্তানভিব্যাপ্য সর্ব্বেভ্যো নম ইত্যর্থঃ। স্বদৃষ্টান্তেন রাজ্ঞাং মহদবজ্ঞাং সংভাব্যাহ রাজ্ঞাং শিবমস্ত্বিতি ॥ ২৩ ॥

উত্তরা মাতা যস্য হে উত্তরামাত। বিগণয়তঃ নগণয়তঃ অবমন্তুর্য্যাপি পরম করুণাকরত্বেন সিন্ধুপতয়ে আত্মতত্ত্বমুপদিশ্য নিভৃতাঃ

ক্রমসন্দর্ভঃ ।

বটবঃ ক্রীড়ারতত্বাদশ্রদ্ধেয় ব্রহ্মবিদ ইত্যর্থঃ ॥ ২৩ ॥

উত্তরামাতরিতি বিসর্গান্ত পাঠ আর্ষ প্রায়োগো মন্তব্যঃ। অইতাত্রার্থে সমাসান্ত বিধৌ মাতুর্মাতৃজাদেশ বিধানাৎ ততো-

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

দুর্ল্লভা তগবত্যমলা ভক্তি র্যুষ্মচ্চরণ ধূলি প্রাপ্তিমাত্রেণৈব ভবতীত্যেতদপি নাশ্চর্য্যং আশ্চর্য্যং ত্বেতদেব যন্মদ্বিধানাং জ্ঞানলব দুর্ব্বিদগ্ধানামতি কূটযুক্তি বিপ্লুতধিয়াং চেতঃ পরাবৃত্ত ভক্তিযোগোন্মুখীকরণং তচ্চ মৌহূর্ত্তিকাদেব সমাগমাদ্যদভূত্তর্হি প্রচুরস্য সমাগমস্য মাহাত্ম্যং কোবক্তুং ক্ষমতামিতি তত্র ময়া স্বৌৎসুক্যমেব ব্যঞ্জিতমিতি ভাবঃ । ২২ ॥

হন্ত হন্ত শিবিকাং বহংস্তত্র ভবান্ স্বঃ যদি নাজ্ঞাপয়িষ্যত্তদা মমাপরাধিনঃ কা গতিরভবিষ্যদিতি সভয়ং প্রণমতি নম ইতি আবটুভ্যঃ যে বটবঃ ক্রীড়ারতত্বাদশ্রদ্ধেয় মহিমান স্তানপ্যভিব্যাপ্য স্বদৃষ্টান্তেন বাজ্ঞাঃ মহদপরাধঃ সংভাব্যাহ রাজ্ঞাং শিবমস্ত্বিতি ॥ ২৩ ॥

নিতরাং আ সম্যগেব অরণং শরণং পাদপঙ্কজং যস্য তং ভজে ভজে ইতি হর্ষাৎ দ্বিত্বং। ভগস্য ষড়ৈশ্বর্য্যস্য। ভক্তেষু অলং অলঙ্কার বদ্বর্ত্তমানং। ভাবিতঃ সৃষ্টঃ ধ্যানং কারিতোবা ভূতভাবনো ব্রহ্মা যেন তং। ত্বা ত্বাং ভবস্য মল্লক্ষণ দাসস্য ভাবঃ প্রেমা যত্র তং ॥ ১৯ ॥

অচিন্ত্যমৈশ্বর্য্যং বিবৃণোতি ন যস্যেতি। নিরীক্ষ্যমাণস্যাপি যস্য দৃষ্টি র্মায়া গুণ বৃত্তিভি র্মায়া গুণ রূপাভিরিন্দ্রিয় বৃত্তিভির্বিষয়ৈ র্ন অজ্যতে ন লিপ্যতে। কিমর্থং নিরীক্ষ্যমাণস্য ঈশে ঐশ্বর্য্যায় ঈশমমীট্ সংপদাদিত্বাৎ ভাবে ক্বিপ্ তস্মৈ। বৈধর্ম্ম্যে দৃষ্টান্তঃ।

নাম সঙ্কর্ষণ এবং যাহা তাঁহার আপনার প্রকৃতি, তাঁহাকে আত্ম সমাধি মধ্যে স্থাপন করিয়া নিম্ন লিখিত বাক্য উচ্চারণ করত এক ২ বার ধাবমান হইয়া বেড়ান্ ॥ ১৭ ॥

ভগবান্ শিব কহেন, আমি সেই ভগবান্ মহাপুরুষকে নমস্কার করি, যাঁহা হইতে গুণ সকল প্রকাশ হয়, অথচ যিনি স্বয়ং অব্যক্ত এবং অপ্রমেয়, তাঁহাকে নমস্কার করি ॥ ১৮ ॥

অপর হে ভজনীয়! আপনি পরম ঈশ্বর অতএব আপনাকেই ভজনা করি। প্রভো! আপনকার পাদ পঙ্কজ সর্ব্ব প্রাণির শরণ অর্থাৎ রক্ষক এবং আপনি ঐশ্বর্য্যাদি সমস্ত ষড়্গুণের পরম আশ্রয়! ভক্তজনের হিতার্থ আপনি স্বরূপ প্রকটিত করেন এবং আপনা হইতে ঐ সকল ব্যক্তির সংসার বিনষ্ট হয়, কিন্তু যে সমস্ত লোক আপনকার অভক্ত আপনি তাহাদের সংসার জন্মাইয়া দেন ॥ ১৯ ॥

অহো! আমরা ক্রোধ বেগ জয় করণে অসমর্থ হওয়াতে আমাদের দৃষ্টি যেমন ভগবান্ ঈশ্বরে বিলিপ্ত হয় না, তেমনি যিনি নিরীক্ষণ করিলেও যাঁহার দৃষ্টি মায়ার গুণ যে সত্ত্ব রজঃ ও তমঃ, তাহাতে

ঈশে যথা নোজ্জিতমন্যুরংহসাং কস্তং ন মন্যেত জিগীষুরাত্মনঃ ॥ ২০ ॥
অসদ্দৃশো যঃ প্রতিভাতি মায়য়া ক্ষীবেব মধ্বাসবতাম্রলোচনঃ।
ননাগবধ্বোঽর্হণ ঈশিরে হ্রিয়া যৎ পাদয়োঃ স্পর্শন ধর্ষিতেন্দ্রিয়াঃ ॥ ২১ ॥
যমাহুরস্য স্থিতি জন্ম সংযমং ত্রিভির্বিহীনং যমনন্ত মৃষয়ঃ।

শ্রীধরস্বামী।

অত্র বৈধর্ম্ম্যে দৃষ্টান্তঃ। যথা অজিতক্রোধবেগানাং নোঽস্মাকং দৃষ্টিবজ্যতে ন তথেতি অত আত্মন ইন্দ্রিয়াণি জিগীষুঃ জেতুমিচ্ছুঃ মুমুক্ষুস্তং কো ন মন্যেত নাদ্রিয়েত ॥ ২০ ॥

নন্বু সুরা মদ্যাভ্যাং মত্তস্য কুতো দৃষ্টির্নাজ্যতে তত্রাহ অসতী দৃক্ দৃষ্টির্যস্য তস্য স্বমায়য়া ক্ষীবা মত্ত ইব যোভয়ঙ্করঃ প্রতিভাতি মধ্বাসবাভ্যাং তাম্রলোচন ইবচ। নাগবধূবিমোহনেন তথা প্রতিভানং যুক্তমিত্যাহ নেতি। পদার্চ্চনে যস্য পাদয়োঃ স্পর্শনেন ধর্ষিতং মোহিতং ইন্দ্রিয়ং মনোযাসাং তাঃ হ্রিয়া লজ্জয়া ভুজাদ্যর্হণে ন ঈশিরে ন শেকুঃ কস্তং ন মন্যেত ইতি পূর্ব্বে নৈবান্বয়ঃ ॥ ২১ ॥

অস্য বিশ্বস্য স্থিতি জন্ম সংযমন হেতুং যমাহুঃ অতএব ত্রিভিঃ স্থিত্যাদিভির্বিহীনং অনন্তঞ্চ যমাহুঃ ঋষয়ো মন্ত্রাশ্ছন্দোঽনুরোধেন দীর্ঘপাঠঃ যদ্বা ঋকারো বেদমাতা লক্ষ্মীঃ সাচ ঋষয়শ্চেত্যর্থঃ। অনন্তত্বং দর্শয়তি। মূর্দ্ধ সহস্রমেব ধামানি স্থানানি তেষু

ক্রমসন্দর্ভঃ।

তত্র পাতালস্থ সংকর্ষণে সংদিহ্য সিদ্ধান্তয়তি অসদিতি। বস্তু তস্তু ক্ষীবত্বাদিকং ন সুরা মদ্যাভ্যাং। নাগপত্নীষু ভয়ঙ্করত্বেনাস্ফূর্ত্তেহ্রে্পকতয়া সাবধানত্বেন স্ফূর্ত্তেশ্চ। কিন্তু বিলাসবিশেষেণৈব তাসাং প্রেমমোহাদিত্যাহ ন নাগবধ্ব ইতি ॥ ২১ ॥ ২২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যথা অজিতক্রোধবেগানাং নোঽস্মাকং দৃষ্টিরজ্যতে ন তথেতি। আত্মনোজিগীষুরন্তঃকরণানি বশীকর্ত্তুমিচ্ছুঃ কস্তং ন মন্যেত নাদ্রিয়েত ॥ ২০ ॥

নন্বু মদিরামত্তস্য কুতোদৃষ্টির্নাজ্যতে তত্রাহ অসদ্দৃশঃ কুবুদ্ধীন্ প্রতি যো মায়য়া ক্ষীবেব মত্ত ইব ভাতি। যথান্যঃ ক্ষীবা গন্ধ্বাসবাভ্যাং তাম্রলোচনঃ বিবেক হীনো ভবতি তথৈবেত্যর্থঃ। বস্তু তস্তু ভবান্নতথা ভূতঃ কিন্তু নিত্যানন্দ সদ্বিবেক ইতি ভাবঃ। সৌন্দর্য্যেণ নারীগণ মোহনতামাহ অর্হণে চরণ পূজায়াং ন ঈশিরে ন শেকুঃ স্পর্শ স্ফুভিতেন্দ্রিয়াঃ হ্রিয়েতি অস্মাকমন্তঃ ক্ষোভং সর্ব্বজ্ঞত্বাদয়ং জানাতীত্যতঃ সংপ্রতি কথং সেবেমহীতি ভাবঃ ॥ ২১ ॥

জগৎকারণত্বমাহ। যমিতি স্থিত্যাদি হেতুং অথচ ত্রিভি গুণৈর্হীনং অতএব তত্ত্বজ্ঞানাদনন্তং ন বেদেতি য ইতি শেষঃ। ঋষয়ঃ ঋকারো দেবমাতা স্বাদিত্যভিধানাৎ দেবমাতরশ্চ ঋষয়শ্চ তে সিদ্ধার্থং সর্ষপমিব ক্বচিৎ কস্যচিন্মূর্দ্ধ্নি একদেশে স্থিতমিতি যদ্যপি চতুস্ত্রিংশল্লক্ষোনপঞ্চাশৎ কোটিযোজন প্রমাণস্য ভূমণ্ডলস্য অধস্তাদেব স্থিতত্বাৎ তস্মাৎ-সকাশাৎ তন্মূর্দ্ধ্নাং তাবদ্বিস্তারাধিক্যং ন যুজ্যতে। তদপি তত্র গর্গোর্জনে স্তদীয়াচিন্ত্যশক্ত্যৈব তন্মূর্দ্ধ্নাং প্রমাণাপরিচ্ছেদ্যত্বং ভূমণ্ডলস্য চ সর্ষপারমাণত্বং

এবং অন্তঃকরণে অত্যল্পও লিপ্ত হয় না, ইন্দ্রিয় জয়েচ্ছু এবং মুমুক্ষু কোন্ পুরুষ তাঁহার সমাদর না করিবে ? ॥ ২০ ॥

অপর যিনি অসদ্দৃষ্টি হইয়া আত্ম মায়া দ্বারা মত্ত তুল্য ভয়ঙ্কর আকারে প্রকাশ পান এবং মধু ও আসব (তালাদি জনিত মদ্য) সেবনে যাঁহার নয়ন তাম্র বর্ণ হয়, অপর নাগবধূগণ চরণার্চ্চন সময়ে যাঁহার পাদস্পর্শনে মোহিত চিত্ত হয়। সুতরাং লজ্জায় যাঁহার ভুজাদির পূজা করিতে পারে না, তাঁহার সমাদর কে না করিবে ? ॥ ২১ ॥

অপিচ যাঁহাকে ঋষিগণ এই বিশ্বের সৃষ্টি স্থিতি বিনাশের কারণ বলিয়া থাকেন অথচ যিনি স্বয়ং সৃষ্টি স্থিতি বিনাশে বিরহিত। আর যিনি অনন্ত, আপনার সহস্র মস্তকরূপ গৃহের এক প্রদেশে সর্ষপ

ন বেদ সিদ্ধার্থমিব কচিৎ স্থিতং ভূমণ্ডলং মূর্দ্ধ সহস্র ধামসু ॥ ২২ ॥
যস্যাদ্য আসীৎ গুণবিগ্রহোমহান্ বিজ্ঞানধিষ্ণ্যো ভগবানজঃ কিল।
যৎ সম্ভবোহহং ত্রিবৃতা স্বতেজসা বৈকারিকং তামসমৈন্দ্রিয়ং সৃজে ॥ ২৩ ॥
এতে বয়ং যস্য বশে মহাত্মনঃ স্থিতাঃ শকুন্তা ইব সূত্রযন্ত্রিতাঃ।
মহানহং বৈকৃত তামসৈন্দ্রিয়াঃ সৃজাম সর্ব্বে যদনুগ্রহাদিদং ॥ ২৪ ॥
যন্নির্ম্মিতাং কর্হ্যপি কর্ম্মপর্ব্বণীং মায়াং জনোয়ং গুণসঙ্গমোহিতঃ।

শ্রীধরস্বামী।

ক্বচিদেকদেশে স্থিতং ভূমণ্ডলং যো ন বেদ সিদ্ধার্থং সর্ষপমিব তস্মৈ নম ইতি চতুর্থেনান্বয়ঃ ॥ ২২ ॥

অত্র জন্ম হেতুত্বং মহদাদি দ্বারেণ প্রপঞ্চয়তি। যস্য গুণ নিমিত্তো মহান্নাম বিগ্রহ আসীৎ বিজ্ঞানং সত্বং ধিষ্ণ্যমাশ্রয়ো যস্য সঃ তস্য চিত্ত রূপত্বেন সত্ব প্রধানত্বাৎ সএব কিলাধিদেবঃ বাসুদেবাভেদ বিবক্ষয়া ভগবানজো ব্রহ্মা যৎ সম্ভবঃ যস্মাদ্ব্রহ্মণঃ সম্ভূতোঽহং রুদ্রঃ ত্রিবৃতা ত্রিগুণেন স্বতেজসা স্ববিভূতি রূপেণ অহঙ্কারেণ বৈকারিকং দেবতাবর্গং তামসং ভূতবর্গং ঐন্দ্রিয়ং ইন্দ্রিয় বর্গঞ্চ সৃজামি ॥ ২৩ ॥

কিঞ্চ এতে বয়ং মহাদদয়ঃ সর্ব্বে যস্যানুগ্রহাৎ ইদং ব্রহ্মাণ্ডং সৃজামঃ। কথম্ভূতা যস্য মহাত্মনো বশে স্থিতাঃ সন্তঃ যতঃ সূত্রেন ক্রিয়াশক্ত্যা যন্ত্রিতাঃ প্রোতাঃ শকুন্তাঃ পক্ষিণ ইব লৌকিকেন সূত্রেণ বয়মিত্যুক্তং তানেবাহ মহান্ অহঙ্কারঃ বৈকৃতাদয়ঃ পূর্ব্বোক্তা বর্গাঃ ॥ ২৪ ॥

স্থিতিলয় হেতুত্বং দর্শয়ন্ প্রণমতি যেন নির্ম্মিতামেতাং মায়ামেবায়ং জনো হঞ্জসা বেদ নতু তন্নিস্তারে যোগমুপায়ং কর্হি

ক্রমসন্দর্ভঃ

মহান্ মহত্তত্বং চিত্তাখ্যং গুণময়ো বিগ্রহোঽধিষ্ঠানং স এব বিজ্ঞানধিষ্ণ্যঃ বুদ্ধিরূপঃ স এব কিল ক্রমেণ ভেদ বিবক্ষয়া ভগবান্ বাসুদেবঃ অজো ব্রহ্মা চ। সৃজে সর্গোপযোগিতাং প্রাপ্নোমীত্যর্থঃ। অগ্নিরেবান্নং পচতীতি বন্মংকর্ত্তৃকমিতি ভাবঃ।২৩।২৪।২৫।

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

দৃশ্যতে তচ্চ বাস্তবমেব নতু মায়িকমিত্যেতদপ্যেকমদ্ভুত মনন্তত্বমিতি তথোক্তং ॥ ২২ ॥

তত্র স্বজন্মহেতুত্বং মহদাদি দ্বারেণ প্রপঞ্চয়তি যস্যাদ্যঃ প্রথমোগুণময় বিগ্রহোমহান্ মহত্তত্বনামা তেন সংকর্ষণঃ স্বয়ন্তু গুণাতীত বিগ্রহ ইত্যায়াতং বিজ্ঞানং সত্বং ধিষ্ণ্যমাশ্রয়ো যস্য স এবাজো ব্রহ্মা যৎ সম্ভবো যদুৎপন্নোঽহমহঙ্কারাত্মকোদ্বিতীয়োরুদ্রঃ ত্রিবৃতা সত্বাদিবৃত্তিত্রয়েণ স্বতেজসা স্বশক্ত্যেবাহং বৈকারিকং দেবতাবর্গং তামসং ভূতবর্গং ঐন্দ্রিয়ং ইন্দ্রিয়বর্গঞ্চ সৃজামি ॥ ২৩ ॥

সর্ব্বনিবন্তৃত্বমাহ। এতে ইতি সূত্র যন্ত্রিতাঃ সূত্রপ্রোতাঃ শকুন্তাঃ পক্ষিণঃ শাকুনিকাধীনা ইবেত্যর্থঃ। বয়মেব কে তানাহ মহানিতি বৈকৃতাদয়ঃ পূর্ব্বোক্তা বর্গাঃ ॥ ২৪ ॥

দুর্জ্ঞেয়ত্বং কৈমুত্যেনাহ যেন নির্ম্মিতাং প্রাপিতাং মায়ামেবায়ং জনো ন বেদ কিমুত তাং কর্ম্মপর্ব্বণীং কর্ম্মগ্রন্থিপ্রণেত্রীং তস্যা

তুল্য ভূমণ্ডল কোথায় অবস্থিত আছে তাহার অনুসন্ধানও পায়েন না ॥ ২২ ॥

আর যাঁহার গুণ নিমিত্ত মহৎ নামে প্রথম শরীর হয়, সত্বগুণ যাঁহার আশ্রয় অর্থাৎ যিনি চিত্ত রূপত্ব প্রযুক্ত সত্ব প্রধান ভগবান্ বাসুদেব এবং আত্মযোনি ব্রহ্মার স্বরূপ, যাঁহা হইতে আমি (রুদ্র) উৎপন্ন হইয়া ত্রিগুণিত স্বীয় তেজঃ দ্বারা দেবতাবর্গ, ভূতবর্গ এবং ইন্দ্রিয়বর্গ সৃজন করি ॥ ২৩ ॥

অপিচ যাঁহার বশে থাকিয়া এই আমরা অর্থাৎ মহৎ অহঙ্কার, দেব, ভূত ও ইন্দ্রিয়গণ, সূত্র বদ্ধ পক্ষির ন্যায় ক্রিয়া শক্তির দ্বারা যন্ত্রিত হইয়া রহিয়াছি, আর যাঁহার অনুগ্রহে এই ব্রহ্মাণ্ড সৃষ্টি করিতেছি ॥ ২৪ ॥

অপর যাঁহার নির্ম্মিত মায়াকে মাদৃশ জন কেবল জানিতে পারে কিন্তু কি প্রকারে তাহা হইতে

নবেদ নিস্তারণযোগমঞ্জসা তস্মৈ নম স্তদ্বিলয়োদয়াত্মনে ॥ ২৫ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং পঞ্চমস্কন্ধে ভুবনকোশে সঙ্কর্ষণস্তোত্রং সপ্তদশোঽধ্যায়ঃ ॥ * ॥ ১৭ ॥ * ॥

শ্রীশুক উবাচ ॥

তথাচ ভদ্রশ্রবা নাম ধর্ম্মসুত স্তৎকুলপতয়ঃ পুরুষাঃ ভদ্রাশ্ববর্ষে সাক্ষাৎ ভগবতো বাসুদেবস্য প্রিয়াং তনুং ধর্ম্মময়ীং হয়শীর্ষাভিধানাং পরমেণ সমাধিনা সন্নিধাপ্যেদমভিগৃণন্ত উপধাবন্তি ॥ ১ ॥

শ্রীভদ্রশ্রবস ঊচুঃ ॥

ওঁ নমো ভগবতে ধর্ম্মায়াত্মবিশোধনায় নম ইতি ॥ ২ ॥

শ্রীধরস্বামী।

চিদপি বেদেতি স্থিতিহেতুত্বং দর্শিতং। কীদৃশীং কর্ম্মাণ্যেব পর্ব্বাণি গ্রন্থয় স্তানি নয়তি প্রাপয়তীতি তথা তাং প্রলয়হেতুত্বমাহ বিলীয়তেঽস্মিন্নিতি বিলয়ঃ উদেতি অস্মাদিত্যুদয়ঃ তস্যা বিলয়োদয়ৌ আত্মা স্বরূপং যস্য তস্মৈ নমঃ ॥ ২৫ ॥

॥ * ॥ ইতি পঞ্চমে সপ্তদশঃ ॥ * ॥

অষ্টাদশে ততোমেরোঃ পূর্ব্বাদি ক্রমতস্ত্রিষু। ত্রিষু চোত্তরবর্ষেষু সেব্যসেবকবর্ণনং ॥ ০ ॥

ভদ্রশ্রবা বর্ষপতিঃ তস্য কুলপতয়ঃ সেবকমুখ্যাশ্চ ॥ ১ ॥

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে পঞ্চমস্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃতক্রমসন্দর্ভস্য সপ্তদশো ঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

ভদ্রশ্রবসস্ত অদ্ভুতময় ভক্তিরসেনোপাসত ইত্যাহ ভদ্রশ্রবস ইতি সমাধিনা তদেকাবেশেন সন্নিধাপ্য সাক্ষাৎ কৃত্য পশ্যন্তীতি দ্রষ্টুং প্রবর্ত্তন্ত ইত্যর্থঃ ন চিত্রমিত্যাচিন্ত্যশক্ত্যেতি ভাবঃ শ্রীপ্রহ্লাদস্ত বীরা করুণ শান্তাদিময় ভক্তিরসেনোপাস্ত ইত্যাহ ওঁ নম ইত্যাদি। ১। ২। ৩। ৪। ৫। ৬। ৭। ৮। ৯॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অঞ্জসা শৈঘ্র্যেণ নিস্তারণোপায়ং ভক্তিযোগং চ নবেদ তস্যা মায়ায়া বিলয়ো ভক্তেষু উদয় স্বভক্তেষু যতঃ তস্মৈ আত্মনে পরমাত্মনে ॥ ২৫ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। পঞ্চমেঽয়ং সপ্তদশঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

অষ্টাদশেতু ভদ্রাশ্বাদিষু ষট্‌সু নিরূপ্যতে। ভদ্রশ্রবঃ প্রভৃতিভির্হয়শীর্ষাদিসেবনং। ভদ্রশ্রবা নাম বর্ষপতিস্তস্য কুলপতয়ঃ সন্তানমুখ্যাঃ ॥ ১ ॥

ভদ্রশ্রবঃ শব্দেনাজহৎ স্বার্থলক্ষণয়া তদ্দাসোঽপ্যুচ্যতে। অতঃ প্রাণভৃতঃ উপধাবতীতি বলিঙ্গ সমবায় স্থায়েন বহুবচনং ॥

আত্মনো জীবস্যাবিদ্যামালিন্য দূরীকরণাদ্বিশোধনায় ॥ ২ ॥

নিস্তার পাওয়া যায় তাহার উপায় কদাচ অবগত হইতে পারে না। আর যাঁহার মায়া কর্ম্ম রূপ গ্রন্থির প্রাপক, সেই ভগবানকে আমি নমস্কার করি, তাঁহার স্বরূপ হইতেই এই বিশ্ব প্রকাশমান হয় এবং তাঁহাতেই ইহা বিলীন হইয়া থাকে ॥ ২৫ ॥

॥ * ॥ ইতি পঞ্চমে সপ্তদশ ॥ * ॥

শুকদেব কহিলেন মহারাজ! ভদ্রাশ্ব বর্ষে ধর্ম্মপুত্র ভদ্রশ্রবা নামে বর্ষপতি এবং তাঁহার প্রধান ২ সেবক পুরুষ বাস করেন। তাঁহারা সাক্ষাৎ ভগবান্ বাসুদেবের প্রিয়তমা ধর্ম্মময়ী যে হয়শীর্ষ মূর্ত্তি পরম সমাধি দ্বারা তাহা হৃদয় মধ্যে প্রত্যক্ষ করিয়া লিখিত বাক্য উচ্চারণ করত ভ্রমণ করেন ॥ ১ ॥

অহোবিচিত্রং ভগবদ্বিচেষ্টিতং ঘ্নন্তং জনোঽয়ং হি মিষন্নপশ্যতি।
ধ্যায়ন্নসদ্যর্হি বিকর্ম্ম সেবিতুং নির্হৃত্য পুত্রং পিতরং জিজীবিষতি ॥ ৩ ॥
বদন্তি বিশ্বং কবয়ঃ স্ম নশ্বরং পশ্যন্তি চাধ্যাত্মবিদোবিপশ্চিতঃ।
তথাপি মুহ্যন্তি তবাজমায়য়া সুবিস্মিতং কৃত্যমজং নতোস্মি তং ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

ভদ্রশ্রবস উচুরিতি প্রাণভৃত উপদধাতীতিবৎ গণ লক্ষণয়া তদেবাগাদ্দাগিষু লিঙ্গ সমবায় ন্যায়েন বহুবচনং ॥ ২ ॥

অয়ং জনো মিষন্নপি পশ্যন্নপি ঘ্নন্তং হিংসন্তং মৃত্যুং নপশ্যতি নালোচয়তীতি ভগবদ্বিচেষ্টিতমেব তচ্চ বিচিত্রং। অদর্শনে লিঙ্গং। পুত্রং বালং পিতরঞ্চ বৃদ্ধং মৃতং নির্হৃত্য দগ্ধ্বা স্বয়ং তদুভয় ধনৈর্জিজীবিষতি জীবিতুমিচ্ছতি। জিজীবিষন্নিতি পাঠেতু ছন্দঃ সামঞ্জস্যং কিং ধর্ম্মার্থং ন যর্হি যত অসৎ তুচ্ছং বিষয় সুখং সেবিতুং বিকর্ম্ম পাপমেব ধ্যায়ন্ ॥ ৩ ॥

নস্ববিদ্বান্ ন পশ্যতি কিমত্র চিত্রং তত্রাহ নশ্বরং বদন্তি স্ম শাস্ত্রতঃ পশ্যন্তিচ সমাধৌ হে অজ তথাপি মায়য়া মুহ্যন্তি এতচ্চ তব কৃত্যং চেষ্টিতং সুবিস্মিতং অতিচিত্রং। অতঃ শাস্ত্রাদি শ্রমং বিহায় তং ত্বাং অজমহং নতোস্মি ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ঘ্নন্তং হিংসন্তং মৃত্যুং মিষন্ পশ্যন্নপি ন পশ্যতি যতঃ পুত্রং স্বেন জনিতং পিতরং স্বস্য জনকঞ্চ নির্হৃত্য মৃতং দগ্ধ্বা তন্মধ্যবর্ত্তী জনঃ স্বজনিতশ্চাপি সন্ তদুভয়ধনৈ জীবিতুমিচ্ছতি মৃত্যুর্মাং কথং হাস্যতীত্যপি নানুসন্ধত্ত ইত্যতি মৌঢ্যমিতি ভাবঃ। নম্ন পঞ্চষানপি বাসরান্ জিজীবিষা ভগবদ্ভক্ত্যর্থং তাদৃশাপি নবিগীতেত্যত আহ বিকর্ম্মসেবিতুং স্ত্রীসঙ্গাদি সুখং কর্ত্তুং অসৎ স্ববিবাহাদিকং ধ্যায়ন্ যর্হীতি তত্রাপি যর্হি পুত্রাদিকং নির্হৃত্য বিশ্রাম্যতি তর্হ্যেবেত্যাশ্চর্য্যাধিক্যং। জিজীবিষন্নিতি পাঠঃ ছন্দোভঙ্গাভাবাদতি সমঞ্জসঃ। নম্ন ভদ্রাশ্বাদি বর্ষাণাং ভৌমসর্গ রূপত্বাৎ তদ্বাসিনাং যুগপদেব পিতুঃ পুত্রস্য চ মৃত্যু দর্শনং ন ঘটতে সত্যং সর্ব্বা এব বাচো ভারতভূমিবর্ত্তিনোজনানালক্ষ্যৈবোচ্যন্তে। বয়মধন্যাঃ স্বকর্ম্মফলং ভুঞ্জানাঃ। অত্র ভদ্রাশ্বাদিবর্ষে পশুবদ্বর্ত্তামহে যেত্বতি ধন্যা অপবর্গ সাধনে ভারত ভূমণ্ডলে লব্ধজন্মানঃ শ্বপচাদি জাতয়োপি যত্রানায়াসেনৈব বৈকুণ্ঠপদমপি সাধয়ন্তি তত্রাপি কথমেবং মুহ্যন্তীতি রীত্যা ॥ ৩ ॥

নস্ববিদ্বান্নপশ্যতি কিমত্র চিত্রং তত্রাহ বদন্তীতি। অতস্তব সুবিস্মিতমত্যাশ্চর্য্যমিত্যন্বয়ঃ। অতঃ শাস্ত্রাদিশ্রমং বিহায় তং ত্বামজং নতোঽস্মি ত্বাং ভজন্তএব বিদ্বাংস ইতি ভাবঃ ॥ ৪ ॥

ভদ্রশ্রবা প্রভৃতি বলেন, আমরা সেই ভগবান্ ধর্ম্ম মূর্ত্তিকে নমস্কার করি, যাঁহা হইতে আত্মার সংশোধন হয়, তাঁহাকে নমস্কার। অহো! ভগবানের বিচেষ্টিত কি চমৎকার, লোকে সাক্ষাৎ দেখিয়াও প্রাণ হিংসক মৃত্যুর বিষয়ে চিন্তা করে না ॥ ২ ॥

শিশু সন্তান ও বৃদ্ধ পিতা কৃতান্তের করাল কবলে পতিত হইলে তাহাদের দেহ দগ্ধ করত মধ্যবর্ত্তী জন ঐ দুই মৃত ব্যক্তির ধনে স্বয়ং জীবন ধারণ করিতে ইচ্ছা করে, তাহাতে ধর্ম্ম সঞ্চয় করুক, তাহাও করে না, তুচ্ছ বিষয় সুখ সেবন লালসায় কেবল পাপ কর্ম্মেরই চিন্তা করিয়া থাকে ॥ ৩ ॥

প্রভো! অবিদ্বান্ ব্যক্তি ঐ বিষয় আলোচনা করে না এমত বলিতে পারি না, যে হেতু প্রত্যক্ষ দেখিতেছি, পণ্ডিতগণ এই বিশ্বকে নশ্বর বলিতেছেন এবং যে আত্মতত্ত্বজ্ঞ ব্যক্তিরা সমাধি সময়ে ইহার নশ্বরত্ব প্রত্যক্ষ অনুভব করিতেছেন, তাঁহারাও তোমার মায়ায় মুগ্ধ হইয়া পড়েন। তোমার এ চেষ্টিতও সামান্য চমৎকার নহে। যাহা হউক, আমরা শাস্ত্রাদি জ্ঞানার্থ আর বৃথা আয়াস করিব না, তদ্বিষয়ে পরিশ্রম ত্যাগ করিয়া কেবল তোমার চরণেই প্রণত হইয়া থাকিব ॥ ৪ ॥

বিশ্বোদ্ভব স্থান নিরোধ কর্ম্ম তে হ্যকর্ত্তুরঙ্গীকৃতমপ্যপাবৃতঃ।
যুক্তং ন চিত্রং ত্বয়ি কার্য্য কারণে সর্ব্বাত্মনি ব্যতিরিক্তেচ বস্তুনি ॥ ৫ ॥
বেদান্ যুগান্তে তমসা তিরস্কৃতান্ রসাতলাদ্যোনৃতুরঙ্গবিগ্রহঃ।
প্রত্যাদদে বৈ কবয়েভিযাচতে তস্মৈ নমস্তেঽবিতথেহিতায়েতি ॥
হরিবর্ষে চাপি ভগবান্নরহরিরূপেণাস্তে ॥ ৬ ॥
তদ্রূপ গ্রহণ নিমিত্তমুত্তরত্রাভিধাস্যে তদ্দয়িতং রূপং মহাপুরুষ গুণ ভাজনো মহাভাগবতো
দৈত্য দানব কুলতীর্থীকরণ শীলাচরিতঃ প্রহ্লাদোঽব্যবধানানন্য ভক্তিযোগেন সহ তদ্বর্ষ

শ্রীধরস্বামী।

ইদমপরং চিত্রবৎ প্রতীয়মানমপি ত্বয়ি ন চিত্রমিত্যাহ। বিশ্বস্যোদ্ভবাদি কর্ম্ম অকর্ত্তুরপি অপগতা আবৃৎ আবরণং যস্মাৎ তাদৃশস্যাপি তে অঙ্গীকৃতং বেদেন ত্বয়ি তন্ন চিত্রং। যতো মায়য়া সর্ব্বাত্মনি কার্য্যস্য কারণে স্রষ্টরি কর্ম্মযুক্তং বস্তুনি সর্ব্ব ব্যতিরিক্তে নিরুপাধৌ অনাবৃতত্বং অকর্ত্তৃত্বঞ্চ যুক্তং ॥ ৫ ॥
পরমেশ্বরত্বেন স্তুত্বা প্রস্তুতাবতার চরিতমাহ বেদানিতি। তমসা দৈত্যরূপেণ তিরস্কৃতান্ অপনীতান্। নাচ তুরঙ্গশ্চ নৃতুরঙ্গৌ তদ্রূপো বিগ্রহো যস্য কবয়ে ব্রহ্মণে তদর্থং অবিতথেহিতায় সত্যসংকল্পায় ॥ ৬ ॥
উত্তরত্র প্রহ্লাদ চরিত্রে মহাপুরুষস্য গুণানাং ভাজনঃ আশ্রয়ঃ দৈত্যদানব কুলস্য তীর্থীকরণং শীলমাচরিতঞ্চ যস্য ফল সং

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নহু বিদ্বাংসোপি মমৈব মায়য়া মুহ্যন্তি চেত্তর্হি মহ্যেব দোষং প্রসঞ্জয়সীতি তত্র মায়ায়াস্তৎ কার্য্যস্য চ ত্বদীয়ত্বেপি ত্বং ততঃ পৃথগেব বর্ত্তস ইত্যাহ বিশ্বোদ্ভবেতি অকর্ত্তুরিতি গুণানামেব কর্ত্তৃত্বাদিতি ভাবঃ। অঙ্গীকৃতং উক্তং বেদেনেতি ত্বয্যুপচারাদিতি ভাবঃ। নচ জীববৎ কর্ত্তৃত্বাভিমানাদিত্যাহ অপাবৃতঃ ত্বং গুণৈরাবৃতো ন ভবসীত্যর্থঃ। অপগতা আবৃদাবরণং যস্য তস্যেতি বা এতচ্চ ত্বয়ি যুক্তমেব নতু চিত্রং মায়ায়াস্বচ্ছক্তিত্বাৎ তৎকার্য্যাণাং কারণে অতঃ সর্ব্বাত্মনি সর্ব্বস্বরূপে মায়ায়াঃ স্বরূপশক্তিত্বাভাবাৎ সর্ব্বতো-ব্যতিরিক্তে চেতি ॥ ৫ ॥
প্রস্তুতাবতার চরিত্রমাহ বেদানিতি তমসা দৈত্য রূপেণ তিরস্কৃতান্ অপনীতান্। নাচ তুরঙ্গশ্চ তদ্রূপো বিগ্রহো যস্য সঃ কবয়ে ব্রহ্মণে তদর্থং অবিতথেহিতায় সত্যসঙ্কল্পায় ॥ ৬ ॥
উত্তরত্র সপ্তমস্কন্ধে তীর্থীকরণং পবিত্রীকরণং শীলমাচারশ্চ যস্য সঃ। জ্ঞান কর্ম্মাদ্যমিশ্রত্বাদব্যবধানঃ। অন্যদেবোপাসনাসাহি

হে দেব! তুমি নিরাবরণ ও অকর্ত্তা হইলেও বেদে যে এই বিশ্বের সৃষ্টি স্থিতি প্রলয় কার্য্য তোমার বলিয়া স্বীকার করিয়াছেন, তাহা যুক্তই বটে, আপনাতে কিছুই অসম্ভব নহে, যে হেতু আপনি মায়া দ্বারা সকলের আত্ম স্বরূপ ও কার্য্য মাত্রের পালক, ইহাতে আপনারই কর্ত্তৃত্ব যুক্ত হয়, অপর আপনি সকল হইতে ভিন্ন বস্তুর স্বরূপ, ইহাতে আপনার অকর্ত্তৃত্বও ন্যায্য হইতে পারে ॥ ৫ ॥

প্রভো! বেদ সকল দৈত্যগণ কর্ত্তৃক অপনীত হইয়া প্রলয়কালে জলমগ্ন হইয়াছিল, প্রলয়াবসানে আপনি নৃতুরঙ্গ বিগ্রহ প্রকটন পুরঃসর অর্থাৎ হয়গ্রীব মূর্ত্তি ধারণ করিয়া রসাতল হইতে ঐ সকলকে উদ্ধার করিয়াছেন এবং আত্মযোনি ব্রহ্মা যাচ্ঞা করিলে আপনি তাঁহাকে ঐ সকল দান করেন, অতএব আপনি সত্য সংকল্প, আপনাকে আমরা নমস্কার করি। রাজন্! হরিবর্ষেও ভগবান্ হরি নৃসিংহ রূপে অবস্থিতি করিতেছেন ॥ ৬ ॥

হে মহারাজ! ভগবান্ নৃসিংহ মূর্ত্তি কেন ধারণ করেন ইহার কারণ সপ্তমস্কন্ধে প্রহ্লাদ চরিত্রে বর্ণন করিব। মহাপুরুষদিগের গুণ গণের আশ্রয় স্বরূপ পরম ভাগবত প্রহ্লাদ, যাঁহার শীল এবং

পুরুষৈরুপাস্তে ॥ ৭ ॥

ইদঞ্চোদাহরতি ॥

ওঁ নমো ভগবতে শ্রীনরসিংহায় নমস্তেজস্তেজসে আবিরাবির্ভব বজ্রনখ বজ্রদংষ্ট্র কর্ম্মাশয়ান্ রন্ধয় রন্ধয় তমোগ্রস ওঁ স্বাহা অভয়মভয়মাত্মনি ভূয়িষ্ঠাঃ ওঁ ক্ষ্রৌং ইতি ॥ ৮ ॥

স্বস্ত্যস্তু বিশ্বস্য খলঃ প্রসীদতাং ধ্যায়ন্তু ভূতানি শিবং মিথোধিয়া।
মনশ্চ ভদ্রং ভজতাদধোক্ষজে আবেশ্যতাং নো মতিরপ্যহৈতুকী ॥ ৯ ॥

শ্রীধরস্বামী।

কম্রেন ব্যবধানেন শূন্যশ্চাসাবনন্যশ্চাব্যভিচারী যো ভক্তিযোগস্তেন উপাস্তে সেবতে ॥ ৭ ॥

তেজসামপি তেজসে আবিরাবিঃ অতিপ্রকটোভবেতি বীপ্সা বা কর্ম্মাশয়ান্ কর্ম্মবাসনাঃ কর্ম্মাশ্রয়ানিতি পাঠে রাগাদীন্ রন্ধয় নির্দ্দহ ভূয়িষ্ঠাঃ ভূয়াঃ ॥ ৮ ॥

বিশ্বস্য স্বস্তি প্রার্থনে খলস্যাপি ভবেৎ তচ্চ সাধুপীড়াং বিনা ন স্যাৎ অন্যোন্যমমঙ্গলঞ্চ ধ্যায়তাং ভূতানামন্যোন্যঘাতং বিনা ন ভবেদিত্যাশঙ্ক্যাহ খলঃ প্রসীদতু ক্রৌর্য্যং ত্যজতু ভূতানিচ মিথঃ শিবমেব ধ্যায়ন্তু তেষাং মনশ্চ ভদ্রমুপশমাদিকং ভজতু নোঽস্মাকমপি মতিঃ অপি শব্দাৎ ভূতানাঞ্চ মতিঃ অহৈতুকী নিষ্কামা সতী ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ত্যাভাবাদনন্যশ্চ যো ভক্তিযোগস্তেন ॥ ৭ ॥

তেজসামপি তেজসে। কর্ম্মাশয়ান্ কর্ম্মবাসনাঃ। কর্ম্মাশ্রয়ানিতি পাঠে রাগাদীন্ রন্ধয় নির্দ্দহ। অভয়ং যথাস্যাত্তথা আত্মনি মন্মনসি ভূয়িষ্ঠাঃ ভূয়াঃ ॥ ৮ ॥

মন্ত্রং জপিত্বা প্রার্থয়তে স্বস্তীতি বিশ্বস্য স্বস্তি প্রার্থনে খলস্যাপি ভবেৎ। তচ্চ সাধুপীড়াং বিনা ন স্যাদিত্যত আহ খলঃ প্রসীদতাং ক্রৌর্য্যং ত্যজতু সাধুমপীড়য়তামপি পরস্পর বৈরাণাং ভূতানাং পরস্পরঘাতং বিনা স্বস্তি ন ভবেদিত্যত আহ ধ্যায়ন্ত্বিতি তদপি বিষয়াসক্তিমতাং বিষয়ভোগং বিনা স্বস্তি ন স্যাদিত্যত আহ মনশ্চেতি ভদ্রমনাসক্তিং তদপি ভক্তিং বিনা ভদ্রমপ্যভদ্রমেবেত্যত আহ অধোক্ষজে শ্রীকৃষ্ণে নো মৎ সহিতানাং বিশ্বেষামেব মতিরহৈতুকী নিষ্কামা সতী আবেশ্যতামধোক্ষজে নৈবেত্যর্থঃ। অত্র অঞ্জেবেতি যুগপদিতি পদোপন্যাসাভাবাৎ ক্রমেণ কালতঃ প্রহ্লাদ বাঞ্ছিতং ভগবান্ সংপাদয়িষ্যত্যেব নচ তর্হি সর্ব্বমুক্তৌ ব্রহ্মাণ্ডানাং শূন্যত্ব প্রসঙ্গ ইতি বাচ্যং। জীবশক্তি মায়াশক্ত্যোর্নিত্যত্বাত্তদা তদৈব তাসামনন্তানামন্যেষাং জীবানাং প্রসবাদিতি ॥ ৯ ॥

আচার দৈত্য দানব কুলের তীর্থ স্বরূপ, তিনি ঐ বর্ষবাসি পুরুষদিগের সহিত ব্যবধান ভক্তিযোগ দ্বারা ঐ দয়িত মূর্ত্তির উপাসনা করিতেছেন ॥ ৭ ॥

প্রহ্লাদ উপাসনার সময়ে এই বাক্য উচ্চারণ করেন, যথা প্রভো! আপনি নৃসিংহ রূপী ভগবান্ আপনাকে নমস্কার করি। আপনি তেজঃ সকলেরও তেজঃ স্বরূপে প্রকটিত হয়েন। হে বজ্রনখ! হে বজ্রদংষ্ট্র! আমাদের কর্ম্ম বাসনা সকল দগ্ধ করুন, অন্ধকার বিনাশ করুন। ভগবন্! আমাদের মনে অভয় হউক, আপনি আমাদিগকে অভয় দান করুন, আপনাকে নমস্কার করি ॥ ৮ ॥

হে ঈশ! বিশ্বের মঙ্গল হউক, খল ব্যক্তিরা ক্রূরতা পরিত্যাগ করুক, প্রাণি সকল অন্তঃকরণ দ্বারা পরস্পর মঙ্গল চিন্তায় রত থাকুক এবং তাহাদের মনঃ উপশমাদিকে ভজনা করুক ॥ ৯ ॥

মাগারদারাত্মজ বিত্ত বন্ধুষু সঙ্গো যদি স্যাৎ ভগবৎপ্রিয়েষু নঃ।
যঃ প্রাণবৃত্ত্যা পরিতুষ্ট আত্মবান্ সিধ্যত্যদূরান্নতথেন্দ্রিয়প্রিয়ঃ ॥ ১০ ॥
যৎসঙ্গলব্ধং নিজবীর্য্যবৈভবং তীর্থং মুহুঃ সংস্পৃশতাং হি মানসং।

শ্রীধরস্বামী।

নঃ সঙ্গঃ ক্বাপি মা স্যাৎ যদি কথঞ্চিৎ স্যাৎ তর্হি অগারাদিষু মা স্যাৎ কিন্তু ভগবৎপ্রিয়েষ্বেব অগারাদি সঙ্গদোষমাহ য ইতি ইন্দ্রিয়প্রিয়ঃ গৃহাদ্যাসক্তঃ ॥ ১০ ॥

ভগবৎ প্রিয়সঙ্গে গুণমাহ যেষাং ভগবৎ প্রিয়াণাং সঙ্গাল্লব্ধং মুকুন্দবিক্রমং শ্রুতিভিঃ সংস্পৃশতাং সেবমানানাং পুংসামন্তর্গ-তোঽঙ্গো মানসং মলং হরতি কথম্ভূতং বিক্রমং নিজমসাধারণং বীর্য্যবৈভবং প্রভাবাতিশয়ো যস্য তীর্থস্তু গঙ্গাদি মুহুঃ সংস্পৃশতাং

ক্রমসন্দর্ভঃ।

মাগারেতি তদেবোপপাদয়তি যঃ প্রাণেত্যাদি লক্ষণঃ স যথা সিধ্যতি তথেন্দ্রিয়প্রিয়ো ন সিধ্যতি তদেবং তারতম্যে সত্যপি যদি নঃ সঙ্গঃ স্যাৎ তদাগারাদিষ্বন্যেষু চ সর্ব্বথা মা স্যাৎ। কিন্তু ভগবৎ প্রিয়েষু স্যাদেবেত্যর্থঃ। প্রাণবৃত্ত্যা ক্ষুত্তৃণ্মাত্রশান্ত্যেত্যর্থঃ আত্মবান্ সঙ্গরহিতঃ ॥ ১০ ॥

যৎ সঙ্গলব্ধং তীর্থভূতং মুকুন্দবিক্রমং স্পৃশতাং শ্রবণেন্দ্রিয়ৈরন্তর্গতোঽঙ্গঃ মানসং মনোহরতি। অকিঞ্চন ভক্ত্যুদ্রেকেণা-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অধোক্ষজাসক্তেশ্চ যদ্যপি সৎ সঙ্গ দুঃসঙ্গৌ সাধক বাধকৌ তদপি সৎসঙ্গস্য প্রাবল্যাৎ তস্মিন্ সতি দুঃসঙ্গঃ স্বতএবাপযাতী-ত্যাহ। নেতি নোঽস্মাকং যদি ভগবৎ প্রিয়েষু সঙ্গঃ স্যাত্তদা অগারাদিষু মৈব স্যাৎ স্বতএব তেষাসক্তিঃ শনৈরপযাস্যতীত্যর্থঃ। নম্বগারাদি রাহিত্যে ভোগাসিদ্ধ্যা ক্লিষ্টদেহঃ কথং বর্ত্তেতেত্যত আহ য ইতি প্রাণবৃত্ত্যা ভিক্ষান্নাদিভিরুদর পূর্ত্ত্যৈব তুষ্টঃ যত আত্মবান্ ধৃতিযুক্তঃ। অদূরাদিতি ইন্দ্রিয় প্রিয়স্তু বিলম্বেনৈবেত্যর্থঃ। যদ্বা যদি ভগবৎ প্রিয়েষু সঙ্গঃ স্যাত্তদা অগারাদিষু সঙ্গো-মাস্তু। যতোযুগপদুভয় সঙ্গে সতি শীঘ্রং ন ভগবন্তং প্রাপ্নোতীত্যাহ য ইতি। যদ্বা অগারাদিষু সঙ্গোমাস্তু যদি ভগবৎ প্রিয়েষু সঙ্গঃ স্যাত্তদৈব। ভগবৎ প্রিয়সঙ্গাভাবে সতি ভক্ত্যসিদ্ধ্যা অসঙ্গস্য জ্ঞান জনকস্যাপি বৈফল্যমেবেতি ভাবঃ। নন্বু তর্হি ল মসঙ্গেন কেবল সাধুসঙ্গ এব প্রার্থ্যতাং। সত্যং তদপি অসঙ্গ সহিতঃ সাধু সঙ্গঃ শীঘ্র ফলপ্রদো ভবতীত্যাহ য ইতি লব্ধ ভগবৎ প্রিয়-সঙ্গঃ। কিঞ্চ যদি সঙ্গঃ স্যাত্তদা অগারাদিষু মা স্যাৎ কিন্তু ভগবৎ প্রিয়েষু স্যাদিতি ব্যাখ্যানে অসঙ্গাদপি ভগবৎ প্রিয়সঙ্গস্যাপ কৃষ্টত্বে ব্যঞ্জনয়াঽবগমিতে ভক্তিসিদ্ধান্তাপগম উত্তর শ্লোকার্থস্যাসঙ্গতি স্তুলয়ামলবেনাপীত্যাদি বচনঞ্চ বিরুদ্ধ্যেত ইত্যাদ্য-বধেয়ং ॥ ১০ ॥

ভগবৎ প্রিয়সঙ্গস্য মাহাত্ম্যমাহ যেষাং সঙ্গাদেব লব্ধং নিজ বীর্য্য বৈভবং শ্রীগোবর্দ্ধন ধারণাদি প্রভাবোৎকর্ষং সম্বশোধকত্বা তীর্থং শ্রুতিভিঃ সংস্পৃশতাং কর্ণৈরাচম্যতাং জনানাং মানসং অঙ্গজং মনঃ গম্বন্ধিনং কামং বাসনাময়ং অজঃ শ্রীকৃষ্ণোহরতি দূরী করোতি শ্লেষেণ মানসং মনশ্চাকর্ষতি। কীদৃশঃ সন্ শ্রুতিভিঃ শ্রবণেন্দ্রিয়ৈরেব অন্তর্গতঃ। অতঃ কোমুকুন্দস্য বিক্রমং

প্রভো! আমাদের যেম কোথাও সঙ্গ না হয়, যদি হয়, তবে যেন পুত্র কলত্র মিত্র গৃহ এবং ক্ষেত্রে না হইয়া ভগবৎপ্রিয় বৈষ্ণবজনের সঙ্গেই হয়। যে হেতু অসঙ্গ আত্মবান্ পুরুষ প্রাণবৃত্তি মাত্রে অর্থাৎ ভিক্ষা লব্ধ অন্নাদিতে যদ্রূপ আশু পরিতুষ্ট হয়েন, গৃহাদিতে আসক্ত লোক ইন্দ্রিয় সেবন দ্বারাও তদ্রূপ তুষ্ট হইতে পারেন না ॥ ১০ ॥

প্রভো! ভগবৎপ্রিয় বৈষ্ণব জনের সঙ্গ হইতে ভগবান্ মুকুন্দের বিক্রম অবগত হইতে পারা যায়, সেই বিক্রমের অসাধারণ প্রভাব, যে সকল পুরুষ শ্রবণ দ্বারা তাহা সেবা করেন, ভগবান্ বিষ্ণু তাঁহাদের অন্তরে প্রবিষ্ট হইয়া মানসিক মল হরণ করিয়া দেন। বারম্বার তীর্থাদি সেবা করিলে মলোপশান্তি হয় সত্য, কিন্তু তাহাতে অঙ্গজ মল মাত্র বিনষ্ট হয়, অন্তর্গত মল তদবস্থই থাকে।

হরত্যজোহন্তঃ শ্রুতিভির্গতোহঙ্গজং কো বৈ ন সেবেত মুকুন্দবিক্রমং ॥ ১১ ॥
যস্যাস্তি ভক্তি র্ভগবত্যকিঞ্চনা সর্ব্বৈ র্গুণৈস্তত্র সমাসতে সুরাঃ।
হরাবভক্তস্য কুতো মহদ্গুণা মনোরথেনাসতি ধাবতো বহিঃ ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

অঙ্গজং মলং কেবলং হরতি তান্ কো বৈ ন সেবেত ইত্যন্বয়ঃ ॥ ১১ ॥
মানসমলাপগম ফলমাহ যস্যেতি অকিঞ্চনা নিষ্কামা মনঃ শুদ্ধৌ হরের্ভক্তো ভবতি ততশ্চ তৎ প্রসাদে সতি সর্ব্বে দেবাঃ সর্ব্বৈ-র্গুণৈশ্চ ধর্ম্মজ্ঞানাদিভিঃ সহ তত্র সম্যগাসতে নিত্যং বসন্তি গৃহাদ্যাসক্তস্য তু হরিভক্ত্যসংভবাৎ কুতোমহতাং গুণা জ্ঞান বৈরাগ্যাদয়ো ভবন্তি অসতি বিষয় সুখে মনোরথেন বহির্ধাবতঃ ॥ ১২ ॥

ক্রমসন্দর্ভঃ।

কর্ষতি। অন্যৎ টীকয়া চ সমং অঙ্গজং কামং চ হরতি খণ্ডয়তীত্যন্বয়ঃ ॥ ১১ ॥
কিঞ্চ যস্যেতি। সুরা ভগবদাদয়ঃ সর্ব্বৈর্গুণৈরিতি যদৃচ্ছয়ৈবেত্যর্থঃ। সমাসতে বশীভূয় তিষ্ঠন্তি ॥ ১২ ॥
হিত্বেত্যয়মর্থঃ তং হিত্বা যদি গৃহে সজ্জতে তদা যদি মহানুচ্যতে তদা দম্পতীনাং কামার্থ যুগ্মীভূত স্ত্রী পুংসাং বয়সা যৌবনমাত্রে

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

গোবর্দ্ধনোদ্ধারণাদি বীর্য্যং ন সেবেতেতি তস্যচ মুকুন্দবিক্রমস্য ভগবৎপ্রিয়সঙ্গং বিনা দুর্লভত্বাত্তৈস্যবোৎকর্ষঃ ॥ ১১ ॥
মুকুন্দবিক্রমসেবনস্য ভক্তিত্বাত্তস্যাশ্চ সাধুসঙ্গলভ্যায়াঃ পরমোৎকর্ষত্বাত্তদ্বতো ভক্তস্যাপ্যুৎকর্ষমাহ যস্যেতি অকিঞ্চনা নিষ্কামাঃ সর্ব্বৈ র্ধর্ম্মজ্ঞান বৈরাগ্যাদিভিঃ সহ তত্রৈব সম্যক্ তয়া আসতে বসন্তি সর্ব্বদেবময়ঃ স এব স্যাত্তৎ সেবয়ৈব সর্ব্বদেব সেবেতি ভাবঃ। যদ্বা সুরা ইন্দ্রিয়াধিষ্ঠাতারো রুদ্রাদয়ঃ সর্ব্বৈ র্গুণৈরেব সহ নতু দোষৈঃ সহেত্যর্থঃ। তেন তস্যাহঙ্কারাদীনামিন্দ্রিয়াণাং তুবভিমানাদয়ো দোষা নৈব ভবন্তীতি ভাবঃ। অভক্তস্যতু মহদ্গুণা মহতো ভক্তিমতস্তস্য যে নির্দোষা গুণা স্তে কুতঃ যদিচ শাস্ত্রজ্ঞত্বাদয়ো গুণাঃ স্যু স্তদা গর্ব্বার্ষ্যা মৎসরাদি দোষ সহিতা এব স্যুঃ। অসতি সদ্ভির্নিন্দ্যে অবিদ্যমানে বা বহির্লাভ প্রতিষ্ঠাদি সুখে মনোরথেনাপি ধাবতঃ। যদ্বা সমাসতে ইতি সুরা ইন্দ্রিয়াধিষ্ঠাতারোঽন্যত্র সাংসারিক লোকে সংসার প্রবর্ত্তকত্বেন দোষৈ-রেব সহাসতে জ্ঞানিলোকে নিত্যমধ্যাত্মাদি লয়ভাবনাবতি ন সম্যগাসতে কিন্তু অস্বস্থ এব জ্ঞানমবাপ্য পুনরস্মানেব সংজিহীর্ষা-বস্মিন্ কৃতঘ্নে পুংসি স্থিতাবয়মদ্য শ্বো বা মরিষ্যাম এবেতি সভয়োৎকম্পমেবাসতে ভক্তজনেতু প্রতিদিনং ভগবন্মাধুর্য্য এবাধ্যাত্মাদিকং সঞ্চারয়তি সতি সর্ব্বৈ র্গুণৈরেব সমাসতে বয়ং কৃষ্ণায় সজাতয়ঃ প্রাকৃতা অপ্যপ্রাকৃতাঃ কৃষ্ণস্পর্শ সংযোগাৎ কার্য্যাঃ প্রাপ্ত দিব্য জাত রূপ গুণা নিত্যমেব ভগবন্মাধুর্য্যামৃতে বিহরন্তোঽত্র পুংসি নূনমতিমৃত্যবো ভবামেতি সানন্দ চমৎকারং নিশ্চলা ভবন্তীত্যর্থঃ। অন্যৎ সমানং ॥ ১২ ॥

ইহাতে ভগবদ্ভক্ত ব্যক্তিদিগের সেবা করিতে কাহার ইচ্ছা না হইবে? ॥ ১১ ॥
ফলতঃ ভগবানের প্রতি যাঁহার নিষ্কামা ভক্তি জন্মে, মনঃ শুদ্ধ হওয়াতে তিনি স্বয়ং হরিভক্ত হন, তাহার পরে তাঁহার প্রতি হরির প্রসন্নতা হয়, তাহাতে দেবতা সকল ধর্ম্মজ্ঞানাদি সহিত ঐ ব্যক্তিতে নিত্য বসতি করেন। পরন্তু যে ব্যক্তি গৃহাদিতে আসক্ত, তাহার প্রায় ভগবদ্ভক্তি সম্ভবে না, ইহাতে তাহার মহদ্গুণ জ্ঞান বৈরাগ্যাদি হইবার সম্ভাব না কি? সে সর্ব্বদা কেবল বিষয় সুখ দর্শন করে, যদি তাহা না পায়, মনোরথ দ্বারাও তদর্থ বহির্ধাবমান হয় ॥ ১২ ॥

হরির্হি সাক্ষাদ্ভগবাঞ্ছরীরিণামাত্মা ঝষাণামিব তোয়মীপ্সিতং।
হিত্বা মহাংস্তং যদি সজ্জতে গৃহে তদা মহত্ত্বং বয়সা দম্পতীনাং ॥ ১৩ ॥
তস্মাদ্রজোরাগ বিষাদ মন্যু মান স্পৃহা ভয় দৈন্যাধিমূলং।
হিত্বা গৃহং সংস্থতিচক্রবালং নৃসিংহপাদং ভজতাকুতোভয়ং ইতি ॥ ১৪ ॥
কেতুমালে ভগবান্ কামদেবস্বরূপেণ লক্ষ্ম্যাঃ প্রিয় চিকীর্ষয়া প্রজাপতের্দুহিতৃণাং পুত্রা

শ্রীধরস্বামী।

নমু হরিবিমুখস্য গৃহাদ্যাসক্তস্যাপি লোকে মহত্ত্বং দৃশ্যতে সত্যং তত্তূপহাসাস্পদমিতি সহেতুকমাহ হরিহীতি যথা ঝষাণাং মীনানামীপ্সিতং তোয়মেবাত্মা তেন বিনা জীবনাভাবাৎ মহানতিপ্রসিদ্ধোপি যদি গৃহে সজ্জতে তদা দম্পতীনাং মিথুনানাং শূদ্রাদিষ্বপি প্রসিদ্ধং বয়সৈব কেবলং যন্মহত্ত্বং তদেব তস্য ভবতি নতু জ্ঞানাদিনা মিথুনেষু তেষু পূজ্যমানেষু স্ত্রীভ্যঃ পুংসাং মহত্ত্বং বালমিথুনেভ্যশ্চ বৃদ্ধ মিথুনানাং মহত্ত্বং যথেত্যর্থঃ ॥ ১৩ ॥

যস্মাদেবং তস্মাদ্গৃহং হিত্বা অকুতোভয়ং নৃসিংহপাদং ভজতেত্যসুরানুপদিশতি। কীদৃশং গৃহং রজস্তৃষ্ণা রাগোহভিনিবেশঃ রজ আদীনাং মূলং কারণং অতএব সংস্থতীনাং জন্মমরণাদীনাং চক্রবালং মণ্ডলমবিচ্ছেদো যস্মাৎ ॥ ১৪ ॥

কেতুমালেপি কামদেব স্বরূপেণাস্তে ইতি শেষঃ। কিমর্থমাস্তে তত্রাহ লক্ষ্ম্যা ইতি প্রজাপতিঃ সম্বৎসরঃ সম্বৎসরোবৈ প্রজাপতি

ক্রমসন্দর্ভঃ।

ণাপি মহত্ত্বমাদরো দৃশ্যতে। দ্বয়োর্যুনোঃ পরস্পরমাদরঃ স্যাৎ একত্রতু একত্রৈবেতি। অর্থান্তরে তু নৃণামাদর মাত্রেণৈব চরিতার্থতা স্যাৎ কিং দম্পতী গ্রহণেন দম্পত্যোঃ পুরুষ মহত্ত্বেচ বয়সেত্যনন্বিতং স্যাৎ ॥ ১৩ ॥ ১৪ ॥

লক্ষ্মীস্তু দাস্য সংবলিত শুচিরসেন স্তৌতীত্যাহ। কেতুমাল ইত্যাদিনা। এবমগ্রেপ্যনুসন্ধেয়া তত্র পুরুষায়ুষেতি কথন

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নমু ভক্তি রাহিত্যাদেব গহে সজ্জতাং শাস্ত্রজ্ঞত্বাদি গুণবতাং লোকে মহত্ত্বং দৃশ্যতে সত্যং তত্তু বস্তুত উপহাসাস্পদমেবেতি সহেতুকমাহ হরিহীতি তোয়মীপ্সিতমিতি কশ্চিৎ ঝষজাতি র্যথা তোয়মপি হিত্বা বহিস্তটাদিষু সুখার্থং প্রচরন্ জীবন্মৃতো ভবতি তথৈব হরিবিমুখো জীবন্মৃত এব স নতু মহানিতি ভাবঃ। তদপি যদি লোকে মহান্ স্যাত্তদা বয়সা যৌবনেনৈব দম্পতীনাং যথা মহত্ত্বং তথা যুনোর্দম্পত্যোর্যথা পরস্পরমাদর স্তথা ন বৃদ্ধয়োর্নাপি বালয়োঃ। দম্পতি পূজায়াঞ্চ যৌবন বিশিষ্টাবেব দম্পতী বস্ত্রালঙ্কারাদিভিরধিকং পূজ্যেতে ন তথা বৃদ্ধাবিতি ॥ ১৩ ॥

রজস্তৃষ্ণারাগোহভিনিবেশঃ। সংস্থতেশ্চক্রবালং মণ্ডল রূপং গৃহমধ্যএব সংস্থতি স্তিষ্ঠতীতি ভাবঃ। ভজতেত্যসুরান্ প্রত্যুপদেশঃ ॥ ১৪ ॥

কামেন কন্দর্প বিলাসেন দীব্যতীতি কামদেব স্তৎ স্বরূপেণ ভগবানাস্তে ইতি শেষঃ। সংবৎসরো বৈ প্রজাপতিরিতি শ্রুতেঃ।

যে হেতু জল যেমন মীনগণের আত্মা, কেননা তদ্ব্যতিরেকে তাহাদের জীবন ধারণ হয় না, সেই রূপ ভগবান্ হরি শরীরি প্রাণি মাত্রের আত্মা। অতএব যে ব্যক্তি মহত্ত্বলিয়া প্রসিদ্ধ, তিনি যদি হরি পরিত্যাগ করিয়া গৃহে আসক্ত হন, তাহা হইলে শূদ্রাদি জাতিতেও স্ত্রী পুরুষদিগের কেবল বয়স দ্বারা যে মহত্ত্ব প্রসিদ্ধ আছে তিনি সেই মহত্ত্বই ধারণ করেন, জ্ঞানাদি দ্বারা পূজ্য স্ত্রী পুরুষদিগের মধ্যে স্ত্রী অপেক্ষা পুরুষের যে রূপ মহত্ত্ব হয়, সেরূপ মহত্ত্ব তাহাতে থাকে না ॥ ১৩ ॥

সুতরাং হে অসুরগণ! গৃহ পরিত্যাগ করিয়া অকুতোভয় নৃসিংহ চরণারবিন্দ ভজনা করহ, গৃহে আসক্ত হওয়া কোন প্রকারে উচিত হয় না, যে হেতু তাহা তৃষ্ণা, রাগ, বিষাদ, মন্যু, মান, স্পৃহা, ভয়, দৈন্য, মনঃপীড়া ইত্যাদির নিদান, সুতরাং তাহা হইতে জন্ম মরণাদি সংসার কখন বিচ্ছিন্ন হইতে পারে না ॥ ১৪ ॥

রাজন্! কেতুমাল বর্ষে ভগবান্ কামদেব স্বরূপে অবস্থিতি করিতেছেন। তাঁহার ইচ্ছা এই যে

গাঞ্চ তদ্বর্ষপতীনাং পুরুষায়ুষাহোরাত্র পরিসংখ্যানানাং যাসাং গর্ত্তা মহাপুরুষ মহাস্ত্রতেজ সোদ্বেজিত মনসাং বিধ্বস্তা ব্যসবঃ সম্বৎসরান্তে নিপতন্তি ॥ ১৫ ॥

অতীব সুললিত গতি বিলাস বিলসিত রুচির হাস লেশাবলোক লীলয়া কিঞ্চিদুত্তম্ভিত সুন্দর ভ্রূমণ্ডল সুভগ বদনারবিন্দশ্রিয়া রমাং রময়ন্নিন্দ্রিয়াণি রময়তে ॥ ১৬ ॥

তদ্ভগবতো মায়াময়ং রূপং পরম সমাধি যোগেন রমাদেবী সম্বৎসরস্য রাত্রিষু প্রজাপতে

শ্রীধরস্বামী।

রিতি শ্রুতেঃ। তস্য দুহিতরো রাত্র্যভিমানিন্যো দেবতাঃ। পুত্রা দিবসাভিমানিনো দেবাঃ তেষাঞ্চ প্রিয়চিকীর্ষয়া পুরুষায়ুষেণ বর্ষ শতেন যান্যহোরাত্রাণি তৈঃ পরিসংখ্যানং গণনা যেষাং ষট্ত্রিংশৎ সহস্রাণামিত্যর্থঃ যাসাং দুহিতৄণাং মহাপুরুষস্য মহাস্ত্রং চক্রং তস্য তেজসা ॥ ১৫ ॥

রমাং রময়ন্ স্বীয়ানীন্দ্রিয়াণি রময়তে। কেন সাধনেন রময়ন্ তত্রাহ অতীব সুললিতয়া গত্যা যো বিলাস স্তেন বিলসিতো রুচিরো হাসলেশো মন্দস্মিতং তৎসহিতোঽবলোক এব লীলা তয়া কিঞ্চিদুত্তম্ভিতং উত্তুঙ্গিতং সুন্দরং যৎ ভ্রূমণ্ডলং তেন সুভগং বদনারবিন্দং তস্য শ্রিয়া ॥ ১৬ ॥ তদ্বৃত্তি র্দিবসাধিষ্ঠাতৃভিরুপেতা ॥ ১৭ ॥

ক্রমসন্দর্ভঃ

সমকাল কলিযুগাপেক্ষয়োক্তং ॥ ১৫ ॥ ১৬ ॥ মায়াময়ং কৃপাপ্রচুরং ॥ ১৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

প্রজাপতিঃ সম্বৎসরাত্মকঃ কাল স্তদভিমানী দেব এব তস্য দুহিতৄণাং পুত্রানাঞ্চ রাত্রিদিবসাভিমানিনাং দেবানাং প্রিয়চিকীর্ষয়া পুরুষায়ুষেতি কথন সমকাল কলিযুগাপেক্ষয়োক্তে বর্ষ শতেন যান্যহোরাত্রাণি তৈঃ পরিসংখ্যাগণনা যেষাং ষট্ত্রিংশৎ সহস্রাণামিত্যর্থঃ। যাসাং পতিমতীনাং দুহিতৄণাং দিবস সহিতানাং রাত্রীণামিত্যর্থঃ। মহাস্ত্রতঃ কালচক্ররূপাৎ। গর্ত্তাঃ ক্ষণলবাদ্যাত্মকাঃ কালাঃ। যদ্বা বর্ষ ভোজ্যানি লোকানাং প্রারব্ধ কর্ম্মফলান্যেব তা রাত্রী র্নিমিত্তীকৃত্যোদ্ভূতত্বাত্তাসামেব গর্ত্তা ইত্যুৎপ্রেক্ষন্তে। তথা তেষাং সংবৎসরাত্মক স্থূলকালান্তে ভোগেন ক্ষয়এব গর্ত্তপাতত্বেনোৎপ্রেক্ষিতঃ। অহোরাত্রাধিষ্ঠাত্র্যোদেবতাস্তাঃ প্রাকৃত লোকবর্ত্তিন্যো ভগবন্তমুপাস্য বৈকুণ্ঠএব তদ্ভক্তানামনশ্বর প্রেম সেবা সুখ নিমিত্ত রূপা ভবিষ্যন্তীত্যুপাসনাফলঞ্চ দ্রষ্টব্যং ॥ ১৫ ॥

অতীব সুললিতো যো গতিবিলাসঃ বিশেষেণ লসিতোঽতিকমনীয়োরুচিরহাসলেশযুক্তোঽবলোকশ্চ তাভ্যাং যা লীলা তয়া। কীদৃশ্যা কিঞ্চিদুত্তুঙ্গিতেন সুন্দর ভ্রূমণ্ডলেন সুভগং যদ্বদনারবিন্দং তস্যাপি শ্রীর্যতঃ তয়া শ্রীয়ষা রমাং রময়ন্। রমা সম্বন্ধিন্যাচ তয়া ইন্দ্রিয়াণি স্বীয়ানি রময়তে ॥ ১৬ ॥

মায়াময়ং কৃপাময়ং মায়য়া জীবাবিদ্যায়া আময়ো রোগো যত স্তমিতি বা রাত্রিষু প্রজাপতে র্দুহিতৃভিঃ রাত্র্যভিমানিনীভি

লক্ষ্মীর প্রিয় করিবেন তথা সম্বৎসর এবং তাঁহার কন্যা রাত্র্যভিমানি দেবতা ও তাহার পুত্র দিবসাভিমানি দেবগণ, যাহারা ঐ বর্ষের পতি, যাঁহাদের সংখ্যা পুরুষায়ুষে অর্থাৎ শতবর্ষে যত দিবারাত্রি তাবৎ সংখ্যক অর্থাৎ ষট্ত্রিংশৎ সহস্র, এ সকলেরও প্রিয় করিবেন। হে রাজন্! সম্বৎসরগণের প্রিয় করিবার নিমিত্ত ভগবানের ইচ্ছা হইবার বিশেষ কারণ এই, মহাপুরুষের চক্রতেজঃ দ্বারা ঐ সকল কন্যার অন্তঃকরণ অতিশয় উদ্বিগ্ন হয়, তাহাতে তাহাদের গর্ত্ত গতায়ু হইয়া বিধ্বস্ত হওত সম্বৎসরান্তে পতিত হইয়া যায় ॥ ১৫ ॥

সে যাহা হউক, উক্ত বর্ষে ভগবান্ কামদেব রূপে অতিশয় সুললিত গতি বিলাস ও সহাস্য অবলোকন লীলা প্রকাশ পূর্ব্বক ভ্রূমণ্ডল ঈষৎ উন্নত করিতে ২ বদনারবিন্দের শোভা দ্বারা রমাকে রমণ করাইয়া আপনার ইন্দ্রিয়গণকে পরিতৃপ্ত করিতেছেন ॥ ১৬ ॥

সেই রমাদেবীও সম্বৎসরের রাত্রি সকলে তাহার কন্যাদের অর্থাৎ ঐসকল রাত্রির অধিষ্ঠাত্রী

দু হিতৃভিরুপেতাঽহঃসুচ তত্তর্তৃভিরুপাস্তে ইদঞ্চোদাহরতি ॥ ১৭ ॥
ওঁ হ্রাঁ হ্রী ৮ হ্রুঁ ওঁ নমো ভগবতে হৃষীকেশায় সর্ব্বগুণ বিশেষ বিলক্ষিতাত্মনে আকূতীনাং চিত্তীনাং চেতসাং বিশেষাণাঞ্চাধিপতয়ে ষোড়শ কলায় ছন্দোময়ায়ান্নময়ায়ামৃতময়ায় সর্ব্বময়ায় সহসে ওজসে বলায় কান্তায় কামায় নমস্তে উভয়ত্র ভূয়াৎ ইতি ॥ ১৮ ॥

শ্রীধরস্বামী।

সর্ব্বগুণ বিশেষৈঃ শ্রেষ্ঠ বস্তুভিঃ বিলক্ষিতো লক্ষীকৃত আত্মা যস্য আকূতীনাং ক্রিয়াণাং চিত্তীনাং জ্ঞানানাং চেতসাং সংকল্পাধ্যবসায়াদীনাং বিশেষাণাং তত্তদ্বিষয়াণাং ষোড়শকলা অংশা একাদশেন্দ্রিয় পঞ্চ বিষয় লক্ষণা যস্য। ছন্দোময়ায় বেদোক্ত কর্ম্ম প্রাপ্যায় অন্নময়ায় অন্নোপষ্টভ্যত্বাৎ অমৃতময়ায় পরমানন্দাবিষ্কারিত্বাৎ। সর্ব্বময়ায় সর্ব্ববিষয়ত্বাৎ সহসে ওজসে বলায় তদ্ধেতুত্বাৎ ॥১৮

ক্রমসন্দর্ভঃ।

ষোড়শ শক্ত্যধিষ্ঠাত্রে বেদাধিষ্টাত্রে পার্থিব বলদায়িক জ্যোত্স্নাশক্ত্যধিষ্ঠাত্রে দিবি জবলদায়ক ভোজশক্ত্যধিষ্ঠাত্রে কিং বহুনা সর্ব্বশক্ত্যধিষ্ঠাত্রে অতএব সর্ব্ব সহ আদ্যধিষ্ঠাত্র ইতি ক্রমেণ ॥ ১৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

দেবতাভিঃ সহ অহঃসু তাসাং রাত্র্যভিমানি দেবতানাং পতিভির্দিবসাভিমানিভি র্দেবৈঃ সহিতেত্যর্থঃ ॥ ১৭ ॥

কৃপাময়ত্বমেব বিবৃণ্বতী মন্ত্রং জপন্তী এতন্মন্ত্রোপাসকোঽন্যোপ্যেবং স্বসম্বন্ধেন মন্ত্রার্থং ভাবয়েদিতি ব্যঞ্জয়ন্তী প্রণমতি কান্তায় মৎপতয়ে কামায় নম ইত্যন্বয়ঃ। দেবপদাহুক্তিঃ পত্যুঃ সংপূর্ণ নামোচ্চারণানৌচিত্যাৎ। অন্যস্তু লক্ষ্ম্যা দাসীভাবেনৈবাত্মানং ধ্যাত্বা মন্ত্রমিমমুচ্চারয়েদিতি সংপ্রদায়ঃ। হৃষীকেশায় স্বসৌন্দর্য্যাদিনা মন্নেত্রাদীন্দ্রিয়াকর্ষকায়। মন্নেত্রাদীন্দ্রিয় মাধুর্য্য সংভোক্ত্রে ইতি বা স্বস্ত তথা যোগ্যতায়াং হেতুঃ। সর্ব্বৈগুণবিশেষৈরপ্রাকৃতৈর্গুণৈ র্বিলক্ষিতা বিলক্ষণীকৃতা আত্মানো দেহ মনো বুদ্ধ্যাদয়ো ভবন্তি যত স্তস্মৈ হৃষীকেশত্বং বিবৃণোতি। আকূতীনাং মম কর্ম্মেন্দ্রিয়াণাং চিত্তীনাং জ্ঞানেন্দ্রিয়াণাং চেতসাং চিত্তাহঙ্কার বুদ্ধি মনসাং বিশেষাণাং তত্তদ্বৃত্তীনাং তত্তদ্বিষয়াণাং বা অধিপতয়ে স্বামিনে তত্তন্মাধুর্য্যাস্বাদিনে। অন্যোপাসক পক্ষে অধিষ্ঠাত্রে তেষামপ্রাকৃতীকরণাৎ স্বয়মেবাধিষ্ঠাতা নতু দিগাদি দেবসমূহ ইতি ভাবঃ ষোড়শ কলায় রাকাচন্দ্র তুল্যত্বাৎ পূর্ণায় ছন্দোময়ায় বেদরূপিণে স্বভক্ত্যুপদেষ্ট্রে অন্ন ময়ায় অন্ন রূপেণ সাধক ভক্ত প্রতিপালকায় অমৃত ময়ায় অমৃত বদাস্বাদ্য রূপ গুণ লীলাদিকায় মোক্ষ রূপায় চ সর্ব্ব ময়ায় মম সর্ব্ব স্বরূপায় সহসে ওজসে বলায় ত্বৎ সেবায়াং মচ্চিত্তেন্দ্রিয় দেহ সামর্থ্য প্রদায় উভয়ত্র ইহলোকে পরলোকেচ ॥ ১৮ ॥

দেবীদের সহিত এবং দিবস সকলে ঐ সকল কন্যার স্বামিদের অর্থাৎ দিবসাধিষ্ঠাতৃ দেবগণের সহিত মিলিত হইয়া ভগবানের ঐ মায়াময় রূপের উপাসনা করিয়া থাকেন, আর সর্ব্বদা এই বাক্য উচ্চারণ করেন ॥ ১৭ ॥

যথা-সেই ভগবান্ হৃষীকেশকে নমস্কার করি। তাঁহার আত্মা যাবতীয় শ্রেষ্ঠ বস্তু দ্বারা লক্ষিত হয়। তিনি ক্রিয়া, জ্ঞান (সংকল্প অধ্যবসায়াদি) এবং তাহার বিষয় সকলের অধিপতি। একাদশ ইন্দ্রিয় ও পঞ্চ বিষয় অর্থাৎ রূপ রসাদি এই ষোড়শ পদার্থ, তাঁহার অংশ। তিনি বেদময় অর্থাৎ বেদোক্ত কর্ম্ম দ্বারা তাঁহাকে পাওয়া যায়। অপর তাঁহার দেহ অন্ন দ্বারা বর্দ্ধিত-এই হেতু অন্নময়, পরমানন্দ প্রকাশক একারণ অমৃতময়, সকলের বিষয় এ প্রযুক্ত সর্ব্বময়। আর তিনি সাহস, সামর্থ্য ও বল এ সকলের কারণ, এই প্রযুক্ত এ সকল তাঁহার স্বরূপ এবং কান্ত ও কামও তাঁহার মূর্ত্তি, আমরা তাঁহাকে নমস্কার করি, তিনি আমাদের প্রতি উভয় লোকে অনুকূল হউন ॥ ১৮ ॥

স্ত্রিয়ো ব্রতৈস্ত্বা হৃষীকেশ্বরং স্বতোহ্যারাধ্য লোকে পতিমাশাসতেহন্যং ।
তাসাং ন তে বৈ পরিপান্ত্যপত্যং প্রিয়ং ধনায়ুংষি যতোঽস্বতন্ত্রাঃ ॥ ১৯ ॥
স বৈ পতিঃ স্যাদকুতোভয়ঃ স্বয়ং সমন্ততঃপাতি ভয়াতুরং জনং ।
স এক এবেতরথা মিথোভয়ং নৈবাত্মলাভাদধিমন্যতে পরং ॥ ২০ ॥
যা তস্য তে পাদসরোরুহার্হণং নিকাময়েৎ সাখিল কামলম্পটা ।

শ্রীধরস্বামী ।

ত্বৎকামেনৈব ত্বৎ সেবকত্বাৎ অহং কৃতার্থাস্মি । অন্য কামনয়াতু ত্বামর্চ্চন্তো ন পরিপূর্ণ মনোরথাঃ স্যুরিত্যাহ স্ত্রিয় ইতি । অতএব হৃষীকাণামীশ্বরং পতিং সন্তং ত্বামারাধ্য যাঃ স্ত্রিয়োঽন্যং পতিং প্রার্থয়ন্তি পতিকামানাং হি কামারাধনং ব্রতেষু প্রসিদ্ধং তাসামপত্যাদীনি তে পতয়ঃ ন পাতুং শক্তাঃ ॥ ১৯ ॥

অতস্তে পতয় এব নভবন্তীত্যাহ স বা ইতি । সচ এবং ভূতঃ পতিঃ স্বয়ং ভবান্ এক এব নান্যঃ যো ভবানাত্মলাভাৎ পরমন্য-দধিকং ন মন্যতে ইতরথা অন্যাধীন সুখস্য ন স্বতন্ত্রতা । অস্বতন্ত্র নানাত্বেচ মণ্ডলেশ্বরাণামিব মিথোভয়ং স্যাদিত্যর্থঃ ॥ ২০ ॥

কিঞ্চ নিষ্কাম ভজনে অপ্রার্থিতা এব সর্ব্বে কামা ভবন্তি । সকাম ভজনেতু কামিত মাত্রং অনিত্যঞ্চেত্যাহ যা স্ত্রী তস্য উক্ত

ক্রমসন্দর্ভঃ ।

আত্মন স্তস্য স্বরূপস্যৈব লাভাৎ । পরমন্যৎ সেবাধিকং নাধিকং মন্যতে । যথাহ শ্রীপ্রহ্লাদঃ । যস্ত আশিষ আশাস্তে ন স ভৃত্যঃ স বৈ বণিক্ ইত্যাদৌ নান্যথেহাবয়োরর্থো রাজসেবকয়োরিবেতি ॥ ১৯ । ২০ ॥

অখিল কমলম্পটেতি সর্ব্ব কামস্যাপি কামনীয়ার্থস্য প্রতিষ্ঠা হি ত্বৎপাদসরোরুহমিতি ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

স্বয়ং নিষ্কামা সকাম ভক্তিমতীরন্যাঃ স্ত্রীঃ শোচতি স্ত্রিয় ইতি অতএব হৃষীকাণাং ঈশ্বরং পতিমপি ত্বা ত্বাং আরাধ্য অন্যং ॥ ১৯

পতি শব্দার্থমেব তা ন জানন্তীত্যাহ । স বা ইতি পাতীতি পতির্যশ্চাত্মানমপি পাতুং নশক্নোতি স কথমন্যান্ পাতীত্যতঃ প্রথম মকুতোভয়ঃ স্যাৎ সচ একো ভবানেব । ইতরথা প্রকারান্তরেণ পতিশব্দস্য ব্যাখ্যায়ামিত্যর্থঃ । যদ্বা সপ্তম্যর্থএব থাল প্রত্যয়ঃ । ইতরত্র মণ্ডলেশ্বরাণামিব স্বপ্রজাপালকানামপি মিথোভয়ং ততশ্চ প্রজানামপি ভয়মিতি তদপালনমেব বস্তুত ইত্যর্থঃ । অতএবা-ত্মনঃ পরমাত্মন স্তব লাভাৎ অধি অধিকং পরং বস্তু ন মন্যতে শাস্ত্রজ্ঞৈরিতি শেষঃ । ত্বৎ প্রাপ্তেঃ সকাশাৎ অন্য প্রাপ্তি নৈ'বা-ধিকেতি ত্বমেব বস্তুতঃ পতি শব্দ বাচ্য ইত্যর্থঃ ॥ ২০ ॥

কিঞ্চ নিষ্কাম ভজনে অপ্রার্থিতা এব সর্ব্বোকামা ভবন্তি সকাম ভজনেতু কামিতমাত্র মনিত্যঞ্চেত্যাহ যা স্ত্রী তস্য উক্ত লক্ষণস্য

তদনন্তর স্তব করিয়া বলিলেন প্রভো ! আপনি স্বতই ইন্দ্রিয় সকলের পতি, যে কোন স্ত্রী বিবিধ ব্রত দ্বারা আপনার আরাধনা করিয়া অন্য পতি কামনা করে তাহাদের সেই পতিগণ তাহাদের প্রিয় তর সন্তান সন্ততি অথবা ধন কিম্বা পরমায়ুঃ রক্ষা করিতেও সমর্থ নহে, যে হেতু তাহারা অস্বতন্ত্র ॥১৯

অতএব সে সকল পতিই পতি নহে, যে হেতু তাহারা আত্ম রক্ষণে সমর্থ নহেন, অন্যকে কি রূপে রক্ষা করিবেন । ফলতঃ যে ব্যক্তি স্বয়ং নির্ভয় এবং ভয়াতুরকে সর্ব্বতোভাবে রক্ষা করেন, তিনিই পতি । প্রভো ! এই কারণে এক আপনি সকলের পতি, আপনা ব্যতীত অন্য কোন ব্যক্তি পতি হইতে পারে না । আপনি আত্মলাভাপেক্ষা অন্য কোন বস্তুকেই অধিক বোধ করেন না, অতএব আপনার সুখ কাহারও অধীন নহে । প্রভো ! আমি যাহা বলিতেছি তাহাই সত্য, নচেৎ যদি আপনকার অস্বতন্ত্র ও নানা রূপ স্বীকার করা যায় তাহা হইলে মণ্ডলেশ্বর দিগের ন্যায় আপনকারও পরস্পর হইতে ভয় সম্ভাবনা হইতে পারে ॥ ২০ ॥

ভগবন্ ! যে স্ত্রী আপনার পাদ সরোরুহের পূজাই কামনা করে ফলান্তর বাঞ্ছা করে না, সে অতি

তদেব রাসীপ্সিতমীপ্সিতোঽর্চ্চিতো যন্তগ্ন যাচ্ঞা ভগবন্ প্রতপ্যতে ॥ ২১ ॥
মৎ প্রাপ্তয়েঽজেশ সুরাসুরাদয়স্তপ্যন্ত উগ্রং তপ ঐন্দ্রিয়ে ধিয়ঃ।
ঋতে ভবৎপাদ পরায়ণান্ন মাং বিন্দন্ত্যহং ত্বদ্ধৃদয়া যতোঽজিত ॥ ২২ ॥

শ্রীধরস্বামী।

লক্ষণস্ত তে পাদসরোরুহস্যার্হণং পূজামেব কাময়েত ন ফলান্তরং অখিলেষু কামেষু লম্পটা সর্ব্বান্ কামান্ প্রাপ্নোতীত্যর্থঃ। ঈপ্সিতমীপ্সিতঃ ফলান্তর মাপ্তুমপেক্ষিতঃ সন্নর্চ্চিতশ্চেৎ তর্হি তদেবৈকং রাসি দদাসি কিঞ্চ যদ্যতঃ ফল ভোগানন্তরং ভগ্না যাচ্ঞা যাচিতোঽর্থো যস্যাঃ সা প্রতপ্যতে দুঃখং প্রাপ্নোতি। তদেব বাসি নতু নিত্যং ॥ ২১ ॥

নন্থ মমার্হণে কুতঃ সর্ব্বকাম প্রাপ্তিঃ ত্বমেবহি কামার্থিভিঃ সেব্যসে অত আহ মৎ প্রাপ্তয়ে ব্রহ্মাদয় স্তপ স্তপ্যন্তে কুর্ব্বন্তি কথম্ভূতা ঐন্দ্রিয়ে সুখে ধীর্যেষাং অলুক্ সমাসঃ। তথাপি ভগবৎপাদ পরায়ণাদৃতে মাং নবিন্দন্তি মৎকটাক্ষ বিলসিতা বিভূতী র্ন লভন্ত ইত্যর্থঃ। যতস্ত্বয্যেব হৃদয়ং যস্যাঃ সাহং ত্বৎ পরতন্ত্রত্বাৎ ত্বদনুবর্ত্তিনমেব বিলোকয়ামি নান্যমিত্যর্থঃ ॥ ২২ ॥

ক্রমসন্দর্ভঃ।

যদ্যজাদয়োপি বিষয়ধিয়ো ভূত্বা মৎ প্রাপ্তয়ে মদংশভূত প্রাকৃত সম্পত্তয়ে তপ্যন্তে তদা মাং মদংশ ভূতাং সম্পত্তিং ন বিদন্তি কিন্তু প্রাকৃতীমেব বিদন্ত ন মামিত্যর্থঃ। কুত ইতি যদি তেষু কোপি ত্বৎ পাদপরায়ণো ভবতি তদা তু সংবিন্দন্তোবেত্যর্থঃ। ত্বৎ হৃদয়েতি গর্ব্ব প্রাপ্তেঃ ॥ ২২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তব পাদপদ্ম পূজামেব নিতরাং কাময়েৎ নতু ফলান্তরং। সাখিলেষু কামেষু লম্পটা সর্ব্বানেব কামান্ প্রাপ্নোতীতি অথচ নিষ্কাম পদবাচ্যা ভবেৎ। যয়া তু ঈপ্সিতং প্রতি ঈপ্সিতঃ ফলান্তরং প্রাপ্তুমপেক্ষিতঃ সন্ অর্চ্চিতো ভবসি। তস্যৈ তদেবৈকং রাসি দদাসি যদ্যতঃ ফলভোগানন্তরং ভগ্না যাচ্ঞা যাচিতোঽর্থো যস্যাঃ সা প্রতপ্যতে দুঃখং প্রাপ্নোতীত্যতঃ সৈব নিষ্কামাপি সকাম পদবাচ্যা ভবেদিত্যতো ভগবন্তং কাময়মানা ভক্তা নৈব সকাম শব্দেন বাচনীয়া ইতি সিদ্ধান্তো ব্যঞ্জিতঃ অত্র ঈপ্সিতান্তর কামায়াঃ পরিতাপঃ স্ব স্বভাব প্রাতিকূল্য দৃষ্ট্যৈব লক্ষ্ম্যা তামধিক্ষিপন্ত্যোবোক্তঃ। বস্তুতস্তু সকাম ভজনাদপি কৃতার্থত্বমুপরিষ্টাদ্বক্ষ্যতে ॥ ২১ ॥

কেচিৎ সকামাস্তু ত্বামপ্যপহায় মামেব ভজন্তে তেপি ধূলিমেব লভন্ত ইতি তান্ নিন্দন্ত্যাহ মৎপ্রাপ্তয়ে ব্রহ্মাদয় স্তপ স্তপ্যন্তে কুর্ব্বন্তি। ঐন্দ্রিয়ে বিষয়সুখে এব ধীর্যেষাং অলুক্ সমাসঃ তদপি ভবৎ পরায়ণাৎ ঋতে বিনা মাং মৎকটাক্ষ বিলসিতাং সম্পত্তি রূপাং লক্ষ্মীং ন লভন্তে। ভবৎ পরায়ণাঃ প্রহ্লাদ ধ্রুবাদয় এব বিন্দন্তি। যাতু ত্বদ্ভক্তেষ্বপি দেবাসুরাদিষু সম্পদ্দৃশ্যতে সাতু গুণ ময়ী প্রতি স্বকর্ম্ম ফল রূপা মায়াশক্তি দুর্গায়া এব প্রসাদাখ্যা কামাদি তরঙ্গজনিকা কাদাচিৎকী নতু ত্বৎ স্বরূপ ভূতায়া মমেতি মম মায়াত্বাভাবাৎ মৎ প্রসাদোত্থায়াঃ সম্পত্তেরপি বৈমুখ্যাপাদকত্বাভাবাত্তত্র হেতুঃ। ত্বদ্ধৃদয়া ত্বদনস্থানেবাবলোকয়ামি নান্যমিত্যর্থঃ ॥ ২২ ॥

চতুরা, তাহার অখিল কামে প্রয়াস স্পষ্টই প্রকাশ পায়। পরন্তু যে কোন কামিনী ফল বিশেষ কামনা করিয়া আপনার অর্চ্চনা করে, তাহা হইতে আর নির্ব্বোধ নাই, যে হেতু আপনি তাহাকে তাহার বাঞ্ছিত ফল মাত্র প্রদান করিয়া থাকেন। ভোগ দ্বারা ঐ সকল বিনষ্ট হইলে তজ্জন্য তাহাকে অনুতাপ করিতে হয় ॥ ২১ ॥

হে অজিত! আমি লক্ষ্মী, ইহাতে সুখ সম্পত্তি কামনা করিয়া কখন ২ ব্রহ্মা, মহেশ্বর এবং অন্যান্য সুর ও অসুরগণও আমাকে প্রাপ্ত হইবার নিমিত্ত উগ্র তপস্যা করিয়া থাকেন সত্য, কিন্তু আপনার চরণারবিন্দের শরণ গ্রহণ ব্যতিরেকে তাঁহারা আমার বিলসিত ঐশ্বর্য্য প্রাপ্ত হইতে পারেন না, যে হেতু আপনাতেই আমার হৃদয় নিহিত হইয়া রহিয়াছে, অতএব আমি আপনার অধীনা, যে সকল ব্যক্তি আপনার অনুবর্ত্তী তাহাদের প্রতিই আমি অবলোকন করি ॥ ২২ ॥

স ত্বং মমাপ্যচ্যুত শীর্ষ্ণি বন্দিতং করাম্বুজং যত্ত্বদধায়ি সাত্বতাং।
বিভর্ষি মা লক্ষ্ম বরেণ্য মায়য়া ক ঈশ্বরস্যেহিতমূহিতুং বিভুরিতি।
রম্যকেচ ভগবতঃ প্রিয়তমং মাৎস্যমবতাররূপং তদ্বর্ষ পুরুষস্য মনোঃ প্রাক্ প্রদর্শিতং।
স ইদানীমপি মহাভক্তিযোগেনারাধয়তীদঞ্চোদাহরতি ॥ ২৩ ॥
ওঁ নমো ভগবতে মুখ্যতমায় নমঃ সত্ত্বায় প্রাণায়ৌজসে সহসে বলায় মহামৎস্যায় নম ইতি॥ ২৪

শ্রীধরস্বামী।

ইদানীং তৎকৃপাং প্রার্থয়তে সত্বমিতি। যদ্ভজনং বিনা নকশ্চিদপি পুরুষার্থঃ সত্বং ত্বদিতি ত্বয়া যৎ করাম্বুজং সাত্বতানাং ভক্তানাং শীর্ষ্ণি অধায়ি কৃপয়া ন্যস্তং তন্মমাপি শীর্ষ্ণি নিধেহীতি শেষঃ। কথম্ভূতং বন্দিতং সর্ব্বকামবর্ষিত্বেন সদ্ভিঃ স্তুতং নচ ময়ি তবানাদরঃ যতঃ হে বরেণ্য মা মাং বক্ষসি লক্ষ্ম বিভর্ষি। অহো চিত্রমেতৎ ময়ি কেবলমাদরমাত্রং ভক্তেষুতু পরমা কৃপা। অত ঈশ্বরস্য তব মায়য়া ঈহিতং কোবিতর্কয়িতুং সমর্থঃ ॥ ২৩ ॥ সত্বায় সত্বপ্রধানায় মুখ্যতমায় প্রাণায় সূত্রাত্মনে ॥ ২৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

সত্বমিতি দৈন্যোক্তিঃ যত্ত্বয়া যৎ করাম্বুজং স্বীকার ব্যঞ্জকং সার্ত্বতানাং শীর্ষ্ণি অধায়ি তন্মমাপি তাদৃশ ভক্তি হীনায়াঃ শীর্ষ্ণি অধায়ীত্যেকমাশ্চর্য্যং। কিঞ্চ স তাদৃশ ত্বং মায়য়া কৃপয়া মা মাং বক্ষসি লক্ষ্ম রূপত্বেন বিভর্ষীতি ততোপি পরমাশ্চর্য্যং। তস্মাৎ ক ঈশ্বরস্যেতি ॥ মৎস্যত্বেনানুৎকৃষ্ট দৃষ্টিং প্রত্যাহ। প্রিয়তমমিতি তদপি ভগবতঃ পরম স্বরূপমেব জানীয়াদিত্যর্থঃ। অথাপ্যাত্মনা সংনিধীয়ত ইতি সামান্যোক্তেরারাধয়তীত্যত্র সন্নিহিতং সত্ত্বমিতি জ্ঞেয়ং ॥ ২৩ ॥
মুখ্যতমায়েত্যপি পূর্ব্ববৎ। সত্বাদি পরমাশ্রয়ত্বাৎ সত্বাদি রূপায় ॥ ২৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তদেবং ব্রহ্মাদীনামারাধ্যাপি তব ভার্য্যাপ্যহং নিষ্কিঞ্চনো ভক্তো যথা ত্বত্তঃ সৌভাগ্যং লভতে তথা নাহং লভে এবং মে ললাটমিত্যাহ স মদ্হৃদয় নিত্যবিহারোপি ত্বং মমাপি শীর্ষ্ণি করাম্বুজং ধেহীতি শেষঃ। ত্বং ত্বয়া যৎ সাত্বতাং শীর্ষ্ণি অধায়ি। বন্দিতং কৃপা সৌভাগ্যবর্ষিত্বেন সদ্ভিঃ স্তুতং নমু ত্বং সৌভাগ্যং সর্ব্বতোপ্যধিকং যত্ত্বামহং হৃদয়এব নিত্যং দধামীতি তত্র সত্রপং সাঞ্চল মুখাচ্ছাদন সহঙ্কারং নীচৈরাহ বিভর্ষীতি হে বরেণ্য মা মাং লক্ষ্ম কনকরেখাং চিহ্ন তয়া যদ্বক্ষসি দধাসি তস্মায়ৈব মস্তক সৌভাগ্যং দৃষ্ট্বা নির্বুদ্ধিরেষামমাসূয়াং মাকার্ষীদিতি কপটেনৈব। নমু কোপ্যেবং ন ব্রূতে তত্রাহ কঃ খলীশ্বরস্য তব ঈহিত মূহিতুং বিতর্কিতং ক্ষমঃ যতঃ নচ সর্ব্বর্ণো ন শ্রীর্নৈবাম্যাচ যথা ভবানিতি তব ভক্তং প্রতি নিভৃতোক্তি মহমশ্রৌষমেবেতি ধ্বনিঃ ॥
প্রাগিতি চাক্ষুষ মন্বন্তরান্তে প্রলয়ে স বৈবস্বতোমনুঃ ॥ ২৩ ॥
মুখ্যতমায় সত্বায় শুদ্ধ সত্ব স্বরূপায়েত্যর্থঃ। প্রাণাদি নিয়ন্তৃত্বাৎ প্রাণাদিকায় ॥ ২৪ ॥

অতএব হে অজিত! যাঁহার ভজন ব্যতীত কোন পুরুষার্থ সিদ্ধি হয় না আপনি সেই পুরুষ, আপনার যে কর কমল হইতে সকল কাম বর্ষণ হয় এই কারণে ভক্তগণ সর্ব্বদা যাঁহার স্তব করিয়া থাকেন এবং যাহা আপনি ভক্তজনের মস্তকে কৃপা করিয়া বিন্যস্ত করেন, অনুগ্রহ পূর্ব্বক আমার মস্তকে সেই হস্ত পদ্ম সংস্থাপন করুন। হে বরেণ্য! আমার প্রতি আপনার আদর নাই এমত বলিতে পারি না, প্রত্যক্ষ দেখিতেছি শ্রীবৎস চিহ্ন রূপে বক্ষঃস্থলোপরি আমাকে ধারণ করিতেছেন, কিন্তু প্রভো! এ বড় আশ্চর্য্যের বিষয়! আমাতে কেবল আদরমাত্র, ভক্তজনে আপনার মহা অনুগ্রহ অথবা আপনি ঈশ্বর, আপনার মায়ার চেষ্টা বুঝিয়া উঠিতে পারে কাহার সাধ্য?।

হে রাজন্! এক্ষণেঅন্যান্য বর্ষের বিবরণ শুন। রম্যক বর্ষে ভগবানের অবতার স্বরূপ তদীয় প্রিয়তম মৎস্য মূর্ত্তি, ঐ বর্ষের অধিপতি যে মনুর প্রতি পূর্ব্বে প্রদর্শিত হয়, সেই মনু অদ্যাবধিমহাভক্তিযোগে সেই মূর্ত্তির আরাধনায় নিযুক্ত আছেন এবং এই বাক্য নিরন্তর উচ্চারণ করিতেছেন ॥ ২৩ ॥
যথা—সেই মৎস্যরূপি ভগবানকে নমস্কার করি, যিনি সত্ব প্রধান এবং মুখ্যতম প্রাণ ও সাহস,

অন্তর্ব্বহিশ্চাখিললোকপালকৈরদৃষ্ট রূপো বিচরস্যুরুস্বনঃ।
স ঈশ্বরস্ত্বং য ইদং বশেঽনয়ন্নাম্না যথা দারুময়ীং নরঃ স্ত্রিয়ং ॥ ২৫ ॥
যং লোকপালাঃ কিল মৎসরজ্বরা হিত্বা যতন্তোপি পৃথক্ সমেত্য চ।
পাতুং ন শেকু র্দ্বিপদশ্চতুষ্পদঃ সরীসৃপং স্থাণু যদত্র দৃশ্যতে ॥ ২৬ ॥
ভবান্ যুগান্তার্ণব ঊর্ম্মিমালিনি ক্ষৌণীমিমামোষধী বীরুধাং নিধিং।

শ্রীধরস্বামী।

উরুস্বনো বেদাত্মকো নাদোযস্য য ইদং বিশ্বং ব্রাহ্মণাদি নাম্না বিধি নিষেধালম্বন মূলেন বশে ঽনয়ৎ নিয়মিতবান্ স ত্বমীশ্বরঃ। তথাচ শ্রুতিঃ। যস্য বাক্ তন্ত্রির্নামানি দামানীত্যাদিঃ ॥ ২৫ ॥

নন্বিন্দ্রাদয়ো বশং নয়ন্তি লোকপালকত্বাৎ কুতোঽহং তত্রাহ যমিতি। মৎসর এব জ্বরো যেষাং তে। যং হিত্বা দ্বিপদঃ চতুষ্পদশ্চ সরীসৃপং জঙ্গমং স্থাণু স্থাবরং চ যদত্র দৃশ্যতে তৎ কিঞ্চিদপি পাতুং নশক্তাঃ স ত্বমেব প্রাণরূপেণ পালক ঈশ্বরশ্চ ইত্যর্থঃ। তথাচ শ্রুতিঃ। তা অহিং সন্তাহ মুকমস্ম্যহ মুকমস্মীত্যাদিঃ ॥ ২৬ ॥

অবতার চরিতমাহ। ভবান্ ইমাং ক্ষৌণীং ময়া মনুনা সহ মৎসহিতাং ধৃত্বা ইত্যধ্যাহারঃ। ঊর্ম্মিমালাবতি প্রলয়ার্ণবে উরু

ক্রমসন্দর্ভঃ।

যমিত্যস্য টীকায়াং মৎসর এবেত্যত্র পরস্পরমিতি জ্ঞেয়ং। তা দেবতা অহিংসন্তসমৎসরা বভূবুঃ। তত্র প্রত্যেকং সাভিমানমাহুঃ। কমাশ্রিত্যাহমস্মি অপিতু নকমপীতি শ্রুতেরর্থঃ ॥ ২৬ ॥

যুগান্তোঽক্রমন্বন্তরান্তঃ ক্ষৌণীমিতি ধৃত নৌকারূপামিত্যর্থঃ। নাব্যারোপ্য মহীময্যামিত্যুক্তেঃ ॥ ২৭। ২৮। ২৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

সর্ব্বত্রৈবান্তর্বহির্বপি চরসি। অথ চ লোকপালৈরপি অদৃষ্ট রূপঃ কিমুতান্যৈঃ। নমু তর্হি মযাস্তি ত্বমেব মাস্তু তত্রাহ উরুর্বেদাত্মকঃ স্বনো যস্য সঃ। বেদ এব তবাস্তিত্বং প্রতিপদমুচ্চৈর্ব্রূত ইত্যর্থঃ। অতএব য ইদং বিশ্বং ব্রাহ্মণাদি নাম্না বিধি নিষেধাশ্রয় ভূতেন বশে অনয়ন্নিয়মিতবান্ স ত্বমীশ্বরঃ। তথাচ শ্রুতিঃ। তস্য বাক্ তন্ত্রির্নামানি দামানীতি। স্ত্রিয়ং পাঞ্চালিকাং অতো বিশ্বস্য পারতন্ত্র্যাদপি স্বতন্ত্র ঈশ্বরত্বমনুমানেনাপি জ্ঞাপ্যস ইতি ভাবঃ ॥ ২৫ ॥

নন্বিন্দ্রাদয়োবশং নয়ন্তি লোকপালকত্বাদীশ্বরাঃ স্বতন্ত্রাশ্চ কুতোঽহং তত্র তেষাং লোকপালকত্বাদিকং সর্ব্বমৌপচারিকমিত্যাহ যং হিত্বা পৃথগ্‌ভূত্বা বা সমেত্য মিলিত্বা বা দ্বিপদঃ চতুষ্পদঃ সরীসৃপং জঙ্গমং স্থাণু স্থাবরঞ্চ যদ্যদত্র দৃশ্যতে তৎপাতুং নশক্তাঃ। যতো মৎসরজ্বরাঃ। তথাচ শ্রুতিঃ তা অহিং সন্তাহ মুকমস্ম্যহ মুকমস্মীতি। অস্যার্থঃ। তা দেবতা মৎসরা বভূবুঃ। অহং উ ভোঃ কমাশ্রিত্য অস্মি বর্ত্তে অপিতু নকমপীত্যর্থঃ। ইত্যেবমিতি সত্বমেব প্রাণরূপেণ পালক ঈশ্বরশ্চেত্যর্থঃ ॥ ২৬ ॥

ভক্ত্যাতু ত্বং দৃষ্টরূপঃ প্রত্যক্ষ তয়াপ্যুপলভ্যসে তত্র ভক্তাভাসো ঽহমেব প্রমাণমিত্যাহ ভবানিতি ইমাং মহীং ময়া সহ ধৃত্বেতি

বল ও সামর্থ্য ইত্যাদির স্বরূপ, তাঁহাকে নমস্কার ॥ ২৪ ॥

অপর স্তব করিয়া ইহা বলিতেছেন। হে ভগবান্! আপনি সর্ব্ব প্রাণির অন্তরে ও বাহিরে বিচরণ করিয়া থাকেন অথচ লোকপালেরাও আপনার রূপ দর্শন করিতে পান না, কিন্তু আপনার বেদাত্মক ধ্বনি অতি মহৎ। ভগবন্! মানবেরা যেমন দারুময়ী নারীকে বশতাপন্ন করে, তাহার ন্যায়, যিনি ব্রাহ্মণাদি নাম দ্বারা এই বিশ্বকে নিয়মিত করিয়াছেন আপনি সেই ঈশ্বর ॥ ২৫ ॥

হে ঈশ! ইন্দ্রাদি লোকপালগণ মৎসর রূপ জ্বরে অভিভূত, তাঁহারা যাঁহাকে পরিত্যাগ করিয়া পৃথক্ রূপে অথবা মিলিত হইয়া যত্ন করিলেও দ্বিপদ, চতুষ্পদ অথবা স্থাবর, জঙ্গম, যাহা যাহা দৃশ্য হয়, কোন বস্তুই পালন করিতে সমর্থ হন না, আপনি সেই প্রাণরূপী, সকলের পালক, পরম ঈশ্বর ॥ ২৬ ॥

প্রভো! এই অবনি ওষধি ও লতা সকলের আশ্রয়, এ নিমিত্ত আপনি প্রবল তরঙ্গ মালায় সঙ্কুল

ময়া সহোরু ক্রমতেঽজ ওজসা তস্মৈ জগৎ প্রাণগণাত্মনে নম ইতি ॥ ২৭ ॥

হিরণ্ময়েপি ভগবান্নিবসতি কূর্ম্মতনুং বিভ্রাণস্তস্য তৎ প্রিয়তমাং তনুং অর্য্যমাসহ বর্ষপুরুষৈঃ পিতৃগণাধিপতিরুপধাবতি। মন্ত্রমিমঞ্চানুজপতি ॥ ২৮ ॥

ওঁ নমো ভগবতেঽকূপারায় সর্ব্বসত্বগুণ বিশেষণায় নমোনুপলক্ষিত স্থানায় নমোবর্ষ্মণে নমো ভূম্নে নমোঽবস্থানায় নমস্তে ইতি ॥ ২৯ ॥

যদ্রূপমেতন্নিজ মায়য়ার্পিতমর্থ স্বরূপং বহুরূপ রূপিতং।

শ্রীধরস্বামী।

ওজসা ক্রমতে বিচরতি যদ্বা পাতুমিত্যস্যানুষঙ্গঃ। ক্ষৌণীং পাতুং ক্রমতে উৎসহত ইত্যর্থঃ। যতোঽজঃ কীদৃশীং ওষধীনাং বীরুধাঞ্চ নিধিং আশ্রয়ভূতাং তস্মৈ নমঃ জগতো যঃ প্রাণগণঃ তস্যাত্মনে নিয়ন্ত্রে ॥ ২৭ ॥

তৎপ্রিয়তমাং তাং প্রিয়তমাং ॥ ২৮ ॥

অকূপারায় কূর্ম্মায় সর্ব্বঃ সম্পূর্ণঃ সত্বগুণো বিশেষণং যস্য নোপলক্ষিতং স্থানং যস্য বাবিচরত্বাৎ বর্ষ্মণে বর্ষীয়সে কালানবচ্ছিন্নায় ভূম্নে সর্ব্বগতায় অবস্থানায় আধারায় ॥ ২৯ ॥

নিজমায়য়া অর্পিতং প্রকাশিতং এতদর্থস্বরূপং দৃশ্যং পৃথিব্যাদি যস্যৈব রূপং যতঃ পৃথক্ নাস্তি কথম্ভূতং বহুভিঃ রূপৈঃ রূপিতং

ক্রমসন্দর্ভঃ।

যস্য তবৈতৎ কূর্ম্মাকারং রূপং। নিজেষু ভক্তেষু মায়য়া কৃপয়া অর্পিতং প্রকাশিতং। অযথোপলম্ভনাৎ যথাবদুপলব্ধুমশক্যত্বাৎ।

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

শেষঃ। হে অজ যুগান্তার্ণবে ভবান্ ক্রমতে বিহরতি জগতাং যঃ প্রাণগণ স্তস্যাত্মনে নিয়ন্ত্রে ॥ ২৭ ॥

সাচাসৌ প্রিয়তমা চেতি তাং ॥ ২৮ ॥

অকূপারায় কূর্ম্মায়। সর্ব্বঃ সংপূর্ণঃ সত্বগুণো যত্র তথা ভূতং বিশেষণমাকারো যস্য তস্মৈ শুদ্ধসত্বমূর্ত্তয় ইত্যর্থঃ। ন উপলক্ষিতং সর্ব্বৈরদৃষ্টং বৈকুণ্ঠাখ্যং স্থানং যস্য তস্মৈ বর্ষ্মণে মহাপ্রলয়ায় ভূম্নে ব্যাপকায় অবস্থানায় আধারায় ॥ ২৯ ॥

এতদ্বিশ্বং যস্য তবৈব রূপং কিন্তু মায়াশক্ত্যা অর্পিতং নতু স্বরূপ ভূতমিত্যর্থঃ। অর্থ স্বরূপং বস্তু স্বরূপং নত্ববস্তু ভূতং বহুভির্নরগোপশুপক্ষি মৎস্যাদি রূপৈ রূপিতং নিরূপিতং কিন্তু সংখ্যা যস্য নাস্তি কুতঃ অযথোপলম্ভনাৎ যথাবদুপলব্ধুমশক্যত্বাৎ যৈঃ প্রকারৈরিদং বিশ্বমভূত্তেষাং উপলম্ভনাশক্যত্বাদিত্যর্থঃ। তথাহ্যেকস্য স্থূলস্য নরজাতেরেব প্রতি শরীরং বর্ণ স্বভাব কণ্ঠস্বরাদি

প্রলয়ার্ণবে নিমগ্না এই ধরাকে ধারণ করিয়া রক্ষার্থ অনির্ব্বচনীয় উৎসাহ প্রকাশ করিয়াছিলেন, আপনাকে নমস্কার করি। প্রভো! আপনি জগতীস্থ প্রাণিগণের নিয়ন্তা, আপনাকে নমস্কার করি॥ ২৭ ॥

রাজন্! হিরণ্ময় বর্ষে ভগবান্ হরি কূর্ম্ম রূপ বিগ্রহ পরিগ্রহ করিয়া অবস্থিত আছেন। পিতৃগণের অধিপতি অর্য্যমা তদ্বর্ষবাসি পুরুষদিগের সহিত নিরন্তর তাঁহার উপাসনায় নিযুক্ত আছেন এবং অনুক্ষণ এই মন্ত্র জপ করিতেছেন ॥ ২৮ ॥

যথা আমরা ভগবান্ কূর্ম্মদেবকে নমস্কার করি। প্রভো! সমস্ত সত্ব গুণ আপনার বিশেষণ অর্থাৎ আকার, আপনাকে নমস্কার। ভগবন্! জলচরত্ব হেতু আপনার স্থান কেহ লক্ষ্য করিতে পারে না, আপনাকে নমস্কার। হে দেব! আপনি অতিশয় বর্ষীয়ান্ অর্থাৎ কাল দ্বারা আপনার অবচ্ছেদ হয় না, আপনাকে নমস্কার। প্রভো! আপনি সর্ব্বগত ও সকলের আধার আপনাকে নমস্কার ॥ ২৯ ॥

হে ভগবন্! আপনি নিজ মায়া দ্বারা এই যে আকৃতি প্রকাশ করিয়াছেন, দৃশ্য পৃথিব্যাদি পদার্থ সকল ইহারই প্রকৃতি, যে হেতু ইহা ভিন্ন কিছুই নাই। আপনার এই রূপ বহু বহু রূপ দ্বারা নিরূপিত হয়, কিন্তু ইহা মিথ্যা কল্পিত, এ প্রযুক্ত মরীচিকা জলের ন্যায়, ইহার সংখ্যা করিতে পারা যায়

সংখ্যা ন যস্যাস্ত্যযথোপ লম্ভনাত্তস্মৈ নমস্তে ব্যপদেশরূপিণে ॥ ৩০ ॥
জরায়ুজং স্বেদজমণ্ডজোদ্ভিদং চরাচরং দেবর্ষি পিতৃভূতমৈন্দ্রিয়ং।
দ্যৌঃ খং ক্ষিতিঃ শৈল সরিৎ সমুদ্র দ্বীপ গ্রহর্ক্ষেত্যভিধেয় একঃ ॥ ৩১ ॥
যস্মিন্নসংখ্যেয় বিশেষ নাম রূপাকৃতৌ কবিভিঃ কল্পিতেয়ং।
সংখ্যা যয়া তত্ত্বদৃশাঽপনীয়তে তস্মৈ নমঃ সাংখ্য নিদর্শনায় তে ইতি।
উত্তরেষুচ কুরুষু ভগবান্ যজ্ঞপুরুষঃ কৃতবরাহরূপ আস্তে ॥ ৩২ ॥

শ্রীধরস্বামী।

নিরূপিতং যস্যাচ সংখ্যা নাস্তি কুতঃ অযথা মিথ্যৈবোপলম্ভনাৎ। নহি মরীচিকা জলমেতাবৎ ইতি সংখ্যাতুং শক্যতে। অব্যপ দেশ রূপিণে অনিরুক্ত প্রপঞ্চাকারায় ॥ ৩০ ॥

বহুরূপত্বং দর্শয়ন্ তস্যেশ্বরাদব্যতিরেকমাহ জরায়ুজেতি। দ্বীপগ্রহর্ক্ষমিত্যভিধেয় স্ত্বমেবৈকঃ নত্বদ্ব্যতিরেকোঽস্তি। সর্ব্বং খল্বিদং ব্রহ্মেত্যাদি শ্রুতেরিত্যর্থঃ ॥ ৩১ ॥

সপ্রপঞ্চতামনূদ্য তন্নিরাসেন প্রণমতি যস্মিন্নিতি। অসংখ্যেয়া অনন্তা বিশেষা যেষাং তানি নামানি রূপাণ্যাকৃতয়শ্চ যস্য তাদৃশে যস্মিন্ ত্বয়ি কবিভিঃ কপিলাদিভিরিয়ং চতুর্ব্বিংশত্যাদি সংখ্যা কল্পিতা সতী যয়া তত্ত্বদৃশা যেন তত্ত্বজ্ঞানেন অপনীয়তে তস্মৈ তে তুভ্যং সাংখ্যসিদ্ধান্ত রূপায় নমঃ পরমার্থ জ্ঞানরূপায় ইতি বা ॥ ৩২ ॥

ক্রমসন্দর্ভঃ।

বাঙ্মনসাতীতত্বাদিত্যর্থঃ। যস্য চ তব সংখ্যানাস্তি। অব্যপদেশং বক্তুমশক্যং রূপং নিত্যমেব বিদ্যতে যস্য তস্মৈ ॥ ৩০ ॥

পূর্ব্ববৎ বহুরূপত্বং দর্শিতং। তচ্চ জরায়ুজেত্যাদিনা কিঞ্চিৎ সংখ্যাতং। যত্তু ন যস্য সংখ্যাস্তীত্যুক্তং তস্যৈকত্বান্নাম রূপাদীনা- মেবাসংখ্যত্বমানীতং তেষাং স্বরূপ সিদ্ধং দর্শয়ন্ সংখ্যাতানামারোপিতত্বমাহ ॥ ৩১ ॥

যস্মিন্নিতি। ইয়ং সংখ্যা জরায়ুজাদি রূপা কল্পিতা। প্রথমোপাসনার্থং তদ্রূপত্বেনারোপ্যৈবোপদিষ্টা। যয়াপনীয়তে তস্মৈ তদেক গম্যায়েত্যর্থঃ। সাংখ্যানাং সাংখ্যবিদাং তেষাং নিদর্শনায় সিদ্ধান্তরূপায় ॥ ৩২ । ৩৩ । ৩৪ । ৩৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ক্রমসন্দর্ভঃ।

রথনীড়োঽত্র রথাশ্রয়োরথাঙ্গগত বায়ুময় ভূমিঃ। নতু সূর্য্যোপবেশ রথমধ্য পীঠং রথস্যাল্প প্রমাণত্বাৎ। যথৈব বৈষ্ণবে। যোজনানাং সহস্রাণি ভাস্করস্ত রথো নবেতি। এবমেবহি দশ সহস্রযোজনাত্মকং বক্ষ্যমাণং তন্মণ্ডলং ঘটত ইতি ॥ ২০ ॥
পুরস্তাৎ পশ্চাচ্চ নিযুক্ত ইতি কায়ব্যূহেনাপি ঘটতে ॥ ২১ ॥
ঋষয়শ্চতুর্দশ গন্ধর্ব্বাশ্চতুর্দশেত্যেবমেকৈকশশ্চতুর্দ্দশ দ্বন্দ্বশোমিলিত্বেত্যর্থঃ। সমাস বাচি দ্বন্দ্বশব্দবৎ। তথা সপ্তগণাঃ মাসিমাস্যুপাসত ইত্যন্বয়ঃ ॥ ২২ ॥ ২৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ত্রিংশৎ সহস্রাধিকোনচত্বারিংশল্লক্ষমানেন সম্মিত ইত্যক্ষোয়ং লবণ সাগর সমান সূত্র পাতে প্রথমাক্ষ প্রদেশে গ্রথিত ইতি জ্ঞেয়ং। দ্বিতীয়াক্ষস্য প্রথমাক্ষাদম্প্রমাণত্বাৎ ধ্রুবে কৃতঃ বায়ু পাশেন নিবদ্ধ উপরিভাগো যস্য সঃ ॥ ১৯ ॥
রথস্য নীড়োঽন্তর্গৃহং ষট্‌ত্রিংশল্লক্ষ যোজনোচ্ছ্রিতো নবলক্ষ যোজন বিস্তারঃ। চক্রাচ্চত্বারিংশৎ সহস্রোপরিতনে স্থানে নীড় মধ্যে সূর্য্য উপবিষ্টো জ্ঞেয়ঃ। গায়ত্র্যাদি ছন্দোনামানঃ অরুণেন সারথিনা যোজিতাঃ ॥ ২০ ॥
পুরস্তাৎস্থিতোপি পশ্চাৎ প্রত্যঙ্মুখ আস্তে অশ্বস্থানং বায়ুনোক্তং। সপ্তাশ্বরূপ ছন্দাংসি বহন্তে বামতোরবিং। চক্র পক্ষনিবদ্ধানি চক্রেবাক্ষঃ সমাহিত ইতি ॥ ২১ ॥
সুক্তবাকায় সুভাষিতায় ॥ ২২ ॥

পরিমাণ এক কোটি সার্দ্ধসপ্ত পঞ্চাশৎ লক্ষ যোজন। দ্বিতীয় অক্ষের পরিমাণ তাহার চতুর্থাংশ অর্থাৎ চত্বারিংশৎ লক্ষ সার্দ্ধ সপ্তত্রিংসৎ সহস্র যোজন। প্রথম অক্ষে দ্বিতীয় অক্ষের পূর্ব্বভাগ নিবদ্ধ আছে। এবং তৈল যন্ত্রের ন্যায় ধ্রুবলোকে বায়ু পাশের দ্বারা তাহার উপর ভাগ সংলগ্ন রহিয়াছে ॥ ১৯ ॥

অপর ঐ রথের নীড় অর্থাৎ রথির উপবেশন স্থান, ছত্রিশ লক্ষ যোজন আয়ত, আহার চতুর্থভাগ উচ্চ, ঐ রথের যুগ (জোয়ালি) পরিমাণ তাবৎ সংখ্যক যোজন। ঐ রথে গায়ত্র্যাদি সপ্ত ছন্দ নামক সাতটী অশ্ব অরুণ কর্ত্তৃক যোজিত হইয়া আদিত্য দেবকে বহন করিয়া ভ্রমণ করিতেছে ॥ ২০ ॥

দিবাকরের সারথ্য কর্ম্মে নিযুক্ত হইয়া অরুণ যদিও অগ্রে স্থাপিত হইয়াছেন তথাচ প্রত্যঙ্মুখে অবস্থিত আছেন ॥ ২১ ॥

অপর বালিখিল্য নামক ঋষিগণ, যাঁহাদের দেহের পরিমাণ অঙ্গুষ্ঠ মাত্র এবং যাঁহাদের সংখ্যা ষষ্টি সহস্র, তাঁহারা ঐ সূর্য্যদেবের অগ্রে সুবাক্য প্রয়োগার্থ নিযুক্ত হইয়া নানা প্রকারে স্তব করিতেছেন ॥ ২২ ॥

তথান্যেচ ঋষয়ো গন্ধর্ব্বাপ্সরসো নাগা গ্রামণ্যো যাতুধানা দেবা ইত্যেকৈকশো গণাঃ সপ্ত চতুর্দ্দশ মাসি মাসি ভগবন্তং সূর্য্যমাত্মানং নানা নামানং পৃথঙ্নানামাঃ পৃথক্ কর্ম্মভির্দ্বন্দ্বশ উপাসতে ॥ ২৩ ॥

লক্ষোত্তর সার্দ্ধ নবকোটি যোজন পরিমণ্ডলং ভূবলয়স্য ক্ষণেন গব্যূত্যুত্তরং দ্বিসহস্র যোজনানি স ভুঙ্‌ক্তে ॥ ২৪ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং পঞ্চমস্কন্ধে জ্যোতিশ্চক্রে সূর্য্যরথবর্ণনমেকবিংশোঽধ্যায়ঃ ॥ * ॥ ২১ ॥ * ॥

শ্রীরাজোবাচ ॥

যদেতদ্ভগবত আদিত্যস্য মেরুং ধ্রুবঞ্চ প্রদক্ষিণেন পরিক্রামতো রাশীনামভিমুখং প্রচলিতং

শ্রীধরস্বামী।

একৈকশঃ চতুর্দ্দশঃ দ্বন্দ্বশঃ সপ্তগণাঃ সন্তো মাসি মাস্যুপাসত ইত্যন্বয়ঃ ॥ ২৩ ॥

গব্যূতিঃ ক্রোশযুগং সগব্যূত্যুত্তরং যথা ভবতি ॥ ২৪ ॥

॥ * ॥ ইতি পঞ্চমে একবিংশঃ ॥ * ॥

দ্বাবিংশে সোম শুক্রাদেঃ স্থানমাহোত্তরোত্তরং। তত্তদ্গত্যনুসারেণ ইষ্টানিষ্টে তথা নৃণাং ॥ ০ ॥

রাশীনামভিমুখং অপ্রদক্ষিণঞ্চ উপবর্ণিতং। সব্যেন চলন্ দক্ষিণেন করোতীতি বদতা অমুষ্য বয়ং কথমনুমিমীমহি এতৎ

ক্রমসন্দর্ভঃ।

লক্ষোত্তাদি ভূবলয়স্যেত্যন্তকং গদ্যং ॥ স সূর্য্যঃ ॥ ২৪ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে পঞ্চমস্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভস্য একবিংশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

অভিমুখমত্র প্রদক্ষিণমিত্যর্থঃ ॥ ১ ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মাসি মাসি একৈকস্মিন্ মাসি দ্বাভ্যাং দ্বাভ্যাং ঋষ্যাদিভ্যাং সপ্ত গণা ভবন্তঃ। একৈকশঃ একেনৈকেন ঋষ্যাদিনা তু চতুর্দ্দশগণা ভবন্তো মাসি মাসি উপাসত ইত্যন্বয়ঃ ॥ ২৩ ॥ গব্যূতিঃ ক্রোশযুগং স সূর্য্যঃ গব্যূতি উত্তরং যথাস্যাত্তথা ॥ ২৪ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। একবিংশঃ পঞ্চমস্য সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

দ্বাবিংশে চক্র সূর্য্যাদ্যো গতি ভেদ ব্যবস্থিতিঃ। গ্রহাণাং স্থানমেষাঞ্চেষ্টানিষ্টঞ্চমীর্য্যতে ॥ ০ ॥

পূর্ব্বাধ্যায়ে সব্যেন চলন্ দক্ষিণেন করোতীত্যত্র সংশয়ানঃ পৃচ্ছতি। যদেতদিতি প্রদক্ষিণেন পরিক্রমত ইতি প্রত্যহং দৃশ্য

ঐ রূপে অন্যান্য ঋষি, গন্ধর্ব্ব, অপ্সরা, উরগ, রাক্ষস, দৈত্য ও দেব ইত্যাদি যাহাদের সংখ্যা একে একে চতুর্দ্দশ হয়, তাহারা দুই ব্যক্তিতে সপ্তগণ হইয়া প্রতিমাসে পৃথক্ পৃথক্ কর্ম্ম দ্বারা নানা নামধারি পরমাত্ম রূপি ঐ ভগবান্ সূর্য্যের উপাসনা করিতেছেন ॥ ২৩ ॥

রাজন্ আদিত্যদেব এই প্রকারে ঋষ্যাদিগণে পরিবৃত হইয়া ভূমণ্ডলের নবকোটি একপঞ্চাশৎ লক্ষ যোজন গমন করত প্রত্যেক ক্ষণে দুই সহস্র যোজন ভ্রমণ করিয়া থাকেন ॥ ২৪ ॥

॥ * ॥ ইতি পঞ্চমে একবিংশ ॥ * ॥

দ্বাবিংশতি অধ্যায়ে জ্যোতিশ্চক্র মধ্যে উত্তরোত্তর সোম শুক্রাদির স্থান এবং তাহাদের গত্যনুসারে মানবগণের ইষ্টানিষ্ট ॥ ০ ॥

রাজা পরীক্ষিৎ জিজ্ঞাসা করিলেন ব্রহ্মন্! আপনি এই যে বর্ণন করিলেন ভগবান্ আদিত্য সুমেরু ও ধ্রুবকে প্রদক্ষিণ করিয়া ভ্রমণ করিতে করিতে রাশি সকলের অভিমুখে অথচ অপ্রদক্ষিণে গমন

চাপ্রদক্ষিণং ভগবতোপবর্ণিতমমুষ্য বয়ং কথমনুমিমীমহীতি ॥ ১ ॥

সহোবাচ ॥

যথা কুলালচক্রেণ ভ্রমতা সহ ভ্রমতাং তদাশ্রয়াণাং পিপীলিকাদীনাং গতিরন্যৈব প্রদেশান্তরেষপ্যুপলভ্যমানত্বাৎ। এবং নক্ষত্র রাশিভিরুপলক্ষিতেন কালচক্রেণ ধ্রুবং মেরুঞ্চ প্রদক্ষিণতঃ পরিধাবতা সহ পরিধাবমানানাং তদাশ্রয়াণাং সূর্য্যাদীনাং গ্রহাণাং গতিরন্যৈব নক্ষত্রান্তরে রাশ্যন্তরেচ উপলভ্যমানত্বাৎ ॥ ২ ॥

স এষ ভগবানাদিপুরুষ এব সাক্ষান্নারায়ণো লোকানাং স্বস্তয় আত্মানং ত্রয়ীময়ং কর্ম্ম বিশুদ্ধি নিমিত্তং কবিভিরপি বেদেন বিজিজ্ঞাস্যমানো দ্বাদশধা বিভজ্য ষট্সু বসন্তাদিষৃতুষু যথোপজোষমৃতুগুণান্ বিদধাতি ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

কথং জানীমঃ বিরুদ্ধত্বাদিত্যর্থঃ ॥ ১ ॥

চক্রবশাৎ স্বতশ্চ গতিদ্বয়মবিরুদ্ধমিতি পরিহারার্থঃ ॥ ২ ॥

তত্তৎ কালনিয়মেন কর্ম্মণাং বিশুদ্ধেঃ সাদগুণ্যস্য নিমিত্ত ভূতমাত্মানং বিভজ্য বিজিজ্ঞাস্যমানঃ বিতর্ক্যমাণঃ যথোপজোষং যথা কর্ম্মভোগং। ঋতুগুণান্ শীতোষ্ণাদীন্ ॥ ৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

সাক্ষান্নারায়ণঃ সূর্য্যরূপোবিষ্ণুঃ ॥ ৩ ॥ ৪ ॥ ৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মানত্বাৎ। রাশীনামভিমুখত্ত্ব অপ্রদক্ষিণং প্রচলনমমুষ্য ত্বয়া বর্ণিতং এতৎ কথমনুমিমীমহি জানীমোবিরুদ্ধত্বাদিত্যর্থঃ ॥ ১ ॥

স শুকঃ হস্পষ্টমুবাচ। সহ ভ্রমতাং চক্রবৈপরীত্যেন চলতাং চক্রবশাৎ স্বতশ্চেতি গতি দ্বয়মবিরুদ্ধমিতি বাক্যার্থঃ ॥ ২ ॥

স প্রসিদ্ধঃ এস কালরূপী ভগবান্ কর্ম্মণাং বিশুদ্ধে নিমিত্তং তেষাং তত্তৎ কালনিয়তত্বাদিত্যর্থঃ। দ্বাদশধা বিভজ্য ঋতু রূপেণ ষোঢ়াচ বিভজ্য যথোপজোষং যথা কর্ম্মভোগং ঋতুগুণান্ শীতোষ্ণাদীন্ ॥ ৩ ॥

করেন, ইহা আমাদের বিবেচনায় পরস্পর বিরুদ্ধ প্রতীতি হইতেছে, এ বিষয় কি প্রকারে অবগত হইতে পারিব? ॥ ১ ॥

যোগিবর শুকদেব রাজার সংশয় ছেদনার্থ স্পষ্টরূপে কহিলেন। মহারাজ! যেমন কুলালচক্র একদিকে মুখ করিয়া ভ্রমণ করিতে থাকিলেও সেই চক্রাশ্রিত পিপীলিকা সকল যাহারা অন্যদিকে মুখ করিয়া ভ্রমণ করে, তাহাদের অন্য প্রদেশে অন্য প্রকার গতি উপলব্ধি হয় তাহার ন্যায়, যে কালচক্র ধ্রুব ও সুমেরু প্রদক্ষিণ করিয়া ভ্রমণ করিতেছে তাহা নক্ষত্র ও রাশিচক্রে উপলক্ষিত হইলেও ঐ সকল চক্রে পৃথক্ পৃথক্ ভ্রমণকারি সূর্য্যাদি গ্রহগণের অন্য প্রকার গতি হইবে অসম্ভাব্য কি? এই নিমিত্তই নক্ষত্রান্তরে ও রাশ্যন্তরে অন্য প্রকার গতি উপলব্ধ হইয়া থাকে ॥ ২ ॥

রাজন্! সেই প্রসিদ্ধ কালরূপী সাক্ষাৎ ভগবান্ আদি পুরুষই লোকদিগের মঙ্গলার্থ কর্ম্ম শুদ্ধির নিমিত্ত আপনার বেদময় বপুকে দ্বাদশ প্রকারে বিভাগ করত সূর্য্যরূপী হইয়া ছয় ঋতুতে কর্ম্ম সকলের ভোগানুসারে তত্তৎ ঋতুর গুণ অর্থাৎ শীতোষ্ণাদি বিধান করেন। পরম পুরুষ ভগবানের এই ব্যাপারে পণ্ডিতগণও বেদশাস্ত্র পর্য্যালোচনা পূর্ব্বক বিতর্ক করিয়া থাকেন ॥ ৩ ॥

তমেনমিহ পুরুষাস্ত্রয্যা বিদ্যয়া বর্ণাশ্রমাচারানুপথা উচ্চাবচৈঃ কর্ম্মভিরাম্নাতৈর্যোগবিতা নৈশ্চ শ্রদ্ধয়া যজন্তোঽঞ্জসা শ্রেয়ঃ সমধিগচ্ছন্তি ॥ ৪ ॥

অথ সএব আত্মা লোকানাং দ্যাবাপৃথিব্যোরন্তরেণ নভো বলয়স্য কালচক্রগতো দ্বাদশ মাসান্ ভুঙ্ক্তে রাশিসংজ্ঞকান্ সম্বৎসরাবয়বান্ ॥ ৫ ॥

মাসঃ পক্ষদ্বয়ং সপাদর্ক্ষদ্বয়ং দিবানক্তঞ্চেত্যুপদিশন্তি ॥ ৬ ॥

যাবতা ষষ্ঠমংশং ভুঞ্জীত স বৈ ঋতুরিত্যুপদিশ্যতে সম্বৎসরাবয়বঃ।

অথচ যাবতার্দ্ধেন নভোবীথ্যাঃ প্রচরতি তং কালময়নমাচক্ষতে ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

বর্ণাশ্রমাচারানুবর্ত্তিনঃ পুরুষাস্ত্রয্যা আম্নাতৈঃ কর্ম্মভিরিন্দ্রাদিরূপং যোগবিতানৈশ্চ ধ্যানাদিভি রন্তর্যামিরূপং পূজয়ন্তঃ ॥ ৪ ॥

সএব স্বগত্যা মানাদি ব্যবহার কারণমিত্যাহ। সএব লোকানামাত্মা দ্যাবা পৃথিব্যোরন্তরেণ মধ্যে যন্নভো বলয়ং অন্তরীক্ষং তস্য মধ্যে যৎকাল চক্রং তদ্গতঃ রাশিভির্মেষাদিভিঃ সংজ্ঞা যেষাং চৈত্রাদি সংজ্ঞাস্তু চান্দ্রমাসানাং ॥ ৫ ॥

মাসমাহ পক্ষদ্বয়ং মাস ইতি চান্দ্রেণ মানেন। সপাদ নক্ষত্রদ্বয়ং। সৌরেণ দিবানক্তঞ্চ অহোরাত্রমিতি পিত্র্যেণ ॥ ৬ ॥

ষষ্ঠমংশং রাশিদ্বয়ং ॥ ৭ ॥

ক্রমসন্দর্ভঃ।

পক্ষদ্বয়ং মাস ইত্যুপদিশন্তি। চান্দ্রেণ মানেন দিবানক্তং চেত্যুপদিশন্তি পৈত্র্যেণ সপাদর্ক্ষদ্বয়ঞ্চ মাস ইত্যুপদিশন্তি সৌরেণ ॥৬। ৭॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অনুপথা অনুবর্ত্তিনঃ ত্রয্যা আম্নাতৈঃ কর্ম্মভিরেনং সূর্য্যমেব ইন্দ্রাদিরূপং যোগবিতানৈশ্চাষ্টাঙ্গৈরন্তর্যামি রূপঞ্চ যজন্তঃ ॥ ৪ ॥

সূর্য্যগত্যৈব মাসাদি ব্যবহার ইত্যাহ। অথেতি দ্যাবাপৃথিব্যো র্মধ্যে যন্নভোবলয়ং তস্য কালচক্র গতঃ তৎ সম্বন্ধি জ্যোতিশ্চক্রস্থিতঃ ॥ ৫ ॥

মাসএব কস্তত্রাহ পক্ষদ্বয়ং মাস ইতি চান্দ্রেণ মানেন দিবা নক্তমিতি পৈত্র্যেণ সপাদ নক্ষত্রদ্বয়ং সৌরেণ। স্বগন্তব্য নভোমণ্ডলস্য যাবতা দ্বাদশমংশং ভুঙ্ক্তে সূর্য্যঃ স কালো মাসঃ অত্রানুক্তোপি জ্ঞেয়ঃ ॥ ৬ ॥

ষষ্ঠমংশং মাসদ্বয়ং ॥

অর্দ্ধেন অর্দ্ধং মাস ষট্কং ভুঙ্ক্তে ইত্যর্থঃ ॥ ৭ ॥

অতএব যে সকল পুরুষ বর্ণাশ্রমাচারানুবর্ত্তী, তাঁহারা বেদোক্ত কর্ম্ম দ্বারা ইন্দ্রাদি রূপি এবং ধ্যানাদি অষ্টাঙ্গ যোগ বিস্তার দ্বারা শ্রদ্ধা পূর্ব্বক অন্তর্যামি রূপি সেই ভগবানের অর্চ্চনা করত অনায়াসে শ্রেয়ঃ প্রাপ্ত হইয়া থাকেন ॥ ৪ ॥

ঐ আদিত্য সকল লোকের আত্মা; স্বর্গ ও পৃথিবীর মধ্যে যে আকাশ মণ্ডল রহিয়াছে তন্মধ্যস্থিত কালচক্রে অবস্থিত হইয়া দ্বাদশ মাস (রাশি) ভোগ করেন। মেষাদি রাশির নামই ঐ সকল মাসের নাম, ঐ মাস সকলই সম্বৎসরের অবয়ব ॥ ৫ ॥

হে পাণ্ডবেয়! মাস সকল ভিন্ন ভিন্ন প্রকারে হইয়া থাকে, যথা—চান্দ্রমানে দুই পক্ষে এক মাস হয়, সৌরমানে ঐ সূর্য্যের সওয়া দুই নক্ষত্র ভোগকাল এক মাস। ঐ এক মাস পিত্র্যমাসের অহোরাত্র অর্থাৎ পিতৃলোকের পরিমাণে কৃষ্ণপক্ষ দিন ও শুক্লপক্ষ রাত্রি ॥ ৬ ॥

অপর হে রাজন্। ভগবান্ আদিত্য যত কালে সম্বৎসরের ষষ্ঠভাগ অর্থাৎ দুই রাশি ভোগ করেন, সেই কালকে ঋতু বলা গিয়া থাকে, অতএব ঐ ঋতুও সম্বৎসরের এক অবয়ব। এই প্রকারে দিবাকর যত কালে আকাশ মণ্ডলের অর্দ্ধভাগে ভ্রমণ অর্থাৎ ছয়মাস ভোগ করেন, সেই কাল অয়ন বলিয়া উক্ত হইয়া থাকে ॥ ৭ ॥

অথচ যাবন্নভোমণ্ডলং সহ দ্যাবা পৃথিব্যো র্মণ্ডলাভ্যাং কার্ৎস্ন্যেন সহ ভুঞ্জীত তং কালং সম্বৎসরং পরিবৎসরমিদাবৎসরমনুবৎসরং বৎসরমিতি।
ভানো র্মান্দ্য শৈঘ্র্য সমগতিভিঃ সমামনন্তি॥ ৮॥
এবং চন্দ্রমা অর্কগভস্তিভ্যঃ উপরিষ্টাল্লক্ষযোজনত উপলভ্যমানোর্কস্য সম্বৎসর ভুক্তিং পক্ষাভ্যাং মাসভুক্তিং সপাদর্ক্ষাভ্যাং দিনেনৈব পক্ষভুক্তিমগ্রচারী দ্রুততর গমনো ভুঙ্‌ক্তে॥ ৯॥
অথ চাপূর্য্যমাণাভিশ্চ কলাভিরমরাণামপক্ষীয়মাণাভিশ্চ কলাভিঃ পিতৃণামহোরাত্রাণি পূর্ব্ব

শ্রীধরস্বামী।

মণ্ডলাভ্যাং সহ ভুঞ্জীত সহ সহি সূর্য্যঃ যদা শুক্ল প্রতিপদি সংক্রান্তি র্ভবতি তদা সৌরচান্দ্রয়ো র্মাসয়ো র্যুগপদুক্রমো ভবতি স সম্বৎসরঃ। ততঃ সৌরমানেন বর্ষে ষড়্‌দিনানি বর্দ্ধন্তে চান্দ্রমানেন ষট্‌ হ্রসন্তীতি দ্বাদশ দিন ব্যবধানাদুভয়োরগ্রপশ্চাদ্ভাবো ভবতি। এবং পঞ্চবর্ষাণি গচ্ছন্তি তন্মধ্যে দ্বৌ মলমাসৌ ভবতঃ। ততঃ পুনঃ ষষ্ঠঃ সম্বৎসরো ভবতি তদেবমবান্তর ভেদেন সম্বৎসরাদি পঞ্চকং সমামনন্তি॥ ৮॥
সোমাদীনামপি স্থানং কার্য্যঞ্চাহ এবং চন্দ্রমা ইতি। অর্কগভস্তিভ্যো মণ্ডলরূপেভ্যঃ সপাদর্ক্ষাভ্যাং সপাদ দিন দ্বয়েন॥ ৯॥
সর্ব্বেষাং জীবনিবহানাং প্রাণোঽন্নময়ত্বাৎ অমৃত ময়ত্বাচ্চ অতএব জীবন হেতুত্বাৎ জীবঃ॥ ১০॥

ক্রমসন্দর্ভঃ।

উগ্রাচরণ শীলত্বাদেব দ্রুততর গমনঃ॥ ৯। ১০। ১১। ১২। ১৩। ১৪। ১৫। ১৬। ১৭॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

দ্যাবা পৃথিব্যোরিতি দ্যুমণ্ডলপৃথিবীমণ্ডলয়োর্ম্মধ্যবর্ত্তিনা নভোমণ্ডলেন তুল্যত্বমেব জ্ঞাপিতং নত্বন্যথাধিক্যং সংবৎসরাদি নাম ভেদঃ সৌরচান্দ্রাদি কৃত্যোপযোগিত্বেন তৃতীয়স্কন্ধ এব বিবৃতঃ॥ ৮॥
চন্দ্রাদীনামপি স্থানং কার্য্যঞ্চাহ অর্কগভস্তয়োঽর্কমণ্ডলং ততঃ লক্ষেতি ভূতলাদ্দ্বিলক্ষ ইত্যর্থঃ। সপাদর্ক্ষাভ্যাং সপাদদিন দ্বয়েন দিনেনৈবেতি। যদ্যগ্রচারী কদাচিৎ স্যাৎ তদা দ্রুততর গমনঃ সন্ দিনেনৈব পক্ষভুক্তিং ভুঙ্‌ক্তে অন্যদাতু সার্দ্ধ সপ্ত ঘটিকোত্তরেণ দিনেন॥ ৯॥
আপূর্য্যমাণাভিরিতি শুক্ল কৃষ্ণ পক্ষাভ্যাং দেবানামহোরাত্রৌ। শুক্ল কৃষ্ণ পক্ষাভ্যাং পিতৃণামিতি দেব পিতৃ পূজার্থং দেব

এই রূপ সূর্য্য যাবৎকালে স্বর্গ মণ্ডল ও পৃথিবী মণ্ডল এই দুই মণ্ডল নভোমণ্ডল সহিত সম্পূর্ণ রূপে ভ্রমণ করিয়া ভোগ করেন সেই কাল সম্বৎসর। ঐ সম্বৎসর সূর্য্যের মন্দ, শীঘ্র ও সমান গতি দ্বারা সম্বৎসর, পরিবৎসর, ইদাবৎসর, অনুবৎসর ও বৎসর এই পাঁচ নামে বিভক্ত হয়। পণ্ডিতগণ এই রূপ কহিয়া থাকেন॥ ৮॥

মহারাজ! সূর্য্য মণ্ডলের উপরে লক্ষযোজন হইতে অর্থাৎ ভূতল হইতে দ্বিলক্ষ যোজনের উপরিভাগে চন্দ্রমা দৃশ্য হয়েন। তিনি দুই পক্ষে সূর্য্যের সম্বৎসর এবং সওয়া দুই দিনে সূর্য্যের একমাস ও এক এক দিনে সূর্য্যের এক এক পক্ষ ভোগ করেন। কখন কখন চন্দ্রের গতি অতিশয় দ্রুত হয়। তাহাতে ঐ গ্রহ সূর্য্য অপেক্ষাও উগ্রচারী হইয়া থাকেন॥ ৯॥

সে যাহা হইক, চন্দ্র মণ্ডলের কলা সকল যখন আপূর্য্যমাণ অর্থাৎ বৃদ্ধিশীল হয় তখন দেবগণের দিন এবং যখন ক্রমে ক্রমে ক্ষীণ হয় তখন পিতৃলোকদের দিন হয়। রাজন্! সোমগ্রহ এই প্রকারে শুক্ল ও কৃষ্ণ দ্বারা দেব ও পিতৃ সম্বন্ধীয় অহোরাত্র বিধান করত ত্রিংশৎ মুহূর্ত্তে এক নক্ষত্র ভোগ

পক্ষাপরপক্ষাভ্যাং বিতন্বানঃ সর্ব্বজীবনিবহপ্রাণো জীবশ্চ একমেকং নক্ষত্রং ত্রিংশতা মুহূর্ত্তৈ ভুঙ্‌ক্তে ॥ ১০ ॥

সএষ ষোড়শকলঃ পুরুষো ভগবান্ মনোময়োঽন্নময়োঽমৃতময়ো দেবপিতৃ মনুষ্য ভূত পশু পক্ষি সরীসৃপ বীরুধাং প্রাণাপ্যায়ন শীলত্বাৎ সর্ব্বময় ইতি বর্ণয়ন্তি ॥ ১১ ॥

তত উপরিষ্টাদ্দ্বিলক্ষ যোজনতো নক্ষত্রাণি মেরুং দক্ষিণেনৈব কালায়নে ঈশ্বরযোজিতানি সহাভিজিতাঽষ্টাবিংশতিঃ ॥ ১২ ॥

তত উপরিষ্টাদুশনা দ্বিলক্ষযোজন উপলভ্যতে পুরতঃ পশ্চাৎ সহৈবার্কস্য শৈত্র্য মান্দ্য

শ্রীধরস্বামী।

তদেবাহ সএষ ইতি ॥ ১১ ॥

দক্ষিণেনৈব নতু তেষাং পৃথগন্যা গতিরস্তীতার্থঃ। কালায়নে কালচক্রে। উত্তরাষাঢ়া শ্রবণাসন্ধৌ অভিজিন্নক্ষত্রং ফল বিশেষেণ পৃথক্ কল্পিতং। তথাচ শ্রুতিঃ। অভিজিন্নাম নক্ষত্রমুপরিষ্টাৎ আষাঢ়ানামধস্তাৎ শ্রোণায়া ইত্যাদি ॥ ১২ ॥

পুরতঃ সূর্য্যেণ ভোক্ষ্যমাণেন নক্ষত্রে পশ্চাৎ ভুক্তে সহৈব ভুজ্যমানে চারেণ ক্রমস্থ নক্ষত্রাদ্যতিক্রমেণ বৃষ্টে বিষ্টম্ভঃ স্তম্ভনং

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

পিত্রোরহোরাত্র ব্যবস্থতার্থঃ। ওষধীশব্দেনান্নময়ত্বাৎ প্রাণঃ। অন্নং হি প্রাণিনাং প্রাণা ইতি স্মৃতেঃ। অতএব জীবন হেতুত্বাদমৃতময়ত্বাচ্চ জীবঃ ॥ ১০ ॥

মনসোঽধিষ্ঠাতৃত্বান্মনোময়ঃ ॥ ১১ ॥

ত্রিলক্ষেতি ভূতলাত্তু পঞ্চলক্ষতঃ। দক্ষিণেনৈবেতি তেষাং পৃথগ্‌গত্যভাবাৎ। কালায়নে কালচক্রে সহাভিজিতেতি অভিজিন্নাম নক্ষত্রং উপরিষ্টাদাষাঢ়ানাং অধস্তাচ্ছ্রোণায়া ইতি শ্রুতেঃ। উত্তরাষাঢ়া শেষার্দ্ধা শ্রবণাদৌ লিপ্তিকা চতুষ্কেচ অভিজিদিতি জ্যোতিষাচ্চ। লিপ্তিকাদণ্ডঃ ॥ ১২ ॥

দ্বিলক্ষেতি ভূতলাত্তু সপ্ত লক্ষতঃ চারেণ সঞ্চারেণ ॥

বৃষ্টে বিষ্টম্ভ স্তম্ভনং যস্মাত্তমরিষ্টমুপশময়তীতি সঃ ॥ ১৩ ॥

করেন। ঐ গ্রহ অন্নময় ও অমৃতময় এ প্রযুক্ত সকল জীবের প্রাণ এবং তিনি সকলের জীবন হেতু, ইহাতে তাঁহাকে জীবও বলিতে পারা যায় ॥ ১০ ॥

অতএব ষোড়শ কলাবিশিষ্ট চন্দ্র রূপী ভগবান্ পরম পুরুষ মনোময় অন্নময় এবং অমৃতময়। অধিকন্তু তিনি দেব, পিতৃ, মনুষ্য ভূত, পশু, পক্ষী, সরীসৃপ, লতা, গুল্ম এ সকলের প্রাণকে আপ্যায়িত করিয়া থাকেন, ইহাতে ঋষিরা তাঁহাকে সর্ব্বময় বলিয়াও বর্ণন করেন ॥ ১১ ॥

রাজন্! উল্লিখিত চন্দ্র মণ্ডলের দুই লক্ষ যোজন উপরে নক্ষত্র সকল সুমেরুর দক্ষিণ দিকে কালচক্রে ঈশ্বর কর্ত্তৃক যোজিত হইয়া ভ্রমণ করিতেছে, ঐ সকলের সংখ্যা অভিজিৎ নক্ষত্র সহিত অষ্টাবিংশতি ॥ ১২ ॥

হে ভারত! নক্ষত্র মণ্ডলের দুই লক্ষ যোজন উপরে শুক্রগ্রহ আছেন, সম্মুখে সূর্য্য কোন নক্ষত্র ভোগ করিতে থাকিলে ঐ গ্রহ তাহার পশ্চাৎ দিকে ভোগ করেন, এক সঙ্গে ভোগ করিবার সময় হইলে অতিচারী হইয়া অর্থাৎ ক্রমস্থ নক্ষত্রাদিকে অতিক্রমণ করিয়া ভোগ করেন। এই শুক্র গ্রহেরও সূর্য্যের ন্যায় শীঘ্র, মন্দ ও সমান গতি হইয়া থাকে। তিনি সর্ব্বদা লোকদের অনুকূল এবং তাঁহার

সাম্যাভির্গতিভিরর্কবচ্চরতি লোকানাং নিত্যদানুকূল এব প্রায়েণ বর্ষয়ংশ্চারেণানুমীয়তে স বৃষ্টিবিষ্টম্ভ গ্রহোপশমনঃ ॥ ১৩ ॥
উশনসা বুধো ব্যাখ্যাতঃ ॥ ১৪ ॥
তত উপরিষ্টাৎ দ্বিলক্ষযোজনতো বুধঃ সোমসুত উপলভ্যমানঃ প্রায়েণ শুভকৃৎ। যদার্কাদ্ব্যতিরিচ্যতে তদাতিবাতাভ্র প্রায়ানাবৃষ্ট্যাদিভয়মাশংসতে ॥ ১৫ ॥
অত ঊর্দ্ধমঙ্গারকোপি যোজন লক্ষদ্বিতয় উপলভ্যমানস্ত্রিভিস্ত্রিভিঃ পক্ষৈরেকৈকশো রাশীন্ দ্বাদশানুভুঙ্‌ক্তে যদি ন বক্রেণাভিবর্ত্ততে প্রায়েণাশুভগ্রহোঽঘশংসঃ ॥ ১৬ ॥
তত উপরিষ্টাৎ দ্বিলক্ষযোজনান্তরগতো ভগবান্ বৃহস্পতিরেকৈকস্মিন্ রাশৌ পরিবৎসরং পরিবৎসরং প্রচরতি যদি ন বক্রঃ স্যাৎ প্রায়েণানুকূলো ব্রাহ্মণকুলস্য তত উপরিষ্টাদ্‌যোজন লক্ষ দ্বয়াৎ প্রতীয়মানঃ শনৈশ্চর একৈকস্মিন্ রাশৌ ত্রিংশত্তং ত্রিংশত্তং মাসান্ বিলম্বমানঃ সর্ব্বানেবাঽনু

শ্রীধরস্বামী।

যস্মাৎ গ্রহাৎ তমুপশময়তীতি তথা ॥ ১৩ ॥
বুধো ব্যাখ্যাতঃ পুরতঃ পশ্চাৎ সহৈব বা চরতীতি ॥ ১৪ ॥
কিঞ্চিদ্বিশেষঞ্চাহ তত ইত্যাদিনা। আশংসতে সূচয়তি ॥ ১৫ ॥
অঘশংসঃ দুঃখসূচকঃ। যদি ন বক্রেণাতিবর্ত্ততে তর্হি ত্রিভিস্ত্রিভিঃ পক্ষৈঃ ॥ ১৬ ॥
যদি ন বক্রঃ স্যাৎ তর্হি পরিবৎসরং ॥ ১৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

উশনসা বুধো ব্যাখ্যাত ইতি পুরতঃ পশ্চাৎ সহৈব বা চরতীত্যংশেন তত্তুল্যঃ ॥ ১৪ ॥
দ্বিলক্ষেতি ভূতলাত্তু নবলক্ষ ইত্যর্থঃ ॥ ১৫ ॥
লক্ষদ্বিতীয় ইতি ভূতলাদেকাদশলক্ষে। যদি ন বক্রেণেতি পূর্ব্বেণান্বয়ঃ। অঘশংসঃ দুঃখসূচকঃ ॥ ১৬ ॥
দ্বিলক্ষেতি ভূতলাত্তু ত্রয়োদশ লক্ষে। যদি ন বক্র ইতি পূর্ব্বেণান্বয়ঃ ॥

সঞ্চারে প্রায় বৃষ্টি হয়। ফলতঃ যে সকল গ্রহ বৃষ্টির স্তম্ভনকারী তাঁহা হইতে তাহাদিগের শান্তি হইয়া থাকে ॥ ১৩ ॥

হে রাজন্! শুক্রগ্রহের যে রূপ সংস্থান ও গতি, বুধগ্রহেরও তদ্রূপ জানিবে অর্থাৎ বুধগ্রহও কখন সূর্য্যের অগ্রে ও পশ্চাৎ, কখন বা এক সঙ্গে সঞ্চরণ করিয়া থাকেন ॥ ১৪ ॥

পরন্তু শুক্র গ্রহের দুই লক্ষ যোজন উপরে ঐ বুধগ্রহ দৃশ্য হয়। এই চন্দ্রতনয় বুধ লোকদিগের প্রায় শুভকারী, কিন্তু যখন সূর্য্য হইতে অতিচারী হইয়া যান, তখন প্রায় প্রবল বায়ু, নির্জ্জল মেঘাড়ম্বর এবং অনাবৃষ্টি প্রভৃতির ভয় বিস্তার করিয়া থাকেন ॥ ১৫ ॥

বুধের উপরিভাগে মঙ্গল গ্রহ, তিনিও দুই লক্ষ যোজন হইতে দৃশ্য হয়েন। এই গ্রহ তিন পক্ষে ক্রমে ২ দ্বাদশ রাশি ভোগ করেন, কিন্তু যদি ইহাঁর বক্রগতি না হয় তাহা হইলে প্রায় অমঙ্গল সূচক অশুভগ্রহ হইয়া থাকেন ॥ ১৬ ॥

মঙ্গল গ্রহ হইতে দুই লক্ষ যোজনের পর বৃহস্পতি গ্রহ, তাঁহার যদি বক্র গতি না হয়, তবে এক এক রাশিতে পরিবৎসর ভ্রমণ করেন। এই গ্রহ ব্রাহ্মণকুলের প্রতি অনুকূল হইয়া থাকেন। বৃহস্পতির উপরে দুই লক্ষ যোজনের পর শনৈশ্চর গ্রহ প্রকাশ পান, তাঁহার প্রত্যেক রাশিতে ত্রিশ

পর্য্যেতি তাবদ্ভিরনুবৎসরৈঃ প্রায়েণহি সর্ব্বেষামশান্তিকরঃ তত উত্তরস্মাদৃষয় একাদশ লক্ষ যোজনান্তর উপলভ্যন্তে য এব লোকানাং শমনুভাবয়ন্তোভগবতো বিষ্ণোর্যৎ পরমং পদং প্রদক্ষিণং প্রক্রামন্তি॥ ১৭॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং পঞ্চমস্কন্ধে জ্যোতিশ্চক্রবর্ণনে দ্বাবিংশোঽধ্যায়ঃ ॥ * ॥ ২২ ॥ * ॥

শ্রীশুক উবাচ॥

অথ তস্মাৎ পরতস্ত্রয়োদশলক্ষযোজনান্তরতো যত্তদ্বিষ্ণোঃ পরমং পদমভিবদন্তি॥ ১॥

যত্র মহাভাগবতো ধ্রুব ঔত্তানপাদিরগ্নিনেন্দ্রেণ প্রজাপতিনা কশ্যপেন ধর্ম্মেণচ সমকাল

শ্রীধরস্বামী।

॥ * ॥ ইতি পঞ্চমে দ্বাবিংশঃ ॥ * ॥

ত্রয়োবিংশে ধ্রুবস্থানং জ্যোতিশ্চাক্রশ্রয়ং ততঃ। শিশুমার স্বরূপেণ হরেশ্চ স্থিতিরুচ্যতে॥ ০॥

যত্তৎ প্রসিদ্ধং বিষ্ণোঃ পদং॥ ১॥

যত্র ধ্রুব উপাস্তে তিষ্ঠতীত্যন্বয়ঃ। সমকালমেব যুক্তাস্ত ইতি তথাতৈ র্নক্ষত্র রূপৈঃ॥ ২॥

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবত পঞ্চমস্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভস্য দ্বাবিংশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

ত্রিভিঃ সবনৈঃ পূর্ব্বমধ্যাপরাহ্লেষু কৃষক কর্ত্তৃকপরিবর্ত্তনেনেত্যর্থঃ॥ ১। ২। ৩॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যোজনলক্ষদ্বয়াদিতি ভূতলাত্তু পঞ্চদশ লক্ষে॥

একাদশ লক্ষ ইতি ভূতলাত্তু ষড়্‌বিংশলক্ষ পরমং পদং ধ্রুবলোকং॥ ১৭॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। দ্বাবিংশঃ পঞ্চমোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

ধ্রুবলোকং ত্রয়োবিংশে প্রাহ বিষ্ণুপদাভিধং। শিশুমারাকারতয়া জ্যোতিশ্চক্রঞ্চ দর্শিতঃ॥ ০॥

ত্রয়োদশেতি ভূতলাদেকোনচত্বারিংশল্লক্ষে॥ ১॥

সমকালমেব যুক্তাস্ত ইতি তৈরগ্ন্যাদিভি র্নক্ষত্র রূপৈঃ;

ত্রিশ মাস বিলম্ব হয় এবং তাবৎ সংখ্যক পরিবৎসরে অর্থাৎ ত্রিশ বৎসরে দ্বাদশ রাশি ভ্রমণ সমাপ্ত হইয়া থাকে, ইনি প্রায় সকল লোকেরই অশান্তি কর। শনৈশ্চরের উত্তর দিকে একাদশ লক্ষ যোজন ব্যবধানে ঋষিগণ দৃশ্য হয়েন। তাঁহারা লোক সকলের শান্তি বিধান করতঃ ভগবান্ বিষ্ণুর পরম পদ অর্থাৎ ধ্রুবলোককে বেষ্টন করিয়া নিয়ত পরিভ্রমণ করিতেছেন॥ ১৭॥

॥ * ॥ ইতি পঞ্চমে দ্বাবিংশ ॥ * ॥

ত্রয়োবিংশতি অধ্যায়ে জ্যোতিশ্চক্রের আশ্রয় স্বরূপ ধ্রুবস্থান এবং শিশুমার রূপে ভগবান্ হরির অবস্থিতি বর্ণন॥ ০॥

শুকদেব কহিলেন হে রাজন্! ঋষিদিগের যে স্থান বর্ণন করিয়াছি তাহা হইতে ত্রয়োদশ লক্ষ যোজন অন্তরে বিষ্ণুর সেই প্রসিদ্ধ পরম স্থান, পণ্ডিতগণ এ রূপ কহিয়া থাকেন॥ ১॥

যেখানে উত্তানপাদ রাজার পুত্র পরম ভাগবত ধ্রুব যে সকল অগ্নি, ইন্দ্র, প্রজাপতি, কশ্যপ এবং ধর্ম্ম, এক সময়ে নক্ষত্র রূপী হইয়াছিলেন, তাঁহাদের কর্ত্তৃক এখনও প্রদক্ষিণী কৃত এবং কল্প জীবিদিগের

যুগ্‌ভিঃ সবহুমানং দক্ষিণতঃ ক্রিয়মাণ ইদানীমপি কল্পজীবিনামাজীব্য উপাস্তে তস্য মহানুভাব উপবর্ণিতঃ। স হি সর্ব্বেষাং জ্যোতির্গণানাং গ্রহনক্ষত্রাদীনামনিমিষেণাব্যক্ত রংহসা ভগবতা কালেন ভ্রাম্যমাণানাং স্থাণুরিবাবষ্টম্ভ ঈশ্বরেণ বিহিতঃ শশ্বদবভাসতে ॥ ২ ॥

যথা মেধীস্তম্ভ আক্রমণপশবঃ সংযোজিতাস্ত্রিভিঃ সবনৈর্যথাস্থানং মণ্ডলানি চরন্তি। এবং ভগণা গ্রহাদয় এতস্মিন্নন্তর্ব্বহির্যোগেন কালচক্র আযোজিতা ধ্রুবমেবাবলম্ব্য বায়ুনোদীর্য্যমাণা আকল্পান্তং পরিতঃ ক্রামন্তি ॥ ৩ ॥

নভসি যথা মেঘাঃ শ্যেনাদয়ো বায়ুবশাঃ কর্ম্মসারথয়ঃ পরিবর্ত্তন্তে এবং জ্যোতির্গণাঃ প্রকৃতি পুরুষসংযোগানুগৃহীতাঃ কর্ম্মনির্ম্মিতগতয়ো ভুবি ন পতন্তি ॥ ৪ ॥

শ্রীধরস্বামী ।

মেধীস্তম্ভে বদ্ধা ধান্যাক্রমণপশবো বলীবর্দ্দাঃ ॥ ৩ ॥

কর্ম্মসারথিঃ সহায়ো যেষাং ॥ ৪ ॥

ক্রমসন্দর্ভঃ ।

প্রকৃতি পুরুষ সংযোগানুগৃহীতাঃ পুরুষাধিষ্ঠিতমায়াবশীকৃতা ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

স্থাণুরিবেতি শ্লেষেণ কালচক্রেণ চালয়িতুমশক্যত্বাৎ স এবৈকঃ স্থির ইত্যর্থঃ। প্রত্যুত কালচক্রস্যাবষ্টম্ভঃ। তেন সর্ব্বে কালচক্রাধীনাঃ ধ্রুবস্তু কালচক্রমপ্যধীনী করোতীতি ধ্বনিঃ। নম্বীদৃশী যোগ্যতা তস্য কথমভূত্তত্রাহ ঈশ্বরেণ কর্ত্তুমকর্ত্তুমন্যথা কর্ত্তুমপি সমর্থেন বিহিতঃ স্বভক্তোৎকর্ষখ্যাপনার্থমিতি ভাবঃ ॥ ২ ॥

ধান্যাদ্যাক্রমণপশবো বলীবর্দ্দাঃ খলমধ্য নিখাত স্তম্ভোমেঢ়ী তত্র সংযোজিতাঃ কৃষীবলেনেত্যর্থঃ। ত্রিভিঃ সবনৈর্মেঢ়ী স্তম্ভ নিকট মধ্যদূরবর্ত্তিভি র্বিভাগৈঃ যথাস্থানং স্বস্ব স্থান স্থিতিমনতিক্রম্য চরন্তি দার্ষ্টান্তিকে ত্রিভিঃ সবনৈরুত্তরায়ণ বৈষুবত দক্ষিণায়নৈঃ সময়ৈঃ। অন্তরধোধঃ স্থলং বহিরুপর্য্যপরিতনং স্থলং তত্র যোগেন স্থিত্যা কালচক্র এব যোজিতাঃ। যথা সপ্তর্ষীণামধোধঃ স্থিত্যা আযোজিতাঃ শনৈশ্চরাদয়ঃ তথা সূর্য্যাদীনামুপর্য্যপরিস্থিত্যা আযোজিতাঃ সোমাদয়ঃ তত্র তত্র আযোজিতাঃ ঈশ্বরেণৈব বায়ুনা তু উদীর্য্যমাণাশ্চাল্যমানাঃ ॥ ৩ ॥

নম্ব কথন্তেঽন্তরীক্ষান্ন পতন্তি তত্রাহ নভসীতি কর্ম্মসারথয়ঃ কর্ম্মসহায়াঃ ॥ ৪ ॥

আজীব্য হইয়া ভগবানের উপাসনা করিতেছেন। ঐ ধ্রুবের মহিমা সর্ব্বত্র বর্ণিত আছে। অনিমিষ ও অব্যক্ত বেগ বিশিষ্ট কালের গতি ক্রমে যে সমস্ত গ্রহ নক্ষত্রাদি জ্যোতির্গণ নিরন্তর গগনমণ্ডলে পরিভ্রমণ করিতেছে তাহাদের অবলম্বনার্থ পরমেশ্বর ঐ ধ্রুবকে স্তম্ভ রূপে সৃষ্টি করিয়াছেন, অতএব তাঁহার প্রকাশ নিরন্তরই হইয়া থাকে ॥ ২ ॥

যেমন ধান্যাক্রমণার্থ মেধীস্তম্ভে (মেইকাঠে) বদ্ধ বলীবর্দ্দগণ ত্রিসবন অর্থাৎ নিকট, মধ্য ও দূরতা ক্রমে স্ব স্ব স্থান অতিক্রমণ করিয়া মণ্ডল বেষ্টন করত ভ্রমণ করে, সেই রূপ গ্রহ ও নক্ষত্রগণ এই কালচক্রের অভ্যন্তরে ও বাহিরে আবদ্ধ হইয়া ঐ ধ্রুবকেই অবলম্বন করিয়া আছে এবং বায়ু কর্ত্তৃক বিচালিত হইয়া কল্পান্ত পর্য্যন্ত চতুর্দ্দিকে পরিভ্রমণ করিতেছে ॥ ৩ ॥

পরন্তু যেমন মেঘ ও শ্যেনাদি পক্ষিগণ কর্ম্ম সহায় বায়ু বশতঃ গগণ মণ্ডলে ভ্রমণ করে পড়ে না, তেমনি জ্যোতির্গণ, যাহাদের গতি কর্ম্ম নির্ম্মিত, তাহারা পুরুষাধিষ্ঠিত মায়ার বশীভূত হইয়া আকাশে পরিভ্রমণ করিতেছে ভূতলে পতিত হয় না ॥ ৪ ॥

কেচিদেতজ্জ্যোতিরনীকং শিশুমার সংস্থানেন ভগবতো বাসুদেবস্য যোগধারণয়ামনুবর্ণয়ন্তি ॥ ৫

যস্য পুচ্ছাগ্রেঽবাক্‌শিরসঃ কুণ্ডলীভূতদেহস্য ধ্রুব উপকল্পিতঃ। তস্য লাঙ্গূলে প্রজাপতিরগ্নি রিন্দ্রো ধর্ম্ম ইতি পুচ্ছমূলে ধাতা বিধাতাচ কট্যাং সপ্তর্ষয়ঃ ॥ ৬ ॥

তস্য দক্ষিণাবর্ত্ত কুণ্ডলীভূত শরীরস্য যান্যুদগয়নানি দক্ষিণ পার্শ্বে নক্ষত্রাণি উপকল্পয়ন্তি দক্ষি ণায়নানি তু সব্যে যথা শিশুমারস্য কুণ্ডলাভোগ সন্নিবেশস্য পার্শ্বয়োরুভয়োরপ্যবয়বাঃ সমসংখ্যা ভবন্তি। পৃষ্ঠেত্বজবীথী আকাশগঙ্গা চোদরতঃ ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

ঈশ্বরাধারত্বাৎ পতন শঙ্কৈব নাস্তীতি বক্তুং মতান্তরমাহ কেচিদিতি জ্যোতিরনীকং জ্যোতিশ্চক্রং যোগধারণয়াং স্থিত মিতি শেষঃ ॥ ৫ ॥

লাঙ্গূলে লাঙ্গূলাগ্রাদধো ভাগে ॥ ৬ ॥

উদগয়নানি অভিজিদাদীনি পুনর্ব্বস্বন্তানি চতুর্দ্দশ দক্ষিণ পার্শ্বে দক্ষিণায়নানি পুষ্যাদীনি উত্তরাষাঢ়ান্তানি চতুর্দ্দশ বামপার্শ্বে ॥৭

ক্রমসন্দর্ভঃ।

শিশুমারসংস্থানেনোপলক্ষিতং যোগধারণয়াং বিরাড়্ বদুপাসনাবেশার্থে যথেষ্টকল্পনামাত্রমপ্যেতস্যামিত্যর্থঃ। অতএব মনসি চন্দ্র ইতি বক্ষ্যমাণেন মনোপি কল্পয়িষ্যতে স্পষ্টমপি বক্ষ্যতে এতদুহৈবেতি ॥ ৫ ॥

তত্র কুণ্ডলীভূতত্বং পার্শ্বতঃ। নতু পৃষ্ঠতঃ ক্রোড়তো বা অতএব দক্ষিণ পার্শ্বে উদগয়নানি মন্তব্যানি। অত্র যদ্বৈপরীত্যং দৃশ্যতে। তত্ মণ্ডলত্বেপি তির্য্যগূর্দ্ধাধো বহুধা বক্রত্বং মন্তব্যং। অতো নারায়ণাদীনাং হৃদয়াদৌ স্থিতত্বমিতি ॥ ৬ ॥

অজবীথী দক্ষিণমার্গস্য প্রথমোভাগঃ। মূলাষাঢ়োত্তরাষাঢ়া অজবীথীতি শব্দিতেতি তন্ত্রোক্তেঃ অগ্রে তু যদেষাং কর্ণাদৌ স্থিতি র্বক্ষ্যতে তত্র তত্রাপি তত্তদঙ্গস্য ক্রোড়ভাগোমন্তব্যঃ। আকাশগঙ্গায়াশ্চ ক্রোড়সংস্থত্বং তত্রাগমনাৎ ॥ ৭ ।৮।৯। ১০

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

জ্যোতিরনীকং জ্যোতিশ্চক্রং ॥ ৫ ॥

লাঙ্গূলেঽগ্রাদধোদেশে ॥ ৬ ॥

উদগয়নানি অভিজিদাদীনি পুনর্ব্বস্বন্তানি চতুর্দ্দশ দক্ষিণ পার্শ্বে দক্ষিণায়নানি পুষ্যাদীনি উত্তরাষাঢ়ান্তানি চতুর্দ্দশ বাম পার্শ্বে॥

অজবীথী দক্ষিণমার্গস্য প্রথমোভাগঃ ॥ ৭ ॥

কেহ কেহ বলেন এই জ্যোতিশ্চক্র শিশুমার রূপে ভগবান্ বাসুদেবের যোগধারণায় অবস্থিত আছে, অতএব ঐ সকলের পতন শঙ্কা নাই ॥ ৫ ॥

সে যাহা হউক, শিশুমার অধঃ শিরা ও কুণ্ডলীভূত দেহ হইয়া রহিয়াছে। তাহার পুচ্ছাগ্রে ধ্রুব লাঙ্গূলাগ্রের অধোভাগে প্রজাপতি, অগ্নি, ইন্দ্র এবং ধর্ম্ম, পুচ্ছমূলে ধাতা ও বিধাতা, আর কটিদেশে সপ্তর্ষি অধিষ্ঠিত আছেন ॥ ৬ ॥

অপর ঐ শিশুমারের দক্ষিণাবর্ত্তে কুণ্ডলীভূত শরীরের দক্ষিণ পার্শ্বে অভিজিৎ প্রভৃতি পুনর্ব্বসু পর্য্যন্ত চতুর্দ্দশ নক্ষত্র এবং বামপার্শ্বে পুষ্যাদি উত্তরাষাঢ়া পর্য্যন্ত চতুর্দ্দশ নক্ষত্র সন্নিবেশিত আছে। অতএব কুণ্ডলের বিস্তারানুসারে তাহার নিজের সন্নিবেশ হওয়াতে দুই পার্শ্বের অবয়ব সংখ্যা সমান। অপিচ ঐ শিশুমারের পৃষ্ঠদেশে অজবীথী অর্থাৎ দক্ষিণ পার্শ্বের প্রথম ভাগ (মূলা পূর্ব্বাষাঢ়া ও উত্তরাষাঢ়া) এবং উদরে আকাশ গঙ্গা ॥ ৭ ॥

পুনর্ব্বসু পুষ্যৌ দক্ষিণবাময়োঃ শ্রোণ্যোরার্দ্রাশ্লেষাচ দক্ষিণ বাময়োঃ পাদয়োরভিজিদুত্তরা ষাঢ়ে দক্ষিণ বাময়োর্নাসিকয়োর্যথাসংখ্যং শ্রবণ পূর্ব্বাষাঢ়ে দক্ষিণ বাময়োর্লোচনয়োর্ধনি ষ্ঠামূলঞ্চ দক্ষিণ বাময়োঃ কর্ণয়োর্মঘাদীন্যষ্ট নক্ষত্রাণি দক্ষিণায়নানি বামপার্শ্ববঙ্ক্রিষু যুঞ্জীত ॥ ৮
তথৈব মৃগশীর্ষাদীন্যুদগয়নানি দক্ষিণপার্শ্বেষু প্রাতিলোম্যেন যুঞ্জীত ॥ ৯ ॥
শতভিষা জ্যেষ্ঠে স্কন্ধয়োর্দক্ষিণ বাময়োর্ন্যসেৎ ॥ ১০ ॥
উত্তরাহনাবগস্ত্যঃ অধরাহনৌ যমঃ মুখে চাঙ্গারকঃ শনৈশ্চর উপস্থে বৃহস্পতিঃ ককুদি বক্ষস্যা দিত্যো হৃদয়ে নারায়ণো মনসি চন্দ্রো নাভ্যামুশনাস্তনয়োরশ্বিনৌ বুধঃ প্রাণাপানয়ো রাহু র্গলে কেতবঃ সর্ব্বাঙ্গেষু রোমসু সর্ব্বে তারাগণাঃ ॥ ১১ ॥

শ্রীধরস্বামী।

তদেব স্থানবিশেষেণ বিভজ্য দর্শয়তি পুনর্ব্বসু পুষ্যাবিত্যাদিনা। পুনর্ব্বস্বুদগয়নস্যান্ত্যং নক্ষত্রং পুষ্যো দক্ষিণায়নস্যাদ্যং। আর্দ্রাশ্লেষে তয়োর্নিরন্তরে অভিজিদুত্তরাষাঢ়ে উত্তর দক্ষিণায়নয়োরাদ্যন্ত নক্ষত্রে শ্রবণ পূর্ব্বাষাঢ়ে ধনিষ্ঠা মূলঞ্চ তয়োরপ্যন্তর পূর্ব্বে। মঘাদীনি যান্যনুরাধান্তানি দক্ষিণায়নানি অষ্ট তানি বামপার্শ্ব বঙ্ক্রিষু বামপার্শ্বাস্থিষু ॥ ৮ ॥
মৃগশীর্ষাদীনি প্রাতিলোম্যেন পূর্ব্বভাদ্র পদান্তানি যানি উদগয়নানি নক্ষত্রাণি অষ্ট তানি দক্ষিণ পার্শ্বেষু ॥ ৯ ॥
শতভিষা জ্যেষ্ঠে উত্তর দক্ষিণায়নে অবশিষ্টে তে স্কন্ধয়োঃ ॥ ১০ ॥
যমো নক্ষত্ররূপঃ তথা নারায়ণোঽশ্বিনৌচ। ককুদি গল পৃষ্ঠ শৃঙ্গে ॥ ১১ ॥

ক্রমসন্দর্ভঃ।

অঙ্গারকাদীনাং রাশ্যন্তরচলনেঽপি তত্তদঙ্গ স্থিতত্বমঙ্গানাক্রান্তত্বমননাৎ ॥ ১১। ১২। ১৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

উক্তান্যেব নক্ষত্র স্থানানি বিশেষেণ বিভজ্য দর্শয়তি। পুনর্ব্বসু পুষ্যাবিত্যাদিনা বামপার্শ্বস্য বঙ্ক্রিষু অস্থিষু॥
প্রাতিলোম্যেন মৃগশিরারোহিণী কৃত্তিকেত্যেবং ব্যুৎক্রমেণ পূর্ব্বভাদ্র পদান্তান্যষ্টদক্ষিণ পার্শ্বাস্থিষু ॥ ৮। ৯। ১০। ১১। ১২ ॥

রাজন্! ঐ শিশুমারের দক্ষিণ ও বামপার্শ্বে যে সকল নক্ষত্র আছে তাহাদের বিশেষ বিশেষ স্থান নিরূপণ করি মনোযোগ পূর্ব্বক শ্রবণ কর। পুনর্ব্বসু ও পুষ্যা এই দুই নক্ষত্র যথাক্রমে শিশু-মারের দক্ষিণ ও বাম নিতম্বে সন্নিবেশিত আছে। অপর আর্দ্রা ও অশ্লেষা যথাক্রমে তাহার দক্ষিণ ও বাম নাসিকায়, শ্রবণা ও পূর্ব্বাষাঢ়া যথাক্রমে তাহার দক্ষিণ ও বাম নেত্রে, ধনিষ্ঠা ও মূলা যথাক্রমে তাহার দক্ষিণ ও বাম কর্ণে, আর মঘা আদি অনুরাধা পর্য্যন্ত দক্ষিণায়ন সম্বন্ধীয় অষ্ট নক্ষত্র তাহার বাম পার্শ্বের অস্থিতে সংযুক্ত হইয়া আছে ॥ ৮ ॥
এই রূপে মৃগশিরা প্রভৃতি বিলোম ক্রমে পূর্ব্বভাদ্রপদ পর্য্যন্ত উত্তরায়ণ সম্বন্ধীয় যে অষ্ট নক্ষত্র সে সকল তাহার দক্ষিণ পার্শ্বে নিবদ্ধ আছে ॥ ৯ ॥
আর শতভিষা ও জ্যেষ্ঠা যথাক্রমে দক্ষিণ ও বামস্কন্ধে স্থাপিত হইয়াছে ॥ ১০ ॥
আর ঐ শিশুমারের উত্তর হনুতে অগস্ত্য, অধর হনুতে যম, মুখে মঙ্গল, উপস্থে শনি, পৃষ্ঠ শৃঙ্গে বৃহস্পতি, বক্ষঃস্থলে সূর্য্য, হৃদয়ে নারায়ণ, মনে চন্দ্র, নাভিতে শুক্র, স্তনে অশ্বিনীকুমার, প্রাণ ও অপানে বুধ, গলদেশে রাহু, সর্ব্বাঙ্গে কেতু এবং রোম সকলে তারাগণ সন্নিবেশিত আছে ॥ ১১ ॥

এতদু হৈব ভগবতো বিষ্ণোঃ সর্ব্বদেবতাময়ং রূপমহরহঃ সন্ধ্যায়াং প্রযতো বাগ্‌যতো নিরীক্ষমাণ উপতিষ্ঠেত নমো নমো জ্যোতির্লোকায় কালায়নায়ানিমিষাং পতয়ে মহাপুরুষায়াভিধীমহীতি ॥ ১২ ॥

গ্রহর্ক্ষতারা ময়মাধিদৈবিকং পাপাপহং মন্ত্রকৃতাং ত্রিকালং।

নমস্যতঃ স্মরতো বা ত্রিকালং নশ্যেত তৎকালজমাশু পাপং ॥ ১৩ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং পঞ্চমস্কন্ধে শিশুমার সংস্থানং ত্রয়োবিংশোঽধ্যায়ঃ ॥ * ॥ ২৩ ॥ * ॥

শ্রীশুক উবাচ ॥

শ্রীধরস্বামী।

জ্যোতিষাং লোকায় আশ্রয়ায় কালচক্ররূপায় নমোঽভিধীমহীতি মন্ত্রেণোপতিষ্ঠেত ॥ ১২ ॥

মন্ত্রকৃতাং পূর্ব্বোক্তং মন্ত্রং জপতাং ॥ ১৩ ॥

॥ * ॥ ইতি পঞ্চমে ত্রয়োবিংশঃ ॥ * ॥

এবং ত্রিভির্দ্যুমর্য্যাদা পালনং বর্ণিতং তথা। অধোভুবন মর্য্যাদা পালনং ত্রিভিরুচ্যতে। চতুর্ব্বিংশে রবেরর্ব্বাক্ স্বর্ভান্বাদি স্থিতিক্রমাৎ। অতলাদি বিলস্বর্গ মর্য্যাদাঃ সপ্তবর্ণিতাঃ ॥ ০ ॥

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে পঞ্চমস্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভস্য ত্রয়োবিংশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মন্ত্রকৃতাং পূর্ব্বোক্ত মন্ত্রং জপতাং পাপাপহং আধিদৈবিকং পরমেশ্বরস্য রূপমিদং নমস্যতঃ স্মরতোবা পুংসঃ পাপং নশ্যেত্তেত্যন্বয়ঃ। অত্র সূর্য্যমণ্ডলাদষ্ট ত্রিংশল্লক্ষে ধ্রুবঃ। ধ্রুবাৎ কোটি যোজনে মহর্লোকঃ মহর্লোকাৎ কোটিদ্বয়ে জনলোকঃ জনলোকাৎ কোট্যষ্টকে তপোলোকঃ। তপোলোকাৎ দ্বাদশকোটিষু সত্যলোকঃ। এবং সূর্য্যাৎ সত্যলোক পর্য্যন্তমষ্টত্রিংশল্লক্ষোত্তর ত্রয়োবিংশতি কোট্যঃ সত্যলোকাৎ দ্বিষষ্টি লক্ষোত্তরায়াং কোটৌ বৈকুণ্ঠস্ততোঽণ্ডগোলক ইতি শ্রীবিষ্ণুপুরাণে দর্শিতয়া দৃশা সূর্য্যাৎ পঞ্চবিংশতৌ কোটিষু কটাহঃ। এবং সূর্য্যাল্লক্ষে ভূতলং ততঃ সপ্ত সপ্ততি সহস্রেষু সপ্ত পাতালানি ততস্ত্রিংশৎ সহস্রেষু শেষঃ এবং সূর্য্যাল্লক্ষদ্বয়ে গর্ভোদঃ। সচ লক্ষদ্বয়ন্যূন পঞ্চবিংশতি কোটি পরিমিতঃ এবং মিলিত্বা ঊর্দ্ধাধঃ পঞ্চাশৎকোটি প্রমাণমণ্ডগোলকমিতি ॥ ১৩ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। পঞ্চমস্য ত্রয়োবিংশঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

সূর্য্যাদধোধঃ স্বর্ভানুসিদ্ধাদীনাং স্থিতিং ভুবঃ। অতলাদীনি সপ্তাপি চতুর্ব্বিংশে বদন্মুনিঃ ॥ ০ ॥

হে রাজন্! উক্ত প্রকারে যে শিশুমারের আকার বর্ণিত হইল তাহাই ভগবান্ বিষ্ণুর সর্ব্ব বেদময় রূপ, সকল ব্যক্তির অহরহঃ সন্ধ্যার সময় প্রযত ও বাগ্‌যত হইয়া ইহা নিরীক্ষণ করা কর্ত্তব্য। অহো! জ্যোতির্গণের আশ্রয় এবং কালচক্র রূপি দেবাধিপতি সেই মহাপুরুষের প্রতি নমস্কার নমস্কার। আমরা নিরন্তর তাঁহাকে চিন্তা করি ॥ ১২ ॥

ঐ ভগবান্ গ্রহ নক্ষত্রাদির স্বরূপ, সকল দেবতার অধিষ্ঠাতা এবং যাঁহারা ত্রিকালে তাঁহার পূর্ব্বোক্ত মন্ত্র জপ করেন তাঁহাদের পাপ নাশক। যে ব্যক্তি ত্রিসন্ধ্য তাঁহাকে নমস্কার বা স্মরণ করিবেন তাঁহার তাৎকালিক পাপ তৎক্ষণাৎ বিনষ্ট হইবে ॥ ১৩ ॥

॥ * ॥ ইতি পঞ্চমে ত্রয়োবিংশঃ ॥ * ॥

চতুর্ব্বিংশতি অধ্যায়ে সূর্য্যের নিম্ন দিকে ক্রমশঃ রাহু প্রভৃতির স্থিতি এবং অতলাদি সপ্ত অধোলোক বর্ণন ॥ ০ ॥

অধস্তাৎ সবিতুর্যোজনাযুতে স্বর্ভানুর্নক্ষত্রবচ্চরতীত্যেকে ॥ ১ ॥
যোঽসাবমরত্বং গ্রহত্বঞ্চালভত ভগবদনুকম্পয়া স্বয়মসুরাপসদঃ সৈংহিকেয়োহ্যতদর্হঃ।
তস্য তাত জন্ম কর্ম্মাণি চোপরিষ্টাদ্বক্ষ্যামঃ ॥ ২ ॥
যদধস্তরণের্মণ্ডলং প্রতপতস্তদ্বিস্তরতো যোজনাযুতমাচক্ষতে দ্বাদশ সাহস্রং সোমস্য ॥ ৩ ॥
ত্রয়োদশ সাহস্রং রাহোর্যঃ পর্ব্বণি তদ্ব্যবধান কৃৎ বৈরানুবন্ধঃ সূর্য্যাচন্দ্রমসাবভিধাবতি ॥ ৪ ॥
তন্নিশম্যোভয়ত্রাপি ভগবতা রক্ষণায় প্রযুক্তং সুদর্শনং নাম ভাগবতং দয়িতমস্ত্রং তত্তেজসা
দুর্ব্বিষহং মুহুঃ পরিবর্ত্তমানমভ্যবস্থিতো মুহূর্ত্তমুদ্বিজমানশ্চকিতহৃদয় আরাদেব নিবর্ত্ততে ॥ ৫ ॥

শ্রীধরস্বামী।

সূর্য্যমারভ্য ধ্রুবান্তং সন্নিবেশং নিরূপ্য ইদানীং সূর্য্যাদধস্তাৎ নিরূপয়তি অধস্তাদিতি। স্বর্ভানুঃ রাহুঃ ॥ ১ ॥
অলভত লেভে সিংহিকায়াঃ পুত্রঃ ॥ ২ ॥ গ্রহণং বক্তুমাহ যদধঃ প্রতপত স্তরণের্মণ্ডলং ॥ ৩ ॥
অমৃতপানে মধ্য প্রবেশেন তয়োর্ব্যবধানং করোতীতি তথা। অতএব তাভ্যাং সূচিতত্বাৎ বৈরমনুবধ্নাতীতি তথা ॥ ৪ ॥
ভাগবতং চক্রং পরিবর্ত্তমানং পরিভ্রমৎ অভিমুখং মুহূর্ত্তমবস্থিতঃ সন্ ॥ ৫ ॥

ক্রমসন্দর্ভঃ।

এক ইতি স্বমতেতু প্রবহাখ্যবায়ুবহির্ভূতত্বান্নক্ষত্রবচ্চরণং নাস্তি। কিন্তু স্বগত্যৈবেতি ॥ ১ । ২ ॥
তরণের্মণ্ডলং রথনীড়াভ্যন্তর স্থিতং তেজশ্চক্রং ॥ ৩ । ৪ । ৫ । ৬ । ৭ । ৮ । ৯ । ১০ । ১১ । ১২ । ১৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ন তৎ অমরত্বং গ্রহত্বং চার্হতীতি সঃ ॥ ১ । ২ ॥ গ্রহণং বক্তুমাহ যদধ ইতি ॥ ৩ ॥
পর্ব্বণি অমাবাস্যা পৌর্ণমাস্যোঃ তয়ো র্ভূতলস্থ জন চক্ষুষাং ব্যবধানং কর্ত্তুং অমৃতপানে মধ্য প্রবেশেন তয়োর্ব্যবধানং পূর্ব্বং কৃতবানিত্যতঃ তাভ্যাং সূচিতত্বাৎ বৈরমনুবধ্নাতীতি স যথা ॥ ৪ ॥
উভয়ত্র সূর্য্যে চন্দ্রেপি তৎ প্রসিদ্ধং চক্রং পরিবর্ত্তমানং পরিভ্রমৎ দৃষ্ট্বেতি শেষঃ। অভি অভিমুখমবস্থিতঃ সন্ ॥ ৫ ॥

শুকদেব কহিলেন রাজন্! কেহ২ কহিয়া থাকেন সূর্য্যের অধোদিকে অযুত যোজন অন্তরে রাহুগ্রহ নক্ষত্রের ন্যায় ভ্রমণ করিতেছে ॥ ১ ॥

ঐ রাহু সিংহিকার পুত্র, স্বয়ং অসুরাধম দেবত্ব প্রাপ্তির যোগ্য পাত্র নয়, তথাচ ভগবানের অনুগ্রহে দেবত্ব এবং গ্রহত্ব লাভ করিয়াছে, ইহার জন্ম ও কর্ম্ম সকল পরে বর্ণন করিব ॥ ২ ॥

যে রাহুর অধোভাগকে সূর্য্য মণ্ডল উপরে থাকিয়া তাপিত করেন। কথিত আছে সেই সূর্য্য মণ্ডল দশ সহস্র যোজন বিস্তীর্ণ এবং চন্দ্রমণ্ডল বিস্তারে দ্বাদশ সহস্র যোজন ॥ ৩ ॥

কিন্তু রাহুমণ্ডল তদপেক্ষাও অধিক বিস্তীর্ণ অর্থাৎ তাহা ত্রয়োদশ সহস্র যোজন। ঐ রাহু অমৃত পান সময়ে চন্দ্র সূর্য্যের মধ্যে প্রবিষ্ট হইয়া ব্যবধান করিয়াছিল এবং সেই সময় আপনার কর্ম্ম ভগবানের নিকট তাঁহাদের কর্ত্তৃক প্রকাশিত হওয়াতে তাঁহাদের প্রতি বৈরানুবন্ধন করে। ঐ কারণে এখনও পর্ব্বে পর্ব্বে (অমাবাস্যা, পূর্ণিমায়) সূর্য্য ও চন্দ্রের প্রতি ধাবমান হইয়া থাকে ॥ ৪ ॥

ভগবান্ বিষ্ণু এতদ্বিষয় অবগত হইয়া চন্দ্র সূর্য্যের রক্ষা নিমিত্ত আপনার পরম দয়িত সুদর্শন নামক অস্ত্র প্রয়োগ করিয়াছিলেন, সেই চক্রের তেজঃ অতিশয় দুঃসহ তাহা সর্ব্বদাই ঘূর্ণায়মান হইতেছে। অতএব তাহা দেখিয়া ঐ রাহু গ্রহণার্থ মুহূর্ত্তমাত্র অবস্থিত হয় তৎপরেই ভীত হইয়া দূর হইতে নিবৃত্ত হইয়া আইসে ॥ ৫ ॥

তদুপরাগমিতি বদতি লোকঃ ॥ ৬ ॥

ততোঽধস্তাৎ সিদ্ধচারণ বিদ্যাধরাণাং সদনানি তাবন্মাত্র এব ॥ ৭ ॥

ততোঽধস্তাৎ যক্ষ রক্ষঃ পিশাচ প্রেত ভূতগণানাং বিহারাজিরমন্তরীক্ষং যাবদ্বায়ুঃ প্রবাতি যাবন্মেঘা উপলভ্যন্তে ॥ ৮ ॥

ততোঽধস্তাচ্ছতযোজনান্তর ইয়ং পৃথিবী যাবদ্ধংস ভাস শ্যেন সুপর্ণাদয়ঃ পতত্রিপ্রবরা উৎপতন্তীতি। উপবর্ণিতং ভূমের্যথা সন্নিবেশাবস্থানং ॥ ৯ ॥

অবনেরপ্যধস্তাৎ সপ্ত ভূবিবরা একৈকশো যোজনাযুতান্তরেণায়াম বিস্তারেণোপকল্পতাঃ।

শ্রীধরস্বামী।

ইত্যেবমন্তরালে তদবস্থানমুপরাগং বদতি অত্রচ ঋজু বক্র স্থিতিভ্যাং সর্ব্ব গ্রাসার্দ্ধ গ্রাসৌ নতু গ্রাসোস্তি দূরান্তরত্বাৎ ॥ ৬ ॥

তাবন্মাত্রে যোজনাযুতে ॥ ৭ ॥

অন্তরীক্ষং গ্রহহীনং তস্যাবধিমাহ যাবদ্বায়ুঃ প্রবাতি। তস্যাপ্যবধিমাহ যাবন্মেঘাঃ ॥ ৮ ॥

পৃথিব্যা উপরি ভূলোকাবধিমাহ। যাবদ্ধংসাদয়ঃ পার্থিবা বিকারাঃ ॥ ৯ ॥

যোজনাযুতান্তরেণ প্রত্যেকমুচ্ছ্রিতাঃ আয়ামো যঃ কটাহস্য তাবদ্বিস্তারেণ ॥ ১০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

তদবস্থানমেবোপরাগং বদতি। তত্রচ ঋজু বক্রস্থিতিভ্যাং সর্ব্বগ্রাসার্দ্ধ গ্রাসৌ নতু বস্তুতো গ্রাসোস্তি অযুত যোজনান্তরত্বাৎ ।৬

তাবন্মাত্রে যোজনাযুতে ॥ ৭। ৮ ॥

পৃথিব্যা উপরি ভূর্লোকাবধিমাহ যাবদ্ধংসাদয়ঃ পার্থিবা বিকারাঃ ॥ ৯ ॥

অধস্তাৎ অধোধোবয়বেস্থিতার্থঃ। ভূবিবরা ভুবো বিবরভূতাস্তেবাতলাদীনীত্যর্থঃ। যোজনাযুতান্তরেণ যোজনাযুতাবধ্য বিস্তার্থঃ। অন্তরমবকাশাবধীত্যমরঃ। ভূতলাদ্যোজনাযুতাবধৌ অতলং তস্মাদ্যোজনাযুতাবধৌ বিতলমিত্যেবং আয়াম বিস্তারেণাপি যোজনাযুতাবধিনা উপকল্পতাঃ দৈর্ঘ্য বিশালতাভ্যাং সমা এবেত্যর্থঃ। উচ্ছ্রিতত্বং তু যথা সম্ভবং জ্ঞেয়ং ॥ ১০ ॥

হে পাণ্ডবেন্দ্র! এই প্রকারে সূর্য্য ও চন্দ্রের অন্তরালে রাহু গ্রহের যে অবস্থিতি তাহাকেই লোকে গ্রহণ বলিয়া থাকে, অর্থাৎ রাহুর ঋজু ও বক্র অবস্থিতিতেই সর্ব্বগ্রাস ও অর্দ্ধগ্রাস হয় কিন্তু ইহা গ্রাস নয় লোকপ্রতীতি মাত্র, যে হেতু ঐ চন্দ্র সূর্য্য হইতে রাহুর অবস্থান অতিশয় দূর ॥ ৬ ॥

সে যাহা হউক, রাহুগ্রহের তাবৎ পরিমিত যোজন নিম্নে অর্থাৎ দ্বাদশ সহস্র যোজন অধোভাগে সিদ্ধ, চারণ ও বিদ্যাধর দিগের বাসস্থান ॥ ৭ ॥

তাহার নিম্ন প্রদেশ যক্ষ, রাক্ষস, ভূত, প্রেত, পিশাচগণের বিহারাঙ্গন। ঐ স্থান শূন্য মাত্র, তথায় গ্রহ নক্ষত্রাদি নাই। ঐ স্থানের পরিমাণ বলিতেছি শ্রবণ কর। যত দূর পর্য্যন্ত বায়ু প্রবাহিত হয়, যত দূরে মেঘ সকল দেখা যায়, ঐ স্থান তাবৎ পর্য্যন্ত বিস্তৃত ॥ ৮ ॥

রাজন্! যক্ষাদি লোকের অধোদিকে শতযোজন অন্তরে এই পৃথিবী, ইহার উপরিভাগস্থ ভূর্লোকাদির সীমা বর্ণন করি শুন। যে পর্য্যন্ত পার্থিব বিকার হংস, ভাস, শ্যেন, সুপর্ণাদি প্রধান প্রধান পক্ষিগণ উড্ডীয়মান হয়, তাহাই ভূর্লোকাদির সীমা। হে পাণ্ডবেয়! ভূমির যে যে সন্নিবেশে যে ২ স্থান যে প্রকারে অবস্থিত, তৎসমুদায় তোমার নিকট বর্ণন করিলাম ॥ ৯ ॥

রাজন্! অবনীর অধোদিকে সাতটী পৃথিবী সম্বন্ধীয় বিবর আছে, তাহাদের মধ্যে এক একটী অযুত যোজন অন্তরে থাকাতে পর পর হইতে প্রথমটী উচ্ছ্রিত এবং ভূমির যে বিস্তার, প্রত্যেকের

অতলং বিতলং সুতলং তলাতলং মহাতলং রসাতলং পাতালমিতি ॥ ১০ ॥

এতেষু বিলস্বর্গেষু স্বর্গাদপ্যধিক কামভোগৈশ্বর্য্যানন্দ ভূতি বিভূতিভিঃ সুসমৃদ্ধ ভবনোদ্যানা ক্রীড়াবিহারেষু দৈত্য দানব কাদ্রবেয়া নিত্য প্রমুদিতানুরক্ত কলত্রাপত্য বন্ধু সুহৃদনুচরা গৃহপতয় ঈশ্বরাদপ্যপ্রতিহত কামা মায়াবিনোদা নিবসন্তি ॥ ১১ ॥

যেষু মহারাজ ময়েন মায়াবিনা বিনির্ম্মিতাঃ পুরো নানা মণিপ্রবর প্রবেক বিরচিত বিচিত্র ভবন প্রাকার গোপুর সভা চৈত্য চত্বরায়তনাদিভির্নাগাসুর মিথুন পারাবত শুকশারিকাকীর্ণ কৃত্রিম ভূমিভির্বিবরেশ্বর গৃহোত্তমৈঃ সমলঙ্কৃতাশ্চকাসতি ॥ ১২ ॥

শ্রীধরস্বামী ।

সামান্যেন বিবরাণি বর্ণয়তি এতেষিত্যাদিনা অথাতল ইত্যতঃ প্রাক্তনেন গ্রন্থেন এতেষু দৈত্যাদয়ো নিবসন্তীত্যন্বয়ঃ কথম্ভূতেষু অধিকঃ কামভোগশ্চ ঐশ্বর্য্যানন্দশ্চ ভূতিশ্চ সন্ততি বিভূতিশ্চ সম্পত্তিঃ তাভিঃ সুসমৃদ্ধা ভবনাদয়ো যেষু । কথম্ভূতাঃ নিত্য প্রমুদিতা অনুরক্তাশ্চ কলত্রাদয়ো যেষাং ন প্রতিহতঃ কামোযেষাং মায়য়া বিনোদোযেষাং ॥ ১১ ॥

কিঞ্চ হে মহারাজ যেষু ময়েন নির্ম্মিতাঃ পুরশ্চকাসতীত্যন্বয়ঃ । কথম্ভূতাঃ নানা যে মণিপ্রবরা স্তেষাং প্রবেকা মুখ্যাঃ তৈর্বিরচিতৈ বিচিত্রৈ ভবনাদিভিঃ তথা বিবরেশ্বরাণাং গৃহোত্তমৈশ্চ সমলঙ্কৃতাঃ কীদৃশৈঃ গৃহোত্তমৈঃ নাগাশ্চ অসুরাশ্চ মিথুনভূতাঃ পারাবতাদয়শ্চ তৈরাকীর্ণাঃ কৃত্রিমা ভূময়ো যেষু তৈর্নানা স্বনমিথুনেতি পাঠান্তরে নানা স্বনস্থঃ মিথুন বিশেষণং ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

সামান্যেন বিবরাণি বর্ণয়তি এতেষিত্যাদিনা ভূতিঃ প্রভাবঃ । বিভূতিঃ সংপত্তিঃ । ঈশ্বরাদিন্দ্রাদেরপি ॥ ১১ ॥

যেষু পুরশ্চকাশতীত্যন্বয়ঃ । কীদৃশ্যঃ নানাভূতেষু মণিপ্রবরেষপি যে প্রবেকা মুখ্যাঃ তৈর্বিরচিতা বিচিত্রা যে ভবনাদয় স্তৈর্গৃহোত্তমৈশ্চালঙ্কৃতাঃ কীদৃশৈঃ নাগাশ্চ অসুরাশ্চ মিথুনভূতাঃ পারাবতাদয়শ্চ তৈরাকীর্ণাঃ কৃত্রিমা ভূময়ো যেষু তৈঃ । নানা স্বন ইতি পাঠঃ সুগমঃ ॥ ১২ ॥

বিস্তার তাবৎ পরিমিত । ঐ সপ্ত ভূবিবরের নাম যথা অতল, বিতল, সুতল, তলাতল, মহাতল, রসাতল এবং পাতাল ॥ ১০ ॥

হে রাজন্! এই সপ্ত ভূবিবরে ভবন, উদ্যান, ক্রীড়াস্থান, বিহার স্থান ইত্যাদি সকল স্বর্গাপেক্ষাও অধিক রম্য এবং কাম, ভোগ, ঐশ্বর্য্য, আনন্দ, সন্ততি ও সম্পত্তি দ্বারা অতিশয় সমৃদ্ধ। ঐ সকল স্থানে দৈত্য দানব এবং নাগগণ গৃহপতি হইয়া পরম সুখে বসতি করিতেছে। তাহাদের পুত্র কলত্র, সুহৃৎ, মিত্র ও অনুচরগণ নিত্য অনুরক্ত ও সতত প্রমুদিত, অধিকন্তু ইন্দ্রাদি অপেক্ষাও ইহাদের বিষয় অপ্রতিহত। তাহারা সর্ব্বদা ঐ স্থানে মায়াযোগে আমোদ প্রমোদ পূর্ব্বক বসতি করিয়া থাকে ॥ ১১ ॥

অপর হে মহারাজ! ঐ সকল বিবরে পরম মায়াবি ময়দানব কর্ত্তৃক নির্ম্মিত দানব নিকরের ভূরি ভূরি পুরী সতত দেদীপ্যমান হইয়া রহিয়াছে। তত্রস্থ ভবন, প্রাচীর, গোপুর (নগরের প্রধান দ্বার) সভা, চৈত্য (পাষাণাদি বদ্ধ) চত্বর, আয়তন, ইত্যাদি স্থান, প্রধান প্রধান মণি সমূহে বিরচিত। বিবরেশ্বর দিগের উৎকৃষ্ট গৃহ সকলের ভূভাগ, নাগ, অসুর, কপোত মিথুন এবং শুক, শারিকায় আকীর্ণ, অতএব ঐ সকল ভূবিবর ঐ সমুদায় দ্বারা সর্ব্বতোভাবে যেন অলঙ্কৃত হইয়া আছে ॥ ১২ ॥

উদ্যানানি চাতিতরাং মন ইন্দ্রিয়ানন্দিভিঃ কুসুম ফল স্তবক সুভগ কিশলয়াবনত রুচির বিটপ বিটপিনাং লতাঙ্গালিঙ্গিতানাং শ্রীভিঃ সমিথুন বিবিধ বিহঙ্গ জলাশয়ানামমল জল পূর্ণানাং ঝসকুলোল্লঙ্ঘন ক্ষুভিত নীর নীরজ কুমুদ কুবলয় কহ্লার নীলোৎপল লোহিত শতপত্রাদি বনেষু কৃত নিকেতনানামেক বিহারাকুল মধুর বিবিধ স্বনাদিভিরিন্দ্রিয়োৎসবৈরমরলোকশ্রিয়মতিশয়িতানি ॥ ১৩ ॥

যত্র হ বাব ন ভয়মহোরাত্রাদিভিঃ কালবিভাগৈরুপলক্ষ্যতে। যত্র মহাহি প্রবর শিরোমণয়ঃ সর্ব্বতস্তমঃ প্রবাধন্তে ॥ ১৪ ॥

শ্রীধরস্বামী।

উদ্যানানিচ অতিতরামমরলোক শ্রিয়মতিশয়িতানি যেষু চকাসতীত্যন্বয়ঃ। কাভিঃ শ্রীভিঃ কেষাং কুসুমফল স্তবকাশ্চ সুভগ কিশলয়ানি চ তৈরবনতা রুচিরা বিটপা যেষাং তেষাং বিটপিনাং লতানাং অঙ্গৈরালিঙ্গিতানাং শ্রীভিঃ তথা সমিথুনা শ্চক্রবাকাদি মিথুন সহিতাঃ যে বিবিধা বিহঙ্গা স্তদযুক্তানাং জলাশয়ানাঞ্চ শ্রীভিঃ কীদৃশানাং অমলৈ র্জলৈঃ পূর্ণানাং পুনরপি কৈরতিশয়িতানি ঝষকুলোল্লঙ্ঘনেন ক্ষুভিতং যজ্জলাশয়ানাং নীরং তস্মিন্ যানি নীরজাদীনি তেষাং বনেষু কৃতং নিকেতনং যৈস্তেষাং অর্থাৎ পক্ষিণাং একোহথণ্ডো যো বিহার স্তেনাকুলাশ্চ তে মধুরাশ্চ বিবিধ স্বনাদয় স্তৈর্য ইন্দ্রিয়োৎসবা স্তৈশ্চ। যদ্বা সমিথুনেত্যাদেরুত্তরেণৈব সম্বন্ধঃ। মন ইন্দ্রিয়ানন্দিভিরিতি স্বনাদীনাং বিশেষণং তত্র নীরজং সামান্যেন কমলং লোহিতং শতপত্রঞ্চ তদ্বিশেষঃ ॥ ১৩ ॥

অহোরাত্রাদিভির্যদ্ভয়ং তন্নোপলক্ষ্যতে সূর্য্যাদ্যভাবাৎ ॥ ১৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

ঈশ্বরাৎ সমর্থাদপি ॥ ১৪ । ১৬ । ১৭ । ১৮ । ১৯ । ২০ ॥ ২১ । ২২ । ২৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যাসু উদ্যানানি অমরলোকশ্রিয়ং অতিশয়িতানি অতিক্রান্তানি চকাসতীত্যন্বয়ঃ। কাভিঃ কুসুমাদিভিরবনতা রুচিরা বিটপা যেষাং তেষাং বিটপিনাং শ্রীভিঃ মন ই ন্দ্রিয়ানন্দিভিরিতি পুংস্ত্বমার্ষং। তথা স মিথুনা সস্ত্রীপুংসা বিবিধা বিহঙ্গমা যেষু তেষাং জলাশয়ানাং ঝষ কুলোল্লঙ্ঘনৈঃ ক্ষুভিতেষু নীরেষু যানি নীরজাদি বনানি তেষু কৃতনিকেতনানাং অর্থাৎ পক্ষিণাং একোহথণ্ডো-যোবিহারস্তেনাকুলা মধুরা বিবিধাঃ স্বনাদয়স্তৈর্যে ইন্দ্রিয়োৎসবাস্তৈশ্চ। অত্র লোহিতং শতপত্রঞ্চ নীরজবিশেষৌ লৌহিত্যদল শতপত্রত্বাভ্যাং ॥ ১৩ । ১৪ ॥

অপিচ তত্রস্থ উদ্যান সকল অমর লোকের শ্রী অপেক্ষাও অধিকতর শোভান্বিত হইয়া প্রকাশ পাইতেছে। ফলতঃ উদ্যানস্থ লতালিঙ্গিত বিটপিগণের শাখা সকল পুষ্প ও ফলের স্তবকে এবং কোমল কিশলয় ভরে অবনত হইয়া পড়িতেছে, তাহাতে এমত শোভা হইতেছে যে, দর্শনমাত্রে মনঃ ও ইন্দ্রিয়গণ আনন্দে পুলকিত হয়। অপর তথাকার জলাশয় সকল নির্ম্মল জলে পরিপূর্ণ, মীনাদি জলচরগণ উল্লম্ফন করাতে ক্ষণে ক্ষণে ঐ জল চঞ্চল হয়। আর জলের উপরে কমল, কুমুদ, কুবলয়, কহ্লার, নীলোৎপল ও রক্তোৎপলাদির বন আছে। তাহাতে বিবিধ বিহঙ্গ মিথুন বাস করে। সে সকলের মনোহর বিহার সময়ে এত নিস্বন নির্গত হয় যে তদ্দ্বারা শ্রোতৃগণের ইন্দ্রিয়বর্গ অতিশয় প্রমুদিত হয় ॥ ১৩ ॥

আর ঐ সকল ভূবিবরে সূর্য্যাদির প্রকাশ না থাকাতে তথায় অহোরাত্রাদি কাল বিভাগ নাই, সুতরাং কাল হইতে যে ভয় সম্ভাবনা, তাহাও সে স্থানে উপলব্ধি হয় না। আর সেই সকল স্থান মহাসর্প অনন্তের শিরস্থ প্রধান প্রধান রত্নের কিরণে সর্ব্বতোভাবে অন্ধকার নিরাকৃত হইতেছে ॥ ১৪ ॥

নবা এতেষু বসতাং দিব্যৌষধি রসরসায়নাশন পান স্নানাদিভিরাধয়ো ব্যাধয়োবলীপলিত জরাদয়শ্চ দেহবৈবর্ণ্যং দৌর্গন্ধ্যং স্বেদঃ ক্লমোগ্লানিরিতি বয়োবস্থাশ্চ ভবন্তি ॥ ১৫ ॥

নহি তেষাং কল্যাণানাং প্রভবতি কুতশ্চন মৃত্যুর্বিনা ভগবত্তেজসশ্চক্রাপদেশাৎ ॥ ১৬ ॥

যস্মিন্ প্রবিষ্টেঽসুরবধূনাং প্রায়ঃ পুংসবনানি ভয়াদবস্রবন্তি পতন্তিচ। অথাঽতলে ময় পুত্রোঽসুরো বলোনিবসতি। যে ন হবা ইহ সৃষ্টাঃ ষণ্ণবতি র্মায়াঃ কাশ্চনাদ্যাপি মায়াবিনো ধারয়ন্তি ॥ ১৭ ॥

যস্যচ জৃম্ভমাণস্য মুখতস্ত্রয়ঃ স্ত্রীগণা উদপদ্যন্ত স্বৈরিণ্যঃ কামিন্যঃ পুংশ্চল্য ইতি ॥ ১৮ ॥

যাবৈ বিলায়নং প্রবিষ্টং পুরুষং রসেন হাটকাখ্যেন সাধয়িত্বা স্ববিলাসাবলোকানুরাগস্মিত

শ্রীধরস্বামী।

ক্লমঃ শ্রমঃ গ্লানিরনুৎসাহঃ ॥ ১৫ ॥
কল্যাণানাং মঙ্গলরূপাণাং ॥ ১৬ ॥
যস্মিন্ ভগবত্তেজসি প্রবিষ্টে পুংসবনানি গর্ত্তাঃ। আচতুর্থাৎ ভবেৎ স্রাবঃ পাতঃ পঞ্চম ষষ্ঠয়োরিতি স্রাবপাতৌ জ্ঞেয়ৌ ॥ ১৭
সবর্ণেরতাঃ স্বৈরিণ্যঃ কামিন্যস্ত্বসবর্ণেপি তত্রাপ্যতিচঞ্চলাঃ পুংশ্চল্যঃ ॥ ১৮ ॥
বিলায়নং বিলায়তনং সাধয়িত্বা সম্ভোগ সমর্থং কৃত্বা স্বে অসাধারণা বিলাসা স্তৎ পূর্ব্বকোঽবলোক স্তেনানুরাগ যুক্তং স্মিতং

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

এতেষু বসতাং দিব্যৌষধি রস রসায়নয়োরশনাদেব হেতোরন্নপানাদিভিরপ্যাধি ব্যাধয়ো নভবন্তি তথাহি দ্বিবিধা বয়োবস্থাশ্চ ন তত্র প্রথমাবলিপ্রভৃতয়শ্চরমাঃ দ্বিতীয়া দেহবৈবর্ণ্যাদয়োঽচরমাঃ ক্লমঃ শ্রমঃ গ্লানির্হর্ষক্ষয়ঃ ॥ ১৫ ।১৬ ॥
পুংসবনানি গর্ত্তাঃ আচতুর্থাৎ ভবেৎ স্রাবঃ পাতঃ পঞ্চম ষষ্ঠয়োরিতি স্রাবপাতৌ জ্ঞেয়ৌ ॥ ১৭ ॥
স্ববর্ণেরতাঃ স্বৈরিণ্যঃ কামিন্যস্ত্বসবর্ণেপি। তত্রাপ্যতিচঞ্চলাঃ পুংশ্চল্যঃ ॥ ১৮ ॥
বিলায়নং স্ববিলরূপমায়তনং সাধয়িত্বা স্বসম্ভোগ সমর্থং কৃত্বা ॥ ১৯ ॥

রাজন্ ঐ স্থানের অধিবাসিরা দিব্য ওষধি রস নিরন্তর অশন পান করাতে তদ্দ্বারা তাহাদের কখন আধি (মনঃপীড়া) অথবা ব্যাধি, কিম্বা মাংস লোলিত অথবা জরা আদি হয় না সুতরাং তাহাদের দেহ বৈবর্ণ্য সম্ভাবনা নাই। অপর দৌর্গন্ধ্য, ঘর্ম্ম, শ্রম, অথবা অনুৎসাহ ইত্যাদিও কখনও হয় না, অধিকন্তু বয়সের নিমিত্ত অবস্থা ভেদও হইবার সম্ভাবনা নাই ॥ ১৫ ॥

ফলতঃ তত্রস্থ ব্যক্তি সকল পরম মঙ্গল ভাজন, অতএব ভগবানের তেজঃ স্বরূপ সুদর্শন চক্র ব্যতীত মৃত্যুও তাহাদের উপর প্রভুত্ব করিতে পারে না ॥ ১৬ ॥

মহারাজ! ঐ ভগবচ্চক্রের প্রভাব সামান্য নয়, তাহা প্রবিষ্ট হইলে দৈত্যবধূদিগেরও গর্ত্তস্রাব ও গর্ত্তপাত হয়। সে যাহা হউক, এক্ষণে অতলাদি ভূবিবরের বিবরণ বলি শ্রবণ কর। অতল নামক অধোলোকে ময়দানবের পুত্র বল নামা অসুর বাস করে, ঐ বল দানব হইতেই ছেয়ানব্বই প্রকার মায়া সৃষ্ট হয়, কোন ২ মায়াবী অদ্যাবধি সেই সকল মায়ার কতক ২ ধারণ করিতেছে ॥ ১৭ ॥

অপর ঐ বলাসুর জৃম্ভণ করাতেই তাহার মুখ হইতে স্বৈরিণী, কামিনী ও পুংশ্চলী এই ত্রিবিধ স্ত্রীগণ উৎপন্ন হয়। রাজন্ যে সকল স্ত্রী স্ববর্ণ পুরুষে রতা তাহারা স্বৈরিণী, যাহারা স্ববর্ণ ও অসবর্ণে রতা তাহারা কামিনী, যাহারা কামিনী অথচ অতি চঞ্চলা তাহারা পুংশ্চলী ॥ ১৮ ॥

ঐ সকল যোষা উল্লিখিত বিবর স্বরূপ আবাসে প্রবিষ্ট পুরুষকে হাটক (ধুস্তূর) রস দ্বারা সম্ভোগ

সংলাপোপগূহনাদিভিঃ স্বৈরং কিল রময়ন্তি ॥ ১৯ ॥

যস্মিন্নুপযুক্তে পুরুষ ঈশ্বরোঽহং সিদ্ধোঽহমিত্যযুত মহাগজবল আত্মানমভিমন্যমানঃ কত্থতে মদান্ধ ইব। ততোবিতলে হরো ভগবান্ হাটকেশ্বর স্বপার্ষদ ভূতগণাবৃতঃ প্রজাপতিসর্গোপবৃংহণায় ভবো ভবান্যা সহ মিথুনীভূয়াস্তে ॥ ২০ ॥

যতঃ প্রবৃত্তা সরিৎপ্রবরা হাটকী নাম ভবয়ো বীর্য্যেণ ॥ ২১ ॥

যত্রচ্চিত্রভানু র্মাতরিশ্বনা সমিধ্যমান ওজসা পিবতি। তন্নিষ্ঠ্যূতং হাটকাখ্যং সুবর্ণং ভূষণেনাসুরেন্দ্রাবরোধেষু পুরুষাঃ সহ পুরুষীভি র্ধারয়ন্তি ॥ ২২ ॥

ততোঽধস্তাৎ সুতল উদার শ্রবাঃ পুণ্যশ্লোকো বিরোচনাত্মজো বলির্ভগবতা মহেন্দ্রস্য প্রিয়ং

শ্রীধরস্বামী।

তেন সংলাপঃ উপগূহনঞ্চ তদাদিভিঃ ॥ ১৯ ॥ যস্মিন্ রসে উপযুক্তে সেবিতে ॥ ২০ ॥

ভবয়োঃ ভবস্য ভবান্যাশ্চ ॥ ২১ ॥

চিত্রভানুরগ্নি স্তেন নিষ্ঠ্যূতং ফূৎকৃত্য ত্যক্তং। অসুরেন্দ্রাণাং অবরোধেষন্তঃ পুরেষু। পুরুষীভিঃ স্ত্রীভিঃ ॥ ২২ ॥

সুতলেচ বলিরধুনাপ্যাস্তে ইত্যন্বয়ঃ। কথম্ভূতঃ মহেন্দ্রস্য প্রিয়ং কর্ত্তুং ইচ্ছতা প্রথমং পরাক্রিপ্তমপহৃতং লোকত্রয়ং যস্য সঃ

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যস্মিন্ রসে উপযুক্তে সেবিতে সতি ॥ ২০। ২১ ॥

চিত্রভানুরগ্নিঃ পিবতি সংশোষ্য কঠিনী করোতি ॥

তেন অগ্নিনা নিষ্ঠ্যূতং দাহোত্তীর্ণীকৃতং। যথা। তাভ্যাং ভব ভবানীভ্যাং ফূৎকৃত্য ত্যক্তং। ভূষণেন রত্নালঙ্কারেণ সহ অত্যাদরাৎ ॥ ২২ ॥

শ্রবো যশঃ অতএব পুণ্যাশ্চারবঃ শ্লোকাঃ বর্ণনার্থক পদ্যানি যস্য সঃ প্রবেশিত ইতি সুতলমেবেতি শেষঃ ॥ ২৩ ॥

সমর্থ করিয়া আপনাদের অসাধারণ বিলাস সহিত অবলোকন, সানুরাগ হাস্য, সানুরাগ সম্ভাষণ ও আলিঙ্গনাদি দ্বারা স্বেচ্ছাক্রমে ক্রীড়া করায় ॥ ১৯ ॥

রাজন্। হাটক রসের আশ্চর্য্য গুণ, তাহা সেবন করিলে পুরুষ আপনাকে "আমি ঈশ্বর, আমি সিদ্ধ" ইত্যাকার অভিমান করিয়া থাকে এবং দশ সহস্র মত্ত হস্তি তুল্য সামর্থ্য সম্পন্ন হইয়া মদান্ধের ন্যায় সকলকে অবজ্ঞা করিয়া বেড়ায়। সে যাহা হউক, অতলের নিম্ন দিকে বিতল নামে ভূবিবর, তথায় ভগবান্ হাটকেশ্বর শিব স্বীয় পার্ষদগণে পরিবৃত ও প্রজাপতির সৃষ্টি বৃদ্ধির নিমিত্ত ভবানীর সহিত মিথুনীভূত হইয়া অবস্থিত আছেন ॥ ২০ ॥

মহারাজ। বিতল নামক অধোলোক হইতেই ভব ও ভবানীর শুক্রে হাটকী নামে নদী উৎপন্না হইয়াছে ॥ ২১ ॥

হে ভারত। কোন এক সময়ে বায়ু দ্বারা অগ্নি প্রবল হইয়া ভব ও ভবানীর শুক্র পান করিতেছিলেন, তাহাতে তিনি ফূৎকার করিয়া হাটক নামে সুবর্ণ পরিত্যাগ করেন। তত্রস্থ অসুরেন্দ্র দিগের অন্তঃপুরে পুরুষগণ স্ত্রীদের সহিত ভূষণার্থ সেই সুবর্ণ ধারণ করিতেছেন ॥ ২২ ॥

রাজন্ বিতলের অধোদিকে সুতল। তথায় মহাযশস্বী পুণ্যশ্লোক বিরোচন পুত্র বলি, অদ্যাপি

চিকীর্ষমাণেনাদিতের্লব্ধকায়ো ভূত্বা বটুবামন রূপেণ পরাক্ষিপ্তলোকত্রয়ো ভগবদনুকম্প
য়ৈব পুনঃ প্রবেশিত ইন্দ্রাদিষ্ববিদ্যমানয়া সুসমৃদ্ধয়া শ্রিয়াঽভিজুষ্টঃ স্বধর্ম্মেণারাধয়ংস্তমেব
ভগবন্তমারাধনীয়মপগত সাধ্বস আস্তেঽধুনাপি ॥ ২৩ ॥

নো এবৈতৎ সাক্ষাৎকারো ভূমিদানস্য যত্তদ্ভগবত্যশেষ জীবনিকায়ানাং জীবভূতাত্মভূতে
পরমাত্মনি বাসুদেবে তীর্থতমে পাত্র উপপন্নে পরময়া শ্রদ্ধয়া পরমাদরেণ সমাহিত মনসা
সংপ্রতিপাদিতস্য সাক্ষাদপবর্গ দ্বারস্য যদ্বিলনিলয়ৈশ্বর্য্যং ॥ ২৩ ॥

শ্রীধরস্বামী।

পুনর্ভগবতোঽনুকম্পয়ৈব তত্র প্রবেশিতঃ সন্ কীদৃশেন যোঽদিতেঃ সকাশাৎ ভূত্বা বটুবামন রূপেণ লব্ধকায়স্তেন ॥ ২৩ ॥

কেচিত্তস্য সুতল রাজ্যং ভূমিদান ফলং মন্যন্তে তন্নিরাকরোতি নো এবেতি। যদ্বিলনিলয়ে বিবরস্থানে ঐশ্বর্য্যং এতদ্ভূমিদানস্য সাক্ষাৎকার ফলং নভবত্যেব কুত ইত্যপেক্ষায়াং এবম্ভূতস্য দানস্য সাক্ষাদপবর্গ হেতুত্বাদিত্যাহ। যত্তৎ প্রসিদ্ধং দানং তস্য তদেবাহ ভগবত্যশেষ জীবনিকায়ানাং জীবভূতশ্চাসাবাত্মনি ভূতশ্চ সর্ব্বজীবনিয়ন্তা চাসাবাত্মারামশ্চেত্যর্থঃ তস্মিন্ সংপ্রতিপাদিতস্য ॥ ২৪

ক্রমসন্দর্ভঃ।

নো এবৈতৎ এতাবন্মাত্রমিত্যর্থঃ ॥ ২৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কৈশ্চিত্তস্য তাদৃশ বিলস্বর্গভোগপ্রাপ্তি ভূমিদান ফলং মন্যতে তন্নিরাকরোতি। নো এবৈতদিতি। যদ্বিলনিলয়ৈশ্বর্য্যং এতদ্ভূমিদানস্য সাক্ষাৎকারঃ ফলং ন ভবতি যদ্ভূমিদানং তদতি প্রসিদ্ধমিত্যন্বয়ঃ। অত্র ভূমিপদেন ত্রিভুবনমেবোপলক্ষিতং। অত্র বেদবিজ্ঞ ব্রাহ্মণমাত্রে এব ভূপ্রদেশদানাদক্ষয়ঃ প্রসিদ্ধ সর্গ ভোগোলভ্যত ইতি শাস্ত্রে শ্রবণাদ্ভগবতি ত্রিভুবনদানজন্য ফলস্য সুতলৈ-শ্বর্য্যভোগএব পর্য্যাপ্তেরসম্ভাবিতত্বাদপবর্গস্যৈব ফলত্বং কিঞ্চাস্যানুষঙ্গিকস্যাপি সুতলৈশ্বর্য্য ভোগস্য সর্ব্ব স্বর্গ ভোগেভ্যোপি পরম এবোৎকর্ষো ধ্বনিতঃ। ভূমিদানস্য কথম্ভূতস্য ভগবতি বাসুদেবে প্রতিপাদিতস্য জীবভূতো জীবন রূপো য আত্মা অন্তর্যামী তদ্ভূতে পরমাত্মনি বিষ্টভ্যাহমিদং কৃৎস্নমেকাংশেনিত্যুক্তেরন্তর্যামিনামপ্যংশিত্বাৎ পরমঃ সর্ব্বোৎকৃষ্টশ্চাসাবাত্মাচেতি তস্মিন্ উপপন্নে পরম সমুচিতে তীর্থতমে পরম পাবনে ফলং নভবতীত্যত্র হেতুঃ। সাক্ষাদপবর্গেতি পত্র পুষ্পাদি দানস্যাপ্যপবর্গ ফলত্বাৎ তত্রাতি কৈমুত্যমেবেতি ভাবঃ ॥ ২৪ ॥

বসতি করিতেছেন। হে মহারাজ! ভগবান্ উপেন্দ্র মহেন্দ্রের প্রিয় করিতে ইচ্ছা করিয়া অদিতি হইতে বটুবামন রূপে শরীর পরিগ্রহ করত প্রথমে ঐ বলির ত্রিভুবন রাজ্য অপহরণ করিয়াছিলেন, কিন্তু পরে আবার আপনিই অনুকম্পা প্রকাশ পূর্ব্বক তাহাকে নিজ রাজ্যে প্রবেশ করান। তাহাতে দানবেন্দ্র বলি এমত সমৃদ্ধি সম্পন্ন হয় যে ইন্দ্রাদিরও তদ্রূপ সম্পদ হয় নাই। সে যাহা হউক, বলি ঐ স্থানে অবস্থান করিয়া আরাধনীয় সেই ভগবানেরই নিরন্তর আরাধনা করত অদ্যাপি নিঃশঙ্ক চিত্তে রহিয়াছেন ॥ ২৩ ॥

হে রাজন্! বলিরাজার সুতল মধ্যে যে ঐ রূপ ঐশ্বর্য্য ইহা তাঁহার সেই ভূমিদানের ফল নহে, মহারাজ! ভগবান্ বাসুদেব যিনি অশেষ জীব সমূহের নিয়ন্তা ও আত্মারাম এবং পরমাত্ম স্বরূপ, তাঁহাকে তীর্থতম পাত্র প্রাপ্ত হইয়া শ্রদ্ধা পূর্ব্বক সমাহিত মনে পরমাদরে বলিরাজা যে ভূমি দান করেন তাহা সাক্ষাৎ মোক্ষের দ্বার, তাহার ফল পরমপুরুষার্থ মুক্তি পদার্থ ই হইতে পারে, অনিত্য ঐশ্বর্য্য রূপ সম্ভোগাদি ফল হইতে পারে না, ॥ ২৪ ॥

যস্য হ বা ক্ষুৎপতন প্রস্খলনাদিষু বিবশঃ সকৃন্নামাভিগৃণন্ পুরুষঃ কর্ম্মবন্ধনমঞ্জসা বিধুনোতি॥ ২৫

যস্য হৈব প্রতিবাধনন্তু মুমুক্ষবো অন্যথৈবোপলভন্তে ॥ ২৬ ॥

তদ্ভগবতামাত্মবতাং সর্ব্বেষামাত্মন্যাত্মদ আত্মতমেচ ॥ ২৭ ॥

নবৈ ভগবান্ নূনমমুষ্যানুজগ্রাহ ॥ ২৮ ॥

শ্রীধরস্বামী।

কিঞ্চ যস্য নাম ক্ষুদাদিষু বিবশোপি সকৃদপি গৃণন্ কর্ম্মবন্ধং বিধুনোতি ॥ ২৫ ॥

কথম্ভূতং যস্য প্রতিবাধনন্ত্বিহ মুমুক্ষবো হ্যন্যথৈবোপলভন্তে যন্নিবৃত্ত্যর্থং যোগসাংখ্যাদিক্লেশানমুভবন্তীত্যর্থঃ। তং কর্ম্মবন্ধং ত্যজতি ॥ ২৬ ॥

তত্তস্মিন্ ভগবতাং ভক্তানাং জ্ঞানিনাঞ্চ যথাযথং আত্মদে আত্মতমেচ সমর্পিতস্য ভূমিদানস্য ন তৎফলমিতি পূর্ব্বেণৈব সম্বন্ধঃ ॥ ২৭ ॥

কিঞ্চ নেদং ভগবদনুকম্পা ফলমপি কিন্ত্বেকান্ত ভক্তস্য তৃষ্ণান্তরায়মাত্রমিত্যাহ নেতি। ভগবান্ অমুষ্য অমুং নৈবানুগৃহীতবান্ ॥ ২৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

তদ্ভগবতামিতি তত্তু তস্য দানং ন চান্যস্মিন্ ফলে নিমিত্তে তত্র সর্ব্বেষামাত্মনি পরমাত্মনি। তথাপি জ্ঞানিনাং বিবিক্ত তয়া তত্ত্বাস্ফুরণাদাত্মতমে ভক্তানাং ত্বাত্মদে বশবর্ত্তিতয়া স্ফুরতীতি সর্ব্বথা সর্ব্বেষু পরমোপকারক স্বভাবত্বং দর্শিতং। ততস্তে নৈতাদৃশ তুচ্ছ ফলদানং ন সংভবতীত্যর্থঃ। তত্র পরমতমনূদ্য খণ্ডয়তি নবৈ ইতি। যস্মাদয়মমুং ভোগৈশ্বর্য্য মতং লভতে নৈবামুং বলিং প্রত্যনুজগ্রাহেতি ন। কিন্তু স্বসান্নিধ্যদানাদিনৈবেত্যর্থঃ তত্র হেতুঃ আত্মানুস্মৃতিমোষণমিতি। যদ্বা। তদেবেন্দ্রানুগ্রহৈবাদং খণ্ডয়তি। ন বৈ ইতি। অমুষ্য ইন্দ্রস্য তং প্রতীত্যর্থঃ ॥ ২৫। ২৬। ২৭। ২৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ত্রৈলোক্য দানস্য কা বার্ত্তা ভক্ত্যা পত্র পুষ্পাদ্যর্পণমপি দূরে বর্ত্ততাং নামাভাসোপি সুকৃতিভির্দুর্ল্লভঃ কর্ম্মবন্ধমপি অনায়াসে নৈব ধ্বংসয়তীত্যাহ যস্যেতি ॥ ২৫ ॥

নচ কর্ম্ম বন্ধোপি সুগম প্রতীকার ইত্যাহ যস্য কর্ম্মবন্ধস্য প্রতিবাধনং সর্ব্বথা ধ্বংসনং মুমুক্ষব এব নতু ভূমিদানাদি সুকৃত কোটিমন্তোপি অন্যথৈবেতি যন্নিবৃত্ত্যর্থমষ্টাঙ্গযোগ সাঙ্খ্যাদি ক্লেশানমুভবন্তীত্যর্থঃ ॥ ২৬ ॥

তত্তস্মাৎ সর্ব্বেষামাত্মনি পরমেশ্বরে প্রতিপাদিতস্য ভূমিদানস্য ন তৎফলমিতি পূর্ব্বেণৈবান্বয়ঃ। কথং ভূতে ভগবতাং নারদাদীনাং ভক্তানাং আত্মদে বশীভূয়াত্মানমপি দত্তবতি আত্মবতাং সনকাদীনাং জ্ঞানিনাং আত্মতমে পরমাত্মানুভব রূপে ইতি ক্রমেণ প্রেমানন্দ ব্রহ্মানন্দদায়িন তস্য তদ্বিষয়ানন্দমাত্র ফলদায়িত্বং কথং ঘটতামতো বলিরাজায় স্ববশীকারময় প্রেমানন্দং খলু ভূমিদানস্য ফলং দদৌ যতঃ স্বভক্তস্য তস্য স্বয়ং দ্বারপালোবভূবেতি ভাবঃ ॥ ২৭ ॥

বস্তু তস্য ভোগৈশ্বর্য্যমেকান্ত ভক্তস্যান্তরায় এবেতি ন তদ্ভগবদনুকম্পাফলমতো ভোগৈশ্বর্য্যাদানাদেবেন্দ্রস্যৈকান্তিক ভক্ত্য

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। ষষ্ঠস্কন্ধ ষষ্ঠোঽয়ং সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

সপ্তমে গুরুণা ত্যক্তৈ র্দেবৈর্দৈত্যপরাজিতৈঃ। বিশ্বরূপো গুরুত্বেন বৃতো ব্রহ্মোপদেশতঃ ॥ * ॥

আত্মনঃ শিষ্যাঃ সুরাঃ ॥ ১ ॥ ইন্দ্রো যদা সংপ্রাপ্তং বাচস্পতিং নাভ্যনন্দৎ তদা স স্বগৃহমাযযাবিত্যষ্টানামন্বয়ঃ ॥ ২ ॥

যদিও বিশ্বরূপ শত্রু কুলের দৌহিত্র, তথাপি দেবগণ যখন অবজ্ঞাত বৃহস্পতি কর্ত্তৃক পরিত্যক্ত হন, তখন তাঁহাকে পৌরহিত্যে বরণ করিয়াছিলেন ॥ ৩১ ॥

॥ * ॥ ইতি ষষ্ঠে ষষ্ঠাধ্যায় ॥ * ॥

সপ্তমাধ্যায়ে দেবগুরু বৃহস্পতি কর্ত্তৃক পরিত্যক্ত অমরগণ দ্বারা বৃত হইয়া বিশ্বরূপের পৌরহিত্য করণ ॥ ০ ॥

রাজা পরিক্ষীৎ জিজ্ঞাসা করিলেন ভগবন্! দেবগণ বৃহস্পতির নিজের শিষ্য, তাঁহাদিগকে দেবগুরু কি কারণে পরিত্যাগ করেন? বৃহস্পতির শিষ্যগণ কি অপরাধ করিয়াছিলেন বর্ণন করুন ॥ ১

শুকদেব কহিলেন হে রাজন্! দেবরাজ ইন্দ্র একদা ত্রিভুবনের ঐশ্বর্য্য লাভে মদোন্মত্ত হইয়া সৎপথ অতিক্রমণ পূর্ব্বক মরুদগণ, বসুগণ, আদিত্যগণ, ঋভুগণ, বিশ্বেদেবগণ, সাধ্যগণ এবং অশ্বিনী কুমারদ্বয়ে পরিবৃত হইয়া অধ্যাসীন আছেন ॥ ২ ॥

সিদ্ধচারণ গন্ধর্বৈর্ব্রহ্মবাদিভিঃ । বিদ্যাধরাপ্সরোভিশ্চ কিন্নরৈঃ পতগোরগৈঃ ।
নিষেব্যমাণো মঘবান্ স্তূয়মানশ্চ ভারত । উপগীয়মানোললিতমাস্থানাধ্যাসনাশ্রিতঃ ॥ ৩ ॥
পাণ্ডুরেণাতপত্রেণ চন্দ্রমণ্ডলচারুণা । যুক্তশ্চান্যৈঃ পারমেষ্ঠ্যৈশ্চামর ব্যজনাদিভিঃ ।
বিরাজমানঃ পৌলম্যা সহার্দ্ধাসনয়া ভৃশং ॥ ৪ ॥
স যদা পরমাচার্য্যং দেবানামাত্মনশ্চ হ । নাভ্যনন্দত সংপ্রাপ্তং প্রত্যুত্থানাসনাদিভিঃ ।
বাচস্পতিং মুনিবরং সুরাসুর নমস্কৃতং । নোচ্চচালাসনাদিন্দ্রঃ পশ্যন্নপি সভাগতং ॥ ৫ ॥
ততো নির্গত্য সহসা কবিরাঙ্গিরসঃ প্রভুঃ । আযযৌ স্বগৃহং তূষ্ণীংবিদ্বান্ শ্রীমদবিক্রিয়াং ॥ ৬ ॥

শ্রীধরস্বামী ।

আস্থানং সভা তস্মিন্নধ্যাসনং সিংহাসনং তদাশ্রিতঃ ॥ ৩ ॥
পারমেষ্ঠ্যৈর্মহারাজ চিহ্নৈঃ আসনস্যার্দ্ধে স্থিতয়া পৌলম্যা সহ বিরাজমানঃ সন্ ॥ ৪ ॥
প্রত্যুত্থানাদিনা নাভ্যনন্দৎ । নচোচ্চলাল আসন এব স্থিতোপি কিঞ্চিন্ন চলিতবান্ ॥ ৫ ॥
শ্রীমদেন যা বিক্রিয়া তাং বিদ্বান্ জানন্ ॥ ৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

আস্থানং সভা তস্মিন্নধ্যাসনং সিংহাসনমাশ্রিতঃ ॥ ৩ ॥
পারমেষ্ঠ্যৈর্মহারাজচিহ্নৈঃ । পৌলোম্যা শচ্যা । অর্দ্ধমাসনমেবাসনং যস্যা তয়া সহ মৃগলোচনেতি বদাসন পদস্য বৃত্তাবন্তর্ভাবঃ ॥ ৪ ॥
আচার্য্যং বৃহস্পতিং ॥
অপ্রত্যুত্থানমেব স্পষ্টয়তি । বাচস্পতিমিতি । আসনাৎ আসনমারুহ্য স্থিতোপি কিমপি ন উচ্চচাল । ন পস্পন্দে ॥ ৫ ॥
ততঃ সভাতঃ কবিঃ এবং ভবিষ্যতীতি ভাবিকার্য্যবিজ্ঞঃ । প্রভুঃ শাস্তা সমর্থঃ । বিদ্বান্ গুর্ব্ববমান হেতুত্বেন জানন্ ॥ ৬

সভামধ্যস্থ সিংহাসনের সমীপে, সিদ্ধ, চারণ, গন্ধর্ব্ব, ব্রহ্মবাদি মুনি, বিদ্যাধর, অপ্সরা, কিন্নর, পতঙ্গ এবং উরগ প্রভৃতি সেবা ও স্তব করিতেছে, গন্ধর্ব্বগণ সন্তোষোৎপাদনার্থ সুললিত স্বরে গীত গাইতেছে ॥ ৩ ॥

অপর মস্তকে চন্দ্রমণ্ডল তুল্য সুচারু ছত্র এবং দুই পার্শ্বে চামর ব্যজন ইত্যাদি মহারাজ চিহ্ন সকল শোভা পাইতেছে । ঐ সকলে যুক্ত হইয়া দেবরাজ আপনার আসনার্দ্ধে স্বীয় প্রেয়সী শচীকে বসাইয়া তাঁহার সহিত বিরাজ করিতেছেন ॥ ৪ ॥

এমত সময়ে দেবতাদের ও দেবরাজের গুরু বৃহস্পতি, যিনি একজন প্রধান মুনি, সুর অসুর সকলেই যাঁহাকে নমস্কার করে, তিনি সভার মধ্যে আসিয়া উপস্থিত হইলেন । ইন্দ্র আপনার ও অমর গণের পরম আচার্য্য ঐ মুনিকে সমাগত দেখিয়াও প্রত্যুত্থান অথবা আসন দান দ্বারা সম্মান করিলেন না এবং আপনার আসনে থাকিয়াও গৌরব প্রদর্শনার্থ কিঞ্চিৎ চলিত হইলেন না ॥ ৫ ॥

মহারাজ ! দেবরাজের এই ব্যবহার অবলোকন করিয়া দেবগুরু তাঁহার ঐশ্বর্য্য মদ বিবেচনা করিয়া তৎক্ষণাৎ সভা হইতে বহির্গত হইলেন এবং কাহাকেও কিছু না বলিয়া তূষ্ণীম্ভাবে আপনার গৃহাভিমুখে প্রস্থান করিলেন ॥ ৬ ॥

তর্হ্যেব প্রতি বুদ্ধোহদ্রো গুরুহেলনমাত্মনঃ। গর্হয়ামাস সদসি স্বয়মাত্মানমাত্মনা॥ ৭॥

অহো বত ময়া সাধু কৃতং বৈ দভ্রবুদ্ধিনা। যন্ময়ৈশ্বর্য্যমত্তেন গুরুঃ সদসি কাৎকৃতঃ॥ ৮॥

কো গৃধ্যেৎ পণ্ডিতো লক্ষ্মীং ত্রিপিষ্টপপতেরপি। যয়াহমাসুরং ভাবং নীতোহদ্য বিবুধেশ্বরঃ॥ ৯

যো পারমেষ্ঠ্যং ধিষণমধিতিষ্ঠন্ন কঞ্চন। প্রত্যুত্তিষ্ঠেদিতি ব্রূয়ুর্ধর্ম্মং তে ন পরং বিদুঃ॥ ১০॥

তেষাং কুপথদেষ্টৄণাং পততাং তমসি হ্যধঃ। যে শ্রদ্দধ্যুর্বচস্তে বৈ মজ্জন্ত্যশ্মপ্লবা ইব॥ ১১॥

অথাহমমরাচার্য্যমগাধধিষণং দ্বিজং। প্রসাদয়িষ্যে নিশঠঃ শীর্ষ্ণা তচ্চরণং স্পৃশন্॥ ১২॥

শ্রীধরস্বামী।

প্রতিবুধ্য অনুস্মৃত্য॥ ৭॥

ময়া কৃতং কর্ম্ম অহো অসাধু যদযস্মাৎ দভ্র বুদ্ধিনা অল্প মতিনা ময়া কাৎ কৃতঃ তিরস্কৃতঃ॥ ৮॥

বিবুধানাং সাত্ত্বিকানাং দেবানামীশ্বরোপ্যহং॥ ৯॥

নন্থ সিংহাসনস্থো রাজা প্রত্যুত্থানং ন কুর্য্যাদিতি বৃদ্ধা বদন্তি তত্রাহ য ইতি দ্বাভ্যাং। ধিষণমাসনং॥ ১০॥

কুপথং দিশন্তি উপদিশন্তীতি কুপথদেষ্টারঃ তেষাং বচঃ অশ্মময়ঃ প্লবোযেষাং তে যথা মজ্জন্তং প্লবমনু মজ্জন্তি তদ্বৎ॥ ১১॥

অগাধা গম্ভীরা ধিষণা যস্য তং। নিশঠঃ শাঠ্যহীনঃ সন্॥ ১২॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

প্রতিবুদ্ধ শ্রীমদমদিরা নিদ্রান্ত ইত্যর্থঃ॥ ৭॥

কাৎকৃতঃ তিরস্কৃতঃ॥ ৮॥

স্বসম্পত্তিমেব তিরস্কার হেতুত্বেন জ্ঞাত্বা নিন্দতি কোগৃধ্যেৎ বাহেৎ॥ ৯॥

নন্থ সিংহাসনস্থো রাজা কমপি নাভ্যুত্তিষ্ঠেদিতি নীতিশাস্ত্রজ্ঞা আহুঃ। সত্যং তে ভ্রান্তা এবেত্যাহ যে ইতি। পারমেষ্ঠ্যং ধিষণং পরমেষ্ঠিনোপ্যাসনং॥ ১০॥

অশ্মময়ঃ প্লবোযেষাং। তে যথা মজ্জন্তং প্লবমনুমজ্জন্তি তথেতি রাজনীত্যুপদেষ্টৃষু যসত্যেষু কোপো ব্যঞ্জিতঃ॥ ১১॥

তস্মাদস্যাং বিপত্তৌ কঃ খলূপায়ঃ ক্ষণং বিমৃশ্য স্বয়মেবাহ অথাহমিতি। নিশঠঃ শাঠ্যহীনঃ সন্॥ ১২॥

হে রাজন্! অমরাচার্য্য নির্গত হইয়া আসিবামাত্র তখনই দেবরাজের চৈতন্য হইল। গুরুকে অবহেলা করিয়াছেন তাহা স্মরণ করিয়া সভার মধ্যে আপনিই আপনাকে নিন্দা করিতে লাগিলেন॥ ৭

ইন্দ্র কহিলেন আমি যে কর্ম্ম করিলাম তাহা অতিশয় অসাধু। কি খেদের বিষয়! আমি কি অল্প বুদ্ধি! আমাদের গুরু সভায় আসিয়াছিলেন, আমি ঐশ্বর্য্য মদে মত্ত হইয়া তাঁহার সৎকার না করিয়া তিরস্কার করিলাম?॥ ৮॥

আমার ঐশ্বর্য্য সম্পত্তিকে ধিক্! অতঃপর কোন্ বিজ্ঞ ব্যক্তি স্বর্গাধিপতির লক্ষ্মীতে ক্ষোভ করিবে? আমি সাত্ত্বিক দেবগণের ঈশ্বর, আমাকেও এই লক্ষ্মী এবম্বিধ আসুর ভাব প্রাপ্ত করাইল!॥ ৯॥

যে সকল বৃদ্ধগণ বলিয়া থাকেন রাজাসনে অধ্যাসীন হইয়া কোন ব্যক্তি কাহারও প্রত্যুত্থান করিবেন না, আমি নিশ্চয় বলিতে পারি তাঁহারা উৎকৃষ্ট ধর্ম্ম কি, তাহা অবগত নহেন॥ ১০॥

ঐ সকল ব্যক্তি কুৎসিৎ পথের উপদেশক, তাঁহারা স্বয়ং অধঃপাতে গিয়াছেন। যাঁহারা তাঁহাদের বাক্যে বিশ্বাস করে তাহারা পাষাণময় তরীযোগে তরণেচ্ছু লোকে যদ্রূপ তরণী মগ্ন হওনের পশ্চাৎ পশ্চাৎ আপনারাও মগ্ন হয় তাহার ন্যায়, অন্ধতমোতে নিমগ্ন হইবে সন্দেহ নাই॥ ১১॥

যাহা হউক, এখন আমি শাঠ্য হীন হইয়া গুরুকে প্রসন্ন করিতে চেষ্টা করি, তিনি অমরগণের

এবং চিন্তয়তস্তস্য মঘোনো ভগবান্ গৃহাৎ । বৃহস্পতির্গতো দৃশ্যাং গতিমধ্যাত্মমায়য়া ॥ ১৩ ॥
গুরোর্নাধিগতঃ সংজ্ঞাং পরীক্ষন্ ভগবান্ স্বরাট্ । ধ্যায়ন্ ধিয়া সুরৈর্যুক্তঃ শর্ম্ম নালভতাত্মনঃ ॥ ১৪
তচ্ছ্রুত্বৈবাসুরাঃ সর্ব্বে আশ্রিত্যৌশনসং মতং । দেবান্ প্রত্যুদ্যমং চক্রুর্দুর্ম্মদা আততায়িনঃ ॥ ১৫
তৈর্বিসৃষ্টেষুভিস্তীক্ষ্ণৈর্নির্ভিন্নাঙ্গোরুবাহবঃ । ব্রহ্মাণং শরণং জগ্মুঃ সহেন্দ্রা নতকন্ধরাঃ ।
তাংস্তথাভ্যর্দ্দিতান্ বীক্ষ্য ভগবানাত্মভূরজঃ । কৃপয়া পরয়া দেব উবাচ পরিসান্ত্বয়ন্ ॥ ১৬ ॥
শ্রীব্রহ্মোবাচ ॥
অহোবত সুরশ্রেষ্ঠা হ্যভদ্রং বঃ কৃতং মহৎ । ব্রহ্মিষ্ঠং ব্রাহ্মণং দান্তমৈশ্বর্য্যান্নাভ্যনন্দতঃ ॥ ১৭ ॥
তস্যায়মনয়স্যাসীৎ পরেভ্যোবঃ পরাভবঃ । প্রক্ষীণেভ্যঃ স্ববৈরিভ্যঃ সমৃদ্ধানাঞ্চ যৎসুরাঃ ॥ ১৮

শ্রীধরস্বামী ।

অধিকয়া আত্মমায়য়া ॥ ১৩ ॥
গুরোঃ সংজ্ঞাং জ্ঞানোপায়ং পরীক্ষমাণোপি নাধিগতঃ অপ্রাপ্তঃ সন্ ॥ ১৪ ॥ আততায়িনঃ উদ্যতাস্ত্রাঃ ॥ ১৫ ॥
নির্ভিন্নান্যঙ্গানি উত্তমাঙ্গানি শিরাংসি উরবো বাহবশ্চ যেষাং ॥ ১৬ ॥
বো যুষ্মাকং কৃতং করণং মহদভদ্রং তদাহ ব্রহ্মিষ্ঠমিতি । নাভ্যনন্দত নাভিনন্দিতবন্তঃ ॥ ১৭ ॥
পরেভ্যঃ শত্রুভ্যোবঃ পরাভব ইতি যৎ । অয়ং তস্যানয়স্য অন্যায়স্য সম্বন্ধী ফলরূপ আসীৎ স্বয়মেব বৈরিণোহন্তারোযেষাং তেভ্যঃ ॥ ১৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

চিন্তয়তঃ চিন্তয়তস্তমঘবন্তমনাদৃত্য । অধিকয়া আত্মনো মায়য়া ॥ ১৩ ॥
সংজ্ঞাং জ্ঞানোপায়ং পরীক্ষন্ পরিতঃ ঈক্ষমাণোপি নাধিগতঃ অপ্রাপ্তঃ সন্ ॥ ১৪ । ১৫ । ১৬ । ১৭ ॥
পরেভ্যঃ অন্যেভ্যঃ সকাশাৎ কেভ্যঃ ॥ ১৮ ॥

আচার্য্য এবং ব্রাহ্মণ, তাঁহার বুদ্ধি অতি গম্ভীর, গিয়া মস্তক দ্বারা চরণে প্রণত হই ॥ ১২ ॥

হে রাজন্ ! ইন্দ্র এই প্রকারে অনুতাপ করিতেছেন, বৃহস্পতি অবগত হইয়া অতি শীঘ্র তাঁহার গৃহ হইতে নির্গমন পূর্ব্বক অদৃশ্যা গতি প্রাপ্ত হইলেন ॥ ১৩ ॥

অনন্তর অমরাধিপ অমরগণ সঙ্গে লইয়া অমরাচার্য্যের অন্বেষণ করিতে লাগিলেন, কিন্তু সর্ব্ব প্রকার উপায় দ্বারা সর্ব্বত্র নিরীক্ষণ করিয়াও তাঁহার অনুসন্ধান পাইলেন না, অতএব দেবতাদের সহিত সাতিশয় দুঃখিত হইলেন, কোন প্রকারে তাঁহার মনে স্বাস্থ্য বোধ হইল না ॥ ১৪ ॥

হে রাজন্ ! দেবরাজের এই প্রকার বিমর্ষের কথা শ্রবণ করিবামাত্র যাবস্তু অসুর আপনাদের গুরু শুক্রাচার্য্যের সম্মতি ক্রমে অস্ত্র শস্ত্র ধারণ পূর্ব্বক দেবতাদের সহিত যুদ্ধোদ্যম করিল ॥ ১৫ ॥

তাহাদের তীক্ষ্ণ তীক্ষ্ণ বাণ বর্ষণে দেবগণের মস্তক, বাহু এবং উরু সকল নির্ভিন্ন হইতে লাগিল, অতএব দেবতারা কাতর হইয়া দেবরাজের সহিত ব্রহ্মার নিকট গমন করিলেন এবং নত শিরা হইয়া শরণ প্রার্থনা করিলেন । ভগবান্ স্বয়ম্ভু অমর নিকরকে ঐ প্রকার কাতর হইয়া আসিতে দেখিয়া অতিশয় দয়ার্দ্র হইলেন এবং সকরুণ বচনে সান্ত্বনা করত কহিতে লাগিলেন ॥ ১৬ ॥

ব্রহ্মা কহিলেন অহে দেবশ্রেষ্ঠগণ ! তোমরা অতিশয় গর্হিত কর্ম্ম করিয়াছ ! দান্ত ব্রহ্মনিষ্ঠ ব্রাহ্মণকে যে সম্মান পূর্ব্বক অভ্যর্থনা কর নাই ॥ ১৭ ॥

সেই অন্যায়াচরণের ফল এই পরাভব, নচেৎ তোমরা সমৃদ্ধি শালী, তোমাদের বৈরিবর্গ আপনারাই

মঘবন্ দ্বিষতঃ পশ্য প্রক্ষীণান্ গুর্ব্বতিক্রমাৎ। সম্প্রত্যুপচিতান্ ভূয়ঃ কাব্যমারাধ্য ভক্তিতঃ ॥ ১৯ ॥
আদদীরন্নিলয়নং মমাপি ভৃগুদেবতাঃ ॥ ২০ ॥
ত্রিপিষ্টপং কিং গণয়ন্ত্যভেদ্য মন্ত্রা ভৃগূণামনুশিক্ষিতার্থাঃ।
ন বিপ্রগোবিন্দ গবীশ্বরাণাং ভবন্ত্যভদ্রাণি নরেশ্বরাণাং ॥ ২১ ॥
তদ্বিশ্বরূপং ভজতাশু বিপ্রং তপস্বিনং ত্বাষ্ট্রমথাত্মবন্তং।
সভাজিতোর্থান্ স বিধাস্যতে বো যদি ক্ষমিষ্যধ্বমুতাস্য কর্ম্ম ॥ ২২ ॥

শ্রীধরস্বামী।

গুরু তিরস্কার সৎকারাবেব অপচয়োপচয় কারণমিত্যসুরদৃষ্টান্তেনাহ মঘবন্নিতি। দ্বিষতঃ শত্রূন্ কাব্যং ভার্গবং শুক্রমেবো-পসেব্য উপচিতান্ ॥ ১৯ ॥

উপচিতত্বমেবাহ আদদীরন্ গৃহ্ণীয়ুঃ ॥ ২০ ॥

অভেদ্যা মন্ত্রা যেষাং অনুশিক্ষিতার্থাঃ শিষ্যাঃ যতঃ বিপ্রা গোবিন্দো গাবশ্চ ঈশ্বরা অনুগ্রাহকাঃ যেষাং তেষামেবাভদ্রাণি ন ভবন্তি অন্যেষাং তু ভবন্তি ॥ ২১ ॥

ততস্মাদর্থানন্তরমেব ভজত। অস্য কর্ম্ম অসুর পক্ষপাতং ॥ ২২ ॥

ক্রমসন্দর্ভঃ।

ত্রিপিষ্টপমিতি অত্র গোবিন্দেতি দৃষ্টান্তেনোপন্যস্তং ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

গুরুতিরস্কারসৎকারাবেব বিপৎ সংপদোঃ কারণমিত্যসুর দৃষ্টান্তেনৈবাহ। মঘবন্নিতি ॥ ১৯ ॥

অদ্যাপ্যেষাং তথাবলং দৃশ্যতে যথা মমাপি নিলয়নং সত্যলোকং আদদীরন্ তত্র হেতুঃ ভৃগুদেবতাঃ গুরুভক্তাঃ ॥ ২০ ॥

অত্র সাম দান দণ্ডা উপায়াঃ ন সম্ভবন্তো দৃশ্যতে। ভেদোপ্যশক্য ইত্যাহ ন ভেদ্যাঃ মন্ত্রোমন্ত্রণা যেষাং তে সর্ব্বত্র হেতুঃ। ভৃগূণাং শুক্রাচার্য্যাণাং অনুশিক্ষিতমেব অর্থঃ পুরুষার্থত্বেনোপাদেয়ো যেষাং তে নমু তর্হি কিং বয়ং মরিষ্যাম এবেতি তত্র সাশ্বাস মাহ। ন বিপ্রেতি বিপ্রা গোবিন্দো গাব ঈশ্বরা অনুগ্রাহকা যেষাং তেষাং ॥ ২১ ॥

ততস্মাৎ অয়মেব সংপ্রত্যুপায় ইত্যাহ। বিশ্বরূপং গুরুত্বেন ভজত। যদ্যস্য বিশ্বরূপস্য কর্ম্ম অসুরপক্ষপাতং ॥ ২২ ॥

আপনাদের বৈরী অর্থাৎ হন্তা হইয়া ক্ষীণ হইতেছিল, তাহারা কি তোমাদের উপর আবার এ প্রকার প্রগলভ হইয়া উঠিতে পারিত? ॥ ১৮ ॥

অহে দেবরাজ! গুরুর তিরস্কার ও সৎকারই ক্ষয় বৃদ্ধির কারণ, তাহার দৃষ্টান্ত দেখ, তোমাদের বিদ্বেষী অসুরগণ আচার্য্যের অতিক্রম করিয়া একেবারে ক্ষীণ হইয়াছিল, এক্ষণে ভক্তি পূর্ব্বক আপনা-দের আচার্য্যের আরাধনা করাতে পুনরায় কেমন বৃদ্ধিশীল হইয়া উঠিয়াছে ॥ ১৯ ॥

শুক্রাচার্য্যের প্রতি অতিশয় গুরুভক্তি করাতে এখন তাহাদের এমত প্রভাব যে আমারও বাসস্থান বলে হরণ করিয়া লইল ॥ ২০ ॥

হে দেবরাজ! শুক্র শিষ্য অসুরগণ এক্ষণে অভেদ্য মন্ত্র, না হইবে কেন? গো, ব্রাহ্মণ, এবং ভগবান্ গোবিন্দ ইঁহারা যে সকল নরেশ্বরের প্রতি অনুগ্রাহক তাহাদের কখন অভদ্র হয় না, তদ্ভিন্ন ব্যক্তিদের পদে পদে অমঙ্গল ॥ ২১ ॥

সে যাহা হউক, এক্ষণে তোমরা এক কর্ম্ম কর। ত্বষ্টৃ তনয় বিশ্বরূপ ব্রাহ্মণের সন্নিধানে গমন করিয়া তাঁহার উপাসনায় প্রবৃত্ত হও। তিনি জিতেন্দ্রিয় এবং তপস্বী, পূজিত হইলে অবশ্য তোমা-দের অভীষ্ট অর্থ বিধান করিবেন, যদি তোমরা তাঁহার অসুর পক্ষপাত ক্ষমা কর ॥ ২২ ॥

শ্রীশুক উবাচ ॥

ত এব মুদিতা রাজন্ ব্রহ্মণা বিগতজ্বরাঃ। ঋষিং ত্বাষ্ট্রমুপব্রজ্য পরিষ্বজ্যেদমব্রুবন্।

শ্রীদেবা উচুঃ ॥

বয়ং তে তিথয়ঃ প্রাপ্তা আশ্রমং ভদ্রমস্তু তে। কামঃ সম্পাদ্যতাং তাত পিতৄণাং সময়োচিতঃ।

পুত্রাণাং হি পরোধর্ম্মঃ পিতৃশুশ্রূষণং সতাং। অপি পুত্রবতাং ব্রহ্মন্ কিমুত ব্রহ্মচারিণাং ॥ ২৩ ॥

আচার্য্যো ব্রহ্মণোমূর্ত্তিঃ পিতা মূর্ত্তিঃ প্রজাপতেঃ। ভ্রাতা মরুৎপতে র্মূর্ত্তি র্মাতা সাক্ষাৎ ক্ষিতেস্তনুঃ ॥২৪

দয়ায়া ভগিনীমূর্ত্তির্ধর্ম্মস্যাত্মাঽতিথিঃ স্বয়ং। অগ্নেরভ্যাগতো মূর্ত্তিঃ সর্ব্বভূতানি চাত্মনঃ ॥ ২৫ ॥

তস্মাৎ পিতৄণামার্ত্তানামার্ত্তিং পরপরাভবং। তপসাপনয়ংস্তাত সন্দেশং কর্ত্তুমর্হসি ॥ ২৬ ॥

বৃণীমহে ত্বোপাধ্যায়ং ব্রহ্মিষ্ঠং ব্রাহ্মণং গুরুং। যথাঽঞ্জসা বিজেষ্যামঃ সপত্নাংস্তব তেজসা ॥ ২৭

শ্রীধরস্বামী।

উদিতা উক্তাঃ ॥ ২৩ ॥

অতিথীনাং পিতৄণাঞ্চ প্রশংসার্থমাহুঃ। আচার্য্যঃ উপনীয় বেদাধ্যাপকঃ ব্রহ্মণো বেদস্য মূর্ত্তিঃ ॥ ২৪ ॥

ধর্ম্মস্যাত্মা মূর্ত্তিঃ অতিথিঃ স্বয়ং সাক্ষাৎ আত্মনঃ শ্রীবিষ্ণোঃ। যদ্বা আত্মনঃ স্বস্য। সর্ব্বভূতেষাত্ম দৃষ্টিঃ কর্ত্তব্যেত্যর্থঃ ॥ ২৫ ॥

পরেভ্যঃ পরাভব এবার্ত্তিস্তাং ॥ ২৬ ॥

সন্দেশমাহ বৃণীমহ ইতি ॥ ২৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

আচার্য্যো বেদাধ্যাপকঃ। ব্রহ্মণো বেদস্য। মরুৎপতেরিন্দ্রস্য অতিথিস্তু ধর্ম্মস্যাত্মৈব মূর্ত্তিরিতি কিং বক্তব্যমিতি ভাবঃ। আত্মনঃ পরমেশ্বরস্য ॥ ২৪ ॥ ২৫ ॥

নম্বলং ধর্ম্মোপদেশ স্তুতিভ্যাং বিবক্ষিতং। ক্রতেত্যত আহুঃ তস্মাদিতি ॥ ২৬ ॥

ত্বা ত্বাং গুরুং গুরুত্বেন বৃণীমহে। প্রয়োজনমাহ যথেতি ॥ ২৭ ॥

শুকদেব কহিলেন হে রাজন্! ব্রহ্মা এই প্রকার উপদেশ করিলে অমরগণ ত্বষ্টৃতনয় দ্বিজবর বিশ্বরূপ ঋষি সমীপে গমন করিলেন এবং তাঁহাকে আলিঙ্গন করিয়া কহিতে লাগিলেন, আমরা অতিথি, তোমার আশ্রমে ,আসিয়া উপস্থিত হইলাম, তোমার মঙ্গল হউক। হে তাত! পিতৃগণের সময়োচিত কামনা পূর্ণ কর।* হে বৎস! সৎ পুত্রদিগের পিতৃ শুশ্রূষাই পরম ধর্ম্ম। যে সকল পুত্র পুত্রবান্ , তাহাদেরও পিতৃসেবা অবশ্য কর্ত্তব্য, ইহাতে ব্রহ্মচারিদিগের কথা কি? ॥ ২৩ ॥

হে বৎস! উপনয়ন করিয়া বেদ অধ্যয়ন করান্ যে আচার্য্য তিনি বেদের মূর্ত্তি, পিতা প্রজাপতির মূর্ত্তি, ভ্রাতা মরুৎপতি ইন্দ্রের মূর্ত্তি, মাতা সাক্ষাৎ পৃথিবীর তনু ॥ ২৪ ॥

ভগিনী দয়ার মূর্ত্তি, অতিথি স্বয়ং ধর্ম্মের মূর্ত্তি, অভ্যাগত ব্যক্তি অগ্নির মূর্ত্তি এবং প্রাণিমাত্রই পরমেশ্বরের মূর্ত্তি অর্থাৎ সর্ব্ব প্রাণিতে আত্ম দৃষ্টি কর্ত্তব্য ॥ ২৫ ॥

অতএব হে তাত! আমরা তোমার পিতৃগণ, বিপক্ষ পক্ষের উৎপাতে অতিশয় আর্ত্ত হইয়াছি, আমাদের বৈরি হইতে পরাভব রূপ আর্ত্তি তপস্যা দ্বারা নিবারণ করিয়া অস্মদাদির আদেশ পালন করিতে যোগ্য হও ॥ ২৬ ॥

হে পুত্র! তুমি ব্রহ্মনিষ্ঠ ব্রাহ্মণ, অতএব গুরু, আমরা তোমাকে উপাধ্যায় রূপে বরণ করিতে বাসনা করি, কারণ, তোমার তেজঃ দ্বারা অনায়াসে বৈরিকুলকে পরাজয় করিতে সমর্থ হইব ॥ ২৭ ॥

ন গর্হয়ন্তি হ্যর্থেষু যবিষ্ঠাঙ্ঘ্র্যভিবাদনং। ছন্দোভ্যোঽন্যত্র ন ব্রহ্মন্ বয়ো জ্যৈষ্ঠস্য কারণং।

শ্রীঋষিরুবাচ॥

অভ্যর্থিতঃ সুরগণৈঃ পৌরহিত্যে মহাতপাঃ। স বিশ্বরূপস্তানাহ প্রসন্নঃ শ্লক্ষ্ণয়া গিরা॥ ২৮॥

শ্রীবিশ্বরূপ উবাচ॥

বিগর্হিতং ধর্ম্মশীলৈর্ব্রহ্মবর্চ্চ উপব্যয়ং॥ ২৯॥

কথং নু মদ্বিধো নাথা লোকেশৈরভিযাচিতং। প্রত্যাখ্যাস্যতি তচ্ছিষ্যঃ সএব স্বার্থ উচ্যতে॥ ৩০

শ্রীধরস্বামী।

ননূপাধ্যায়ত্বে কনিষ্ঠস্য মমাভিবন্দনং করিষ্যথ তচ্চ বিগর্হিতং তত্রাহর্নেতি। অর্থেষু প্রয়োজন নিমিত্তং কনিষ্ঠাঙ্ঘ্র্যভিবাদনং ন নিন্দন্তি। কিঞ্চ ছন্দোভ্যঃ মন্ত্রেভ্যোঽন্যত্র বয়োজ্যৈষ্ঠস্য কারণং নতু মন্ত্রেষু। অতোঽস্মভ্যংমন্ত্র দাতৃত্বেন ত্বমেব জ্যেষ্ঠো ভবিষ্যসি। যদ্বা ছন্দোভ্যোঽন্যত্র বেদান্ বিহায়। বয়এব জ্যৈষ্ঠস্য কারণং ন ভবতি কিন্তু বেদাএব কারণং। তৎসাম্যেতু বয়ঃ মন্ত্রজ্ঞত্বাৎ বেদজ্ঞত্বাচ্চ ত্বমেব জ্যেষ্ঠ ইত্যর্থঃ॥ ২৮॥

নিন্দিতমপীদং যুষ্মদাজ্ঞা ভঙ্গভয়েন করিষ্যামীত্যাহ সার্দ্ধেন। বিগর্হিতং পৌরহিত্যং ধর্ম্মশীলৈঃ অধর্ম্মহেতুত্বাৎ। কিঞ্চ ব্রহ্মবর্চ্চ উপব্যয়ং পূর্ব্বসিদ্ধস্য ব্রহ্মবর্চ্চসস্যচ ব্যয়করং॥ ২৯॥

প্রত্যাখ্যাতুং চ মাদৃশোনার্হতীতি আহ কথং ন্বিতি। তেষাং শিষ্যঃ শিক্ষণার্হঃ। স এব প্রত্যাখ্যানাভাব এব শিষ্যস্য স্বার্থ উচ্যতে॥ ৩০॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নম্বু মাং গুরুং কুরুথেতি চেৎ ভ্রাতুস্পুত্রত্বেন কনিষ্ঠস্য কথং মমাভিবাদনং করিষ্যথেতি তত্রাহঃ নেতি ছন্দোভ্যোঽন্যত্র অন্যেষু ব্যাবহারিক কৃত্যেষু যবিষ্ঠাঙ্ঘ্র্যভিবাদনং ন গর্হয়ন্তি ন অপিতু গর্হয়ন্ত্যেব। যতোবয়এব জ্যেষ্ঠত্বস্য কনিষ্ঠত্বস্য চ কারণং অধিক বয়স্ত্বে জ্যেষ্ঠঃ। অল্পবয়স্কে কনিষ্ঠ ইতি। ছন্দস্সু বৈদিককৃত্যেষু নতু তত্র ছন্দোজ্ঞত্বমেব জ্যেষ্ঠত্বস্য কারণমিত্যর্থঃ। তস্মাত্তব বেদজ্ঞত্বাধিক্যাৎ ত্বমেবাস্মাকং পৌরোহিত্যং কুর্ব্বন্ মন্ত্রপ্রদোগুরুর্ভবেতি ভাবঃ॥ ২৮॥

ধর্ম্মশীলৈর্মুনিভিঃ পৌরোহিত্যং বিগর্হিতং। যতো ব্রহ্মবর্চ্চসঃ ব্রহ্মতেজস উপব্যয়োঽধিকব্যয়ো যতস্তৎ॥ ২৯॥

কিঞ্চ তদপি সংপ্রতি মম তৎ কর্ত্তব্যমেবাভূদিত্যাহ কথমিতি হে নাথাঃ লোকেশৈর্যুষ্মাভিঃ তচ্ছিষ্যঃ তেষাং যুষ্মাকং শিষ্যঃ। তস্মাৎ সএব প্রত্যাখ্যানাভাব এব শিষ্যস্য স্বার্থঃ॥ ৩০॥

বৎস। তুমি আমাদের কনিষ্ঠ, তোমাকে উপাধ্যায়ত্ব রূপে বরণ করিয়া অভিবাদন করিলে লোক মধ্যে নিন্দা হইবে এমত আশঙ্কা করিও না, যে হেতু লোকে প্রয়োজন নিমিত্ত কনিষ্ঠের পাদবন্দনকে নিন্দা করে না। অপর মন্ত্র ভিন্ন স্থলেই বয়স জ্যেষ্ঠতার কারণ অতএব মন্ত্রদান করিলে তুমিই আমাদের জ্যেষ্ঠ হইবে। ঋষিবর শুকদেব কহিলেন মহাতপাঃ বিশ্বরূপ এই প্রকারে দেবতাদের কর্ত্তৃক পৌরহিত্যে প্রার্থিত হওয়াতে প্রসন্ন হইয়া মনোজ্ঞ বচনে তাঁহাদিগকে কহিতে লাগিলেন॥ ২৮॥

বিশ্বরূপ কহিলেন হে দেবগণ! যদিও ধর্ম্মশীল ব্যক্তিরা অধর্ম্মের হেতু বলিয়া পৌরহিত্য কর্ম্মের নিন্দা করিয়া থাকেন এবং ঐ কর্ম্ম পূর্ব্বসিদ্ধ ব্রহ্মতেজের ক্ষয়কারি তথাপি আপনাদিগের প্রার্থনা ভঙ্গ ভয়ে আমাকে স্বীকার করিতে হইবে॥ ২৯॥

হে নাথগণ! আপনারা লোকদিগের ঈশ্বর আপনাদিগের প্রার্থিত বিষয় মাদৃশ ব্যক্তি কি রূপে প্রত্যাখ্যান করিতে সমর্থ হইবে? আমি আপনাদিগের শিষ্য অর্থাৎ শিক্ষণার্হ শিক্ষাদাতাদিগকে প্রত্যাখ্যান না করাই শিষ্যের স্বার্থ॥ ৩০॥

অকিঞ্চনানাং হি ধনং শিলোঞ্ছনং তেনেহ নির্ব্বর্ত্তিত সাধু সৎক্রিয়ঃ ।
কথং বিগর্হ্যং নু করোম্যধীশ্বরাঃ পৌরোধসং হৃষ্যতি যেন দুর্ম্মতিঃ ॥ ৩১ ॥
তথাপি ন প্রতিব্রূয়াং গুরুভিঃ প্রার্থিতং কিয়ৎ । ভবতাং প্রার্থিতং সর্ব্বং প্রাণৈরর্থৈশ্চ সাধয়ে ॥ ৩২
শ্রীবাদরায়ণিরুবাচ ॥
তেভ্য এবং প্রতিশ্রুত্য বিশ্বরূপো মহাতপাঃ । পৌরহিত্যং বৃতশ্চক্রে পরমেণ সমাধিনা ॥ ৩৩
সুরদ্বিষাং শ্রিয়ং গুপ্তামৌষনস্যাপি বিদ্যয়া । আচ্ছিদ্যাদান্মহেন্দ্রায় বৈষ্ণব্যা বিদ্যয়া বিভুঃ ॥ ৩৪ ॥
যয়া গুপ্তঃ সহস্রাক্ষো জিগ্যেঽসুরচমূর্ব্বিভুঃ । তাং প্রাহ স মহেন্দ্রায় বিশ্বরূপ উদারধীঃ ॥ ৩৫ ॥

শ্রীধরস্বামী ।

নমু পৌরহিত্যেন ধন সম্ভাবাৎ ধর্ম্মঃ সিদ্ধ্যেৎ । অন্যথা নির্দ্ধনস্য কুতোধর্ম্মঃ । অতএব তেন লোকে হৃষ্যতি তত্রাহ । অকিঞ্চনানাং হি ধনং শিলোঞ্ছনং ক্ষেত্রে স্বাম্যুপেক্ষিত কণিশোপাদানং শিলঃ হট্টাদৌ পতিত ব্রীহ্যাদেরুপাদানমুঞ্ছনং ইহ গৃহাশ্রমে তেনৈব নির্ব্বর্ত্তিতা সাধূনাং সৎক্রিয়া যেন ॥ ৩১ ॥

কিয়দেতৎ প্রার্থিতমল্পমেব অধিকমপি করিষ্যামীত্যাহ ভবতামিতি ॥ ৩২ ॥

সমাধিনা পরমোদ্যমেন ॥ ৩৩ ॥

বৈষ্ণব্যা শ্রীনারায়ণ কবচাত্মিকয়া ॥ ৩৪ ॥

অসুরচমূঃ দৈত্যসেনাঃ ॥ ৩৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

নমু পৌরোহিত্যেন ধন লাভাদ্ধর্ম্মঃ সিদ্ধ্যেৎ । অন্যথা নির্ধনস্য কুতো ধর্ম্ম তত্রাহ অকিঞ্চনানাং শিলোঞ্ছনমেব ধনং । ক্ষেত্রে স্বাম্যুপেক্ষিত কণিশোপাদানং শীলং । হট্টাদৌ পতিত ব্রীহ্যাদেরুপাদানং মুঞ্ছনং যেন পৌরোধসেন দুর্ম্মতিঃ পুমানেব হৃষ্যতি নতু সুমতিঃ । যথা । দুষ্টা মতিরেব স্বাম্যুকুল্যাৎ হৃষ্যতি ॥ ৩১ ॥

ন প্রতিব্রূয়াং ন প্রত্যাখ্যাস্যে কিয়দেতৎ প্রার্থিতমত্যল্পমেব অত্যধিকমপি করিষ্যামীত্যাহ ভবতামিতি ॥ ৩২ ॥

সমাধিনা চিত্তৈকাগ্র্যেণ ॥ ৩৩ । ৩৪ ॥ তাং বৈষ্ণবীং বিদ্যাং ॥ ৩৫ ॥

হে অধীশ্বরগণ ! যে সকল ব্যক্তি, অকিঞ্চন, যাহাদিগের শীল অর্থাৎ ক্ষেত্রে স্বামির উপেক্ষিত শস্য কণা গ্রহণ ও উঞ্ছ অর্থাৎ হট্টাদিতে পতিত ধান্যাদি গ্রহণই ধন, আমি তাহাদিগের বৃত্তি দ্বারাই গৃহাশ্রমে সাধুদিগের কর্ত্তব্য সৎক্রিয়া সকল নির্ব্বাহ করিয়া থাকি । দুর্ম্মতি লোকে যে পৌরহিত্য প্রাপ্ত হইলে হর্ষান্বিত হয় আমার পক্ষে তাহা অতি ঘৃণিত । অতএব যদিও পৌরহিত্য কর্ম্ম আমার অকর্ত্তব্য ॥ ৩১ ॥

তথাপি আপনারা আমার গুরু, আপনাদের এই প্রার্থনা অত্যল্প মাত্র, অধিক হইলেও সম্পন্ন করিতে পারি অতএব অস্বীকার করা আমার উচিত হয় না, আপনাদিগের প্রার্থিত সকল বিষয় আমি প্রাণদ্বারা ও ধনদ্বারাও সাধন করিব ॥ ৩২ ॥

শুকদেব কহিলেন মহারাজ ! মহাতপাঃ বিশ্বরূপ দেবগণ সমীপে এই রূপ প্রতিশ্রুত হইয়া তাঁহাদের কর্ত্তৃক বৃত হওত পরম উদ্যম পূর্ব্বক পৌরহিত্য করিতে লাগিলেন ॥ ৩৩ ॥

দৈত্যগুরু শুক্রের বিদ্যা দ্বারা যদিও দেবদ্বেষি অসুরগণের শ্রী পরিরক্ষিতা হইতেছিল তথাচ ঐ বিশ্বরূপ নারায়ণ কবচ স্বরূপ বৈষ্ণবী বিদ্যা বলে তাহাদিগের নিকট হইতে আচ্ছিন্ন করিয়া তাহা মহেন্দ্রকে অর্পণ করিলেন হে রাজন্ ! দেবরাজ ইন্দ্র যে বিদ্যা দ্বারা অসুরসেনা জয় করেন, বিশ্বরূপ সেই বিদ্যা তাঁহাকে প্রদান করেন ॥ ৩৪ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ষষ্ঠস্কন্ধে বিশ্বরূপোপাখ্যানে সপ্তমোঽধ্যায়ঃ ॥ * ॥ ৭ ॥ * ॥

শ্রীরাজোবাচ ॥

যয়া গুপ্তঃ সহস্রাক্ষঃ সবাহান্ রিপুসৈনিকান্। ক্রীড়ন্নিব বিনির্জিত্য ত্রিলোক্যা বুভুজে শ্রিয়ং।

ভগবংস্তন্মমাখ্যাহি বর্ম্ম নারায়ণাত্মকং। যথাততায়িনঃ শত্রূন্ যেন গুপ্তোজয়ন্মৃধে।

শ্রীবাদরায়ণিরুবাচ ॥

বৃতঃ পুরোহিত স্ত্বাষ্ট্রো মহেন্দ্রায়ানুপৃচ্ছতে। নারায়ণাখ্যং বর্ম্মাহ তদিহৈকমনাঃ শৃণু ॥ ১ ॥

শ্রীবিশ্বরূপ উবাচ ॥

ধৌতাঙ্ঘ্রি পাণিরাচম্য সপবিত্র উদঙ্মুখঃ। কৃতস্বাঙ্গ করন্যাসো মন্ত্রাভ্যাং বাগ্‌যতঃ শুচিঃ ॥ ২ ॥

শ্রীধরস্বামী।

॥ * ॥ ইতি ষষ্ঠে সপ্তমঃ ॥ * ॥

অষ্টমে বিশ্বরূপস্তু বর্ম্মনারায়ণাত্মকং। ইন্দ্রায় প্রাহ যেনেন্দ্রো গুপ্তো দৈত্যানথাজয়ৎ ॥ ০ ॥

ত্রিলোক্যাঃ সম্বন্ধিনীং শ্রিয়ং ॥ ১ ॥

মন্ত্রাভ্যাং অষ্টাক্ষর দ্বাদশাক্ষরাভ্যাং কৃতঃ স্বাঙ্গেষু করয়োশ্চ ন্যাসো যেন সঃ ॥ ২ ॥

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে ষষ্ঠস্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভে সপ্তমোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

যয়েতি যুগ্মকং। যয়া বর্ম্মরূপয়া বিদ্যয়া যথা অজয়ৎ তং প্রকারঞ্চাখ্যাহি ॥১।২।৩।৪।৫।৬।৭।৮।৯।১০।১১।১২।১৩।১৪।১৫।১৬॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। ষষ্ঠস্য সপ্তমোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

নারায়ণাত্মকং বর্ম্ম বিশ্বরূপ উপাদিশৎ। শক্রং যেনাজয়দ্দৈত্যান্ স ইত্যষ্টম উচ্যতে ॥ ১ । ২ । ৩ ॥

॥ * ॥ ইতি ষষ্ঠে সপ্তম ॥ * ॥

অষ্টম অধ্যায়ে বিশ্বরূপ কর্ত্তৃক ইন্দ্রের প্রতি নারায়ণ কবচ উপদেশ এবং তদ্দ্বারাই অমররাজের দানব জয় ॥ ০ ॥

রাজা পরীক্ষিৎ জিজ্ঞাসা করিলেন ভগবন্! আপনি কহিলেন ইন্দ্র নারায়ণ কবচ দ্বারা রক্ষিত হইয়া বাহন সহিত রিপুসেনা সমূহকে অবলীলাক্রমে জয় করত ত্রিলোকীর ঐশ্বর্য্য সম্পত্তি ভোগ করিয়াছিলেন। প্রভো! ঐ কবচ কি প্রকার? দেবরাজ তদ্দ্বারা রক্ষিত হইয়া কি রূপে যুদ্ধে উদ্যতাস্ত্র শত্রুগণকে জয় করিয়াছিলেন? বলিতে আজ্ঞা হউক। শুকদেব কহিলেন রাজন্! বিশ্বরূপকে পৌরহিত্যে বরণ করিয়া দেবরাজ নারায়ণকবচ জিজ্ঞাসা করিয়াছিলেন, তাহাতে মহাতপাঃ বিশ্বরূপ তাঁহাকে নারায়ণ কবচ উপদেশ দেন, ঐ বর্ম্ম যে প্রকার ও বিশ্বরূপ যে রূপে উপদেশ করেন বলিতেছি, মনোযোগ পূর্ব্বক শ্রবণ কর ॥ ১ ॥

ইন্দ্রের জিজ্ঞাসা ক্রমে বিশ্বরূপ কহিলেন, অহে অমররাজ! হস্তপাদ প্রক্ষালন পূর্ব্বক আচমন করিয়া পবিত্র হস্তে উত্তরাস্য হইয়া উপবেশন করিবে, পরে অষ্টাক্ষর অথবা দ্বাদশাক্ষর মন্ত্র দ্বারা অঙ্গন্যাস ও করন্যাস করিয়া শুচি ও বাগ্‌যত হইবে ॥ ২ ॥

নারায়ণপরং বর্ম্ম সংনহেদ্ভয় আগতে ॥ ৩ ॥
পাদয়োর্জানুনোরূর্ব্বোরুদরে হৃদ্যথোরসি । মুখে শিরস্যানুপূর্ব্ব্যা ওঙ্কারাদীনি বিন্যসেৎ ॥ ৪ ॥
ওঁ নমো নারায়ণায়েতি বিপর্য্যয়মথাপি বা ॥ ৫ ॥
করন্যাসং ততঃ কুর্য্যাদ্দ্বাদশাক্ষর বিদ্যয়া । প্রণবাদি যকারান্তমঙ্গুল্যঙ্গুষ্ঠপর্ব্বসু ॥ ৬ ॥
ন্যসেদ্ধৃদয় ওঙ্কারং বিকার মনু মূর্দ্ধনি । ষকারন্তু ভ্রুবোর্মধ্যে ণকারং শিখয়া ন্যসেৎ ।
বেকারং নেত্রয়োর্যুঞ্জ্যান্নকারং সর্ব্ব সন্ধিষু ॥ ৭ ॥

শ্রীধরস্বামী ।

নারায়ণময়ং পরং বর্ম্ম সংনহেৎ বধ্নীয়াৎ ॥ ৩ ॥
তত্রাষ্টাক্ষরেণ পাদাদ্যষ্টাঙ্গেষু ন্যাসমাহ । পাদয়োরিতি সার্দ্ধেন । প্রণব সংপুটিতমোঙ্কারাদোকৈকমক্ষরং বিন্যসেৎ ॥ ৪ ॥
বিপর্য্যয়ং যথা ভবত্যেবং শির আদি পাদান্তং বা বিন্যসেৎ । উৎপত্তিন্যাসং সংহারন্যাসং বা কুর্য্যাদিত্যর্থঃ ॥ ৫ ॥
দ্বাদশাক্ষরস্তোঙ্কারঃ প্রণবাদি যকারান্তমিতি । প্রণব সংপুটিতমেকৈকমক্ষরং দক্ষিণ তর্জ্জনীমারভ্য বাম তর্জ্জনী পর্য্যন্ত মঙ্গুলীষু । পরিশিষ্টমক্ষর চতুষ্টয়ং অঙ্গুষ্ঠয়োরাদ্যন্ত পর্ব্বসু ন্যসেৎ ॥ ৬ ॥
মন্ত্রান্তর ন্যাসমাহ ন্যসেদিতি । ষকারণকারয়ো র্বিশ্লেষেণ ষড়ক্ষরাণি হৃদয়াদিষু ন্যসেৎ ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

অত্রাষ্টাক্ষরেণ পাদাদ্যষ্টাঙ্গেষু ন্যাসমাহ পাদয়োরিতি সার্দ্ধেন । প্রণবসংপুটিতমোঙ্কারাদোকৈকাক্ষরং বিন্যসেৎ বিপর্য্যয়ং যথা ভবত্যেবং শির আদি পাদান্তং বা বিন্যসেৎ । প্রক্রমেণ সৃষ্টিন্যাসং ব্যুৎক্রমেণ সংহারন্যাসং বা কুর্য্যাদিত্যর্থঃ ॥ ৪ ॥
প্রণবাদীতি প্রণবপুটিতমেকৈকমক্ষরং দক্ষিণ তর্জ্জনীমারভ্য বামতর্জ্জনী পর্য্যন্তমঙ্গুলীষু পরিশিষ্টমক্ষর চতুষ্টয়ং অঙ্গুষ্ঠয়োরাদ্যন্ত পর্ব্বসু ন্যসেৎ ॥ ৫ ॥
মন্ত্রান্তরেণাপি হৃদয়াদি ন্যাসমাহ ন্যসেদিতি ॥ ৬ । ৭ ॥

তাহার পর নারায়ণময় বর্ম্ম বন্ধন করিবে । কোন প্রকার ভয় উপস্থিত হইলেই ঐ কবচ বন্ধন কর্ত্তব্য ॥ ৩ ॥

হে মহেন্দ্র ! অঙ্গন্যাস এই প্রকারে করিতে হয় । পদদ্বয়, জানুদ্বয়, উরুদ্বয়, উদর, হৃদয়, বক্ষঃস্থল মুখ এবং মস্তক এই সকল অঙ্গে যথাক্রমে প্রণব পুটিত মন্ত্রের এক একটী বর্ণ ন্যাস করিবে ॥ ৪ ॥

সেই মন্ত্র এই "ওঁ নমো নারায়ণায়" । হে অমরাধিপ ! উল্লিখিত অঙ্গ সকলে যথাক্রমে ন্যাস করিয়া মস্তক অবধি চরণ পর্য্যন্ত ন্যাস করিলেও হইতে পারিবে ॥ ৫ ॥

উক্ত প্রকারে অঙ্গন্যাস করা হইলে তৎপশ্চাৎ দ্বাদশাক্ষর অর্থাৎ "ওঁ নমো ভগবতে বাসুদেবায়" এই মন্ত্র দ্বারা করন্যাস করিবে । তন্মধ্যে "ওঁ নমো নারায়ণায়" অর্থাৎ প্রণব অবধি য় কারান্ত এই সকল অক্ষর মধ্যে এক একটী অক্ষর প্রণব পুটিত করিয়া দক্ষিণ হস্তের তর্জ্জনী অবধি বাম হস্তের তর্জ্জনী পর্য্যন্ত অঙ্গুলি সকলে ন্যাস করিবে, অবশিষ্ট চারিটী অক্ষর দুই অঙ্গুষ্ঠের আদ্য ও অন্ত্য পর্ব্বে ন্যাস করিবে ॥ ৬ ॥

হে দেবেন্দ্র ! ঐ মন্ত্র ন্যাস না করিয়া মন্ত্রান্তর ন্যাস করিলেও হইবে । যথা হৃদয়ে প্রণব, মস্তকে "বি" এই অক্ষর, ভ্রূদ্বয় মধ্যে "ষ" কার, শিখায় "ণ" কার, নেত্রদ্বয়ে "বে" কার এবং সন্ধি স্থান সকলে "ন" কার ॥ ৭ ॥

মকারমস্ত্রমুদ্দিশ্য মন্ত্র মূর্ত্তির্ভবেদ্বুধঃ। সবিসর্গং ফড়ন্তং তৎ সর্ব্ব দিক্ষু বিনির্দ্দিশেৎ।
ওঁ বিষ্ণবে নম ইতি ॥ ৮ ॥
আত্মানং পরমং ধ্যায়েৎ ধ্যেয়ং ষট্‌শক্তিভির্যুতং। বিদ্যাতেজস্তপো মূর্ত্তিমিমং মন্ত্রমুদাহরেৎ ॥৯
ওঁ হরির্বিদধ্যান্মম সর্ব্বরক্ষাং ন্যস্তাঙ্ঘ্রিপদ্মঃ পতগেন্দ্রপৃষ্ঠে।
দরারি চর্ম্মাসি গদেষু চাপ পাশান্দধানোঽষ্টগুণোঽষ্টবাহুঃ ॥ ১০ ॥
জলেষু মাং রক্ষতু মৎস্যমূর্ত্তি র্যাদোগণেভ্যো বরুণস্য পাশাৎ।
স্থলেষু মায়াবটুবামনোঽব্যাৎ ত্রিবিক্রমঃ খেঽবতু বিশ্বরূপঃ ॥ ১১ ॥

শ্রীধরস্বামী।

মকারমস্ত্রমুদ্দিশ্য ধ্যাত্বা তন্মকারাস্ত্রং মঃ অস্ত্রায় ফডিত্যেবং পূর্ব্বাদি দিগ্বন্ধেষু বিনির্দ্দিশেৎ ॥ ৮ ॥
ধ্যেয়মীশ্বররূপমাত্মানং ধ্যায়েৎ। ষট্‌শক্তিভিঃ ঐশ্বর্য্যাদিভিঃ ভগবচ্ছব্দ বাচ্যাভিঃ বিদ্যাচ তেজশ্চ মূর্ত্তির্যস্য তমিমং বক্ষ্যমাণং শ্রীনারায়ণকবচাখ্যং ॥ ৯ ॥
অষ্টগুণঃ অনিমাদ্যষ্টৈশ্বর্য্যযুক্তঃ ॥ ১০ ॥
যাদসাং গণা এব বরুণস্য পাশস্তস্মাৎ ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মকারং অস্ত্রমুদ্দিশ্য ধ্যাত্বা তৎ মকারাস্ত্রং মঃ অস্ত্রায় ফড়িতি এবং সর্ব্ব দিগ্বন্ধে বিনির্দিশেৎ ॥ ৮ ॥
ধ্যেয়মীশ্বররূপমাত্মানং ধ্যায়েদিত্যৈশ্বর্য্যস্য কামনয়া অহংগ্রহোপাসনা ॥
বিদ্যা তেজ স্তপাংসি মূর্ত্তি র্যস্য তমিমং মন্ত্রং নারায়ণকবচাখ্যং ॥ ৯ ॥
সমুদ্রেণ সহ নদী নদাদিবৎ ধ্যেয়রূপেণ সহৈক্যং প্রাপ্তোপি পৃথগ্‌ভূয়াপি তিষ্ঠন্ স্বরক্ষা প্রার্থনমন্ত্রমুদাহরেদিত্যাহ হরিরিতি।
অষ্টগুণঃ অণিমাদ্যষ্টৈশ্বর্য্য যুক্তঃ ॥ ১০ ॥
সামান্যেন সর্ব্বতো রক্ষাং প্রার্থ্য দেশ বিশেষেষু তত্তদধিষ্ঠাতৃ স্বরূপেণ ভগবতা রক্ষামপ্রার্থনাহ জলেষ্বিতি ত্রিভিঃ। যাদসাং গণাএব বরুণস্য পাশস্তস্মাৎ ॥ ১১ ॥

ন্যাস করিয়া শেষে "ম" এই অক্ষরকে অস্ত্ররূপে ধ্যান করত স্বয়ং মন্ত্র মূর্ত্তি হইবে। তদনন্তর ঐ মকারকে বিসর্গযুক্ত ও ফট শব্দ অন্ত করিয়া সকল দিকে নির্দ্দেশ করিবে, অর্থাৎ "মঃ" অস্ত্রায় ফট্ এই মন্ত্র পূর্ব্বাদি দিগ্বন্ধেতে নির্দ্দিষ্ট করিবে। হে অমররাজ! সেই মন্ত্রান্তর এই "ওঁ বিষ্ণবে নমঃ" ॥ ৮ ॥

হে অমরাধীশ! ঐ প্রকার ন্যাস করণানন্তর ধ্যেয় ঈশ্বর স্বরূপ সেই আত্মার ধ্যান করিবে, যিনি ঐশ্বর্য্যাদি ছয় শক্তিতে সংযুক্ত, তদনন্তর নারায়ণ কবচাখ্য মন্ত্র, যাহা পরে বলিতেছি, বিদ্যা তেজঃ ও তপস্যাই যাহার মূর্ত্তি, সেই মন্ত্র উচ্চারণ করিবে ॥ ৯ ॥

সেই মন্ত্র এই "যাঁহার পাদপদ্ম পতগেন্দ্র পৃষ্ঠে বিন্যস্ত, যিনি অষ্ট বাহু সমন্বিত এবং সেই অষ্ট বাহুতে শঙ্খ, চক্র, গদা, খড়্গ, ধনুঃ, বাণ, চর্ম্ম ও পাশ ধারণ করিতেছেন, সেই ভগবান্ আমার সর্ব্ব রক্ষা বিধান করুন ॥ ১০ ॥

অপর মৎস্য মূর্ত্তি ভগবান্ জল মধ্যে জলজন্তু সমূহ রূপ বরুণ পাশ হইতে আমাকে রক্ষা করুন। যিনি মায়াযোগে বটু বামন হইয়াছিলেন তিনি স্থল মধ্যে আমাকে রক্ষা করুন। যিনি বিশ্বরূপ ও ত্রিবিক্রম মূর্ত্তি, তিনি অন্তরীক্ষে আমাকে রক্ষা করুন ॥ ১১ ॥

দুর্গেষ্বটব্যাজিমুখাদিষু প্রভুঃ পায়ান্নৃসিংহোঽসুরযূথপারিঃ।
বিমুঞ্চতো যস্য মহাট্টহাসং দিশোবিনেদুর্ন্যপতংশ্চ গর্ভাঃ ॥ ১২ ॥
রক্ষত্বসৌ মাধ্বনি যজ্ঞকল্পঃ স্বদংষ্ট্রয়োন্নীতধরো বরাহঃ।
রামোঽদ্রিকূটেষ্বথ বিপ্রবাসে সলক্ষ্মণোব্যাদ্ভরতাগ্রজোঽস্মান্ ॥ ১৩ ॥
মামুগ্রধর্ম্মাদখিলাৎ প্রমাদাৎ নারায়ণঃ পাতু নরশ্চ হাসাৎ।
দত্তস্ত্বযোগাদথ যোগনাথঃ পায়াদ্গুণেশঃ কপিলঃ কর্ম্মবন্ধাৎ ॥ ১৪ ॥
সনৎকুমারোঽবতু কামদেবাদ্ধয়শীর্ষা মাং পথি দেবহেলনাৎ।
দেবর্ষিবর্য্যঃ পুরুষার্চ্চনান্তরাৎ কূর্ম্মোহরির্মাং নিরয়াদশেষাৎ ॥ ১৫ ॥

শ্রীধরস্বামী।

অটবী আজিমুখঞ্চ সংগ্রামোপক্রমঃ আদির্যেষাং তেষু সঙ্কট স্থানেষু ॥ ১২ ॥

অসৌ প্রসিদ্ধো বরাহো মাহ মার্গধ্বনি রক্ষতু। যজ্ঞৈরবয়বরূপৈঃ কল্প্যতে নিরূপ্যন্তে ইতি তথা উন্নীতা উদ্ধৃতা ধরা যেন সঃ অদ্রিকূটেষু গিরিশিখরেষু রামো জামদগ্ন্যঃ ॥ ১৩ ॥

উগ্রধর্ম্মাদভিচারাদিলক্ষণাৎ। হাসাৎ গর্ব্বাৎ নরঃ পাতু। দত্তো দত্তাত্রেয়ঃ অযোগাৎ যোগভ্রংশাৎ ॥ ১৪ ॥

পথি যদ্দেবানাং হেলনং নমস্কারমকৃত্বা গমনং তস্মাৎ। পুরুষার্চ্চনস্যান্তরাৎ। দেবপূজাচ্ছিদ্রাৎ। দ্বাত্রিংশদপরাধরূপাৎ

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

আজিমুখং যুদ্ধসংমুখপ্রদেশঃ ॥ ১২ ॥

যজ্ঞকল্পঃ যজ্ঞস্বরূপঃ স্বার্থিক কল্পপ্। যদ্বা যজ্ঞাঃ কল্পাঃ সমর্থা যতঃ সঃ। রামোযামদগ্ন্যঃ ॥ ১৩ ॥

স্বপরোষ্টবেভ্যঃ উপদ্রবেভ্যো রক্ষামন্ত্রানাহ চতুর্ভিঃ। উগ্রধর্ম্মাদভিচারাদেঃ। হাসাৎ গর্ব্বাৎ। অযোগাৎ যোগভ্রংশাৎ ॥ ১৪

কামদেবাৎ কন্দর্পবেগাৎ পথি যদ্দেবহেলনং নমস্কারমকৃত্বৈব গমনং। পুরুষার্চ্চনস্যান্তরাৎ দেবপূজাচ্ছিদ্রাৎ দ্বাত্রিংশদপরাধ

অপিচ নৃসিংহ রূপী সেই ভগবান্, যিনি অসুর যূথপের অরি এবং যাঁহার বিকট হাস্যে দিক্ সকল প্রতি ধ্বনিত ও গর্ত্ত সকল পতিত হয়, তিনি সংগ্রামোপক্রমাদি সঙ্কট স্থান সকলে আমাকে রক্ষা করুন ॥ ১২ ॥

যিনি আপনার অবয়ব রূপ যজ্ঞ দ্বারা নিরূপণীয় হয়েন, আপনার দংষ্ট্রা দ্বারা ধরার উদ্ধার করিয়াছিলেন, সেই প্রসিদ্ধ বরাহ আমাকে পথে রক্ষা করুন। অপর জামদগ্ন্যমূর্ত্তি সেই ভগবান্ গিরিশিখরে আমাকে রক্ষা করুন। আর ভরতাগ্রজ অর্থাৎ রামচন্দ্ররূপী সেই প্রভু লক্ষ্মণ সহিত প্রবাসে আমাদিগকে রক্ষা করুন ॥ ১৩ ॥

তথা ভগবান্ নারায়ণ অভিচারাদি রূপ যে সমস্ত উগ্র ধর্ম্ম ও অনবধানতা তাহা হইতে আমাকে রক্ষা করুন। আর নররূপী সেই ভগবান্ গর্ব্ব হইতে আমাকে রক্ষা করুন। অপর দত্তাত্রেয় রূপী সেই হরি যিনি যোগ সকলের নাথ, তিনি যোগভ্রংশ হইতে আমাকে রক্ষা করুন, কপিলমূর্ত্তি সেই প্রভু, যিনি গুণ সকলের ঈশ্বর, তিনি কর্ম্মবন্ধ হইতে আমাকে রক্ষা করুন ॥ ১৪ ॥

সনৎকুমার রূপী ভগবান্ কামদেব হইতে আমাকে রক্ষা করুন। হয়শীর্ষ মূর্ত্তি ভগবান্ পথে দেব হেলন অর্থাৎ দেবতাদিগকে নমস্কার না করিয়া গমন রূপ অপরাধ হইতে আমাকে রক্ষা করুন। দেবর্ষি শ্রেষ্ঠ অর্থাৎ নারদরূপী ভগবান্ দ্বাত্রিংশৎ অপরাধ রূপ যে দেবপূজাদি ছিদ্র, তাহা হইতে আমাকে

ধন্বন্তরির্ভগবান্ পাত্বপথ্যাদ্দ্বন্দ্বাদ্ভয়াদৃষভো নির্জ্জিতাত্মা।
যজ্ঞশ্চ লোকাদবতাজ্জনান্তাদ্বলোগণাৎ ক্রোধবশাদহীন্দ্রঃ ॥ ১৬ ॥
দ্বৈপায়নো ভগবানপ্রবোধাদ্বুদ্ধস্তু পাষণ্ডগণপ্রমাদাৎ।
কল্কিঃ কলেঃ কালমলাৎ প্রপাতু ধর্ম্মাবনায়োরু কৃতাবতারঃ ॥ ১৭ ॥
মাং কেশবো গদয়া প্রাতরব্যাৎ গোবিন্দ আসঙ্গবমাত্তবেণুঃ।

শ্রীধরস্বামী।

নারদঃ ॥ ১৫ ॥

লোকাং জনাপবাদাৎ যজ্ঞঃ জননিমিত্তো যোহস্তঃ উপঘাতঃ তস্মাৎ বলভদ্রঃ অবতাৎ। কৃতান্তাদিতি পাঠে কৃতান্তাৎ কালাৎ রক্ষতু। ক্রোধবশাৎ সর্পাণাং গণাৎ অহীন্দ্রঃ শেষঃ ॥ ১৬ ॥

কালমলভূতাৎ কলেঃ কল্কিঃ। ধর্ম্মাবনায় ধর্ম্মরক্ষণায় উরুর্মহান্ কৃতোঽবতারো যেন ॥ ১৭ ॥

দিনস্য ষট্সু ভাগেষু ক্রমেণ প্রাতরাদি সংজ্ঞেষু রাত্রেশ্চ প্রদোষাদি সংজ্ঞেষু রক্ষাপ্রার্থনং মাং কেশব ইতি ত্রিভিঃ। আস-

ক্রমসন্দর্ভঃ।

যজ্ঞশ্চ লোকাদিত্যত্র বলদেবস্য শেষাদন্যত্র কৃতান্তাদিত্যধিক শক্তিত্বং দর্শিতং। জনান্তাদিতি পাঠে জনানামন্তান্নাশাদিতি সএবার্থঃ ॥ ১৭ ॥

মাং কেশব ইতি সার্দ্ধকং। অনেন মথুরা বৃন্দাবন নাথয়োর্নিত্যপ্রকাশত্বং দর্শিতং। প্রাতরাদয়ঃ কালাএবং যুজ্যন্তে। প্রাহুস্তাবৎ প্রথম ভাগঃ প্রাতঃ সঙ্গবৌতু ততোবাংশৌ মধ্যাহ্নো মধ্যভাগঃ। তৃতীয় ভগস্বপরাহ্নঃ সায়ং সন্ধ্যাভ্যামবান্তর ভেদ

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

রূপাদিত্যর্থঃ ॥ ১৫ ॥

লোকাজ্জনাপবাদাৎ। জনান্তাৎ জনহেতুকোঽস্য উপঘাত স্তস্মাৎ কৃতান্তাদিতি চ পাঠঃ ক্রোধবশাৎ সর্পাণাং গণাৎ অহীন্দ্রঃ শেষঃ ॥ ১৬ ॥

কালমল রূপাৎ। কলেঃ কল্কিঃ কীদৃশঃ ধর্ম্মাবনেত্যাদি ॥ ১৭ ॥

কালবিশেষেষু তত্তদধিষ্ঠাতৃ স্বরূপেণ ভগবতা রক্ষামন্ত্রানাহ মামিতি ত্রিভিঃ। কেশবো মথুরাধিপতিঃ। প্রাতর্দিনস্য পঞ্চম ঘটিকা পর্য্যন্তং। গোবিন্দো বৃন্দাবনাধিপতিঃ। আসঙ্গবং ষষ্ঠ ঘটিকামারভ্য দশম ঘটিকা পর্য্যন্তং একাদশ ঘটিকামারভ্য পঞ্চবিংশতি ঘটিকা পর্য্যন্তঃ প্রাহ্নঃ স্তত্র ষোড়শ ঘটিকামারভ্য বিংশতি ঘটিকা পর্য্যন্তং মধ্যন্দিনং তত্র অরীন্দ্রপাণিঃ চক্রহস্তঃ।

রক্ষা করুন ॥ ১৫ ॥

অপর ধন্বন্তরি রূপী ভগবান্ অপথ্য হইতে আমাকে রক্ষা করুন, জিতেন্দ্রিয় ঋষভ মূর্ত্তি ভগবান্ সুখ দুঃখাদি দ্বন্দ্ব ভয় হইতে রক্ষা করুন। যজ্ঞমূর্ত্তি ভগবান্ জনাপবাদ হইতে রক্ষা করুন। বলভদ্র রূপী ভগবান্ জন নিমিত্ত উপঘাত হইতে রক্ষা করুন। শেষরূপী ভগবান্ ক্রোধ বশম্বদ সর্পগণ হইতে পরিত্রাণ করুন ॥ ১৬ ॥

কল্কিরূপী ভগবান্ যিনি ধর্ম্ম রক্ষার্থ ঐ মহৎ অবতার স্বীকার করিয়াছেন, তিনি কলির মল স্বরূপ কাল হইতে রক্ষা করুন ॥ ১৭ ॥

হে দেবেন্দ্র! তদনন্তর প্রাত র্মধ্যাহ্নাদি দিন ষড়্ভাগে এবং রাত্রির প্রদোষাদি ছয় সময়ে এই প্রকার প্রার্থনা করিবে যথা ভগবান্ কেশব প্রাতঃকালে গদা দ্বারা রক্ষা করুন। ভগবান্ গোবিন্দ বেণু

নারায়ণঃ প্রাহ্ণ উদাত্তশক্তির্মধ্যন্দিনে বিষ্ণুররীন্দ্রপাণিঃ ॥ ১৮ ॥
দেবোঽপরাহ্ণে মধুহোগ্রধন্বা সায়ং ত্রিধামাঽবতু মাধবো মাং ।
দোষে হৃষীকেশ উতার্দ্ধরাত্রে নিশীথ একোঽবতু পদ্মনাভঃ ॥ ১৯ ॥
শ্রীবৎস ধামা পররাত্র ঈশঃ প্রত্যূষ ঈশোসিধরো জনার্দ্দনঃ ।
দামোদরোঽব্যাদনুসন্ধ্যং প্রভাতে বিশ্বেশ্বরো ভগবান্ কালমূর্ত্তিঃ ॥ ২০ ॥

শ্রীধরস্বামী ।

সবং সঙ্গবমভিব্যাপ্য ॥ ১৮ ॥

ত্রিধামা ব্রহ্মাদি ত্রিমূর্ত্তিঃ । মাধবঃ দোষে প্রদোষে অর্দ্ধরাত্রে অর্দ্ধরাত্র পর্য্যন্তে কালে নিশীথেচ এক এব পদ্মনাভো ঽবতু ॥ ১৯ ॥

অপর রাত্রে ঈশঃ শ্রীবৎসধামাঽবতু । প্রত্যূষে ঈশঃ জনার্দ্দনঃ । দামোদরঃ প্রভাতে । বিশ্বেশ্বরোঽনুসন্ধ্যং প্রতিসন্ধ্যং ॥ ২০

ক্রমসন্দর্ভঃ ।

ভেদ স্তিরঃ রাত্রৌচ প্রদোষঃ প্রথমভাগঃ মধ্যভাগো নিশীথঃ অর্দ্ধ রাত্রস্ত তত্রাপি মধ্যম ঘটিকাদ্বয়ং । অপর রাত্রস্ত তৃতীয়ো ভাগঃ । তস্যৈবান্তিমাংশদ্বয়ং প্রত্যূষ প্রভাত সংজ্ঞং । যথা সন্ধ্যাশ্চ তদবান্তরভেদা অপি পৃগ্ গাণ্যন্ত ইতি । ক্রমগণনস্যাতু মধ্যাহ্নাদ্যতিক্রমাপত্তেঃ । প্রাহ্নস্ত স্মৃতৌ নভিন্নত্বেন গণ্যতে । তথাহি । মুহূর্ত্ত ত্রিতয়ং প্রাতস্তাবানেব তু সঙ্গবঃ । মধ্যাহ্ণ স্ত্রিমুহূর্ত্তোপ অপরাহ্ণোপি তাদৃশঃ । সায়াহ্ণস্ত্রিমুহূর্ত্তঃ স্যাৎ সর্ব্ব কর্ম্মসু গর্হিত ইতি ॥১৮। ১৯ ॥ ২০ । ২১ । ২২ । ২৩ । ২৪ । ২৫ । ২৬ । ২৭ । ২৮

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

একবিংশতি ঘটিকামারভ্য পঞ্চবিংশতি ঘটিকা পর্য্যন্তমপরাহ্ণ স্তত্র ষড়্বিংশতি ঘটিকামারভ্য ত্রিংশদ্ঘটিকা পর্য্যন্তং সায়ং তত্র ত্রয়ঃ সচ্চিদানন্দা ধামানি যস্য সঃ ॥ ১৮ ॥

ষোঢ়া বিভক্তাং দিবস রক্ষামুক্ত্বা পঞ্চধা বিভক্ত রাত্রি রক্ষামাহ দোষে রাত্রেশ্চতুর্থ ঘটিকা পর্য্যন্তং প্রদোষস্তত্র পঞ্চ ঘটিকামারভ্য চতুর্দ্দশ ঘটিকা পর্য্যন্তমর্দ্ধরাত্র মন্তভাগস্যার্দ্ধ রাত্রত্বাৎ তত্র । পঞ্চদশ ষোড়শ ঘটিকে নিশীথঃ তত্র ॥ ১৯ ॥

শ্রীবৎসো ধামনি শরীরে যস্য নিশীথাদূর্দ্ধমরুণোদয়াৎ প্রাক্ অপর রাত্রঃ । প্রত্যূষে রাত্রিশেষ ঘটিকা চতুষ্টয়ে । অনুসন্ধ্যং দিনরাত্রি সন্ধ্যয়োঃ ॥ ২০ ॥

ধারণ পূর্ব্বক সঙ্গবপর্য্যন্ত কালে সর্ব্ব প্রকারে রক্ষা করুন । ভগবান্ নারায়ণ শক্তি ধারণ পূর্ব্বক পূর্ব্বাহ্ণ কালে রক্ষা করুন। ভগবান্ বিষ্ণু শঙ্খপাণি হইয়া মধ্যাহ্ণ সময়ে রক্ষা করুন ॥ ১৮ ॥

ভগবান্ মধুসূদন উগ্র ধনুর্ধারী হইয়া পরাহ্ণ কালে রক্ষা করুন । ত্রিধামা অর্থাৎ ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর রূপী ভগবান্ সায়ংকালে রক্ষা করুন । ভগবান্ মাধব প্রদোষ সময়ে রক্ষা করুন । আর সেই এক পদ্মনাভ দেব যিনি বিষয় ও ইন্দ্রিয়গণের ঈশ্বর তিনি অর্দ্ধরাত্র পর্য্যন্তকালে তথা অর্দ্ধ রাত্রে সময়ে রক্ষা করুন ॥ ১৯ ॥

অপর সেই ভগবান্ ঈশ, শ্রীবৎসই যাঁহার ধাম, তিনি অপর রাত্রে রক্ষা করুন । ভগবান্ জনার্দ্দন, যিনি অসিধারী, তিনি প্রত্যূষকালে রক্ষা করুন । ভগবান্ দামোদর প্রভাত সময়ে রক্ষা করুন । ভগবান্ বিশ্বেশ্বর যিনি কালমূর্ত্তি তিনি প্রতি সন্ধ্যায় রক্ষা করুন ॥ ২০ ॥

চক্রং যুগান্তানলতিগ্মনেমি ভ্রমৎ সমন্তাদ্ভগবৎপ্রযুক্তং।
দন্দগ্ধি দন্দগ্ধ্যরিসৈন্যমাশু কক্ষং যথা বাতসখো হুতাশঃ॥ ২১॥
গদেঽশনি স্পর্শন বিস্ফুলিঙ্গে নিষ্পিণ্ঢি নিষ্পিণ্ঢ্যজিতপ্রিয়াসি।
কুষ্মাণ্ড বৈনায়ক যক্ষ রক্ষো ভূত গ্রহাংশ্চূর্ণয় চূর্ণয়ারীন্॥ ২২॥
ত্বং যাতুধান প্রমথ প্রেতমাতৃপিশাচ বিপ্রগ্রহ ঘোরদৃষ্টীন্।
দরেন্দ্র বিদ্রাবয় কৃষ্ণপূরিতো ভীমস্বনোঽরের্হৃদয়ানি কম্পয়ন্॥ ২৩॥
ত্বং তিগ্মধারাসিবরারিসৈন্যমীশপ্রযুক্তো মম ছিন্ধি ছিন্ধি।

শ্রীধরস্বামী।

যুগান্তানলবৎ তীগ্মা তীক্ষ্ণা নেমির্যস্য তচ্চক্রং ভগবতা প্রযুক্তং সৎ অরিসৈন্যং দন্দগ্ধি অতিশয়েন দহতি। তস্যায়ং স্বভাব এব নতু তৎ প্রার্থনীয়মিত্যর্থঃ। যদ্বা দন্দগ্ধি ইতি লোড়্ মধ্যমপুরুষঃ। অত্র ত্বমেবং ভূতং চক্রমিতি স্বরূপ মুক্ত্বা সংবোধ্য প্রার্থ্যতে। অতিশয়েন দহেতি। কক্ষং শুষ্কতৃণং॥ ২১॥

অশনি বৎ স্পর্শো যেষাং তে বিস্ফুলিঙ্গা যস্যাঃ তস্যাঃ সম্বোধনং। হে গদে ত্বমজিতস্য প্রিয়াসি অহঞ্চ তস্য দাসঃ অতঃ কুষ্মাণ্ডাদীন্ নিষ্পিণ্ঢি নিষ্পিণ্ঢি অরীংশ্চ চূর্ণয় চূর্ণয় সর্ব্বত্র বীপ্সাঽতিশীঘ্রতায়॥ ২২॥

হে দরেন্দ্র পাঞ্চজন্য ত্বং যাতুধানাদীন্ বিদ্রাবয় বিপ্রগ্রহা ব্রহ্মরাক্ষসাঃ যেচ্ছেচ ঘোরদৃষ্টয়স্তান্॥ ২৩॥

তিগ্মা ধারা যস্য হে তিগ্মধার অসিবর খড়্গশ্রেষ্ঠ ত্বং মমারিসৈন্যং ছিন্ধি ছিন্ধি। শতং চন্দ্রাকারাণি মণ্ডলানি যস্মিন্

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ভগবদস্ত্রৈশ্চ রক্ষামন্ত্রানাহ চক্রমিতি চতুর্ভিঃ। যুগান্তানলবৎ তিগ্মা তীক্ষ্ণা নেমির্যস্য তৎ। হে সমন্তাৎ ভ্রমৎ ভ্রমণশীল ত্বং চক্রং ভগবৎ প্রযুক্তং সৎ অরিসৈন্যং দন্দগ্ধি অতিশয়েন দহ। কক্ষং শুষ্কতৃণং॥ ২১॥

অশনিবৎ স্পর্শনং যেষাং তে বিস্ফুলিঙ্গা যস্যাঃ। হে গদে নিষ্পিণ্ঢি নিষ্পিণ্ঢি চূর্ণয় চূর্ণয়॥ ২২॥

দরেন্দ্র হে পাঞ্চজন্য॥ ২৩॥

অহো! ভগবানের এই চক্রের নেমি প্রলয়কালীন অনলের তুল্য অতিশয় তীক্ষ্ণ। হে চক্র! তুমি ভগবান্ কর্তৃক প্রযুক্ত হইয়া যেমন বায়ুসখ বহ্নি শুষ্কতৃণ দাহ করে, তাহার ন্যায় আমাদের শত্রু সেনা সকলকে অত্যর্থ দগ্ধ কর দগ্ধ কর॥ ২১॥

হে গদে! তোমার স্ফুলিঙ্গ সকলের স্পর্শ বজ্র তুল্য এবং তুমি অজিত ভগবানের প্রিয়া আমিও সেই ভগবানের দাস অতএব কুষ্মাণ্ড, বৈনায়ক, যক্ষ, রাক্ষস, তথা ভূত, প্রেত ও গ্রহগণকে নিষ্পেষণ কর নিষ্পেষণ কর এবং শত্রু সকলকে চূর্ণ কর চূর্ণ কর॥ ২২॥

হে পাঞ্চজন্য শঙ্খ! তুমি ভগবান্ শ্রীকৃষ্ণের মুখমারুত দ্বারা পূরিত হইয়া ভয়ঙ্কর শব্দ করত রাক্ষস, প্রমথ, ভূত, প্রেত, পিশাচ প্রভৃতিকে এবং ব্রহ্মরাক্ষস ও অন্যান্য ঘোর দর্শন দুরাত্মা সকলকে বিদ্রাবিত কর বিদ্রাবিত কর, তাহাতে বৈরিগণের হৃদয় কম্পিত হউক॥ ২৩॥

হে খড়্গ শ্রেষ্ঠ! তোমার ধার অতি খরতর, তুমি ঈশ্বর কর্তৃক প্রেরিত হইয়া শত্রুসৈন্যগণকে ছেদন কর ছেদন কর। হে শতচন্দ্র চর্ম্মন্! তোমাতে মণ্ডলাকার শতচন্দ্র দেদীপ্যমান। তুমি পাপিষ্ঠ বিদ্বেষ্টাদিগের চক্ষুঃ আচ্ছাদন কর চক্ষুঃ আচ্ছাদন কর, আর উগ্র দৃষ্টি ঐ সকল ব্যক্তির দৃষ্টি

চক্ষূংষি চর্ম্মন্ শতচন্দ্র ছাদয় দ্বিষামঘোনাং হরপাপচক্ষুষাং ॥ ২৪ ॥
যন্নো ভয়ং গৃহেভ্যোঽভূৎ কেতুভ্যোনৃভ্যএবচ। সরীসৃপেভ্যো দংষ্ট্রিভ্যো ভূতেভ্যোঽংহোভ্যএবচ ॥ ২৫
সর্ব্বাণ্যেতানি ভগবন্নাম রূপানুকীর্ত্তনাৎ। প্রযান্তু সংক্ষয়ং সদ্যো যে নঃ শ্রেয়ঃপ্রতীপকাঃ ॥২৬
গরুড়ো ভগবান্ স্তোত্রস্তোভশ্ছন্দোময়ঃ প্রভুঃ। রক্ষত্বশেষঃ কৃচ্ছ্রেভ্যো বিষ্বক্সেনঃ স্বনামভিঃ ॥ ২৭
সর্ব্বাপদ্ভ্যো হরের্নাম রূপযানায়ুধানি নঃ। বুদ্ধীন্দ্রিয়মনঃ প্রাণান্ পান্তু পার্ষদভূষণাঃ ॥ ২৮ ॥

শ্রীধরস্বামী।

হে শতচন্দ্র চর্ম্মন্ অঘোনামঘবতাং দ্বিষাং চক্ষূংষি ছাদয়। পাপচক্ষুষামুগ্রদৃষ্টীনাং চক্ষূংষি হর ॥ ২৪ ॥

যৎ যেভ্যো ভয়ং অংহোভ্যঃ পাপেভ্যঃ ॥ ২৫ ॥

শ্রেয়ঃ প্রতীপকা ইষ্টব্যাঘাতকাঃ ॥ ২৬ ॥

স্তোত্রাণি বৃহদ্রথান্তরাদি সামানি তৈঃ স্তূভ্যতে সংস্তূয়তে ইতি স্তোত্রস্তোভঃ ছন্দোময়ঃ বেদমূর্ত্তিঃ। সুপর্ণোসি গরুত্মা-নিত্যাদি শ্রুতেঃ। স্তোত্রস্তোভচ্ছন্দোময় ইত্যেক পদ্য পাঠে স্তোভা গীতিপূরকাক্ষরাণি। স্তোত্রস্তোমেতি পাঠে সামাধার ভূত ঋক্ সমুদায়ঃ স্তোমঃ ॥ ২৭ ॥

নামানিচ রূপাণিচ যানানিচ বাহনানি আয়ুধানিচ মনোবুদ্ধ্যাদীন্ পান্তু পার্ষদভূষণাঃ পার্ষদ মুখ্যাশ্চ পান্তু ॥ ২৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

হে তিগ্মধার হে অসিবর হে খড়্গশ্রেষ্ঠ। হে শতচন্দ্র শতচন্দ্রাকারযুক্ত চক্ষূংষি হর আচ্ছাদয়চ ॥ ২৪ ॥ ২৫ ॥

শ্রেয়সঃ প্রতীপকাঃ প্রতিকূলাঃ ॥ ২৬ ॥

স্তোত্রাণি বৃহদ্রথান্তরাণি সামানি তৈঃ স্তোভ্যতে সংস্তূয়ত ইতি স্তোত্রস্তোভঃ। ঐকপদ্য পাঠে স্তোভা গীতিপূরকাক্ষ-রাণি স্তোত্রস্তোমেতি পাঠে সামাধারভূত ঋক্ সমুদায়স্তোমঃ ॥ ২৭ ॥

পার্ষদভূষণাঃ পার্ষদমুখ্যাঃ ॥ ২৮ ॥

হরণ কর হরণ কর ॥ ২৪ ॥

অপর যে সকল গ্রহ, কেতু, নর, সরীসৃপ এবং করাল দশন হিংস্র জন্তু, তথা পাপিষ্ঠ ভূত প্রেতাদি হইতে আমাদিগের ভয় হইয়া থাকে ॥ ২৫ ॥

ভগবানের নাম রূপ অস্ত্রের কীর্ত্তন দ্বারা সে সমস্ত সদ্যঃ ক্ষয় প্রাপ্ত হউক। আর যাহারা অস্ম-দাদির ইষ্ট ব্যাঘাত করে তাহাদেরও বিনাশ হউক ॥ ২৬ ॥

অপিচ ভগবান্ গরুড় যিনি বৃহদ্রথান্তরাদি সামরূপ স্তোত্র সকল দ্বারা স্তুত হইয়া থাকেন, বেদ সকল যাঁহার মূর্ত্তি, যাঁহাকে বিষ্বক্সেন কহা যায়, তিনি আপনার নাম সকল দ্বারা অশেষ ক্লেশ হইতে আমাদের পরিত্রাণ করুন ॥ ২৭ ॥

অপর ভগবানের নাম, রূপ, যান, বাহন এবং অস্ত্র শস্ত্র, তথা প্রধান প্রধান পার্ষদগণ আমাদিগের বুদ্ধি, ইন্দ্রিয়, প্রাণ ও মনকে অশেষ আপদ হইতে রক্ষা করুন ॥ ২৮ ॥

অহো! মূর্ত্ত ও অমূর্ত্ত এই সমস্ত জগৎ বস্তুতঃ ভগবানেরই স্বরূপ, আমাদের এই নিশ্চয় আছে।

যথাহি ভগবানেব বস্তুতঃ সদসচ্চ যৎ। সত্যেনানেন নঃ সর্ব্বে যান্তু নাশমুপদ্রবাঃ ॥ ২৯ ॥
যথৈকাত্ম্যানুভাবানাং বিকল্পরহিতঃ স্বয়ং। ভূষণায়ুধলিঙ্গাখ্যা ধত্তে শক্তীঃ স্বমায়য়া ॥ ৩০ ॥
তেনৈব সত্যমানেন সর্ব্বজ্ঞো ভগবান্ হরিঃ। পাতু সর্ব্বৈঃ স্বরূপৈর্নঃ সদা সর্ব্বত্র সর্ব্বগঃ ॥ ৩১

শ্রীধরস্বামী।

সদসচ্চ মূর্ত্তঞ্চামূর্ত্তঞ্চ যত্তৎ সর্ব্বং জগৎ ॥ ২৯ ॥
ঐক্যাত্ম্যস্যানুভাবোঽনুধ্যানং যেষাং তেষাং বিকল্পো ভেদঃ তদ্রহিতোপি ॥ ৩০ ॥
সত্যমানেন সত্যভূতেন প্রমাণেন ॥ ৩১ ॥

ক্রমসন্দর্ভঃ।

যথা যেন প্রকারেণ ॥ ২৯ ॥

যথেতি যুগ্মকং। ঐকাত্ম্যানুভাবানাং কেবল পরম স্বরূপ দৃষ্টিপরাণাং বিকল্প রহিতঃ। পরমানন্দৈক রস পরম স্বরূপ তয়া স্ফুরন্নপি যথা যেন প্রকারেণ যেষু স্বস্বামিতয়া ভজৎসু যা মায়া কৃপা তয়া হেতুনা স্বয়ং বিচিত্রশক্তিময়েন স্ব স্বরূপেণৈবাকারণ ভূতেন ভূষণাদ্যাখ্যাঃ শক্তীঃ শক্তিময়াবির্ভাবাৎ ধত্তে গোচরয়তি তেনৈব বিদ্বদনুভবলক্ষণেন সত্যপ্রমাণেন। তাবদি সত্যং স্যাত্তদেত্যর্থঃ। তৈরেব ভূষণাদি লক্ষণৈঃ সর্ব্বৈঃ স্বরূপৈ র্বিচিত্র স্বরূপাবির্ভাবৈ র্নঃ পাতু অতএব বিষ্ণুধর্ম্মে বলিকৃতচক্রস্তবে যত্তদ্রূপ মনির্দ্দেশ্যমপি যোগিভিশ্চক্রমৈরিত্যাদ্যানন্তরঞ্চ। ভ্রমতস্তস্য চক্রস্য নাভিমধ্যে মহীয়তে। ত্রৈলোক্যমখিলং দৈত্যোদৃষ্টবান্ ভূর্ভুবাদিকমিতি। তদেবমেব নবমে শ্রীমদম্বরীষেণাপি চক্রমিদং স্তুতমস্তি। লিঙ্গানি গরুড়াকারধ্বজাদীনি। অনেন যৎ কচিদাকস্মিকত্বমিব শ্রূয়তে তদপি শ্রীভগবদাবির্ভাববৎ জ্ঞেয়ং। অত্র তৃতীয়ে চৈত্যস্য তত্ত্বমমলং মণিমস্য কণ্ঠে ইত্যপি সহায়ঃ। অতো দ্বাদশেপি কৌস্তুভ ব্যপদেশেন স্বাত্মজ্যোতি র্বিভর্ত্ত্যজঃ। ইত্যাদিকং বিরাড়াতত্ত্বেনোপাসনার্থ মভেদ দৃষ্ট্যা দর্শিতমেব যথাসম্ভবং সাক্ষাচ্ছ্রীবিগ্রহগতত্বেনাপ্যনুসন্ধেয়ং। তথাহি শ্রীবিষ্ণুপুরাণে। আত্মানমস্য জগতো নির্লেপমগুণামলং। বিভর্ত্তি কৌস্তুভমণিস্বরূপং ভগবান্ হরিরিতি ॥ ৩০। ৩১ ॥ ৩২ ॥ ৩৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যৎ সদসদ্রূপং জগৎ তদ্বস্তুতো ভগবানেব তচ্ছক্তেৰ বহিরঙ্গমায়াশক্তিকার্য্যত্বাৎ। সত্যেন শপথেনানেন ইতি যদ্যেবং ভূতো ভগবান্ সত্যঃ স্যাৎ তদাস্মাকমুপদ্রবা নশ্যন্তু। যদি বেদাঃ প্রমাণমিতিবৎ ॥ ২৯ ॥

ঐকাত্ম্যং চিন্ময়ত্বাদেক স্বরূপত্বং অনুভাবোলক্ষণং যাসাং তাসাং ভূষণাদীনাং শক্তীনাং বিকল্পরহিতঃ। স্বস্য তাসাঞ্চ চিদ্রূপত্বাৎ তাভ্যোভেদ রহিতোপি ভূষণাদ্যাখ্যাস্তাঃ শক্তীঃ। যথা ধত্তে তথা তেনৈব সত্যমানেন নঃ পাত্বিত্যন্বয়ঃ। তত্র ভূষণানি কৌস্তুভাদীনি আয়ুধানি চক্রাদীনি লিঙ্গানি চতুর্ভুজত্বাদীনি আখ্যা নামানি যাসাং তাঃ শক্তীঃ স্বরূপ শক্তিবৃত্তীর্ধত্তে। স্বমায়য়া স্বরূপশক্ত্যা স্বরূপ ভূতয়া নিত্য শক্ত্যা মায়াখ্যয়া যুক্তঃ। অতো মায়াময়ং বিষ্ণুং প্রবদন্তি মনীষিণ ইতি মাধ্বভাষ্যপ্রমাণিতশ্রুতেঃ। তেনৈব সত্যমানেন সত্য রূপ প্রমাণেন ভূষণায়ুধাদীনি চতুর্ভুজত্বাদীনিচ স্বরূপশক্তিময়ত্বাৎ স্বেনাভিন্নান্যেব ভগবান্ ধত্তে ইতি যদি সত্যং স্যাত্তদা সর্ব্বৈর্হরি র্বিদধ্যাদিত্যাদি মন্ত্রোক্তৈঃ স্বরূপৈঃ সর্ব্বত্র দেশে কালেচ সর্ব্বগঃ সন্ পাতু। সর্ব্বজ্ঞ ইত্যস্মদনোগতমাস্তিক্যং ভগবানেব জানাতীতি শপথো জ্ঞাপিতঃ ॥ ৩০ ॥ ৩১ ॥

এই সত্যে আমাদিগের সকল উপদ্রব বিনাশ প্রাপ্ত হউক ॥ ২৯ ॥

অপর যে সকল ব্যক্তি ঐকাত্ম্য ধ্যান করেন, তাঁহাদের হইতে অভিন্ন হইয়াও যে ভগবান্ স্বীয় মায়াচ্ছলে ভূষণ, আয়ুধ ও লিঙ্গাদি বিবিধ শক্তি ধারণ করিতেছেন ॥ ৩০ ॥

এবং তাহাই যাঁহার সত্যতার প্রমাণ, সেই স্ব স্বরূপ প্রমাণের হেতু সর্ব্বজ্ঞ ভগবান্ হরি আপনার সকল স্বরূপ দ্বারা আমাদিগকে সর্ব্বদা সকল স্থানে রক্ষা করুন ॥ ৩১ ॥

বিদিক্ষু দিক্ষূর্দ্ধমধঃ সমন্তাদন্তর্ব্বহির্ভগবান্নারসিংহঃ।
প্রহাপয়ল্লোকভয়ং স্বনেন স্বতেজসা গ্রস্তসমস্ততেজাঃ ॥ ৩২ ॥
মঘবন্নিদমাখ্যাতং বর্ম্ম নারায়ণাত্মকং। বিজেষ্যসেঽঞ্জসা যেন দংশিতোঽসুরযূথপান্ ॥ ৩৩ ॥
এতদ্ধারয়মানস্তু যং যং পশ্যতি চক্ষুষা। পদা বা সংস্পৃশেৎ সদ্যঃ সাধ্বসাৎ স বিমুচ্যতে।
ন কুতশ্চিদ্ভয়ং তস্য বিদ্যাং ধারয়তো ভবেৎ। রাজদস্যুগ্রহাদিভ্যো ব্যাধ্যাদিভ্যশ্চ কর্হিচিৎ ॥ ৩৪
ইমাং বিদ্যাং পুরা কশ্চিৎ কৌশিকো ধারয়ন্ দ্বিজঃ। যোগধারণয়া স্বাঙ্গং জহৌ স মরুধন্বনি ॥ ৩৫
তস্যোপরি বিমানেন গন্ধর্ব্বপতিরেকদা। যযৌ চিত্ররথঃ স্ত্রীভির্বৃতো যত্র দ্বিজক্ষয়ঃ ॥ ৩৬ ॥

শ্রীধরস্বামী।

পুনরপি শ্রীনৃসিংহ এব প্রার্থ্যতে। বিদিক্ষ্বিতি পাঞ্চিত্যমুবদ্ধঃ। যথা নারসিংহঃ প্রহ্লাদঃ স্বনেন শ্রীনৃসিংহ নাম গর্জনেন স্বতেজসা স্বপ্রভাবেন গ্রস্তানি সমস্তানি দিগ্‌গজ বিষ শস্ত্র জল বায়ুগ্ন্যাদীনাং তেজাংসি প্রভাবা যেন সঃ ॥ ৩২ ॥

দংশিতঃ কবচিতঃ ॥ ৩৩ ॥

সোপি সাধ্বসাৎ ভয়াৎ বিমুচ্যতে। তস্য তু ভয়ং ন ভবেদেব ॥ ৩৪ ॥

এতদ্বিদ্যা প্রভাবমিতিহাসেনাহ ইমামিতি সার্দ্ধৈস্ত্রিভিঃ। মরুধন্বনি নিরুদকে দেশে অনেন বিদ্যায়াঃ ক্ষেত্রতীর্থানপেক্ষত্বমুক্তং ॥ ৩৫ ॥ যত্র দ্বিজস্য ক্ষয়ো দেহত্যাগ স্তস্যোপরি ॥ ৩৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

তর্হি কথং বিদ্যাধারিণঃ ফলং নাস্তীত্যাশঙ্ক্যাহ। নকুতশ্চিদিতি ॥ ৩৪ ॥ ৩৫। ৩৬। ৩৭। ৩৮। ৩৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

এবং নানা স্বরূপৈঃ স্বরক্ষাং সমাপ্যাপি পুনরপি সর্ব্বেষাং প্রতিকূলানাং ভীষণেনৈকেনৈব নৃসিংহ স্বরূপেণ স্বরক্ষামন্ত্রমেকমাহ বিদিক্ষ্বিতি পাঞ্চিত্যমুবদ্ধঃ। যথা নারসিংহঃ নরসিংহভক্তঃ প্রহ্লাদঃ স্বনেন শ্রীনৃসিংহ নাম গর্জনেন স্বতেজসা গ্রস্তানি সমস্তানাং দিগ্‌গজ বিষ শস্ত্র জল বায়ুগ্ন্যাদীনাং তেজাংসি প্রভাবা যেন সঃ ॥ ৩২ ॥

দংশিতঃ কবচিতঃ ॥ ৩৩ ॥ সোপি সাধ্বসাৎ বিমুচ্যতে কিমুতএ তদ্ধারয়মাণঃ ॥ ৩৪। ৩৫ ॥

দ্বিজস্য ক্ষয়ো দেহত্যাগঃ ॥ ৩৬। ৩৭ ॥

অপিচ সেই ভগবান্ নৃসিংহ দিক্ সকলে, বিদিক্ সকলে, ঊর্দ্ধে, অধোভাগে, অন্তরে এবং সর্ব্বতোভাবে আমাদিগকে রক্ষা করুন। তাঁহার ধ্বনি দ্বারা সকল লোকের ভয় দুরীভূত হইয়া যায় এবং তাঁহার নিজ প্রভাবে দিগ্‌গজ, বিষ, শস্ত্র, জল, বায়ু, অগ্নি প্রভৃতির তেজঃ বিধ্বস্ত হয় ॥ ৩২ ॥

হে মহেন্দ্র! এই নারায়ণময় বর্ম্ম এই প্রকার, তোমার নিকট কীর্ত্তন করিলাম, তুমি এই বর্ম্ম দ্বারা আবৃত হও, অবশ্য অসুর যূথপতিদিগকে জয় করিতে পারিবে ॥ ৩৩ ॥

হে অমররাজ! এই কবচ ধারণ করিয়া লোকে যাহাকে চক্ষুর্দ্বারা অবলোকন অথবা চরণ দ্বারা স্পর্শ করে সে ব্যক্তিও সদ্যঃ ভয় হইতে পরিত্রাণ পায়, ইহাতে ধারণকারির ভয় সম্ভাবনা কোথায়? ফলতঃ যে ব্যক্তি এই বিদ্যা ধারণ করে তাহার রাজা বা দস্যু অথবা গ্রহাদি কিম্বা ব্যাধি ইত্যাদি কাহা হইতেও কদাচিৎ ভয় হয় না ॥ ৩৪ ॥

হে দেবরাজ! পূর্ব্বকালে কৌশিক নামক কোন বিপ্র এই বিদ্যা ধারণ করিয়া মরুভূমিতে যোগ ধারণা দ্বারা আপনার দেহ পরিত্যাগ করিয়াছিলেন ॥ ৩৫ ॥

একদা গন্ধর্ব্বপতি চিত্ররথ স্ত্রীগণে পরিবৃত হইয়া বিমানারোহণে যেখানে সেই ব্রাহ্মণের দেহত্যাগ

গগণাম্নপতৎসদ্যঃ সবিমানোহ্যবাক্‌শিরাঃ ॥ ৩৭ ॥

স বালিখিল্যবচনাদস্থীন্যাদায় বিস্মিতঃ। প্রাস্য প্রাচীসরস্বত্যাং স্নাত্বা ধাম স্বমন্বগাৎ ॥

য ইদং শৃণুয়াৎ কালে যো ধারয়তি চাদৃতঃ। তং নমস্যন্তি ভূতানি মুচ্যতে সর্ব্বতোভয়াৎ ॥ ৩৮

এতাং বিদ্যামধিগতো বিশ্বরূপাচ্ছতক্রতুঃ। ত্রৈলোক্যলক্ষ্মীং বুভুজে বিনির্জ্জিত্য মৃধেহসুরান্ ॥ ৩৯

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ষষ্ঠস্কন্ধে নারায়ণ বর্ম্মোপদেশোনামাষ্টমোহধ্যায়ঃ ॥ * ॥ ৮ ॥ * ॥

শ্রীশুক উবাচ ॥

শ্রীধরস্বামী।

সদ্যস্তৎক্ষণমেব গগণান্নপতৎ সাঙ্গন ইতি পাঠান্তরে অঙ্গনাভিঃ সহ ॥ ৩৭ ॥

বালিখিল্যোপদেশাৎ তস্যাস্থীনি প্রাস্য প্রক্ষিপ্য বিস্মিতঃ সন্ স্বং ধাম গন্ধর্ব্বলোকং জগাম ॥ ৩৮ ॥

অধিগতঃ প্রাপ্তঃ সন্ ॥ ৩৯ ॥

॥ * ॥ ইতি ষষ্ঠেঽষ্টমঃ ॥ * ॥

নবমে বিশ্বরূপেতু হতে শক্রেণ কোপতঃ। ত্বষ্ট্রা চোৎ পাদিতে বৃত্রে ভীতৈর্দ্দেবৈ হরেঃ স্তুতিঃ ॥ ০ ॥

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে ষষ্ঠস্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভে অষ্টমোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

তস্য শীর্ষাণ্যচ্ছিনদিতি বৃহস্পত্যতিক্রমেণ দেবগণদ্রোহেণ সর্ব্বশক্তিহানাৎ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

প্রাচীসরস্বত্যামিতি পুংবত্তাবাভাব আর্ষঃ। স্বংধাম সবিমানোঽন্যগাগন্তুং নৈবাপারয়িষ্যদিতি ভাবঃ ॥ ৩৮। ৩৯ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। ষষ্ঠেঽয়মষ্টমোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

বিশ্বরূপমহন্ শক্র ত্বষ্ট্রাবৃত্রমজীজনৎ। দেবৈস্ততোহরির্বজ্রপ্রাপ্তিং নবম ঊচিবান্ ॥ ০ ॥

হয়, তাহার উপর দিয়া যাইতেছিলেন ॥ ৩৬ ॥

ঐ স্থানে উপস্থিত হইবামাত্র তাঁহার গতিরোধ হইল, তৎক্ষণাৎ বিমান সহিত অধঃশিরা হইয়া গগণমণ্ডল হইতে পড়িয়া গেলেন ॥ ৩৭ ॥

এই ঘটনায় ঐ গন্ধর্ব্বপতির সাতিশয় বিস্ময় জন্মিল। তদনন্তর তিনি বালিখিল্য ঋষিদিগের উপদেশে তত্রস্থ ঐ দ্বিজের অস্থি সকল সংগ্রহ পূর্ব্বক সরস্বতীর জলে প্রক্ষেপ করিয়া আসিলেন, পরে ঐ নদীতে স্নান করিয়া স্বস্থানে প্রস্থান করিলেন। হে রাজন্ পরীক্ষিৎ! যে ব্যক্তি এই নারায়ণ কবচ উপযুক্ত সময়ে শ্রবণ করে অথবা আদর পূর্ব্বক ধারণ করে, প্রাণি সকল তাহাকে নমস্কার করে। আর সেই ব্যক্তি সর্ব্বতোভাবে সর্ব্ব প্রকার ভয় হইতে মুক্ত হয় ॥ ৩৮ ॥

অধিক কি বলিব অমরাধিপ মহেন্দ্র বিশ্বরূপের নিকট এই বিদ্যা প্রাপ্ত হইয়া সমরে অসুর সমূহকে সংহার করত ত্রৈলোক্য লক্ষ্মী ভোগ করিয়াছিলেন ॥ ৩৯ ॥

॥ * ॥ ইতি ষষ্ঠে অষ্টম ॥ * ॥

নবমাধ্যায়ে ইন্দ্রের কোপ বশতঃ বিশ্বরূপ নিহত হইলে ত্বষ্টা হইতে বৃত্রাসুরের উৎপত্তি এবং ভীত দেবগণ কর্তৃক ভগবানের স্তুতি ॥ ০ ॥

তস্যাসন্ বিশ্বরূপস্য শিরাংসি ত্রীণি ভারত। সোমপীথং সুরাপীথমন্নাদমিতি শুশ্রুম ॥ ১ ॥
স বৈ বর্হিষি দেবেভ্যো ভাগং প্রত্যক্ষমুচ্চকৈঃ। অদদদ্যস্য পিতরো দেবাঃ সপ্রশ্রয়ং নৃপ ॥ ২
স এব হি দদৌ ভাগং পরোক্ষমসুরান্ প্রতি। যজমানোবহদ্ভাগং মাতৃস্নেহবশানুগঃ।
তদ্দেবহেলনং তস্য ধর্ম্মালীকং সুরেশ্বরঃ। আলক্ষ্য তরসা ভীতস্তচ্ছীর্ষাণ্যচ্ছিনদ্রুষা।
সোমপীথন্তু যত্তস্য শির আসীৎ কপিঞ্জলঃ। কলবিঙ্কঃ সুরাপীথমন্নাদং যৎসতিত্তিরিঃ ॥ ৩ ॥
ব্রহ্মহত্যামঞ্জলিনা জগ্রাহ যদপীশ্বরঃ ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

সোমস্য পীথং পানং যস্মিন্ এবং সুরাপীথং অন্নমত্তীত্যন্নাদং। অত্র বিশ্বরূপো বৈ ত্বাষ্ট্রঃ পুরোহিতো দেবানামাসীদিত্যাদি শ্রুতিরনুসন্ধেয়া ॥ ১ ॥

তস্যাসুরপক্ষপাতমাহ স বা ইতি দ্বাভ্যাং। প্রত্যক্ষং প্রকটং যথা ভবতি তথা সবিনয়ং দেবেভ্যো হবির্ভাগং ইন্দ্রায় ইদমগ্নয়ে ইদমিত্যেবমুচ্চৈরদদৎ অত্র হেতুঃ যস্য পিতরো দেবাঃ ॥ ২ ॥

সোঽসুরেভ্যস্তু পরোক্ষং গুপ্তং ভাগং দদৌ তদেবাহ দেবান্ যজমানোঽসাবসুরান্ প্রতিভাগমবহৎ ॥ ৩ ॥

তাং বারয়িতুং সমর্থস্তথাপি জগ্রাহ ॥ ৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

কপিঞ্জলশ্চেত্তিত্তিরিঃ ॥ ১।২।৩॥

ব্রহ্মহত্যামিত্যর্দ্ধকং। যদপীশ্বর স্তথাপি অঞ্জলিনা সাক্ষাৎ স্বাপরাধ স্বীকারেণ জগ্রাহ। তাদৃশ পাপস্য তাদৃশেনাপ্যপ-হরণীয়ত্বাৎ ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

সোমস্য পীথং পানং যস্মিন্ তং অন্নমত্তীতি অন্নাদং। অত্র বিশ্বরূপো বৈ ত্বাষ্ট্রঃ পুরোহিতো দেব নামাসীদিতি শ্রুতেরনু-সন্ধেয়া ॥ ১ ॥

তস্যাসুর পক্ষপাতমাহ স বা ইতি দ্বাভ্যাং প্রত্যক্ষং প্রকটং যথা ভবতি তথা সবিনয়ং হবির্ভাগং ইন্দ্রায়েদং অগ্নয়ে ইদমিতি উচ্চৈরদদৎ। তত্র হেতুঃ। যস্য পিতরো দেবাঃ ॥ ২ ॥

পরোক্ষং দেবানাং দৃষ্টিং বঞ্চয়িত্বা দ্বিত্রবারং নীচৈরিত্যর্থঃ। দদৌ দত্বাচ ভাগং অবহৎ পরোক্ষমেব প্রাপয়ামাসেত্যর্থঃ। অত্র হেতুঃ মাত্রিতি যস্যাসুরা মাতামহা ইত্যর্থঃ ॥ ভীতঃ অসুরবলোদ্ভবং বিভাব্যেত্যর্থঃ ॥ ৩ ॥

আকস্মিকাভ্যাং ক্রোধ ভয়াভ্যাং তং হত্বৈবাহো হন্ত মহাপাপং বুদ্ধি পূর্ব্বকমেবাকরবং মহানীচো ন জানে কুত্র বা নরকে

শুকদেব কহিলেন হে,রাজন্! শ্রুত আছে যে বিশ্বরূপ দেবতাদের পুরোহিত ছিলেন, তাঁহার তিনটী মস্তক ছিল, এক মস্তক সোম পান, দ্বিতীয় মস্তক সুরাপান, তৃতীয় মস্তক অন্ন ভোজন করিত॥ ১

সে যাহা হউক, বিশ্বরূপ যজ্ঞকালে বিনীতভাবে দেবগণকে প্রকাশ্য রূপে হবির্ভাগ দিতেন, অর্থাৎ উচ্চস্বরে "ইন্দ্রায় ইদং, অগ্নয়ে ইদং" এই বলিয়া আহুতি দিতেন, কারণ দেবতারা তাঁহার পিতৃ পক্ষ ॥ ২ ॥

কিন্তু মাতৃস্নেহের বশবর্ত্তী হওয়াতে যজ্ঞ করিতে করিতে আপনি গোপনে অসুরদিগকেও হবি-র্ভাগ দিতেন। তাঁহার এই অন্যায়াচরণ এক দিন দেবরাজ ইন্দ্রের নেত্র গোচর হইল। তাহাতে ইন্দ্র সাতিশয় ভীত হইলেন এবং রোষাবেগ সম্বরণে অসমর্থ হইয়া তাঁহার তিনটা মুণ্ডই ছেদন করিয়া ফেলিলেন। হে রাজন্। বিশ্বরূপের যে মুণ্ড সোম পান করিত তাহা ছিন্ন হইয়া কপিঞ্জল (চাতক) হইল। সুরাপায়ি মুণ্ড কর্ত্তিত হইয়া কলবিঙ্ক (চটক) আর অন্নভোজি মুণ্ড তিত্তিরি পক্ষী হইল॥ ৩ ॥

হে ভারত! এই রূপে বিশ্বরূপের শিরশ্ছেদন করাতে দেবরাজের যে ব্রহ্ম হত্যা হইল, যদিও তিনি

সম্বৎসরান্তে তদঘং ভূতানাং স বিশুদ্ধয়ে। ভূম্যম্বুদ্রুমযোষিদ্ভ্যশ্চতুর্দ্ধা ব্যভজদ্ধরিঃ ॥ ৫ ॥
ভূমিস্তুরীয়ং জগ্রাহ খাতপূর বরেণ বৈ। ঈরিণং ব্রহ্মহত্যায়া রূপং ভূমৌ প্রদৃশ্যতে ॥ ৬ ॥
তূর্য্যং ছেদবিরোহেণ বরেণ জগৃহুর্দ্রুমাঃ। তেষাং নির্য্যাস রূপেণ ব্রহ্মহত্যা প্রদৃশ্যতে ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

নিত্যস্যার্থস্য সম্বন্ধোহ্যনিত্যো দৃশ্যতে নৃষু। যাবদ্যস্য হি সম্বন্ধো মমত্বং তাবদেব হি ॥ ৬ ॥
এবং যোনিগতো জীবঃ স নিত্যো নিরহঙ্কৃতঃ। যাবদ্যত্রোপলভ্যেত তাবৎ স্বত্বং হি তস্য তৎ ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

কস্মভির্ভ্রাম্যমাণত্বে দৃষ্টান্তঃ। যথা পণ্যানি ক্রয়বিক্রয়ার্হাণি। কর্তৃষু ব্যবহর্তৃষু পরিভ্রমন্তি। এবং জীবোপি যোনিষু জনকেষু ॥ ৫ ॥

একস্মিন্নপি জন্মনি সম্বন্ধস্যানিয়তত্বং সদৃষ্টান্তমাহ দ্বাভ্যাং। নিত্যস্য জীবস্যোপ্যর্থস্য পশ্বাদেরনিত্যঃ অনিয়তঃ বিক্রয়াদিনা সম্বন্ধ নিবৃত্তেঃ ॥ ৬ ॥

এবং যোনিগতঃ পিত্রাদি সম্বন্ধং প্রাপ্তোপি স জীবো নিত্যঃ দেহজন্মাদিনা তস্য জন্মাদ্যভাবাৎ। অতএব বস্তুতো নিরহংকৃতঃ অহমস্য পুত্র ইত্যভিমানশূন্যঃ যত্র পিত্রাদৌ সম্বন্ধিনি যাবদুপলভ্যেত কম্মবশেন বর্ত্তেত তাবদেব তস্য পিত্রাদেঃ তত্তস্মিন্ স্বত্বং নতু বিক্রয়াদ্যুত্তর কালমপি। অথবা এবং সম্বন্ধঃ যদুক্তং কলেবরং স্বমাবিশ্যেতি। তত্র তস্মিন্ কলেবরে মমেদানীং স্বত্বং নিবৃত্তমিতি সদৃষ্টান্তমাহ নিত্যস্য চিরকালাবস্থায়িনঃ সুবর্ণাদেঃ যোনিগতঃ দেহং প্রবিষ্টঃ যত্র দেহে তস্য জীবস্য তত্তস্মিন্ দেহে স্বত্বং নতু মরণোত্তর কালমপীত্যর্থঃ শেষং সমানং ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নমু যদি শক্রুরপি পুত্রঃ স্যাত্তর্হি তত্রাত্মীয়ত্বেন স্নেহঃ কথং স্যাত্তত্র দৃষ্টান্তেন সমাদধাতি যথেতি। পণ্যানি ক্রয় বিক্রয়াদ্যর্হাণি হেমাদীনি হেমমুদ্রিকাদীনি যৈব হেমমুদ্রা শক্রগৃহস্থিতা স্ববধ প্রযোজিকা সৈব দৈবাদাত্মগৃহমাগতা প্রেমাস্পদীভূতা ভোগ প্রযোজিকাচ ভবতি। এবমেব জীবযোনিষু মনুষ্য গো গর্দ্দভাদিষু যে কর্ত্তার উৎপাদকাঃ পিতরো মাতরশ্চ তেষু প্রবিশন্তি ॥ ৫ ॥

মম জীবস্য চিত্রকেতু পুত্রত্বমেতাবন্তং কালমাসীত্তাবদসৌ স্নেহমকরোদেব অতঃ পরমন্যপুত্রত্বং প্রাপ্স্যামি স এব স্নেহং করিষ্যতীত্যর্থান্তর ন্যাসেনাহ নিত্যস্যার্থস্য স্বর্ণমুদ্রায়া একস্যা অপি ক্রয় বিক্রয়াদি ব্যবহারেণৈকস্মিন্নপি দিনে অন্য জন হস্ত গতায়ামমেয়ং মমেয়ং নাস্যস্যেতি সম্বন্ধোহনিত্যঃ তত্রচ যাবদিতি স্পষ্টং ॥ ৬ ॥

বস্তুতো নিরহঙ্কৃত এব যত্র পিত্রাদৌ তস্য পিত্রাদেঃ। যদ্বা নিরহঙ্কৃত এব জীবো যাবদ্যত্র দেহে উপলভ্যেত তাবদেব তস্য তস্মিন্ জীবস্য দেহে স্বত্বং নান্যদা৭ অতোহস্মিন্ দেহে সম্প্রতি মম স্বত্বাভাবাৎ কথমত্রাহঙ্কারং করোমীতি তস্মাৎ কলেবরং সমাবিশ্যেতি ত্বং প্রার্থিতং ন ঘটত এবেতি ভাবঃ ॥ ৭ ॥

যেমন ক্রয় বিক্রয়োপযুক্ত স্বর্ণাদি পণ্য বস্তু ব্যবহর্ত্তৃ জনগণ মধ্যে ভ্রমণ করিয়া বেড়ায়, সেই রূপ জীবও নানা যোনিতে অর্থাৎ জনক সকলে ভ্রমণ করে ॥ ৫ ॥

জন্মান্তরীয় সম্বন্ধের কথাত দূরে থাকুক, এক জন্মেতেই তাহার অনিয়তত্ব দৃষ্ট হইতেছে। দেখ! জীবৎ পশ্বাদিরও সম্বন্ধ নিয়ত থাকে না, বিক্রয়াদি দ্বারা নিবৃত্ত হইয়া যায়। আর যে পর্য্যন্ত যাহার সম্বন্ধ থাকে তাবৎ পর্য্যন্তই তাহার মমত্ব হয় ॥ ৬ ॥

এই রূপ পুত্রাদি সম্বন্ধ প্রাপ্ত হইলেও আপনি নিত্যই থাকে, দেহের জন্মাদি দ্বারা তাহার জন্মাদি হয় না। অতএব জীব বস্তুতঃ নিরহঙ্কৃত অর্থাৎ "আমি ইহার পুত্র" এইরূপ অভিমান শূন্য। সে পিত্রাদি সম্বন্ধিতে স্বীয় কর্ম্ম বশতঃ যাবৎ সম্বন্ধবান্ থাকে তাবৎ পর্য্যন্তই তাহাতে পিত্রাদির স্বত্ব ॥ ৭ ॥

এষ নিত্যোঽব্যয়ঃ সূক্ষ্ম এষ সর্ব্বাশ্রয়ঃ স্বদৃক্। আত্মমায়াগুণৈর্বিশ্বমাত্মানং সৃজতে প্রভুঃ ॥ ৮ ॥
ন হ্যস্যাস্তি প্রিয়ঃ কশ্চিন্নাপ্রিয়ঃ স্বঃ পরোপি বা। একঃ সর্ব্বধিয়াং দ্রষ্টা কর্ত্তৄণাং গুণদোষয়োঃ ॥৯
নাদত্ত আত্মাহি গুণং ন দোষং ন ক্রিয়াফলং। উদাসীনবদাসীনঃ পরাবর দৃগীশ্বরঃ ॥

শ্রীধরস্বামী।

জীবস্য নিত্যত্বং সাধয়তি। এষ নিত্যঃ তত্র হেতুঃ অব্যয়ঃ অপক্ষয় শূন্যঃ। তৎকুতঃ সূক্ষ্মঃ জন্মাদি শূন্যঃ তচ্চ কুতঃ সর্ব্বাশ্রয়ঃ জন্মাদিমতো দেহাদেরাশ্রয়ঃ নতু দেহাদি রূপঃ যতঃ স্বদৃক্ স্বপ্রকাশঃ। সর্ব্বাশ্রয়ত্বমুপপাদয়তি। আত্মমায়াগুণৈরাত্মানমেব বিশ্বং বিশ্বাত্মকং সৃজতি। তদাত্মানং স্বয়মকুরুতেতি শ্রুতেঃ উপাদানকারণত্বাৎ সর্ব্বাশ্রয় ইত্যর্থঃ জীবস্য বস্তুতো ব্রহ্মত্বাৎ ব্রহ্মণ এব চিচ্ছক্তি বিশিষ্টস্যেশ্বরত্বেন স্রষ্টৃত্বাৎ জীবৈঃ সৃজতীতি বাচোযুক্তিঃ। যদ্বা স্বকর্ম্ম দ্বারা সৃষ্টি নিমিত্তত্বেন স্রষ্টৃত্বং ভোগস্থচ সর্ব্বস্য ভোক্তাশ্রয়ত্বাৎ সর্ব্বাশ্রয়ত্বমোক্তমিতি দ্রষ্টব্যং ॥ ৮ ॥

যদুক্তং সুহৃদ্বৃত ইতি সুহৃদো বান্ধবাস্তপ্তা ইতি চ তত্রাপ্যাহ নহ্যস্যেতি। তত্র হেতুঃ একঃ সুহৃদাদি সঙ্গরহিতঃ তৎকুতঃ গুণদোষয়োর্হি তাহিতয়োঃ কর্ত্তৄণাং মিত্রাদীনাং যাঃ সর্ব্বাধিয়ঃ বিচিত্রা বুদ্ধয়ঃ তাসাং দ্রষ্টা সাক্ষী ॥ ৯ ॥

যচ্চোক্তং ভুঙ্ক্ষ্ব ভোগানিত্যাদি তত্রাপ্যাহ নাদত্ত ইতি। গুণং সুখং দোষং দুঃখং ক্রিয়াফলঞ্চ রাজ্যাদিকং। উদাসীনত্বে

ক্রমসন্দর্ভঃ।

তদেবং জীবস্য পারতন্ত্র্যমুক্ত্বা তৎসিদ্ধার্থং পরমপি বর্ণয়তি। এষ ইতি ত্রিভিঃ এষ প্রত্যক্ষ এব শ্রুতিযুক্তিসিদ্ধঃ পরমেশ্বরঃ পুনরুক্তি নিবারণার্থম্ এষোহয়মেবেশ্বরঃ ॥ ৮ । ৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

এবং জীবস্য পারতন্ত্র্যানৈশ্বর্য্যাদি তত্রোহস্তঃ কশ্চিৎ স্বতন্ত্র ঈশ্বরোঽস্তীতি প্রতীয়তে স এব কীদৃশ ইত্যপেক্ষায়ামাহ এষ ইতি জীবস্য মায়য়া আবরণাদপরোক্ষত্বাপি পরোক্ষায়মানত্বাৎ তচ্ছব্দ বাচ্যত্বমুক্তং। ঈশ্বরস্য মায়য়া অনাবরণাৎ প্রত্যক্ত্বস্থিরত্বেপি জীবমুক্তৈর্বাবিদ্যাবরণরাহিত্যাদপরোক্ষত্বেনৈতচ্ছব্দ বাচ্যত্বমুচ্যতে এষ ইতি তত্র নিত্যত্বমব্যয়ত্বং সূক্ষ্মত্বমিতি সাধারণ ধর্ম্মত্রয়মীশ্বরস্য পারতন্ত্র্যানৈশ্বর্য্যাদিতি অসাধারণ ধর্ম্মদ্বয়ং জীবস্য পূর্ব্বমেব ব্যাখ্যাতং। ঈশ্বরস্যাপ্যসাধারণান্ সর্ব্বাশ্রয়ত্বাদীন্ ধর্ম্মান্ বক্তুং পুনরপ্যেতচ্ছব্দমুপন্যস্যতি এষ ইতি। আত্মশক্তিময়স্বাত্মানং ॥ ৮ ॥

জীবস্য বন্ধুত্বাদ্যাবির্ভাবাহ্যাবতো অজ্ঞানবিজৃম্ভিতা নত্বীশ্বরস্যেত্যাহ। নহ্যস্যেতি। যত্তু ভক্তোতিপ্রিয়ঃ স্বশ্চ তদ্দ্বেষী অপ্রিয়ঃ পরঃ শত্রুশ্চ ইতি তচ্চ সমোহহং সর্ব্বভূতেষু ন মে দ্বেষ্যোস্তি ন প্রিয়ঃ। যে ভজন্তিচ মাং ভক্ত্যা ময়ি তে তেষু চাপ্যহমিতি। তানহং দ্বিষতঃ ক্রূরান্ সংসারেষু নরাধমানিতি গীতোক্তে ভক্তবৎসলস্য তস্য ভূষণমেব নতু দূষণং। কিন্তু জীবা বহব এবেশ্বরস্ত্বেক এব গুণদোষয়োর্হি তাহিতয়োঃ কর্ত্তৄণাং মিত্রাদীনাং যাঃ সর্ব্বধিয়ঃ বিচিত্রা বুদ্ধয় তাসাং দ্রষ্টা সাক্ষী ॥ ৯ ॥

জীবোহি মিত্রামিত্রয়োর্গুণদোষৌ গৃহ্নাতি যতঃ ক্রিয়াফলং সুখং দুঃখঞ্চ ভুঙ্ক্তে ঈশ্বরস্তু নৈবেত্যাহ নাদত্ত ইতি। অতএব

ফলতঃ জীব আপনার মায়া গুণ দ্বারা বিশ্ব স্বরূপ আত্মার সৃষ্টি করিয়া থাকেন, অতএব জন্মাদি বিশিষ্ট দেহাদির আশ্রয়, তাহার কারণ জীব স্বপ্রকাশ অতএব তিনি অতি সূক্ষ্ম অর্থাৎ জন্মাদি শূন্য। সূক্ষ্মত্ব প্রযুক্ত অব্যয় অর্থাৎ অপক্ষয় রহিত অতএব নিত্য ॥ ৮ ॥

অপর সুহৃদগণে আবৃত হও, তাহারা তোমার নিমিত্ত শোকে সন্তপ্ত হইতেছে, ইহার উত্তর এই যে, জীবের প্রিয় বা অপ্রিয় কেহ নাই এবং আত্মীয়ও কেহ নাই, তিনি এক অর্থাৎ সুহৃদাদি সঙ্গ রহিত, গুণ দোষকারী অর্থাৎ হিতাহিতকারী যে সকল মিত্রাদি তাহাদিগের বিচিত্র বুদ্ধির সাক্ষী মাত্র। অতএব আমার পিতার সুহৃদ্বৃত হইয়া সন্তাপ এবং সুহৃদ্ ও বন্ধুদের মনস্তাপ এ কথা অসম্ভব ॥ ৯ ॥

আর "ভোগ সকল উপভোগ কর" ইত্যাদি উক্তিও অসম্ভব বোধ হইতেছে, কারণ গুণ (সুখ)

শ্রীবাদরায়ণিরুবাচ ॥

ইত্যুদীর্য্য গতোজীবোজ্ঞাতয়স্তস্য তে তদা । বিস্মিতা মুমুচুঃ শোকং ছিত্ত্বাত্মস্নেহশৃঙ্খলাং ।
নির্হৃত্য জ্ঞাতয়োজ্ঞাতের্দেহং কৃত্বোচিতাঃ ক্রিয়াঃ । তত্যজুর্দুস্ত্যজং স্নেহং শোকমোহভয়ার্ত্তিদং ॥ ১০ ॥

বালঘ্ন্যো ব্রীড়িতাস্তত্র বালহত্যাহতপ্রভাঃ । বালহত্যাব্রতং চেরুর্ব্রাহ্মণৈর্যন্নিরূপিতং ।
যমুনায়াং মহারাজ স্মরন্ত্যোদ্বিজভাষিতং ॥ ১১ ॥

শ্রীধরস্বামী ।

হেতুঃ পরাবর দৃক্ কারণস্ত কার্য্যস্যচ সাক্ষী নতু ভোক্তা যত ঈশ্বরঃ দেহাদি পারতন্ত্র্যশূন্যঃ । অতএবত্বত্তস্য মমচ যুষ্মাকঞ্চ সম্বন্ধা-ভাবাৎ শোকমোহং মাকুরুতেতি বাক্যার্থঃ ॥ ১০ ॥

দ্বিজভাষিতং অঙ্গিরসা প্রোক্তং পুত্রাদীনাং দুঃখহেতুত্বং স্মরন্ত্যঃ পুত্রকাম শূন্যা নির্ম্মৎসরাঃ সত্য ইতি ভাবঃ ॥ ১১ ॥

ক্রমসন্দর্ভঃ ।

আত্মা পরমাত্মা ॥ ১০ ॥

বালঘ্ন্য ইতি সার্দ্ধকং ॥ ১১ ॥ ১২ ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

উদাসীনবৎ সর্ব্বান্তর্যামিত্বেনাসীনঃ পরাবরে তন্ত্রাতন্ত্রে সাক্ষিত্বেন পশ্যতীতি সঃ । উদাসীন ইবেত্যরিমিত্রাদি প্রতিযোগ্যুদাসীনত্ব নৈবেত্যর্থঃ অত ঈশ্বরমায়ানিবদ্ধানামেষাং চিত্রকেত্বাদীনাং মহদনুগ্রহমূলামীশ্বর প্রপত্তিং বিনা শোকমোহাদিময়োহয়ং সংসারো ধ্রুবম এবেতি কিং ময়া বহু বক্তব্যমিতি প্রকরণার্থঃ ॥ ১০ ॥

বালহত্যাহতপ্রভা ইতি । হতপ্রভত্বেনৈব লক্ষণেন বালঘ্ন্য এতা এবেতি যদা সর্ব্বে বিদিতবন্তস্তদা ব্রীড়িতাস্তাঃ সত্যঃ স্বয়মেব পাপর্য্যো বালমহঘ্নেতি বচসা নিষ্কপটীভূয়াঙ্গিরঃ প্রভৃতি ব্রাহ্মণোপদিষ্টং প্রায়শ্চিত্তমাচেরুঃ ॥ ১১ ॥ ১২ ॥ ১৩ ॥

দোষ (দুঃখ) এবং ক্রিয়াফল (রাজ্যাদি) কিছুই জীব গ্রহণ করেন না, সর্ব্বদা উদাসীনের ন্যায় আছেন, ফলতঃ জীব কারণ ও কার্য্যের সাক্ষী মাত্র, ভোক্তা নহেন, যে হেতু ইনিই ঈশ্বর অর্থাৎ দেহাদি পারতন্ত্র্য শূন্য, অতএব আমিও এবং তোমরাও সকলেই ঐ প্রকার হওয়াতে কাহারও সহিত কাহারও সম্বন্ধ নাই, ইহাতে শোক মোহ কেন ? ॥

শুকদেব কহিলেন হে রাজন্ ! সকলের সমক্ষে এই প্রকার কহিয়া ঐ রাজপুত্রের জীব তথা হইতে প্রস্থান করিল, তাঁহার যে সকল জ্ঞাতিগণ খেদ বিষাদ করিতেছিল তাহাদেরও ঐ সকল বাক্য শুনিয়া অতিশয় বিস্ময় জন্মিল । পরন্তু তাহার পর অবিলম্বেই স্নেহ শৃঙ্খলা ছেদন পূর্ব্বক সকলে শোক পরিত্যাগ করিলেন । অনন্তর সেই জ্ঞাতির মৃত দেহ যথাবিধি সৎকার করিয়া যথোচিত ক্রিয়া কলাপ নির্ব্বাহ পূর্ব্বক দুস্ত্যজ স্নেহ, যাহা শোক মোহ ভয় ও আর্ত্তির কারণ তাহাকে একেবারে বিসর্জন দিলেন ॥ ১০ ॥

হে মহারাজ ! কৃতদ্যুতির যে সকল সপত্নী বিষ প্রদান করিয়া ঐ রাজবালকের প্রাণ বিনাশ করিয়াছিল তাহারা লজ্জিত ও বালহত্যা নিমিত্ত হতপ্রভ হইল এবং "পুত্রাদি কেবল দুঃখের কারণ" মহর্ষি অঙ্গিরার এই বাক্য স্মরণ করতঃ পুত্রকামনা পরিত্যাগ পূর্ব্বক নির্ম্মৎসর হইয়া যমুনা তীরে গমন করিল । তথায় বসিয়া বিপ্রগণ যে প্রকার বিধি দিলেন তদনুসারে বালহত্যাব্রত যথাবিধি অনুষ্ঠান করিতে লাগিল । হে রাজন্ ! চিত্রকেতু রাজাও ঐ সকল ব্রাহ্মণ বচন শ্রবণে উক্ত প্রকারে প্রতিবুদ্ধ হওয়াতে যেমন হস্তী সরোবরের পঙ্ক হইতে নিষ্ক্রান্ত হয় তাহার ন্যায়, গৃহরূপ অন্ধকূপ হইতে নির্গত হইলেন ॥ ১১ ॥

স ইত্থং প্রতিবুদ্ধাত্মা চিত্রকেতুর্দ্বিজোক্তিভিঃ। গৃহান্ধকূপান্নিক্রান্তঃ সরঃ পঙ্কাদিব দ্বিপঃ ॥ ১২ ॥
কালিন্দ্যাং বিধিবৎ স্নাত্বা কৃতপুণ্যজলক্রিয়ঃ। মৌনেন সংযতপ্রাণো ব্রহ্মপুত্রাববন্দত।
অথ তস্মৈ প্রপন্নায় ভক্তায় প্রযতাত্মনে। ভগবান্নারদঃ প্রীতো বিদ্যামেতামুবাচ হ ॥ ১৩ ॥
ওঁ নমস্তুভ্যং ভগবতে বাসুদেবায় ধীমহি। প্রদ্যুম্নায়ানিরুদ্ধায় নমঃ সঙ্কর্ষণায়চ ॥ ১৪ ॥
নমোবিজ্ঞানমাত্রায় পরমানন্দমূর্ত্তয়ে। আত্মারামায় শান্তায় নিবৃত্তদ্বৈতদৃষ্টয়ে ॥ ১৫ ॥
আত্মানন্দানুভূত্যৈব ন্যস্তশক্ত্যূর্ম্ময়ে নমঃ। হৃষীকেশায় মহতে নমস্তে হনন্তমূর্ত্তয়ে ॥ ১৬ ॥

শ্রীধরস্বামী।

নিবিড়পঙ্ক তুল্যং গৃহং বিহায় নিক্রমণমতিধীরস্ত তস্যৈব যোগ্যং নান্যস্যেতি সদৃষ্টান্তমাহ সরসঃ পঙ্কাৎ দ্বিপোগজ ইবেতি ॥ ১২
কৃতাঃ পুণ্যজল ক্রিয়াঃ পিতৃতর্পণাদ্যা যেন। সংযতপ্রাণোনিয়তেন্দ্রিয়ঃ ॥ ১৩ ॥
নমোধীমহি ধ্যায়েম মনসা নমস্যাম ইত্যর্থঃ ॥ ১৪ ॥ নিবৃত্তা দ্বৈতদৃষ্টি র্যস্মাৎ ॥ ১৫ ॥
ন্যস্তা নিরস্তাঃ শক্ত্যূর্ম্ময়ঃ মায়ানিমিত্তা রাগদ্বেষাদয়োযেন সঃ ॥ ১৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

তত্র শ্রীভগবত্ত্বেন নমস্যতি ভগবত ইতি। তদ্ব্যূহত্বেন বাসুদেবায়েতি। সঙ্কর্ষণস্যান্তে পাঠঃ স্বোপাস্যত্বেন তত্রৈব বিশ্রান্তেঃ ॥ ১৪ ॥
ব্রহ্মত্বেন নমস্যতি। বিজ্ঞানমাত্রায়েতি। অত্র মূর্ত্তিঃ স্বরূপং। নিবৃত্তদ্বৈতদৃষ্টয় ইতি। যস্মিন্ দৃষ্টে অন্যত্র দৃষ্টির্ন ভবতীত্যর্থঃ। তচ্চাদ্বৈতবাদতোবিশিষ্য দর্শয়তি। আত্মানন্দেতি। স্বরূপানন্দস্যানুভবেন ন্যস্তাঃ নাসুসংহিতাঃ শক্ত্যন্তর পরম্পরা যেন তস্মৈ। অনুভবস্য স্বরূপাভিন্নত্বেপি তৃতীয়ার্থাধিক্যাৎ স্বরূপ শক্তিরেব সিধ্যতি। পরমাত্মত্বেন নমস্যতি হৃষীকেশায়েতি। বিশ্বকারণত্বেন মহত ইতি বিশ্বত্বেনানন্ত মূর্ত্তয় ইতি ॥ ১৫ ॥ ১৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

এতাং ওঁ নমস্তুভ্যমিত্যাদি পরম পরমেষ্ঠিনমন্ত্র ইত্যাহুঃ ॥
তুভ্যং নমঃ তুভ্যং ধীমহি ত্বাং প্রসাদয়িতুং ধ্যায়েম ॥ ১৪ ॥
পরমাত্মত্বেন জীববৈলক্ষণ্যমাহ নবভি র্বিশেষণৈঃ। বিজ্ঞানং চিচ্ছক্তিরেব মাত্রা পরিচ্ছদো যস্য তস্মৈ জীবস্ত্ববিদ্যাপরিচ্ছদ ইত্যর্থঃ। মাত্রা কর্ণবিভূষায়াং বিত্তে মানে পরিচ্ছদে ইতি মেদিনী। পরমানন্দময়ী মূর্ত্তির্যস্য জীবস্য পাঞ্চভৌতিক মূর্ত্তিঃ। আত্মানন্দ এব রমমাণায়। জীবস্ত বিষয়ানন্দে রমতে। নিবৃত্তাদ্বৈতে মায়িক প্রপঞ্চে দৃষ্টিরাসক্তির্ময়ী যস্য। জীবস্ত মায়িক প্রপঞ্চে আসজ্জতে ॥ ১৫ ॥
ন্যস্তাঃ নিতরামস্তাঃ শক্ত্যূর্ম্ময়ো মায়ানিমিত্তাঃ রাগদ্বেষাদয়ো যত্র জীবস্ত প্রাপ্তরাগদ্বেষাদি তরঙ্গঃ। হৃষীকেশায় সর্ব্বেন্দ্রিয়

পরে যমুনায় গমন করিয়া স্নানানন্তর তর্পণাদি সমাপন পূর্ব্বক মৌনী ও জিতেন্দ্রিয় হইয়া সেই দুই ব্রহ্মপুত্র অঙ্গিরা ও নারদের চরণ বন্দনা করিলেন ॥ ১২ ॥

ভক্ত জিতেন্দ্রিয় রাজা চিত্রকেতু ঐরূপে শরণাগত হওয়াতে প্রীত হইয়া অঙ্গিরার সহিত ভগবান্ নারদ ঐ স্থানে উপস্থিত হইয়া তাঁহাকে বিদ্যোপদেশ করিলেন ॥ ১৩ ॥

সেই বিদ্যা এই—প্রভো! তোমাকে নমস্কার করি। আর ভগবান্ বাসুদেবকে মনোদ্বারা নমস্কার করি। অপর সেই প্রদ্যুম্ন অনিরুদ্ধ ও সঙ্কর্ষণের প্রতি প্রণত হই ॥ ১৪ ॥

সেই ভগবান্ বিজ্ঞান মাত্র, পরম আনন্দই তাঁহার মূর্ত্তি, তিনি আত্মারাম এবং শান্ত, তাঁহা হইতে দ্বৈতদৃষ্টি নিবৃত্তি পায়, তাঁহাকে নমস্কার করি ॥ ১৫ ॥

প্রভো! তুমি আনন্দ অনুভব দ্বারা মায়া নিমিত্ত রাগ দ্বেষাদি নিরস্ত করিয়া দাও এবং স্বয়ং

বচস্যুপরতে প্রাপ্য য একো মনসা সহ। অনাম রূপশ্চিন্মাত্রঃ সোঽব্যান্নঃ সদসৎপরঃ॥ ১৭॥
যস্মিন্নিদং যতশ্চেদং তিষ্ঠত্যপৈতি জায়তে। মৃন্ময়েষ্বিব মৃজ্জাতিস্তস্মৈ তে ব্রহ্মণে নমঃ॥ ১৮॥
যন্ন স্পৃশন্তি নবিদুর্মনো বুদ্ধীন্দ্রিয়াসবঃ। অন্তর্বহিশ্চ বিততং ব্যোমবত্তন্নতোঽস্ম্যহং॥ ১৯॥
দেহেন্দ্রিয়ঃ প্রাণ মনোধিয়ো হমী যদংশবিদ্ধাঃ প্রচরন্তি কর্ম্মসু।

শ্রীধরস্বামী।

মনসা সহ বচসি অপ্রাপ্যোপরতে সতি য এক এব প্রকাশতে বচসীতি সর্ব্বেন্দ্রিয়োপলক্ষণং নোঽস্মানব্যাৎ। সদসৎ পরস্থঃ কার্য্যকারণয়োঃ কারণং॥ ১৭॥

তদেবাহ যস্মিন্নিদং কার্য্যকারণং তিষ্ঠতি অপৈতিচ যতশ্চ জায়তে মৃণ্ময়েষু ঘটাদিষু মৃজ্জাতির্মৃণ্মাত্রমিব সর্ব্বানুস্যূতং যত্তস্মৈ॥ ১৮॥

নমু সর্ব্বানুস্যূতত্বাৎ জাতিবৎ প্রতীয়তে কথং মনো বচসোরপ্রাপ্তিস্তত্রাহ। যদ্ব্রহ্ম ব্যোমবৎ বিততমপি অসবঃ প্রাণাঃ ক্রিয়াশক্ত্যা নস্পৃশন্তি মন আদীনিচ জ্ঞানশক্ত্যা ন বিদুঃ তদ্ব্রহ্ম নতোঽস্মি॥ ১৯॥

তেষাং তদজ্ঞানে হেতুমাহ। দেহেন্দ্রিয়াদয়োঽমী যদংশবিদ্ধাঃ যচ্চৈতন্যাংশেনাবিষ্টাঃ সন্তঃ কর্ম্মসু স্ব স্ব বিষয়েষু প্রচরন্তি

ক্রমসন্দর্ভঃ।

পুনর্ভগবন্তং ব্রহ্ম স্বরূপত্বেন বিশেষতঃস্তৌতি। বচসীতি দ্বাভ্যাং॥ ১৭॥

পরমাত্মত্বেন স্তৌতি যন্নেতি দ্বাভ্যাং॥ ১৮॥ ১৯॥

দেহেন্দ্রিয় ইতি। অত্রাদ্বৈতশারীরকোপি সাংখ্যমাক্ষিপ্যোক্তং যথা। অথ পুনঃ সাক্ষিনিমিত্তমীক্ষিতৃত্বং প্রধানস্য কল্পেত

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নিয়ন্ত্রে জীবস্থ ইন্দ্রিয়নিয়ম্যঃ। মহতে জীবস্থ ক্ষুদ্রঃ। অনন্তা অবিনাশ্যা মূর্ত্তয়োযস্য জীবস্থ বিনাশ্য শরীরঃ॥ ১৬॥

নির্ব্বিশেষ ব্রহ্মত্বেন প্রণমতি বচসীতি॥ ১৭॥

জগৎকারণত্বেন প্রণমতি যস্মিন্নিদং জগত্তিষ্ঠতি যতো জায়তে যস্মিন্নপ্যেতি লীয়তে। মৃণ্ময়েষু ঘটাদিষু মৃজ্জাতিঃ যথা কারণমিত্যর্থঃ॥ ১৮॥

ইন্দ্রিয়াদ্যগম্যত্বেন প্রণমতি যদিতি ক্রিয়াশক্ত্যা ন স্পৃশন্তি জ্ঞান শক্ত্যা ন বিদুঃ। তর্হি বিদূরবর্ত্তিত্বাদিতি চেত্তত্রাহ। অন্তর্দেহাদীনামন্তরপি বহিরপিচ॥ ১৯॥

তেষাং তদজ্ঞানে হেতুমাহ দেহেন্দ্রিয়েতি। যদংশবিদ্ধাঃ যচ্চৈতন্যাংশেনাবিষ্টাঃ সন্তঃ কর্ম্মসু স্বস্ব বিষয়েষু চরন্তি জাগ্রৎ

বিষয় ও ইন্দ্রিয় সকলের ঈশ্বর, আর তুমি অতি মহৎ ও অনন্ত মূর্ত্তি তোমাকে নমস্কার করি॥ ১৬॥

অহো! মনের সহিত বাক্য অথবা সমস্ত ইন্দ্রিয় প্রাপ্ত না হইয়া উপরত হইলে যিনি একাকী প্রকাশ পান, যাঁহার নাম রূপ নাই এবং যিনি চিন্মাত্র স্বরূপ তথা কার্য্য ও কারণের কারণ, তিনি আমাদিগকে রক্ষা করুন॥ ১৭॥

প্রভো! যাহাতে এই কার্য্য কারণ রূপ জগৎ অবস্থিতি করে এবং লয় প্রাপ্ত হয়, আর যাহা হইতে এই জগৎ জন্মে, অপিচ মৃণ্ময় পদার্থ সকলে মৃত্তিকার ন্যায় যিনি চরাচর সকল পদার্থে অনুস্যূত হইয়া আছেন, আপনি সেই ব্রহ্ম, আপনাকে নমস্কার করি॥ ১৮॥

অপর আকাশের ন্যায় অন্তরে ও বাহিরে বিতত হইলেও যাঁহাকে মনঃ বুদ্ধি ইন্দ্রিয় ও প্রাণ সকল ক্রিয়া শক্তি দ্বারা স্পর্শ করিতে এবং জ্ঞান শক্তি দ্বারা জানিতে পারে না তিনিই ব্রহ্ম, তাঁহাকে নমস্কার করি॥ ১৯॥

ফলতঃ দেহ ইন্দ্রিয় প্রাণ মনঃ বুদ্ধি, এ সকল আত্ম চৈতন্যাংশে আবিষ্ট হইয়াই জাগ্রৎ ও স্বপ্ন

নৈবাস্তদা লৌহমিবাপ্রতপ্তং স্থানেষু তদ্দ্রষ্টৃপদেশমেতি ॥ ২০ ॥

ওঁ নমো ভগবতে মহাপুরুষায় মহানুভাবায় মহাবিভূতিপতয়ে সকল সাত্বত পরিবৃঢ় নিকর করকমলকুট্মলোপলালিত চরণারবিন্দযুগল পরম পরমেষ্ঠিন্নমস্তে ॥ ২১ ॥

শ্রীধরস্বামী।

জাগ্রৎ স্বপ্নয়োঃ অন্যদা সুষুপ্তি মূর্চ্ছাদৌ নৈব প্রচরন্তি যথা অপ্রতপ্তং লৌহং ন দহতি অতো যথা লৌহমগ্নিশক্ত্যৈব দাহক মদগ্নিং ন দহতি। এবং ব্রহ্মগত জ্ঞান ক্রিয়াশক্তিভ্যাং প্রবর্ত্তমানা দেহাদয়ঃ তন্ন স্পৃশন্তি ন বিদুশ্চেতি ভাবঃ। জীবস্তর্হি দ্রষ্টৃত্বা-জ্ঞানাত্তু নেত্যাহ স্থানেষু জাগ্রদাদিষু দ্রষ্টৃপদেশং দ্রষ্টৃ সংজ্ঞাং তদেবৈতি প্রাপ্নোতি নান্যো জীবো নামাস্তি। নান্যতোঽস্তি দ্রষ্টেত্যাদি শ্রুতেঃ। যদ্বা দ্রষ্টৃপদেশং দ্রষ্টৃসংজ্ঞং জীবমপি তদেব এতি জানাতি নতু জীবস্তজ্জানাতীত্যর্থঃ। তদুক্তং হংসগুহ্য স্তোত্রে। দেহোঽসবোঽক্ষা ইত্যাদি ॥ ২০ ॥

সকলা যে সাত্বত পরিবৃঢাঃ তেষাং নিকরঃ সমূহস্তস্য করকমলানাং কুট্মলৈর্ম্মুকুলৈঃ উপলালিতং চরণারবিন্দযুগলং যস্য

ক্রমসন্দর্ভঃ।

যথাগ্নিনিমিত্তময়ঃ পিণ্ডাদের্দ্দগ্ধৃত্বং। তথা সতি বহ্নিমিত্তমীক্ষিতৃত্বং প্রধানস্য তদেব সর্ব্বজ্ঞং মুখ্যং জগতঃ কারণমিতি। শ্রুতিশ্চাত্র তমেব ভান্তমনুভাতি সর্ব্বং। কোহ্যেবান্যাৎ কঃ প্রাণ্যাৎ যদেষ আকাশ আনন্দো ন স্যাৎ। চক্ষুষশ্চক্ষুরুত শ্রোত্রস্য শ্রোত্রমি-ত্যাদ্যা ইতি। টীকোত্থাপিত শ্রুতৌচ। জীবোনামাতো নান্যঃ স্বয়ং সিদ্ধোনাস্তি। পরন্তু তদাত্মক এবেত্যর্থঃ। তথা-তোঽন্যোদ্রষ্টা নাস্তি। সর্ব্বদ্রষ্টৃত্বস্যাপরো দ্রষ্টা নাস্তীত্যর্থঃ। ইতি ব্যাখ্যেয়ং সাক্ষাদ্ভগবত্বেন স্তৌতি ওঁ নম ইতি। তদেবং সঙ্কর্ষণোপাসনাপি দ্বারমেব। তস্য সাত্বত শাস্ত্রবিগ্রহত্বেন বক্ষ্যমাণত্বাৎ পরমং ফলন্তু শ্রীভগবানিত্যভিপ্রেতং ॥ ২০ ॥

বিশ্বসৃজং ব্রহ্মরুদ্রেন্দ্রাদ্যাঃ অংশাংশাঃ অন্তরাংশা ইত্যর্থঃ ॥ ২১ ॥ ২২ । ২৩ । ২৪ । ২৫ । ২৬ । ২৭ । ২৮ । ২৯ । ৩০ । ৩১ । ৩২ ।

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

স্বপ্নয়োঃ অন্যদা সুষুপ্তিঃ মূর্চ্ছাদৌ নৈব প্রচরন্তি। যথা অপ্রতপ্তং লৌহং ন দহতি। অতো যথা লৌহমগ্নিশক্ত্যৈব দাহকং দগ্নিং ন দহতি এবমেব ব্রহ্মশক্ত্যৈব স্ব স্ব বিষয়েষু প্রবর্ত্তমানা দেহাদয়ো ব্রহ্ম ন স্পৃশন্তি নাপি জানন্তীতি ভাবঃ। জীবস্তর্হি দ্রষ্টৃ-ত্বাজ্জানাতু তত্রাহ স্থানেষু জাগ্রদাদিষু দ্রষ্টৃপদেশং দ্রষ্টৃসঞ্জং জীবস্য দ্রষ্টৃত্বসিদ্ধ্যর্থং স্বীয় কিঞ্চিচ্চৈতন্য প্রাপণেন স্বয়মেব তং প্রাপ্নোতীত্যর্থঃ। মন আদয় ইব জীবা অপি জড়া ইতি চ কেপ্যাচক্ষতে। যদ্বা। তদুক্তৈব তং এতি জানাতি নতু জীবো ব্রহ্ম জানাতীত্যর্থঃ যদুক্তং হংসগুহ্যস্তবে দেহো ঽসবোঽক্ষা ইত্যাদি ॥ ২০ ॥

মহামন্ত্রস্য জ্ঞানপ্রকাশকত্বমুক্ত্বা ভক্তিরস পরিপূর্ণত্বমাহ ওমিতি সকলসাত্বত পরিবৃঢ়াঃ সর্ব্বভক্ত শ্রেষ্ঠাস্তেষাং নিকরস্য কর-কমলানাং কুট্মলেন উপলালিতং লঘু লঘু সংবাহনবৈদগ্ধ্যা প্রীণীতং চরণারবিন্দ যুগলং যস্য হে তথা ভূতেতি মামপি স্বপাদস-ম্বাহন সেবায়াং স্থাপয়েত্যভিলাষোধ্বনিতঃ। ননু স্বামতিনি কৃষ্টঃ তস্যাযত্নাৎ সেবায়াং কথং নিযুঙ্কে ইত্যত আহ হে পরম পরমে-

কালে স্ব ২ বিষয়ে প্রচরণশীল হয়। অন্য সময়ে অর্থাৎ সুষুপ্তি ও মূর্চ্ছাদির কালে চৈতন্যাংশ না থাকাতে অপ্রতপ্ত লৌহ যেমন দগ্ধ করিতে পারে না তাহার ন্যায় স্ব ২ বিষয়ে সঞ্চরণ করিতে সমর্থ হয় না, অতএব যদ্রূপ লৌহ অগ্নি শক্তি দ্বারা দাহক হইয়া থাকে অথচ অগ্নিকে দগ্ধ করিতে কাহারও শক্তি নাই তদ্রূপ, দেহাদি ব্রহ্ম গত জ্ঞানও ক্রিয়াশক্তি দ্বারা যদিও ক্রিয়াবান্ ও জ্ঞানবান্ হয় তথাচ তাহাকে স্পর্শ করে না এবং জানিতেও পারে না। যদ্যপি জীব দ্রষ্টা থাকেন সত্য, তথাচ জীবেরও জানিবার সম্ভাবনা নাই, যে হেতু জাগ্রদাদি অবস্থায় সেই সময়ের নিমিত্তই তিনি দ্রষ্টা এই নাম প্রাপ্ত হইয়া থাকেন ॥ ২০ ॥

অহো! মহাপুরুষ মহানুভব মহাবিভূতিপতি সেই ভগবান্‌কে নমস্কার করি। তোমার চরণার-বিন্দ যুগল প্রধান ২ ভক্ত সমূহের কর কমল মুকুল দ্বারা সতত লালিত হয়। হে উৎকৃষ্ট পরমে-

শ্রীশুক উবাচ ॥

ভক্তায়ৈতাং প্রপন্নায় বিদ্যামাদিশ্য নারদঃ। যযাবঙ্গিরসা সাকং ধাম স্বায়ম্ভুবং প্রভো ॥ ২২ ॥

চিত্রকেতুস্তু তাং বিদ্যাং যথা নারদ ভাষিতাং। ধারয়ামাস সপ্তাহমব্ভক্ষ্যঃ সুসমাহিতঃ ॥ ২৩ ॥

ততঃ স সপ্তরাত্রান্তে বিদ্যয়া ধার্য্যমাণয়া। বিদ্যাধরাধিপত্যঞ্চ লেভেঽপ্রতিহতং নৃপ ॥ ২৪ ॥

ততঃ কতিপয়াহোভি র্বিদ্যয়েদ্ধমনো গতিঃ। জগাম দেবদেবস্য শেষস্য চরণান্তিকং ॥ ২৫ ॥

মৃণালগৌরং সিতিবাসসং স্ফুরৎকিরীট কেয়ূর কটিত্রকঙ্কণং।

প্রসন্ন বক্ত্রারুণলোচনং বৃতং দদর্শ সিদ্ধেশ্বর মণ্ডলৈঃ প্রভুং ॥ ২৬ ॥

শ্রীধরস্বামী।

তস্য সম্বোধনং পরম উৎকৃষ্ট পরমেষ্ঠিন্ সর্ব্বেশ্বর ॥ ২১ ॥

পূর্ব্বং স নারদোঽঙ্গিরা আজগামেতি অঙ্গিরা প্রাধান্যেনোক্তঃ চিত্রকেতোঃ পুত্রপ্রদত্বেন তস্য পৃথগুক্তত্বাৎ। ইহতু নারদোঽঙ্গিরা সাকং যযাবিতি নারদস্য প্রাধান্য নির্দ্দেশঃ তদুপদেশেন তস্য বৈরাগ্যোৎপত্তেঃ। প্রভো হে সমর্থ ॥ ২২ ॥

যথা যথাবৎ ধারয়ামাস ॥ ২৩ ॥　বিদ্যাধরাধিপত্যঞ্চাবান্তর ফলং লেভে। অপ্রতিহতমস্খলিতং ॥ ২৪ ॥

কতিপয়ৈরহোভিঃ বিদ্যয়া ইদ্ধেন দীপ্তেন মনসা গতির্যস্য ॥ ২৫ ॥

মৃণালবদ্গৌরং সিতিবাসসং নীলাম্বরং স্ফুরন্তি কিরীটাদীনি যস্য। কটিত্রং কটিসূত্রং প্রসন্নানি বক্ত্রাণি যস্য অরুণানি লোচনানি যস্য তঞ্চ তঞ্চ ॥ ২৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

পরম পরমেশ্বর কর্ত্তুমন্যথা কর্ত্তুঞ্চ সমর্থ ॥ ২১॥

এতানিতানেক বাক্যগভাগেবাস্মৈ বিদ্যাং মহতীং। অত্র চিত্রকেতবে পুত্রপ্রদত্বেনাঙ্গিরসঃ প্রাধান্যং মন্ত্রপ্রদত্বেন নতু নারদস্য। অতএব পূর্ব্বমঙ্গিরাঃ সনারদ আজগামেত্যুক্তং সংপ্রতি যযাবঙ্গিরসা নারদ ইত্যুচ্যতে। হে প্রভো এতদাদ্যভিপ্রায় জ্ঞানে পরম সমর্থ ॥ ২২ ॥ ২৩ ॥

প্রথমমবান্তর ফলমাহ বিদ্যাধরাধিপত্যমিতি ॥ ২৪ ॥

মুখ্যং ফলমাহ জগামেতি ॥ ২৫ ॥　সিতিবাসসং নীলাম্বরং। কটিত্রং কটিসূত্রং ॥ ২৬ ॥

ষ্ঠিন্! হে সর্ব্বেশ্বর! তোমাকে নমস্কার করি ॥ ২১ ॥

শুকদেব কহিলেন হে রাজন্! শরণাগত ভক্ত চিত্রকেতু রাজাকে বিদ্যা উপদেশ করিয়া দেবর্ষি নারদ ঋষিবর অঙ্গিরার সহিত ব্রহ্মলোকে গমন করিলেন ॥ ২২ ॥

ভগবান্ নারদ যে প্রকার আদেশ করিয়া গেলেন, রাজা চিত্রকেতুও তদ্রূপ সমাহিত হইয়া সপ্তাহ যাবৎ জল মাত্র পান দ্বারা জীবন রক্ষা করত বিদ্যা ধারণ করিলেন ॥ ২৩॥

হে রাজন্! সপ্ত রাত্রের পর ধার্য্যমান ঐ বিদ্যার প্রভাবে চিত্রকেতুর একটী সুমহৎ অবান্তর ফল লাভ হইল, তিনি অস্খলিত বিদ্যাধরাধিপত্য প্রাপ্ত হইলেন ॥ ২৪ ॥

অনন্তর কতিপয় দিবসের মধ্যে ঐ বিদ্যা দ্বারাই তাঁহার মন উদ্দীপ্ত হইল, তাহাতে সেই মনের দ্বারা গতিশীল হইয়া দেবদেব ভগবান্ শেষের চরণ সমীপে গমন করিলেন ॥ ২৫ ॥

এবং দেখিলেন ভগবান্ সঙ্কর্ষণ প্রভু সিদ্ধেশ্বর সমূহে পরিবৃত হইয়া রহিয়াছেন। তাঁহার বর্ণ মৃণালের তুল্য গৌর, পরিধান নীলাম্বর, যথা স্থানে কিরীট কেয়ূর কটিসূত্র ও কঙ্কণাদি অলঙ্কার সন্নিবেশিত হইয়া শোভা বিস্তার করিতেছে। অপর তাঁহার বদন প্রসন্ন ও লোচন অরুণ বর্ণ ॥ ২৬ ॥

তদ্দর্শনধ্বস্ত সমস্ত কিল্বিষঃ স্বস্থামলান্তঃ করণোঽভ্যয়ান্মুনিঃ।
প্রবৃদ্ধ ভক্ত্যা প্রণয়াশ্রুলোচনঃ প্রহৃষ্টরোমা নমদাদি পূরুষং ॥ ২৭ ॥
স উত্তমঃশ্লোকপদাব্জবিষ্টরং প্রেমাশ্রুলেশৈরুপমেহয়ন্মুহুঃ।
প্রেমোপরুদ্ধাখিল বর্ণ নির্গমো নৈবাশকত্তং প্রসমীড়িতুং চিরং ॥ ২৮ ॥
ততঃ সমাধায় মনোমনীষয়া বভাষ এতৎ প্রতিলব্ধবাগসৌ।
নিয়ম্য সর্ব্বেন্দ্রিয় বাহ্য বর্ত্তনং জগদ্গুরুং সাত্বতশাস্ত্রবিগ্রহং ॥ ২৯ ॥
চিত্রকেতুরুবাচ ॥
অজিত জিতঃ সমমতিভিঃ সাধুভির্ভবান্ জিতাত্মভির্ভবতা।

শ্রীধরস্বামী।

দৃষ্ট্বা চ তমাদি পুরুষং অভ্যয়াচ্ছরণং গতঃ। অনমৎ ননাম। কথম্ভূতঃ তদ্দর্শনেন ধ্বস্তং সমস্তং কিল্বিষং যস্য। স্বস্থমমলঞ্চান্তঃকরণং যস্য প্রণয়েনাশ্রুযুক্তে লোচনে যস্য প্রহৃষ্টানি রোমাণি যস্য ॥ ২৭ ॥

তং প্রসমীড়িতুং স্তোতুং চিরং নৈবাশকৎ ন শশাক তত্র হেতুঃ উত্তমঃশ্লোকস্য পদাব্জয়োঃ বিষ্টরমাসনমুপমেহয়ন্ অভিষিঞ্চন্ প্রেম্না উপরুদ্ধঃ অখিলানাং বর্ণানাং নির্গম উচ্চারণং যস্য সঃ ॥ ২৮ ॥

মনীষয়া বুদ্ধ্যা মনঃ সমাধায়ঃ এতদ্বক্ষ্যমাণং বভাষে প্রতিলব্ধা বাক্ যেন সাত্বতশাস্ত্রোক্তো বিগ্রহো যস্য তং ॥ ২৯ ॥

অনোন্য প্রেমজানন্দনিভৃতান্ স্বামিসেবকান্। অভিনন্দন্ মুদা স্তৌতি দশভিঃ পঞ্চভির্বিভুঃ। হে অজিত অন্যৈরজি-

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তদ্দর্শনেতি কিল্বিষমত্র ভগবৎ প্রাপ্ত্যসংভাবনাময়ং দুঃখং জ্ঞেয়ং। দৃষ্ট্বা চ অভ্যয়াৎ অভিমুখমগচ্ছৎ। অভ্যেত্যচানমৎ ॥ ২৭ ॥

নত্বা তুষ্টাবেত্যাহ স ইতি। বিষ্টরমাসনং। উপমেহয়ন্ অভিষিঞ্চন্ ॥ ২৮ ॥

প্রতিলব্ধবাক্ তৎক্ষণৈবেত্যর্থঃ। সাত্বত শাস্ত্রোক্তঃ সচ্চিদানন্দময়ো বিগ্রহোদেহো যস্যেত্যনেন জ্ঞানশাস্ত্রোক্তস্য মায়াময়বিগ্রহত্বস্য প্রামাণ্যং বারিতং ॥ ২৯ ॥

পরস্পর বশীভাবলভ্যানন্দ রসাম্বুধৌ। মজ্জেতাং ভগবদ্ভক্তৌ ভক্ত্যোবেত্যাহ সংস্তবন্ ॥ হে অজিত জ্ঞানিযোগি প্রভৃতিভিস্ত্বজিত এব সাধুভির্ভক্তৈস্তু ভবান্ জিতঃ অধিনীকৃতঃ সমমতিভিঃ স্বকীয় পরকীয় সুখ দুঃখ সমবুদ্ধিভির্জিতাত্মভির্জিতমনস্কত্বেন

দেখিবা মাত্র রাজা চিত্রকেতুর সমস্ত কিল্বিষ নষ্ট হইয়া গেল, অন্তঃকরণ নির্ম্মল ও স্বস্থ হইল, আর প্রণয় বশতঃ লোচন দ্বয় অশ্রু কলায় আকুল ও সর্ব্বশরীর রোমাঞ্চিত হইয়া উঠিল। অতএব সেই আদিপুরুষের শরণাপন্ন হইয়া অতিশয় ভক্তি সহকারে প্রণাম করিলেন ॥ ২৭ ॥

কিন্তু অধিকক্ষণ স্তব করিতে সমর্থ হইলেন না, কারণ উত্তমঃশ্লোক ভগবানের চরণ পদ্মের আসন প্রেমাশ্রু বিন্দু দ্বারা বারম্বার অভিষেক করিতে ছিলেন, সুতরাং শীঘ্রই প্রেম বশতঃ বহুল বাষ্পোদ্গমে বর্ণোচ্চারণ শক্তি পরিরুদ্ধ হইয়া পড়িল ॥ ২৮ ॥

কিয়ৎ ক্ষণ পরে বাক্ শক্তি প্রাপ্ত হওয়াতে ইন্দ্রিয় সকলের বাহ্য বৃত্তি নিরোধ পূর্ব্বক বুদ্ধি দ্বারা মনকে সমাহিত করিলেন এবং যাঁহার বিগ্রহ সাত্বত শাস্ত্রোক্ত সেই জগদ্গুরু ভগবানের প্রতি নিম্ন লিখিত প্রকারে নিবেদন করিলেন ॥ ২৯ ॥

চিত্রকেতু কহিলেন হে অজিত! হে ভগবন্! যদিও আপনি অন্য কর্ত্তৃক জিত নহেন তথাচ সমবুদ্ধি জিতাত্মা ভক্তগণ আপনাকে জয় করিয়া আপনাদের অধীন করিয়াছেন, কারণ আপনি অতি-

বিজিতাস্তেপিচ ভজতামকামাত্মনাং য আত্মদোঽতিকরুণঃ ॥ ৩০ ॥
তব বিভবঃ খলু ভগবন্ জগদুদয় স্থিতি লয়াদীনি।
বিশ্বসৃজস্তেঽংশাংশাস্তত্র মৃষা স্পর্দ্ধন্তি পৃথগভিমত্যা ॥ ৩১ ॥
পরমাণু পরম মহতোস্তমাদ্যন্তান্তরবর্ত্তী ত্রয়বিধুরঃ।

শ্রীধরস্বামী।

তোপি ভবান্ সাধুভির্ভক্তৈর্জ্জিতঃ স্বাধীন এব কৃতঃ যতো ভবানতিকরুণঃ তেপিচ নিষ্কামা অপি ভবতা বিজিতাঃ। যো ভবান্ অকামাত্মনামাত্মানমেব দদাতি ॥ ৩০ ॥

নমু ভক্তৈরেব জিত ইতি কথং স্পর্দ্ধমানৈরপি সৃষ্ট্যাদি কর্ত্তৃভিরন্যৈরীশ্বরৈ র্বিজয় সম্ভবাৎ তত্রাহ তবেতি। জগত উদয়াদীনি তবৈব বিভবঃ বিভবনং মহিমা লীলেতি যাবৎ। আদি শব্দেন প্রবেশ নিয়মাদীনি। বিশ্বসৃজস্তু ব্রহ্মাদয়োনেশ্বরাঃ কিন্তু তে তবাংশো যঃ পুরুষঃ তস্যাংশাঃ। অত্র এবং স্থিতেপি পৃথক্ পৃথগীশ্বরা বয়মিত্যভিমানেন বৃথৈব স্পর্দ্ধন্তে ॥ ৩১ ॥

ত্বমেব সৃষ্ট্যাদি কর্ত্তেত্যেতদুপপাদয়তি। পরমাণুঃ সূক্ষ্মং মূল কারণং। পরম মহৎ অন্তিমং কার্য্যং তয়োস্ত্বমেবাদ্যন্তান্তরবর্ত্তী। আদাবন্তেচ অন্তরে মধ্যেচ বর্ত্তিতুং শীলং যস্য সঃ। অতএব ত্রয়বিধুরঃ আদ্যন্ত মধ্য শূন্যঃ ধ্রুবঃ। তেচ ত্বয়া সৃজ্যন্তে

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মনোধর্ম্মস্য কামস্যাপি জিতত্বাৎ নিষ্কামৈঃ তেষাং তদুপাসনে নিষ্কামত্বমেব ত্বজ্জয়ে কারণমিতি ভাবঃ তে সাধবোপি ভবতা-বিজিতাঃ যতো ভজতামকামাত্মনাং ভজদ্ভ্যোনিষ্কামেভ্যঃ যোভবনাত্মদঃ আত্মানমেব দদাতি। যদি যূয়ং মাং পরিচর্য্য কিমপ্যপবর্গাদিকমপি মত্তোনৈব বৃণুধ্বে তর্হি যথেষ্টং রাত্রিন্দিনং মামেব পরিচরথ মাং ঋণী কুরুথেত্যাত্মানং তেভ্যোদদদেব বলাদাত্মনঃ সৌন্দর্য্যং সৌস্বর্য্য সৌরভ্যাদীনি তন্নয়ন শ্রবণাদীন্দ্রিয়ভোগার্থমর্পয়তীত্যর্থঃ তেন তদ্বিজয়ে ভবতোপ্যাত্মদত্বমেব কারণমিতি ভাবঃ। অত্র সাধুভিরিতি জ্ঞানিভিরপীতি ন ব্যাখ্যেয়ং। উত্তরার্দ্ধে ভজতামকামাত্মনামিতি বিশেষণদ্বয়স্য তদ্ব্যাবর্ত্তকত্বাৎ জ্ঞানিনাং ভজনন্তু মোক্ষসিদ্ধার্থং সাধন দশায়ামেব। অত্রতু ভজতামিতি বর্ত্তমান নির্দ্দেশঃ। নিষ্কামত্বং ত্বাত্যন্তিক দুঃখ নিবৃত্তিকামত্বাত্তেষাং নাস্ত্যেব ॥ ৩০ ॥

এবং প্রভুভক্তয়োঃ পরস্পর বশীভাবমাখ্যায় প্রভোঃ প্রভাবমাহ তবেতি ত্রিভিঃ বিভবোমহিমা। নমু ব্রহ্মাদয়োজগদুদয়াদি হেতবো দৃশ্যন্তে তত্রাহ বিশ্বেতি। নমু ব্রহ্মরুদ্রাদিভক্তাঃ স্বস্ব সেব্যানামেব জগদীশ্বরত্বং প্রতিপাদয়ন্তোমিথঃ স্পর্দ্ধন্তে ইত্যত আহ

শয় কারুণিক। পরন্তু যদিও সেই সকল সাধু নিষ্কাম তথাচ তাঁহারাও আপনার নিকট পরাজিত হইয়াছেন, যে হেতু আপনি অকাম ভক্তদিগকে আত্ম দান করিয়া থাকেন ॥ ৩০ ॥

হে ভগবন্! ভক্ত ব্যতিরিক্ত অন্য কাহা হইতে আপনকার পরাজয় সম্ভাবনা নাই, কারণ জগতের সৃষ্টি, স্থিতি, লয়, প্রবেশ, নিয়মাদি যাহা ২ দৃষ্ট হয় এ সমুদায়ই আপনার বিভব অর্থাৎ মহিমা মাত্র। প্রভো! আপনি বিশ্বের সৃজন কর্ত্তা, ব্রহ্মাদি দেবগণ আপনকার ঈশ্বর নহেন কিন্তু আপনকার অংশ যে পুরুষ তাঁহার অংশ মাত্র। হে ভগবন্! যদি এরূপ হইল তবে ঐ সকল ঈশ্বর (আমরা পৃথক্ ২ ঈশ্বর) এই বলিয়া বৃথা অভিমান করেন ॥ ৩১ ॥

ভগবন্! সূক্ষ্ম মূল কারণ যে পরমাণু, আর অন্তিম কার্য্য যে পরম মহৎ এই দুইয়ের আদি অন্ত ও মধ্যে আপনিই বর্ত্তমান থাকেন, ইহাতে আপনকার আদি অন্ত ও মধ্য নাই, অতএব আপনি ধ্রুব অর্থাৎ নিত্য, আর যে সকল কার্য্য সৎরূপে প্রতীত হয়, সে সকলের প্রথমে চরমে তথা অন্তরালে

আদাবন্তেচ সত্ত্বানাং যদ্ধ্রুবং তদেবান্তরালেঽপি ॥ ৩২ ॥
ক্ষিত্যাদিভিরেষ কিলাবৃতঃ সপ্তভির্দশগুণোত্তরৈরণ্ডকোষঃ।
যত্র পতত্যণুকল্পঃ সহাণ্ড কোটি কোটিভিস্তদনন্তঃ ॥ ৩৩ ॥
বিষয়তৃষো নরপশবো য উপাসতে বিভূতীর্ন পরং ত্বাং।

শ্রীধরস্বামী।

নতু ধ্রুবাঃ কুত ইত্যত আহ সত্ত্বানাং সত্ত্বেন প্রতীতানাং কার্য্যাণামাদাবন্তেচ অন্তরালেপি তদেব ধ্রুবং সুবর্ণাদিবৎ ॥ ৩২ ॥

এবং ধ্রুবত্বেন কালতঃ পরিচ্ছেদোনাস্তীত্যুক্তং দেশতোপ্যপরিচ্ছেদমাহ ক্ষিত্যাদিভিরিতি পূর্ব্বস্মাৎ পূর্ব্বস্মাদ্দশগুণৈরুত্তরৈরবধিকৈরাবৃতঃ। যত্র ত্বয়ি অণুকল্পঃ অণুতুল্যঃ পততি পরিভ্রমতি তত্ত্বস্মাদনন্তত্বং ॥ ৩৩ ॥

যস্মাদেবং পরমেশ্বরত্বং অন্যে দেবা স্তব বিভূতয়ঃ অতস্ত্বাং বিহায় বিষয় কামনয়াঽন্যোপাসকাঃ অতিমন্দা ইত্যাহ বিষয়েষু তৃট্ তৃষ্ণা যেষাং তে নরাকারাঃ পশবঃ। কুতঃ যে বিভূতীরিন্দ্রাদ্যাঃ উপাসতে নতু পরং ত্বাং। ততঃ কিং তত্রাহ তেষামিতি তদনু উপাস্য নাশানন্তরং যথা রাজকুলমনুরাজকুলনাশানন্তরং যথা তৎসেবকানামাশিষো নশ্যন্তি তদ্বৎ অয়ঞ্চ পরমোঽবধিঃ মধ্যেপি নশ্যন্ত্যেব ॥ ৩৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

দশগুণা উত্তরোত্তরা যেষাং তৈরিত্যর্থঃ ॥ ৩৩ ॥ ৩৪ ॥ ৩৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তত্র যুযেতি পৃথগভিমত্যা বয়ং হৈরণ্যগর্ভাঃ শৈবাঃ সৌরা ইত্যাদ্যভিমানবন্তঃ ॥ ৩১ ॥

ত্বমেব সৃষ্ট্যাদি কর্ত্তা বাস্তব বস্তুরূপ ইত্যুপপাদয়তি পরমাণুঃ সূক্ষ্মং মূলকারণং পরম মহৎ অন্তিমং কার্য্যং তয়োস্ত্বমেবাদ্যন্তান্তবর্ত্তী আদাবন্তে অন্তরে মধ্যেচ বর্ত্তিতুং শীলং যস্য সঃ। অতএব ত্রয়বিধুরঃ আদ্যন্ত মধ্যশূন্যো নিত্যঃ যতঃ সত্ত্বানাং কার্য্য বস্তুনাং আদৌ অন্তেচ যৎ ধ্রুবং কারণত্বেন স্থিরং তদেব অন্তরালেপি সুবর্ণাদিবৎ। অতস্ত্বমেব সর্ব্বকারণং বাস্তবং বস্তু অন্যৎ সর্ব্বং কার্য্য জাতমবাস্তবং বস্তিতার্থঃ ॥ ৩২ ॥

এবং কালতঃ পরিচ্ছেদাভাবমুক্ত্বা দেশতোপ্যপরিচ্ছেদমাহ ক্ষিত্যাদিভিঃ ক্ষিতি জল তেজ আকাশাহঙ্কার মহত্তত্ত্ব প্রকৃতিভিঃ পূর্ব্বস্মাৎ পূর্ব্বস্মাৎ দশগুণাধিকৈরাবৃতঃ যত্র ত্বয়ি অণুকল্পঃ পততি পরিভ্রমতি তত্ত্বস্মাদনন্তস্ত্বং ॥ ৩৩ ॥

এবং প্রভোঃ সর্ব্বোৎকর্ষমাখ্যায় ভক্তস্যাপি তদভক্তনিন্দয়া প্রথমং ব্যতিরেকেণাহ বিষয়েতি। বিভূতিবিন্দ্রাদ্যাঃ নতু ত্বাং

যাহা থাকে, সুবর্ণাদির ন্যায় তাহাই ধ্রুব, আপনি ঐ সকলের সৃষ্টি কর্ত্তা অতএব ঐ সকল কোন প্রকারে ধ্রুব নহে ॥ ৩২ ॥

প্রভো! ধ্রুব হওয়াতে আপনকার যেমন কালকৃত পরিচ্ছেদ নাই তেমনি দেশকৃত পরিচ্ছেদও নাই, এই ব্রহ্মাণ্ড কোষ যথাক্রমে পূর্ব্ব ২ হইতে দশগুণ অধিক ক্ষিতি প্রভৃতি সপ্ত পদার্থে আবৃত হওয়াতে অতি প্রকাণ্ড হইয়া রহিয়াছে সত্য, কিন্তু ঐ রূপ কোটি কোটি ব্রহ্মাণ্ডও আপনকার নিকট পরমাণু তুল্য হইয়া পরিভ্রমণ করে অতএব আপনি অনন্ত ॥ ৩৩ ॥

প্রভো! যে সকল ব্যক্তির বিষয়েতেই তৃষা, তাহারা নরাকার পশু, কারণ তাহারা ঐ তৃষা পূর্ণ করিবার নিমিত্ত আপনকার বিভূতি যে ইন্দ্রাদি দেবতা তাহাদিগেরই উপাসনা করিয়া থাকে, পরম পুরুষ পরমেশ্বর যে আপনি আপনকার আরাধনা করে না কিন্তু হে ঈশ! ঐ সকল ব্যক্তি স্ব ২ কামনা পূর্ণ করণার্থ ঐরূপ দেবতার উপাসনা করিয়াও স্ব ২ অভিলষিত বিষয় বহুকাল ভোগ করিতে পায় না, যদ্রূপ রাজকুল বিনষ্ট হইলে তৎ সেবকদের কল্যাণ নষ্ট হয়, তদ্রূপ উপাস্য দেব-

তেষামাশিষ ঈশ তদনুবিনশ্যন্তি যথা রাজকুলং ॥ ৩৪।
কামধিয়স্ত্বয়ি রচিতা ন পরম রোহন্তি যথা করম্ভবীজানি।
জ্ঞানাত্মন্যগুণময়ে গুণগণতোহস্য দ্বন্দ্বজালানি ॥ ৩৫ ॥
জিতমজিত তদা ভবতা যদাহ ভাগবতং ধর্ম্মমনবদ্যং।

শ্রীধরস্বামী।

বিষয়কামেনাপি কৃতা ত্বৎসেবা মোক্ষ ফলৈবেত্যাহ কামধিয়ঃ কামবাসনা অপি হে পরম ত্বয়ি রচিতাঃ কৃতাশ্চেন্নরোহন্তি দেহান্তরোৎপত্তয়ে ন ভবন্তি। করম্ভবীজানি ভর্জ্জিতবীজানি যথা যতোহস্য জীবস্য গুণগণাদেব দ্বন্দ্বসমূহা ভবন্তি অতঃ কামেনাপি নির্গুণস্য তব ভজনাচ্ছনৈর্নৈর্গুণ্যং ভবতীত্যর্থঃ ॥ ৩৫ ॥

ফলকামনয়াপি ত্বদারাধনং যদা মোক্ষহেতুং তদা কিং বক্তব্যং ভাগবত ধর্ম্ম মাহাত্ম্যমিতি বক্তুং তৎ সম্প্রদায় প্রবর্ত্তকত্বেনৈব ভগবন্তং স্তৌতি জিতমিতি যদা। ভবান্ ভাগবতং ধর্ম্মমাহ তদা ভগবন্ ত্বয়া জিতং সর্ব্বোৎকর্ষেণ স্থিতং। তত্র হেতুঃ যে নিষ্কি-

ক্রমসন্দর্ভঃ।

জিতমিতি। নিজোৎকর্ষ আবিষ্কৃতঃ। ভগবন্নিতি পাঠঃ স্বামিসম্মতঃ ভবতেতি তু প্রায়ঃ সর্ব্বত্র ॥ ৩৬ ॥ ৩৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তদনু উপাস্যনাশানন্তরং। যথা রাজকুলনাশানন্তরং তৎ সেবকানামাশিষো নশ্যন্তি ॥ ৩৪ ॥

ভক্তেঃস্যোৎকর্ষং কৈমুতিকন্যায়েনান্বয়েনাহ। কামা রাজ্যাদ্যাস্তদর্থাঃধিয়ো মতয়স্ত্বয়ি রচিতাঃ কৃতাশ্চেৎ নরোহন্তি দেহান্তরোৎপত্তয়ে ন ভবন্তি যথা করম্ভবীজানি ভৃষ্টযববীজানি তথৈব। যদ্যপি কামধিয়োহন্যত্র রোহন্ত্যোদৃষ্টা। ভৃষ্ট বীজতুল্যা ন ভবন্তি তদপি বিষয়সাদৃশ্যাদ্ভবন্তীত্যাহ জ্ঞানাত্মনি চিন্ময়ে অগুণময়ে গুণময়াৎ পদার্থান্তিন্নে। অতোবসকূপ পতিতং বস্তু যথা রসএব ভবেদেবং ত্বয়ি প্রবিষ্টাঃ কামধিয়োপি চিন্ময্যো ভবন্তীতি কথং তাসাং সংসারহেতুত্বং স্যাদিত্যর্থঃ। যতোগুণগণতএব দ্বন্দ্ব জালানি সংসারকারণানি ভবন্তি ॥ ৩৫ ॥

যদ্যেবং স্বমহিম্না সকামায়া অপি ভক্তেঃ শ্রেষ্ঠং তদা কিমুত নিষ্কামায়াঃ। কিঞ্চ ভক্তের্নিষ্কামত্বঞ্চ ত্বৎপ্রবর্ত্তিতমতো নিষ্কামভক্তের্যত্তব জয়ঃ পূর্ব্বপ্রতিপাদিতস্তত্রাপি পরমকৃপালুঃ স্বভক্তবশীভাবেপ্সুত্বমেব কারণমিত্যতো বস্তুত স্তবৈব বিশেষতো জয় ইত্যাহ জিতমিতি। হে অজিত ভাগবতং ধর্ম্মং অনবদ্যং নিষ্কামং যদৈব ভবানাহ তদেব জিতং ভবতৈব ভক্তা ঋণীকৃতাঃ। যে নৈব নিষ্কাম ভক্তিযোগেন ভক্তৈর্ভবান্ জীয়তে তস্য ত্বয়ৈবোক্তত্বাত্ত্বদাগুণং ত্বমেব স্বভক্তাধীনত্বাভিলাষসাধকং কৃপাবিশেষমাস্বাদয়ন্তঃ প্রত্যুত এব ভক্তা স্বয়মেব ঋণীভূয় স্থিতা ভবন্তীতি ভাবঃ। যে নিষ্কিঞ্চনা প্রথমত এব শুদ্ধাঃ তথা তৎসঙ্গতস্তৎকৃষ্ণনিষ্ঠা মুনয়স্তঃ প্রত্যুত এব ভক্তা ... যদ্বা। নিষ্কিঞ্চনা ইত্যস্যৈব বিশেষণদ্বয়ং। মুনয়স্ত্বন্মননশীলা যস্তাপসা আত্মারামা জীবন্মুক্তাশ্চ কেচন যমেব ধর্ম্মমুপাসতে।

তার নাশানন্তর ঐ সকল ব্যক্তির কামনার বিষয় সকল বিনষ্ট হইয়া যায় ॥ ৩৪ ॥

হে পরমেশ! যাহাদের চিত্ত কাম বাসনায় আসক্ত, তাহারা যদি আপনকার প্রতিই স্ব২ কামনা রচনা করে অর্থাৎ তাহা পূর্ণ করণ সংকল্প করিয়া যদি আপনার সেবাতেই রত হয়, তাহা হইলে ভর্জ্জিত বীজের ন্যায় সেই কামনা পুনর্ব্বার প্ররূঢ় হইতে পারে না, সুতরাং পুনরায় দেহান্তরোৎপত্তির অভাব হইতে পারে, কারণ জীবের যে গুণগণ, তাহা হইতেই সুখ দুঃখাদি দ্বন্দ্ব সমূহ হয়, আপনি নির্গুণ আপনকার উপাসনা কামনার সহিত করিলেও ক্রমশঃ নৈর্গুণ্য হইতে পারে ॥৩৫

অতএব হে প্রভো! ফল কামনা করিয়াও আপনকার আরাধনা করিলে তাহাও যখন মোক্ষের হেতু হয় তখন ভাগবত ধর্ম্মের মাহাত্ম্য আর কি বলিব? আপনকার কেবল স্তব করি ॥

প্রভো! আপনি যখন অনবদ্য ভাগবত ধর্ম্ম বলিয়াছেন তখন সর্ব্বোৎকর্ষেতেই বর্ত্তমান আছেন

নিষ্কিঞ্চনা যে মুনয় আত্মারামা যমুপাসতেঽপবর্গায় ॥ ৩৬ ॥
বিষমমতির্ন যত্র নৃণাং ত্বমহমিতি মম তবেতি চ যদন্যত্র।
বিষমধিয়া রচিতো যঃ সহ্যবিশুদ্ধঃ ক্ষয়িষ্ণুরধর্ম্ম বহুলঃ ॥ ৩৭ ॥
কঃ ক্ষেমো নিজপরয়োঃ কিয়ান্বার্থঃ স্বপরদ্রুহা ধর্ম্মেণ।
স্বদ্রোহাত্তবা কোপঃ পরপীড়য়া তথাঽধর্ম্মঃ ॥ ৩৮ ॥

শ্রীধরস্বামী।

ঞ্চনাঃ সনৎকুমারাদয়ঃ মুনয়ঃ তে যং ভবন্তং অপবর্গায় সেবন্তে তেন ভবতা জিতং যং ধর্ম্মমিতি বা ॥ ৩৬ ॥

অনবদ্যতামেবাহ বিষম মতির্যত্র যস্মিন্ ভাগবতে ধর্ম্মে নাস্তি যদন্যত্র যথান্যস্মিন্ কাম্যধর্ম্মে। নহু সোপি বেদোক্তত্বাদনবদ্য এব তত্রাহ বিষমধিয়াঃ শত্রুমারণাদি কামনয়া রচিতো বিহিতো যঃ সহ্যঽবিশুদ্ধঃ রাগদ্বেষাদিমত্ত্বাৎ ক্ষয়িষ্ণুশ্চ নশ্বরফলত্বাৎ অধর্ম্ম বহুলশ্চ হিংসাদি বাহুল্যাৎ। তদুক্তং শবরস্বামিভিঃ উভয়মিহ চোদনায়াং লক্ষ্যতেঽর্থোঽনর্থশ্চেত্যাদি ॥ ৩৭ ॥

এতৎ প্রপঞ্চয়তি কঃ ক্ষেমঃ কিং কুশলং নকিঞ্চিৎ নিজপরয়োঃ স্বস্য পরস্যাচ স্বপরদ্রুহা স্বস্মৈ পরস্মৈচ দ্রুহ্যতীতি স্বপর ধ্রুক্ তেন। যতঃ স্বদ্রোহাদত্যন্ত কায়ক্লেশাৎ তব কোপঃ পীড়া সম্ভবতি। তদুক্তং গীতাসু। কর্ষয়ন্তঃ শরীরস্থং ভূতগ্রামম চেতসঃ। মাঞ্চৈবান্তঃ শরীরস্থং তান্ বিদ্ধ্যাসুরনিশ্চয়ানিত্যাদি। তথা পরপীড়য়া অধর্ম্মঃ চকারাত্তব কোপশ্চ ॥ ৩৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

নিজসংসারহেতুত্বাৎ স্বদ্রুহা পুমান্ ভবাব্ধিং ন তরেৎ স আত্মহেতিবৎ। পশ্বাদ্যুপালম্ভাৎ পরদ্রুহাচেত্যর্থঃ কোপঃ ঔদাস্যময়ঃ ক্রোধঃ। অধর্ম্মোঽশুদ্ধোধর্ম্মঃ। ৩৮। ৩৯। ৪০ ॥ ৪১ ॥ ৪২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

আত্মারামাস্বয্যেব রমমাণা ইত্যর্থঃ। অপবর্গায় অপকৃষ্টা বর্গাশ্চত্বারোপি যতস্তস্মৈ প্রেম্নে অপবর্গশ্চ ভবতি। যোসাবিত্যাদি পঞ্চম স্কন্ধীয় গদ্যোক্তলক্ষণায় ভক্তিযোগায়েতি বা ॥ ৩৬ ॥

যত্র ভাগবতে ধর্ম্মে ত্বমহমিতি মম তবেত্যহন্তাস্পদ মমতাস্পদয়োর্বিষমমতিরুত্তর শ্লোকার্থদৃষ্ট্যা দ্বেষ নিবন্ধন বৈষম্যবতী মম তব ত্বমহং শত্রুরিতি মতির্নাস্তি যৎ। যা অন্যত্র কাম্যধর্ম্মে ইত্যর্থঃ। কামধর্ম্মমেব নিন্দতি বিষমধিয়া শত্রুমরণাদিকামনয়া রচিতো যঃ সহ্যবিশুদ্ধঃ রাগদ্বেষাদিময়ত্বাৎ। ক্ষয়িষ্ণুশ্চ নশ্বর ফলত্বাৎ। অধর্ম্ম বহুলশ্চ হিংসাদি বাহুল্যাৎ। তদুক্তং শবরস্বামিনা উভয়মিহ চোদনায়াং লক্ষ্যতে অর্থোঽনর্থশ্চেত্যাদিনা ॥ ৩৭ ॥

উক্তমর্থং স্পষ্টয়তি কঃ ক্ষেমঃ কিং কুশলং নিজপরয়োর্নিজস্যাহন্তাস্পদস্যাত্মনঃ পরস্য মমতাস্পদস্য পুত্রকলত্রাদের্ন কিঞ্চিদিত্যর্থঃ স্বস্মৈ পরস্মৈ চ দ্রুহ্যতীতি স্বপরধ্রুক্ তেন যতঃ স্বদ্রোহাৎ পরহিংসার্থকাত্যন্ত স্বকায়ক্লেশকর তপোব্রতাদেঃ। অধর্ম্মঃ পাপং ত্বৎ কোপশ্চ ॥ ৩৮ ॥

ভগবন্! কোন্ ব্যক্তি ঐ ধর্ম্মের মাহাত্ম্য বলিতে পারে? যে সকল মুনি সনৎকুমারাদি নিষ্কিঞ্চন ও আত্মারাম তাঁহারাও অপবর্গ লাভার্থ ঐ ধর্ম্মের সেবা করিয়া থাকেন ॥ ৩৬ ॥

প্রভো! অন্য কাম্য ধর্ম্মে যদ্রূপ "তুমি আমি, তোমার আমার" এবম্বিধ বিষম বুদ্ধি আছে, ভাগবত ধর্ম্মে তদ্রূপ বিষম মতি নাই, হে ভগবন্! যদিও বেদোক্ত তথাচ বিষম বুদ্ধি দ্বারা শত্রুমারণাদি কামনায় যাহা বিহিত হয়, রাগদ্বেষ মূলকত্ব প্রযুক্ত তাহা অবিশুদ্ধ এবং তাহার ফল নশ্বর, সুতরাং ঐ সকল ধর্ম্ম ক্ষয়িষ্ণু, অপর হিংসাদি বাহুল্য হেতু অধর্ম্ম বহুল ॥ ৩৭ ॥

ফলতঃ ঐ সমস্ত ধর্ম্ম আপনার ও অন্যের দ্রোহ কারক, তদ্দ্বারা বা অন্যের কি মঙ্গল এবং কতই বা অর্থ হইতে পারে? কিছুই হয় না, বরঞ্চ কায়ক্লেশ দ্বারা স্বদ্রোহ হেতু আপনার পীড়া, আর পরদ্রোহ দ্বারা অধর্ম্ম তথা আপনার ক্লেশ এই সকলই উৎপন্ন হয় ॥ ৩৮ ॥

ন ব্যভিচরতি তবেক্ষা যয়াহ্যভিহিতো ভাগবতো ধর্ম্মঃ।
স্থিরচর সত্ত্ব কদম্বেষ্বপৃথগ্ধিয়ো যমুপাসতে ত্বার্য্যাঃ ॥ ৩৯ ॥
নহি ভগবন্নঘটিতমিদং ত্বদ্দর্শনান্নৃণামখিল পাপক্ষয়ঃ।
যন্নাম সকৃৎ শ্রবণাৎ পুক্কশোপি বিমুচ্যতে সংসারাৎ ॥ ৪০ ॥
অথ ভগবন্ বয়মধুনা ত্বদবলোক পরিমৃষ্টাশয়মলাঃ।
সুরঋষিণা যৎকথিতং তাবকেন কথমন্যথা ভবতি ॥ ৪১ ॥

শ্রীধরস্বামী।

অতস্ত্বয়া রাগান্ধমপি কথঞ্চিদ্বেদমার্গে প্রবর্ত্তয়িতুং কাম্য ধর্ম্মোঽভিহিতো নতু তত্ত্বদৃষ্ট্যা। ভাগবতধর্ম্মেতু ন দ্রোহ ইত্যাহ ন ব্যভিচরতি। ন পরমার্থং জহাতি তব ঈক্ষা দৃষ্টিঃ। অব্যভিচারে হেতুঃ স্থিরেতি। স্থাবর জঙ্গম প্রাণি সমূহেষু সমবুদ্ধয়ঃ ভাগবতা যং ধর্ম্মং সেবন্তে ॥ ৩৯ ॥

এবং ভূতস্য ভাগবত ধর্ম্ম প্রবর্ত্তকস্য তব দর্শনাৎ সর্ব্বপাপক্ষয়ো ভবতীতি কিং চিত্রমিত্যাহ নহীতি ॥ ৪০ ॥

অতোঽহং কৃতার্থোস্মীত্যাহ অথেতি। অতো হেতোস্তবাবলোকনেন পরিমৃষ্টা নিরস্তা আশয়ে চিত্তে মলা যেষাং তে। ত্বদ্দর্শনঞ্চ মম নারদোপদেশেন জাতমিত্যাহ সুরর্ষিণেতি ॥ ৪১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নহু ক্ষয়িষ্ণুত্বাদি বাহুল্যেপি কাম্যধর্ম্মে ফলদর্শনাৎ প্রবর্ত্তন্তে নির্দোষেপি নিষ্কামধর্ম্মে ফলাদর্শনাৎ প্রবৃত্তৌ সংশেরতে জনাস্তত্রাহ। নেতি তবেক্ষা মন্তক্ত্যা জীবঃ কৃতার্থী ভবতীতি পরামর্শো ন ব্যভিচরতীতি কাম্যধর্ম্মে কদাচিৎ ফলস্যাপি ব্যভিচারঃ স্যান্নতু ত্বদীয়েক্ষয়োঃ। অতএব আর্য্যা ইত্যনার্য্যাস্ত সংশেরতাং নামেতি ভাবঃ অপৃথগ্ধিয়ঃ স্বস্য পরস্যচ সুখ দুঃখেষু পৃথগ্‌বুদ্ধি রহিতা আর্য্যা ইতি আর্য্যাখ্যং গচ্ছন্তশ্চেদমিতি দর্শিতং ॥ ৩৯ ॥

নিষ্কাম ধর্ম্মস্য ময়ৈব সাক্ষাৎ ফলং লব্ধমিত্যাহ নহীতি নৃণামিতি মগেবেতি ভাবঃ পাপক্ষয়স্য কা বার্ত্তা মোক্ষোপি ভবতীত্যাহ যন্নাম্ন একস্যৈব কিমুত বহূনাং সকৃদেব কিং পুনরকৃৎ। শ্রবণাদেব কিমুত কীর্ত্তনাদেঃ। পুক্কশোপি কিমুতান্যঃ। সংসারাদেব কিমুত পাপাদিতি সাধনারম্ভ এব ফল দর্শনমিতি ॥ ৪০

অতোঽহং কৃতার্থোস্মীত্যাহ অথেতি ॥ ৪১ ॥

অতএব যদিও রাগান্ধ ব্যক্তিদিগকে কথঞ্চিৎ বেদমার্গে প্রবৃত্ত করাইবার নিমিত্ত আপনিই কাম্য ধর্ম্ম কহিয়াছেন, তথাচ তাহা তত্ত্বদৃষ্টিতে কথিত হয় নাই, সুতরাং তাহাতে নিজের ও অন্যের দ্রোহ হইয়া থাকে। পরন্তু ভাগবত ধর্ম্মে কোন প্রকার দ্রোহেরই সম্ভাবনা নাই, যে হেতু আপনকার যে দৃষ্টির কখন ব্যভিচার হয় না অর্থাৎ যাহা কখন পরমার্থ পরিত্যাগ করে না, সেই দৃষ্টি দ্বারা ঐ ধর্ম্ম অভিহিত হইয়াছে অতএব যে সকল ভগবদ্ভক্ত মানব স্থাবর জঙ্গম প্রাণি সমূহে সমবুদ্ধি তাঁহারা ঐ ধর্ম্মের সেবা করিয়া থাকেন ॥ ৩৯ ॥

হে ভগবন্! আপনি ঐ রূপ ভাগবত ধর্ম্মের প্রবর্ত্তক! আপনকার দর্শনে মনুষ্যদিগের যে অখিল কলুষ নাশ হইবে ইহা অসম্ভব নহে। প্রভো! আপনকার নাম একবার মাত্র শ্রবণ করিলে পুক্কশও সংসার বন্ধন হইতে পরিত্রাণ পায় ॥ ৪০ ॥

অতএব আপনকার দর্শন মাত্রেই আমাদিগের অন্তঃকরণের মালিন্য দূরীভূত হইল। ভগবন্! দেবর্ষি নারদ ভবদীয় পুরুষ, তিনি যাহা কহিয়াছেন তাহার কি কখন অন্যথা হইতে পারে? ফলতঃ দেবর্ষির উপদেশেই আমি আপনকার দর্শন লাভ করিলাম ॥ ৪১ ॥

বিদিতমনন্ত সমস্তং তব জগদাত্মনোজনৈরিহাচরিতং।
বিজ্ঞাপ্যং পরমগুরোঃ কিয়দিব সবিতুরিব খদ্যোতৈঃ॥ ৪২॥
নমস্তভ্যং ভগবতে সকল জগৎ স্থিতি লয়োদয়েশায়।
দুরবসিতাত্মগতয়ে কুযোগিনাং ভিদা পরমহংসায়॥ ৪৩॥
যং বৈশ্বসন্তমনুবিশ্বসৃজঃ শ্বসন্তি যং চেকিতানমনুচিত্তয় উচ্চকন্তি।
ভূমণ্ডলং সর্ষপায়তি যস্য মূৰ্দ্ধ্নি তস্মৈ নমো ভগবতেঽস্তু সহস্রমূৰ্দ্ধ্নে।
শ্রীশুক উবাচ॥

শ্রীধরস্বামী।

যথা চাহং পূর্ব্বমতিমূঢ় আসং যথাচ নারদেনানুগৃহীতোস্মি তৎ সর্ব্বান্তর্যামিণ স্তব ময়া কিং প্রকাশনীয়মিত্যাহ বিদিতমিতি। বিশেষেণ জ্ঞাপ্যং প্রকাশনীয়ং কিয়দিব ন কিমপীত্যর্থঃ। সবিতুর্যথা খদ্যোতৈঃ প্রকাশনং নাস্তি তদ্বৎ॥ ৪২॥

উপলক্ষণং ভগবন্তং প্রণমতি নম ইতি দ্বাভ্যাং। সকলস্য জগতঃ স্থিত্যাদীনামীশায় সমর্থায়। দুরবসিতা অবিজ্ঞাতা আত্মগতির্নিজতত্ত্বং যস্য তস্মৈ। কেষাং কুযোগিনাং কেন ভিদা ভেদ দৃষ্ট্যা॥ ৪৩॥

শ্বসন্তি চেষ্টন্তে। চেকিতানং পশ্যন্তমনুচিত্তয়ঃ জ্ঞানেন্দ্রিয়াণি উচ্চকন্তি স্বরূপং পশ্যন্তি॥ ৪৪॥

ক্রমসন্দর্ভঃ।

নম ইতি ভিদা নানোপাস্যভেদদৃষ্ট্যা কুযোগিনাং দুরবসিতেতি। যদ্বা ভিদা ভেদময্যা ভক্ত্যা। পরমহংসায়েতি পরেণান্বয়ঃ। তয়া শুদ্ধস্বরূপত্বেন হৃৎকমলবিহারিণে ইত্যর্থঃ॥ ৪৩॥

উচ্চকন্তি স্বরূপং পশ্যন্তি। যস্য তব জ্ঞানশক্ত্যংশেনৈব স্ব স্ব জ্ঞানং লভন্ত ইত্যর্থঃ : কনীদিপ্তিকান্তি গতিম্বিত্যসা যণ্ডলুগন্তস্য রূপমিদং॥ ৪৪॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বিষয়ান্ধোপ্যহং স্বভক্তং প্রেষ্য সংসারকূপাদুদ্ধৃত্য স্বচরণান্তিকমানীত ইত্যাদি কিং বিজ্ঞাপয়ামীত্যাহ বিদিতমিতি সবিতুঃ সবিতরীব ত্বয়ি খদ্যোতৈরিবাস্মাভিঃ কিং প্রকাশনীয়ং॥ ৪২॥

ভিদা ভেদদৃষ্ট্যা হেতুনা যে কুযোগিনস্তেষাং পরমহংসায় কৃপয়া পরমহংস স্বরূপোপাদ্ধারকায়েত্যর্থঃ॥ ৪৩॥

শ্বসন্তং চেষ্টমানং বিশ্বসৃজঃ কর্ম্মেন্দ্রিয়াণি শ্বসন্তি চেষ্টন্তে যং চেকিতানং পশ্যন্তং চিত্তয়ঃ জ্ঞানেন্দ্রিয়াণি উচ্চকন্তি স্বস্ববিষয়ং পশ্যন্তি॥ ৪৪॥

হে অনন্ত! আপনি জগদাত্মা, সর্ব্বান্তর্যামি ইহাতে যে কোন ব্যক্তি যে কোন আচরণ করে, সকলই আপনকার বিদিত হয়। অতএব খদ্যোত দ্বারা যদ্রূপ দিবাকরের নিকট কোন পদার্থ প্রকাশনীয় হইতে পারে না, তাহার ন্যায় পরম গুরু যে আপনি, আপনকার সমীপে আমরা কি প্রকাশ করিব? আপনকার নিকট আমাদের কিছু প্রকাশনীয় নাই॥ ৪৩॥

অহো! আমি সেই ভগবান্ পরমহংসকে নমস্কার করি। তিনি অখিল জগতের সৃষ্টি স্থিতি লয়ের ঈশ্বর। কুৎসিত যোগিগণ ভেদ দৃষ্টি হেতু তাঁহার নিজ তত্ত্ব জানিতে পারে না॥ ৪৩॥

অহো! যিনি চেষ্টাযুক্ত হইলে বিশ্বস্রষ্টৃগণ চেষ্টাবান্ হন, যাঁহাকে দর্শনশীল দেখিলে জ্ঞানেন্দ্রিয় চয় স্বরূপ দর্শন করে, যাঁহার মস্তকে এই প্রকাণ্ড ভূমণ্ডল সর্ষপ তুল্য হইয়া আছে, সেই সহস্র শীর্ষা ভগবান্ অনন্তকে নমস্কার করি॥

শুকদেব কহিলেন হে কুরুদ্বহ পরীক্ষিৎ! এই প্রকার স্তবে ভগবান্ অনন্ত সাতিশয় প্রীত হইয়া

সংস্তুতো ভগবানেবমনন্তস্তমভাষত। বিদ্যাধরপতিং প্রীতশ্চিত্রকেতুং কুরূদ্বহ ॥ ৪৪ ॥

শ্রীভগবানুবাচ ॥

যন্নারদাঙ্গিরোভ্যাং তে ব্যাহৃতং মেঽনুশাসনং। সংসিদ্ধোসি তয়া রাজন্ বিদ্যয়া দর্শনাচ্চ মে ॥৪৫ ॥

অহং বৈ সর্ব্বভূতানি ভূতাত্মা ভূতভাবনঃ। শব্দব্রহ্ম পরং ব্রহ্ম মমোভে শাশ্বতী তনূ ॥ ৪৬ ॥

শ্রীধরস্বামী।

মেঽনুশাসনং মদ্বিষয় উপদেশঃ। তেনচ তস্যাচ বিদ্যয়া অস্মদ্দর্শনাৎ সংসিদ্ধোসি ॥ ৪৫ ॥

তদ্বোধদার্ঢ্যায় স্বয়মপ্যুপদিশতি অহমিত্যাদিনা সর্ব্বভূতান্যহমেব। ভূতানামাত্মা ভোক্তাপ্যহমেব। ভোক্তৃভোগ্যাত্মকং বিশ্বং মদ্ব্যতিরিক্তং নাস্তীত্যর্থঃ। যতোহং ভূতভাবনঃ ভূতানাং প্রকাশকঃ কারণঞ্চ। নন্বু শব্দব্রহ্ম প্রকাশকং পরং ব্রহ্ম কারণং প্রকাশকঞ্চ সত্যং তে উভে মমৈব রূপে ইত্যাহ শব্দ ব্রহ্মেতি। শাশ্বতী শাশ্বত্যৌ ॥ ৪৬ ॥

ক্রমসন্দর্ভ।

অহমিতি অত্র শব্দ ব্রহ্মণঃ সাহচর্য্যাৎ পরব্রহ্মণোপ্যংশত্বমায়াতি ॥ ৪৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মেঽনুশাসনং শ্রবণ কীর্ত্তনাদি ভজনং তেন তস্যা বিদ্যয়া নারদোপদিষ্ট মহামন্ত্রেণচ তৎসাধ্যান্মম দর্শনাচ্চ ॥ ৪৫ ॥

কিঞ্চ ভক্তিতত্ত্বং ত্বয়া জ্ঞাতমেব তত্রাজিত জিতেত্যাদি স্তুতিরেব প্রমাণং। জিজ্ঞাসানৈরপেক্ষ্যার্থং জ্ঞানতত্ত্বমহমেবোপদিশামি শৃণ্বিত্যাহ। অহং বৈ ইতি। অত্রেদং বিবেচনীয়ং। বস্তু তাবৎ দ্বিবিধং বাস্তবমবাস্তবঞ্চ। ব্রহ্ম পরমাত্মা ভগবান্ স পরিকর ইত্যেতৎ ত্রিতয়মেব বাস্তবং বস্তু মায়িক প্রপঞ্চজাতমিদমবাস্তবং বস্তু। অবস্তুচ দ্বিবিধং কার্য্যমকার্য্যঞ্চ। কার্য্যং স্বপ্নেন্দ্রজালাদিগতং। অকার্য্যং খপুষ্প শশশৃঙ্গাদি। এষাং মধ্যে বেদ্যং বাস্তবমত্র বস্তিতি প্রথমোক্তে র্বাস্তবং বস্তুন এবোপাদেয়ত্বং বক্তুং প্রথমমবাস্তবস্বাহ সর্ব্বভূতানি ভোক্তৃভোগ্যাত্মকানি জগন্তি অহমেব মদীয় জীবশক্তি মায়াশক্তিময়ত্বাদিতি ভাবঃ। অত্র জীবানামবাস্তব বস্তুত্বমবিদ্যাবৃতত্বাদেবোক্তং। বাস্তবং বস্ত্বাহ ভূতানাং সমষ্টি ব্যষ্টীনামাত্মা অন্তর্য্যামীতি দ্বিতীয়ঃ। তৃতীয়শ্চ পুরুষোহং। তথা ভূতানি তানি ভাবয়তীত্যুৎপাদয়তীতি প্রথমঃ পুরুষশ্চাহং। তথা ভূতানি দাস্য সখ্যাদি ভাববন্তি করোতীতি ভূতভাবনঃ কৃষ্ণোরামশ্চ সংপ্রতি ত্বয়া দৃশ্যশ্চাহং কিঞ্চ মন্নিশ্বাসরূপং যৎ শব্দব্রহ্ম বেদঃ তথা মন্নির্বিশেষাকারত্বেন জ্ঞানিষু প্রতিপদ্যমানং যৎ পরং ব্রহ্ম তে উভে মমৈব তনু রূপে। বেদস্য শব্দ রূপত্বাদাকাশ গুণত্বেনানিত্য শঙ্কায়া তথা পরব্রহ্মণশ্চানির্দ্দেশ্যত্বেনা বস্তুত্ব শঙ্কায়া বারণায়াহ। শাশ্বতী শাশ্বত্যৌ নিত্যসত্যে এব ॥ ৪৬ ॥

বিদ্যাধরপতি সেই চিত্রকেতুর প্রতি প্রসন্ন হইলেন এবং সম্বোধন পূর্ব্বক তাঁহার প্রতি বক্ষ্যমাণ বাক্য প্রয়োগ করিলেন ॥ ৪৪ ॥

ভগবান্ কহিলেন হে রাজন্! দেবর্ষি নারদ ও অঙ্গিরা তোমাকে মদ্বিষয়ক যে উপদেশ করিয়াছেন, সেই উপদেশ ও সেই বিদ্যা প্রভাবে আমার দর্শন লাভ করিয়া তুমি সম্যক প্রকারে সিদ্ধ হইলে ॥ ৪৫ ॥

হে রাজন্! যে হেতু আমি ভূতভাবন অর্থাৎ ভূত সকলের প্রকাশক ও কারণ অতএব আমিই সকল ভূত স্বরূপ এবং সমস্ত ভূতের আত্মা অর্থাৎ ভোক্তা। ফলতঃ আমা ব্যতীত ভোক্তৃ ও ভোগ্যাত্মক বিশ্ব নাই। বৎস! কোন কোন ব্যক্তিরা "শব্দব্রহ্ম প্রকাশক ও পরব্রহ্ম কারণ" এই যে কহিয়া থাকেন তাহাও সত্য, কিন্তু ঐ দুই অর্থাৎ শব্দ ব্রহ্ম ও পরব্রহ্ম আমরই শাশ্বত শরীর ॥ ৪৬ ॥

লোকে বিততমাত্মানং লোকঞ্চাত্মনি সন্ততং। উভয়ঞ্চ ময়া ব্যাপ্তং ময়ি চৈবোভয়ং কৃতং ॥৪৭॥
যথা সুষুপ্তঃ পুরুষো বিশ্বং পশ্যতি চাত্মনি। আত্মানমেকদেশস্থং মন্যতে স্বপ্ন উত্থিতঃ ॥ ৪৮ ॥

শ্রীধরস্বামী।

অতত্ত্বমেবং পশ্যেত্যাহ লোকে ভোগ্যে প্রপঞ্চে ভোক্তৃত্বেন বিততমনুগতমাত্মানং লোকঞ্চাত্মনি ভোগ্যত্বেন সন্ততং ব্যাপ্তং তদুভয়ঞ্চ ময়া কারণাত্মনা ব্যাপ্তং ময়ি চৈবোভয়ং কৃতং কল্পিতং স্মরেদিতি তৃতীয়েনান্বয়ঃ পশ্য ইত্যধ্যাহারো বা ॥ ৪৭ ॥

নমু জাগ্রদাদ্যবস্থাভেদেন ভোক্তৃ ভোগ্যাত্মকং বিশ্বং স্ফুটং প্রতীয়মানং কথং কল্পিতং স্যাদিত্যাশঙ্ক্য স্বপ্নগত জাগ্রদাদি দৃষ্টান্তেন সাধয়ন্নাহ যথেতি দ্বাভ্যাং। যথা স্বপ্নে সুষুপ্তো বিশ্বং গিরিবনাদিরূপং দেশান্তরস্থমাত্মন্যেব পশ্যতি স্বপ্নমধ্যে সুষুপ্তিং স্বপ্নঞ্চ পশ্যতীত্যর্থঃ। তথা স্বপ্ন এবোত্থিতঃ সন্নাত্মানমেকদেশস্থং শয়নদেশে স্থিতং মন্যতে জাগ্রদবস্থামনুভবতি ॥ ৪৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

তথৈবানুভাবয়তি লোক ইতি। আত্মানং পরং ব্রহ্ম স্বরূপং। বিততমাশ্রয়ত্বেন বর্ত্তমানং আত্মনি তস্মিন্ সন্ততমাশ্রিতং পশ্য। ময়া ভগবদ্রূপেণ পরব্রহ্মণোপি মদীয় নির্ব্বিশেষাবির্ভাব রূপত্বাৎ। অতএবোভয়ঞ্চ ময়ি কৃতং। মজ্জ্ঞাননিমিত্তমেব নিরূপিতমিত্যর্থঃ ॥ ॥ ৪৭ ॥

নমু যাবদ্বিশ্বস্মাদনাসক্তো ন স্যাত্তাবৎ কথং তজ্জ্ঞানং স্যাদিত্যেব মাশঙ্ক্য শুদ্ধ জীবস্বরূপ জ্ঞান পূর্ব্বকং তজ্জ্ঞানমুপদিশতি। যথেতি যুগ্মকেন। অয়মর্থঃ। যথা স্বপ্ন মধ্য এব সুষুপ্তঃ কশ্চিৎ পুরুষঃ পুনঃ স্বপ্নং পশ্যন্ ভ্রমবিশেষেণ বিশ্বং গিরিবনাদিকমাত্মনি পশ্যতি স্বস্মিন্নেবারোপয়তি পুনস্তস্মিন্নেব স্বপ্নে উত্থিতোলব্ধজাগর ইব সন্ আত্মানমেকদেশস্থং। তত্র শয়নৈকদেশং পশ্যন্ তদ্গিরিবনাদিকং ভিন্নমেব পশ্যতি। তানি জাগরাদীনি যথা আত্মনঃ পরমাত্মনো মম মায়ামাত্রাণি সন্তি জীবস্থানানি জীবোপাধে

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নমু ত্বং মম চেৎ সর্ব্বং ভবসি তর্হি কিং সর্ব্বভূতান্যেবোপাস্যত্বেন ধ্যেয়ানি ভক্তানামুতান্তর্যাম্যাদি রূপাণীতি তত্রাহ। লোকে ভোগ্যপ্রপঞ্চে ভোক্তৃত্বেন বিততমনুগতমাত্মানং জীবং তথা লোকঞ্চাত্মনি ভোগ্যত্বেন সন্ততং সবিস্তারমুপস্থিতং। তদুভয়ং ময়া কারণাত্মনা ব্যাপ্তং ময়ি চাধিষ্ঠান কারণে উভয়ং কৃতং কার্য্যরূপং স্মরেদিতি তৃতীয়েনান্বয়ঃ। তেন সর্ব্বভূতানি মচ্ছক্তি কার্য্যাণ্যনিত্যান্যস্বরূপভূতানি নোপাস্যত্বেন ধ্যেয়ানীতি ভাবঃ ॥ ৪৭ ॥

প্রত্যুত তান্যবাস্তব বস্তূনি খণ্ডবস্তূনীব ত্যক্ত্বা মমান্তর্যাম্যাদি রূপমেবোপাসীতেত্যাহ যথেতি দ্বাভ্যাং। স্বপ্নে স্বপ্ন মধ্যে এব সুষুপ্তঃ সুষ্ঠু সুপ্তঃ পুরুষঃ স্বপ্নং পশ্যন্ ভ্রমবিশেষেণ বিশ্বং গিরিবনাদিকমাত্মনি পশ্যতি স্বস্মিন্নেবারোপয়তি পুনস্তস্মিন্নেব স্বপ্নে উত্থিতোলব্ধ জাগর সন্নাত্মানমেকদেশস্থং তত্র শয়নপ্রদেশস্থং মন্যতে জাগ্রদবস্থমনুভবন্ তদ্গিরিবনাদিকং ভিন্নমেব মন্যতে ইত্যর্থঃ। তদেবমবস্তু ভূতঃ স্বাপ্নিকোজাগরো যথা তথৈব প্রসিদ্ধো বস্তু ভূতোপি জাগরোজ্ঞেয়ো নশ্বরত্বাদিত্যাহ। এবমিতি জীবস্থানানি জীবোপাধের্বুদ্ধেরেবাবস্থাশ্চ আত্মনঃ পরমেশ্বরস্য মায়াশক্তি কার্য্যত্বান্মায়া মাত্রাণি জ্ঞাত্বা তেষাং দ্রষ্টারং পরং শ্রেষ্ঠমন্তর্যামিণমিতি জীবাত্মা ব্যাবৃত্তঃ। অত্র স্বাপ্নিক্যো জাগর স্বপ্ন সুষুপ্ত্যবস্থা অবিদ্যয়া জীবেন সৃজ্যত্বাদবিদ্যামাত্র্যোহ বস্তুভূতা এব প্রসিদ্ধা জাগরাদ্যবস্থাস্তু মায়াশক্ত্যা ভগবতা সৃষ্টা মায়ামাত্র্যঃ খণ্ডবস্তুভূতা এব তথাপি স্বাপ্নিকং গিরিবনসর্পব্যাঘ্রহস্ত্যশ্বাদিকন্ত্ববিদ্যয়া জীবেন সৃজ্যমবস্ত্বেবেতি বিবেচনীয়ং ॥ ৪৮ ॥

অতএব তুমি লোকে অর্থাৎ ভোগ্য প্রপঞ্চ মধ্যে আত্মাকে ভোক্তৃস্বরূপে বিতত অর্থাৎ অনুগত এবং লোককে আত্মাতে ভোগ্যত্ব রূপে ব্যাপ্ত অবলোকন করিয়া ঐ উভয়কে কারণাত্মা যে আমি আমা দ্বারা ব্যাপ্ত এবং আমাতে ঐ উভয় কল্পিত, এরূপ স্মরণ করহ ॥ ৪৭ ॥

যেমন স্বপ্নে সুষুপ্ত পুরুষ গিরি বনাদি রূপ বিশ্ব ভিন্ন২ দেশস্থ হইলেও আত্মাতেই সকল দেখিতে পায় অর্থাৎ স্বপ্ন মধ্যে যদ্রূপ সুষুপ্তি ও স্বপ্ন দর্শন করে এবং যেমন স্বপ্নাবস্থাতেই উত্থিত হইয়া আপনাকে একদেশে অর্থাৎ শয়নে স্থিত বোধ করত জাগ্রদবস্থা অনুভব করে ॥ ৪৮ ॥

এবং জাগরণাদীনি জীবস্থানানি চাত্মনঃ। মায়ামাত্রাণি বিজ্ঞায় তদ্দ্রষ্টারং পরং স্মরেৎ ॥ ৪৯ ॥
যেন প্রসুপ্তঃ পুরুষঃ স্বাপং বেদাত্মনস্তদা। সুখঞ্চ নির্গুণং ব্রহ্ম তমাত্মানমবেহি মাং ॥ ৫০ ॥

শ্রীধরস্বামী।

এবং প্রসিদ্ধান্যপি জাগরণাদীনি জীবস্থানানি জীবোপাধের্বুদ্ধেরবস্থা আত্মনো মায়ামাত্রাণীত্যেবং বিজ্ঞায় তেষাং দ্রষ্টারং অতএব পরং তদবস্থারহিতমাত্মানং স্মরেৎ ॥ ৪৯ ॥

নমু তেষাং দ্রষ্টারমিতি কথমুচ্যতে স্বাপে দৃশ্যাভাবেন দ্রষ্টৃত্বাভাবাৎ তত্রাহ যেনেতি। সুষুপ্তঃ পুরুষোজীবঃ যেন রূপেণ তদা স্বাপকালে আত্মনঃস্বাপং নির্গুণমতীন্দ্রিয়ং সুখঞ্চ বেদ তমাত্মানং ব্রহ্ম মামবেহি। তদা স্বাপ সুখয়োরসংবেদনে সুখমহম-স্বাপ্সং ন কিঞ্চিদবেদিষমিতি স্মৃতেরসম্ভবাৎ ॥ ৫০ ॥

ক্রমসন্দর্ভ।

বুদ্ধেরেবাবস্থা ভবন্তি। এবং মুখ্যান্যপি জাগরাদীনি বিজ্ঞায় বিজ্ঞাতস্য পুরুষস্য শুদ্ধজীবস্যাপি দ্রষ্টারং মামেব পরং স্মরে-দিতি ॥ ৪৮ ॥ ৪৯ ॥

তমেব স্পষ্টয়তি। যেনেতি। মায়িকাহঙ্কারাদিলয়ে জীবাদিগতমহাচিচ্ছক্ত্যংশেন তত্ত্ববিশেষেণ হেতুনা স্বাপ তত্র নির্গুণ সুখঞ্চ বেদ তদ্ব্রহ্মাবেহি আত্মানং পরমাত্মানং মাং ভগবদ্রূপঞ্চাবেহি। বদন্তি তত্তত্ত্ববিদ ইত্যাদেঃ ॥ ৫০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

